

শ্রীযুক্ত মনোজ বসু
করকমলেষু—

লেখকের অতীত উপন্যাস

হাফলীবারকের উপকথা

ধাত্রী দেবতা

চাপাজাতার বউ

চৈতালী ঘূর্ণি

রাইকমল

বিচারক

সপ্তপদী

ডাক-হরকরা

মহাখেতা

পনমেবতা

কবি

নাগিনী কল্পার কাহিনী

নিশিগম্ব

একটি চড়ুই, পাখী ও কালো মেয়ে

মণি বউদি

আরোগ্য-নিকেতন

স্থচনা

আরোগ্য নিকেতন অর্থাৎ চিকিৎসালয়। হাসপাতাল নয় দাতব্য চিকিৎসালয়ও নয়—দেবীপুর গ্রামের তিন পুরুষ চিকিৎসা-ব্যবসায়ী মশায়দের চিকিৎসালয়।

স্থাপিত হয়েছিল প্রায় আশি বৎসর পূর্বে। এখন ভাঙা-ভগ্ন অবস্থা; মাটির দেওয়াল ফেটেছে, চালার কাঠামোটায় করেকটা জায়গাতেই জোড় ছেড়েছে—মাঝখানটা খাঁজ কেটে বসে গেছে কুঁজো মাহুয়ের পিঠের খাঁজের মতো। কোনো রকমে এখনও খাড়া রয়েছে,—প্রতীক্ষা করছে তার সমাপ্তির; কখন সে ভেঙে পড়বে সেই ক্ষণটির পথ চেয়ে রয়েছে।

অথচ যেদিন স্থাপিত হয়েছিল সেদিন স্থাপন-কর্তা জগদ্ধকু কবিরাজ মহাশয় তাঁর অস্তুরঙ্গ বন্ধু ঠাকুরদাস মিশ্রকে বলেছিলেন, বুঝলে ঠাকুরদাস, “বাবু চন্দ্রার্ক মেদিনী” বলব না—তবে...আমাদের বংশের বসতি এখানে যতকাল থাকবে ততকাল এ আটন, এ পাট পাকা হয়ে রইল। হেসে বলেছিলেন—দশ মনে কবির না ভাই, দশ নয়। হাত দুখানি জোড় করে কপালে ঠেকিয়ে বলেছিলেন, অক্ষয় লাভের কারবার। যতই করিবে দান তত যাবে বেড়ে। পুরানো ঘিয়ের মতো—যত দিন যাবে তত দাম বাড়বে। বলতে গেলে সংসারে শ্রেষ্ঠ লাভের কারবার। দেনা-পাওনা—দেওয়া-নেওয়া দুই দিকেই শ্রেষ্ঠ লাভ মিলবে এখানে, অথচ দুই পক্ষের কেউ ঠকবে না।

জগদ্ধকু মহাশয়ের বন্ধু ঠাকুরদাস মিশ্র ছিলেন একেবারে হিসেবনবিশ বিষয়ী লোক, পেশায় জমিদারের গোমস্তা। তিনি বড় বড় অঙ্ক বুঝতেন, মামলা মকদ্দমা বুঝতেন, দলিল আরজি জবাব বুঝতেন, কিন্তু এই সব তত্ত্ব বুঝতেন না। তিনি বক্রভাবেই বলেছিলেন—নাভী টিপে আর গাছগাছড়া তুলে এনে হেঁচে পিবে শুকিয়ে পাঁচন-বডি দিলেই পয়সা। টাকায় অস্তুত চোন্দ আনা লাভ তোমার বাধা—সে বুঝলাম। কিন্তু—রোগীর লাভ? ওটা কী করে বললি জগ? তোর লাভ-রোজকার রোগীর-খরচ, সে দেনা করেও করতে হবে। তার তো ধনে-প্রাণে মরণ।

বাধা দিয়ে জগদ্ধকু মশায় বলেছিলেন—তুই বাঁকা পথে হাঁটিস মিশ্র। পয়সার কথাটা পরের কথা। যে লাভ বললাম সে লাভ পয়সার নয়, অথচ ওইটাই সংসারে শ্রেষ্ঠ লাভ। একপক্ষের লাভ আরোগ্যলাভ, অল্পপক্ষের লাভ সেবার পুণ্য। জানিস? বিশ্বসংসারের আরোগ্যলাভই হল শ্রেষ্ঠ লাভ। যক্ষরূপী ধর্ম যুধিষ্ঠিরকে

যে সব প্রসন্ন করেছিলেন তার মধ্যে একটি প্রসন্ন ছিল—লাভানামুক্তমং কিম্—? সংসারের লাভের মধ্যে সর্বোত্তম লাভ কী? যুধিষ্ঠির বলেছিলেন—‘লাভানাং শ্রেয় আরোগ্যম্’ অর্থাৎ আরোগ্যলাভই সংসারের শ্রেষ্ঠ লাভ।

সেদিন ঠাকুরদাস মিশ্র হেসেছিলেন। বলেছিলেন—শাক দিয়ে মাছ ঢাকা যায় না জগ। তা সে গজার চরের নালতের শাক হলেও না। ও তোর ধর্মপুস্তক যুধিষ্ঠিরের সংস্কৃত শোলোকেও কবরেজদের টাকার লাভের হিসেব খরা পড়বে না। কথা শেষ করে জগৎকুকে বেশ এক হাত নেওয়ার আন্দে হো-হো করে হেসেছিলেন তিনি। কিছুদিন পরই হঠাৎ বাতব্যাধিতে আক্রান্ত হয়ে মাস তিনেক পঙ্গু হয়ে থেকে ওই জগৎকু মশায়ের চিকিৎসাতেই আরোগ্যলাভ করে বলেছিলেন—তুই ভাই আমাকে জীবনদান করলি, তুই জেনে রাখিস ভাই যে, যদি কোনোদিন ধরকার হয় আমি তোর জন্তে জীবন দেব।

হেসে জগৎকু মশায় বলেছিলেন—তা হলে—লাভানাং শ্রেয় আরোগ্যম্—কথাটা স্বীকার করলি আজ?

মিশ্র হেসেই বলেছিলেন—হ্যাঁ, তা করলাম।

পরদিন মিশ্র নিজে জগৎকু মশায়ের আরোগ্য-নিকেতনে এসে একটা কাঠির ডগায় স্ত্রাকড়া জড়িয়ে তেল-সিঁচুরের লালরঙে নিজের হাতে দেওয়ালে মোট হরফে লিখে দিয়েছিলেন—লাভানাং শ্রেয় আরোগ্যম্।

আরোগ্য-নিকেতন নামকরণ তখন হয় নাই। তখন এ অঞ্চলের লোকের কতক বলত—‘মশায়ের হোথা’, কতক বলত—‘মশায়ের কোবরেজখানা’।

আরোগ্য-নিকেতন নামকরণ হয়েছিল পুরুষাঙ্করে জগৎকু মশায়ের ছেলে জীবন-মশায়ের আমলে। তখন কালাঙ্কর ঘটেছে। একটি নতুন কাল শুরু হয়েছে। দেশের কেন্দ্রস্থল নগরে নগরে তার অনেক আগে শুরু হলেও এ অঞ্চলে তখন তার প্রারম্ভ। জীবনমশায় তাঁদের চিকিৎসালয়ের নামকরণ করে বড় একটি কাঠের কালির উপর কালো হরফে ‘আরোগ্য-নিকেতন’ নাম লিখে বাতান্দার সামনে টাঙিয়ে দিয়েছিলেন। শুধু তাই নয়—জগৎকু মশায় যে ঘরখানি করেছিলেন সে ঘরেরও অনেক অদলবদল করেছিলেন। তক্তাপোশের উপর ফরাসের ব্যবস্থা বধ্যবধ্য রেখে তার সঙ্গে চেয়ার টেবিল বেঞ্চি জুড়ে দিয়েছিলেন।

আজও দেখতে পাবেন। নড়বড়ে টেবিল, হাতলভাড়া চেয়ার এখনও আছে। বেঞ্চিখানা শক্ত। সেটা আজও নড়ে না।

আরোগ্য-নিকেতনের জীর্ণ পতনোন্মুখ ঘরখানি—ওই নামলেখা কাঠের ফলক—এমন কি জীবনবন্ধু মশায়কেও দেখতে পানেন, সেখানে গেলে।

যাবেন, মহানগরী থেকে শতাধিক মাইল। চলে যাবেন বড় লাইনের ট্রেনে। ...জংশনে নেমে পাবেন একটি অপারিসর শাখা-রেলপথ। মাইল দশেক গিয়ে পাবেন একটি সমৃদ্ধ গ্রামের স্টেশন। চারিদিকে দেখতে পাবেন কলাকায়ের সুস্পষ্ট পরিচয়। দেখতে পাবেন, একখানা ট্যান্ডি, একখানা মোটর বাস, সাইকেল রিকশা, গোরুর গাড়ি। স্টেশন থেকে এই আরোগ্য-নিকেতন দূর পথ নয়, সামান্য পথ, এক মাইলের কিছু উপর; প্রয়োজন হলে গোরুর গাড়ি একখানা নেবেন কিংবা সাইকেল রিকশা। কিন্তু তার চেয়ে হেঁটে যাওয়াই ভালো। দেখতে পাবেন ভাঙাগড়ায বিচিত্র গ্রামখানিতে পুরাতন-নূতনের সমাবেশ।

পাকা লাল কাকরে তৈরী সড়ক ধরে যাবেন। দেখবেন প্রাচীন কালের জমিদারদের বড় বড় নোনাদারী পাকা বাড়ি। ভাঙা বাগান। ধসে-পড়া পাঁচিল। শ্রাওলা-পড়া মন্দির। পুকুরের ভাঙা ঘাট। পুরানো মন্দির। চারিদিকেই দেখবেন ধূলি-ধূসরতা; আবর্জনার স্তুপ। পতিত জায়গায় আগাছার জঙ্ঘল। এরই মধ্যে এক জায়গায় পাবেন এক পুরানো বৃদ্ধ বট; শাখা-প্রশাখা জীর্ণ; গোড়াটা বাঁধানো, তাতেও দেখবেন অনেক ফাটল। এইটি গ্রামের বগীতলা। এর পরই এই রাস্তাটি শেষ হয়েছে, মিশেছে প্রশান্ত একটি পাকা সড়কের সঙ্গে। লালমাটি ও হুড়ি-জমানো রাস্তা, রাস্তার দুপাশে দোকান। এইটিই হল বাজারপাড়া। প্রাণম্পন্দনে মুখরিত। মাল-বোঝাই গোরুর গাড়ির সারি চলেছে, যাহুয চলেছে, কোলাহল উঠছে, গন্ধও এখানকার বিচিত্র। বাজারটা দিন দিন বেড়ে চলেছে। চা-মিষ্টানের দোকান পাবেন; ক্ষুধা তৃষ্ণা অসুভব করলে এখানে ঢুকে পড়বেন। নবগ্রাম মেডিকেল স্টোরের পাশেই আছে সবচেয়ে ভালো চা-মিষ্টির দোকান। খুব খুঁজতে হবে না, নবগ্রাম মেডিকেল স্টোরের বকবকে বাড়ি, আসবাব, বহু বর্ণে বিচিত্র বিভিন্ন গুয়ুধের বিজ্ঞাপন আপনার দৃষ্টি অবশ্যই আকর্ষণ করবে। বৃশশার্ট-প্যান্টপরা হরেন ডাক্তারকে গলায় স্টেথোসকোপ ঝুলিয়ে বসে থাকতেও দেখতে পাবেন। ভালো চায়ের দোকানটা ঠিক এর পাশেই।

এখান থেকেই আবার উত্তরমুখী একটি শাখাপথ পাবেন। রাস্তাটি খুব পরিসর নয়;—একখানি গাড়ি যায়, দুপাশে দুসারি লোক বেশ গচ্ছন্দে চলতে পারে।

একটু, বোধহয় সিকি মাইল, চলবেন ছায়াচ্ছন্নতার মধ্য দিয়ে; দুপাশে চার-পাঁচটি পুকুরিণী। পুকুরিণীর পাড়ের উপর আম, জাম, শিরীষ, তেঁতুলের গাছগুলি দুপাশ থেকে পল্লব বিস্তার করে পথটিতে ছায়া ফেলেছে। একটি পুকুরে একটি ছোট বাঁধা ঘাটও পাবেন। এখান থেকে বের হলেই পাবেন উন্মুক্ত প্রান্তর। এখানে দেখবেন

বিচিত্র দৃশ্য। নতুন বাড়ির, একেবারে নতুন কালের ফ্যাশন, নতুন কালের ইঞ্জিনীয়ারিংএর নিদর্শন। ক্যানেল আপিস তৈরী হয়ে গেছে। আশেপাশে ছোট ছোট কোয়ার্টার। এ দিকে নতুন ক্যানেল তৈরী হচ্ছে। এর পরই পাবেন আর একদফা বাড়ির সারি ; গুটিকয়েক ছোট ইমারতকে ঘিরে বড় বড় ইমারত তৈরী চলেছে। চারিদিকে ভারী বাঁধা, রাজমজুর খাটছে, মজুরনীরা গান গাইছে আর ছাদ পিটছে। ছোট-কোট-প্যাট-পরা-ইঞ্জিনীয়ার ঘুরছে সাইকেল হাতে নিয়ে। ওই ছোট বাড়িগুলি এখনকার হাসপাতাল। ছোট হাসপাতালটি, ডাক্তার-কম্পাউণ্ডারের ছোটখাটো ছুটি কোয়ার্টার ; আরও ছোট কয়েকটি কাঁচা বাড়ির বাসা, এখানে থাকে নার্সেরা। একটু দূরে একটি ছোট ঘর দেখবেন—সেটি মতিয়া ভোমের বাড়ি। আর ওই অর্ধমাস্ত্র বড় ইমারতটি—ওটিও হাসপাতালের ইমারত, এ অঞ্চলের স্বাস্থ্যকেন্দ্র তৈরী হচ্ছে।

এ সব দেখে ঝমকে দাঁড়াবেন না। নতুন গঠনের মধ্যে আশা আছে, ভবিষ্যৎ গড়ছে—সুতরাং মনে মোহের সঞ্চার হবে, স্বপ্ন জেগে উঠবে মনশ্চকুর সম্মুখে ; সেই স্বপ্নে ভোর হয়ে পড়বেন, আরোগ্য-নিকেতন পরিস্থিতিতে আর মন উঠবে না।

চলে যাবেন এগিয়ে, এই সব নতুন কালের বকবকে ইমারতগুলিকে বাঁয়ে রেখে চলে যাবেন। আরও মাইলখানেক পথ যেতে হবে। দুধারে শস্তক্ষেত্র ; মাঝখানে লাল কাঁকর-দেওয়া ওই একখানি গোরুর গাড়ি যাওয়ার মতো আঁকাবাঁকা পথটি। মাইলখানেক পর গ্রাম দেবীপুর ; এই গ্রামেই আছে পুরাতন আরোগ্য-নিকেতন।

ঐহীন গ্রাম দেবীপুর, দারিদ্র্যের ভারেই শুধু নিপীড়িত নয়, কালের জীর্ণতাও তাকে জীর্ণ করে তুলেছে। লক্ষ্য করে দেখবেন—গ্রামের বসতির উপরে যে পাছগুলি মাথা তুলে পল্লা বিস্তার করে রয়েছে তার অধিকাংশই প্রবীণ প্রাচীন, নতুন পাছের লাভণ্যময় শোভা করাচিং চোখে পড়বে। জীবনের নবীনতার ধ্বজা হল নতুন সতেজ পাছের স্মরণোভা। প্রথমেই চোখে পড়বে—ঝড়ে-শুয়ে-পড়া শূন্যগর্ভ বকুলপাছতলায় ধর্মঠাকুরের আটন। তার পরেই পাবেন একটি কাঁয়ারশালা ; অশ্রু কাঁয়ারশালাটির অস্তিত্ব অনেক আগে থেকেই অল্পভব করবেন আপনি। কাঁয়ারশালাটির ঠাঃ ঠাঃ শব্দ দেবীপুরের দক্ষিণে—ওই নতুনকালের বসতি স্বাস্থ্যকেন্দ্র গড়ে উঠছে যে প্রাস্তর—সেই প্রাস্তরে ছড়িয়ে পড়ছে। ইমারতের দেওয়ালে প্রতিক্রিয়া তুলছে।

কাঁয়ারশালা দেখবেন চাবীদেহ ভিড়, গণিত লোহার ফুলকি। তারপরই গ্রাম

শুক। শান্ত ছোট গ্রাম। বাশের বনে শিরীষগাছের মাথায় পাখি ডাকে। নানা ধরনের পাখি।

কুহ—কুহ—কুহ!

চোখ—গে-ল! চোখ—গে-ল!

কুঙ্ক কো-থা-হে!

বউ কথা কও!

কা—কা—কা! ক-ক্ ক-ক্ ক-ক্।

মধ্যে মধ্যে বড় অর্জুনগাছের মাথায় উপরে চিল ডেকে ওঠে—চি—লো! চি—লো! পথের উপর শালিকের ঝাঁকের কলহ-কলরব—ক্যা ক্যা করকর কিচির-মিচির কট-কট কট-কট; তারপরেই লেগে যায় ঝাপটাঝাপটি।

মাসুকের মেথা পাবেন কদাচিত্। যা দু-একজন পাবেন তারা দেহে জীর্ণ মনে ক্লান্ত, দৃষ্টিতে সন্নিহিত। আপনাকে দেখেও কথা বলবে না। সন্নিহিত দৃষ্টিতে তাকিয়ে চলে যাবে, কিছু দূর গিয়ে শিচন ফিরে আবার তাকাবে। কে? বামপন্থী না দক্ষিণপন্থী? ভোট চায়? না, চাঁদা?

দেকালে অর্থাৎ যখন আরোগ্য-নিকেতন প্রথম স্থাপিত হয়েছিল তখন ধার ছিল অস্বরকম। দেশের অবস্থাও ছিল আর-এক রকম। গোলায় ধান ছিল, গোয়ালে পাই ছিল, ভাঁড়ায় গুড় ছিল, পুকুরে মাছ ছিল। লোকে এক হাতে পেট পূরে খেত—দুহাতে প্রাণপণে খাটত। দেহে ছিল শক্তি মনে ছিল আনন্দ। সে মাসুকেরাই ছিল আলাদা। একালের মতো জামা জুতো পরত না; হাঁটু পর্যন্ত কাপড় পরে অনাবৃত প্রশস্ত বন্ধ ছুলিয়ে চলে যেত। ধবধবে কাপড় জামা চকচকে জুতোপরা আপনাকে দেখলে হেঁট হয়ে নমস্কার করে বলত—কোথা থেকে আসা হচ্ছে বাবু মহাশয়ের? কোথায় যাওয়া হবে প্রভু?

আপনি বলতেন—আরোগ্য-নিকেতন।

—ওঃ! তা নইলে—আপনাদের মতো মহুগ্ন আর কোথা যাবেন ই গেরামে! তা চলে যুন। ওই সামনেই দেখছেন—মা-কালীর ধান, বায়ে চন্দ্র মশায়ের লটকোনের দোকান—ভাইনে ভাঙবেন—দেখবেন বাঁধানো কুয়ো; সরকারী কুয়ো, তার পাশেই জীবনমশায়ের কবরেছধানা, অর্থাৎ আরোগ্য-নিকেতন। লোকে লোকারণ্য। গাড়ির সারি লেগে আছে। চলে যান।

আজ কিন্তু লেখানে মাসুকের পাবেন না। লোকারণ্য কথাটা আজ অবিখ্যাত এমন কি হাস্যকর বলেই মনে হবে। সকালের দিকে দুজন বড় ছোঁর ছ-নাত জন

রোগী আসে, হাত দেখিয়ে চলে যায় ; আরোগ্য-নিকেতনে আজ আর কোনো ওষুধ পাওয়া যায় না ; ওষুধের আলমারিগুলি খালি পড়ে আছে। বার্নিশ চটে গেছে, ধুলোয় সমাচ্ছন্ন। দুটো-তিনটির কজা ছেড়ে গেছে। যারা হাত দেখাতে আসে তারা হাত দেখিয়ে ওষুধ লিখে নিয়ে চলে যায়, তারপর বাকি সময় স্থানটা প্রায় খাঁ-খাঁ করে।

অপরাত্তের দিকে গেলে দেখতে পাবেন জীবনবন্ধু মশায় একা বসে আছেন। দেখতে পাবেন উত্তর-দক্ষিণে প্রায় পঁচিশ হাত লম্বা একখানা খোড়ো কোঠা-ঘর। প্রায় আট-দশ হাত। সামনে একটি সিমেন্ট-করা বারান্দা, সেটা এখন ফেটে প্রায় ফুটকাটা হয়ে গিয়েছে, মধ্যে মধ্যে খোয়াও উঠে গিয়েছে ; তিন পাশের স্বল্পগভীর ইটের ভিত ঠাই ঠাই বসে গিয়েছে। ধুলো জমে আছে চারিদিকে। শুধু বারান্দার দুই কোণে দুটি রক্তকরবী গাছ সতেজ সমারোহে অজস্র লাল ফুলে সমৃদ্ধ হয়ে বাতাসে তুলছে। ওই গাছ দুটির দিকে চেয়ে বসে আছেন বৃদ্ধ 'মশায়'। প্রায় সত্তর বছর বয়স ;—স্ববির, ধূলিধূসর ;—দিক-হস্তীর মতো প্রাচীন। এককালের বিশাল দেহের কাঠামো কুঞ্চিত দেহচর্মে ঢাকা ; বক্ষপঞ্জর প্রকট হয়ে পড়েছে, মোটা মোটা হাত—ভেমনি দুখানি পা, সামনে দেখবেন প্রকাণ্ড আকারের অভিজীর্ণ একছোড়া জুতো, পরনে ময়লা ধান ধুতি—তাও সেলাই-করা ; শোভা শুধু শুভ্র গজদন্তের মতো পাকা দাড়ি গোঁপ ; মাথার চুলও সাদা—কিন্তু খাটো করে ছাঁটা।

পুরনো আমলের একখানা খাটো-পায়ী শক্ত তক্তপোশের উপর হেঁড়া শতরঞ্জি বিছিয়ে বসে থাকেন। ফুল-ভরা গাছ দুটির দিকে চেয়ে শুধু ভাবেন। নানা ভাবনা। বিচিত্র এবং বহুবিধ।

ভাবেন—মাহুঘের চেয়ে গাছের আয়ু কত বেশী ! ওই করবীর কলম দুটি তাঁর বাবা লাগিয়েছিলেন—সে প্রায় বাট বৎসর হল ! আজও গাছ দুটির জীবনে এতটুকু জীর্ণতা আসে নাই।

ভাবনার ছেদ পড়ে যায় তাঁর। কে যেন কোথায় অস্বাভাবিক বিরতত্বের কী ঘেন বলছে। চারিদিকে তাকিয়েও কাউকে দেখতে পান না। পরক্ষণেই স্থানেন তিনি। হাটকুড়ো জেলের পোষা শালিক পাখিটা আশেপাশে কোনো গাছে বসে আছে, গাছতলায় পথে কাউকে যেতে দেখে কথা বলছে। বলছে—মাছ নাই ! মাছ নাই ! মাছ নাই !

পাখিটা সাধারণ পাখি থেকে খানিকটা ব্যতিক্রম। পোষমানা পাখি—ছাড়া পেরে উড়ে গেল আর ফেরে না। প্রথম প্রথম বাড়ির কাছে আসে—উড়ে বেড়ায়—চালে বসে—উঠানেও নামে—কিন্তু খাঁচাতে আর ঢোকে না। এ পাখিটা কিন্তু

ব্যতিক্রম। ওকে সকালে খাঁচা খুলে ছেড়ে দেয়, পাখিটা উড়ে যায়, আবার সন্ধ্যার সময় ঠিক ফিরে আসে। খাঁচার দরজা খোলা থাকলে একেবারে খাঁচায় ঢুকে পড়ে। না থাকলে—খাঁচার উপর বসে ডাকে—মা-মা-মা! বুড়ো, বুড়ো, অ-বুড়ো!

বুড়ো হল হাটকুড়ো জেলে। হাটকুড়োর স্ত্রী ওকে বুড়ো বলে ডাকে। সেইটা পাখিটা শিখেছে। ওই পাখিটা বোধ হয় কাছেই কোথাও এসে বসেছে, জীবন দস্তকেই দেখে ডেকে কথা বলছে। মাস্তবের দর্শনে পাখিটা জীবনে সার্থকতা লাভ করেছে। অন্তত লোকে তাই বলে। বলে—পূর্বজন্মের সাধনা-কিছু আছে। কেউ বলে—মানুষই ছিল পূর্বজন্মে, কোনো কারণে শাপগ্রস্ত হয়ে পক্ষী হয়ে জন্মেছে।

জীবনমশায় দাড়িতে হাত বোলান। সঙ্গে সঙ্গে হাসেন। জীবন, জন্মান্তর সম্পর্কে বিশ্বাস এ যুগে উলটে-পালটে গেল। তাই তিনি কোনো ভাবনাই ভাবেন না। ঘন ঘন হাত শোলান তিনি দাড়িতে। এক-একবার খুব ছোট করে ছাঁটা মাথার চুলের উপর হাত বোলান বেশ লাগে। হাতের তালুতে হুডহুডি লাগে।

সঙ্গে সঙ্গে ভাবেন, মুখ্জে তো এখনও এল না!

সে এলে যে দাবী নিয়ে বসি যায়। কালসমুদ্রের খানিকটা—অন্তত রাশিখানেক—কাগজের নৌকায় পরমানন্দে অতিক্রম করা যায়। সেদিন শ্রাবণের অপরাহ্ন। মশায় পথের দিকে মুখ তুলে তাকালেন। আকাশে মেঘ জন্মে রয়েছে। ঘুনি ঘুনি বৃষ্টি পড়ছে, উতলা হাওয়া বইছে; অপরাহ্নেই ছায়া এমন গাঢ় হয়েছে যে সন্ধ্যা আসন্ন মনে হচ্ছে। কিন্তু সেতাবের সাদা-ছাউনি-দেওয়া ছাড়া এর মধ্যেও বেশ দেখা বাবে; বয়স হলেও জীবনমশায়ের চোখ বেশ তাজা আছে। ইদানীং হুচে হুতো পরাতে চশমা সঙ্গেও একটু কষ্ট হলেও দূরের জিনিস—বিশেষ করে কালের গায়ে সাদা কি সাদার মধ্যে কালো ছাতার মতো বড় জিনিস—চিনতে কোনো কষ্ট হয় না তাঁর। দেহ সম্পর্কে ভালো যত্ন নিলে এটুকু দৃষ্টিহানিও বোধ হয় হত না। সেতাবের দেহও ভালো আছে। মধ্যে মধ্যে সেতাবের নাভী তিনি পরীক্ষা করে দেখেন। বুড়োর যেতে এখনও দেরি আছে। নাভীর গতি কী!

জীবনমশায়, নাভীর মধ্যে, কালের পদধ্বনি অনুভব করতে পারেন। এটি তাঁর পিতৃ-পিতামহের বংশগত সম্পদ। তাঁরা ছিলেন কবিরাজ। তিনি প্রথম ডাক্তার হয়েছেন। কবিরাজি অবশ্যই জানেন। প্রয়োজনে দুই মতেই চিকিৎসা করে থাকেন। তবে এই নাভী দেখাই তাঁর বিশেষত্ব। নাভীর স্পন্দনের মধ্যে রোগাক্রান্ত জীবনের পদক্ষেপ থেকে রোগীর রোগের স্বরূপ এবং কালের দ্বারা আক্রান্ত জীবনের পদক্ষেপ থেকে কাল কতদূরে তাও তিনি বুঝতে পারেন।

নিদান হাঁকার জীবনমশায়ের নাম ছিল—আজও আছে ।

নাড়ী দেখে বহুজনের মৃত্যু তিনি পূর্বাঙ্কেই ঘোষণা করেছেন তাঁর চিকিৎসক জীবনে । একের পর এক রোগীর কথা পলকে পলকে মনে উঠে মিলিয়ে যায় । এই মনে পড়াটার গতি অতি অস্বাভাবিক রকমেই দ্রুত । ধেমে গেল এক জায়গায় । স্বপ্নে মিশ্রের ছোট ছেলে শশাঙ্কের মৃত্যুঘোষণার কথায় । মনে পড়ল শশাঙ্কের বোডনী বধূ সেই বিচিত্র দৃষ্টি ; তার সেই মর্মান্তিক কথাগুলি !

একটা দীর্ঘনিশ্বাস ফেললেন তিনি ।

কত মৃত্যু, কত কারা, কত নীরব মর্মান্তিক শোক তিনি দেখেছেন । রোগীর জীবনান্ত ঘটেছে—তিনি ভারী পায়ে স্থির পদক্ষেপে বাড়ি থেকে বেরিয়ে এসেছেন । শেষ মুহূর্ত পর্যন্ত চেঁচা তিনি করেছেন, কিন্তু জেনেই যে, চেঁচা ব্যর্থ হবে । মনকে প্রশস্ত রেখে করেছেন ; এমন রোগীর বাড়ি থেকে গেলে আসতেন—ভায়ে ভাবতেই পথ চলতেন । তখন পথে অতি অন্তরঙ্গ-জনও চোখে পড়ত না । রোগের কথা, চিকিৎসার কথা ভাবতেন ; কখনও কখনও মৃত্যুর কথাও ভাবতেন । মশায়ের ভাবনাময় চিন্তা তখন বিশ্বলোক থেকে দৃষ্টি ফিরিয়ে চিকিৎসা-বিজ্ঞানের পাতার পর পাতা উলটে যেত । তাই বাইরের দৃষ্টিপথে মাহুস পড়েও পড়ত না । বহু ক্ষেত্রে, বিশেষ করে দূরের গ্রামে, রোগীর মৃত্যুর পর বাধ্য হয়েই সেখানে প্রতীক্ষা করতে হত ; শোকবিহ্বল পরিবারটির মধ্যে বসে থাকতেন অচঞ্চল হয়ে, গুমোটো ভরা বায়ু-প্রবাহহীন গ্রীষ্ম-অপরাহ্নের স্থির বনস্পতির মতো । লোকে এই সব দেখে ডাক্তারদের বলে থাকে—ওরা পাথর । খুব মিথ্যে বলে না তারা । পাথর খানিকটা বটে ডাক্তারেরা । মৃত্যু এবং শোক দেখে চঞ্চল হবার মতো মনের বেদনাবোধও নষ্ট হয়ে যায় । মনে ষাঁটা পড়ে ; গাড হারিয়ে যায় । শশাঙ্কের মৃত্যু-রোগে মৃত্যু সম্পর্কে নিশ্চিত হয়ে ঘোষণা করতে গিয়ে আশাত তিনি পেয়েছেন—কিন্তু চিকিৎসকের কর্মে কর্তব্যে ক্রটি তিনি করেন নি । তাঁর নিজের পুত্র—

আবার একটা দীর্ঘনিশ্বাস ফেলে বিবর্ণ হাসি হাসলেন । নিজের পুত্রের হাত দেখেও তিনি তার মৃত্যু ঘোষণা করেছিলেন । তিন মাস আগে থেকে বুঝে পেরেছিলেন তিনি । একথা তিনি তাঁর স্ত্রীকে বলেছিলেন । ছেলে ছিল ডাক্তার, তাকেও ইঙ্গিতে বুঝিয়েছিলেন । আজ ভাবেন— কেন বলেছিলেন একথা ?

চিকিৎসা বিজ্ঞান পারদমতার দস্তে ?

তাই যদি না হবে, সত্যকে ঘোষণা করে মনের কোণে আজও এমন বেদনা অল্পশোচনা সঞ্চিত হয়ে রয়েছে কেন ? ওই স্বভি মনের মধ্যে জেগে উঠলেই একটি ‘ছি-ছি-কার’ শব্দে মর্মস্থল থেকে বেরিয়ে আসে কেন ? ‘পরমানন্দ মাধব’কে মনে

পড়ে না কেন? উদাস দৃষ্টি তুলে মশায় তাকিয়ে থাকেন আকাশের নীলের দিকে। অশচ জানাতে হয়, বলতে হয়। তার বিধি আছে। চিকিৎসকের স্বর্ভব্য সেটা। তার ক্ষেত্র আছে।

এক

উনিশ শো পঞ্চাশ সাল—বাংলা ভের শো ছাপ্পান সালের এক জীবন-অপরাজে জীবনমশায় এমনি করেই তাকিয়ে ছিলেন আকাশের দিকে। পথের উপর থেকে কেউ যেন তাঁকে ডাকলে।

—প্রণাম গো, ডাক্তার জ্যেষ্ঠা।

—কে? মতি! কোথায় যাবি রে?

মতি কর্মকার কয়লায় ধুলোমাখা আটহাতি কাপড়খানা পরেই কোথায় হনহন করে চলেছে। গোষ্ঠ কর্মকারের ছেলে মতি। গোষ্ঠ ডাক্তারকে বড় ভক্তি করত। ডাক্তার তাকে ভালোবাসতেন। গোষ্ঠ অনেকগুলি ওষুধ জানত। সন্ন্যাসীদত্ত ওষুধ। রঘুবর ভারতী ছিলেন বড়দরের যোগী। এসব ওষুধ তাঁর কাছ থেকে পেয়েছিল সে। ডাক্তারকে গোষ্ঠ ওষুধগুলি দিতেও চেয়েছিল। ডাক্তার নেন নি। তবে অনেক রোগীকে তিনি পাঠিয়ে দিতেন গোষ্ঠের কাছে। বিশেষ করে দুদিন অস্তর জ্বরের জ্বর। বড় পাজী জ্বর গুটা। পালাজ্বর অর্থাৎ একদিন অস্তর জ্বর—তবু ওষুধ মানে। কিন্তু ঐ দুদিন অস্তর জ্বর—ও ওষুধ মানে না। মানাতে অস্তর দাঁড়দিন লাগে। কুইনিন ইনজেকশনও মানতে চায় না। অশচ ওই রঘুবর ভারতীর ওষুধে একদিনেই বন্ধ হয়ে যাবে। আগে গোষ্ঠ দিত এখন মতিই দেয়, জ্বরের নির্দিষ্ট দিনে একটা হলুদমাখা গ্রাকডায় একটা জলজ গাছের পাতা কচলে রস বার করে বেঁধে শুকতে দেয়। তাতেই জ্বর বন্ধ হয়। হবেই বন্ধ। বিচিত্র দ্রব্যগুণ-রহস্য! অতি বিচিত্র! এই রোগী পাঠানো নিয়েই গোষ্ঠের সঙ্গে ডাক্তারের অস্তরদত্তা হয়েছিল। এদেশের সন্ন্যাসী সম্প্রদায়ের মধ্যে একটা চিকিৎসা-প্রণালী প্রচলিত ছিল—বিশ্বকর ফলপ্রদ চিকিৎসা! একবার তাঁর ইচ্ছা হয়েছিল এই চিকিৎসা-প্রণালী জানবার, কিন্তু—। কিন্তু তাঁর গুরু নিষেধ ছিল। তিনি বলেছিলেন—ডাক্তারি যখন শিখেছ, তখন গুদিকে যেয়ো না। যার গুণ বিজ্ঞানসম্মতভাবে জান না, তাকে প্রয়োগ কোরো না।

মতি কর্মকার বললে—একবার আপনার কাছেই এলাম জ্যেষ্ঠা।

বাচলেন মশায়। একজন কথা বলবার লোকের জন্ত তিনি অধীর হয়ে উঠেছিলেন। এবার তজ্ঞাপোশে ভাল করে বললেন তিনি, পুরানো তাকিয়াটাকে টেনে নিয়ে বললেন—আয় আঁয়। বোস। কী খবর বল ?

—একবার আমার বাড়িতে যেতে হবে।

—কেন ?

—মাকে একবার দেখতে হবে।

—কী হল মায়ের ?

—আজ্ঞে, মাসখানেক হবে, পুকুরঘাটে পা লিছলে পড়ে গিয়েছিল, তা পরেতে খুবই বেদনা হয়, নিয়ে গিয়েছিলাম হাসপাতালে। তখন দেখে বেঁধেছেদে ছেড়ে দিয়েছিল, বলেছিল,—দিন কতক ঠাট্টাটা কোরো না, সেয়ে যাবে। তাই গিয়েও ছিল। কিন্তু আবার আজ দিন আটেক হল বেদনাটা চাগিয়ে উঠেছে; দিনরাত কনকন করছে। আবার নিয়ে গেলাম হাসপাতাল—তা বললে, এক্স-রে করতে হবে, সে না হলে কিছু বলতে পারবে না। তা—সে তো অনেক খরচ—অনেক ব্যয়ট! তাই বলি, মাই জ্যেষ্ঠার কাছে।

হাসলেন জীবনমশায়। বেচারী মতি! বুড়ো মা গলায় কাঁটার মতো লেগেছে। মায়ের উপর মতির গভীর ভালোবাসা। মায়ের প্রতি তার এই ভক্তির জন্ত লোকে তাকে বুড়ো খোকা বলে। মায়ের কষ্টও সে দেখতে পারছে না—আবার এক্স-রে করানোও তার পক্ষে অনেক ব্যয়ট। অগত্যা এসেছে তাঁর কাছে; তা বেশ, কাল সকালে যাব।

—আজ্ঞে না, একবার চলুন এখুনি। বুড়ী চাৎকার করছে আর গালাগাল করছে আমাকে। বলছে, নিজেয় মেয়ে হলে এমনি অচিকিৎসাতে ফেলে রাখতে পারতিনস ?

বলতে বলতে খানিকটা উজ্জ্বলিত হয়ে উঠল মতি। বললে—সারা জীবন মায়ের অযত্ন করি নাই, আজ মা আমাকে—কৈদে ফেললে মতি।

ডাক্তার বললেন, চল তবে। দেখে আসি।

খালি গায়েই বেরিয়ে পড়লেন মশায়। মতি ব্যস্ত হয়ে বললে—আপনার ছাতা ?

—ছাতা লাগবে না, চল। এই ফিনকিনে জলে—এতে ছাতা লাগে না। ভারী পায়ে ডাক্তার হাঁটেন; গতি একটু মন্থর। মতি ছুটে চলে গেল।—আবি মাই জ্যেষ্ঠা, বাড়িতে খবরটা দিই গে।

—বা।

এগিয়ে গিয়ে মতি বাড়িটা একটু পরিষ্কার করে ফেলবে। ছেলেপুলেগুলোকে সামলাবে। বোধ হয়, মতির মা ময়লা ছেঁড়া কাপড় পরে আছে, সেখানা পালটে তাড়াতাড়ি একখানা ফরসা কাপড় পরাবে। ডাক্তারের অজ্ঞানী তো কিছু নাই।

বাড়ির দোরে গিয়ে গলা ঝাড়লেন ডাক্তার। তারপর ডাকলেন—মতি!

মতি সাড়া দিলে—আজ্ঞে, এই যাই।

তার মানে—আরো খানিকটা অপেক্ষা করুন ডাক্তার জ্যেঠা। এখনও প্রস্তুত হতে পারি নাই। ঝাড়লেন ডাক্তার, ভালোই হল, বরাবর সামনে দেখা যাচ্ছে সোজা কাঁচা সড়কটা। এই পথেই সাদা কাপড়ের ছাউনি দেওয়া ছাতা মাথায় দিয়ে আসবে সেতাব মুখুন্ডে। এক হাতে ছাতা, অন্য হাতে নেভানো লঠন আর দাবার পুঁটুলি। কই সেতাব?

মতি ডাকলে—আস্থন জ্যেঠা।

বৃদ্ধ কাতর হয়ে পড়েছে: মতি ঠিক বলেছে—জ্বরবার হয়ে পড়েছে বুড়ী। হাঁটুটা ফুলেছে। স্ফীত স্থানটার উপর হাত দিলেন ডাক্তার। রোগী কাতরে উঠল, ডাক্তার চমকে উঠলেন। জ্বরও হয়েছে যেন। হাঁটু থেকে হাত তুলে বললেন—হাতটা দেখি।

নাড়ী ধরে বললেন ডাক্তার।

—জ্বর কবে থেকে হল?

মতি বললে—জ্বর তো হয় নাই জ্যেঠা।

—হয়েছে। নাড়ী দেখতে দেখতেই বললেন ডাক্তার।

মতির মা ঘোমটার ভিতর থেকেই ফিসফিস করে বললে—ও বেথার তাড়সে গা খানিক জর-জর করছে। বেথা সারলেই ও সেরে যাবে।

—হ্যাঁ, ব্যথা সারলেই জ্বর সারবে, জ্বর সারলেই ব্যথা সারবে।

—না-না জরের ওষুধ আমি খাব না। জ্বর আমার আপনি সারবে। আপুনি আমাকে পায়ের বেধনার ওষুধ দেন। জরের চিকিৎসার দরকার নাই। ও কিছু নয়। কুনিয়ান খেতে নারব—ফোড় নিতেও নারব। ওপোস দিতে—বুড়ী খেয়ে গেল। না খেয়ে থাকতে পারব না বলতে বোধ করি লজ্জা পেল।

ডাক্তার হেসে বললেন—উপোস তোমাকে করতে হবে না। সে আমি বলব না তোমাকে। তুমি তো আমার আজকের রোগী নও গো। নতুন বউ থেকে তোমাকে দেখছি আমি। সেবার পুরানো জর...সে তো আমিই সারিয়েছিলাম। গোষ্ঠ আমার কাছে কবুল খেয়েছিল। রাত ছুপুরে হেঁসেল থেকে মাছ ভাত বের করে

তোমাকে ধাওয়াত সে। সে আমি জানি। তাতেই আমি তোমার অস্ত্রে পোরের ভাতের ব্যবস্থা দিয়েছিলাম।

হাসতে লাগলেন ডাক্তার।

ঘোমটার মধ্যে জিভ কেটে লজ্জায় শুক হয়ে গেল মতির মা। গোষ্ঠ ভাকে চুরি করে ধাওয়াত না, সে নিজেই চুরি করে খেত। একদিন স্বামীর কাছেই ধরা পড়েছিল। তার পরদিনই গোষ্ঠ ডাক্তারের কাছ থেকে পোরের ভাতের ব্যবস্থা এনেছিল।

ডাক্তার বললেন—তা বলো না কী খেতে ইচ্ছে ?

চুপ করে রইল মতির মা। এরপর আর কী উত্তর দিতে পারে সে ? লজ্জায় তার মাটির মধ্যে সোঁদিয়ে যেতে ইচ্ছে হচ্ছে। ছি ! ছি ! ছি !

—বলো, লজ্জা কোরো না। যা ইচ্ছে হয় খেয়ো। যা খুশি। মতির দিকে তাকিয়ে বললেন—মায়ের যা খেতে ইচ্ছে খেতে দিবি, বুঝি ?

—আর ওষুধ ? শক্তিতভাবেই প্রাণ করলে মতি। চাপান কি কিছু ?

—কিছু না। খেতে দে বুড়ীকে ভালো করে। কালীমায়ের স্থানের মুক্তিকা লাগিয়ে দে। বাস।

মতির মা-ও ঘোমটা খানিকটা কমিয়ে দিলে। বললে—যাতনার পরান খে বেরিয়ে যাচ্ছে আমার।

—তবে আগুনের সেক। শত বৈদ্য সম অগ্নি ; ওর চেয়ে বেদনার আর ওষুধ হয় না। স্থনের পুঁটলি করে সেক দে। ওতেই যা হয় হবে।

—ওতেই যা হয় হবে ? ওষুধ দেবেন না ? যা খুশি তাই খাব ? আমি তাহলে আর বাঁচব না ? পরিপূর্ণভাবে ঘোমটা খুলে মতির মা এবার ডাক্তারকে প্রাণ করে নিম্পলক দৃষ্টিতেই তাঁর দিকে চেয়ে রইল। বিচিত্র সে দৃষ্টি ! কঠিনতম প্রাণ সে দৃষ্টিতে সমুত্ত হয়ে রয়েছে ! জীবনের শেষ প্রাণ !

এমন দৃষ্টির সন্মুখে কেউ বোধ হয় দাঁড়াতে পারে না। পারে তিন প্রকারের মানুষ। এক পারে বিচারক—যাকে প্রাণদণ্ড দিতে হয়। আসামী যদি তাকে প্রাণ করে—আমাকে মরতে হবে।—তবে বিচারক বলতে পারেন—ইয়া, হবে।

আর পারে অল্লাহ—যে ওই দণ্ড হাতে তুলে দেয়।

আর পারে চিকিৎসক।

জীবনমশায় সেকালে বলতে পারতেন। অবশ্য প্রবীণ রোগীকেই সাধারণত বলতেন—আর কী করবে বেঁচে ? দেখলেও অনেক, শুনলেও অনেক, ভোগ

করলেও অনেক, তুগলেও অনেক। এইবার যারা রইল তাদের রেখে—। প্রসন্ন হাসি হাসতেন।

তঁার বাবা জগৎমশায় শেষটার বলতেন, গোবিন্দ! গোবিন্দ! হরিনাম করো, ইষ্টনাম করো। নামের তরী বাঁধা ঘাটে।

তঁার ডাক্তারী বিজ্ঞান গুরু রঙলাল ডাক্তার ছিলেন বিচিত্র মানুষ। রোগীর সামনে সচরাচর মৃত্যুর কথা বলতেন না; তবে জিজ্ঞাসা করলে বলতেন—
Medicine can cure disease but cannot prevent death; বলেই লম্বা পা কলে রোগীর বাড়ি থেকে বেরিয়ে আসতেন।

আজ জীবন ডাক্তার মতির মায়ের মুখের দিকে চেয়ে হেসে বললেন—তাতেই বা তোমার দুঃখ কিসের গো। নাতিপুত্রি ছেলে বউ রেখে ড্যাং ড্যাং করে চলে যাবে। পার তো চলে যাও তীর্থস্থানে।

কথার মাঝখানেই মতি বলে উঠল—এই দেখুন ডাক্তার জ্যোঠা, কী বলছেন দেখুন। হাঁ গো, সে টাকা আমাদের আছে ?

—কেন ? এই তো দশ ক্রোশ পথ, ট্রেনে যাবি, বাড়ি ভাড়া করে রেখে আসবি। কীই বা ধরচ! কাটোরাতে ভিড় বেশী, অনেক পূর্ববন্ধের লোকজন এসেছে—তার চেয়ে উদ্ধারণপুর ভালো। পাড়াগাঁ—গঙ্গাতীর, সারবার হলে এক মাস গঙ্গার বাতাস গায়ে লাগলেই সব ভালো হয়ে যাবে। নিত্য গঙ্গান্নান করবে, বেথবি মাঝের নবকলেবর হয়ে যাবে। না হয়—

কথা অসমাপ্ত রেখেই ডাক্তার বেরিয়ে এলেন ঘর থেকে। দাগায় দাঁড়িয়ে হাত দুখানি বাড়িয়ে দিয়ে বললেন—মতি, জল দে হাতে।

দুই

মন ধারণা হল না ডাক্তারের। মস্তির মায়ের বয়স হয়েছে, বয়সের অল্পপাতে দেহ অনেক বেশী ভেঙেছে। বাত-জ্বর, পেটের গোলমাল—নানানখানা রোগ তো আছেই। তার উপর এই আঘাতে পায়ের হাড় আঘাত লেগেছে। ভেঙেছে। হবতো বা শেষ পর্বস্ত আঘাতের স্থানটা পাকবে। একমাত্র ছেলে, বউ, কয়েকটিই নাতি-পুতি, তা থাক না বুড়ি; এ তো স্নেহের যাওয়া। বুড়ীর যেতে ইচ্ছে নাই। ডাক্তার এক নজরেই বুঝতে পারেন। মৃত্যুর কথা শুনে চমকে ওঠে না—এমন লোক বোধ হয় সংসারে খুব কম। তবু বলেন এই কারণে যে, মাহুসের এগিয়ে যাওয়ারও তো সীমা নেই।

বেচারী মস্তির মা পিছনে পড়ে আছে অন্ধকারের মধ্যে। তাকে দোষ দিতে পারবেন না। ছেলে, বউ, নাতি, নাতনী, ঘর-সংসার—বড় জড়িয়ে পড়েছে বুড়ী।

অহস্তহনি ভূতানি গচ্ছান্ত যমমন্দিরং

শেষাঃ স্থিরম্মিচ্ছন্তি কিমাশ্চৰ্ঘমতঃপরম্।

বুড়ী সেই সনাতন 'আশ্চৰ্ঘ' হয়ে উঠেছে আজ। কিন্তু যেতে হবে বুড়ীকে। আর যাওয়াটাই ওর পক্ষে মঙ্গল। ই্যা মঙ্গল। নইলে দুর্ভোগের আর অন্ত থাকবে না।

জীবন ডাক্তারের দেহখানা খুব ভারী। পা দুটো মাটির উপরে দেহের ওজন কেঁরে কেঁরেই পড়ে। ডাক্তার গথ দিয়ে চলেন—পাশের বাড়ির লোকেরা জানতে পারে ডাক্তার চলেছেন। এই শ্রাবণ মাসের কিনকিনে বুড়ীতে পিছল এবং নয়ম মেটে রাস্তার উপর সন্তর্পণে পা ফেলে চলতে হবে। চোখ রাখতে হবে মাটির উপর। দুটোই ডাক্তারের পক্ষে বিরক্তজনক। কিন্তু উপায় নাই—পিছল পথে পা ফসকালে অন্ধ আর থাকবে না। পৃথিবীকে মাহুস বলে—মা, সবুজ ঘাসে আর ফসলে ঢাকা দেখে বলে—কোমলাঙ্গী; একবার পড়লেই তুল ভেঙে যায়। আপন মনেই ডাক্তার হাসেন।

আরে—আরে—আরে! ডাক্তার থেমে গিয়ে সতর্কবাণী উচ্চারণ করলেন। পথের ধারে একটা ডোবার মুখে এই অনাবৃষ্টির বর্ষায় সামান্য পরিমাণে খানিকটা জল জমেছে—দুটো ছেলেতে পরমোৎসাহে তাই ছেঁচতে শুরু করেছে। কাদাগোলা জল ছিটিয়ে রাস্তার গুইখানটা কর্ণমাক্ত করে তুলেছে।

ছেলে দুটো থেমে গেল। জীবনমশায় এখানে সর্বজনমাত্র।

—কী করছিল? হচ্ছে কী?

—মাছ পো। এই এতু বাড়ি একটা ল্যাঠা মাছ।

—তুই তো মদন ঘোষের ব্যাটা ?

—হি গো, মদনার ব্যাটা বদনা আমি।

ডাক্তার হেসে ফেললেন, বললেন—শুধু মদনার ব্যাটা বদনা ? তুই মদনার ব্যাটা—বদনা ঠ্যাটা ! পাজীর পা-ঝাড়া। উল্লুক !

—ক্যানে ? কী করলাম আমি ?

—কী করলি ? এবার কণ্ঠস্বর স্নিগ্ধ করে ডাক্তার বললেন, এমনি করে বাব্বার নাম, নিজেব নাম বলতে হয় ? ছি ! ছি ! ছি। বলতে হয়—আজ্ঞে হ্যাঁ, শ্রীমদনলাল ঘোষের ছেলে আমি, আমার নাম শ্রীবদনলাল ঘোষ। বুঝলি ?

বদন ঘাড় কাত করে মাথাটা কাঁধের উপর কেলে দিলে। খুব খুশী হয়েছে বদন। ডাক্তার বললেন—আর এটি ? এটি কে ?

ছেলেটি বেশ সুশ্রী। সুন্দর চেহারা। এ গ্রামের বলে মনে হচ্ছে না। ডাক্তারের কথার উত্তরও দিলে না। বদন বললে—ও আমাদের গাঁয়ে এসেছে। সরকারদের বাড়ি। আমার বাড়ি এসেছে।

—আচ্ছা ! অহীন্দ্র সরকারের মেয়ে অভসীরা ছেলে ?

ছেলেটি ঘাড় নেড়ে দিলে দুবার।—হ্যাঁ।

ডাক্তার বললেন—জলে ভিজো না, বাড়ি যাও। সর্দি হবে। জ্বর হবে। মাথা ধরবে !

বদন বললে—আপুনি ভিজছেন ক্যানে ?

ডাক্তার কোঁতুকে সশব্দেই হেসে উঠলেন। বললেন—আমি ডাক্তার রে ছুই। অসুখ আমাকে ভয় করে। যা - বাড়ি যা। চল, আমার সঙ্গে চল।

ছেলে ছটোকে সঙ্গে নিয়েই তিনি ফিরলেন। সেতাব না এসে থাকলে এদের নিয়েই একটু আমোদ করবেন। চলতে চলতে বললেন—জানিস, আমড়া খেলে অসুখ হয়, অসুখ হলে জ্বর হয়। কিন্তু ডাক্তারেরা খায়। লোককে বলি আমড়া খাই আমরা, লোককে বলি খেয়ে না আমড়া।

আরোগ্য-নিকেতনের বারান্দায় ইতিমধ্যেই সেতাব মুখুন্ডে কখন এসে বসে আছেন। ডাক্তারকে দেখে তিনি বললেন, গিয়েছিলি কোথা ? আমি এসে ভাবি গেল কোথায় ! নন্দ কি ইন্দির দুজনের একজন পর্যন্ত নাই।

ছেলে ছটোকে ছেড়ে দিয়ে ডাক্তার বললেন, যা—বাড়ি যা তোরা। সেতাবকে বললেন, গিয়েছিলাম মতি কর্মকারের বাড়ি। মতির মায়ের স্বহৃদ এসেছে। বোস, চাষের অস্ত্র বাড়িভক্ত বলে আসি। কড়ের টিকেটা ধরিয়ে দে তুই, ইন্দির বাইরে গিয়েছে।

একেবারে সাত-আটটা কয়েতে তামাক সাজা আছে। এ ছাড়াও তামাক-টিকে আছে। খাওয়া-দাওয়ার পরই নন্দ সাজিয়ে দিয়ে গিয়েছে। তারপর প্রয়োজনের সময় ইন্দির থাকলে ইন্দির, না থাকলে ডাক্তার বা সেতাব নিজেরাই কেউ দরকার-মতো কয়েতে আগুন দিয়ে নেন। এখন দুজনে বসবেন দাবাতে। কতক্ষণ চলবে কে জানে! বাড়িতে ভাত ঢাকা থাকবে। তবু তো আগেকার কালের শক্তিও নাই—উৎসাহও নাই।

চায়ের বরাত করে তামারের টিকে ধরিয়ে নিয়ে দাবার বসলেন দুজনে। খেলাটা হঠাৎ যেন জমে উঠল। সেতাবের মন্ত্রীটা ধাঁ করে মেয়ে বসলেন মশায়। ওদিকে আকাশে মেঘও বেশ জমেছে, বৃষ্টিও বেশ হ্র ধরেছে; ঝিপ-ঝিপ করে বৃষ্টি নেমেছে, বৃষ্টি ঝানিকটা হবে বলে মনে হচ্ছে। নীরবেই খেলা চলছিল, সেতাব মুখ্জে বললেন—ভিতরে চল জীবন—গা শিরশির করছে।

—শিরশির করছে? কেন রে? আমার তো বেশ আরাম বোধ হচ্ছে!

—তোমার কথা আলাদা। এত চব্বিতে শীত লাগে কখনো? আমার শরীরটাও ভাল নাই।

—জর হয় নি তো? দেখি হাত?

—না, হাত দেখতে হবে না। ওই তোর বাতিক। আমি নিজেও জানি হাত দেখতে। দেখেছি নাড়ী গরম একটু হয়েছে। ও কিছু নয়; চল ভেতরে চল। সেতাব সরিয়ে নিলেন হাতখানা।

ডাক্তার কিন্তু ছাড়লেন না, হাত বাড়িয়ে একরকম জোর করে সেতাবের হাতখানা টেনে নিলেন। হ্যা, বেশ উত্তাপ হাতে! কিন্তু নাড়ী অল্পভব করার সুযোগ পেলেন না। সেতাব মুখ্জে হাতখানাকে ছাড়িয়ে নেবার চেষ্টা করলেন।

—ছাড়, হাত ছাড়, জীবন। হাত ছাড়।

—পাগলামি করিস নে সেতাব। নাড়ী দেখতে দে।

—না। চীৎকার করে উঠলেন সেতাব।

—আরে, হল কী তোর? আরে! বিন্মিত হয়ে গেলেন জীবন ডাক্তার।

—না-না-না। ছেড়ে দে আমার হাত। ছেড়ে দে। বটকা মেয়ে ডাক্তারের হাত থেকে হাত ছাড়িয়ে নিয়ে সেতাব উঠে দাঁড়ালেন। তাঁর নিজের লর্ধনটা একপাশে নামানো ছিল। সেটা জালাবার অবকাশও ছিল না; নেভানো লর্ধনটা নিয়ে সঙ্গে সঙ্গে নেবে পড়লেন দাওয়া থেকে।

—সেতাব, ছাতা, তোর ছাতা।

এবার সেতাব ফিরলেন। ছাতাটি নিয়ে লঠনটি জালাতে জালাতে বললেন—
নিজের নাকী দেখ তুই। তুই এইবার যাবি আমি বললাম। লোকের নাকী দেখে
নিদান হৈকে বেডাচ্চিস, নিজের নিদান হাঁক।

সেতাব চলে গেলেন সেই রুষ্টির মধ্যে।

ডাক্তার চূপ করে দাঁড়িয়ে রইলেন। সেতাব মধ্যে মধ্যে এমনি অকারণে
যেগে ওঠেন। অকারণ ঠিক নয়, নিজের চাল ভুল হলে মনে মনে রাগেন নিজের
উপরেই, তারপর একটা যে-কোনো ছুতোতে ঝগড়া করে বসেন। উঠেও চলে
যান। ফেরানো তাঁকে যায় না, পরের দিন ডাক্তার যান তাঁর বাড়ি। গেলেই
সেতাব বলেন—আয়—আয় বোস। এই যাব বলে উঠেছিলাম আর তুইও
এলি।

ডাক্তার একটু হেসে বাড়ির ভিতরে যাবার জন্তে খুশলেন; ডাক্তারখানার দরজা
বন্ধ করতে গিয়ে কিন্তু থমকে দাঁড়ালেন। আজ সেতাবের রাগটা প্রকট বিকার
নয় তো? উত্তাপে অন্ন জর মনে হল—। কিন্তু নাকী দেখতে তো দিলেন না সেতাব।
ঐ দুটি কুঞ্চিত করে তিনি স্থির হয়ে দাঁড়িয়ে রইলেন কিছুক্ষণ। ভাবছিলেন—যাবেন
এখনি সেতাবের বাড়ি।

ফল নেই। তাই যদি হয় তবে সেতাব কিছুতেই তাঁকে হাত দেখতে দেবেন না,
বরং আরও বেশী উত্তেজিত হয়ে উঠবেন।

আর এই রুষ্টিতে ভিক্ষে অনিষ্ট? সে যা-হবার হয়েছে।

মৃত্যু-রোগের একটা যোগাযোগও আছে, যা বিচিত্র এবং দিগ্বিদিকক।

পরের দিন।

সাধারণত ডাক্তার বেশ একটু দেরিতে ওঠেন। আজ কিন্তু উঠলেন সকালেই।
সমস্ত ব্যক্তি ভালো খুম হয় নি। সেতাব সম্পর্কেই দুশ্চিন্তা একটা বাতকের মতো তাঁকে
চক্কল করে রেখেছিল। কত উদ্ভট চিন্তা। তাঁর অভিজ্ঞতায় যত বিচিত্র রোগলক্ষণ
উপসর্গ তাঁর চোখে পড়েছে, তিনি যেন উপলব্ধি করেছেন—সেই সব উপসর্গের লক্ষণ
তিনি সেতাবের আচরণের সঙ্গে মিলিয়ে পেয়েছেন সেদিন। যত দেখেছেন ততই
যেন মিলেছে। মনে মনে অশুভাপ হয়েছে, সেতাবকে তিনি জ্ঞাপটে ধরে ছোর করে
ধরে বন্ধ করে রাখলেন না কেন? ওই বর্ষণের মধ্যে যেতে দিলেন কেন? প্রকট
বিকার নিয়ে জরই খুব ধারণ, তার উপর এই বর্ষণ ভিক্ষে যদি সদিটা প্রবল হয় তবে
বে অসাধ্য হয়ে উঠবে।

বয়স সেতাবের হয়েছে, জীবনে বন্ধনও নাই। বন্ধন বলতে স্বা—কিন্তু সে স্বা
এমনই লক্ষণ ও আত্মপরায়ণা যে, সেতাবের অভাবে তার বিশেষ অহুবিধা ঘটবে

না। সেতাবের অভাব অল্পভব করলেন তিনি নিজে। সেতাব না হলে তাঁর দিন কাটে না। 'তিনি থাকবেন কাকে নিয়ে ?

সকাল উঠেই তিনি সেতাবের বাড়ি যাবার জন্যে প্রস্তুত হলেন। ডাক্তারগিরীও সকালেই ওঠেন। এবং তাঁর বিচিত্র স্বভাবের বিচিত্রতম অংশটুকু এই প্রথম প্রভাতেই আত্মপ্রকাশ করে থাকে। নাম তাঁর দুর্গা। দুর্গা প্রভাতে ওঠেন যুদ্ধোত্তম মনোভাবের মতো। মেজাজ সপ্তমে উঠেই থাকে; সেই মেজাজে বকেবকে বাড়িটাক সজ্জ করিয়ে দিয়ে কিছুক্ষণ পরে আশ্চর্যভাবে ধীরস্থির হয়ে আসেন। ডাক্তার ঘেরিতে ওঠেন যেসব কারণে ওটা তার মধ্যে একটা প্রধান কারণ। গিন্দি স্থির হলে নিশ্চিন্ত হয়ে গাত্রোথান করেন তিনি।

ডাক্তার-গিন্নী অনেক আগেই উঠে বাসনমাজা-ঝিকে তিরস্কার করছিলেন, বালি এবং করকবে চাই দিয়ে বাসনমাজার জন্ত। ওতে বাসনের পরমায়ু কতদিন ? সংসারে স্বাস্থ্য সিদ্ধপুরুষ মৃত্যু ঘাঁড়ের ইচ্ছাধীন, তাঁদের মাথায় ডাণ্ডা মারলে তাঁরাও মরতে বাধ্য হন। ও তো নিজীব কাঁসার গেলাস। বালি দিয়ে দু'বেলা ঘষলে ও আর কতদিন। কাঁসার দাম যে কত দুর্মূল্য হয়েছে সেও তাকে স্মরণ করিয়ে দিচ্ছিলেন। ডাক্তার উঠে আসবার সময় কেশে গল পরিষ্কার করে সাড়া দিয়ে নামলেন। তারপর গম্ভীরভাবে বললেন—আমি বেরুচ্ছি একবার মাঠে। সকালবেলা উঠেই প্রথম কথাটি তাঁকে মিশে বলতে হল। নইলে গিন্নীর দৃষ্টি এবং স্বাক্ষর ভ্রমলোচন ভ্রমকারিণীর মতো প্রথমে এবং ভীষণ হয়ে উঠবে।

চাতাটি নিয়ে বেরিয়ে সোজা এসে উঠলেন ওই বড়বাজারে গ্রামখানিতে। সদর রাস্তা থেকে ছোট পথ ধরে সেতাবের বাড়ির সামনে এসে দাঁড়ালেন এবং ডাকলেন।

সেতাব !

সেতাবও তখন উঠেছেন। ঘরের ভিতর তক্তাপোশের উপর বসে তামাক খাচ্ছেন। বাইরে ডাক্তারকে দেখে হেসে বললেন—এসেছিল ?

ডাক্তার ঘরে ঢুকে তক্তাপোশের উপর বসে বললেন—বাক। জর-টর নাই তো ? মুখ দেখে মনে হচ্ছে ছেড়ে গিয়েছে।

সেতাব হাতখানি বাড়িয়ে দিলেন—দেখ।

—দেখ ? হাসলেন ডাক্তার।

দেখ। নিদান একটা হাঁক দেখি। আর তো পারছি না। জীবনে ঘেরা ঘরে গেল।

ডাক্তার হেসে বললেন—তা কাল রাতে বুঝেছি। যে রাগ তোর আমার উপর।

সেতাব ওদিক দিয়েই গেলেন না, বললেন, কাল রাত্রে বুড়ী আমাকে বা বকলে, সে তোকে কী বলব? এক মুঠো মুড়ি পৰ্ব্বস্ত খেতে দিলে না রে। বললাম সর্দিতে গা গরম হয়েছে, জীবন আমাকে দুধ-মুড়ি খেতে বলেছে। ষি ময়দা থাকলে চারখানা গরম লুচি সব থেকে উত্তম। ঘরে ষি-ময়দা আছে, বুঝলি—জেনেই আমি বলেছিলাম। বাজারে ময়দা মেলে না—আমার জমিতে মন দুই গম হয়েছিল, সে পিষিয়ে ময়দা করিয়ে বেখেছি। বাড়ির দুধ হয়-না হয়-না করেও সেব দেডেক হয়। তার সব সরটুকু জমিয়ে বুড়ী ষি করে। একদিন সয়ের মুখ দেখতে পাই না। কালই বিকেলে সর গালিয়েছেবে! তা তোকে কী বলব, আমাকে নৌ ভূতো নৌ ভবিন্ধতি। তোর পৰ্ব্বস্ত বাপাস্ত করে ছাড়লে। এই সকালে খিদেতে পেট জ্বলছে খাওব দাহনের মতো।—কী করব—বসে বসে তোমাক টানছি। এর চেয়ে যাওয়াই ভালো। কী হবে, বেঁচে!

ডাক্তার হাতখানা এবার টেনে নিলেন—স্পর্শমাত্রেই বুঝলেন জ্বর ছেড়ে আসছে। বললেন—জ্বর ছেড়ে আসছে। কাল রাত্রে গিন্নী খেতে না দিয়ে ভালোই করেছে। কয়েক মুহূর্ত নাতী পরীক্ষা করে বললেন—আজ সকাল সকাল বোল-ভাত খা। এখন বরং চাষের সঙ্গে কিছু খা। আর জ্বর হবে বলে মনে হচ্ছে না।

—কিছু খা! সেতাব রুক্ষ ঘরে বলে উঠলেন—কিছু খা! ঠাকুরসেবা নাই? সে কে করবে?

—কাউকে বল না, করে দেবে।

—দেবে? একালের কোন ব্যাটা এসব জানে, না এতে মতি আছে! আছে এক মুখ্য ডাঙ ওই ঠ্যাঙবীকা চাটুজ্জদের ছেলে। তা এখন তার কাছে যাব কে? যদি ব্যাটা বুঝতে পারে যে আমি খেয়েছি তবে এক বেলাতেই আট আনা চেয়ে বসবে।

—তাই দিবি। শরীর আগে না পরস্যা আগে! খিদেয় তোর পেট জ্বলছে—আমি বুঝতে পারছি, তুই খা। আমি বরং ব্যবস্থা করছি। আমাদের গ্রামের মিশ্রদের কাউকে পাঠিয়ে দোব, বুঝলি। খা তুই, পেট ভরে খা। চাষের সঙ্গে মুড়ি ফেলে নাস্তা কর।

সেতাব এবার চুপিচুপি বললেন—তুই বল না, একটু হালুয়া করে দিক। ময়দা চাললেই স্বজি দেববে। চিনি অবিন্ধি নাই, তা ভালো গুড় আছে। খেজুর গুড়ের পাটালিও আছে গুর ভাঁড়ারে। বুঝলি, যোজ রাত্রে দুধের সঙ্গে ভাত খায় আর ওই পাটালি বার কুরে। ভাবে, আমি ভুমিয়ে গিয়েছি। আমি সাড়া দিই না, কিন্তু গন্ধ পাই। বল না ওকে।

ভাস্কর হেসে ফেললেন ।

খাওয়ার বিলাসে সেতাব চিরকাল বিলাসী, একটু ভালোমন্দ খেতে ভালোবাসেন বলে ঠর স্ত্রী নাম দিয়েছে বালকদাসী । বলে, উনি আমার বালকদাসী—ভালোমন্দ খেতে ভালোবাসি ! রাম রাম রাম—জিভখানা কেটে ফেলো গিয়ে । না-খেলে মানুষ স্বীচে না, খিদে পেলে পৃথিবী অন্ধকার, তাই খাওয়া । তা বলে এটি খাব, ওটি খাব—এ কী আবদার ! রামচন্দ্র !

ভালোমন্দ খাওয়ার রুচি ঠদের স্বামী-স্ত্রী দুজনেরই । বার্ষিকের সঙ্গে সে রুচি আরও বেড়েছে । এই নিয়ে স্বামী-স্ত্রীর মধ্যে ঝগড়া বাধে । ভাস্করকে মধ্যে মধ্যে মধ্যস্থতা করতে হয় । সেতাবের কথা শুনে ভাস্কর তাই হাসলেন ।

সেতাব স্ত্র কুক্ষিত করে বললেন—হাসলি যে ।

ভাস্কর বললেন—নিদান হাঁকতে বলছিলি না ?

মুহুর্তে সেতাবের মুখ শুকিয়ে গেল । ভাস্কর সেটুকু লক্ষ্য করলেন—এবং সমাদরের সঙ্গে অভয় দিয়ে পিঠে হাত বুলিয়ে বললেন—না-না তা বলি নি, ভয় পাস নে, এখনও অনেক দেখবি যে তুই । দেখি আছে । রুচি এখনও সমানে আছে । কিন্তু আজ আর হালুয়াটা খাস নে । জরটা একেবারে ছেড়ে যাক । বরং এক বেলা আজ ঝোল-ভাত খাস । সবুজ যদি আর জর না আসে—কই দেখি দে, নাজীটা দেখি । পায়ে হাত দিয়ে জর চাডছে বুঝে আর নাজী দেখি নি । জর আসবে কিনা দেখি ।

নাজী ধরে ভাস্কর হাসলেন, বললেন—না । জর আর আসবে না মনে হচ্ছে । হালুয়া কাল ভেঁকে আমি খাওয়াব । আজ না । কিন্তু হঠাৎ হালুয়াতে এমন রুচি হল কেন বল তো ?

—চা-মুড়ির নাম শুনে বমি আসছে । বুঝেছিলি না ? কি রকম অরুচি হয়ে গিয়েছে । তা তুই এক কাজ কর, দোকান থেকে চারখানা বিস্কুট আনিয়ে দিতে বল । তাই বলে যা । চায়ের সঙ্গে ভিজিয়ে সে ভালো লাগবে ।

বিস্কুট নিজে পাঠিয়ে দেবেন প্রতিশ্রুতি দিয়ে ভাস্কর উঠলেন । সেতাব-গৃহিণী এগনি তর্ক তুলবেন, রোগীর এই অবস্থার মুড়ি বেশী উপযোগী অথবা বিস্কুট বেশী উপযোগী ? একেবারে সমকক্ষ চিকিৎসকের মতোই তর্ক তুলবেন । এবং প্রশ্ন করবেন—দেশে যে আগেকার কালে বিস্কুট ছিল না, উৎপত্তি কোথায় খেত কী ? এবং বিস্কুট খেত না বলে তারা কি মহত্বপূর্ণ ছিল না, না আরো যোগ সারত না ? সেতাবগৃহিণী নারী না হয়ে যদি পুরুষ হতেন তবে বড় উকিল হলে পারতেন । রাগ করে টেগামেটি করবেন না, নিজের খুঁজে খুঁজে পাবেন ।



কার সাধ্য তাঁকে এক পা হটাঁয়। এ-যুগে জন্মালেও জন্ম সার্থক হতে পারত। এখন তো মেয়েরাও উকিল জজ ম্যাজিস্ট্রেট হচ্ছেন দেখতে পাওয়া যাচ্ছে।

ডাক্তারের মনের মধ্যেই কথাগুলি খেলে গেল। প্রকাশে সেভাবে বললেন—
গিন্নীকে বলে কাজ নাই। আমি বয়ঃ ফিরবার পথে বাজার থেকে দেখে-শুনলে কারুকে দিয়ে পাঠিয়ে দিচ্ছি। তুই যেন বাইরে থাকিস। বুঝলি!

নিজের পথ্য সম্পর্কে আশু হলে সেভাবে এবার হাত ধরে বললেন—বোস বোস, একটু চা খেয়ে যা।

ডাক্তার হেসেই বললেন—চা খাব তো তোর বিস্কুট কিনে পাঠাবে কে? তা ছাড়া কর্মফল ভোগ, সেই বা কে করবে? দু-চারজন হাত দেখাতে আসবে তো! বসে থাকবে তারা। আমি উঠি।

বলেই তিনি উঠলেন।

সেভাবে সম্পর্কে দুঃখিতা কেটে গেছে তাঁর। পরমানন্দ মাধব, পরমানন্দ মাধব! মৃদুধরে নাম জপ করতে করতে ভারী পা কলে তিনি অগ্রসর হলেন।

মাথার ছাতাটা একটু নামিয়ে মাথার উপর ধরলেন। সাধারণ লোকে—বাদের ঘরে রোগী আছে—তারা দেখতে পেলো তাঁকে ছাডবে না।—ডাক্তারবাবু একটু দাঁড়ান। ছেলেদের হাত দেখে যান। কি—একবার আমার বাড়ি চলুন। আজ দশদিন পড়ে আছে আমার বাবা—একবার হাতটা দেখুন।

তারপর অনর্গল প্রশংসা। যার নাম নিছক তোষামোদ। বিনা পরসায় একবার ডাক্তার দেখানো। ওতে অবশ্য জীবন মহাশয়ের খুব একটা আপত্তি বা দুঃখ নেই, কারণ বাপের আমল থেকে তাঁর আমল পর্যন্ত বিনা ফি-তেই গরিবগুনা মধ্যবিত্তদের ঘরে চিকিৎসা করে এসেছেন। কিন্তু এখন এই বয়সে আর না। তা ছাড়া—। এই বাদলা দিনের ঠাণ্ডা সকালবেলাতেও তাঁর কান ঝাঁ ঝাঁ করে উঠল। লোকে তাঁকে আর চায় না। হাঁ, চায় না। বলে—। বলে—সে আমলের ডাক্তার, তাও পাশ-করা নয়। আসলে হাতুড়ে। এখনকার চিকিৎসায় কত উন্নতি হয়েছে। সে সবেবর কিছু জানে না।

কেউ কেউ বলে গোবক্তি।

হনহন করে হাটলেন ডাক্তার।

পথের পাশেই হাসপাতাল; পাশেই তৈরী হচ্ছে নতুন হেলথ সেন্টার। ওদিকে একবার না তাকিয়ে পারলেন না। যাবার সময় তাকিয়েছিলেন, তখন সব নিরুদ্ভূত ছিল। এখন জেগেছে সব। হাসপাতালটার বারান্দায় কজন রোগী বাইরে এসে বসেছে। ঝাঁড়ুদারেরা ঘুরছে স্বামী-স্ত্রীতে। ওই নার্সদের ঘর থেকে দুজন

নার্স বেগিয়ে চলেছে হাসপাতালের দিকে। এদিকে চ্যারিটেবল ডিস্পেনসারির বারান্দায় এর মধ্যেই কজন যোগী এসে গেছে। আরও আসছে। ওই ওদিকে হেলথ সেন্টারের নতুন বাড়ি তৈরী হচ্ছে। প্রকাণ্ড বড় বাড়ি। অনেক আরোজন, অনেক বেড, অনেক বিভাগ, শিশুমঙ্গল, মাতৃমঙ্গল, সংক্রামক ব্যাধির বিভাগ, সাধারণ বিভাগ। সার্কারি বিভাগটা বড় হবে, তাতে রক্ত থেকে যাবতীয় পরীক্ষার ব্যবস্থা থাকবে। তা ভালোই হচ্ছে। রোগে যে রকম দেশ ছেয়ে কেলেছে তাতে এমনি বিরাট ব্যবস্থা না হলে প্রতিবিধান হবে না। ডাক্তারের মনে পড়ল—প্রথমে হয়েছিল ওই চ্যারিটেবল ডিস্পেনসারিটি। সে হল উনিশ শো দুই বা তিন সালে।

তার আগে—।

—প্রণাম ডাক্তারবাবু! কোথায় গিয়েছিলেন? ডাকে?

ডাক্তার চকিত হয়ে মুখ ফেরালেন। দেখলেন এখানকার চ্যারিটেবল ডিস্পেনসারির কম্পাউণ্ডার হরিহর পাল তাঁর পিছনেই সাইকেল ধরে দাঁড়িয়ে আছে। বাড়ি থেকে ডিস্পেনসারিতে আসছে, তাঁকে চিনেই বোধ হয় বেল না দিয়ে রথ থেকে নেমে পদাতিক হয়ে তাঁকে সম্মান দেখিয়েছে। সম্বন্ধে ডাক্তার বললেন—ভালো আছ হরিহর?

—আজ্ঞে হ্যাঁ।

—তারপর খবর ভালো তো? কী রকম চলছে তোমার?

—ওই কোনো রকমে চলে যায় আর কি।

ডাক্তার বুঝলেন হরিহরের প্র্যাকটিস ভালোই চলছে আজকাল। সূয়ে দাঁড়ালেন তিনি। বললেন—

—পেনিসিলিন চালাচ্ছ খুব! এ তো পেনিসিলিনের যুগ!

—আজ্ঞে তা বটে। সবই পেনিসিলিন। ওযুধটা খাটেও ভালো। বলতে বলতেই সামনের দিকে অর্থাৎ মশায়ের পিছনের দিকে তাকিয়ে হরিহর একটু চকল হয়ে বললে—ডাক্তারবাবু আসছেন আমাদের। আপনাদের গ্রাম থেকেও আসছেন দেখছি। ওঃ, বোধ হয় মতি কর্মকারের মাকে দেখতে গিয়েছিলেন। কাল রাত্রে মতি এসেছিল, কল দিয়ে গিয়েছিল।

মনের মধ্যে একটা বিদ্বৎ-তরঙ্গ বয়ে গেল মশায়ের। তাঁকে অবিশ্বাস করেই তা হলে মতি কল দিয়ে গিয়েছে তার মাকে দেখতে? মুহূর্তে সূয়ে দাঁড়ালেন মশায়। ওদিকে হাসপাতালের নতুন ডাক্তারটির বাইসিক্ল ক্ষতগতিতে এগিয়ে আসছে। জীবনমশায় নমস্কার করলেন—নমস্কার!

হাসপাতালের ডাক্তার নামলেন বাইসিক্ল থেকে। তরুণ বয়স, পরনে প্যান্ট,

বুশশার্টের উপরে ওয়াটার গ্রুফ, মাথায় অয়েলস্কিনের ঢাকনি-মোড়া শোলার ছাট। চোখে শেলের চশমা; কলকাতার অধিবাসী—নাম প্রত্য্যোক্ত বোস। প্রতিদয়স্কার করে প্রত্য্যোক্ত ডাক্তার বললেন—ভালো আছেন ?

—ভালো ? তা রোগ তো নেই। সংসারে তো একেই ভালো থাকা বলে। তারপর—মতির মাকে দেখে এলেন ?

—হ্যাঁ। কাল রাত্রে মতি এসে বলে—রাত্রেই যেতে হবে। তার মা নাকি যন্ত্রণায় অধীর অস্থির হয়ে পড়েছে। সে কিছুতেই ছাড়বে না। কেসটা তো জানা। প্রথম বখন পড়ে যায় তখন কিছুদিন হাসপাতালে ছিল। কমেও গিয়েছিল বেদনা। তারপর বেদনা বেড়েছে আবার, বোধ হয় ওই অবস্থাতেই ঘোরাফেরা কাজকর্ম করেছে। আমার ধারণা আবারও ধাক্কাটাকা লাগিয়েছে। আপনি তো দেখেছেন কাল বিকেলে। সবই তো জানেন।

—হ্যাঁ দেখেছি। তাই তোঃ দ্বিজ্ঞাসা করছি, কেমন দেখলেন ?

—একটু পাকিয়ে গেছে, এগ্ন-রে না করলে ঠিক ব্যবস্থা তো হবে না। ভিতরে কোথাও হাড়ের আঘাত গুরুতর হয়েছে, ফেটে থাকতে পারে, যদি ফ্র্যাকচার হয়ে হাড়ের কুচিটুচি থাকে তো অপারেশন করতে হবে। ব্যবস্থা হলেই সেবে যাবে। মারাত্মক কিছু নয়। ঠোঁট দুটিতে তাক্কিল্যের ভঙ্গী কুটিয়ে তুললেন তিনি।

মশায় একটু ভাবলেন। তারপর বললেন, কুচিটুচি নেই। ফ্র্যাকচার নয়। ব্যথাটা সরে নড়ে বেড়াচ্ছে। সঙ্গে সঙ্গে ফুলোটাও। আমার অবিশ্রি সার্জারিতে বিত্তেবুদ্ধি নাই। ভালো বৃথি না। বৃথি নাভী। আমার যা মনে হল—তাতে গুটা উপলক্ষ্য। যাকে বলে হেতু। আসলে—। কথাটা অর্ধসমাপ্ত রেখে একটু হেসে ইন্ডিতের মধ্যে বক্তব্য শেষ করলেন।

প্রত্য্যোক্ত ডাক্তার মুখের কথা কেড়ে নিয়ে একটু কড়া স্বরেই বললেন—হ্যাঁ—আপনি তো জানগঙ্গার ব্যবস্থা দিয়ে এসেছেন। হাসলেন প্রত্য্যোক্ত ডাক্তার। এবার রসিকতা করেই বললেন—আমি গিয়ে দেখি ভয়ে বুড়ীর এমন প্যালপিটেশন হচ্ছে যে, জানগঙ্গাও আর পৌঁছুতে হবে না। স্টেশনে যাবার জন্ত গাড়িতে তুলতে তুলতেই হার্টফেল করবে।

আরও একটু হেসে নিলেন প্রত্য্যোক্ত ডাক্তার। তারপর বললেন—নাঃ, বেঁচে যাবে বুদ্ধি। মতি কিছু খরচ করতে প্রস্তুত আছে, ব্যক্তিটা হাসপাতাল থেকে ব্যবস্থা করে গুকে আমি খাড়া করে দেব। গুকে মরতে আমি দেব না।

শেষের কথাটিতে প্রচ্ছন্ন তাক্কিল্যের ব্যঙ্গ বনয়ন করে বেজে উঠল। মনে হল ডাক্তার তাঁর হুঁড়লে—তীরটা তাঁর মাথায় খাটো-করে ছাঁটা ফুলগুলি স্পর্শ করে

বেরিয়ে চলে গেল ; তীরটার দাহ—তীরটা তাঁর কপালে কি ব্রহ্মভালুতে বিদ্ধ হওয়ার ব্রহ্মণা থেকেও শতগুণে মর্যাদিতিক ।

ষাড় নেড়ে মশায় বললেন—আমাকে মারতে হবে না ডাক্তারবাবু, বুড়ী নিজেই মরবে । তিন মাস কি ছ মাস—এর মধ্যেই ও যাবে । ওর অনেক ব্যাধি পোষা আছে । এই আঘাতের তাড়মে সেগুলি—

প্রজ্বোতবাবু চকিতে ষাড় তুললেন—তারপর বাধা দিয়ে বললেন—পেনিসিলিন, স্টেপ্টোমাইসিন—এক্স-রে—এসবের যুগে ওভাবে নিদান হাঁকবেন না । এগুলো ঠিক নয় । জড়ি বুটি সর্দি পিত্তি এসবের কাল থেকে অনেক দূরে এগিয়ে এসেছি আমরা । তা ছাড়া এসব হল ইনহিউম্যান—অমানুষিক ।

এরপর জীবনমশায়কে আর কথা বলার অবকাশ না দিয়েই প্রজ্বোত ডাক্তার বললেন—আচ্ছা নমস্কার, চলি । ঘেরি হয়ে যাচ্ছে হাসপাতালের । সঙ্গে সঙ্গে বাইসিক্লে উঠে ভিতরের দিকে চালিয়ে দিলেন স্বিচক্রযান ধানিকে । কটু কথা বলে মাহুকের কাছে চম্বুলজ্জা এড়াবার জন্তু মাহুয এমনি নাটকীয় ভাবেই হঠাৎ পিছন ফিরে চলে যায় ।

ধানিকটা গিয়ে আবার নেমে বললেন—আসবেন একদিন, আমাদের ব্যবস্থা দেখলেই বুঝতে পারবেন সব । নতুন নতুন কেসের সব অদ্ভুত ট্রিটমেন্টের হিষ্টি পড়ে শোনাব—মেডিক্যাল জার্নাল থেকে । হাতুড়ে চিকিৎসা ছাড়া এককালে যখন চিকিৎসা ছিল না—তখন যা করেছেন—করেছেন । কিন্তু একালে বৈজ্ঞানিক ব্যবস্থা যখন হয়েছে, লোকে পাচ্ছে—তখন ওই হাতুড়ে চিকিৎসা কলানো মারাত্মক অপরাধ । অজ্ঞ দেশ হলে শাস্তি হত আপনার ।

কঠিন হয়ে উঠেছে তরুণ ডাক্তারটির মুখ ।

জীবনমশায় স্তম্ভিত হয়ে গেলেন । তিনি অপরাধী ? অজ্ঞ দেশ হলে তাঁর শাস্তি হত ?

এত বড় কথা বলে গেল ওই ছোকরা ডাক্তার ? জীবন ডাক্তার স্বল্প হলে ঠাড়িয়েই রইলেন ; করেকটি রোগী হাসপাতালে ঢুকবার সময় তাঁকে দেখে থমকে ঠাড়া, সবিস্ময়ে তাকিয়ে রইল । জীবনমশায় লক্ষ্য করলেন না । তিনি আত্মসংবরণ করছিলেন । এ তো তাঁর পক্ষে নতুন নয় । দীর্ঘজীবনে পাশ-করা ডাক্তার এখানে অনেক এল—অনেক গেল । জেলা থেকে বড় ডাক্তারও এসেছেন । কলকাতা থেকেও এসেছিলেন । মতভেদ হয়েছে । কোনো কোনো ক্ষেত্রে এমনি অবজ্ঞাও তাঁকে সঙ্ক করতে হয়েছে । কিন্তু শেষ পর্যন্ত প্রমাণিত হয়েছে জীবনমশায়ই অজ্ঞান । না, জীবনমশায় নয়—তিনি নয়, নাডীজান বোগ অজ্ঞান ।

মনে পড়ছে। সব ঘটনাগুলি মনে পড়ছে।

পিতামহ দীনবন্ধু দত্ত এই জ্ঞানযোগ পেয়েছিলেন এখানকার বৈষ্ণবকুলভিলক কৃষ্ণদাস সেন কবিরাজ মহাশয়ের কাছে।

আবার তিনি চলতে শুরু করলেন।

তিন

জীর্ণ আরোগ্য-নিকেতনের দাওয়ায় তখন জনদশেক রোগী এসে বসে আছে। এদের অধিকাংশই মুসলমান। আজ তিন পুরুষ ধরে—দীনবন্ধু মশায়ের আমল থেকে—মশায় বংশ পুরুষাত্মক্রেমে চিকিৎসাই করে আসছেন। জীবনমশায় আজ বৃদ্ধ, আসক্তিহীন, উৎসাহহীন—কিন্তু তবু এরা তাঁকে ছাড়ে না। একমাত্র পুত্র মারা গেছে, নতুন কালের চিকিৎসা-বিজ্ঞান এসেছে তার বিপুল সমাগোহ নিয়ে, নিজে স্থবির হয়েছেন, সংসারে শাস্তি নাই, জীবনমশায় মধ্যে মধ্যে ভাবেন একেবারেই ছেড়ে দেবেন। কিন্তু দেব দেব করেও দিতে পারেন না, দেওয়া হয় না। আজ তিনি ভাবলেন—না। আর না, আজই শেষ করবেন।

আরোগ্য-নিকেতনে আজ আর ওষুধই নাই; ও ব্যবস্থা ডাক্তার উঠিয়ে দিয়েছেন। আজকাল প্রেসক্রিপশন লিখে দেন। নবগ্রাম বি কে মেডিক্যাল স্টোর্স ওষুধ দেয়। দু-তিন মাস অন্তর কিছু অর্ধও দেয় কমিশন বাবদ।

এখনও ওই ভাঙা আলমারি তিনটির মাথায় ওষুধের হিসেবের খাতা স্তূপীকৃত হয়ে জমা হয়ে রয়েছে। খেরো-মলাটগুলো আরসোলার কেটেছে। ভিতরের পাতাগুলি পোকায় কেটে চালুনির মতো শতছিদ্র করে তুলেছে। তবু আছে। ডাক্তারের দুর্ভাগ্য—উই নেই; অথবা কোনোদিন অগ্নিকাণ্ড হয় নি। জঞ্জাল হয়ে জমে আছে। ওগুলোর দিকে তাকিয়ে জীবন দত্ত হাসেন। ওর মধ্যে অন্তত বিশ-ত্রিশ হাজার টাকা পাওনার হিসেব আছে। বেশী, আরও বেশী। তিন পুরুষের হিসেব ধরলে লক্ষ টাকা। তাঁর আমলের—তাঁর নিজের পাওনা অন্তত ওই বিশ হাজার টাকা।

পিতামহ দীনবন্ধু দত্ত ওই নবগ্রামে রায়চৌধুরী বংশের আশ্রয়ে এসে পাঠশালা খুলেছিলেন, পাঠশালা করতেন, রায়চৌধুরীদের দেবোত্তরের খাতা লিখতেন, কিছু আদায়ও করতেন। ওই রায়চৌধুরীদের বাড়িতে চিকিৎসা করতে আসতেন কবিরাজ-শিতোমণি কৃষ্ণদাস সেন। দীনবন্ধু দত্তকে তিনিই শিক্তবে গ্রহণ

করেছিলেন। রায়চৌধুরী বংশের বড়তরফের কর্তার একমাত্র পুত্রের সান্নিধ্যাতিক অস্বিকার হয়েছিল; জীবনের আশা কেউই করে নি; মা শয্যা পেতেছিলেন, বাপ স্থাপুর মতো বসে থাকতেন, তরুণী পত্নীর চোখের জলে নদীগঙ্গা বয়ে যাচ্ছিল। আশা ছাড়েন নি শুধু ওই কৃষ্ণদাস কবিরাজ মহাশয়। তিনি বলেছিলেন—একজন ধীর অক্লান্তকর্মা লোক চাই, সেবা করবে। তা হলে আমি বলতে পারি, রোগের ভোগ দীর্ঘ হলেও রোগী উঠে বসবে। সেবা করতে এগিয়ে এসেছিলেন দীনবন্ধু দত্ত। দীর্ঘ আটচল্লিশ দিনের দিন জ্বর ত্যাগ হয়েছিল। কবিরাজ দীনবন্ধুকে বলেছিলেন—আজও তোমার ছুটি হল না। অন্তত আরও চব্বিশ দিন তোমাকে সেবা করতে হবে। এই সময়টাতেই সেবা কঠিন। এখন স্নেহাঙ্ক আত্মীয় স্বজনেরা স্নেহাতিশয্যে সেবার নামে রোগীর অনিষ্ট করবে। রোগীকে কথা বলাবে বেশী, কুপথ্যও দেবে। এই সময়ে তোমাকে বেশী সাবধান হতে হবে। তাও দীনবন্ধু নিখুঁতভাবে করেছিলেন।

সন্ধান আরোগ্য লাভ করতে বড়কর্তা দীনবন্ধু দত্তকে পুংস্কৃত করতে চেয়েছিলেন। কিন্তু দীনবন্ধু তা গ্রহণ করেন নি। কৃষ্ণদাস কবিরাজ বলেছিলেন—আমি তোমাকে পুরস্কার দেব। প্রত্যাখ্যান করো না। ধীরতা তোমার আশ্চর্য, বুদ্ধিও তোমার স্থির; লোভেও তুমি নির্লোভ। তুমি চিকিৎসাবিজ্ঞা শেখো আমার কাছে। তুমি পারবে।

চিকিৎসাবিজ্ঞা শিক্ষা করে নবগ্রামের পাশে এই ছোট শাস্ত্র গ্রামখানিতে তিনি বাস করেছিলেন। নবগ্রামে বাস করেন নি। গ্রামখানি ব্রাহ্মণ জমিদার কংশ-অধুষিত, স্তম্ভরাস্থ সেখানে কলহ অনেক এবং সেখানে বাজার আছে কাছেই তাই কোলাহলও বড় বেশী। এসব থেকে দূরেই তিনি থাকতে চেয়েছিলেন। বলতেন—দেবতারী প্রসন্ন সহজে হন না, কিন্তু রুটে হন একমুহুর্তে; সামান্য অপরাধে আত্মজীবন সেবার কথা ভুলে যান। আর বাজারে থাকে বণিক। সেখানে চিন্তার অবকাশ কোথা?

মশায় উপাধি পেয়েছিলেন এই দীনবন্ধু মশায়ই। পরনে ধান-ধুতি, পায়ে চটি, খালি গা, দীনবন্ধু মশায় গ্রামান্তরে রোগী দেখে বেড়াতেন। এ অকলে প্রতিটি বালক তাঁকে চিনত। তিনি ডেকে তাদের চিকিৎসা করতেন, মধু খাওয়াতেন। টিনবন্দী মধু থাকত। আর আশ্চর্য ছিল তাঁর সাধুপ্রীতি। সাধু-সন্ন্যাসীর সঙ্গে আলাপ করে, তাঁদের পরিচর্যা করে বহু বিচিত্র সুষ্টিবোগ তিনি সংগ্রহ করেছিলেন। ভাও সন্ন্যাসীর কাছে ঠেকেছেনও অনেক। তাতে তাঁর আক্ষেপ বা অস্থশোচনা ছিল না, কিন্তু এ নিয়ে কেউ তাঁকে নির্বোধ বলে রহস্ত বা তিরস্কার করলে বলতেন—

সেই আমাকে ঠকিয়েছে, আমি তো তাকে ঠকাই নি। আমার আক্ষেপ কি অহুতাপের তো হেতু নাই। শুধু কি সন্ন্যাসী—কত বেদে, গুস্তাদ, গুণীন—এদের কাছেও তাহের বিজ্ঞা তিনি সংগ্রহ করেছিলেন।

পুত্র জগৎধনু দস্ত ছিলেন উপযুক্ত সন্তান। তিনি পিতার কাছে সমস্ত বিজ্ঞাই আয়ত্ত করেছিলেন! যুতুকালে দীনবন্ধু মশায় ছেলেকে বলোছিলেন—বিশ্ব কিছু পারি নি করতে—কিন্তু আশ্রয় দিয়ে গেলাম মহৎ। মহাদেশয়ত্বকে রক্ষা করো। ওতেই ইহলোক পরলোক—দুইই সার্থক হবে।

জগৎধনু দস্ত পিতৃবাক্য অক্ষরে অক্ষরে পূর্ণ করেছিলেন। তাঁকেও লোকে বলত—জগৎমশাই। পিতার অর্জন-করা মহাশয়ত্ব তিনি রক্ষাই করেন নি, তাকে উজ্জ্বলতর করেছিলেন। তিনি রীতিমতো সংস্কৃত শিখে আয়ুর্বেদ পড়েছিলেন। পারুলিয়ার বৈষ্ণুপাটের ছাত্র তিনি। চিকিৎসক হিসাবে আয়ুর্বেদশাস্ত্রে যেমন ছিল ব্যুৎপত্তি তেমনি ছিলেন নির্ভেদ এবং যোগীর প্রতি স্নেহপরায়ণ। আবার মাহুয হিসাবে যেমন ছিল তাঁর মর্বাদাবোধ তেমনি ছিল প্রকৃতির মধুরতা। সে মধুরতা প্রকাশ পেত তাঁর মিষ্ট ভাষায়, সুস্বাদু রসবোধে ও রসিকতায়। তাঁর রসিকতার কয়েকটি স্মৃতি এখানকার মাহুযের রসশাস্ত্রের অলিখিত ইতিকথার কয়েকটি অধ্যায় হয়ে আছে। তাঁর রসিকতার সবচেয়ে বড় কথা এই যে, তাতে কটু বা অন্নরসের একটুকু প্রক্ষেপ থাকত না। মাহুযকে মধুর রসে আশ্রুত করে দিত। প্রসন্ন হয়ে উঠত রসিকতার আভিষিক্ত জনটি।

এই যে লাল কাঁকরের পাকা রাস্তাটি নবগ্রাম থেকে এই গ্রামে এসে পৌঁচেছে এবং এই গ্রাম পার হয়ে উত্তর দিকে বিস্তীর্ণ মাঠধানির বুক চিরে চলে গিয়েছে—ওই রাস্তাটির কথা উঠলেই লোকের মনে পড়ে যায় জগৎমশায়ের কথা। তাঁর রসজ্ঞানের কথা এবং সঙ্গে সঙ্গে মন সরস ও প্রসন্ন হয়ে ওঠে। আপন মনে একা একাই লোকেরা হেসে সারা হয়।

পঁয়তাল্লিশ বৎসর আগে। তখন এখানকার এই পরিচ্ছন্ন গ্রাম্য সড়কটির শুধু আকারই ছিল, আরতনও একটা ছিল, অবয়বও ছিল,—কিন্তু কোনো গঠনই ছিল না। একটা অসমান, খানাখন্ডে বন্ধুর এবং ছুর্গম গো-পথ ছিল। বর্ষার সময় এক-বুক কাষা হত। সে কাষা একালে কেউ কল্পনাই করতে পারবেন না। মশায়ের রসিকতার কাহিনীটি থেকেই তা বুঝতে পারবেন।

এখনও দেবীপুরে সৈকালের খানাখন্ডের নাম শুনেতে পাওয়া যায়। একটু প্রবীণ দেখে যাকে খুশি জিজ্ঞাসা করবেন—সে নাম বলবে—চোরখরির গাধ অর্থাৎ

কাদা; মানে যে কাদার পড়ে চোর ধরা পড়ে যায়। গোকুমারির খাল—ও খালটার চোরাবালির মতো একটা চোরা গর্ভে ব্রজ পরামানিকের একটা বৃদ্ধী গাই পড়ে মরেছিল। এই কথা মনে পড়ার সঙ্গে সঙ্গেই মাহুঘ হেসে উঠবে। না হলে থাকে কী করে? ভাবুন তো ব্যাশারটা! ব্রজর গোকুমার মরল, কিন্তু সে বিপদের চেয়েও বড় বিপদ হল—ব্রজ যে প্রায়শ্চিত্ত করবে তার মাথা কামাবে কে? সে নিজে নাপিত, ক্ষুর তার আছে, কিন্তু চালাবে কে? এখনকার মতো তখন তো সবাই ক্ষুর চালাতে জানত না। জানলেও, নিজের হাতে মাথা কামানো নিশ্চয় যায় না। শেষে ওই জগদ্বন্ধু মশায়ই দিয়েছিলেন ব্রজর মাথা কামিয়ে। কবিরাজ ছিলেন, বিকারগ্রস্ত রোগীর মাথা অনেক সময় তাঁকে কামিয়ে দিতে হত কি না! এ সব রোগীর মাথার ক্ষুরের মতো অস্ত্র চালাতে তিনি পরামানিকের হাতে ক্ষুর ছেড়ে দিতেন না। সেদিন ব্রজর মাথা কামাতে বলে তার মাথাটি বা হাতে ধরে নিজেই হেসে ফেলেছিলেন, কামাবার সময় জগদ্বন্ধু মশায় হেসেই বলেছিলেন, ব্রজ আজ শোধ নি?

—আজ্ঞে? ব্রজ অবাক হয়ে গিয়েছিল—শোধ? কিসের শোধ?

—কামাবার সময় অনেক রক্ত দেখেছ বাবা, আজ আমি দেখি? শোধ নি?

থাক। এই রাস্তাকে ভালো করেছেন তিনি অর্থাৎ জীবনমশায় নিজে। তিনিই ওই কাঠের নামফলকখানা টাঙিয়েছিলেন। জগদ্বন্ধু মশায় ছিলেন কবিরাজ। জীবনমশায়—ডাক্তার কবিরাজ ছুই। তখনকার দিনে একটা কথার চলন ছিল ঘরে ঘরে। জগৎ খাবি, না জীবন খাবি? সেকালে অস্থখ হলে বাড়ির লোক রোগীকে প্রার্থ করত—জগৎ খাবি, না জীবন খাবি? অর্থাৎ ডাক্তারি ওষু খাবি—জীবন দত্তকে ডাকব? না—কবিরাজী ওষু খাবি—জগদ্বন্ধু কবিরাজ মশায়কে ডাকব?

আজ ওই কথাটা চিরদিনের মতো ভুলে যাক লোকে।

—মশায়! বাবা!

জীবনমশায় আহত অন্তর নিয়ে কিরে এসে ডাক্তারখানায় গুচ্ছ হয়ে বসলেন, স্থির নিশ্চলক দৃষ্টিতে তাকিয়ে রইলেন বাইরের দিকে। আজ থেকে শেষ। শেষ হয়ে যাক মশায় বংশের মশায় উপাধি চিকিৎসকের কাজ। যাক।

এরই মধ্যে শেষপাড়ার বৃদ্ধ মকবুল এসে দরজার মুখে বলে তাঁকে ডাকলে—মশায়! বাবা!

একটা দীর্ঘনিশ্বাস আপনা-আপনি বেরিয়ে এল জীবনমশায়ের বুক থেকে।—কে? তিনি সচেতন হয়ে মুখ ফিরিয়ে তাকালেন মকবুলের দিকে।

মকবুল বললে—হাতটা একবার দেখেন বাবা ! বড় কষ্ট পাচ্ছি এই বৃদ্ধো বয়সে । অটোছে নয়দ । ঘুঘুবা জ্বর । মাটি নিতে হবে তা আমার মালুমে এসেছে । কিন্তু এই কষ্ট—এ যে সহিতে নারছি বাবা । ইহার একটা বিধান স্থান ।

মশায় ঘাড় নেড়ে বললেন—আমার কাছে তোমরা আর এস না মকবুল । চিকিৎসা আর আমি করব না । একালে অনেক ভালো চিকিৎসা উঠেছে, হাসপাতাল হয়েছে, নতুন ডাক্তার এসেছে । তোমরা সেইখানেই যাও ।

মকবুল অবাক হয়ে গেল । জীবনমশায় এই কথা বলছেন ? দীহুমশায়ের নাস্তি, জগৎমশায়ের ছেলে—জীবনমশায় এই কথা বলছেন ? যে নাকি নাড়ীতে হাত দিলে, মকবুলের মনে হয় অর্ধেক রোগ ভালো হয়ে গেল, তাঁর মুখে এই কথা !

ডাক্তার তার মুখের দিকে তাকিয়ে বিষন্ন হাসি হেসে, তাকে বুঝিয়েই বললেন— আমার আর ভালো লাগছে না মকবুল । তা ছাড়া বয়স হয়েছে, ভুল-ভ্রান্তি হয়—

—অ—ডাক্তার ! বলি, তুমি চিকিৎসা ছাডলে আমাদের কী হবে হে ? আমরা যাব কোথায় ? নাও—নাও । লোকের হাত দেখে বিদেয় করো । তোমার ভুল-ভ্রান্তি ! কী বলে তোমার ভুল-ভ্রান্তি হলে সে বুঝতে হবে আমাদের অদৃষ্ট কের ! নতুন চিকিৎসা, নতুন ডাক্তার—অনেক সরঞ্জাম, বৃহৎ ব্যাপার, ওসব করাতে আমাদের সাধ্যও নাই, ওতে আমাদের বিশ্বাসও নাই । —বললে কামদেবপুরের দাঁতু ঘোষাল । অনেক কষ্টেই বললে ।

একসঙ্গে এতগুলি কথা বলে অনর্গল কাশতে শুরু করে দিলে সে । বৃকের পাজরাগুলি সেই কাশির আক্ষেপে কামারের ফুটো হাপরের মতো শব্দ করে ছুঁপছে । মনে হচ্ছে, কখন কোন মুহূর্তে দম বন্ধ হয়ে দাঁতু মাটিতে লুটিয়ে পড়বে । ডাক্তার চারিদিক তাকিয়ে খুঁজলেন একখানা পাখা অথবা যা হোক একটা কিছু—বা দিয়ে একটু বাতাস দেওয়া যায় । দাঁতুর কপালে বিন্দু বিন্দু ঘাম ফুটে উঠেছে । কিন্তু কিছুই নাই কোথাও । ওই নন্দ হতভাগার জন্তে কিছু থাকবার জো নাই । শিশি-বোতল থেকে মিনিমগ্রাস, মলম তৈরীর সরঞ্জাম, ধারমোমিটারের খোল এমন কি পুরানো বাতিল স্টেথোসকোপের রবারের নলের টুকরো দুটো পর্যন্ত নিয়ে ধিরেছে হতভাগা ! কিছু না পেয়ে ডাক্তার উঠে ভাঙা আলমারির ভিতর থেকে টেনে বের করলেন একখানা পুরানো হিসেবের খাতা ; লাখ টাকা পাওনার ডামাদি দলিল ; তারই একদিকের ঝেরোর মলাটখানা ছিঁড়ে নিয়ে বাতাস দিতে শুরু করলেন । বাইরে সমাগত রোগীদের দিকে তাকিয়ে একজনকে বললেন—বাড়ি থেকে এক গ্লাস জল আন তো । চট করে ।

কামদেবপুরের এই বৃদ্ধ দাঁতু ঘোষালের চিরকাল একভাবে গেল। দাঁতু বড় লক্ষ্মীছাড়া তত লোভী; হুনিয়া জুড়ে খেয়ে খেয়ে লোভের তৃপ্তি খুঁজে বেড়ালে সারাজীবন; কিন্তু তাঁতে লোভের তৃপ্তি হয় নি, হয়েছে ধোগ; পুষ্টির বললে হয়েছে বেহেশ ক্ষয়। তার উপর গাঁজা খায় দাঁতু। এককালে গাঁজা খেত ক্ষুধার জন্ত। গাঁজার দম দিয়ে খেতে বসলে পাকস্থলীটি না কি বেলুনের মতো ফেঁপে ওঠে। তাতে আহাধ ধরে বেশী পরিমাণে। তাঁর বাড়িতেই দাঁতু ঘোষাল নিমন্ত্রণ খেতে বসে অন্ন-ব্যঞ্জে বালভিখানেকেরও উপর কিছু উদবস্থ করে—মিষ্টির সময় সাত-চল্লিশটি রসগোল্লা খেয়ে উঠেছে। জ্যৈষ্ঠ মাসে গোটা কাঠাল খেয়ে দাঁতু ঘোষাল যে কতবার বিছানায় গুয়ে ছটকট করেছে তার হিসাব নাই। বার চারেক তো কলেরার লক্ষণ দেখা দিয়েছিল। তবু ঘোষাল লোভ সংবরণ করতে পারলে না। এখন বদহজম থেকে হাঁপানি হয়েছে। তার উপর নেশা। গাঁজার দম দিয়ে হাঁকো হাতে বসবে, টানবে আর কাশবে। কাশতে কাশতে হাঁপাতে শুরু করবে। এবং সপ্তাহে দুদিন ডাক্তারের এখানে আসবে—ওষুধ দাও ডাক্তার। ভালো ওষুধ দাও। আর ভুগতে পারছি না।

ভালো ওষুধ চার ঘোষাল, কিন্তু মূল্য দিয়ে নয়। বিনা মূল্যে চাই। বাল্যকালে ঘোষাল জীবন ডাক্তারের সঙ্গে পাঠশালার পড়েছিল, অনেক মন্দবুদ্ধি এবং মন্দকর্মে মতি সে যুগিয়েছে, সেই দাবিতে ডাক্তারের চিকিৎসায় ঔষধে তার অবাধ অধিকার। তার উপরে ঘোষাল বজমানসেবী পুরোহিত ব্রাহ্মণ। অশুভ মন্ত্র উচ্চারণ করে দেবতা পূজা করে বেড়ায়। সে হিসেবেও তার দাবি আছে। বিশেষী ডাক্তারেরা এ দাবি মানে না। তারা না মানতে পারে কিন্তু জীবন মানবে না কেন? এ দাবি তারা দীনবন্ধু মশায়ের আমল থেকে চালিয়ে আসছে, ছাড়বে কে? তবে গুণও আছে ঘোষালের। কোন যজ্ঞবাড়ি থেকে কাকের মুখে বার্তা পাঠিয়ে দাও, ঘোষাল এসে হাজির হবে। কোমর বেঁধে দিবারাজি খেটে কাজ সেবে খেয়ে-দেয়ে বাড়ি যাবে। দক্ষিণা দাও ভালোই, না দাও তাতেও কিছু বলবে না সে; পুরিয়া দুয়েক অর্থাৎ দু'আনা কি চার আনার গাঁজা দিলেই ঘোষাল কৃতার্থ। আরও আছে, শ্মশানে যেতে ঘোষালের জুড়ি নাই। সে হিসাবে ঘোষাল এ অঞ্চলের সকলজনের একজন বাহুব তাতে সন্দেহ নাই। উৎসবে আছে, শ্মশানে আছে—রাজঘারেও আছে ঘোষাল; মামলার সে পেশাদার সাক্ষী।

হৃস্থ হতে ঘোষালের বেশ কিছুক্ষণ লাগে। হেউ-হেউ শব্দ ঢেকুরের পর ঢেকুর তুলবার চেষ্টা করে অবশেষে দু-তিনটে বেশ লম্বা এবং সশব্দ ঢেকুর তুলে

একটা লম্বা নিঃশ্বাস নিয়ে ঘোষাল বললে—আঃ বাঁচলাম! ডায়পার আবার বললে—
তুমি বরং ওদের হাত বেধে শেষ করো ডাক্তার। আমি আর একটু জিরিয়ে নি।

এই স্বযোগে মকবুল এগিয়ে এল, হাত এগিয়ে দিলল ডাক্তার তার হাতখানি ধরলেন। বিচিত্র হাশ্বে তার মুখখানি প্রশন্ন হয়ে উঠল। উণায় নাই। তিনি ছাড়তে চাইলেও এরা তাঁকে ছাড়বে না; এই মকবুলেরা। নূতনকে এরা ভয় করে—
তাকে গ্রহণ করার মতো সামর্থ্য তাদের নাই, মনেও নাই, আর্থিক সক্ষমতায়ও নাই।
মকবুলের দেহ পর্যন্ত বিচিত্র। এক গ্রেন কুইনিন খেলে মকবুলের ঘাম হতে শুরু হয়,
শেষ পর্যন্ত নাড়ী ছাড়ে। মকবুল বিলিন্তী ওষুধকে বিষের মতো ভয় করে।
একে একে রোগীদের বেধে তাদের ব্যবস্থা দিয়ে সব শেষে দেখলেন দাঁতু
ঘোষালকে।

ঘোষাল বেশ স্নহ হয়ে উঠেছে এরই মধ্যে। এবার সে হাতখানি বাড়িয়ে দিলে।
জীবন ডাক্তার বললেন—তোমার হাত দেখে কী করব ঘোষাল? রোগ তো ডোর
ভালো হবার নয়। ডোর আসল রোগ হল লোভ। লোভ তো ওষুধে সারে না।
তার উপর নেশা। সকালে উঠেই এই অবস্থায় তুই গাঁজা টেনে এসেছিল।

দাঁতু লজ্জিত হয় না, সে বেশ সপ্রতিভভাবেই বললে, গাঁজাতে হয় নাই দস্ত।
বিড়ি। বিড়ি। বিড়িতে হল। তোমার ধাঁওয়াকে বসেছিলাম, দেবলাম ওই কি
বলে তাহের শেষ বিড়ি টানছে। ভারি লিপাসা হল, ওরই কাছে একটা বিড়ি নিয়ে
যেই একটান টেনোচ্ছ, অমনি বুঝেছ কি না, হাঁপ ধরে গেল। তারপরতে তোমাকে
কতকগুলো কথা একসঙ্গে বলেছি আর ব্যাস, হঠাৎ বুঝেছ কি না—

হাত দুটি নেড়ে দিলে দাঁতু ঘোষাল—এতেই বুঝিয়ে দিলে যে আচমকা রোগটা
উঠে পড়ল। এতে আর তার ছয় রাধটা কোথায়? ঘোষাল নিরপরাধ ব্যক্তির
মতোই একটা দীর্ঘশ্বাস ফেলে বললে—এ সব গ্রহের ফের বুঝলে না! তা দাঁও তাই,
বা হোক একটা এমন ওষুধ দাঁও বাতে হাঁপানি-কাশিটা কমে। সকালে বিকেলে
চায়ের সঙ্গে দুটো করে চারটে আরস্বাস পিছ করে থাকি, তাতেও কিছু হচ্ছে না।

ডাক্তার বললেন—গাঁজা-তামাক বন্ধ করতে হবে। লোকের বাড়ি ধাওধা বন্ধ
করতে হবে। একেবারে ঝোল আর ভাত। না হলে ওষুধে কিছু হবে না, ওষুধও
আমি বেব না ঘোষাল।

তবে আর একবার ভালো করে হাতটা দেখো। ঘোষাল হাতটা বাড়িয়ে দিলে।
—দেখো, দেখে বলে দাঁও কবে মরবে। নিধান একটি হেঁকে দাঁও। ওতে তো তুমি
বাকসিদ্ধ। দাঁও। ওনলাম কাথারবুড়ীকে নিধান হেঁকে দিয়েছ। গন্ধাতীরে বেতে
বলেছ। আমাকে দাঁও।

ডাক্তার চমকে উঠলেন। নতুন করে মনে পড়ে গেল সকালবেলার কথা। তিনি চকল হয়ে নড়েচড়ে বসে বললেন—তুই খাম ঘোবাল, তুই খাম।

তিনি তাড়াতাড়া একখানা কাগজ টেনে প্রেসক্রিপশন লিখে ঘোবালের হাতে দিয়ে বললেন—এই নে। গাছ-গাছড়া শুধু, দু-তিনটে জিনিস মুরীখানায় কিনে নিবি। তৈরি করে নিয়ে খাস।

ডাক্তার উঠে পড়লেন। চেম্বারখানা ঠেলে দিয়ে ঘর থেকে বেরিয়ে গেলেন।

বাইরে পাড়িয়ে ছিল অমরকুন্ডির পরান খাঁ। সে সেলাম করে পাড়াল। নামনে ছইওয়াল। গোকর গাড়ি পাড়িয়ে আছে। বাংয়ের তৃতীয়পক্ষের জ্বর দীর্ঘস্থায়ী অস্থখ। আজ ছ মাস বিছানায় পড়ে আছে। যুত সন্তান প্রসব করে বিছানায় শুয়েছে। সপ্তাহে দুদিন করে পরান ডাক্তারকে নিয়ে যায়। আজ যাবার দিন। যেতে হবে। পরান খাঁ অবস্থাপন্ন চাবী। নিয়মিত ফি দিয়ে থাকে। ডাক্তার হাসলেন; একটা কথা মনে পড়ে গিয়েছে। এই সব বিনা ফি-এর রোগীদের তিনি যখন বলেছিলেন আর তাদের চিকিৎসা করবেন না তখন তিনি তুলেই গিয়েছিলেন, চিকিৎসা ছাড়লে চলবে কী করে? বাচতে হবে তো। আজ যে তিনি প্রায় সর্বশাস্ত। একা তিনি নন—ঘরে স্ত্রী আছে। কমাহীনা স্ত্রী।

পরান বললে—দেবী হবে না কি আর?

—নাঃ দেবী কিসের। ডাক্তার পা বাড়ালেন।—চলো।

পরান এদিক ওদিক তাকিয়ে-বললে—আপনি তা হলে গাড়িতে চড়েন। আমি পারলে ত্বরন্ত গিয়া ধরব গাড়ি। একটু অপ্রস্তুতভাবেই বললে—কিছুটা তরি নিয়া এসেছিলাম। নন্দ নিয়া গেছে ভিতরে। জালাটা নিয়াই যাব আমি।

পুরানো কালের লোক পরান; এখনও ভালোবাসার মূল্য দেয়। খেতের ফসল, পুকুরের মাছ ডাক্তারের বাড়ি মধ্যে মধ্যে পাঠায়; কখনও নিজেই নিয়ে আসে। বিবি অস্থখে এই ভেট পাঠানোর বহরটা একটু বেড়েছে। ডাক্তারের উপর অগাধ বিশ্বাস পরানের। নতুন কালের চিকিৎসার বিশ্বাস থাক বা না থাক নতুন কালের অল্পবয়সী ডাক্তারদের উপর বিশ্বাস তার নাই। তৃতীয়পক্ষের বিবি সুবতী, মেয়েটি শ্রীমতীও বটে; এর উপর পরানের আছে সম্বন্ধ-বাতিক। বিবিকে বাচাবার জন্য তার আকুলতার সীমা নাই, অর্থ ব্যয় করতোও কুণ্ঠিত নয়, কিন্তু জেনানার আবক জলাঞ্জলি দিয়ে বাচার চেয়ে মরই ভালো। জীবনমথারের কথা আলাহিদা। পরান 'আলাদা' শব্দটাকে বলে 'আলাহিদা'। মাথার চুল পাদা হয়েছে, চোখের চাউনির মধ্যে বাপ-চাচার চাউনি ফুটে ওঠে, গোটা মাছমটাই শীতকালে নদনদীর জলের হত পরিষ্কার।

গাড়ি মছর গমনে চলল।

পরান ঝাঁয়ের মতো স্বরকষেক বাঁধা যোগীর জন্তাই মশায় সংসারের ভাবনা থেকে নিশ্চিন্ত। বর্ষায় ধানের অভাব হলে ধান ঋণ দেয় ভায়া। অভাব-অভিবোধের কথা জানতে পারলেই পূরণ করে। অথচ—একটা দীর্ঘনিশ্বাস ফেললেন ভক্তার।

কী না ছিল ?

মাঠের উপর এসে পড়েছিল গাড়িটা। চারিপাশের উৎকৃষ্ট ক্ষেতগুলির দিকে আপনি চোখ পড়ল। গুলির অধিকাংশই ছিল মশায়দের। ওই বিরাট পাঁজার পুফুর, ওই শ্রীলাইকার, ওই ঘোষের বাগান! শুধু জমি পুফুরই নয়—এই গ্রামের সামান্য জমিদারি অংশও কিনেছিলেন তাঁর বাবা জগদ্বন্ধু মশায়! এক আনা অংশ তিনি চড়া দামে কিনেছিলেন।

গাড়ির মধ্যে বসে যেতে যেতে মনে পড়ে গেল পুরানো কথা।

তখন তাঁর কিশোর বয়স।

পড়তেন নবগ্রাম মাইনর ইন্সুলে। সেইবারই তাঁর মাইনর ইন্সুলে শেষ বৎসর। সে আমলে জমিদারদের একটা উত্তাপ ছিল। যে জমিদারি কিনেছে মেকালে তারই মেজাজ পালটেছে। জমিদারি কিনলেই লোকে মনে করত—সম্বী বাঁধা পড়লেন। সে আমলের প্রসিদ্ধ যাত্রাদলের অধিকারী কণ্ঠমহাশয়ের গানে আছে—“আগে করবে জমিদারি তবে করবে পাকাবাড়ি।” তাঁরই স্বজাতি জাতি ঘোষগ্রামের রাধাকৃষ্ণ মিত্র ওই নবগ্রাম মাইনর ইন্সুলে পড়ত। ইন্সুলের প্রতিষ্ঠাতা নবগ্রামের প্রতিপত্তিশালী জমিদারের ভাইয়ের সঙ্গে চলত তার অবিভ্রাম প্রতিযোগিতা। লেখাপড়ার নয়, জমিদার-বংশধরদের। প্রায়ই ষিটিমিটি বাবড়। বাধবার মূলে অধিকাংশ ক্ষেত্রেই থাকত রাধাকৃষ্ণ। বলত He is a zaminder's son, I am also a zaminder's son; এখন বগড়া হচ্ছে, বড় হলে দাঁড়া হবে!

তাঁর বাবা জগদ্বন্ধু জমিদারি কেনার পর তাঁরও মনে এ উত্তাপ কিছুটা সঞ্চারিত হয়েছিল। লোকে—সহপাঠীরা—বলেছিল, গুলবাধা এবার ডোরাবাধা হল! সাবধান!

সহপাঠীরা তাকে বলত—গুলবাধা’।

সেই কিশোর বয়সে তাঁর নিজের রূপের কথা মনে পড়ছিল। রূপ—যে রূপ সূকুমার-কোমল-উজ্জ্বল—সে রূপ তাঁর কোনো কালে ছিল না। কিন্তু রূপ তাঁর ছিল। সবল পরিপুষ্ট দেহ—গোল মুখ, ঝকঝকে চোখ, নির্ভীক দৃষ্টি, ভ্রামবর্ণ চূর্ণান্ত কিশোর। হাড় ডুঁ ডুঁ খেলবার সময় মালকোঁচা মেয়ে জীবন ডাক দিতে

ছুটেলে প্রতিপক্ষ দল খানিক পিছিয়ে 'খোল' অর্থাৎ স্থল নিত। বলত—হাঁ গুলবাঘা ছুটেছে।

এবার থেকে ওধার মুহূর্তে ছুটে ঘুরবার ভান করে একেবারে মাঝের দাগের কাছে পর্যন্ত এসে বৌ করে আবার ঘুরে আক্রমণ করতেন। কাউকে-না-কাউকে মেয়ে আবার ঘুরতেন।

বাড়ির পিছনে কুস্তির আখড়া ছিল। ল্যাঙট পরে নরম মাটির উপর দেহ রুঁকে আছাড় খেতেন শরীর শক্ত করবার জন্ত। এর উপর মুগুর ছিল, সে দুটো আঙ্গুণ আছে।

গুলবাঘ হিংস্রতর নরঘাতী ডোরাবাঘই হয়ে উঠত যদি না জগৎকুম্ভ মশায় মাথার উপরে থাকতেন। জগৎকুম্ভ মশায়ের চিন্তা এতে বিন্দুমাত্র উদ্ভূত হয় নি। মশায় বংশের মহদাশয়ত্বই ছিল তাঁর কাছে সবচেয়ে বড়। দশের মোহে তিনি জমিদারি কেনেন নি। জমিদারির উপর কোনো মোহ তাঁর ছিল না। জমিদারি তিনি কিনেছিলেন জমিদারের দশের উত্তাপ থেকে বাঁচবার জন্ত। যেদিন জমিদারি কেনা হয় সেদিনের একটা কথা মনে পড়ছে।

জগৎকুম্ভ মশায়ের বন্ধু, পেশায় গোমস্তা ঠাকুরদাস মিশ্র যে চিকিৎসালয়ের দেওয়ালে লিখেছিল 'লাভানাং শ্রেয় আরোগ্যম', সেই তাঁকে ক্লেশ করে বলেছিল—তা হলে এবার জমিদার হলে। আশয়ের চেয়ে বিষয় বড় হল। আগে লোকে সন্ন্যাস করত—মশায় বলে, এবার লোক প্রণাম করবে জমিদার মশায় বলে। বাবুমশায় বলে। ঠাকুরদাস বাতের যত্না এবং আরোগ্যের আনন্দ তখন একেবারেই ভুলে গেছে। অনেক দিন হয়ে গেছে তখন।

জগৎকুম্ভ বলেছিলেন—ভাই, ঢাল আর তরোয়াল দুটোই হল জন্ত। ওর একটা থাকলেই সে ঘোড়া। কিন্তু তরোয়াল না নিয়ে তরোয়ালের চোট থেকে মাথা বাঁচাতে শুধু ঢালটা যে রাখে তাতে আর তরোয়ালধারীতে তফাত আছে। আছে কি না আছে—তুমিই বলে। ঠাকুরদাস, ওটা আমার ঢাল, শুধু ঢাল। নবগ্রামের তরোয়ালধারী জমিদারদের উচানো তরোয়ালের কোপ থেকে আশয়ের মাথা বাঁচানো দায় হয়ে উঠেছিল। তাই ঢাল জন্ত হলেও ধরতে হল। কথাটা তোকে খুলেই বলি ঠাকুরদাস। নবগ্রামের জমিদারদের কাছে মান বজায় রাখা দায় হয়ে উঠেছে ভাই। সদাই ওঁরা শঙ্কপাণি। নবগ্রামের রায়চৌধুরী বংশের তরোয়াল ভেঙেছে, ওঁরা এখন বাঁট ঘুরিয়ে তারই ঘায়ে লোকের মাথা ভাঙতে চান। আবার নতুন ধনী ব্রজলালবাবু এখন আশায়ের গ্রামের আট আনা অংশের জমিদার।

তাঁা হল চা' ক ধারালো তরোয়াল। আজ মাস ছয়েক থেকে দেখছি,

ব্রজবাবুদের বাড়িতে অস্থ-বিস্থ হলে ডাক আসছে চাপরাশী মারফত। সেলাম অবিস্ত্রি করে। বলে—‘সালাম গো ডাক্তারবাবু—বাবুদের বাড়ি একবার বেতে হবে যে।’ ওদের দেখাদেখি রায়চৌধুরীরা পথেঘাটে দেখা হুলে হৈকে বলতে শুরু করেছে—‘মশায় হে, একবার আমাদের বাড়ি হয়ে যাবে যেন।’ তবু তো বডবাবুরা দর্শনী দেন; এরা আবার তাও দেয় না বুঝেছ না, অনেক ভেবে ঢাল কিনলাম। এ আমার তরোয়াল নয়। এক হাতে ঢাল থাকল—অল্প হাতে খলহুড়ি। ওটা ছাতার বদল।

কথাটা তিনি তাঁর জীবনে সত্য বলেই প্রমাণিত করেছিলেন। তাঁর ওই ঢালের আড়ালে এ গ্রামের অনেক জনকে তিনি আশ্রয় দিয়েছেন। এবং ওই ঢাল দেখিয়ে এ গ্রামের কাউকে কখনও অসুধারীর ঐক্যে অপমানিত করেন নি।

কথাগুলি জীবন দস্ত নিজেই কানে শুনেছিলেন। পাশের ঘরেই তিনি বলে পড়ছিলেন সেদিন।

তবুও জীবনমশায়ের মনে বিষয়-বৈভবের দস্তের উত্তাপ সঞ্চারিত হয়েছিল। কী করবেন তিনি? উত্তাপ লাগলে উত্তপ হওয়া যে প্রকৃতি-ধর্ম। এ থেকে পরিত্রাণ পাওয়া তো সহজ নয়! নইলে তিনি ডাক্তার হতেন না। বাপের কাছে কবিরাজিই শিখতেন। উত্তপ বস্ত্র সহজ ধর্ম মায়তনে বড়তে চায়। জমিদারের এবং বডলোকের ছেলে তাঁর বৈভব ও অহঙ্কারের উত্তপচিত্তে তখন বাপশিতামহের জীবনপরিধিকে ছাড়িয়ে বাড়তে, বড় হতে চাচ্ছে। তাই জগৎকু ছেলের মাইনর পড়া শেষ হওয়ার পর তাকে টোলে ভরতি করতে চাইলেন। বাকরণ শেষ করার পর আয়ুর্বেদ পড়বে। কিন্তু জীবনমশায় বলেছিলেন—আমার ইচ্ছে ডাক্তারি পড়ি।

—ডাক্তারি!

—হ্যাঁ। দেশে তো ডাক্তারিরই চলন হতে চলল। কবিরাজিতে লোকের বিশ্বাস কমে যাচ্ছে। বর্ধমানে ইস্কুল হয়েছে। আমি ওখানেই পড়ব।

দেশে সত্যই তখন ডাক্তারি অর্থাৎ অ্যালোপ্যাথিক চিকিৎসা রাজকীয় সমারোহে রখে চড়ে আবিস্ত্রিত হয়েছে। কলিকাতার মেডিক্যাল কলেজ, হাসপাতাল, বর্ধমান মেডিকেল স্কুল, জেলার সদরে সদরে হাসপাতাল, চ্যারিটেব্ল ডিস্পেনসারি, ইংরেজ সাহেব ডাক্তার, দেশী নামজাদা ডাক্তারদের পোশাক গলাবন্ধ কোট, প্যাণ্টালুন, গোল টুপি, গার্ডচেন, বানিশ-করা কাঠের কলবাক্স; বকবকে লেবেল-ঐটা হুম্মর শিশিতে ঝাঁকালো রঙীন ওষুধ, ওষুধ তৈরীর সংক্ষিপ্ত প্রক্রিয়া, সব মিলিয়ে সে, যেন একটা অভয়ান। এ অঞ্চলে তখনও কবিরাজির রাজ্য চলছে। এ যুগের সাঁড়াশি আক্রমণের মতো হুঁদিকে বসেছেন দুজন ডাক্তার।

উত্তর এবং দক্ষিণ-পূর্ব কোণে। উত্তরে বসেছেন ভুবন ডাক্তার। বড লাল ঘোড়ার চেপে ব্রিচেস আর গলাবন্ধ কোট পরে ভুবন ডাক্তার মধ্যে মধ্যে এ পথে যাওয়া-আসা করেন। আর উত্তর থেকে আসেন রঙলাল ডাক্তার—তসরের প্যাণ্টালুন, গলাবন্ধ কোট, গলায় কারে ঝোলানো পকেটবড়ি। রঙলাল ডাক্তার যাওয়া-আসা করেন পাল্কিতে। রঙলাল ডাক্তার থাকেন এখান থেকে মাইল চারেক দূরে। এ অঞ্চলে তিনিই প্রথম অ্যালোপ্যাথি নিয়ে এসেছেন। অদ্ভুত চিকিৎসক। প্রতিভাধর ব্যক্তি। মেডিক্যাল কলেজ বা ইন্সুলে তিনি পড়েন নি; নিজে বাড়িতে চিকিৎসাশাস্ত্র অধ্যয়ন করেছেন। নদী থেকে, শ্মশান থেকে শব নিয়ে এসে গ্রন্থের নির্দেশ অনুসারে কেটে অ্যানাটমি শিখেছেন। বিস্ময়কর সাধনা। তেমনি সিজি। কোথায় বাড়ি হুগলী জেলায়, সেখান থেকে এসেছিলেন এ জেলায় রাজ হাই ইংলিশ ইন্সুলে শিক্ষকতার কর্ম নিয়ে। ইংরিজীতে অধিকার ছিল নাকি অসামান্য। আর তেমনি ছিল অগাধ আত্মবিশ্বাস। বিখ্যাত হেড মাস্টার শিববাবুর ইংরিজী খসড়া দেখে দু-এক জায়গায় দাগ দিয়ে বলতেন—এখানটা পালটে এই করে দিন। ইমপ্রুভ করবে। বলতে স্কোচ অনুভব করতেন না। তিনি হঠাৎ কোনো আকর্ষণে ময়ূরান্দী তীরে নির্জন একটি গ্রামে এসে এই সাধনা করেছিলেন তপস্বীর মতো। তারপর একদিন বললেন—এইবার চিকিৎসা করব এবং কিছুদিনের মধ্যেই এ অঞ্চলে অসামান্য প্রতিষ্ঠালাভ করলেন। রঙলাল ডাক্তারের চিকিৎসার খ্যাতি রঙলালকেই প্রতিষ্ঠা দেয় নি—তার সঙ্গে অ্যালোপ্যাথিরও প্রতিষ্ঠা করেছিল। চারিদিকে নতুন চিকিৎসার প্রতি মানুষ শ্রদ্ধাঞ্জলি দিতে শুরু করলে।

জীবন ডাক্তার সেদিন কৈশোর ও যৌবনের সঙ্কল্পে কবিরাজির পরিবর্তে ডাক্তারির প্রতি আকৃষ্ট হলেন। প্রতিষ্ঠা চাই, খ্যাতি চাই, অর্থ চাই, মানুষের কাছ থেকে অগাধ শ্রদ্ধা চাই। তার প্রেরণা দিয়েছিল ওই জমিদারিটুকু। জমিদারি যখন কিনেছেন বাবা তখন অবশ্যই পারবেন ডাক্তারি পড়াতে। তাই মাইনর পাশ করে তিনি গেলেন কাঁদী রাজ হাই ইন্সুলে এন্ট্রান্স পড়তে। এন্ট্রান্স পাশ করে এক. এ. পড়বেন, তারপর ডাক্তারি।

* * * * *

গোকর গাড়িটা ধামতেই ডাক্তারের তন্নয়তা ভেঙে গেল। সামনেই পয়ান বাঁয়ের দলিলা। এসে পড়েছেন। পুরানো কাল থেকে বাস্তব বর্তমানও বটে।

চার

পরানের বিবি একটু ভালোই আছে। আরো ভাল থাকা তার উচিত ছিল। কিন্তু তা থাকছে না। নাজীর গতি দেখে ডাক্তারের বা মনে হয় উপসর্গের সঙ্গে ঠিক তার মিল হয় না। রোগের চেয়ে রোগের ব্যতিক্রমটা বেশী। এখানে ব্যাথা, ওখানে ব্যাথা, বিছানার শুয়ে কাতরানো, পাকস্থলীতে যন্ত্রণা—এর আর উপশম নেই। আরও মজার কথা!—‘রোগী তো ভালো আছে’ বললেই রোগ বেড়ে যায়। কী করবেন ডাক্তার! এর চিকিৎসা তাঁর হাতে নাই। তিনি বুঝতে পেরেছেন, মেয়েটি ভালো হতে চায় না। পরান খাঁষের স্ত্রী হিসেবে স্বয়ং দেখে উঠে হেঁটে বেড়াতে সে অনিচ্ছুক। তাই স্ত্রীস্বাক্ষর কৌশল অবলম্বন করেছেন, রোগ আদৌ কয়ে নি বলে যাচ্ছেন। আচ্ছো তাই বলবেন—তবে হ্যাঁ, ভয় কিছু নাই খাঁ। ভয় কোরো না। এ ছাড়া খাঁকেই বা বলবেন কী? ও কথা খাঁকে বললে খাঁ যে কী মূর্তি ধরবে—সে ডাক্তারের অজানা নয়। বুদ্ধের জীবনও অশান্তিময় হয়ে উঠবে। স্বামী-স্ত্রীর অমিলনের মতো অশান্তি আর নাই। তিনি নিজের চিরজীবন জলছেন। আগুন তাঁর জীবনে কখনও নিভল না। আজও রোগী দেখে বাড়ি ফিরে দেখলেন যে সে আগুন যেন লেলিহান হয়ে উঠেছে। কোন্ আর্হাতি পেয়েছে বুঝলেন না।

আতর-বউ নিজে নিষ্ঠুর আক্রোশে বকছে। এই মুহূর্তেও বকে চলেছে আপনার মনে। বকছে তাঁকে এবং নবগ্রামের হাতুড়ে শশী মুখ্জেকে। শশীই দিয়ে গিয়েছে আর্হাতি; সে তার অচুপন্থিতিতে এসে হাজির হয়েছিল। জীবন ডাক্তারকে না পেয়ে বাড়ির ভিতর আতর-বউয়ের কাছে বসে তাঁকেই জ্বালাতন করে গিয়েছে। তামাক খেয়ে ছাই এবং গুল বেড়ে ময়লা করে দিয়ে গিয়েছে গোটা দাঁওয়াটা। রাজ্যের সংবাদ নিতে গিয়ে ওই হাসপাতালের ডাক্তার তাঁকে যে কটু কথাগুলি বলেছে, সেগুলিও আতর-বউয়ের কানে তুলে দিয়ে গিয়েছে। হতভাগা শশীর উপর আতর-বউয়ের মমতাও যত, ক্রোধও তত।

জীবনমশায়ের শিষ্য শশী। তাঁর আরোগ্য-নিকেতনেই ডিসপেনসি: শিখেছিল সে—এখানেই তার হাতেখড়ি। তারপর বর্ধমান গিয়ে পরীক্ষা দিয়ে পাকা কম্পাউণ্ডার হয়ে ফিরে নবগ্রামের চ্যারিটেবল ডিসপেনসারির প্রথম কম্পাউণ্ডার হয়েছিল সে। কম্পাউণ্ডিং সে ভালোই জানে। তার সঙ্গে চিকিৎসা-বিজ্ঞাটাও মোটামুটি শিখেছে শশী। তিনিই তাকে নাজী দেখতে রোগ চিনতে শিখিয়েছিলেন।

কিন্তু শশী আশ্চর্য অপরিচ্ছন্ন লোক। কামানোর বগাটের জন্ত দাড়ি-গৌক রেখেছে। স্নান কদাচিৎ করে, দাঁতও বোধ করি মাছে না। এক জামা পনেরো দিন গায়ে দেয়; উৎকট দুর্গন্ধ না হলে সেটাকে ছাড়ে না। আর প্রায় অনবরতই তামাক টানে। জামার পকেটেই থাকে তামাক টিকে দেশলাই এবং হাতে থাকে হাঁকো। তার উপর করে মগ্গশান। মধ্যে মধ্যে বেহুঁশ হয়ে পড়ে থাকে। ওই হাঁকোর জন্তেই তার নবগ্রামে ডিসপেনসারির চাকরি গিয়েছিল। পকেটে হাঁকো, কন্ডে, তামাক, টিকের টিন—এ না নিয়ে শশী কোনো কালেই এক পা হাঁটে না। বলে—“ওরে বাবা, লোকে লুকিয়ে বাবার হাঁকো টেনে তামাক খেতে শেখে। আমি আমার কর্তাবাবার—মানে বাবার বাবার কাছে তামাক খেতে শিখেছি। লুকিয়ে নয়, তিনি আমাকে নিজে সেরে তামাক খাওয়াতেন। এ ছাড়া চলতে বারণ। ছেলেদিগে বলেছি, আমি মরলে আমার চিতায় যেন হাঁকো কন্ডে তামাক টিকে দেয়। দেশলাই চাই না। ও চিতের আগুনেই হবে।” ডাক্তারখানার ওষুধের আলমারিতে সে তামাক-টিকে রাখত। কোণে গুল বেড়ে গাদা করত, ডাক্তার সায়েব এলে কোনো কিছু একথানা কাগজ কি কাপড়, কি প্যাকিং বাক্স দিয়ে চাপা দিয়ে রাখত। তবুও ধরা পড়ত। তিনবার ধরা পড়ে চাকরি বেঁচেছিল, চারবারের বার বাঁচল না। তা না বাঁচলেও শশী ওই বিঘেতেই বেশ করে খেয়েছে, আজও খাচ্ছে। মগ্গশানটা কিছু কমছে এখন। ছেলেরা চাকরি করে। নিজে এখনও একটা টাকা কোনরকমে উপার্জন করে শশী। পরামর্শের দরকার হলে মাঝে মধ্যে জীবনমশায়ের কাছে আসে। জীবন ডাক্তারকে বলে গুরুজী! বলে অনেক শিখেছি জীবনমশায়ের কাছে। যা-কিছু জানি তার বাবো আনা। বলে আর প্রচুর হাসে। ইঙ্গিত আছে, কথাটার মধ্যে। শশী তাঁর কাছে শুধু ডিসপেনসিং এবং ডাক্তারিই শেখে নি, দাবা খেলাও শিখেছিল সে। আরও শিখেছিল হরিনাম সংকীর্তনে দোয়ায়কি। এ দুটোতে শশীর বিজ্ঞা—শিক্ষাবিজ্ঞা গরীয়সী যাকে বলে তাই।

শশীকে দাবা খেলতে বসিয়ে দিয়ে বন্ধুরা তার বাড়ি থেকে খাবার নিয়ে এসে খেতে দিত। শশীর বাড়িতে গিয়ে বলত, শশীদাকে আজ রাত্রে রোগীর কাছে থাকতে হবে। কল পেয়েছে। শশীদা আমাদের বললে, ভাই, বাড়িতে গিয়ে আমার খাবার যদি এনে দিশ, তবেই তো খাওয়া হয়। শশীদার খাবার দিন।

শশী রাত্রে খেত রুটি এবং শশীর স্ত্রীর রুটি ছিল বিধাত। রাজি দুটোর পর শশী এখন দাবা ফেলে উঠত, তখন সঙ্গীরা খাবারের শূন্য পাত্রটা তার হাতে দিত, বলত—নিয়ে যাও শশীদা। তোমাদের বাড়ির খালা। শশীর আর বাড়ি বাওয়া

হত না। গালাগালি দিয়ে খালি পেটেই শুয়ে পড়ত সেই আড্ডাঘরে। না হলে যে শশীর কলের মর্দান্না যায়। পরের দিন কাকর কাছে ছুটো টাকা ধার করে নিয়ে তবে বাড়ি ফিরত। বলত, কলের টাকাটা রাখো তো!

তীর কাছে শেখা তৃতীয় বিত্তা সঙ্গীত। তাতে সে অস্থির। অস্থির বললেও ঠিক ব্যাখ্যা হয় না, বলতে হয় বিকটাস্থির। কণ্ঠস্থর তার যেমন কর্কশ, তেমনি সে যেমত বেতলা। তার উপর মত্তপান না করে সে আসরে নামে না। দৃষ্টান্ত দেয় বড় বড় গুস্তাদদের।

সংকীর্ণনের দলে শশী তারপরে চীৎকার করে।

জীবনমশায় কপালে হাত দিয়ে হেসে বললেন. আমার কপাল! মধ্যে মধ্যে শশীকে বলেন—শশী, একসঙ্গে বেচারী হরিকে আর তানকে মেয়ে খুন করিস না বাবা! শিল্পের পাপ গুরুকে অর্পায়! আমার যে নয়ক হবে। শশী বলে— ভাববেন না! আপনায় রথ আটকায় কোন শা—।

বলেই সে হা হা করে হাসে।

এই শশী ডাক্তার!

মধ্যে মধ্যে শশী আসে পরামর্শের জন্ত, কেসটা যে পেকে গেল ডাক্তারবাবু!

জীবনমশায় বলেন, রোগীটা কাঁচা না পাকা আগে বল। পাকা হলে খসতে দে। তোর চিকিৎসা-দোষের চেয়ে ওর বয়সের দোষ বেশী।

রোগী তরুণ হলে শোনেন, গভীরভাবে চিন্তা করে পরামর্শ দেন।

কখনও কখনও কল দিয়ে নিয়ে যায় শশী। অধিকাংশ ক্ষেত্রেই এ সব কলে ফী নাই, বিনা ফিয়ার কল। শশী কম্পাউণ্ডার যেখানে ডাক্তার হিসেবে চিকিৎসা করে, সেখানে চারিদিকে দৈন্ত; চার আনা আট আনা ফীতে শশী সন্তুষ্ট। সেখানে জীবনমশায়কে একটাকা ফী দেবে কোথা থেকে। তাছাড়া জীবনমশায় এখানকার মাটি, মাহুস, গাছপালাকে নিবিড়ভাবে চেনেন। তাদের দুঃখ তিনি জানেন। তাদের জন্ত তাঁর বাপ-পিতামহের চিকিৎসালয়ের দুয়ার ছিল অব্যাহত। তাঁর দুয়ারও তিনি বন্ধ করেন নি। এরা কঠিন রোগে শয্যাশায়ী না হলেও চার আনা বাঁচাতে বৃকে হেঁটেও দাতব্যালয়ের দুয়ারে এসে হাজির হয়। তাদের কাছে কি ফী নিতে পায়েন?

ইদানীং কিছু শশীর মাথায় যেন একটু গোল দেখা দিয়েছে। হৃদয়ের মধ্যে চিকিৎসাশাস্ত্রে যে কয়টা বিশ্বকর আবিষ্কার হয়েছে, সেই আবিষ্কারের সঙ্গে শশী কোনোমতেই তাল রাখতে পারছে না। এতদিন পর্যন্ত খুব গোল বাধে নি। তারপর সালুফ্রুপের বিভিন্ন নামে ট্যাবলেট বের হতেই বেচারার মুশকিল হয়েছে।

এর পর পেনিসিলিন, স্ট্রেপ্টোমাইসিন। নূতন কালের ডাক্তারেরা ওই ওষুধগুলি প্রচুর পরিমাণে প্রয়োগ করে চলেছে। পেনিসিলিন ছাড়া তো কথাই নেই। শশী ওগুলো ব্যবহার করতে খানিকটা ভয় পায়। পাবারই কথা। পাওরাও উচিত। এর ফলে কিন্তু শশী কেপে ওঠে মধ্যে মধ্যে এবং বা করে বসে চিকিৎসাশাস্ত্রে তা অভূতপূর্ব। কিছুদিন আগে বাউডীদেব কুডোরামের কস্তার হয়েছিল নিউমোনিয়া। শশীকে কুডোরাম বলেছিল—ডাক্তারবাবু—ওই হাসপাতালের ডাক্তার বললে, ফুঁড়ে ওষুধ দিলে শিগগিরি সেরে যাবে। তা—

শশী বুঝেছিল—পেনিসিলিনের কথা বলেছে কুডোরাম। চটে গিয়ে বলেছিল—নিরে আর টাকা। দিচ্ছি ফুঁড়ে। প্যাক করে ফুঁড়ে—একটু আঙুলের ঠেল, আমার তো ওই কষ্ট। তারপর তোরা সামলাবি দেহের দাহ। টাকার দাহ আছে। তাও সামলাবি। ও ইনজেকশন নিতে আমাকে টাকা-টাকা করে কী দিতে হবে—তাও বলে দিচ্ছি।

—তা হলে ?

—তা হলে যা খুশি কর। হাসপাতালের ডাক্তার তো বললে—তা হাসপাতাল থেকে দিলে না কেন ? ভয়তি করে নিলে না কেন ?

—সে আজে জায়গা নাই। আর হাসপাতালেও উসব ওষুধ দেয় না।

—তা হলে, আমি যা বলি, তাই কর। চিরকাল খাওয়ার ওষুধ আর মালিশে বড় বড় 'নীলমণি' কেস ভালো' হয়ে এল—জ্ঞার আজ কুডোরামবাবুর কস্তার বুক খানিকটা সর্দি হয়েছে—পেনিসিলিন ছাড়া আর ভালো হবে না ?

—তবে তাই দেন।

শশীর মাথায় বিকৃতি কিছু হয়েছে বার্ধক্য ও নেশার জন্ত, সেটা নিষ্ফলতার আক্রমণে আরও বেড়ে যায়। সে গভীর চিন্তা করে স্থির করেছিল মালিশের সঙ্গে সরবের তেল মেশানোর পরিবর্তে কেরোসিন মিশিয়ে মালিশ করলে মালিশের কাজ দ্রুততর হবে। কেরোসিনে আশ্বন জলে। স্ত্রীরাও তার তেজে বৃকের ভিতরের সর্দি নিশ্চয় দ্রুত গলবে। যেমন চিন্তা ভেমনি কর্ম। ফলে ব্লিষ্টার দেওয়ার মতো বুক-পাঁজর জুড়ে পাড়িয়ে গিয়েছিল টলটলে এক কোকা। তখন ছুটে এনেছিল মশারের কাছে।

জীবন ডাক্তারই ব্যাপারটা' সামলেও দিয়েছিলেন। বেগ অবশ্য খুব পেতে হয় নি। প্রচুর বস্ত্র নেওয়ার ফলে যা হতে পার নি। কোকার চামড়া উঠেই নিকৃতি পেয়েছে। এবং বেঁচেও উঠেছে। সেটার জন্ত কৃতিত্ব কার—সে কথা জীবন ডাক্তার জানেন না। শশীর উদ্ভাবিত ওষুধের গুণই হোক, আর মেয়েটার ভাগ্যই

হোক, কোম্পা উঠলেও নিউমোনিয়াটা বাগ যেনে গিয়েছিল। বিনা পেনিসিলিনে, বিনা মালিশে, বিনা অ্যান্টিবায়োটিকে কয়েকদিনের মধ্যে সেদিক দিয়ে বিপন্ন হইয়াছিল।

এই শশীভূষণ আজ এসেছিল; কেন এসেছিল শশী কে জানে। হতভাগা কিন্তু আতর-বউকে জালিয়ে দিবে গিয়েছে। আতর-বউয়ের কানে কামার-বুড়ির কথাটা তুলেছে, তা বোঝা যাচ্ছে। ছি! ছি! ছি!

আতর-বউ এখন তাঁকে এই ছুতো ধরেই বকছে। “চিরটা জীবন মানুষের এক স্বভাব? বার বার ঠেকেও মানুষ শেখে না। নিদান হাঁকার অহকার কেন? তুই অমুক দিন মরবি বলে লাভ কী? তবু যদি পাশ করা ডাক্তার হতে! ঘরে ডাক্তারি শিখে কেউ সর্ববিঘ্নেবিশারদ হয়? ছি—ছি—ছি! নবগ্রামের ডাক্তারের কী বলেছে তা শুনে আহুক গিয়ে। আর ওই মুখশোভা নেমকহারাম শশী বলে কিনা বোগাস।”

পাঁচ

এহ ‘বোগাস’ শব্দটা শশী প্রয়োগ করেই বেশী গোল বাধিয়েছে। শব্দটার অর্থ মশায়গিন্নী জানেন না, তবে ধ্বনিগত ব্যঞ্জনা বা সমস্ত কথাবার্তার পর ওই শব্দটার অর্থ মশায়গিন্নীর কাছে অত্যন্ত অপমানজনক মনে হয়েছে।

শশীরও অবশ্য দোষ নাই। সেও এসেছিল গাংয়ের জালায়। নবগ্রামে প্রজাত ডাক্তার ব্যাপারটা নিয়ে বেশ একটা সোরগোল তুলেছে। পৃথিবীতে অজ্ঞানের প্রতিবাদ করা মানুষের স্বভাব-ধর্ম। তাই একজন প্রতিবাদ করার সঙ্গে আরও পাঁচজন আপনি এসে তার সঙ্গে যোগ দিয়ে তাকে সবল এবং প্রবল করে তোলে।

প্রজাত ডাক্তার নবগ্রামের পাশ করা ডাক্তারদের সকলকেই নাকি কথাটা জানিয়েছেন। এবং ডাক্তারদের আসন্ন থেকে বাজার-হাটে ছড়িয়ে পড়েছে। কথার আছে, ‘মরার বাড়ী গাল নেই’। মৃত্যুর চেয়ে কঠিন এবং ভীষণ আর কিছু হয় না। আজও এর ঠিকানা মেলে নি, দিকনির্ঘণ হয় নি। মানুষ মরে; নিতাই অহরহ মরছে—তবু আজও কেউ তাকে দেখেনি, তার স্বর কেউ শোনে নি, বর্ণে গন্ধে-স্পর্শে-বাসে আজও তার একবিন্দু আভাসও কেউ কখনও পায় নি। এর ব্যাখ্যা করা যায় না, আজও কেউ করে নি। সাধারণ মানুষের ‘মরবি’ বললে কেউ ভয় পায়

না। কিন্তু চিকিৎসক বললে আতঙ্কিত হয়; বিশেষ করে যোগীকে বললে তার আতঙ্কে আর ফাঁসির আসামীর আতঙ্কে কোনো প্রভেদ থাকে না। প্রথোত ডাক্তার সেই কথাই বলেছে, বলৈছে—এত বড় স্বয়ংহীন ব্যাপার আর হয় না। এর সঙ্গে ডাকাত বা গুণ্ডার বা খুনের ছুরি তুলে তেড়ে আশায় প্রভেদ কী? প্রথোত নাকি চায় ডিস্ট্রিক ম্যাজিস্ট্রেটের কাছে দরখাস্ত করা হোক। সবল ডাক্তারের সহ-করা দরখাস্ত।

নবগ্রামে এখন তিনজন পাশকরা ডাক্তার। প্রথোত নিজে আছে হাসপাতালে, কার দুজনের একজন হরেন ডাক্তার নবগ্রামেরই ছেলে, বয়সে প্রথোত থেকে কয়েক বছরের বড়। মেডিকেল ইন্সুল থেকে পাশ করে এসে গ্রামেই প্র্যাকটিস করছে। নিজের ছোটখাটো একটি ডিসপেনসারি আছে। আর আছে প্রৌঢ় ডাক্তার চাকবাবু।

ডাক্তারের মধ্যে চাকবাবু সর্বাঙ্গের প্রবীন; পঞ্চাশের উর্ধ্ব বয়স। চাকবাবুই এখানকার প্রথম এম. বি.। প্রায় পঁচিশ বছর আগে সত্ত ডাক্তারি পাশ করেই এখানকার হাসপাতালে চাকরি নিয়ে এসেছেন। দশ বছর আগে চাকরি ছেড়ে স্বাধীনভাবে প্র্যাকটিস ধরেছিলেন। আজ বছর চারেক থেকে সে প্র্যাকটিস তিনি একরকম ছেড়েই দিয়েছেন। এখন এখানে ইউনিয়ন বোর্ড, ইন্সুল বোর্ড প্রভৃতি নিয়ে যেতেছেন বেশী। লোকে অবশ্য বলে চাক ডাক্তারের প্র্যাকটিস পড়ে এসেছিল, স্বাভাবিক নিয়মে, ডাক্তার তাই ওই দিকে ঝুঁকেছেন। ডাক্তারের ছেলেরাও বড় হয়েছে। বড়টি বেশ উচ্চরের সরকারী চাকুরে। ছোটটি ডাক্তারি পড়ছে। চাক ডাক্তার লোকটি কিন্তু সাঁচা। দিলখোলা মানুষ, সঙ্গে সঙ্গে অত্যন্ত হিসেবী লোক। মেজার গেলানে মেয়ে দুটি আউল ব্রাওি সন্ধ্যাবেলা নিয়মিত তিনি পান করে থাকেন।

এ অঞ্চলে অনেক ডাক্তারেরই কিছু-না-কিছু ব্যাভ ভেট অর্থাৎ অনাদারী বাকি থেকে গেছে, কিন্তু চাক ডাক্তারের খাতার হিসাবে যেমন একচুল গলদ থাকে না, তেমনি পাওনাও এক পয়সা অনাদার থাকে না। তার কম্পাউণ্ডার প্রতি মাসেই দু-চার নম্বর বাকির জন্ত তামাদির মুখে ইউনিয়ন কোর্টে গিয়ে নালিশ দায়ের করে আসে। এ বিষয়ে কেউ কেউ অহুঃযোগ করে—কঠোর বলতেও বিধা করে না, কিন্তু চাকবাবু বলেন—লুক অ্যাট জীবনমশায়। ওই বুদ্ধকে দেখে কথা বল বাবা। পঞ্চাশ হাজার টাকা বাকি খাতায় লেখা রইল—উইয়ে খেলে। দেখেই শিকা হয়েছে। ঠেক শিখতে বোলো না বাবা। এখনও চাক ডাক্তার যে অল্পসল্প প্র্যাকটিস করেন তা তাঁর নিজের ব্যক্তিগত খরচটা ভুলবার জন্ত। তাঁর প্র্যাকটিস

কমে আসার সঙ্গে সঙ্গে বাড়ির ডিসপেনসারিটিও ছোট হয়ে এসেছে। চারটে আলমারির মধ্যে এখন শুধু আছে মাত্র একটাতে, আর এক একটার পাঁচটা ঝাকের মধ্যে তিনটে খালি।

আরও একজন পাশকরা ডাক্তার আছেন—চক্রধারীবাবু। চাকুবাবুর চেয়েও বয়সে বড়। এল. এম. এফ। চাকুবাবুর আগে তিনিই ছিলেন এখানকার চ্যারিটেবল ডিসপেনসারির ডাক্তার। তাঁর চাকরিতেই চাকুবাবু বহাল হয়েছিলেন। চক্রধারী এখন প্রায় সন্ন্যাসী। বাড়ীতেই আছেন—তবে গেকরা টেকরা পরে দিনরাত পুজো-আচ্চা করেন। প্র্যাকটিস তো করেনই না। কেউ এখন হাত দেখাতে এসে-- বলেন—বাজে বাজে! হাত দেখে কী হবে? কেউ কিছু জানে নাকি? কিছু জানে না বাবা। সব আন্ডাছে টিল। লাগল তো লাগল, না লাগল তাতেই বা কী, ফী তো পকেটেই এল। বাবা, রোগ হলে সারে আপনি। রোগীর দেহেই আছে সারাবার শক্তি। ডাক্তার তেতো: কষ' ঝাঁজালো শুধু দেয় আন্ডাছে। রোগী মনে করে শুধু সারল। তবে হ্যাঁ, দু-চারজন পারে।

চক্রধারী তামাক খেতে খেতে শুরু করেন তাঁর প্রথম ঘোবনে দেখা বড় ডাক্তারদের কথা: স্মার নীলরতন, বিধান রায়, নলিনী সেনগুপ্ত প্রভৃতি ডাক্তারদের কথা। সে সব বিচিত্র বিন্দ্বকর গল্প। বলেন—হ্যাঁ, সে দেখেছি বটে। এখানে রঙলাল ডাক্তারকে দেখেছি। একটা গোটা ডাক্তার ছিল। আর এখানে আছে একটা মাহুয ওই জীবনমশায়। হ্যাঁ ও পারে। ধরতে পারে। মশায়ের নিজের ছেলে বনবিহারী, সেও ডাক্তার ছিল। আমাদের বন্ধু লোক। একসঙ্গে মদ খেয়েছি। ফুটি করেছি। সেই ছেলের—বুঝেছ—রোগ হল। মৃত্যু-রোগ...আমরা বুঝতেও পারি নাই। কিন্তু মশায়—।

রোগীর দৈর্ঘ্যচ্যুতি ষটে যায়। সে উঠে চলে যায়। চক্রধারী হেসে বলে—গোবিন্দ গোবিন্দ! তার পরেই বলে—বিনা পরসার অনেক হাত দেখেছি। আর না।

প্রত্যন্ত ডাক্তার চক্রধারীকে চিকিৎসক বলেই ধরে না। তাই তার গণনার নবগ্রামে পাশকরা ডাক্তারের সংখ্যা মাত্র তিনজন। প্রত্যন্তের কথায় প্রতিবাদ কেউ করেন নি, হরেন ডাক্তার বা চাকুবাবু কেউ না। এক রকম মৌন থেকে তার কথা স্বীকার করে নিয়েছেন বলতে হবে। মাহুযের মুখের উপর 'তুমি আর বাঁচবে না'—এ কথা বলার চেয়ে নিষ্ঠুর আর কী হতে পারে? এবং এতে যে রোগীর মনোবল ভেঙে যায়, রোগের সঙ্গে যুদ্ধে দুর্বল হয়ে পড়ে, এও সত্য। বাঁচবার ইচ্ছা, বাঁচব বিধানটাই যে বাঁচবার পক্ষে পরম ঔষধ—কে স্বীকার করবে এ

কথা? হরেন ডাক্তার চুপ করে প্রত্যোত্তের অভিযোগ স্বীকার করে নিয়েও হাত জোড় করেছে। অর্থাৎ মার্জনা করুন আমাকে। প্রত্যোত্ত ডাক্তার তীব্র ভিন্নকার করেছে—ডাক্তারিকে কি আপনি শুধু আপনার জীবিকার পেশা মনে করেন হরেনবাবু? আপনার কোনো সেক্রেড ডিউটি নাই? এই ধরনের নিদান হাঁকা আর গেরুয়াধারী করকোষ্ট্রী গণকদের মধ্যে তফাত কী? আর জুড়ি-বুট-তুক-তাক-জলপড়া—এই সব চিকিৎসার সঙ্গে বেদেরের চিকিৎসার অনাচারের মধ্যে ডিকারেঞ্জ কী?

হরেন জোড়হাত করেই দাঁড়িয়ে ছিল সর্বক্ষণ। প্রত্যোত্তের কথার শেষে হেসে বলেছে—আমি গ্রামের লোক। এক সময় আমার বাল্যকালে উনিই আমাকে বাঁচিয়েছিলেন।

একটু থেমে আবার বলেছে—এক সময়ে উনি খুব ভালো চিকিৎসা করতেন প্রত্যোত্তবাবু। আমি অবশ্য ছোট ডাক্তার, আমার বিদ্যাবুদ্ধি সামান্ত। তবে ঠর নাভী দেখে রোগ ডায়গনিসিস-চিকিৎসা অদ্ভুত ছিল। এখন বৃদ্ধ হয়েছেন হয়তো—। মুনিবাক মন্তিভ্রমঃ। তার উপর বয়স হয়েছে। এ ক্ষেত্রে—। এ ছাড়া কিশোরদা নেই, তিনি আছেন, তাঁর অ্যাবসেন্সে এটা করা ঠিক হবে না।

কিশোরবাবু। কিশোরবাবু। প্রত্যোত্ত ক্রুদ্ধ হয়ে উঠলেন। কিশোরবাবু কে? কোনো কথা না বলে তিনি উঠে এলেন।

চারুবাবু বলেছেন—আপনি ইয়ং ম্যান, বস্তের ভেজ আছে। তা ছাড়া আজ আছেন কাল নাই। চলে যাবেন অগ্গত্র। কে যেন বলছিল—এ চাকরিও আপনার টুপিকাল ডিজিজের এক্সপিরিয়েন্সের জন্তে। এর পর আপনি করেনে যাবেন। স্পেশালাইজ করবেন। আপনার কি ওই বৃদ্ধের ওপর রাগ করা উচিত? যেতে দিন। দরখাস্ত করলে ওর সঙ্গে হয়তো অনেকের অন্ত উঠবে। শতমারি ভবেদবৈগু সহস্রমারি চিকিৎসক। মানুষ মেরে মেরে হাতুড়েরা নিজেবাও করে খায়, লোকেরও কিছু উপকার করে। আপনার মতো লোকের এ রাগ সাজে না। আমি বরং বৃদ্ধকে বারণ করে দেব। বুঝেছেন। নিদান-টিদান হাঁকবেন না। জানেন—আমাদের সময় একটা গান ছিল—আমরা খুব পাইতাম—“বা কর বাবা আন্তে ধীরে বা কর কেন খুঁচিয়ে।” বলেই হো-হো করে হেসে উঠলেন চারুবাবু।

প্রত্যোত্তের বেশ লাগলো চারুবাবুকে আজ। এখানে এসেই চারুবাবুর সঙ্গে আলাপ সে করেছে, কিন্তু সে আলাপ একেবারে যাকে বলে ভক্ততার মুখোশ এঁটে বাও—কবাকবি ব্যাপার। আজ চারুবাবু মুখোশ খুলে কথা বলেছেন। রসিক লোক। বেশ রসিয়ে আবৃত্তি করলেন—‘বা কর বাবা আন্তে ধীরে’। প্রত্যোত্তের ঘন

অনেকখানি নরম হয়ে পেল। একটু লজ্জাও পেল। চাক্রবাবু ওই বে বললেন—
বুদ্ধের উপর রাগ করা তার উচিত নয়।

প্রত্যোত্তর বললে—বেশ আপনার কথাই মানলাম। কিন্তু বুদ্ধকে একটু সাবধান
করে দেবেন। এ সব ভালো নয়। একে তো অত্যন্ত নিষ্ঠুর, তার উপর আন-
সারেটিক। হাত দেখে নাড়ী, পিত্ত, কফ, নিদান—এসব কী ?

চাক্রবাবু বললেন—এক সময় কিন্তু মশায় লোকটার নিদান আশ্চর্যরকম ফলেছে।
তা ফলত। এবং এখনও। কর্তৃকর যত্ন করে বললেন—আপনি কিন্তু দেখবেন—
মতির মাকে বর্ধমান কি কলকাতা পাঠাব ভেবেছেন—তাই পাঠিয়ে দেবেন। নইলে
বুড়োর কথা যদি ফলে যায়।

—যাবে না। দৃঢ়স্থরে কথার মধ্যেই প্রতিবাদ এবং দৃঢ় প্রত্যয় জানিয়ে প্রত্যোত্তর
সাইকেল চেপে চলে এসেছে। হি মাস্ট প্রভ হিমসেলক,—প্রমাণ সে করবেই।
উইচক্রাফটের মতো এই হাতুড়ে বিজ্ঞের ভেলুকি ভেঙে সে দেবেই। জীবনে তার
মিশন আছে। শুধু অর্ধোপার্জনের জন্তু সে ডাক্তার হয় নি।

কথাটা গোপন থাকে নি। ষটা কয়েকের মধ্যে পল্লবিত হয়ে সারা নবগ্রামেই
ছড়িয়ে পড়ল।—প্রত্যোত্তর ডাক্তার নাকি জীবনমশায়কে জেল দেবে! মতির মায়ের
নিদান হৈকেছে জীবনমশায়, ডাক্তার মতির মাকে বাঁচাবে। এবং তারপর দরকার
হলে মামলা করবে। ম্যাজিস্ট্রেট, কমিশনার, মিনিষ্টারের কাছে দরখাস্ত করবে।
দরখাস্ত করবে—হাতুড়ের চিকিৎসা করা আইন করে বন্ধ করে দেওয়া হোক।
কথাটা নিয়ে সবচেয়ে গরম এবং তীব্র আলোচনা হল বি কে মেডিক্যাল স্টোর্সে।

বিনয়ের ওষুধের দোকান—বি কে মেডিক্যাল স্টোর্স এ অঞ্চলের মধ্যে সবচেয়ে
বড় ওষুধের দোকান। ডাক্তারেরা, যারা প্র্যাকটিসের সঙ্গে ওষুধেরও ব্যবসা করে
তারী সকলেই বিনয়ের দোকান থেকে পাইকিরি হারে ওষুধ কেনে। এ অঞ্চলে
বিনয়ের দোকানের নাম-ডাক খুব। ওষুধ নেন না শুধু চাক্রবাবু। চাক্রবাবুর
দোকানের সঙ্গে প্রতিযোগিতা করেই বিনয় দোকান খুলেছিল। চাক্রবাবু ঘেবার
হাসপাতালের চাকরি ছাড়েন—হাসপাতালে আসে নতুন এম. বি. অহীনবাবু, সেইবার
বিনয় দোকান খোলে। অহীনবাবুই খুলিয়েছিলেন। তাঁর ষত প্রেসক্রিপশন আসত
বিনয়ের দোকানে, বিনয়ের দোকানে তিনি সঙ্ঘ্যর সময় নিয়মিত ষটা ছুরেক করে
বসতেন। বিনী কী-রে রোগী দেখতেন। অহীনবাবুর পর তিনজন ডাক্তার এসেছেন
হাসপাতালে—তীরাও অহীনবাবুর মতোই বিনয়ের পৃষ্ঠপোষক ছিলেন। প্রত্যোত্তর
কিন্তু তাঁদের পদাঙ্ক অহসরণ করে নি। তার সঙ্গে কী-কী নিয়ে বিনয়ের একটু-আধটু
দর কষাকষি চলছে।

বি কে কার্খাসির বিনয় চিকিৎসা জানে না, কিন্তু চিকিৎসকদের ডাক্তার-কবিরাজদের ইতিহাসে ইতিকথায় সে প্রায় শুকদেব বললেও অত্যাক্তি হয় না। দিন-রাত্রিই বিনয় এখানকার ডাক্তারদের নিয়ে আলোচনা করে। শশী পথ দিয়ে যাচ্ছিল হরিজন পল্লীতে রোগীর সন্ধানে। বিনয় তাকে ডেকে বললে—ডাক্তার, তামাক খেয়ে যাও। তারপর রসিকতা করে বলেছে—মলে, শশী ডাক্তার, তোমরা এবার মলে। প্রোগ্য ডাক্তার বলেছে—সব হাতুড়ের ঝুটি মারব। ছেলে দেব ব্যাটারদের। তারপর বিস্তৃত উদ্ভ্রমণ আলোচনা।

শশী সেই কথা এসে বলেছে ডাক্তার-গিল্লিকে।

—কী দরকার? বিনা পরসায় মতির মায়ের হাত দেখে নিদান ইঁকার কা দরকার। এ কাল হল বিজ্ঞানের কাল। পাশকরা ডাক্তারদের কাল। সর্দি পিক্তি কফ নিদান—সেকালে চলত। একালে ওসব কেন? যত সব—! হু!

এই কথাটা ডাক্তারের গায়ে বড় লাগে। জীবনের সকল দুঃখ-ব্যর্থতার উদ্ভব ওইখান থেকেই। মাহুষের দেহে যেমন একটি স্থানে অকস্মাৎ একটি আঘাত লাগে বিষমুখ তীক্ষ্ণধার কোনো বস্তুতে, তারপর সেই ক্ষতবিন্দুকে কেন্দ্র করে বিঘ ছড়ায় সর্বদেহে, এও ঠিক তেমনি। তাঁর অদৃষ্ট! অদৃষ্ট ছাড়া কী আর বলা যায়। সত্বতি থাকতেও তাঁর ডাক্তারী পড়া হয় নাই। তিনি কলেজে পড়ে পাশ করে ডাক্তার হলে, আতর-বউ—তুমিও আসতে না এ বাড়িতে।

বিচিত্র ঘটনা সে। স্মরণ হতেই ডাক্তার দীর্ঘখাস ফেললেন।

এক সর্বনাশী ছলনাময়ী তাঁর জীবনটাকে ব্যর্থ করে দিয়ে গিয়েছে। কানী ইন্সুলে পাঠ্য জীবনে এই সর্বনাশীকে নিয়ে ওখানকার এক অভিজ্ঞাত বংশের ছেলের সঙ্গে বিবাহ হল। ছেলেটিও তাঁর স্বজাতি, কার্যহীন। পডস্ত জমিদারবাড়ির ছেলে।

হায়রে অবুঝ কৈশোর! শক্তি বোগ্যতা বিচার করে প্রতিদ্বন্দ্বিতায় নামে না। কিশোর ছেলে ভালপত্রের খাঁড়া হাতে রান্ধসের সঙ্গে যুদ্ধ করে। রাখাল ছেলে রাজার ছেলের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতায় সন্কোচ অনুভব করে না, ভয় পায় না।

ছয়

জীবনমশায়ের মনে পড়ল। এক কিশোর শাল আর এক কিশোর তমাল চারায় প্রতিযোগিতা হয়েছিল—তাতে কিশোর তমাল লজ্জা পায় নি।

নবগ্রামে মাইনর পাশ করে জীবন ডাক্তার কাঁদী গেলেন এক্ট্রাল পড়তে। কাঁদী রাজ হাই ইন্সুলে ভর্তি হলেন। এক্ট্রাল পাশ করে বর্ধমান মেডিক্যাল ইন্সুলে ভর্তি হবেন। জীবনে সে কত কল্পনা, কত আশা! নিজের ডাক্তারী জীবনের ছবি আঁকতেন মনে মনে। রঙলাল ডাক্তারের মতো গরদের পাতলুন আর গলাবন্ধ কোট পরে, সাধা একটা ঘোড়ায় চড়ে ঘুরে বেড়াবেন এ অঞ্চল। বৃকে সোনার চেনে বাঁধা সোনার পকেট-ঘড়ি। ধারমোমিটার, স্টেথোসকোপ, কলবাক্স। ঘরে শব্দী ছিলেন, বাপও ছিলেন স্নেহময়, অর্থের অভাব ছিল না, জীবনের দেহেও ছিল শক্তি, মনেও ছিল সাহস; স্ত্রীরাং কাঁদীর পাঠ্যজীবনে উৎসাহের ক্ষুঁতির অভাব হয়নি। একদিকে করতেন হৈ-হৈ বৈ-বৈ, অল্পদিকে বোজিয়ার তক্তাপোশে শুয়ে স্বপ্ন দেখতেন ভাবীকালে জীবন দস্ত এল. এম. এস. সাধা ঘোড়ায় চড়ে ঘুরে বেড়াচ্ছেন। কিন্তু হঠাৎ একদিন জীবনের মোড় ফিরে গেল। সস্তা সুবক জীবন দস্ত প্রেমে পড়ে গেলেন। প্রেমে পড়েছিলেন এক দরিদ্র কায়স্থ শিক্ষক-কল্লার। তাঁর বয়স তখন আঠারো, নারিকার বয়স বারো। সকালে চোন্ধ বছরেই মেয়েরা যৌবনে প্রবেশ করত। দেহে মনে দুইয়েই তারা একালের বেণীদোলানো সতেরো বছরের মেয়েদের থেকে স্বাস্থ্য এবং মনে অনেক বেশী পরিপুষ্ট হয়ে উঠত। এ মেয়েটি আবার একটু বেশী পরিপুষ্ট হয়ে উঠেছিল। আজকালকার মতে অকালশক বললে একটু আপত্তি করেন জীবন ডাক্তার। বলেন—অকাল পাকা আর সকালে পাকার তফাত আছে। অকালে যা পাকে তাতে গঠনে খুঁত থাকে; উপাদানে খামতি থাকে। কিন্তু সকালে যা পরিপুষ্টিতে পূর্ণতা লাভ করে পাকে তাতে খুঁত থাকে না; যে-যে উপাদানের রস-পরিপূর্ণতার স্বাভাবিকভাবে ফলই বল বা দেহমনই বল, রাত্তিঘে-ওঠা রঙ ধরে মিষ্ট গন্ধে মনকে আকর্ষণ করে, তার সবই থাকে তার মধ্যে। বরং একটু বেশী পরিমাণেই থাকে, নইলে সকালে পাকে কী করে? মঞ্জরী একটু সকালে ফুটেছিল।

মেয়েটির নাম মঞ্জরী।

মঞ্জরীর স্বাস্থ্য ছিল স্বন্দর। বারো বছরের মঞ্জরী একালের কলেজে পড়া বড়েনী বা পুণিয়ার চেয়ে স্বাস্থ্যে শক্তিতে পূর্ণাঙ্গী ছিল। শুধু চুল মেখে সন্দেহ হত

যে মেয়েটি বোড়শী নয়—কারণ চুলগুলি পিঠ ছাড়িয়ে নিচে নামে নি। কালো চুলের রাশিটি কোমর ছাড়িয়ে নিচে নামলে তবে বোড়শী রূপটি পরিপূর্ণ হবার কথা। ঠিক কেমন জান ? যেন, কোঁজাগরী লক্ষ্মী-প্রতিমার পিছনে চালপট লাগানো হয়েছে অথচ তাতে ডাকসাজের বেডটি এখনো লাগানো হয় নি। সেইগুলি আঁটা হলেই নিখুঁত হয়ে লক্ষ্মীপ্রতিমা হয়ে উঠবে। এইটুকু খুঁত ছিল। তার বেশী নয়।

একটু বাড়িয়ে বলা হয়েছে। জীবন ডাক্তার মনে মনেই সংশোধন করে নেন সেটুকু। লক্ষ্মীপ্রতিমা বটে—তবে শ্রামা। এবং তাতেই যেন অধিকতর মনোরম মনে হত মেয়েটিকে। মঞ্জরীর রূপটি তখন ছিল ভূঁইচাঁপার সবুজ নিটোল ডাঁটাটির মতো, মাথায় এক ধোকা ফুলের কুঁড়ি তখনও ফোটে নি ; ফোটবার সব আয়োজন সম্পূর্ণ।

অন্তরের দিক থেকেও বারো বছরের মঞ্জরী বোড়শীর চেয়ে কম ছিল না। বেহের পরিপুষ্টিভাষ, স্বাস্থ্যসমৃদ্ধির কল্যাণে সে তখন কিশোরী মন পেয়েছিল। একেবারে বোলো আনার অধিকারীর চেয়েও বেশী, আঠারো আনা বলা চলে ; বলা চলে কেন জীবন দস্তের হিসাবে তাই হয়। বোলো বছরে কৈশোর পূর্ণ হলে বয়স মেপে হিসেবের আইনে বারো আনা তো পাওয়ারই কথা, বোলো আনার বাকি চার আনার দু আনা পূরণ করেছিল তার সমৃদ্ধ স্বাস্থ্য, বাকি দু আনা সেকালের স্বরের শিক্ষায় এবং মায়ের প্রদত্ত স্বস্তর-বাড়ি যাওয়ার মন্ত্রপাঠের ফলে সে পেয়েছিল। এর উপরও বাড়তি দু আনা মূলধন তার ছিল। সে পড়ে-পাওয়া নয়, সেটা সে পড়াশুনা করে পেয়েছিল। গরিব হলেও বাপ ছিলেন শিক্ষক, বাঙলা লেখাপড়া কিছু শিখিয়েছিলেন। বাপ শিশুবোধক থেকে বোধোদয় পর্যন্ত পাড়িয়ে আর পড়ান নি, বলেছিলেন কুস্তিবাসী-কাশাদাসী রামায়ণ-মহাভারত পড়ো। কিন্তু রামায়ণ মহাভারত পড়েও সে কান্ত হল না। বৈষ্ণব পদাবলী থেকে ভারতচন্দ্র পর্যন্ত নিজেই পড়লে। গুলি বাড়িতেই তাদের ছিল। খাতায় লেখা পূর্বপুরুষের সম্পদ। এর পর বঙ্কিমচন্দ্র শেলে হাতে। প্রতাপ-শৈবলিনী, জগৎসংহ-আধেয়ার সঙ্গে পরিচয় হতেই বোলো আনা আঠারো আনার ফেঁপে উঠল। বঙ্কিমচন্দ্র তার হাতে এনে দিয়েছিল তারই বড় ভাই।

জীবন ওখানে সহপাঠী পেলে মঞ্জরীর বড় ভাই বঙ্কিমকে। বোড়িয়ে জীবন নাম-ডাক ছুটিয়েছিল ; খরচ করত দরাজ হাতে। ওই যে বাপ জমিদারী কিনেছিলেন—তারই হাঁকটা জীবন ওখানে নানাপ্রকারে ছড়িয়ে দিয়েছিল। তার মধ্যে ভালো তামাকের গছটা ছিল একটি বিশেষ প্রকার। ঐ গছে গছে এলেন

চতুরানন। বন্ধিমের ডাকনাম ছিল চতুরানন। ছেলেরা বলত বন্ধিম চার মুখে হকো খায়, চার মুখে কথা কয়। ভালো ভামাকের গন্ধে এসে বন্ধিমই আলাপ জমিয়ে তুললে। এবং আলাপের সূত্রে আবিষ্কার করলে যে, জীবন তাদের আত্মীয়। বন্ধিমের মামা জীবনের নিজেদের মামীর দেওরের আপন ভায়বর নাতজামাই। এবং একদা টেনে নিয়ে গেল নিজেদের বাসায়। বাবার সঙ্গে পরিচয় করিয়ে দিয়ে বলল— জীবন আমাদের আপনার লোক বাবা। বন্ধিমের বাবা নবকৃষ্ণ সিং সম্পর্কের উপর গুরুত্ব দেন নি, তবুও তিনি পরিচয় পেয়ে উচ্ছ্বাস প্রকাশ করেই সমাধর কলেন।

—দীনবন্ধু দত্ত মহাশয়ের পৌত্র তুমি? ভ্রগবন্ধু দত্ত মহাশয়ের ছেলে? তোমরা তো মহাশয়ের বংশ গো। আয়ুর্বেদ তোমাদের কুলদিগ্ঘা হয়ে দাঁড়িয়েছে। শুনেছি তোমার বাবা জমিদারি কিনেছেন।

পুলকিত হয়েছিল জীবন। সলজ্জ মুখে মাথা নামিয়ে দাঁড়িয়ে ছিল। ভালোই লেগেছিল এ প্রশংসাবাদ।

নবকৃষ্ণবাবু বলেছিলেন—আমার বাড়িও তো তোমাদের ওই দিকে গো। চাকরি করি—যাওয়া আসা পূজোর সময়—গরমের ছুটিতে বড় বাই না। দেশে জো সম্পত্তি তেমন কিছু নাই। দিবে পাঁচ-সাত জমি, শরিকে শরিকে বিবাদ। কী করব গিয়ে? নইলে পাঁচ কোশ দূরে বাড়ি, আত্মীয়তাও য'-হোক একটা আছে, আলাপ থাকত। তা ভালো হল আলাপ হল। কিন্তু—।

একটু ভুরু কুঁচকে তিনি প্রশ্ন করেছিলেন—কিন্তু তুমি যে ইংরেজী পড়তে এলে?

প্রশ্নের মর্মার্থ বুঝতে পাবে নি জীবন; উত্তরে প্রশ্নের সুরে বলেছিল—আজ্ঞে?

—তোমাদের তো আয়ুর্বেদই এক রকম কুলগত বিজ্ঞা হয়ে দাঁড়িয়েছে। কুলধর্মও বলতে পারি। এর জন্মে তোমার সংস্কৃত পড়া উচিত ছিল গো। ইংরেজী পড়তে এলে কেন? বিজ্ঞাই শুধু নয়, বাধা টাট, বাধা ঘর,—সে এক রকম বহুমানের মতো। ওই থেকেই তো তোমাদের প্রতিষ্ঠা, মহাশয় উপাধি; জমি পুকুর জমিদারি সব তো ওই থেকে।

জীবন বলেছিল—আমার ইচ্ছে ডাক্তারি পড়ব।

—ডাক্তারি! বাঃ বাঃ। খুব ভালো হবে। সে খুব ভালো হবে। মুখ হয়ে গিয়েছিলেন নবকৃষ্ণ সিংহ। তারপর তিনি বলেছিলেন—যাও, বাড়ির ভিতরে যাও। বন্ধিম, নিয়ে যা তোর মাঝের কাছে। তিনি তো হলেন আসল আত্মীয়। আমরা তো তাঁর টানে-টানে আত্মীয়। যাও।

মহরী তখন উঠানে ছোট ভাইয়ের সঙ্গে আনি-মানি বুগছিল। গাছ-কোষ

বেঁধে হাত ছটোকে দুদিকে প্রসারিত করে দিয়ে বনবন করে ঝাচ্ছিল ঘুরপাক।
মুখে সে ছড়া আঙড়াচ্ছিল—

“আনি মানি জানি না
পরের ছেলে মানি না
লাগলে পরে নাইক ঘোষ
মানব নাকো রাগ কি ঘোষ
সরে যাও—সরে যাও
নইলে এবার ধাক্কা খাও।”

বলেই পাশে ঘুরন্ত ভাইদের কোনো একজনের সঙ্গে ঝাচ্ছিল ধাক্কা। একজন সে
ভাই-ই হোক বা বোনই হোক পড়ছিল। পড়ে গিয়ে কেউ অবশ্য এ সব ক্ষেত্রে রাগ-
ঘোষ সত্যই করে না, পড়ে শুয়েই থাকে চোখ বুজে, মনে হয় মাটি ছলছে—আকাশ
ছলছে—ঘরগুলোও ছলছে। সঙ্গে সঙ্গে মনে হচ্ছে—অতলের কি পাতালের দিকে সে
দাঁড়িয়ে পড়ে যাচ্ছে। সর্বাঙ্গ কেমন শিরশির করতে থাকে।

বন্ধিম জীবনকে নিয়ে ঘরে যখন ঢুকল তখন মঞ্জরী পাক খেতে খেতে কাউকে ধাক্কা
মারবার উদ্ভোগ করছে এবং ঘুরপাকের বেগের মধ্যে ঠিক ঠাণ্ড করতে না পেরে দাধা
শ্রমে জীবনের হৃদপিণ্ডের উপর মারলে ধাক্কা; এবং নিজেই পড়ে গিয়ে খিলখিল করে
হাসতে লাগল। জীবন দস্তাধ মেয়ে দাঁড়িয়ে গেলেন। এদিকে মঞ্জরীর হাসিও শুরু
হয়ে গেল কয়েক মুহূর্তের মধ্যে। তার ভুল ভেঙেছে। দাধা শ্রমে অপরিচিত একজনকে
ধাক্কা মেরেছে বুঝে বিষয়ে ও লজ্জার চোখ দুটো বড়ো করে ভূমিশয্যা থেকে উঠেই
‘ও-মাগো’ বলে ছুটে পালিয়ে গেল গৃহাভ্যন্তরে। এবং আবার শুরু করলে খিলখিল
হাসি। জীবন বিহ্বল হয়ে দাঁড়িয়ে গেল।

সে ক্রামলে ওই বখেটে।

‘মটিনার ওইখানেই শেষ নয়, আরও আছে।

বন্ধিম পলায়নপর মঞ্জরীকে উদ্দেশ্য করে হেসে বলেছিল—ময় হতুচ্ছাড়া!
তারপর মায়ের সঙ্গে জীবনের পরিচয় করিয়ে দিলে। জীবন তাঁকে প্রণাম করতে
বিরেছিল। তিনি বলেছিলেন—না না। তুমি তো সম্পর্কে আমার বড় গো।
আমার দাধা তোমার মাসীমার দেওয়ার ভায়রার নাভজামাই। সে হিসেবে তুমি
আমার দাদার কোনো স্বস্তর-টস্তর হবে। আমারও তাই তো হলে। বোসো, বোসো।
প্রণাম আমিও তোমাকে করব না, তুমিও আমাকে করো না।

বন্ধিম এ সম্পর্ক নির্ণয়ে খুব খুশী হয়েছিল—তা হলে তো তার সঙ্গে সম্পর্ক আর

এক পর্ব তফাত অর্থাৎ তৃতীয় পুরুষ। নাতি-দাদামশায় সম্পর্ক—রসিকতার অবাধ অধিকার।

মা ধাবার আনতে উঠে যেতেই বন্ধিম ভিতরে গিয়ে মঞ্জরীকে ডেকে বলেছিল—
—আর না হতজ্ঞাভী, দাদামশায় দেখবি।

—কে ? মঞ্জরীর কর্ণস্বর ঈষৎ চাপা হলেও স্তনতে পাচ্ছিল জীবন।

—দাদামশায় রে।

—দূর ! ওই আবার দাদামশায় হয় ! ও একটা বুনো শুয়োর, মা গো—
ক। হৌতকা চেহারা, কালো বঙ।

—ছি ! তুই ভারি দিক্কা হচ্ছিল দিন দিন। আমাদের বড় মামা হল গুর
মাসীমার দেওয়ার নিজের নাভজামাই।

—মরণ ! সেইয়ের বউয়ের বকুল ফুলের বোনপো-বউয়ের বোনবি-জামাই !

—না ! না ! উঠে আয়, আমার বন্ধু। খুব ভালো ধরের ছেলে।

—ভালো ধরের ছেলে তো এমন হৌতকা বুনো শুয়োরের মতো চেহারা কেন ?

—কী বা-তা বলছিল ? বীরের মতো চেহারা। মুগ্ধর ভাঁজে কি না !

—তাহলে পড়তে না এসে যাত্রার দলে ভীম সাজতে গেল না কেন ? আমরা
দভিকারের ভালো গদাযুদ্ধ দেখতে পেতাম। তুই যা—আমি যাব না।

বন্ধিম একটু ক্রুদ্ধ হয়েই ফিরে এল।

জীবনও বস্ত্র বরাহের মতো মাথা হেঁট করেই বসে ছিল ; খুব শ্রীতিপ্রিয় নর
স্তরূপ বয়সে ও কথার কারুরই পুলক-সঞ্চার হয় না। সে চলে আসবার জন্য ব্যস্ত
হয়ে উঠল। বললে—আজ যাব ভাই, কাজ আছে।

মা ঠিক এই সময়েই জলখাবারের খালা নিয়ে বেরিয়ে এলেন। খালাখানি
নামিয়ে দিয়ে ভাকলেন—মঞ্জী কই ? মঞ্জী—জল নিয়ে আয় এক সেলাস। মঞ্জী !

মা-টি বড় রাশভারী লোক। অমানুষ সহজে করা যায় না। জীবন ওই কর্ণস্বর
স্তনেই 'না' বলতে গিয়েও বলতে পারলে না। মঞ্জরীও মিনিট-খানেকের মধ্যেই
জলের সেলাস হাতে বেরিয়ে এল।

মা বললেন—প্রণাম কর। দাদার বন্ধুই শুধু নয়, আমাদের আপনার লোক।
তোদের দাদামশায় হয়।

মঞ্জরী মুখে কাপড় চাপা দিয়ে হাসতে লাগল।

—হাসছিল যে ? প্রণাম কর !

—ওইটুকু আবার দাদামশাই হয় ?

—হয়। মামা-কাকা বয়সে ছোট হয় না ? তুলসীপাতার ছোট বড় আছে ?

মঞ্জরী এবার প্রশ্নাম করলে। সে আমলে গড় করে প্রশ্নাম করত। এ আমলেরক মতো হেঁট হয়ে পা ছুঁয়ে মাথার ঠেকানো প্রশ্নাম নয়। উঠেই আবার হাসতে লাগল।

মা বিরক্ত হয়েই বললেন—হাসছিস কেন ?

—দাদামশাই মিলছে না বলে হাসছি।

—কী ? কী মিলছে না ?

—দাদামশায়ের গালে কাদা কই ? ছড়ায় আছে, ঠাকুরদাদা গালে কাদা—। বলেই মঞ্জরী হাসতে হাসতেই চলে গেল।

এর পর কিশোর জীবন দস্তের অবস্থার কথা বোধ করি না বললেও চলে।

সে একেবারে উন্নত হয়ে উঠল। মঞ্জরী। মঞ্জরী ! মঞ্জরীকে সে জয় করবেই। কিন্তু অকস্মাৎ পথ রোধ করে দাঁড়াল একজন।

এই হল সেই ছেলে বার সঙ্গে বিবাদ করে জীবনের সমস্ত আশা বিসর্জন দিয়ে তিনি বাড়ি ফিরেছিলেন। অভিজাত বংশের উগ্র দান্তিক ছেলে ভূপতিবুঝার বহু। লোকে ডাকত ভূপী বহু বলে। ভূপী বহু—ওখানকার নামজাদা দুর্গাস্ত। মাঝখানে শহরে-বাজারে বেশ গা ছুলিয়ে হেলে-তুলে যে মাতঙ্গ-গমন ধরনের চলনটা ক্যানন হয়ে দাঁড়িয়েছিল, সেটা ওখানে অর্থাৎ কাঁদী অঞ্চলে আমদানী করেছিল ভূপী বোস। সে যখন যে পা-খানা ফেলত—তখন তার সর্বাঙ্গটা সেই দিকে লোকের চোখে আঙুল দিয়ে দেখিয়ে যেন হেলে যেত। সামনে বা পিছনে যারা থাকত তারা বাধ্য হয়ে দেখত ; পাশে যারা চলত—যাদের পাশে তাকাবার অবকাশ থাকত না, তারা এই দোলার ধাক্কা খেয়ে তাকিয়ে সভয়ে সরে যেত ; গুরে বাবা ভূপী বহু যাচ্ছে !

ভূপী বহু ছিল গৌরবর্ণ দীর্ঘাকৃতি। মাথায় রেখেছিল বাবরি চুল ; জমিদারের বাড়ির ছেলে। এই ভূপীও ছিল বন্ধিমের বন্ধু। অনেক আগে থেকেই সে মঞ্জরীর দিকে দৃষ্টি নিবদ্ধ করেছিল।

সুতরাং ভূপী বোসের সঙ্গে আরম্ভ হল প্রতিযোগিতা। ব্যায়-বরাহ-সংবাদ রচনা শুরু করলেন কোঁতুকপ্রিয় বিধাতা। ভূপী বোস ব্যায়, জীবন দস্ত বরাহ ও নাম মঞ্জরী দিয়েছিল।

সাত

তার সহপাঠী, বোর্ডিংয়ে পাশের দিটে ছাত্র, এরা তাঁকে সাবধান করে দিয়েছিল কিন্তু একটু দেরী হয়ে গিয়েছে তখন। দোষ তাদেরও ছিল না, কিশোর জীবনেরও ছিল না।

সহপাঠীরা জানত না যে জীবন বুকে মঞ্জরীর ধাক্কা খেয়েছে এবং ধাক্কা খেয়েও সেইদিকেই ছুটেছে। এবং জীবনও জানত না যে, ভূপী বোস-রুপী ব্যাব্রটি মঞ্জরীর প্রত্যাশায় ওত পেতে বসে আছে। সে সময়ে সামান্য একটা কারণে অভিজ্ঞাত-ফুলপ্রবোধ ভূপী বোস মঞ্জরী ও মঞ্জরীর মায়ের উপর রাগ করে ওদিক দিয়ে যাওয়া-আসা বন্ধের ভান করে বসে ছিল। এরই মধ্যে বরাহ প্রবেশ করল।

ভূপী জীবন থেকে বয়সে বেশ ক-বছরের বড়। কিন্তু ফেল করেও জীবনের এক ক্লাশ উপর পড়ে। কাঁদী ইস্কুলের সর্বজন পরিচিত ভূপী। কাঁদী ইস্কুলে সেকালে যারাই পড়েছে তারা ইস্কুলে ভরতি হওয়ার পাঁচদিন বা সাতদিনের মধ্যেই তাকে চিনেছে। প্রথমেই চোখে পড়ত তার হেলে-তুলে চলন। তারপর শুনত তার বিচিত্র বাগ্‌বিজ্ঞাস।

—কোথায় বাডি রে ব্যাটাচ্ছেলে? দরিদ্র অবস্থার পাডার্গেয়ে ছেলেদের প্রতি এইটাই ছিল তার প্রথম প্রশ্ন।

তার চেহারা বেশভূবা এবং বাগ্‌ভঙ্গিতে আগন্তুক দরিদ্র সন্তানেরা শঙ্কিত হত, একালের মতো বিদ্রোহ করা তাদের পক্ষে সম্ভবপর ছিল না। কাল ছিল বিকল্প। তারা সমস্তমুখেই বলত গ্রামের নাম। তারপরই ভূপী প্রশ্ন করত—অ! কোন থানা গ্যা? কোন পরগণা! কত নম্বর লাট?

তারপর বলত—ওইখানেই আমাদের একটা লাট আছে। ৫০৭ কি ৭০৫ একটা নম্বর তাতে সে লাগিয়ে দিত।

জীবন দস্তের সঙ্গে প্রথম সাক্ষাতে কিন্তু এই ভঙ্গীতে প্রশ্ন করে নাই ভূপী; একটু ষাতির করে বলেছিল—কোথায় বাডি হে ছোকরা? জীবনের বলিষ্ঠ দেহ এবং বেশ ফিটফাট পোশাক দেখেই তাকে গ্যা এবং ব্যাটা না বলে বলেছিল, হে এবং ছোকরা।

প্রথম দিন জীবন ভডকে গিয়েছিল, সঙ্গে সঙ্গে বিরক্তও হয়েছিল। কিন্তু সে বিরক্তি গোপন করেই বলেছিল—নবগ্রাম।

বলেই সে চলে গিয়েছিল। দস্তী, নথী, শূকীদের সান্নিধ্য পরিত্যাগই প্রথম,

—এই বাক্যটি শ্রবণ করেছিল এবং ভূপীকে ওই দলেই ফেলেছিল। কিন্তু ভূপী ছাড়ে নাই। সে নিজেই এসেছিল এগিয়ে, দু-চার দিন পরেই একদিন বোর্ডিংয়ে জীবনের ঘরে এসে বলেছিল—সুনলাম না কি ছোকরা, তুমি তামাক খাও ভালো। কই খাওয়াও দেখি। দেখি—কী তামাক তুমি খাও! ভূপীর কণ্ঠস্বর রীতিমতো পৃষ্ঠশোষকের কণ্ঠস্বর।

জীবন দুর্দান্ত ছিল, কিন্তু অভদ্র ছিল না। এবং জমিদারী বত কালের পুরানো হলে জমিদার-বংশে পচ ধরে—তাদের একখানা জমিদারি ততকালেরও পুরনো হয় নি। এবং সত্য বলতে কি, সেদিন একটু গোপন খাতিরও মনে মনে অশুভব করেছিল সে ভূপী বোসের প্রতি। বড় বংশের ছেলে, ভালো চেহারা, এমন বোলচাল, তার উপর জীবন বিদেশী, ভূপী এখানকারই লোক, সুতরাং ওটা স্বাভাবিক ছিল। জীবন সেদিন তামাকও খাইয়েছিল। সেদিন যাবার সময় ভূপীর হঠাৎ নজর পড়েছিল জীবনের মুণ্ডর দুটোর উপর। একটু নেড়েচেড়ে দেখেও গিয়েছিল। হেসে নামও দিয়েছিল—মুদগর সিংহ।

বগড়াটা লাগল হঠাৎ।

ভূপী বোস নবকৃষ্ণ সিংহের বাড়ি থেকে বের হচ্ছে, জীবন ঢুকছে। ভূপী পান চিবুচ্ছিল, সঙ্গে বন্ধিম, পিছনে বন্ধিমের মা। জীবনের অসুপস্থিতিতে গরমের ছুটির মধ্যে ভূপীর সঙ্গে বগড়া ওদের মিটে গেছে।

জীবনের সঙ্গে একজন মুটে। তার দেশের লোক; গরমের ছুটির পর দেশ থেকে ফিরছে ইকুলে, আসবার সময় মস্ত ঝাঁকায় বাগানের আম, খেতের ফুট, কিছু তরকারি এবং খড় দিয়ে মুড়ে একটা মাছও এনেছে।

ভূপী ধমকে দাঁড়িয়ে ভুরু কঁচকে তার দিকে তাকিয়ে রইল। তারপর হেসে বললে, কী রকম? মুদগর সিংহ এখানে? এ বাড়িতে?

পিছন থেকে তীক্ষ্ণ কণ্ঠের কথা ভেসে এল—উনি আমাদের সইয়ের বউয়ের বকুল ফুলের বোন-পো বউয়ের বোনবি-জামাই, আপনার লোক, সম্পর্কে আমার দাদামশাই! কী এনেছ গা দাদামশাই?

সকলের পিছন থেকে মজরী মুখে কাপড় চাপা দিয়ে হেসে সামনে এসে দাঁড়াল।

ভূপীও সঙ্গে সঙ্গে ফিরল। বললে—চল—চল—দেখে যাই দাদামশাই মুদগর সিংহ কী এনেছেন। নামা সুড়িটা।

জিনিসপত্রগুলি দেখে মুখ ঝাঁকিয়ে একটা আম তুলে নিয়ে দাঁতে কেটে একই ভঙ্গাভাদ করেই ধু-ধু করে ফেলে দিয়ে বলল—আমড়া। আমি ভেবেছিলাম আম। কাল আমি আম পাঠিয়ে দেব। গোলাপখাস, আর কি বলে, কিষণ-তোদ।

আমের গায়ে কাগজের টিকিটে লেখা থাকবে—কবে কখন খেতে হবে। ঠিক সেই সময়ে খাবেন কিন্তু। না হলে ঠিক খাদ বুঝবেন না।

ভূপী চলে গেল। মঞ্জুরী মা বললেন—এসো বাবা। ভাল তো সব ?

—হ্যাঁ ভালো। আমি কিন্তু চলি এখন। এই তো আসছি। বোভিংয়ের বারান্দার জিনিস পত্র পড়ে আছে। গাড়োয়ানকে রেখে এগুলি দিতে এসেছিলাম আমি। সে আর দাঁড়িয়ে থাকতে পারছিল না, ভূপীর কথাগুলিতে সে রীতিমতো ক্লান্ত হয়ে উঠেছিল।

—একটু জল খেয়ে যাবে না ?

—না। গাড়োয়ানটা অজ্ঞ পাড়াগৈয়ে। ভয় পাবে, আমি যাই।

কিশোর জীবন দস্ত সেদিন ভূপীর আঁচটা অনুভব করেছিল। এবং সেই হেতুই সেদিন তার সহপাঠী বোভিংয়ের পাশের সিটের বন্ধুটিকে সব কথা বলেছিল বাধ্য হয়ে। না বলে উপায়ও ছিল না। এত বড় মাছটা এবং এতগুলি আম ও ফুটির উপর ছেলেদের লোভ হয়েছিল দুর্দান্ত। কোথায় কোন বাড়িতে এগুলি গেল জানতে তাদেরও কৌতূহলের অন্ত ছিল না। কাজেই প্রশ্নের বিরাম ছিল না। অবশেষে বলতে হল নাম।

বন্ধুরা শুনে শিউরে উঠল।—ওরে বাবা, গেছলি কোথায় তুই ? বাঘের ঘরে ঘোগের বাসা বাঁধতে গেছিস ? ও যে ভূপী বোসের মঞ্জুরী !

—ভূপী বোসের মঞ্জুরী ?

হ্যাঁ বাবা। ওদিকে হাত বাড়িয়ে না মানিক। হাত কেটে নেবে।

জীবন দস্ত কিছুক্ষণ গুম হয়ে বসে থেকে প্রশ্ন করেছিল—কথা পাকা হয়েছে কিনা জান ?

—না। তবে—

—বাস। তবে দেখা যাক মঞ্জুরী কার। মঞ্জুরী তো এখনো বাপরূপী গাছে ফুটে আছে রে। যার মুরদ থাকবে সেই পেড়ে মালা গেঁথে গলায় পরবে। আমিও জীবন দস্ত।

গাড়োয়ানের হাতেই সে মাকে একখানি গোপন পত্র পাঠালে—‘অবিলম্বে পঞ্চাশটি টাকা চাই।’ সেদিনের পঞ্চাশ টাকা আজ উনিশ শো পঞ্চাশ সালে অন্তত দু-হাজার টাকা।

লাগল সংঘর্ষ।

প্রথমটা ভূপী বোস গ্রাফাই করে নাই। তার প্রতিদ্বন্দ্বী ওই বরাহটা। বন্ধিম অথবা মঞ্জুরী দুজনের মধ্যে একজনের কাছে নিশ্চয় সেই প্রথম দিনের বরাহ লুণ্ঠন

বৃত্তান্তটা শুনেছিল এবং মনে মনে নিশ্চয়ই প্রচণ্ড কৌতুক ও পরম পরিভ্রমিত অহুভব করেছিল। মঞ্জরী জীবন দস্তকে দেখে বুনো গুয়ার বলেছিল বলে ভূপীও তার নামকরণ করেছিল বরাহ ৮ আরও বলত মুদগর সিংহ। ওই সব নামে সে তাকে অভিহিত করত। অবশ্য আড়ালে। আর আমডার-স্বাদবিশিষ্ট আমের টুকরি বা কতকগুলো ফুটি কি একটা মাছকে সে মূল্যই দিত না। গুর বললে কলমের গাছের অল্প গোটাকয়েক ল্যাংড়া কি বোম্বাই কি কিষণভোগ নামবিশিষ্ট আম এবং গণ্ডাকয়েক লিচু কি গোলাপজাম বা জামরুলের মূল্য যে বেশী এটা সে জানত। তার ওপর তার রূপ-গৌরব সম্পর্কে সে ছিল পূর্ণমাত্রায় সচেতন। কাজেই সে গ্রাহ্য করে নাই।

এদিকে জীবন নিজের পেলবরূপের অভাব পূরণ করতে হয়ে উঠল বিলাসী। বাড়িতে তার টাকার চাহিদার অঙ্ক বাড়তে লাগল। জগবন্ধু মশায় বেশ একটু চিন্তিত হলেন। তবুও একমাত্র ছেলের দাবি সহজে অগ্রাহ্য করলেন না। বাপের কাছ ছাড়াও মায়ের কাছ থেকে টাকা আনাত জীবন। পুরো দাবিটা বাবাকে জানাতে সাহস করত না।

তার জন্ম জীবন কখনও আক্ষেপ করেন নি। আজও করেন না।

কী আক্ষেপ? যৌবনের স্বপ্ন; নারীপ্রেমের প্রতিশ্রুতি, এর চেয়ে মাদকতাময়, এর চেয়ে জীবনের কাম্য কৈশোরে আর কী আছে? শুধু কি কৈশোরে যৌবনে? সমস্ত জীবনে কোনো নারীকে সম্পূর্ণভাবে জয় করে জীবনভরে পেয়েছে তার চেয়ে ভাগ্যবান কে আছে? মঞ্জরীর প্ৰেমের প্রতিযোগিতায় যদি জয়দারির এক আনা ছ-গড়া দু-কড়া দু-ক্রান্তি বিক্রি হয়েই যেত—তাতেই বা কী হত। তাতেও আক্ষেপ হত না তাঁর।

তাই হয়তো যেত। বাবার কাছে টাকা না পেলে সে ধার করত। তখন তার হালচালে সেখানে রটে গিয়েছিল—জীবন দস্ত ধনী বলে ধনী নয়—নামজাদা ধনীর ছেলে। স্ততগাং টাকা ধার পেতে সেই আমলে তাকে কষ্ট পেতে হত না। বন্ধিমদের বাড়িতে নিত্যানুতন মনোহারী উপঢৌকন পাঠাতে লাগল সে।

কাঁদীর বাজারে তখন তার নাম ছুটে গেল 'বাবুজী' বলে। জীবন বাজারের রাস্তায় বেয় হলে দোকানীরা বলত—কি বাবুজী? কোনদিকে যাবেন?

খাস লালবাসের ছোরাচ-লাগা কাঁদীতে আমোদি আমলের 'জী' শব্দটা তখনও বেঁচে ছিল। কোম্পানির আমলের বাবু শব্দের সঙ্গে ওটিকে লাগিয়ে বাবুজীই ছিল ওখানকার সম্মানের আহ্বান।

জীবন বাবুজী হালত।

ওসমান শেখ ওখানকার সব থেকে বড় মনোহারী দোকানের মালিক, তার সঙ্গে ব্যাপারটা আরও অনেকটা অগ্রসর হয়েছে। জীবন ওসমানকে বলত—চাচাজান। ওসমান বলত—বাপজান। ওসমান শেখের মস্ত দোকান, দু-তিনটে শাখা। মনোহারী জুতো, তামাক। বাকি খাতার পাতায় সঙ্গ্রহে জীবন বাপজানের নামপতন করে নিয়েছিল ওসমান চাচা। চাচা মাহুয চিনত। জীবনের প্রয়োজন না থাকলেও চাচা তাকে ডেকে বলত—বাপজান! আরে, শুনো শুনো!

—কী চাচাজান?

—আরে বাপজান—আজ চার পাঁচ রোজ তুমাকে চুঁড়ছি। নতুন ‘খোশবয়’। এনেছি। শহরে (অর্থাৎ মুরশিদাবাদ) গেলাম, মহাজন দেখালে—দেখে ওসমান, ‘খোশবয়’ দেখে। আন্তর ছোট হয়ে গেল। নিয়ে যাও—রাজবাড়িতে দিবা। রাজবাড়ির জন্তে নিলাম, আর তিন জমিদারবাড়ির জন্তে নিলাম, হাকিমদের জন্তে নিলাম। তা পরেতে বললাম—আর দু-শিশি। তুমার তো দু-শিশি চাই আমি জানি। নিজের জন্ত এক শিশি; আর—।

হেসে চাচা বলত—আর ই বাড়ির জন্ত এক শিশি! নিয়ে যাও।

সঙ্গে সঙ্গে কাগজে মুড়ে তার হাতে তুলে দিত।

—দাম?

—সে হবে। নিয়া যাও তুমি। আর আমি রাখতে পারব নাই; ইয়ার মধ্যে ভূপী চাচা এসেছে দু-দিন। ওই উকিল সাহেবের বাড়িতে দেখেছেন ই খোশবয়। বলে আমার চাই দু-শিশি। দাও। আমি বলি—নাই। সে বলে—জরুর আছে। আমি দোকান তল্লাস করব। তুমি লুকিয়ে রেখেছ, জীবনটারে দিবে। অনেক কষ্টে রেখেছি। নিয়া যাও তুমি। দাম সে খাতায় লিখে রাখব। তার তরে তোমার ভাবনা কী?

ওই গছ রুমালে মেখে জীবন ভূপী বোসের সান্নিধ্যে এসে রুমালখানা পকেট থেকে বের করে মুখ মুছতে শুরু করত। ভূপী চকিত হয়ে উঠত। তার দিকে সঙ্গ্রহ দৃষ্টিতে তাকাত। জীবন বুঝত এবং হাসত। প্রপ্নটা ভূপীর এই—মঞ্জরীর কাপড়ে এক; এই বরাহটার রুমালে একই মিষ্টি গছ কী করে এল?

ভূপী অবশ্য হটবার ছেলে নয়, ঠিক পরদিনই সেই গছ সে রুমালে মেখে আসত। জীবন ভাবত—ভূপী বোস তো যে সে নয়, ওসমান চাচার দোকানে না পেয়ে নিশ্চয় মুরশিদাবাদ থেকে আনিয়েছে।

হায়—তখন ক্রি জানতেন যে, মঞ্জরীকে পাঠানো উপঢৌকনটি ভূপীর কাছে এসেছে বিচিত্রভাবে।

ধাক দে কথা; ও নিয়ে আক্ষেপ কেন? কোনো কিছু নিয়েই আক্ষেপ জীবন-দস্ত আর আজ করেন না। পরিহাস করেন। প্রেম এক প্রকারের সাময়িক উদ্‌ঘা-
রোগ। সেই রোগে সত্ত্বযুগল জীবন দস্ত সেদিন আক্রান্ত হয়েছিল।

ভূপী বোসের সঙ্গে স্বন্দয়ুগে হার মানবার চরম মুহূর্তটির আগেকার মুহূর্ত পর্যন্ত ভেবেছিল সে জ্বিতেছে। জয় তার অনিবার্হ। মনে করেছিল, পরাজয় আশঙ্কায় ভূপীর মুখ বিবর্ণ হয়ে উঠেছে।

ভূপী বোস তখন জীবন দস্তের অর্ধব্যয়ের প্রাচূর্ষ দেখে বেশ খানিকটা শঙ্কিত হয়ে উঠেছে। মধ্যে মধ্যে ছুতো নাভায় কথা-কাটাকাটি করত। জীবন আমোদ অতুভব করত। সঙ্গে সঙ্গে ছু-চার বার ডাখল ভাঁজার ভঙ্কিতে হাত ভাঁজত ভূপীর সামনেই। নিত্য মুগুর ভাঁজাটা সে বজায় রেখেছিল। এবং বোর্ডিংয়ে সহপাঠীদের সঙ্গে পাল্লা দিয়ে সে কুটি খেত পচিশ থেকে তিরিশখানা। ভূপী তার দেহ দেখেও ভয় পেত। জীবন হাসত। জয় তার অনিবার্হ। সম্পদের প্রতিযোগিতায় তার জয় হয়েছে, বীর্যের প্রতিযোগিতায় সে শ্রেষ্ঠ; স্বয়ংবরে আর চাই কী?

হায় রে হায়। হায়রে মানুষের দস্ত! আর বিচিত্র মানুষের মন! বিশেষ করে নারীর মন! ও যে কিসে পাওয়া যায়, এ কেউ বলতে পারে না।

হঠাৎ একদিন জীবনদস্তের ভুল ভেঙ্গে গেল। ভূপী বোসের সঙ্গে হয়ে গেল চরম সংঘর্ষ। এবং সম্পদ ও শঙ্কিতে শ্রেষ্ঠতা সম্বন্ধেও সব স্বপ্ন ভেঙ্গে চুরমার হয়ে গেল।

সেদিন দোলের দিন।

বেশ একটি মূল্যবান উপঢৌকনের ডালা সাজিয়ে জীবন দস্ত মঞ্জুরীদের বাড়িতে গিয়েছিলেন। তখনও মঞ্জুরীর সারা অঙ্কের কোথাও এক ফোটা আবীরের চিহ্ন ছিল না। জীবনের অভিপ্ৰায় ছিল সে-ই তার শ্যামল স্বন্দর মুখখানিকে প্রথম আবীর দিয়ে রাঙিয়ে দেবে। প্রথমেই দেখা হল মঞ্জুরীর মায়ের সঙ্গে। সে উপঢৌকনের ডালাটি তাঁর সামনেই নামিয়ে দিয়ে বললে—মা পাঠিয়ে দিয়েছেন। আমার কাছে আপনাদের কথা শুনেছেন কিনা।

মঞ্জুরীর মা গভীর মানুষ, জীবন তাঁকে ঠিক বুঝতে পারত না। একটু কেমন ভয় করত। আবার বেন ভালোও লাগত লোকটিকে।

তিনি মুখে বললেন—না না, এসব ঠিক নয় জীবন। বলে ডালাটি হাতে করে উঠে গেলেন উপরতলায়। নীচে রইল মঞ্জুরী। মঞ্জুরীর মুখে চোখে নিষ্ঠুর কৌতুক। এ নিষ্ঠুর কৌতুক জীবনের বেন ভালই লাগত। এবং এই নিষ্ঠুরতার জন্তই তার কৌতুক বেন বেশী মধুর মনে হত, বেশী করে টানত তাঁকে।

একলা পেয়ে জীবন পকেট থেকে আবার বের করে বললেন—নাতনীকে আজ মাথাব কিঙ্ক।

মঞ্জরী হেসে বললে—আমিও মাথাব। রঙ গুলে বেঁধেছি। দাঁড়াও দাঁড়াও! সে ছুটে গেল ঘরের মধ্যে। বেরিয়ে এল হাত দুটি পিছনে রেখে। জীবনের তখন হাঁশ ছিল না। সে সঙ্গে সঙ্গে মঞ্জরীর মুখে মাথায় মাথিয়ে দিলে আবার। এদিকে মঞ্জরীর দুখানি হাত মুখের সামনে উত্তত হল, দুই হাতে মাথানো আলকাতরা।

জীবন সভয়ে পিছু হটল। সঙ্গে সঙ্গে পৃষ্ঠপ্রদর্শন করে বাহির দরজার দিকে ছুটল, বস্ত্র বরাহের মতো।

বাহির দরজার মুখেই তখন ব্যাঘ্র। ব্যাঘ্রের পশ্চাতে প্রজ্ঞাপতি চতুরানন বন্ধিম।

বস্ত্র বরাহে এবং ব্যাঘ্রে প্রচণ্ড সংঘর্ষ হয়ে গেল। ক্ষত ধাবমান সবল মেহে জীবন দস্তের সঙ্গে ধাক্কা লাগল ভূপী বোসের; বন্ধিম তখন রাস্তার উপর থেকে লাফ দিয়ে উঠেছে মঞ্জরীর দাওয়ায়। জীবন দস্তের ধাক্কা সহ করতে পারলে না ভূপী। একেবারে চিত হয়ে উটে বাকে বলে সশব্দে-ধরাশায়ী-হওয়া তাই হল ভূপী বোস। জীবন ধাক্কা খেয়ে ধমকে দাঁড়িয়ে গেল। আঘাত তাকেও কম লাগে নি, কিন্তু সে সহ্য করার শক্তি তার ছিল। এবং একটু সামলে নিয়েই সে সত্যসত্য সহ্যহুভূতির সঙ্গে হাত ধরে তুলতে গেল ভূপী বোসকে। ইচ্ছাকৃত না-হোক অনিচ্ছাকৃত হলেও ক্রটিটা তারই বলে মনে হল তার। শুধু সে তাকে হাত ধরে তুলেই নিরন্ত হল না, ভূপীর শরীরে কোথাও আঘাত লেগেছে কিনা দেখতে চেষ্টা করলে, ধুলো ঝেড়ে দিলে অপরাধীর মতো।

এই অবসরে ভূপী ছিটকে-বাওয়া পায়ের জুতোপাটিটা কুড়িয়ে নিয়ে তার মাথায় মুখে পিঠে আধালি-পাখালি মারতে শুরু করলে। গাল দিলে—গুয়ার কি বাচ্চা! হারামজাদা! উল্লুক!

ব্যস। উন্নতের মতো জীবন হকার দিয়ে পডল ভূপী বোসের উপর। সেদিন নেশাও করেছিল জীবন। সিদ্ধি খেয়েছিল। ভূপীর সঙ্গে সে যুদ্ধ কেমন করে হয়েছিল, সে তার মনে নাই; কিন্তু বৃকে বসে ভূপীর নাকে তার প্রকাণ্ড হাতের প্রচণ্ড মুঠির একটা কিল সে মেয়েছিল। মারতেই মনে হল নাকটা বেন বসে গেল। সঙ্গে সঙ্গে গলগল করে রক্ত বেরিয়ে এসে ভাসিয়ে দিলে ভূপী বোসের মুখ, যত্নাক্ত হয়ে গেল জীবনের হাত—জামায় কাপড়েও রক্ত লাগল। বন্ধিম চিংকার করে উঠল—করলি কী!—আরও একটা আর্ড কর্ত তার কানে এল—মঞ্জরীর কর্তধর—ও মা গো! খুনে ডাকাড, খুন করলে মা গো!

চকিতে উন্নত জীবন আশ্রয় হয়ে গেল।

তাই তো! এ কী করলে সে? ভূপী বোসের জ্ঞান নাই, বুকে চেপে বসে তার স্পর্শ থেকে সে তা বুঝতে স্পরণেছে। বিপদের কথাও সঙ্গে সঙ্গে মনে হল। ভূপীর বেশ। দেউলিয়া জমিদার ঘরের ছেলে। ওরা ভয়ঙ্কর। দীত-নখ-ভাঙা বাঘই হয় নরখাদক। আর মঞ্জরীর কান্না শুনেও আজ তার স্বপ্ন ভেঙেছে। মুহুর্তে সে লাফ দিয়ে উঠে ছুটল। ছুটল একেবারে নিজের গ্রামের অভিমুখে। পথ দশ ক্রোশ কিন্তু সে পথ ধরে ফিরল না, ফিরল অপথে-অপথে, ময়ূরাক্ষী নদীর তীর ধরে। বোধ হয় তেরো-চোদ্দ ক্রোশ পথ হেঁটে বাড়ি এসে শৌছেছিল। জামাকাপড় নদীতে কেচে, কাপা মাথিয়ে, রক্তচিহ্নের আভাস গোপন করে বাড়ি এল।

মেডিক্যাল কলেজে পড়ার স্বপ্ন তার শেষ হল।

মঞ্জরীর মোহে পড়ে ঘুচে গেল। মঞ্জরীই দিলে ঘুটিয়ে।

সেদিন জগৎকু মশায় ও তাঁর স্ত্রী ছেলের অবস্থা দেখে শিউরে উঠে প্রশ্ন করলেন—কী হয়েছে? এমন করে কেন তুমি ফিরলে? কী হয়েছে?

জীবন মাথা হেঁট করে দাঁড়িয়ে রইল। কোনো উত্তর দিলে না।

জগৎকু মশায়ের মতো দৃঢ়চিত্ত প্রকৃতির মানুষের সামনেও সে অটল রইল। মঞ্জরীর নাম সে কিছুতেই প্রকাশ করবে না। শেষ পর্যন্ত বললে একজন বড়লোকের ছেলে তাকে জুতো মেরেছিল, সে তার শোধ নিয়েছে। আঘাত অবশ্য বেশী হয়েছে, রক্তপাত হয়েছে খানিকটা, সেই জন্তুই ওখান থেকে পালিয়ে এসেছে। ওখানে থাকলে সে হয়তো খুন করবার চেষ্টা করবে। ওখানে সে আর ফিরবে না। সে অল্প জায়গায় পড়বে। সিউড়ি বা বর্ধমান সরকারী হাই ইস্কুলে পড়বে সে।

—না! আর না!

জগৎকু মশায় বললেন—আর না। বাইরে পড়তে আর আমি তোমাকে পাঠাব না। আমাদের কৌলিক বিত্তা শেখো তুমি।

জগৎকু মশায়ের কণ্ঠস্বর কঠিন, কিন্তু মৃদু। কণ্ঠস্বর শুনে জীবনের সর্বদেহ বেন হিম হয়ে গিয়েছিল। মনে পড়েছিল, এ সে-ই কণ্ঠস্বর, এ কণ্ঠস্বরে যে কথা বলেন জগৎকু মশায় তার আর লজ্জন হয় না। জীবনের মনে পড়ল, একদিন নবগ্রামের বাবুদের বাড়ির এক অনাচারী, ব্যভিচারী, শ্রোতের অস্থখে চিকিৎসা হাতে নিয়ে হঠাৎ একদিন ঠিক এই কণ্ঠস্বরে চিকিৎসায় জবাব দিয়েছিলেন। বাবুটি ছিলেন মণ্ডপায়ী; জগৎকু মশায় তাঁকে মত্ত পান করতে নিবেদন করেছিলেন; কিন্তু তিনি নিবেদন লজ্জন করেছিলেন। জগৎকু মশায় ঘরে ঢুকে সেই কথা জানতে পেরেই কিরে এসেছিলেন। রোগীর আশ্রয়ের অমুন্নয় করে তাঁকে কেবলে

আয়োগ্য-নিকেতন

এসেছিল—মশায় এমনি কঠিন মুহূর্তে বলেছিলেন—না। ঐ ছোট একটি 'না' শব্দ শুনে জমিদার পক্ষ ধমকে গিয়েছিল। এবং সে 'না'-এর আর পরিবর্তন কোনো দিন হয় নাই। আজকের 'না' ও সেই 'না'। এবং এর সন্তো জগৎকে যে কথাগুলি বললেন তার মধ্যেও কঠোরের সেই মুহূর্তে এবং সেই কাঠিন্যই রনরন করছিল।

জীবন দস্ত সচকিত হয়ে মুহূর্তের জন্ত বাপের মুখের দিকে তাকিয়ে পর মুহূর্তেই মাথা নামিয়েছিল। বুঝতে আর বিন্দুমাত্র সন্দেহ থাকে নি—এ 'না'-এর আর পরিবর্তন নাই।

জগৎকে মশায় পঞ্জিকা খুলে বসলেন, বিজ্ঞা আরম্ভের দিন করবেন।

আট

স্তম্ভকর্মে বিলম্ব করতে নাই এবং কর্মহীন মানুষের মনের মধ্যে মন্দের হাতছানি অহরহ ইশারা জানিয়ে তাকে। জগৎকে মশায় অবিলম্বে কাম্বনের শেষেই জীবনের হাতে ব্যাকরণ তুলে দিয়ে পাঠ দিয়েছিলেন। আয়ুর্বেদ—পঞ্চম বেদ। চতুর্বেদের মতোই স্নয় প্রজ্ঞাপতির সৃষ্টি। দেবভাষায় কথিত, দেবভাষায় লিখিত। হুভগাং দেবভাষায় অধিকার লাভ করতে হবে প্রথম। ব্যাকরণ কিন্তু জীবনের খুব ভালো লাগে নাই, নরঃ নরৌ নরাঃ থেকে আগাগোড়া ব্যাকরণ মুখস্থ কি সোজা কথা। তবে ভালো লাগল অল্প দিকটা। সকালবেলা জগৎকে মশায় বখন রোগী দেখতে বসতেন তখন ছেলেকে কাছে বসাতেন। তাঁর আয়ুর্বেদ-ভবনের গুহু ধৈর্যর কাছে জীবনকে কিছু কিছু কাছ দিতেন। গাছ-গাছড়া মূল ফুল চেনাতেন। সবচেয়ে বেশী ভালো লেগেছিল তাঁর নাড়ী-পরীক্ষা বিজ্ঞা। অল্পত বিন্ময়কর এ বিজ্ঞা! কবিরাঞ্জের ঘরের ছেলে, কিশোর বয়সেই অল্পসল্প নাড়ী পরীক্ষা করতে জানতেন। জর হয়েছে কিনা জর ছেড়েছে কিনা, এগুলি তিনি নাড়ী দেখে বলতে পারতেন। জগৎকে মশায় বখন তাঁকে নাড়ী পরীক্ষার প্রথম পাঠ দিলেন সেদিন ওই পাঠ শুনে বিন্ময়ে অভিভূত হয়ে গেলেন। আজও মনে পড়ছে।

দেবতাকে প্রণাম করে জগৎকে মশায় বলেছিলেন—রোগ নির্ণয়ে সর্বাগ্রে স-গ্রহ করবে বিবরণ, তারপর রোগীর ঘরে ঢুকে গন্ধ অল্পভব করবে, তারপর রোগীকে আপাদমস্তক পর্যবেক্ষণ করবে। তারপর প্রশ্ন করবে রোগীকে—তার কষ্টের কথা। তাই থেকে পাবে উপসর্গ। এরপর প্রত্যক্ষ পরীক্ষার প্রথম এবং প্রধান পরীক্ষা

নাড়ী পরীক্ষা। তারপর জিহ্বাগ্র, মূত্র ইত্যাদি। পাকস্থলী মলমূত্রী অক্ষুভব করবে। সর্বাঙ্গে নাড়ী।

আচ্ছৌ সর্বেষু রোগেষু নাড়ী জিহ্বাগ্রে সন্তবাম।

পরীক্ষাঃ কারয়েঐতৎ পশ্চাদ্রোগং চিকিৎসয়েৎ।

অতি শূকটিন এ পরীক্ষা। বিশেষ করে নাড়ী-পরীক্ষা। যোগ হয়েছে—
রোগছুটে নাড়ী—সুহ নাড়ী এ অবশ্য বোঝা বিশেষ কঠিন নয়। তুমিও যোগ দেখেছি।

হাসলেন জগদ্ধকু মশায়। পরক্ষণেই গভীর হয়ে বললেন, কিন্তু যে বোধে যোগনির্ণয়, তার ভোগকা : নির্ণয়, মৃত্যুরোগাক্রান্ত হলে মৃত্যুকাল-নির্ণয় পর্যন্ত করা যায়, সে অতি-সূক্ষ্ম-জ্ঞানসাপেক্ষ ; জ্ঞান নয়, বোধ। তার জ্ঞান সর্বাঙ্গে চাই ধ্যানযোগ। আমরা যে চোখ বন্ধ করে নাড়ী দেখি—তার কারণ নাড়ীর গতি অক্ষুভবে ধ্যানযোগে যখন হয়ে গতি নির্ণয় করি। পারিপার্শ্বিকের কোনো কিছুতে আরুণ্ট হয়ে আমার মন যেন যোগ থেকে লুপ্ত না হয়। ইন্দ্রিয়ার অগোচর শক্তি এবং বহুস্ত—
বা নাকি জগতের নিগূঢ় অন্তরে প্রবহমান প্রকাশমান—সেই শক্তি, সেই বহস্য যেমন ধ্যানযোগে যোগীর অক্ষুভূতির গোচরীভূত হয়, ঠিক তেমনিভাবেই আয়ুর্বেদজ্ঞ যখন রোগীর নাড়ী পরীক্ষা করেন, তখন দেহের অভ্যন্তরে চক্ষু অগোচর যোগশক্তির ক্রিয়া, তার রূপ আয়ুর্বেদজ্ঞে : ধ্যানযোগে যথাযথভাবে গোচরীভূত হয়। বায়ু, পিত্ত, কফ—এই তিনের যেটি বা যেগুলি কুপিত হয়ে ছুটে হয়ে রোগীর রক্তধারার ক্রিয়া করছে, নাড়ীতে তার গতি তার যোগ কতখানি—সব একেবারে নিকূল অক্ষফলের মতো নির্ণীত হয়। আর—

জগদ্ধকু মশায়ের কর্ণস্বঃ গভীর হয়ে উঠল। তিনি বললেন—জ্ঞানযোগে নাড়ীবোধে আর মনসংযোগে ধ্যানযোগে যদি অক্ষুভূতিতে সিদ্ধ হতে পার, তবে বুঝতে পারবে রোগের অন্তরালে কেউ আছে বা নেই।

জগদ্ধকু মশায় ছেলের মুখেও দিকে দৃষ্টি তুলে বলেছিলেন—আমার বাবা বলতেন—এক সন্ন্যাসী তাঁকে বলেছিলেন, তিনি তাঁকে সাপের বিষের ওষুধ দিয়েছিলেন, বলেছিলেন—সর্পদংশনে বিযক্রিয়ার ওষুধ আছে; কিন্তু যে সাপ কালের আজ্ঞা বহন করে আসে, তার দংশনে মৃত্যুই ধ্রুব; তার ওষুধ হয় না। ঠিক তেমনি রোগের ওষুধও আছে, চিকিৎসাও আছে, কিন্তু কালকে আশ্রয় করে যে রোগ আসে, তার ওষুধও নাই, চিকিৎসাও নাই। আমরা বৈজ্ঞ, আমরা চিকিৎসাজীবী—আমাদের চিকিৎসা করতেই হয়, কিন্তু ফল হয় না। এই নাড়ীবোধের দ্বারা বুঝতে পারা যায়—যোগ তার বেহে নির্দিষ্টকাল ভোগ করেই ক্ষান্ত হবে—অথবা যোগের অন্তে কাল তাকে গ্রহণ করবে।

জীবন মুক্ত হয়ে গুনছিলেন। শুনতে শুনতে সব যেন তাঁর ওলোটপালট হয়ে গিয়েছিল। সত্যই ওলোটপালোট।

সেকালে জীবন দস্তের চোখে মাঝে ছিল রত্নলাল ডাক্তারের প্রতিষ্ঠা—তাঁর পরদের কোটি পেটালুন, সোনার চেন—সাদা ঘোড়া—হারও অনেক ঝকু—অর্থ, সম্পদ, প্রতিষ্ঠা। যার জন্ত ডাক্তারি পড়াই ছিল স্বপ্ন। কিন্তু এ কথা তিনি মুক্তকণ্ঠে স্বীকার করেন যে, সেদিন শাস্ত্রতত্ত্ব শুনতে শুনতে এ সব তিনি ভুলে গিয়েছিলেন। এক অপরূপ জ্ঞানলোকের সিংহদ্বারে তাঁকে তাঁর পিতা—তাঁর গুরু এনে দাঁড় করিয়ে দিয়েছিলেন। বলেছিলেন--এই দরজা খুলে প্রবেশ করতে পারলে অমৃতের সন্ধান পাবে। তিনি যেন তার আভাসও পেয়েছিলেন।

তাঁর বাবা বলতেন, তিনিও মানেন—কোনো শাস্ত্র জানা আর সে শাস্ত্রে জ্ঞানলাভ, দুটো আলাদা জিনিস। বলতেন—যারা, আমাদের শাস্ত্রে বলে, গুরুর রূপানা হলে জ্ঞান হয় না। শিক্ষা হয়তো হয়। মুখস্থ অবগত করতে পার। কিন্তু সে শিক্ষা যখন জ্ঞানে পরিণত হয়, তখন পৃথিবীর রূপ পালটে যায়। চক্ষুর অগোচর প্রত্যক্ষ হয়, স্পর্শের অগোচর অনুভূতিতে দগা দেয়। নাতী-পরীক্ষা-বিজ্ঞা জ্ঞানে পরিণত হলে তুমি জীবনের মধ্যে মৃত্যুকে অনুভব করতে পারবে।

সে কথা সত্য। জীবন দস্ত উচ্চকণ্ঠে ঘোষণা করে বলতে পারেন—সত্য, এ সত্য, এ সত্য।

এই স্বপ্নীকালে কত পেশলেন—পৃথিবীর আয়তন জম্বুদ্বীপ থেকে প্রসারিত হয়ে পশ্চিম গোলার্ধ, পূর্ব গোলার্ধ, উত্তর মেঘ, দক্ষিণ মেঘ পর্যন্ত বিস্তৃত হল, প্রাচীনকালে থাকে সত্য বলে যেনেছে মাতৃঘ, ত মিথ্যা বলে প্রমাণিত হল, নতুন সত্যকে গ্রহণ করতে হল, কিন্তু এই সত্য মিথ্যা হয়নি। এ চিরসত্য।

একালে পড়েছেন ডুবুীর কথা। সমুদ্রে নামে—আধুনিক বস্ত্রপাতি-সংযুক্ত পোশাক পরে মুক্ত আহরণ করে, তারা সেখানে গিয়ে সমুদ্রের তল-দেশের বিচিত্র সৌন্দর্যে মুগ্ধ হয়, কথেক মুহূর্তের জন্ত ভুলেও যায় মুক্তা আহরণের কথা। ঠিক তেমনিভাবেই সেদিন জীবন দস্ত সব ভুলে গিয়েছিলেন; প্রতিষ্ঠার কথা, সম্পদের কথা, সম্মানের কথা—সব ভুলে গিয়েছিলেন তিনি। সেদিন এই প্রশ্নকে জগৎদুঃখ মশায় তাকে এক বিচিত্র পুরাণ-কাহিনী স্তনিয়েছিলেন। মৃত্যু কে? ব্যাধি কী? মৃত্যুর সঙ্গে ব্যাধির কী সম্পর্ক? সেই সব নিয়ে—সে কাহিনী বিচিত্র।

জগৎদুঃখ মশায় ভাগবত-কথকের মতো স্বক কথক ছিলেন। তাঁর নিপুণ গভীর বাগ্‌বিজ্ঞানে জীবন দস্ত অভিভূত হয়ে পড়েছিলেন।

বলেছিলেন—সবগ্ন বোধমাত্রেরই মৃত্যু-স্পর্শ বহন করে। মহাভাবতে আছে,

ভগবান প্রজ্ঞাপতি মনেও আনন্দে হৃষ্টি করে চলেছেন, হৃষ্টির পর হৃষ্টি। বিচিত্র থেকে বিচিত্রতর। তখন পৃথিবীতে শুধু হৃষ্টিই আছে, লয়, বা মৃত্যু নাই। এমন সময় তাঁর কানে এল বেন কার কীণ কাতর বর্গধ্বর। তিনি উৎকর্ণ হলেন। এবার নাসারন্ধ্রে প্রবেশ করল বেন অস্বাচ্ছন্দ্যকর কোনো গন্ধ। এবার হৃষ্টির দিকে তিনি দৃষ্টিপাত করলেন। দেখে চকিত হয়ে উঠলেন। এ কী? তাঁর হৃষ্টির একটি বৃহৎ অংশ জীর্ণ, মলিন, স্থবির, কর্কশ হয়ে গিয়েছে। পৃথিবীর বৃক বহু জীবে পরিব্যাপ্ত। স্বভাবে উচ্ছ্বল অথচ উচ্ছ্বাসবিহীন—ত্মিত? বিপুলভায়ে ঝুট পৃথিবী করেছেন কাতর আর্তনার। আর ওই যে অস্বাচ্ছন্দ্যকর গন্ধ। ও গন্ধের হৃষ্টি হয়েছে ওই জীর্ণ হৃষ্টির জরাগ্রস্ত দেহ থেকে।

উপায় চিন্তায় নিমগ্ন হলেন প্রজ্ঞাপতি ব্রহ্মা। লগাটে চিন্তায় কুঞ্জনযেথা দেখা মিল। অকস্মাৎ এই চিন্তামগ্নতার মধ্যে তাঁর মুখমণ্ডল অকারণে কুটিল হয়ে উঠল। ক্রকুটি ভ্রুগে উঠল প্রশম লগাটে। হান্তম্বিত মুখে অপ্রসন্নতা ফুটে উঠল। প্রশম নীল আকাশে বেন মেঘ উঠে এল দিগন্ত থেকে। সঙ্গে সঙ্গে তাঁর অঙ্গ থেকে ছায়ায় মতে কী বেন বেরিয়ে এল, ক্রমে সে ছায়া কারা গ্রহণ করল—একটি নারীমূর্তি তাঁর সামনে দাঁড়াল কৃতজ্ঞালি হয়ে। পিঙ্গলকেশা পিঙ্গলনেত্রী, পিঙ্গলবর্ণা, গলদেশে ও মণিবন্ধে পদ্মবীজের ভূষণ, অঙ্গে গৈরিক কাব্য; সেই নারীমূর্তি প্রশাম করে ভগবানকে প্রশ্ন করলেন—পিতা, আমি কে? কী আমার কর্ম? কী হেতু আমাকে আপনি হৃষ্টি করলেন?

ভগবান প্রজ্ঞাপতি বললেন—তুমি আমার কন্যা। তুমি মৃত্যু। হৃষ্টিতে সংহার-কর্মের জন্ত তোমার হৃষ্টি হয়েছে, সেই তোমার কর্ম।

চমকে উঠলেন মৃত্যু—অর্থাৎ সেই নারীমূর্তি; আর্তধ্বরে বললেন—পিতা হয়ে তুমি এ কী কুটিল কঠিন কর্মে আমাকে নিযুক্ত করছ? এ কি নারীর কর্ম? আমার নারী-কর্ম—নারী-ধর্ম এ সঙ্ক-করবে কী করে?

ভগবান হেসে বললেন—কী করব? উপায় নাই। হৃষ্টি যখন করেছি, তখন ওই কর্মই করতে হবে।

মৃত্যু বললেন—পারব না!

—পারতে হবে।

মৃত্যু তপস্তা শুরু করলেন। কঠোর তপস্তা করলেন। ভগবান এলেন—
কললেন—বর চাও।

মৃত্যু বর চাইলেন—এই কঠিন নিষ্ঠুর কর্ম থেকে আমাকে অব্যাহতি দিন।

ফিরে গেলেন ভগবান—না

আবার তপস্যা করলেন মৃত্যু, এবারের তপস্যা পূর্বের তপস্যার চেয়েও কঠোর
আবার এলেন প্রজ্ঞাপতি। আবার ওই বর চাইলেন মৃত্যু—এই নির্ভরতম কর্ম
থেকে কল্যাণে অব্যাহতি দিন পিতা।

প্রজ্ঞাপতি নীরবে ধীরভাবে ঘাড় নাড়লেন, জানালেন—না। সে হয় না।

এং মুহূর্তে তিনি অদৃশ্য হয়ে গেলেন।

কল্যাপিনী মৃত্যু দীর্ঘকণ আকাশমুখী হয়ে দাঁড়িয়ে বসিলেন। তারপর আবার
আসন গ্রহণ করলেন।

ভৃতীয়বার তপস্যামগ্ন হলেন মৃত্যু। এবার সে তপস্যা করলেন, তার চেয়ে
কঠোরতর তপস্যা কেউ কখনও করে নি। আবার ভগবান ব্রহ্মাকে আসতে হল।
আবার মৃত্যু ওই বর চাইলেন। বর প্রার্থনা করতে গিয়ে এবার তাঁর ঠোট দুটি কেঁপে
উঠল। চোখ দিয়ে অনর্গল ধারার জল গড়িয়ে এল। ব্রহ্মা ব্যস্ত হয়ে নিজের অঙ্কলি
বদ্ধ করে সেই প্রবাহিত অঙ্কলিতে অশ্রুবিন্দুগুলি ধরলেন। বললেন—মা, তোমার
চোখের জল এ সৃষ্টিতে পড়বামাত্র এর উত্তাপে সৃষ্টি ধ্বংস হয়ে বাবে।

দেখতে দেখতে সেই অশ্রু বিন্দুগুলি হাতে এক-একটি কুটিল মূর্তির আবির্ভাব হল।
ভগবান বললেন—এরা হল রোগ ; এরা তোমারই সৃষ্টি ; এরাই তোমার সহচর।

মৃত্যু বললেন—কিন্তু আমি নারী হয়ে পত্নীর পার্শ্ব থেকে পতিকের গ্রহণ করব কী
করে ? মাঘের বুক থেকে তার বত্রিশনাভী ছেঁড়া সন্তানকে গ্রহণ করব, এই নির্ভর
কর্মের পাপ—

বাধা নিয়ে ভগবান বললেন—দর্ব পাপ-পুণ্যের উল্লেখ তুমি। পাপ তোমাকে স্পর্শ
করবে না। তাছাড়া তাদের কর্মফল তোমাকে আহ্বান করবে এই বোগেশ্বরের
মাধ্যমে। অন্যচার, অমিতাচার, ব্যভিচারের ফলে বোগাক্রান্ত হবে যাহূব তুমি
তাদের বেবে যন্ত্রণা থেকে মুক্তি, জালা থেকে শান্তি, পুরাতন জন্ম থেকে নব
জন্মান্তর।

—কিন্তু—। মৃত্যু আকুল হয়ে বললেন—শোকাতুরা স্বী পূত্র মাতাপিতা মাটিতে
লুটিয়ে পড়বে, বুক চাপডাবে, মাথা হুটবে, সে দৃশ্য আমি দেখব কী করে ?

ভগবান বললেন—তুমি অন্ধ চলে, দৃষ্টি তোমার বিলুপ্ত হল দেখতে তোমাকে
হবে না।

মৃত্যু বললেন—তার ক্রন্দন ? নারী-কণ্ঠের আর্দ্রবিলাপ কি—

বাধা নিয়ে ভগবান বললেন—তুমি বধির হলে। কোনো ধ্বনি তোমার কানে
বাবে না।

অগভ্রু মশায় বলেছিলেন—মৃত্যু অন্ধ, মৃত্যু বধির। বোগই তার সন্তানের মতো

নিয়ত তার হাত ধরে ঘুরে বেড়াচ্ছে। তবে তাকে নিঃশ্রম করছে নিয়ম-কাল। বার কাল পূর্ণ হয়, তাকে যেতে হয়। অকালমৃত্যুও আছে। নিজের পাপে মানুষ নিজের আয়ুক্ষয় করে কালকে অকালে আহ্বান করে। আমাদের যে পঞ্চম বেধ আয়ুর্বেদ—তার শক্তি হল, কাল যেখানে সহায়ক নয় রোগের, সেখানে রোগকে প্রতিহত করা। রোগ এমন ক্ষেত্রে ফিরে যায়, তার সঙ্গে অঙ্ক-বধির মৃত্যুও ফিরে যায়। কিন্তু কাল যেখানে পূর্ণ হয়েছে, সেখানে আক্রমণের বেগে নাড়ীতে যে স্পন্দন-বৈলক্ষণ্য দেখা দেয় তা থেকে বৃদ্ধিতে পানী যায়, মৃত্যু এখানে কালের পোহকতায় অগ্রসর হচ্ছে। এমন কি কতক্ষণ, কয়গ্রহর, কয় দিন, কয় সপ্তাহ, পক্ষ বা মাসে সে গ্রহণ-কর্ম শেষ করবে, তাও বলা যায়—এই নাড়ী পরীক্ষা করে।

এই মুহূর্তটিতে সেদিন ঘরের কোণে একটা টিকটিকি টক টক শব্দে ডেকে উঠেছিল। মাটিতে আঙুলের টোকা দিয়ে জগৎকু মশায় টিকটিকিটার দিকে তাকিয়ে হেসে বলেছিলেন—ওই দেখো।

জীবন প্রথমটা ভেবেছিল—বাবা বলেছেন—টিকটিকি তাঁর কথাকে সত্য বলে সমর্থন করছে। কিন্তু না। সেদিকে তাকিয়ে জীবন দেখেছিলেন, ডাক দিয়েই টিকটিকিটা লাফিয়ে ধরেছে একটা ফড়িংকে। ফড়িঙটা ঝটপট করছে।

মশায় বলেছিলেন—অনুরূপ অবস্থায় মানে ধরে যদি কোনো মানুষকে কুমির ধরেছে কি কোনো ছুটী কঠিন জিনিসের মধ্যে চাপা পড়ছে—শিষ্ট হচ্ছে, এমন অবস্থায় তার নাড়ী যদি পরীক্ষা করা যায় তবে নাড়ীর মধ্যে জীবনের অর্ন্তনাথ অনুভব করতে পারবে। একেবারে প্রত্যক্ষ করতে পারলে, মনে হবে চোখে দেখছি।

নাড়ীবিজ্ঞানে নিদান স্বীকার প্রথম অভিজ্ঞতাব গল্প বলেছিলেন জগৎকু মশায়। বলেছিলেন—গিরিশবাবুর মা,—এই নবগ্রামের গিরিশবাবু, তাঁর মা—বর্ষা সময় স্বীধানো ঘাটের চাতালে পা পিছলে পড়ে গেলেন। পড়েই অজ্ঞান হয়ে গেলেন। বাবা তখন দেহ রেখেছেন—আমার বয়স তখন কম। গেলাম। নাড়ী দেখে শব্দিত হলাম। কিন্তু সঠিক কিছু বৃদ্ধিতে পারলাম না। দেখলাম, আঘাতের ফলে যেমন নাড়ী স্পন্দনহীন হয়, তাই হয়েছে। সে ক্ষেত্রে নাড়ী অসাধ্য নয়। তবু কেমন যেন সন্দেহ হল। বললাম প্রকাশ করে। এক্ষেত্রে মৃত্যু হতেও পারে—না হতেও পারে। আপনারা আরও বিচক্ষণ কবিবাজ এনে দেখান। পাকলিয়ার বৃদ্ধ

কবিরাজ মশায় এলেন সন্ধ্যায়। তিনি দেখলেন। বললেন—এ অবস্থায় তিনদিন উত্তীর্ণ হলে এ যাত্রা রক্ষা পেলেন। তবে—

আবার নাড়ী দেখলেন, বাতমূলে করে, নাড়ী পরীক্ষা করে বললেন—এক পলেও এক বৎসর মধোই ভ্রম দেহান্ত ঘটবে এবং দেহান্তের পূর্বে যেখানে আঘাত পেয়েছেন আচ্ছ, সেইখানে তীব্র বেদনা অনুভব করবেন। যেন নুতন করে সেদিন আঘাতটা পেলেন—এমনি মনে হবে।

গিরিশবাবু দ্বিতীয় দিনেই মাকে পালকি করে গঙ্গাতীরে নিয়ে গেলেন। সকলেই সন্দেহ করলেন—তিনদিনের মধোই দেহান্ত ঘটবে। গঙ্গাতীরে দেহরক্ষার মাঝে একান্ত বাসনা ছিল। কিন্তু সেখানে গিয়ে চতুর্থদিনের প্রভাতে বৃষ্টির জ্বান হল। ধীরে ধীরে সেবেশ উঠলেন। দেহরক্ষার পদে নিয়ে গঙ্গাতীরে গিয়ে ফেরার নিষেধ। গঙ্গাতীরেই থাকলেন তিনি। ষ্টিক বৎসরের শেষে—এক সপ্তাহ আগে, হঠাৎ একদিন তিনি যন্ত্রণা অনুভব করলেন আঘাতের স্থানে। যন্ত্রণা ক্রমে তীব্র থেকে তীব্রতর হতে লাগল। চন্দ্রিশ ঘণ্টা সেই যন্ত্রণা ভোগ করে তিনি অচেতন হয়ে গেলেন। তারপর আর বাবে ঘণ্টা পরে ঘটল তাঁর দেহান্ত।

এ আমার প্রত্যক্ষ প্রথম অভিজ্ঞতা। তারপর নিজেই অনেক দেখলাম। তুমিও দেখবে। এ ষ্টিক বিনিয়মে দেবার নয়, ব্যাখ্যা করে ফল নাই। উপলব্ধি করবার শক্তি ভাগ্যের উপর নির্ভর করে বাবা। তোমার যদি সে ভাগ্য থাকে, সে শক্তি যদি অর্জন করতে পার, তবে তুমিও বুঝতে পারবে।

নয়

হঠাৎ আচ্ছ নিজেই নাড়ী ধরলেন জীবন মশায়, কত দেরি? কত দূরে সে? নির্বক্ষণ নাড়ী ধরে বসে রইলেন। কই, কিছুই তো অনুভব করতে পারছেন না। কোথায় গেল তাঁর অনুভবশক্তি? ওই তরুণ ডাক্তারটির আঘাতে তিনি কি অন্তরে অন্তরে অসাড় হয়ে গেলেন?

—কী, হচ্ছে কী? নিজের নাড়ী দেখছ? প্রশ্ন করলেন আন্তর-বউ।

জীবন ডাক্তার ছেড়ে দিলেন নিজের নাড়ী। আন্তর-বউ এসেছে। আসবারই কথা। সারাটা জীবন ভাত খাওয়া শেষ করে, লোকজনকে খাইয়ে আন্তর-বউ পাখা হাতে এসে তাঁর বিছানার পাশে বসে। পান-দোকান খায়, বাতাস করে।

কপূর-নেওয়া জলের গ্লাসটি শিরে রেখে দেয়। হাতে সেবা করে, মুখে অনর্গল মর্দেছনী অথচ মিষ্ট কথা বলে যায়। তাঁকে উদ্বেগ করে বড় বলে না, নিজের কপালকে উদ্বেগ করে। আইনের প্যাঁচে তাকে ধরা যায় না। প্রতিবাদ করলেই আতর-বউ বলে—তোমাকে তো কোনো কথা আমি বলি নি। আমি বলছি আমার কপালকে। তুমি ফৌস করে উঠেছ কেন ?

অনেককাল আগে জীবন ডাক্তার একবার ধৈর্য হারিয়েছিলেন। বলেছিলেন—তোমার কপালে যে ভগবান আমাকে বেঁধে অধিষ্ঠিত করে দিয়েছেন। আঘাত করলে আমাকেই লাগে যে।

আতর-বউ ষাড় বেঁকিয়ে তিখক দৃষ্টিপাত করে নিস্পৃহ কণ্ঠে প্রশ্ন করেছিলেন—তোমাকে লাগে ?

—হ্যাঁ। বুঝতে পার না ?

আতর-বউ একটা পাখরের কল নিয়ে কপালে ঘা মেখে কপালটা রক্তাক্ত করে তুলে বলেছিলেন—কই ? কই ? কই ?

এরপর থেকে জীবন ডাক্তার সিঁড়িতে পায়ের শব্দ শেলে চোখ বুজে পড়ে থাকেন ঘূমের ভান করে। আছ অতীত কথা স্মরণ করতে গিয়ে এমনই মগ্ন হয়ে গিয়েছিলেন যে পায়ের শব্দ শুনতে পান নাই।

আতর-বউ আবার প্রশ্ন করলেন—শরীর খারাপ ?

জীবন দত্ত চেঁচা করলেন মিথ্যা বলতে। বলতে চাইলেন—শরীরটা যেন ভালো বোধ হচ্ছে না। কিন্তু বললেই এই আতর-বউ আর এক আতর-বউ হয়ে যাবে। শিশুর মতো অসহায় করে তুলে সেবা বঞ্চে জীবন ডাক্তারকে অভিব্যক্ত করে বেবে।

কতবার জীবন দত্তের মনে হয়েছে এই আতর-বউই তাঁর জীবনের ছন্দবেশিনী মৃত্যু। তাঁর বাবা বলতেন, তিনিও তাঁর স্বদীর্ঘ চিকিৎসক জীবনে বকেছেন, উপলব্ধি করেছেন, মৃত্যু অবগুণ্ঠনময়ী : দূর থেকে তাকে চেনা যায় না। তাকে দেখে ভয় হয়, কারণ সে আসে জালাঘন্ত্রাণময়ী ব্যাধির পশ্চাদভ্রমণ করে—কালবৈশাখীর বড়ের অল্পসারিণী বর্ষণ-পারাব মতো। প্রচণ্ড বিকোভে ব্যাধির জালাব, বন্ত্রণায় জীবনের উপর তোলে বিকোভ, মৃত্যু আসে বর্ষাধারার মতো, সকল জালা-বন্ত্রণায় বিকোভ জুড়িয়ে দিয়ে, প্রশান্ত বিহ্ব করে দেয়। আতর-বউ ঠিক তাই। ঘূরে বতকণ থাকে ততকণ ভয়ঙ্করী, তাঁর অশ্রুতত্ত তপ্ত কথাগুলি ব্যাধির জালাব মতোই বন্ত্রণাদায়ক। কিন্তু—

না। আতর-বউ তাঁর জীবনে ব্যাধি, শুধুই ব্যাধি। মৃত্যু হল সেই ময়রী।

জীবনে তো আর থাকতে কেউ মৃত্যুকে পায় না। তাই জীবন বস্ত্র মঞ্জরীকে পাননি। মধ্যে মধ্যে মৃত্যু ছলনা করে যায় মানুষকে, আসতে-আসতে কিরে যায়, ধরা দিতে-দিতে দেয় না। বেখে যায় আঘাতের চিহ্ন; অনেক ক্ষেত্রে চিরস্থায়ী ব্যাধি বেখে যায়। মঞ্জরীও তাই করেছে। ছলনা করে চলে গেছে, বেখে গেছে ব্যাধিরূপিনী আতর-বউকে।

নীরবে একটা দীর্ঘরাস কেলেলেন জীবন ডাক্তার। আতর-বউয়ের প্রণয়ের কী উত্তর দেবেন ভেবে পেলেন না। আতর-বউ কিন্তু এ নীরবতায় উত্তপ্ত হয়ে উঠেছে। মন মনে থাকলে জীবন ডাক্তার বলেন—আতর-বউ বাগলে টেম্পারেচার গুণ্টে ম্যালেরিয়ার জ্বরের মতো। দেখতে দেখতে একশো পাঁচ।

আতর-বউ তাঁর জীবনে ম্যালেরিয়ার বটে; পোষাই আছে; এতটুকু অনিয়ম ব্যতিক্রম হলেই প্রকট হয়ে উঠবে। অনিয়ম না হলেও অমাবস্তা পূর্ণমাতে দেখা দেওয়ার মতো মধ্যে মধ্যে জর্জর জরোস্ত্রাপ ফুটবেই।

আজ কিন্তু শশী হতচ্ছাড়া এসে আতর-বউকে স্বরূপে প্রকট করে দিয়ে গিয়েছে। আতর-বউ শশীকে মেহগু করেন। অনেকদিন শশী যে এ বাড়িতে কাটিয়েছে; আতর-বউয়ের ফাইফরমাস স্তনত, তাঁদের ছেলে-মেয়েদের কোলে-পিঠে করত; এ বাড়ি ছেড়েও শশী সম্পর্ক ছাড়ে নাই, মধ্যে মধ্যে আসে। শশীকে ডাক্তার বলেন—গুটা হল ম্যালেরিয়ার পিলে। গুটা কামড়ে উঠলেই ম্যালেরিয়া জাগবেন।

আতর-বউ উত্তপ্ত হয়ে উঠেছিলেন, বললেন—বলি হাঁগা, কখন বললেও কি তোমার নিদান বুঝবার পক্ষে ব্যাঘাত হবে?

জীবন ডাক্তার এবার সোজাসজি বললেন—শশী তোমাকে কী বলে গিয়েছে বলো তো?

—শশী? শশী কী বলে যাবে? ছাই কেলেতে ভাঙা কুলে! সব তাতেই শশী। কার না স্তনে বার্কি আছে যে, তুমি কামার বৃত্তির নিদান হেঁকেছ? কে না এ চাকলায় স্তনেছে যে, দরকারী ডাক্তার তোমাকে হাতুড়ে বলে প্রকাশে অপমান করেছে! নিদান হাঁকতে বারণ করেছে। বলেছে ধরখাস্ত করবে, মকদ্দমা করবে। শশী বলবার মধ্যে বলেছে—পায়ের হাড় ভেঙেছে—এতে উনি নিদানটা না হাঁকলেই পারতেন। নিদানের রুগী আছে বই কি? সেখানে পাশ-করা ডাক্তাররা বৈ পাবে না। এই তো তারই হাতে রুগী রয়েছে—ডাক্তাররা কেউ কিছু করতে পারলে না। তোমাকে ডাকতে এসেছিল শশী। শশীর ওপর দোষ কেন?

বুদ্ধ জীবন ডাক্তার চূপ করে বইলেন: কী বলবেন? আমল পালটেছে, চিকিৎসা শাস্ত্র এগিয়ে গিয়েছে। তিনি পিছিয়ে পড়েছেন। নইলে—আগের কালের

চিকিৎসা অমুযায়ী তাঁর নিদান তুল নয়, বুড়ীর যাওয়ার কথা, নিশ্চয় যাওয়ার কথা এই আঘাতের ফলে। তবে এ কালের সার্জারির উন্নতি এক্সরে আধিকার এ সব তাঁর অজানা নয়; কিন্তু সে চিকিৎসা ব্যয়সাধ্য।

তাই সে হিসেব তিনি করেন নি। আরও একটা কথা,—বুড়ীর এই সময় যাওয়াটা ছিল অস্থির যাওয়া, সমারোহের যাওয়া। স্বেচ্ছায় যাওয়াই উচিত। তাঁর বাবা বলতেন—

তাঁর বাবার কথাগুলি স্মরণ করবার অবকাশ পেলেন না তিনি। বাইরে থেকে কেউ তাঁকে ডাকলে—ডাক্তারবাবু!

চমকে উঠলেন ডাক্তার। আতর-বউও চকিত হয়ে উঠলেন। এ যে নবগ্রামের কিশোরের গণা। হৃদনের মুখই মুহূর্তে প্রসন্ন হয়ে উঠল। কিশোর! কিশোর আসে যেন বর্ষার দুর্ভোগরাত্রির অবসান করে প্রসন্ন শরৎপ্রভাতের মতো। বয়সে প্রৌঢ় হয়েও কিশোর চিরদিন কিশোরই থেকে গেল। আত্মসম্মত কিশোর উনিশশো সাতচল্লিশ সাল পর্যন্ত ছিল রাজনৈতিক এবং সমাজসেবক কর্মী। এখন সে সব ছেড়ে হোমিওপ্যাথি চিকিৎসা করে বেড়ায়, তবে অভ্যাস বশে দু-চারটে পরের উপকার না করে পারে না, না করলে লোকেও ছাড়ে না। কিশোর ছেলেটি ডাক্তারের জীবনের একটা অধ্যায়। তাঁর জীবনে প্রকাণ্ড বড় একটি স্থান অধিকার করে আছে।

— ডাক্তারবাবু! আবার ডাকলে কিশোর।

—সাদা দাও, আসতে বেলো! প্রসন্ন স্বরেই তিরস্কার করলেন আতর-বউ। এক স্বাধীর অপেক্ষা না করেই তিনি নিচে নেমে গেলেন, ডাকলেন—এসো বাবা এসো।

যাটা বন্ধরের কাপড় এবং হাত-কাটা খাটো পাঞ্জাবির উপর একখানা চাদর— এই হল কিশোরের চিরকালের পোশাক। প্রসন্ন প্রশান্ত স্ত্রী মাতুষ। যে পোশাকই হোক কিশোরকে মানায় বড় স্তম্ভর। কর্মঠ সরল দেহ, সবল প্রদীপ্ত মন; মাতুষটি ঘরে ঢুকলেই ঘরখানি যেন প্রসন্ন হয়ে ওঠে।

কিশোর এসে মাটির উপরেই বসে পড়ল এবং বিনা ভূমিকাত্তেই বলল— একবার বেরুতে হবে ডাক্তারবাবু।

আতর-বউ একখানা আসন পেতে দিলেন, বললেন—উঠে বোসো কিশোর। মাটিতে কি বসে!

ডাক্তার হেসে বললেন—মহারাজ অশোক মাটিতে বসে রাজা হয়েছিলেন। কিশোর মাটিতে বসে একদিন রাজা না হোক মিনিস্টার হবে। কেমন কিশোর!

কিশোর হাত ছোড় করে বলল— তার চেয়ে এই বয়সে বিয়ে করতে রাজী আছি ডাক্তারবাবু। এমন কি শনির দশায় পড়তেও রাজী আছি। কিন্তু আপনাকে একবার তাড়াতাড়ি উঠতে হবে।—শেষের কটি কথায় কিশোরের বয়স্কৃত উৎকর্ষা ঘটে উঠল—জানিয়ে দিলে সরস পরিহাসের মানসিকতা তার এগন নাই।

—কি ব্যাণার ? কোথায় যেতে হবে ?

—যেতে হবে আমাদের গ্রামেই। রতনবাবু হেডমাস্টার মশায়ের ছেলে বিপিনের অস্থ—একবার যেতে হবে।

ডাক্তার বিশ্বস্ত হলেন। বৃক রতনবাবু এককালের নামকরা হেডমাস্টার, দুর্ভট নূচ চরিত্রের মানুষ; তাঁর ছেলে বিপিনও বাপের উপযুক্ত স্থান, সংপ্রকৃতির মানুষ, লক্ষপ্রতিষ্ঠ উকিল। বিপিন কয়েক বৎসর রক্তের চাপের আধিক্যে হস্তস্থ রয়েছে। সম্প্রতি অস্থ বৃদ্ধি পান্ড্যায় কলকাতায় গিয়েছিল চিকিৎসার জন্য। সেখান থেকে ষুধপত্র নিয়ে দেশে এসে বিশ্রাম নিচ্ছে। বিশ্রামই ; রোগের চিকিৎসা ; নবগ্রামের ডাক্তার করেন চাটুঞ্জী কলকাতায় গিয়েছিলেন এই উপলক্ষে। সেখানকার বড় ডাক্তারের কাছে চিকিৎসাবিধি বুঝে এসেছে এবং সেইমত চিকিৎসা সেই করছে। এগন হঠাৎ কই হল যে, কিশোর তাঁকে ডাকতে এসেছে ?

কিশোর বললে—চলুন, পথে চলতে চলতে বলব

কিশোর বলে যাচ্ছিল রোগের কথা। পথ চলতে চলতে কথা হচ্ছিল :

কলকাতায় বড় ডাক্তার রক্তের চাপ কমাবার জন্য রক্ত মোক্ষ করেছিল। মৃত্যুশয্যে দোষ পাওয়া গেছে। এখন গ্লুকোস ইন্জেকশনই হল প্রধান চিকিৎসা। এর সঙ্গে অবশ্যই আরও অনেক ঔষু আছে। এ ব্যবস্থায় কলকাতার ভালোই ছিলেন বিপিনবাবু। ভালো থাকতেই দেশে এসেছেন, করেন ডাক্তার ভরস দিয়েছিল ; বড় ডাক্তারও সম্মতি দিয়েছিলেন। এখন দেশে ফিরে হঠাৎ রোগটি যেন বেঁকে পাড়িয়েছে। বিচিত্র এক উপসর্গ দেখা দিয়েছে—হিকা ; আজ পাঁচ দিন হয়ে গেল হিকা চলছে সমানভাবে। হাসপাতালের ডাক্তার প্রত্যন্ত বাসকেও ডাকা হয়েছিল, কিন্তু তাদের ঔষুধে কোনো ফল হয় নাই। তবে একমাত্র ভরসার কথা এই যে, নানীর গতি বা হৃদযন্ত্রের গতির উপর এমন কোনো প্রতিক্রিয়ার লক্ষণ দেখা দেয় নাই। কিন্তু দিতে কতক্ষণ ? কাল কিশোর হোমিওপ্যাথিক ঔষু দিয়েছিল। তাতেও কোনো ফল হয় নাই। তাই আজ কিশোর জীবনমশায়কে ডাকতে এসেছে।

প্রত্যুত ডাক্তারের নাম শুনে জীবন ডাক্তার সচেতন হয়ে উঠলেন, বললেন, হাসপাতালের ডাক্তারটি কি এখনও দেখেছ? সেও কি থাকবে না কি? তা ছাড়া হরেন? হরেনের মতামত'নেওয়া হয়েছে তো?

কিশোর তাঁর দিকে ফিরে তাকালে, বললে—প্রত্যুত ডাক্তারের কথা আমি শুনেছি ডাক্তারবাবু। প্রত্যুত ডাক্তার এমনিতে তো লোক খারাপ নয়, বরং ভালো লোক বলেই আমার ধারণা। হঠাৎ এমন অভদ্র—

—ভদ্রতা-অভদ্রতার কথা নয় কিশোর! এ হল সত্য-মিথ্যার কথা। প্রত্যুত ডাক্তারের যদি এই বিশ্বাসই হয় যে নাডী পরীক্ষা করে আমি যে ধরণের চিকিৎসা করি সে ভুল, সে মিথ্যা, তা হলে তিনি অবশ্যই আমাকে কঠোর ভাষায় তিরস্কার করতে পারেন। সে কথা এখন থাক। এখন আমি যে কথাটা জানতে চাচ্ছি তার উত্তর দাও। জীবন ডাক্তার পথের মধ্যেই ধমকে দাঁড়িয়ে গেলেন।

কিশোর একটু বিস্মিত হয়েই ডাক্তারের দিকে ফিরে তাকালে। জীবন ডাক্তার বললেন—তুমি আমাকে খুলে বলো কিশোর। তুমি কি সকলের সঙ্গে পরামর্শ করে সম্মতি নিয়ে আমার কাছে এসেছ? না নিজেরই এসেছ? তোমার তো এ ব্যাধি আছে। টাকাওয়ালা লোকের টাকব্যাধি যেমন শোভন, তোমার পক্ষে এ কর্মটি তেমনি শোভনই বটে। পরের উপকার যারা করে, পরের ঘরের বিধি-ব্যবস্থা উলটে দিতে তাদের অধিকারও থাকে।

কিশোর এবার একটু হেসেই বললে—এই শেষ বয়সে আপনি অভিমান করলেন ডাক্তারবাবু! এবং এতখানি অভিমান?

—তা হয়েছে কিশোর। এবং সে অভিমান ছাড়তে পারব না। তুমি যখন যেখানে ডেকেছ—আমি গিয়েছি। আজ কিন্তু যেতে পারব না তোমার ডাকে।

—একা আমি ডাকি নি ডাক্তারবাবু। রোগীর বাপ আপনাকে আহ্বান জানিয়েছেন, রতনবাবু আপনাকে ডেকেছেন। বলেছেন জীবন ডাক্তার নাডীটা দেখলে আমি নিশ্চিত হই। অন্তত অনিশ্চিত মনের সংঘাত থেকে নিষ্কৃতি পাই। সে ঠিক বলে দেবে।

অর্থাৎ মৃত্যুর কথা!

জীবন ডাক্তার একটু বিচলিত হলেন। বুদ্ধ রতন তাঁরই সম্বয়সী। মাত্র দু-বছরের ছোট। তাঁর থেকে এক ক্লাস নিচে পড়ত। যে বছর জীবন ডাক্তার কাঁধীর ইঞ্চুল থেকে ভূপী বোসের নাক ভেঙে দিয়ে পা'লিয়ে এলেন সেট বছরই রতন এম. ই. পরীক্ষার বৃত্তি পেয়ে ওখানে গিয়ে ভরতি হল। রতন এনট্রালোগ বৃত্তি পেয়েছিল। চিরকালই দীর্ঘ প্রকৃতির মাছষ রতন। রতন এই কথা বলেছে।

বলেছে—জীবন নাড়ী দেখলে আমি চিক্কার হাত থেকে নিষ্কৃতি পাই! বা হবে সে ঠিক কলে দেবে।

বলবে বই কি! জীবন ডাক্তার যে নিজের একমাত্র পুত্রের মৃত্যুর কথা তিনমাস পূর্বে থেকে নাড়ী দেখে জেনেছিলেন—তধু জেনেই কান্ড হন নি, ঘোষণা করে জানিওঁছিলেন সে কথা। সুতরাং বলবে বই কি স্বতন!

* * *

রতনবাবু মৃত্যুরেই প্রাণ করলেন বটে কিন্তু মুহু হলেও কঠোর কাঁপল না, প্রাণ করলেন—কেমন দেখলে বলো? কী দেখলে?

হাত ধুয়ে জীবন ডাক্তার উঠে পাড়িয়ে বললেন—হিক্কার জন্তে ভেবো না, ও দু-তিন মিনেই বন্ধ হয়ে যাবে।

অশীতিপর বৃদ্ধ হলেও রতনবাবু খাড়া সোজা মানুষ। এতটুকু ছ্যাজ হন নি! অবশ্য মাথায় তিনি খাটো এবং দেহেও তিনি ভারী নন। তবুও খানিকটা বুঁকে পড়ার কথা, কিন্তু তা তনি পড়েন নি। চোখের দৃষ্টি বিষন্ন হলেও স্থির এবং শুষ্ক। সহজে জল তাঁর চোখে আসে না। সেই যৌবনে তিরিশ বৎসর বয়সে পত্নীবিয়োগের পর থেকে স্বপাকে নিরামিষ খেয়ে ছেলেকে মানুষ করেছেন। আদর্শবাদী নীতিপরায়ণ মানুষ রতনবাবু। রতনবাবু ঈষৎ হেসে বললেন—আমার প্রাণ তো তা নয়। আমি বা ক্রিজানো করেছি সে তো; তুমি বুঝেছ জীবন!

—বুঝেছি। কিন্তু—

—তোমার কাছে তো 'কিন্তু' প্রত্যাশা করি না। তুমি স্পষ্ট বল বলেই তোমার জন্ত আমার এত আগ্রহ।

ডাক্তার মাটির দিকে চেয়ে রইলেন।

—জীবন? মৃত্যুরে ডাকলেন রতনবাবু।

—ভাবছি।

—আমার জন্তে? রতনবাবু বললেন—আমার জন্তে ভেবো না। যশ ছায়ামৃত্যু; যশ মৃত্যুই—তিনিই তো পরমানন্দ।

চমকে উঠলেন ডাক্তার! তাঁর সমস্ত অতীত কালের স্মৃতি যেন মুহূর্তে আলোড়িত হয়ে উঠল। তাঁর নাড়ী-পরীক্ষা বিভা শিকার শুরু এই কথাটি বলতেন। জীবন আর মৃত্যু? যশ ছায়ামৃত্যু—তিনিই আনন্দস্বরূপ!

বাবা জগৎমশায় নশ নিয়েছিলেন এই সময়,—সে-কথা জীবন ডাক্তারের আজও মনে আছে। তার ফলেই হোক আর ফরযাবেপের জন্তই হোক তাঁর কঠোর ভারী হয়ে উঠেছিল। ভারী গলার কথাগুলির প্রতিধ্বনিতে জীবন ডাক্তারের—বুকের

ভিতরটা যেন বর্ষার মেঘের ডাকে পৃথিবীর মতো এক পুলকিত অস্থূভূতিতে অভিভূত হয়ে পড়েছিল। তিনি বলেছিলেন—বাবা, এতে আমাদের দুই তবুই হয়, ইহলোক পরলোক দুই! পরমানন্দ স্বরূপ যিনি তিনিই আমার মাধব। আমাদের ইষ্টদেবতা।

ধ্যানযোগে সিদ্ধ চিকিৎসক যখন গভীর একাগ্রতায় তন্মগ্ন হয়ে নাড়ী পরীক্ষা করেন—তখন জীবন এবং মৃত্যুর যুদ্ধ আর বিয়োগান্ত বলে মনে হয় না, বিশ্বত্রন্থাণ্ডের চিরন্তন ক্রীলা বলে মনে হয়, তখনই অনায়াসেই বলা যায়, যে সূর্যাস্তের কাল সমাপ্ত। সূর্যোদয় সূর্যাস্তের আনন্দ এক, পৃথক নয়।

রতনবাবু অপেক্ষা করে তাঁরই দিকে চেয়ে পাঁড়িয়েছিলেন—এবার তিনি তাঁকে ডাকলেন—জীবন।

জীবন ডাক্তার সচেতন হয়ে উঠলেন, রতনবাবুর মুখের দিকে চেয়ে একবার যেন কেঁপে উঠলেন, বললেন—তেমন কোনো লক্ষণ আমি আজ পাই নি রতন। তবে—

—কী তবে? বলো! দ্বিধা কোরো না। হাসলেন রতনবাবু; বিষন্ন এবং কল্প সে হাসি। এ হাসির সামনে পাঁড়ানো বড় কঠিন। অস্ত্রত মূগ তুলে চোখে চোখ রেখে মিথ্যা সাস্বনা দেওয়া যায় না। মাথা হেঁট করে বলতে হয়।

জীবন ডাক্তার তাঁকে মিথ্যা বলতে চান নি। তিনি খ-সত্য্য তাই বলতে সাজছিলেন, তাই বোধ করি মাথা হেঁট করলেন না তিনি। বললেন—এ রোগটি হঠাৎ মারাত্মক হয়ে ওঠে; রোগের বৃদ্ধি ধীরে ধীরে হয় না, এবং বৃদ্ধির হেতুও হিসাবের বাইরে। যে-কোনো একটা আঘাতের ছুতো, দৈহিক হোক মানসিক হোক—হলেই চরম সর্বনাশের মুখোমুখি পাঁড় করিয়ে দেয়।

—সে আম জ্ঞানি।

—তা হলে আমার বলবার তো কিছু নাই রতন। রোগ এখন ষোলোআনা পাঁড়িয়েছে। তবুও এমন কোনো লক্ষণ আমি পাই নি যাতে বলতে পারি সাধ্যাত্য। হুঃসাধ্য—কিন্তু অসাধ্য আমি বলব না। তবে এ রোগের যা প্রকৃতি তাতে যে-কোনো মুহূর্তে অসাধ্য হয়ে উঠতে পারে। ভগবানের দয়া, সে দয়া তোমরা পিতাপুত্র পাবার হৃদয়ার।

—হৃদয়ার! এ দয়ার উপর কি কারও হক আছে জীবন?

জীবন ডাক্তার এবার চূপ করে বইলেন। এ কথার সত্যই উত্তর নাই।

রতনবাবু বললেন—তুমি তা হলে হিঙ্কাটা ধামিয়ে দাও।

—আমার শুবুধে ডাক্তারদের অপত্তি হবে না তো? আলোপ্যার্থিক মতে যা

ওষুধ—সে বিষয়ে ওঁদের চেয়ে আমি তো অনভিজ্ঞ নই। আমি দেব—আমাদের কৌলিক চিকিৎসাপদ্ধতি অনুযায়ী ওষুধ।

হরেন ডাক্তার পাশেই দাঁড়িয়ে ছিল। সে বললে—জামাদের ওষুধে আপনাদের আপত্তি হবে না তো? প্রয়োজন হলে আমরা একটা-দুটো ইনজেকশন দেব, গ্লুকোজ দেব, বিশেষ করে ঘুমের জ্বর ইনজেকশন না দিলে ওঁর ঘুম হয় না। তা ছাড়া—প্রেশার বাড়লে—তার জ্বরে ওষুধ দিতে হবে। আর একটা কথা

ধমকে গেল হরেন ডাক্তার। হাক্কার হলেও হরেন এই গ্রামের ছেলে, জীবন ডাক্তারকে সে শ্রদ্ধা করে, ছেলেবেলায় জীবন ডাক্তারের অনেক ওষুধ সে খেয়েছে। এখনও দু-চারটে রোগীকে বলে—এর জ্বরে জীবন মশায়ের কাছে যাও বাপু! আমাদের ওষুধের চেয়ে ওঁর ওষুধে কাছ বেশী হবে।

সেদিন প্রত্যে ডাক্তারকে নিরাম সম্পর্কে যাই বলে থাক হরেন, জীবন ডাক্তার নাভী দেখে রোগ নির্ণয় করলে রক্ত মল মূত্র পরীক্ষা না করেও তাঁর নির্ণয়মত রোগেরই চিকিৎসা করে যেতে পারে। এই কারণেই কথটা বলতে হরেন ডাক্তার মন্থচিত হল।

—বলো, কী বলছ ?

—আপনাকে বলার দরকার নেই, তবুও—। হরেন ক্ষমা প্রার্থনা করে হাসলে বাকিটা আর বললে না।

জীবন ডাক্তার কিন্তু একই অসহিষ্ণু হৃদয়ে উঠলেন। প্রত্যে ডাক্তারের মুখ মনে পড়ে গেল। ছুড়নেই একালের ছেলে—প্রায় এক সময়ের পাশকরা ডাক্তার। দীর্ঘকালের পরিচয়ের জ্ঞান প্রত্যেতের মতো কষ্টম তিঙ্কার করতে না-পারলেও উদ্দেশ্যে ছলে তিরস্কার করতে পারে। সব-ই-কুজারাই জীবন ডাক্তার বললেন—বলার দরকার আছে হরেন তুমি যা বলছ প্রকাশ করে বলো।

হরেন একটু ভেবে নিরে বেশ হিসেব করেই বললে—আমরা লক্ষ্য রেখেছি হাট আর কিউনির ওপর। তার জ্বরে ওষুধ দিচ্ছি; আকিং-ঘটিত ওষুধে হিকা ধামতে পারে। কিন্তু হাটের কথা ভেবে সে সব ওষুধ ব্যবহার করি নি। প্রেসক্রিপশন তো আপনি দেখেছেন।

-আমার ওষুধে হাটের কোনো অনিষ্ট হবে না, আকিং-ঘটিত ওষুধ আমি দেব না হরেন, তুমি নিশ্চিত থাকো।

ডাক্তার হাঁটছিলেন বেশ একটু জোরে জোরে। মনের মধ্যে উদ্ভাপ যেন শ্বসপাক থাকে। ওষুধ ঠিক হয়ে গিয়েছে, সে ওষুধ তিনি নিজে তৈরি করে দেবেন। এ দেশেরই স্থলভ কয়েকটা জিনিস দিয়ে তৈরী মুষ্টিযোগ। সে কিন্তু ওষুধ বলবেন না। সংসারে যা স্থলভ তার উপর মানুষের আস্থা হয় না। তা ছাড়া এ বলেও দেবেন না। কখনই বলবেন না। এবং একদিনে এই হিজ্জা খামিয়ে দিয়ে ওষুধ দেখিয়ে দেবেন, কি বিচিত্র চিকিৎসা এবং ওষুধ তাঁর আছে। পথ চলতে চলতে হঠাৎ থমকে দাঁড়ালেন। সেতাবকে একবার দেখে গেলেন হত। তা হলে কিছু কিরতে হয়, অস্ফমনস্ফভাবে পথ হাঁটতে হাঁটতে সেতাবের বাড়ির গলিটা ফেলে এসেছেন। থাক—বুড়োর জ্বর আজ নিশ্চয় ছেড়ে গিয়েছে। একলাই বোধ হয় ছকের উপর দাবার স্মৃতি সাজিয়ে বসে আছে। কাল সকালে বরং দেখে যাবেন। এখন তাড়াতাড়ি বাড়ি গিয়ে এই ওষুধটা তৈরী করে দিতে হবে।

—জীবনমশায়, না কে গো? ওগো জীবনমশায়! পাশের গলি থেকে যেয়েলি গলায় কে ডাকলে।—শোনো গো! দাঁড়াও!

দাঁড়ালেন জীবনমশায়। গলির ভেতর থেকে বেরিয়ে এলেন এক প্রৌঢ়া বিধবা। নবগ্রামের নিশি ঠাকরুণ। বিখ্যাত নিশি ঠাকরুণ। গ্রামের এ কালের ছেলেরা আড়ালে-আবড়ালে নিশি ঠাকরুণকে বলে—মিসেস শেরিফ অব নবগ্রাম। গ্রামের মধ্যে অসীম প্রতাপ নিশি ঠাকরুণের।

নিশি ঠাকরুণ এসেই প্রশ্ন করল—বলি হ্যাগো, একে, যানে রতনবাবুর ছেলেকে দেখে এলে? কেমন দেখলে বলো তো?

জীবনমশায় প্রমাদ গণলেন। কঠিনের শুনে তিনি নিশি ঠাকরুণকে অস্ফময়ন করতে পারেন নি। কিন্তু অস্ফময়ন করা উচিত ছিল, কারণ এই গলিতে এমনভাবে আধিপত্য-খাটানো কঠিনের আর কে ডাকবে? নিশি ঠাকরুণ এই গলিতে নিজের দাওয়ার উপর বসে থাকে এবং যাকে দরকার তাকেই ডেকে তার প্রয়োজনীয় সংবাদটি সংগ্রহ করে।

জীবন ডাক্তার সংক্ষেপে বললেন—অস্ফম কঠিন বটে, তবে হাল ছাড়ার মতো নয়। আমি বাই নিশি, ওষুধ দিতে হবে।

—আঃ তবু যদি মশায়, তোমার বোড়া থাকত! দাঁড়াও না

ওষুধ দিতে হবে নিশি।

—তা তো বুঝছি। সঙ্গে লোকও দেখেছি। ওরে লোকটা—তুই এগিয়ে চল, ডাক্তার যাচ্ছে! আমার মামাতো ভাইয়ের মেয়েটা বড় ভুগছে। পেটের ব্যামো কিছুতেই সারছে না। একবার দেখে যাও মশাই। এই সব হালের ডাক্তারদের পাল্লায় পড়ে এককাঁড়ি টাকা খরচ করলাম—কিছুতেই কিছু হল না। তা তুমি তো আর এ গাঁ মাড়াও না। একেবারে আমাদিকে ছেড়েছ। বলি—অ—নীহার, শুনছিস?

ডাকতে হবে না, চলো দেখেই আসি। ওরে দাঁড়া তুই পাঁচ মিনিট।

বাড়ির মধ্যে ঢুকেই নিশি প্রায় পথপ্রোধ করে দাঁড়িয়ে বলল—ঠিক করে বল দেখি মশায়, রতন মাস্টারের ছেলে বাঁচবে না মববে?

অবাক হলেন না জীবনমশাই। নিশি ঠাকুরকণে স্বভাবই এই। পৃথিবীর গোপন কথাগুলি ওর জানা চাই। জেনে ফায় হব না, প্রচার করে তবে তৃপ্ত হবে।

গভীর কণ্ঠে জীবনমশায় বললেন, আমি তোমাকে লুকিয়ে কথা বলি নি নিশি। নাভীতে কিছু বুঝতে পারি নি।

—না পার নি। তুমি জীবনমশায়, তুমি বুঝতে পার নি, তাই হয়? লোকে বলে জীবনমশায় গোপীর নাভী ধবলে যত্ন-বোগে মববে চটকি বাজিয়ে সাড়া দেয়! লুকোচ্ছ তুমি।

এবার ডাক্তার ক্রমুটি করে উঠলেন। নিশি এতে নিরস্ত হল কিন্তু ভয় পেলে না, বললে—আচ্ছা আচ্ছা বুঝতে পেরেছি। ওই হয়েছে। এখন—ওহে! ও নীহার। বলি খাস কোথায় লা?

—কী পিসি? নীহার এতক্ষণে উত্তর দিলে ঘরের ভিতর থেকে। একটুখানি দরজা খুলে উঁকি মারলে মেয়েটি। সঙ্গে সঙ্গে আচারের গন্ধ পেলেন জীবনমশায়। মেয়েটি ঘরের মধ্যে লুকিয়ে আচার খাচ্ছিল। আমায় পেটের অস্বথের গুটা একটা উপসর্গ। রোগটা হুসাধ্য হয়ে উঠেছে। নইলে অনিষ্টকারক বস্তুতে কুচি কেন?

মেয়েটি বেরিয়ে এল।

শীর্ণ কঙ্কালসার বাসি অতসী ফুলের মতো দেহবর্ণ একটি কিশোরী। মাথায় সিন্দুর। বয়সে কিশোর হ'লেও সস্তানের জননী হয়েছে।

জীবনমশায় চমকে উঠলেন। সর্বাঙ্গে যেন কার ছায়া পড়েছে।

নিশি ঠাকুরকণে বললে, গর্ভসূতিকা হয়েছে। ছুটি সন্তান। সব ভেমে যাবে মশায়। দীর্ঘনিশ্বাস ফেলে কেঁদে ফেললে নিশি।

দুট সন্ধান। কত বয়স? চোন্দ? দুট সন্ধান? ডাক্তার সবিস্ময়ে প্রশ্ন করলে।

চোখ মুহে মুহুর্তে সহজ হয়ে নিশি বললে—পূর্ণ বারোতে প্রথম সন্ধান হয়েছে। নেকটানেকটি বিয়ে—চোন্দ বছরে কোলেবটি। চাঁদের মতো ছেলে মশায়, কী বলব তোমাকে, চোখ জুড়িয়ে যায়।

চাঁদ নয় যম। মাকে খেতে এসেছে। বাপের মূর্তিমান অসংযম। সমস্ত অন্তরটা তিক্ত হয়ে উঠেছিল জীবন ডাক্তারের। এই সব অনাচারী বস্তু হয় না? পবক্ষণেই দীর্ঘনিশ্বাস ফেললেন ডাক্তার। বাবা বলতেন—রোগী যখন দেখবে বাবা, তখন কোনো কারণে তাব উপর ক্রোধ বা ঘৃণা কোবো না, কবতে নাই। তিনি বলতেন, মাগুষের হাত কি বাবা? মাগুষ তো ক্রীড়নক।

তার আলোপাখিক শাস্ত্রের গুরু বঙলাল ডাক্তার বলতেন—মাগুষ বড় অসহায়। তার অন্তরে পশুর কাম, ক্রোধ, লোভ, অথচ পশুর দেহেব সহনশক্তি তাব নাই! ওদের ওপর রাগ কোবো না! করতে পারব, অধিকার অবশ্যই তোমাব আছে। কিন্তু তা হলে চিকিৎসাবৃত্তি নিতে পার না।

দীর্ঘনিশ্বাস ফেলে ডাক্তার বললেন—এতদিন কী করছিলে নিশি?

—এই এটা-সেটা। তা ছাড়া স্মৃতিকা তো হয় মশায়, এমন হবে কী কবে জানবো বলে? তারপর এই দিন কতক হালের ডাক্তারদেব দেখালোম, ওবা অব্যাহত নানান কথা বলে। এই লম্বা খুরচের ফর্দ। সে আমি কোথায় পারব:

—হঁ। বলেই খেমে গেলেন ডাক্তার।

নিশির কথা তখনও ফুরায় নি—বাল্লদেব কবচ, দেবতার গুণ, অনেক করেছি।

তা বঝতে পেরেছেন ডাক্তার। গলায় বুকি এক বোঝা মাদুলি। হাতে গ্লাকডায় বাধা জড়ি-পুষ্প। কিন্তু কি করবেন? ডাক্তারই বা কী করবেন? আছে একমাত্র ওষুধ। কবিরাজী—সূচিকাতরণ।

—পারবে? জল বারণ। খাওয়াতে পারবে নিশি?

জল বারণ? নিশি চমকে উঠল। কী বলছ মশায়?

হ্যাঁ। জল বারণ। দেখি আর-একবার হাতখানি খুকী।

মরণ-রোগাক্রান্তি খুকী—মুখে কাপড় দিয়ে হাসে। দুই সন্ধানের জননী সে—

সে নাকি খুকী? ডাক্তারও হাসেন! সঙ্গে সঙ্গে গভীর দীর্ঘনিশ্বাস ফেলেন। একমাত্র উপায় বিষ। বিষম রোগের বিষজ ওষুধ! নাড়ীতে পঞ্চধনি শুনছেন তিনি।

নিশি মিথ্যা বলে নি। মরণেব পারে এদেশের মেয়েদের মতো চুটকি থাকলে

তার বুয়বুয় বাজনাও স্তনতে পেতেন ডাক্তার। লোকে বলত কেমন বাপ, কেমন শিক্ষা দেখতে হবে! বাপ ছিলেন গুরু, তিনি ছিলেন এই নাড়ী পরীক্ষার বিজ্ঞায় প্রায় সিদ্ধপুরুষ। দীক্ষার দিন ব্যাকরণ পাঠ আরম্ভের পর যেটিনি হাতে কলমে নাড়ী-পরীক্ষা বিজ্ঞায় শিক্ষা দিয়েছিলেন—সে দিনটিও ছিল অতি স্তন দিন। বৈশাখী অক্ষয় তৃতীয়া।

এই বৃদ্ধ বয়সেও সেদিনের কথাগুলিকে মনে হচ্ছে যেন কালকের কথা। স্পষ্ট মনে পড়ছে সব। পথ চলতে চলতে মশায় ভাবছিলেন কথাগুলি।

* * *

হিকার ওষুধ তৈরী করে ওষুধ খাওয়ার শ্রণালী পালনের নিয়ম কাগজে লিখে বতনবাবুর লোকের হাতে দিয়ে জীবনমশায় অ যুর্বেদ-ভরনের দাওয়ার উপর বসে দাঁড়খাস ফেললেন। নিশি ঠাকরুনের কথা কয়টিই আবার মনে পড়ল।

চাকর ইন্দির এসে হাঁকোটি বাড়িয়ে দিয়ে দাঁড়াল।

ডাক্তার তার মুখেব দিকে তাকালেন। ভাবছিলেন বতনবাবুর ছেলে বিপিনের হিকার কথা! বোধ করি কাল ভোব নাগাদ হিকার উপশম হবে। কমে আসবেই। কী বলবে প্রচোত ডাক্তার?

—তামাক খান। আর মা বললেন, চায়েব জন ফুটছে।

অর্থাৎ বাড়ির ভিতর যাবার জন্তে আতর-বউ বলে পাঠিয়েছেন। হাঁকোটি হাতে নিয়ে ডাক্তার বললেন—চা বরং তুই নিয়ে আর! এখন আর উঠতে পারছি না।

—এই খোলাতে বসে থাকবেন? আকাশে মেঘ ঘুরছে! বৃষ্টি নামবে কখন।

আকাশের দিকে চাইলেন ডাক্তার। শ্রাবণের আকাশে এক তর ফিকে মেঘের নিচে পুঞ্জ পুঞ্জ মেঘ ঘুরছে, এক যাচ্ছে এক আসছে। গতি দেখে ডাক্তারের মনে হল বৃষ্টি আসবে না। বললেন, বেশ আছে। বৃষ্টি আসবে না।

তবু দাঁড়িয়ে রইল ইন্দির। ডাক্তারের মনে পড়ল, বাজারের খরচ চাইছে ইন্দির।

নিয়ম হল ডাক্তার কল থেকে ফিরে টাকাগুলি আতর-বউয়ের হাতে দিয়ে থাকেন। আজকাল ডাক্তার ব্যবসা প্রায় ছেড়েছেন। এককালে কুড়ি পঁচিশ ত্রিশ টাকা দৈনিক পকেটে নিয়ে ফিরতেন। এখন কোনোদিন চার টাকা, কোনোদিন ছয়, কোনোদিন বা দু টাকা। এক একদিন কল আসে না। আবার বেশী দূরের কল যাতে টাকা বেশী তাতে ডাক্তার নিজেই যান না। আজ ডাক্তার আতর-বউকে টাকা দেননি। পুরান শেখের বাড়ি থেকে ফিরে খাওয়াদাওয়ার পরই আতর-বউয়ের সঙ্গে কলহ বেধেছিল। তারপর কিশোর এসে ডেকে নিয়ে গেল বতনবাবুর বাড়ি।

ডাক্তার ইতিমধ্যেই জামা খুলে খালি গা করে বসেছিলেন। জামাটা ইন্দিরের হাতে তুলে দিলেন। বললেন—পকেটে টাকা আছে দেখ।

—চার টাকা।

—দিগে আতর বউকে। আমাকে আঁচ বিয়ক্ত কবিস নে।

—আর ছুটা কঙ্ক সেজে রেখে যাই।

—যা, তাই যা। ভুই বড় বেশী বকিস।

আকাশের দিকে চেয়ে কথা বলছিলেন ডাক্তার। দেখছিলেন আকাশের মেঘ—ইন্দিরের কথাব দিকে ছিল কান, মুখে তার জবাবও দিচ্ছিলেন কিন্তু মনেব মনে ঘুরছিল বিপিনের হিকার কথা, প্রত্নোত্তের কথা, নিশির কথা। লোকে বলে জীবনমশাই নাড়ী ধরলে মবন পামেব চুটকি বাজিয়ে সাড়া দেয়। কেমন বাপ, কেমন শিক্ষা।

সেদিন ছিল বৈশাখের অক্ষয়-তৃতীয়া। পুত্রের দীক্ষাব জন্ত এই প্রথম শুভ দিনটিই নির্বাচন কবে ছিলেন জগৎমশায়। একান্তে নির্জন ঘরে পুত্রকে কাছে বসিয়ে তিনি যেন তার চৈতন্যকে প্রবুদ্ধ কবতে চেয়েছিলেন সেদিন। বাড়িতে বলে বেবেছিলেন যেন কেউ তাঁদের না ডাকে, কোনো বিষয় হুটি না করে।

জীবন মল্লসর নাড়ী দেখতে জানতেন। চিকিৎসকের বাড়ির ছেলে বাসাকালে খেলাচ্ছিল খেলাঘরে বৈথ সেজে বসে সঙ্গী-সাথীদের হাত দেখতেন, কাদামাটি, বুলে কাগজে মুড়ে ওষুধ দিতেন। জীবনের মা পর্যন্ত নাড়ী দেখতে জানতেন। সেদিন বাপ তাকে প্রথম পাঠ দিয়ে নাড়ীতত্ত্ব বুঝিয়ে মৃত্যুর কাহিনী বলে আয়ুর্বেদ-ভবনে যে সব রোগীর এসেছিল তাদের কয়েকজনের নাড়ী নিজে পরীক্ষা কবে ছেলেকে বলেছিলেন. দেখো—এর নাড়ী দেখো।

রোগীকে ওষুধের ব্যবস্থা-পত্র দিয়ে অল্পদিকে যেদিকে ওষুধ পাওয়াব ব্যবস্থা সেট দিকে পাঠিয়ে দিয়ে জীবনকে রোগীর নাড়ীর বৈশিষ্ট্য বুঝিয়ে দিয়েছিলেন। এই ছিল জগৎমশায়ের শিক্ষার ধারা।

আয়ুর্বেদ-ভবনের কাজ শেষ করে ছেলেকে সঙ্গে নিয়ে কয়েকটি রোগীকে বোগীর বাড়িতে গিয়ে দেখে বাড়ি ফেরার পথে বলেছিলেন—বাবা, যে চিকিৎসক নাড়ীবিজ্ঞানে দিক্লিত করতে পারে তার সঙ্গে মৃত্যুকে সন্ধি করতে হয়। মৃত্যুর যেখানে অধিকার সেখানে মৃত্যু বলে—আমার পথ ছেড়ে দাও। এ আমার অধিকার। আর যেখানে তার অধিকার নাই সেখানে ভুলক্রমে উঁকি মারলে চিকিৎসক বলেন—দেঁবি, এখনও সময় হয় নাই, এক্ষেত্রে তোমাকে স্ব-স্থানে ফিরতে হবে।

কারণ এমন চিকিৎসকের রোগনির্ণয়েও ভ্রান্তি ঘটে না, ঔষধ নির্ণয়নেও ভুল হয় না। মৃত্যু যেমন অমোঘ, পঞ্চম বেদ আয়ুর্বেদের স্রষ্টা ব্রহ্মার সৃষ্টি তেজস্ব এবং পৃথিবীর শক্তিও তেমনি অপর্যায়। যে ব্রহ্মার ক্রকটিকুটিল দৃষ্টি থেকে সৃষ্টি হল মৃত্যুর, সেই ব্রহ্মারই প্রসন্ন দৃষ্টি থেকে সৃষ্টি হয়েছে ভেষজের। ব্রহ্মা এই শাস্ত্র দিয়েছিলেন দক্ষপ্রজাপতিকে, দক্ষের কাছে থেকে এই শাস্ত্র পেয়েছিলেন অশ্বিনীকুমারেরা, তাঁদের কাছ থেকে পেলেন ইন্দ্র, ইন্দ্র দিলেন তরুস্বাজ আর দিবদাস ধনুস্বরিকে। এইখানে আয়ুর্বেদ দুভাগে ভাগ হয়েছে। ধনুস্বরি শলা-চিকিৎসার ভাগ পেয়েছিলেন। তাবপব পুংস্ব এবং আবেশ। তাবপব অগ্নিবেশ। আচার্য অগ্নিবেশ বচনা করেছিলেন অগ্নিবেশ সংহিতা। ঐ সংহিতা থেকেই চবক সংহিতার সৃষ্টি। পঞ্চদ প্রদেশের মনীষী চরক এই সংহিতাকে নতুন করে সংস্কার করেছিলেন। চরক হলেন চিরজীবী। কথা বলতে বলতেই পথ চলছিলেন পিতাপুত্রে। চলছিলেন গ্রামান্তরে। জগৎমশায় সচলচপ গাড়ি-পালকি ব্যবহার করতেন না। বেশী দূর হলে তবে গোকর গাড়ি এবং তাড়াতাড়ি যাত্রার প্রয়োজন হলে তবে ডুকিতে চাপতেন। সেদিন ছেলেকে দেখিয়েছিলেন ঠিক আজকের ওই নিশির ভাইঝির মতো একটি রোগিণী! ঠিক এমনি! বিশেষী মেয়ে, বড় ছোবল ষোল বছর বয়স—সে আবার দুই সন্তানের পর তৃণীসবার সন্ধানসম্ভবা ছিল।

সেদিন কিববার পথে জগৎ মশায় বলেছিলেন—নির্দিষ্ট আয়ু বলা একে অসম্ভব। কিন্তু কর্মফলে সে আয়ুও হাসবুদ্ধি আছে। ব্যক্তিচার করে মৃত্যুকে নিয়ন্ত্রণ করে আয়ু মাত্রম। এ সব ক্ষেত্রে তাই—অথচ—!

চূপ করে গিয়েছিলেন জগৎ মশায়, বোধ হয় সংশয় উপস্থিত হয়েছিল নিজের মনে। একটু চূপ করে থেকে বলেছিলেন, এক-এক সময় শাস্ত্রবাক্যে সংশয় জাগে, জীবন। আমাদের শাস্ত্রে বলে—স্বামীর পাপের ভাগ স্ত্রীগ্রহণ করে না। কিন্তু এ ক্ষেত্রে কী বলবে? এ ক্ষেত্রে স্বামীর অমিতাচারের ফল ভোগ করছে মেয়েটা, সেই হেতুতেই ওকে যেতে হবে অকালে।

আবার খানিকটা চূপ করে থেকে বলেছিলেন—হয়তো বা প্রাক্তন জন্মান্তরের কর্মফল ওই মেয়েটাপ—তার ফলেই স্বল্পায়ু হয়েই জন্মেছিল। তাই বা কে বলবে?

সেদিন জীবনমশায়ও ওই কথাতেই বিশ্বাস করেছিলেন। মনে মনে নিজের ভাগবিধাতাকে প্রশ্নম জানিয়েছিলেন। তাকে পরিজ্ঞান করেছেন তিনি। মঞ্জরী স্বান্বাবতী বটে, কিন্তু বয়স তো বারো বৎসর। কে বলবে—মঞ্জরীর ঠিক এই পরিণতি হত না?

একটা দীর্ঘনিশ্বাস ফেলে আজ বৃদ্ধ জীবনমশায় আকাশের দিকে চাইলেন আবার । এক বিচিত্র হাসি ফুটে উঠল তাঁর মুখে ! দাড়িতে হাত বুলোলেন । আকাশে রক্তসন্ধা দেখা দিয়েছে । গাঢ়, লাল হয়ে উঠেছে দিগন্তবিস্তৃত মেঘস্তর । তাঁর নিচে বেকের সারি উড়ে চলেছে । হঠাৎ এতক্ষণে চোখে পড়ল সামনে ঢাকা রয়েছে চায়ের বাটি । ইন্দির কখন রেখে গিয়েছে । অতীত কথা স্মরণ করতে গিয়ে চায়ের কথা মনেই হয় নি । ইন্দির নিশ্চয় কথা বলেছিল, খেয়াল করে দেবার চেষ্টাও সে নিশ্চয় করেছিল কিন্তু সে তিনি স্মরণ করতেই পারছেন না ।

থাক । আজ চা থাক ।

অতীত কালের কথাই একটা নেশা আছে । বড় মনোরম বর্ণবিহ্বাস । চোখে পড়লে আর ফেরানো যায় না । বিশেষ করে যেখানটার কথা মনে পড়েছে এখন সেখানটা যেন ঐ আকাশের রক্তসন্ধার বর্ণচ্ছটার মতোই গাঢ় ।

পথে তিনি ভাগ্যবিধাতাকে ধন্যবাদ জানিয়ে এলেন—মঞ্জুরীর বন্ধন থেকে পবিত্রাণ দেওয়ার জন্ত । আর বাড়ি ফিরেই দেখলেন— ।

আবার হাসলেন এবং বার কয়েক দাড়িতে হাত বুলোলেন । হ্যাঁ কর্ম-পাক দিয়ে যিনি চক্র রচনা করেন তিনি যেমন চক্রী তেমনি রসিক ।

* * *

সেদিন তৃতীয় প্রহরের শেষে তাঁরা বাড়ি ফিরেছিলেন । মা বসেছিলেন, তাঁরা ফিরে এলে ভাত চাপিয়ে দেবেন । অবশ্য সে দিক দিয়ে বিশেষ অনিয়ম হয় নি । চিকিৎসকের ঝাণ্ডা তৃতীয় প্রহরেই বাটে ।

মুখ হাত, ধুবে ভিজ্জ গামছা পিঠে বুলিয়ে জগৎমশায় বললেন—জীবনকে কুলকর্মে দীক্ষা দিয়ে আজ আমি নিশ্চিত হলাম । কিন্তু জীবনের মা তোমার মুখ এমন কেন ?

—কেমন ?

যেন খুব চিন্তান্বিত মনে হচ্ছে । কিছু ভাবছ ?

—কী ভাবব ? জীবনের মা কথাটা উড়িয়ে দিলেন যেন ।

—তা বাটে ! কী ভাববে ! মেয়েদের ভাবনা অলঙ্কারের, মেয়ের বিয়ের, ছেলের বিয়ের । স্বতরাং দুটোর একটা ভাবতে পার ।

হাসলেন জীবনের মা । উঠে গিয়ে উনানো চড়ানে বগনোর ঢাকা খুলে হাতায় ভাত তুলে টিপে দেখতে বসলেন ।

জগৎ মশায়ের মনটা সেদিন প্রসন্ন ছিল—নির্মেঘ শরৎকালের আকাশের মতো । তিনি প্রসন্ন হেসে বললেন—কী, উত্তর দিলে না যে ?

পিছন ফিরেই মা উত্তর দিলেন—কী বলব ? তুমি অস্থায়ী। ভাবছি না বললেও বলছ—ভাবছ। তা হলে তুমিই বলে দাও কী ভাবছি।

জীবনের অভিজ্ঞত ভাবটা তখনও কাটে নি। তাই মাথার মধ্যে তখনও প্রতিফলিত হচ্ছিল বাপের মৃদুস্বরের কথাগুলি।

অভিজ্ঞত ভাবটা আকস্মিক একটা আঘাতে কেটে গেল। জীবন চমকে উঠল।

খাওয়া-দাওয়ার পর ছোট রেকাবিতে হরিতকীর টুকরো নামিয়ে দিয়ে জীবনের মা বললেন—তুমি অস্থায়ীই বটে। তাইমা তোমাকে আমি করি নি। কাঁদী থেকে চিঠি নিয়ে ছুপুরে লোক এসেছে। জানি না কী লেখা আছে, তবে কে চিঠি পাঠিয়েছে, তার নাম জেনে আমার ভাবনা হয়েছে। না তবে খাকতে পারি নি আমি। নবকৃষ্ণ সিং চিঠি লিখেছে—এই দেখো।

চিঠিখানি পড়লেন জগদ্বন্ধু মশায়। চমকিত হয়ে জীবন উদ্বিগ্নচিত্তে বাপের মুখের দিকে তাকিয়ে ছিল। কিন্তু মুখ দেখে কিছু অনুমান করতে পারলে না। জগদ্বন্ধু মশায় চিঠি শেষ করে স্থির দৃষ্টিতে বৈশাখের উত্তপ্ত আকাশের দিকে চেয়ে বইলেন।

মনে পড়ছে জীবন ডাক্তারের।

সূর্য পশ্চিমে ঢলে পড়েছিল। তৃতীয় শ্রহরের শেষ পাদ। পূবদুয়ারী ঘরের বাবান্দায় বসে ছিলেন : সামান পশ্চিম-দুয়ারী একতলা বাগানের চালের উপর দিয়ে, অচাঞ্চ ব্রাহ্মণদের বাড়ির উঠানের বকুল গাছের মাথার উপর দিয়ে বৌদ্ধদেহ বৈশাখী আকাশ যেন অপোয়গ ক্রান্তের অর্ধনিম্নিত তৃতীয় নেত্রের বহির ছটায় ক্লিষ্ট নিখর। দিকে-দিগন্তের কোথাও ধনি শোনা যায় না। বাতাসও ছিল না সেদিন। মনে হয়েছিল, বোধ হয় সন্ধ্যার দিকে কালবৈশাখীর বড় উঠবে। পশ্চিম দিগন্তে আয়োজন হতে আরম্ভ হয়েছে। জীবন ওই আকাশের দিকেই তাকিয়ে ছিল। তারও বৃকে বোধহয় বড় উঠবে মনে হয়েছিল। কী লিখেছে নবকৃষ্ণ সিংহ ? মঞ্জরী, হয়তো মঞ্জরীর মা—এরা যে ওই দেউলিয়া অভিজাত ঘরের ববর ছেলেটার মোহে মুগ্ধ তাতো তার সন্দেহ নাই। বন্ধিম মঞ্জরী সম্পর্কে তো নাই-ই, কোনো সন্দেহই নাই। তাকে নিয়ে তারা খেলা করছে। তাই বা কেন ? সে নিজেই মুখ বানর তাই তাদের বাড়ি গিয়ে বানর-নৃত্য করেছে—তারা উপভোগ করেছে। বানর-নৃত্য নয়—ভল্লুক-নৃত্য। মঞ্জরী মধ্যে মধ্যে তাকে ভালুকও বলত। ভালুক নাচই সে নেচেছে। ভালুক আর বানরে প্রভেদই বা কী ? ছটোই জানোয়ার—ছটোই নির্বোধ ! কিন্তু কী লিখেছে নবকৃষ্ণ সিংহ। মিথ্যা কদর্ষ অভিযোগ ! কী করবে জীবন ? ভগবান সাক্ষী, কিন্তু ভগবান তো সাক্ষী দিতে আসবে না ! তিনি

তো বলবেন না—প্রাণ দিয়ে ভালোবাসা যদি অপরাধ হয় তবে জীবন অপরাধী।
নইলে সে কোনো অপরাধ করে নাই! সে মৃত্যুদণ্ডে প্রতীক্ষারত আসামীর মতোই
অপেক্ষা করে রইল।

মশায় দৃষ্টি নামিয়ে বললেন—জীবনের মা! তাঁর কণ্ঠস্বর গম্ভীর।

চিন্তিত মুখেই জীবনের মা প্রতীক্ষা করছিলেন। সাংগ্রহে তিনি বললেন—বলো!
শোনবার জ্ঞতা তো দাঁড়িয়েই আছি।

—জীবনের বিবাহের আয়োজন করো।

—কার সঙ্গে? ওই মেয়ের সঙ্গে? নবকৃষ্ণ সিংহের মেয়ের সঙ্গে?

—হ্যাঁ দিতেই হবে বিবাহ। নবকৃষ্ণ সিংহ লিখেছেন—এই ঘটনায় এখানে তাঁর
কন্টার দুর্নাম রটেছে চারিদিকে। ওই যে কুৎসিত প্রকৃতির ছেলেটি—সে তাঁর বঙ্গা
মঞ্জরীকে জীবনের সঙ্গে জড়িয়ে নানাব্যম মন্থবা করেছে। বলেছে—ঘটনার দিন সে
নাকি জীবনকে আবার দেবার ছলে মঞ্জরীর সঙ্গে হাত দিতে দেখেছে।

মা ছেলের মুখের দিকে তাকিয়ে বললেন—জীবন!

মাকে এমন মূর্তিতে কখনও জীবন দেখে নাই।

মা আবার বললেন—বলো, আমার পায়ে হাত দিয়ে বলো—

জীবন সেদিন যেন নবজন্ম লাভ করেছে—বাপের সাহচর্যের ফলে, তাঁর অস্বাভাব
স্পর্শে। সে উঠে এসে পায়ে হাত দিয়ে বলল—আমি তার কপালে আদীর্ষ দিয়েছি।
আর কোনো দোষে দোষী নই।

মশায় বললেন—কর কী জীবনের মা? ছি! বিবাহের আয়োজন যখন করতে
বলছি, তখন ও-সব কেন? জীবন মনে মনে মেয়েটিকে কামনা করে! এক্ষেত্রে কি
শপথ করায়? বিবাহের আয়োজন করো।

—সে কি? কোন্টী দেখাও। নিজে মেয়ে দেখো। তারপর কথাবার্তা
দেনা-পাওনা—

—কিছু না, এক্ষেত্রে ওসব কিছু না। ছক এই চিঠির সঙ্গে আছে। ওটা
আমি ছিঁড়েই দিচ্ছি, কী জানি যদি বাধার সৃষ্টি করে; আর দেনা পাওনাই বা কী?
কী লিখেছেন তিনি জান? লিখেছেন, “আপনাদের বংশের উপাধিই হইয়াছে
মহাশয়। মহাশয়ের বংশ আপনাব। আপনি নিজে ও অঞ্চলে বিখ্যাত চিকিৎসক।
আপনার পুত্র ডাক্তারি পড়িবার জ্ঞতা প্রস্তুত হইতেছে। এ অবস্থায় আমার
বামন হইয়া চাঁদ ধরিবার বাসনা। কিন্তু যেরূপ ক্ষেত্র হইয়া দাঁড়াইয়াছে,
তাহাতে আপনি প্রত্যাখ্যান করিলে আমার বঙ্গাকে গঙ্গার জলে ভাসাইয়া দিতে
হইবে।”

—আর কোনো কথা নয়। আয়োজন করো। বৈশাখে আর এক-দিনে বিবাহ হয় না? তৈজস মাসে জ্যৈষ্ঠপুত্রের বিবাহ দেশাচারে নিষিদ্ধ। প্রথম আষাঢ়েই বিবাহ হবে।

এগারো

অতীত কালের কথা মনে করে যতই মনের মতো বিচিত্র রসের সঞ্চার হয়—বৃদ্ধ জীবনমশায় ততই ঘন ঘন দাড়িতে হাত বোলান। সাদা দাড়ি, তামাকের ধোয়ার খানিকটা অংশে তামাটে রঙ ধরেছে। যত্ন অভাবে করকবে হয়ে উঠেছে। তবুও হাত না পুলিয়ে পাবেন না। সঙ্গে সঙ্গে হাসেন, সেকালের তরুণবয়সী নিজেকে পরিহাস করেন এই হাসির মতো। একা নিজেকেই বা কেন—সমস্ত মাতৃশব্দকেই করেন।

সোনে কী একটা যাচ্ছে, জলের যেমন ঢালের মুখে গতিব বেগ স্মৃতি একটা বেগ, সৌন্দর্যের মন যখন কোনো একজনকে দিকে ছোট্টে তখন ওই বেগে ছোট্টে। তখন শব্দের কথা বা নামক বিবেচনার কথা, সমাজের বাধার কথা, হাজার কথাতত্ত্ব কিছু হয় না, মন বাগ মানে না। এই সব বাধকপাণ্ডুলিকে যদি বালির বাধের সঙ্গে তুলনা করা যায় তবে মন যেখানে চলে যাবে ছুঁড়ি জলসোত। হয়, বাধ ভাঙে, নয় জল শুকায়।

তাই তো আজ হাসছেন জীবনমশায়। সেই দিনই ওই রোগিনী দেখে ফিরবার পথে মঞ্জরীর সঙ্গে বিবাহ-সম্ভাবনা বন্ধ হওয়ার তরুণ জীবন ভাগ্যবিধাতাকে ধস্তবাস্ত জানিয়েছিল। মঞ্জরীর আসল চেহারা দেখতে পেয়ে তার উপর বিহ্বলতার সীমাও ছিল না। কিন্তু যে মুহূর্তে জগৎ মশায় হ্রীকে বললেন— প্রথম আষাঢ়ে বিবাহ হবে, সেই মুহূর্তেই তরুণ জীবন সব ভুলে গিয়েছিল। শুধু ভুলে যাওয়াই নয়, মনে হয়েছিল হাত বাড়িয়ে সে আকাশের চাঁদের প্রায় নাগাল পেয়েছে! যেটুকু বাবধান রয়েছে আষাঢ় মাস পর্যন্ত নিশ্চয় সে ততখানি বেড়ে উঠবে।

জীবন দস্তুর প্রত্যাশার আনন্দে টলমল মনের পাত্র হতে আনন্দ যেন উথলে উঠে তাঁর চাবপাশে ছড়িয়ে পড়েছিল। পৃথিবীর যতটুকু অংশ তাঁর চোখে পড়েছিল সমস্তটুকু আনন্দময় হয়ে উঠেছিল। সব মধু। মধু বাতা স্বভাবতে!

ওদিকে পত্রবিনিময় চলছিল। জগৎ মশায় পত্র দিয়েছিলেন নবকৃষ্ণ সিংহকে। কয়েকদিন পরই সে পত্রের উত্তর এল।

নবকুম্ভ সিংহ দ্বিতীয় পত্রে লিখেছিলেন—“মঞ্জরী আমার লজ্জায়-দুঃখে শয্যা গ্রহণ করিয়াছিল ; আপনায় পত্র আসিবার পর তাহার মুখে হাসি ফুটিয়াছে। সে উঠিয়া দাঁড়াইয়াছে। তাহার মাকে বলিয়াছে—আমার শিবপূজা মিথ্যা হয় নাই।”

জীবন দত্ত আনন্দে আপনাকে হারিয়ে ফেলেছিলেন। মঞ্জরী লজ্জায় দুঃখে শয্যাগ্রহণ করেছিল, জীবনের সঙ্গে বিয়ের সম্বন্ধের কথা শুনে সে উঠে বসেছে ? মুখে হাসি ফুটেছে ? দুঃখের শয্যা ছেড়ে মঞ্জরীর হাসিমুখে উঠে বসার কথা মনে হতে তাঁর চোখের সামনে ফুলে-ফুলে সবাঙ্গ-ভরা গুলফফুলের গাছটার ছবি ভেসে উঠেছিল !

ছুটে গিয়ে সেতাবকে, স্ববেন্দ্রকে এবং নেপালকে দেখিয়েছিলেন চিঠিখানা। চিঠিখানা তিনি চুরি করেছিলেন।

নিজের গ্রামের স্ববেন্দ্র এবং নবগ্রামের সেতাব ও নেপাল ছিল তাঁর অন্তর্বন্ধ বন্ধু ! স্ববেন আর নেপাল তখন মদ খাবে। সেকালে এ অঞ্চল সম্পর্কে লোকের বলত—মাটিতে মদ খায়। তা খেত। তেবো-চৌদ্দ বছর হতেই মদ খেতে শিখত। তান্ত্রিকের দেশ, সবাই তান্ত্রিক বিশেষ তো ব্রাহ্মণেরা। তারপর দীক্ষা হলে ওটা দাঁড়াত ধর্মসাধনের অঙ্গ। অর্থাৎ প্রকাশ্যেই খাওয়ার অধিকার পেত। খেত না শুধু সেতাব। সেতাব ব্রাহ্মণ, শাক্ত খরের সম্মানও বটে কিন্তু ভদ্রকে যেত। সেতাব সমস্ত জীবনটাই পিতনের পাত্রে নারকেলের জল ঢেলে তাই দিয়ে তান্ত্রিক তর্পণ চালিয়ে এল।

স্বরেন গ্রামের ছেলে। ঠাকুরদাস মিশ্রের ছেলে। জমিদারী সেবেস্তাব পাটোয়ারী কাজ শিখেছে। চতুর ছেলে। সে বলল—আজ তোকে খাওয়াতে হবে। মদ-মাংস খাব। কে টাকা ফেল।

নেপাল বাপের আত্মবে ছেলে, সব বেজিষ্টি অপিসের কেরানী, তাব বাবায় অনেক রোজগার। নবগ্রামের ছড়ায় ছিল—বিনোদ বুড়ো লম্বা জামায়, পকেট ভরে বেঙ্গকি কামায়। বিনোদ মুখোজ্জ সতাই বেঙ্গকিবোঝাই পকেট দুটো দুই হাতে ধরে বাড়ি আসত। নেপাল লোক ভালো ! হাউ-হাউ করে বকত, হা হা করে হাসত, হুম-হুম করে চলত, সাদা দিলখোলা মালুস। একবার রামবপুরে ব্রাহ্মণ ভোজনে নেমস্তন্ন খেতে যাবার পথে হঠাৎ নেপালের খেয়াল হল পৈতে নেই গলায়, কোথায় পড়েছে। নেপাল পথে কালী বাউড়ীকে দেখে দ্বিজসামা করেছিল—কী করি বল তো কেলে ? আমাকে একটা পৈতা দিতে পারিস ? জীবনের বাড়ি এসে মশায়ের কবিব্রাহ্মণায়ায় ঢুকে কামেশ্বর মোদকের বদলে খানিকটা হরিতকী-খণ্ডই খেয়ে ফেলত অন্নান বদনে। স্বাদেও বুঝতে পারত না এবং তাতেই তার নেশাও হত।

নেপাল সেদিন বলেছিল—হাম, হাম খাওয়ায়েন্। আমি খাওয়াব।

নেপালই সেদিন খাইয়েছিল। তিন টাকা খরচ হয়েছিল। লুচি মাংস মিষ্টি মদ। গান-বাজনা হয়েছিল বাত্রি দুটো পর্যন্ত। স্বরেন তবল সঙ্গত করেছিল—জীবন আর নেপাল গান গেয়েছিল। সেতাব ছিল শ্রোতা।

চণ্ডীদাস-বিষ্ণাপুত্রির পদাবলী। পূর্বরাগের পালটাই শেষ করে ফেলেছিল তিনজনে। সেতাব ঘাড় নেড়েছিল, বাহবা দিয়েছিল।

ভুল হচ্ছে। বৃদ্ধ জীবন দস্ত দীর্ঘনিশ্বাস ফেললেন এতক্ষণে। এতকাল পরে ভুল হয়ে যাচ্ছে। জীবন নিজেই সেদিন গুলঞ্চ চাপার ফুলের মালা গাঁপেছিল। একগাছিনয় চার গাছ। চাববন্ধু গলায় পবেছিল।

নেপাল এবং স্বরেন সেদিন তাকে পায়ে ধ'রে সেধেছিল—একটু খা ভাই। আজ শ্মন স্বথের সংবাদ পেয়েছিস, আজ একটু খেয়ে দেখ। একটু!

জীবন কিন্তু ধর্মভ্রষ্ট হন নি।

বৈষ্ণব-মন্ত্র-উপাসকব বংশ। মহাশয়ের বংশ। তিনি খান নি। তিনি বলেছিলেন—না ভাই। বাবাব কথা তো জা'নিস। মঞ্জুবীন্দব বাড়িও ঠিক আমাদের মতো। তাবাও বৈষ্ণব।

ওদিকে বাড়িতে চলছিল মহাসমারোহের আয়োজন। জগদ্ধকুমশায়ের একমাত্র সন্তানের বিবাহ। ব্রাহ্মণভোজন, জ্ঞাতিভোজন, নবশাখভোজন, গ্রামের অন্ত লোকদের খাওয়াদাওয়া—এমনকি আশপাশের মুসলমান পঞ্জীর মিক্রা সাহেবদের লুচি মিষ্টি খাওয়ানো, বাবস্থাব ক্রটি রাখেন নি জগদ্ধকুমশায়। ব.জনা, বাজি পোড়ানো, বায়ব'শে—তাব উপর দু বাত্রি যাত্রাগান হবে কিনা এ নিয়েও কথা চলছিল। স্বরেন-সেতাব নেপাল থেকে গ্রামের ঠাকুরদাস মিশ্রের মতো মাতকর পর্যন্ত ধরেছিলেন—সে কি হয়! যাত্রাগান করাতে হবে বৈ কি। না হলে 'সঙ্গহীন হবে।

মশায় বলছিলেন—আষাঢ় মাসেব কথা। বৃষ্টি নামলে সব পণ্ড হবে। শামিয়ানাতে জল আটকাবে না। তাঁর ইচ্ছা ওই খরচে ববং গ্রামের সরকারী কালী-ঘরের মেঝে দাওয়া বাঁধানো হোক, ঘবখানাবও সংস্কার হোক।

এই প্রতীক্ষার কাল যত স্বথের তত উৎসেগের। উৎসেগে দিনকে মনে হয় মাস, মাসকে মনে হয় বৎসর। তবুও কটল দিন। আষাঢ়ের এগারোই বিবাহ, আষাঢ় প্রথম দিবস এল। আকাশে মেঘ এল। সে মেঘ ভুবন-বিদিত বংশের পুঙ্কর মেঘ নয়। অশনিগর্ভ কুটিলমনা কোনো অজ্ঞাতনামা মেঘ। বর্ষণের ফলে বজ্রপাত হয়ে গেল সে মেঘ থেকে।

মঞ্জরী নাই।

বেলা ছ'পহরের সময় লোক এল পত্র নিয়ে। পত্রে লেখা ছিল—‘গত পরশু রাতে আমার কচ্ছা বিস্মৃতিকা বেগুণে মারা গিয়াছে।’

এক মুহুর্তে স্তম্ভপ্র একেবারে ধূলিসাৎ হয়ে গেল। সেকালের তরুণ জীবন নষ্ট। সেকালের মাহুষের বিবাহিত পত্নীর মৃত্যুতে বুকখানা ফেটে চৌচির হয়ে গেলেও আত্মনাদ বের হত না মুখ থেকে। এতো ভাবী পত্নী। জীবন কাঁদে নি। নির্জনে কবিরাজখানার উপরের ঘরে চুপ করে বসে ছিল। হঠাৎ ঠাকুরদাস মিশ্রর উচ্চ চীংকারে চমকে উঠেছিল।

চীংকার করছিল ঠাকুরদাস মিশ্র।—‘আমি ঠাকুরদাস মিশ্রি—আমাব চোখে ধুলো দেবে? লোকে ডালে ডালে যায়—আমার আনাগোনা পাতায় পাতায়। মুখ দেখে আমি মতলব বুঝতে পারি, পাটোয়ারিগিরি করে খাই আমি। এদিকের চাল দিকে গোলমাল চলছে, ওদিকে বেটা স্টক করে উঠে রাস্তায় নামল! আমার সন্দেহ হল। কী ব্যাপার? জিজ্ঞাস কবলাম, কোথায় যাবে হে? বললে—একবার মার্ঠে যাব! প্রথমটা বুকটা ধড়াস করে উঠল। সেখানে ওলাউঠো হযেছে—লোকটা সেখান থেকে আসছে, ওর আবার কিছু হয় নি তো? লোকটা হনহন করে চলে গেল। গেল তো, একেবারে যে পথে এসেছে, সেই পথে। ক'ছেব পুকুর জমল বেলে চলল। হঠাৎ নজর পড়ল ছাতাটিকে বগলে পুরেছে। তখনই আমার সন্দেহ হল শেট; পালাচ্ছে, আমিও গলি-পথে মার্ঠের ধারে এসে দাঁড়িলাম। দেখি, মার্ঠে এসেই ছুটতে শুরু করেছে। তখনই আমি বুঝে নিয়েছি। কিন্তু পালাবে কোথা? মার্ঠে চাষীপ' হাল ছেড়ে ঘুরছে, ঠাকলাম—ধব বেটাকে—ধব-ধব। ধব।

মোলোমান, করিম, সাতন—তিনজন বেটাকে ধবলে, বললাম নিয়ে ‘সায় বেটাকে পাঁজাকোলা করে। আনতেই মোলোমানের হাতের পাঁচনটা নিয়ে বেটার পিঠে কাষ এক বাড়ি। বল বেটা, বল—সত্যি কথা বল। ঠিক বলবি, নইলে কাস্তে দিয়ে জিভ কেটে ফেলব গলগল করে বলে ফেললে সব।

জগধনু মশায়ের গভীর শাস্ত কর্ণস্বর বেজে উঠেছিল—ওকে ছেড়ে দাও ঠাকুরদাস, ও গরিবের কী দোষ? ও কী করবে! ওকে পাঠিয়েছে—ও এসেছে। দূত অবধা। ও দূত। নবকৃষ্ণ সিংয়ের অপকর্মের জবাবদিহি বা প্রায়শ্চিত্ত ও কী করে করবে বলো?

ঠাকুরদাস বললেন—দোষ তোমার। একখানা চিঠিতে তুমি বিয়ে পাকা করলে। নিজে গেলে না, তাকে আসতে লিখলে না।

মশায় তাঁর বাপের কথাগুলি পুনরাবৃত্তি করলেন,—প্রবঞ্চনা আমি করিনি ঠাকুরদাল, প্রবঞ্চনা করেছে নবকৃষ্ণ। এতে আমার দোষ কোথায় বলো ?

জীবন নেমে এসেছিল উপর থেকে।

মঞ্জরীর বিস্মৃতিকায় মৃত্যু মিথ্যা কথা। গত ২০শে জ্যৈষ্ঠ তা'ব সঙ্গে ভূপী বোসের বিবাহ হয়ে গিয়েছে।

জীবনের মনে হয়েছিল—দোলার দিন মঞ্জরী হাতে আলকাতরা নিয়ে তা'ব মুখে নেপে দিতে এসেছিল, সেদিন পারে নি, কিন্তু আজ মঞ্জরী সেই আলকাতরা তা'ব মুখে মাখিয়ে দিয়েছে। যেন মঞ্জরী সেই খিন-খিন হাসি-তুলন কবে তা'ব মুখে দূবাস্তবে দাঁড়িয়ে।

ভূপী হেসে বলছে—বুনো জায়গাটা!

মশায় ছেলের মুখেব দিকে তাকিয়ে সম্মুখে তাকে বলেছিলেন—ভগবান তোমার উপর সদয় বাবা, জীবন। তোমাকে তিনি আজীবন প্রবঞ্চনার হাত থেকে রক্ষা করেছেন। ওই মেস ঘরে এসে তুমি সুখী হতে না। শুধু প্রবঞ্চনা নয়—এ জীবন সে তোমাকে অশান্তির আগুনে দগ্ধ করত। তা ছাড়া যাব যে দাঁপ পত্নী। এ তো তোমার আমার ইচ্ছাধর হবে না। বন্ধু পেয়ে না, দুঃখ কোবো না। মনকে শক্ত করো।

শেষের কথা কটা ত মনে নাগে নি জীবনের। সে মাথা তেঁট করে সেখান থেকে চলে এসেছিল।

মশায় বলেছিলেন তোমাব সঙ্গে কথা আছে। যেখা না কোথাও। স্বপ্নের তুমি যাও, তোমাকেও চাই। দাঁশেব ঘরে অপেক্ষা কবো।

দাঁশেব ঘরে বসেই জীবন সমস্ত বৃত্তান্ত শুনেতে পেয়েছিলেন। ঠাকুরদাস মিল আস্তে কথা বলতে জানতেন না, অস্তের কাছে আস্তে উত্তর শুনেতেও পছন্দ করতেন না। জগৎ মহাশয়ব অমুরোধে দুতকে তিনি নিষাতন ক'বন নাই বাটে ত'বে ধমক দিয়েছিলেন অনেক। প্রবোক্তরের মধ্য যে কথাগুলি প্রকাশ পেয়েছিল, তা হল এই।

প্রতাবনা নবকৃষ্ণ সিংহ টিক করেন নি।

করেছে মঞ্জরী, বন্ধিম, আর ওদের মা।

জীবনের হাতে মুঠোঘাত থেকে ভূপী বোস অজান হয়ে পড়েছিল; খুন করবে, সে খুন করবে ববর উল্লুককে, রোমশ কালো জায়গাকে। তা'রপই তা'ব চোখ পড়েছিল মঞ্জরীদেব উপর। সঙ্গে সঙ্গে ক্রোধ গিয়ে পড়ল তা'দের উপর। বন্ধিমকে

ঠেলে ফেলে দিয়ে উঠে দাঁড়িয়ে মঞ্জরীর সামনে হাত নেড়ে কুৎসিত মুখভঙ্গি করে বলেছিল—এ তোদের ষড়যন্ত্র। তোদের! তোদের! তাই বোন মা সবাই মিলে ষড়যন্ত্র করেছিল আমাদের তড়াতে। টাকার জন্তে ওই গুয়োরটার সঙ্গে, ছোট-লোকের ছেলের সঙ্গে প্রেম করতে বাধে না! ছি! ছি! ছি! তারপর সাড়ম্বরে পথে চীৎকার করে অপবাদ রটনা করে ফিরেছিল। কিছু দিন থেকেই তার সন্দেহ হয়েছিল মঞ্জরীরা জীবনকে প্রশ্রয় দিচ্ছে। জীবনের খরচের বাহলা দেখে অনুমান করেছিল যে প্রশ্রয় পেয়েই জীবন এমন উচ্ছ্বসিত হয়ে উঠেছে। সে এর প্রমাণ দিতে পারে। নইলে নাতনী-দাদামশায় সম্পর্ক ধরে যে হাসিখুশি বক্র রসিকতাব বাগ্মুদ্র চলছিল সে এমন সীমা ছাড়াত না। সম্পর্কটা প্রকাশ্য হলে মঞ্জরী তাব কাছ থেকে দামী আতর গোপনে উপহার নিত না। আর আলকাতবা মাথাতে যেত না। তাই সেদিন নাক ভেঙে রক্তমাখা মুখেই ওই কথা বটাতে বটাতে বাড়ি ফিরেছিল। এবং তার দলবল জড়ো করে বোর্ডিং থেকে আবস্ত করে চাপদাশ জীবনের খোঁজে প্রায় সমুদ্র মন্বন করে ফেলেছিল। খুন করবে। তাকে না পেয়ে তার মণ্ডরটা কুড়ল দিয়ে কেটে চেনা বানিয়ে তবে স্ফাণ্ড হয়েছিল।

নবকৃষ্ণ সিংহ অর্থে সমুদ্রে পড়েছিলেন; কুল-কিনাবা ছিল না। গোটা রাজ্যে ঐ ছাড়া কথা ছিল না। মা মঞ্জরীকে বলেছিলেন—মর, মর—তুই মর।

মঞ্জরী মরতে পারে নি, কিন্তু শয্যা সতাই পেতেছিল।

বন্ধিম আফালন করেছিল—অটমিও বন্ধিম সিংহী, আমি দেখে নোব।

বাপ তার গালে ঠাস করে চড় মেবেছিলেন—হাবামজাদা, তুই সব অনর্থক মূল। দুজনকেই তুই ঘরে এনেছিলি।

বন্ধিম তাতেও দমে নি, সে আরও প্রবল আফালন করে বলেছিল—খুন করবে। ওকে আমি।

নবকৃষ্ণ কাকা দৃষ্টিতে তাব দিকে তাকিয়ে প্রশ্ন করেছিলেন—কাকে? কাকে খুন করবি?

বন্ধিম এর উত্তর দিতে পারে নি।

ওদিকে নিতা নতুন রটনা রটানো ছিল ভূপী বোস। কঠিন আক্রোশ তার তখন। শেষ পর্যন্ত নবকৃষ্ণ এই পত্র লিখলেন জগৎকৃষ্ণ মশায়কে এবং পরোক্তর পেয়ে উচ্ছ্বসিত হয়ে উঠলেন। মঞ্জরীও উঠে বসেছিল। ভূপী বোসের নির্মম নিষ্ঠুর অপবাদ রটনায় লজ্জা তার হয়েছিল বই কি! দুঃখও হয়েছিল, বিছানায় উপুড় হয়ে পড়ে কেঁদেও ছিল! আঘাত যে নির্মম। কাঁদী শহরের চারিদিকে যে রটে গিয়েছিল এই কাহিনী। জগৎ মশায়ের পত্রে সে সব মুছে গেল। নবকৃষ্ণ মাথা তুললেন

পাত্র দেখিয়ে বেড়ালেন সকলকে। জগৎ মশায় লিখেছেন-- 'মা লক্ষ্মীকে সম্মানে ঘরে আনিব ইহাতে আর কথা কী আছে।' মঞ্জুরীও উঠে বসেছিল। ওদিকে ভূপী বোস গর্জাতে লাগল খাঁচার বাঘের মতো। আর সে ক্বী করতে পারে? তবুও নবকৃষ্ণ সিং সাবধানতা অবলম্বন করে কাঁদী থেকে দেশে চলে এলেন। কাঁদীতে বিবাহ দিতে সাহস করলেন না। গ্রীষ্মের ছুটির কয়েকদিন পরই বিবাহের দিন। স্থলে ছুটির জন্ত দরখাস্ত পাঠালেন। দরখাস্ত নিয়ে গেল বন্ধিম। সেখানে যে কী কবে কী হল কেউ বলতে পারে না, তবে ভূপীর সঙ্গে বন্ধিমের ছিন্ন শ্রীতিব সম্পর্ক গাঢ়তর হয়ে উঠল। বন্ধিমই কিংব এমসে সব পণ্ডা করে দিয়েছে।

লোকটি বললে—ওনাবা জানতেন—পাত্র ডাক্তাব হবে। কিন্তু জগৎ মশায় চিঠিতে লিখেছিলেন, ছেলে তাব ডাক্তাবী পড়বে না; কবিবাজি কববে, আমার কাছেই কবিবাজি শিখেছে। এই শুনেই মায়েব মুখ বৌক গেল, কাত্তব মুখে বোঝা নামল।

কিন্তু নবকৃষ্ণ সিংহ সেটা চাপা দিলেন, বলেন—ত তে কি হয়েছে?

মঞ্জুরী মা বলেছিলেন—কোবরেজ? ছি ছি! একালে কে বরেভেব কি মন-সম্মান আছে? পয়সাই বা কোপায়? তুমি বরং লিখে দাও ছেলেকে ডাক্তারী, পড়াতে হবে।

ধমক দিয়েছিলেন নবকৃষ্ণ সিংহ বলেছিলেন—তা'ব ছেলেকে তিনি যদি ডাক্তারী না পড়ান? দাঘটা আমাদেব না তাঁদেব?

মঞ্জুরী মা কি কৈদেছিল গোপনে কিন্তু সে কথা মায়েব অগে'চর ছি' না। তিনি আবারও বলেছিলেন—না বাপু, এক তে; ছেলের ওই দতিার মতে; চেহারা, তা'ব উপর কোবরেজ হলে খালিগায়ে—বড় জোব পিরান চান্দর গায়ে—না বাপু—।

নবকৃষ্ণ বলেছিলেন--খবরদার? সাবধান করে দিচ্ছি আমি—এ বিয়ে ভেঙে গেলে তোমার মেয়েকে আইবুড়া থাকতে হবে। ভূপী বোস কাল সান্দেব বাচ্চা—তা'ব বিধে তোমাব মেয়েব জীবন নীল হয়ে গিয়েছে। ও দেখে তোমাব মেয়েকে নিতে পাবে শুধু জগৎ মশায়। কবিবাজ বলে তাকে উপেক্ষা করতে চেয়ো না।

চূপ করতে বাধা হয়েছিলেন মঞ্জুরীর মা। কিন্তু গজগজ তিনি কবেরছিলেন।

এই অবস্থায় ভূপীর সঙ্গে আ'পাস করে বন্ধিম এল। ফলে আরও দুদিন প্রচণ্ড ঝগড়া হয়ে গেল। তৃতীয় দিন রাতে নবকৃষ্ণ ঘুমিয়েই থাকলেন বাড়িতে, বন্ধিমকে সঙ্গে নিয়ে মা এবং মঞ্জুরী গোন্ধর গাড়ি ভাড়া করে এমসে উঠল কাঁদীতে। পবেব দিন ২২শে বিবাহের দিন ছিল পাজিতে।

নবকৃষ্ণ সিংহ ছুটে গিয়েছিলেন বিবাহ বন্ধ করতে, কিন্তু কিছু করতে পারেন নি।

তখন মঞ্জরী ভূপতির চাদরে নিজের অঞ্চল আবদ্ধ করে নবকৃষ্ণের বাসা বাড়ি পিছনে রেখে ভূপীদের জীর্ণ পুরানো চকমিলানো দালানে গিয়ে উঠেছে।

মঞ্জরীর মা ভূপতির বামপার্শ্বে মঞ্জরীকে দেখে আনন্দাশ্রু বিসর্জন করে বলেছেন—
দেখো তো, কী মানিয়েছে—এ যেন মদন-মঞ্জরী!

ভূপতিদের বাড়ীতে ওখানকার অভিজাতবংশীয়দের সঙ্গে কুটুম্বিনীর দাবিতে রহস্যলাপ করে এসেছেন। একসঙ্গে দোতলাবি ধরে বসে খেয়ে এসেছেন।

ঠাকুরদাস বলেছিলেন—চিটিং কেস কবো তুমি, করতেই হবে।

জগদ্ধকু বলেছিলেন—তার আগে ভালো পাত্রীর সন্ধান করো। এই এগাবোই তারিখেই বিয়ে। স্বর্গেশ্বর স্বন্দরী পাত্রী বের কবো। বিয়ে হয়ে থাক—কেস-টেকস তার পরে। আমোদ-আহ্লাদ খাওয়াদাওয়া সেবে স্থষ্টচিত্তে, সবল স্বস্থদেহে খাদ্যভোগে হাজির হয়ে বলা যাবে—আমাদের ঠকাত্তে চেয়েছিল, কিন্তু আমরা হার্ক নি। ধাবা-টাবাগুলো ববং দেখেওনে রেখো অবসরমতো।

হা-হা করে চেমে উঠেছিলেন মশায়।

সকলে অবাক হয়ে তাকিয়েছিল জগৎ মশায়ের মুখেব দিকে। এই অপমানের জগৎ মশায় হা-হা করে হাসছেন।

জগৎ মশায়ের সেই এক কথা—বিয়ে এগারোই। একদিন পিছুবে না। স্বর্গেশ্বর, তুমি আর সেতাব আমাব সঙ্গে পাত্রী দেখতে যাবে। তোমাবা পছন্দ করে ঘাড় নাড়লে আমি তবে গা বলব। খোঁজ করা কোথায় আছে গরীবের ঘরের স্বন্দরী স্বাধিবতী মেয়ে। তবে বংশ সর্বংশ হওয়া চাই।

সেতাব, স্বর্গেশ্বর, নেপাল এদের উৎসাহের আর সীমা ছিল না। উঠে পড়ে লেগেছিল—পাত্রী খুঁজে বের করবেই। ভালো মাত্র সেতাব হেসে বলেছিল এ সেই রাজপুত্র মন্ত্রীপুত্র সদাগরপুত্র কোটালপুত্রের গল্প হন, তারা উদ্দেশ্যে বাজকঙ্কোর সন্ধানে বেরিয়ে পড়ল। কিন্তু তাই জীবন, তুই এই একটু হাস দেখ।

সেতাব চিঠি লিখেছিল তার মামার বাড়িতে। “স্বন্দরী গুণবতী স্বর্গেশ্বর বয়স্বা পাত্রী থাকিলেও অবিলম্বে জানাইবেন। কোন পণ লাগিবে না। পাত্রের পিতা এখানকার নামকরা কবিরাজ জগৎ মশায়। খুব রোজগাব। জমি পুকুর বাগান জমিদারি আছে। ছেলেও কবিরাজি শিখিতেছে।”

স্বর্গেশ্বর সত্যমতাই চালচিঁড়ে বেঁধে বেরিয়ে পড়ার মতো বেরিয়ে পড়েছিল। জগৎ মশায়ের কাছে কয়েকটা টাকা চেয়ে নিয়ে বলেছিল—আমি একবার সদর

শহরটা ঘুরে আসি। পসার নাই এমন পরিব উকিল-মোক্তারের তো অভাব নাই। এদের মধ্যে কায়স্থও অনেক। বয়সওয়ালা আইবুড়ো মেয়ে এই সব জায়গাতে মিলবে।

জগৎ মশায় তাই পাঠিয়েছিলেন স্বরেন্দ্রকে।

নেপালটা ছেলেবেলা থেকেই আধপাগলা। সন্ধানের ধারা ছিল বিচিত্র। তার বাবা ছিলেন সবরেজেন্দ্রী আপিসের মোহরার। নেপাল তখন বাপের সঙ্গে সবরেজেন্দ্রী আপিসে গিয়ে টাউন্টের কাজ করত। দলিল যাতে আগে রেজেন্দ্রী হয় তার ব্যস্থা করে দাখিল দিত, কাটাহুট থাকলে কৈফিয়ত লিখে দিত, সনাক্তদার না থাকলে সনাক্ত দিয়ে দিত। অর্থাৎ বলে দিত—“এই ব্যক্তির নাম ধাম পিতার নাম যাহা বলিয়াছে তাহা সত্য—আমি শ্রীনেপালচন্দ্র মুখোপাধ্যায়—পিতা শ্রীবিনোদলাল মুখোপাধ্যায়—নিবাস নবগ্রাম—আমি ইহাকে জানি এবং চিনি।” তার তস্যার সই মেয়ে দিত। ফি নিত দু আনা। নেপাল সবরেজেন্দ্রী আপিসের সামনে বটতলার বসে জনে জনে জিজ্ঞাসা করত—বলি চাটুঞ্জেশ্বর, আপনার ঝোঁকে ভালো কায়স্থ পাত্রী আছে ?

—ওহে—কী নাম তোমার ? গোবিন্দ পাল ? কায়স্থ পাত্রীর খোজ দিতে পার ?

—কোথায় বাড়ি শেখজীর ? আপনাদের গাঁয়ের কাছাকাছি কায়স্থ আছে ? বেশ সুন্দরী ভালো বংশের কস্তে আছে ? বলতে পারেন ?

শুধু এই নয়, পথেঘাটে পথিক পেলেই সে প্রশ্ন করত। ভালো কস্তে আছে হে কায়স্থ বংশের ? শেষ পর্যন্ত লাগল একদিন। ওদের জমির ভাগজোতদার নবীন বাপদাকে বলেছিল—খোঁজ করিস তো নবীন ! ভালো কায়স্থঘরের বড়সড় মেয়ে।

নবীন যাচ্ছিল কাটোয়া—তার বয়ে গদাজল আনবে। নেপাল বলেছিল—যাবি তো এতটা পথ। আসিস তো নবীন খোঁজ করে !

* * *

আজকের জীবন মশায় তখন শুধু জীবন ; বড় জোর জীবন দস্ত। সেদিন জীবনের পক্ষে এ আঘাত হয়েছিল মর্মান্তিক। কিন্তু ভেঙে পড়েন নাই। বরং ক্রোধে আক্রোশে বিবাহের জন্ত উৎসাহিত হয়ে উঠেছিলেন। সে উৎসাহ অনেকের চোখে বেশী-বেশী মনে হয়েছিল। জীবন কিন্তু গ্রাহ্য করেন নাই। তরুণ জীবন সেদিন মনের কোণে উন্মত্ত হয়ে উঠতে চেষ্টা করেছিল।

আজ বৃদ্ধ জীবন মশায় হাসলেন। আজ তিনি দীর্ঘ জীবনের অভিজ্ঞতা নিয়ে নিজের তরুণ জীবনের দিকে চেয়ে আছেন রসজ্ঞ দ্রষ্টার মতো।

বাণের বিধে জর্জর মানুষের জিভে নিমের মত ভেতাকেও নাকি মিষ্টি লাগে ।
মিষ্টি রসকে মনে হয় তেতো ।

নাঃ ।

ভুল হল । বৃদ্ধ জীবন মশায় বার দুই ষাড় নাড়লেন । না-না ।

মঞ্জরী যে তাঁর প্রতি বিশ্বাসঘাতকতা করেছিল, তার সঙ্গে মঞ্জরীর প্রতি তাঁর ভালোবাসার সম্পর্ক কী ? ভালোবাসার সঙ্গে কি কখনও সাপের বিষের তুলনা হয় ? তিনি ক্লোভে নিজেই হাতে বিষের নল মুখে তুলে শেষ বিন্দু পর্যন্ত পান করেছিলেন ।

ক্লোভে আক্রোশে তরুণ জীবন দস্ত সেদিন ছুটি প্রতিজ্ঞা করেছিলেন ।

খুব হৃন্দরী পত্নী ঘরে এনে সর্বোত্তম স্বখে স্বখী হবেন । ভালোবাসবেন তাকে
স্বাম্যণের কাহিনীর ইন্দুমতীকে অজরাজার ভালোবাসার মতো ।

আর প্রতিজ্ঞা করেছিলেন—ডাক্তার তিনি হবেনই ।

নাই বা পড়তে গেলেন মেডিক্যাল স্কুল বা কলেজে । ঘরে বসে তিনি পড়ে ডাক্তার হবেন । তার উজ্জল দৃষ্টান্ত ছিল তাঁর চোখের সম্মুখে ।

এ অঞ্চলের প্রথম বিখ্যাত ডাক্তার—রঙলাল মুখোজ্জ । নতুন দিনের স্বর্ধের মতো তিনি তখন উঠছেন ।

বিস্ময়কর মানুষ, বিস্ময়কর প্রতিভা, রোমাঞ্চকর সাধনা রঙলাল ডাক্তারের ;
তেমনি চিকিৎসা ।

গৌরবর্ণ মানুষ ; সবল/স্বাস্থ্য, তীক্ষ্ণ দৃষ্টি, রঙলাল ডাক্তারকে একশো জনের মধ্যে
দেখবামাত্র চেনা যেত । চেহারাতেই স্বারা প্রতিভার স্বাক্ষর নিয়ে আসেন, তিনি
ছিলেন তাঁদেরই একজন । এ সব মানুষ দুঃসাহসী হবেই । স্বল্পভাষী কিন্তু সেই অল্প
কথাগুলিও ছিল, রুঢ় ঠিক নয়, অতি দৃঢ়তার কঠিন, সাধারণের কাছে রুঢ় বলে মনে
হত ।) হুগলী জেলার এক গ্রামে সকালে নিষ্ঠাবান ব্রাহ্মণ পরিবারে জন্ম । হুগলী
ইন্সুলে এবং কলেজে এফ.এ. পর্যন্ত পড়ে বাণের সঙ্গে মনাস্তরের জন্ম ঘর থেকে
বেরিয়ে পড়েছিলেন । কলেজে পড়বার সময় তিনি হুগলীর মিশনারিদের প্রভাবে
প্রভাবান্বিত হয়েছিলেন ; তাদের ওখানে যেতেন, তাদের সঙ্গে খেতেন । বাণের সঙ্গে
মনাস্তরের হেতু তাই ।

বাণের মুখের উপরেই বলেছিলেন - জাত আমি মানি না । ধর্মকেও না । তাই
ওখানে গুদের সঙ্গে খাওয়া আমি অপরাধ বলে মনে করি না । আর ধর্মই যখন মানি
না তখন ধর্মাস্তর গ্রহণের কথাই ওঠে না ।

সেই দিনই গৃহত্যাগ করে বেরিয়েছিলেন পদ্মপ্রদে, কর্ণকশুস্ত অবস্থায় । এই

জেলায় প্রথম এসে এক গ্রামে হয়েছিলেন পাঠশালার পণ্ডিত। পাঠশালার পণ্ডিত থেকে হয়েছিলেন ইন্সুল মাস্টার। এ জেলার এক রাজ-ইন্সুল শিক্ষকের পদ খালি আছে শুনে দরখাস্ত করে চাকরি পেয়েছিলেন। এই চাকরি করতে করতেই হঠাৎ আকুট হলেন চিকিৎসা বিচার দিকে। রাজারের প্রতিষ্ঠিত হাসপাতালের ডাক্তারের সঙ্গে হয়েছিল বন্ধুত্ব। প্রায় যেতেন তাঁর কাছে। হাসপাতালে ঘুরে ঘুরে যোগী দেখতেন। ডাক্তারের কাছে ডাক্তারী এই নিয়ে পড়তেন। ডাক্তারের সঙ্গে আলোচনা করতেন—রাত্রির পর রাত্রি। এক-একদিন সমস্তরাত্রিগ্যাপে আলোচনা চলত। আলোচনা থেকে তর্ক, তর্ক থেকে কলহ।

একদিন কলহ কী হয়েছিল কে জানে—সে কথা রঙলাল ডাক্তার কারও কাছে জীবনে প্রকাশ করেন নাই, ডাক্তারও করে নাই—তবে তার ফল হয়েছিল বন্ধুবিরুদ্ধে। কয়েকদিন পরেই হঠাৎ রঙলাল ডাক্তার মাস্টারি ছেড়ে তাঁর বইয়ের গাড়ি নিয়ে এসে উপস্থিত হলেন এই অঞ্চলে। এখান থেকে চাখাইন নামে ময়ূরাকীর তাঁরে একটা বাঁকের উপর মুসলমানপ্রধান লাল-মাটি গাঁয়ে প্রথম বইয়ের ঘর ভাড়া করে। তারপর গ্রামপ্রান্তে নদীর প্রায় কিনাঙ্গর উপর একখানি বাংলো বাড়ি তৈরি করে বাস করলেন। সামনে বিস্তীর্ণ ময়ূরাক্ষেত্র রেখে বারান্দার উপর বসে দিনরাত্রি সাধনা শুরু করলেন। মধো মধো রাত্রে বেগ হতেন পিশাচাদাকের মতো। কাঁধে কোদাল নিয়ে বেরিয়ে যেতেন আর নিয়ে যেতেন একটা চাকাওয়ালী ঠেলাগাড়ি। কবরস্থানের টাটকা কবরটি খুঁড়ে শবদেহ বের করে নিয়ে—আবার কবরটি পরিষ্কার করে বন্ধ করে—শবদেহটা ঠেলাগাড়িতে চাপিয়ে টেনে আনতেন। তারপর দু-একদিন রঙলাল ডাক্তারকে আর বাইরে দেখা যেত না। বাংলোটীর পিছনে পাঁচিল-ঘেরা বিস্তীর্ণ হাতার মধ্যে তিনি একটা কাচের ছাদ-ওয়ালী ঘর করেছিলেন। সে ঘরে কারুর ঢুকবার অধিকার ছিল না। সেইখানে তিনি মড়া কেটে বই মিলিয়ে দেহতত্ত্ব শিখেছিলেন। কিছুদিন পরই জুটেছিল এক যোগ্য উত্তরসাহক। ময়ূরাকীর ওপারের মনা হাড়ি। মনা হাড়ি ছিল ময়ূরাক্ষেত্র ঘাটের বেঘা-মাঝি। আর একটা কাজ করত—সে ছিল ঋশানের ঋশানবন্ধু—দুর্গাস্ত্র মাতাল, সব পরিচয়ের চেহেও তার আর একটা বড় পরিচয় ছিল—লোক বলত মনা রাক্ষস। মনার ক্ষুধার কখনও নিবৃত্তি হত না। একবার এক হাড়ি ভাত নিঃশেষ করে মনা ঋশানের অনতিদূরে একটা পাঠাকে দেখে আবার ক্ষুধার্ত হয়ে পাঠাটাকে ধরে বাড় মুচড়ে মেরে ওই চিতার আগুনেই সেটাকে পুড়িয়ে শেষ করেছিল। এই মনাই হল রঙলাল ডাক্তারের প্রথম ভক্ত। বছর দুয়েক পর থেকে মনাই হয়েছিল তাঁর পাচক। তার হাতেই তিনি যেতেন। এই মনাই তাঁকে শব সংগ্রহে সাহায্য করত। ময়ূরাকীর জলে ভেসে-বাওয়া

শব তুলে এনে দিত। অনেক সময় শ্মশানের পরিত্যক্ত শব এনে দিত। এইভাবে বৎসর পাঁচেক সাধনার পর বঙলাল ডাক্তার একদিন ঘোষণা করলেন—আমি ডাক্তার। যে রোগ এখানে কেউ সারাতে পারবে না, সেই রোগী আমার কাছে নিয়ে এসো। আমি সারিয়ে দেব।

কিছুদিনের মধ্যেই এই ঘোষণাকে তিনি সত্য বলে প্রমাণিত করলেন। লোকে বিশ্বিত হয়ে গেল তাঁর প্রতিভায়। বললে, ধর্মস্তরি। ডাক্তার পালকি কিনলেন কলে বাগ্‌ওয়ার জন্ত।

মনা বললে—উহ! একটা ঘোড়া কিনে ফেলো বাবা। মামুয়ের পায়ে আর ঘোড়ার পায়ে!

বঙলাল বললেন—দূর বেটা! মামুয়ের কাঁধে আর বোড়ার পিঠে? মামুয়ের কাঁধে আরাম কত?

—আজ্ঞে?

—সে তুই বুঝবি না রে বেটা। ঘোড়ার চড়ে পড়ে হাড়গোড় ভাঙবে?

জীবন দত্ত সেদিন আকাশকুসুম কল্পনা করে নাই। তাঁর আদর্শ ছিল বাস্তব এবং সজীব। ডাক্তার হয়ে প্রচুর প্রতিষ্ঠা অর্জন করে সোনার গহনার সন্ধানী স্বীকে সঙ্গে নিয়ে একদিন তার কাঁদী যাবার ইচ্ছা ছিল। সে যাবে বড সাদা ঘোড়ার চেপে, স্বী যাবে কিংখাবে মোড়া পালকিতে।

মুরশিদাবাদ যাবার অছিলায় পথে কাঁদীতে ভূপী বোসের ফাটল-ধরা বাড়ির দরজায় ঘোড়াটার রাশ টেনে দাঁড় করিয়ে বলবে—আজকে রাত্রির মতো একটু বিশ্রামের স্থান হবে কি? ইচ্ছে করেই প্রহরখানেক রাত্রি গিয়ে উপস্থিত হবে ওদের বাড়িতে।

স্বীকে পাঠিয়ে দেবে অন্তরে মঞ্জুরীর কাছে।

সে গিয়ে বলবে—আজ রাত্রির মতো থাকতে আমাদের একটু জায়গা দেবেন? আপনি তো আমাদের আপনার লোক। সম্বন্ধটা সইয়ের বউয়ের বকুল ফুলের বোনপো বউয়ের বোনঝি জামাইয়ের মতো হলেও সম্বন্ধ তো বটে!

তারপর যা হবার আপনি হবে।

বিবাহের পর-কিন্তু সব যেন বিপরীত হয়ে গেল। জীবন দত্ত আশ্চর্য হয়ে গিয়েছিল সেদিন, কেন এমন হল?

বারো

সেদিন আশ্চর্য মনে হয়েছিল—আজ কিন্তু আশ্চর্য মনে হয় না।

বিবাহের পূর্বে জীবনের যে উজ্জ্বল স্তরপক্ষে চতুর্দশীর সমুদ্রের মতো ফুলে ফেঁপে উঠেছিল, বিবাহের দিনেই সেই উজ্জ্বল স্তিমিত নিরুৎসব বিষয় হয়ে গেল প্রতিপদ-ষিষ্ঠীধার ভাটার সমুদ্রের মতে। জীবনে পূর্ণিমা তিথিটা যেন এলই না কোনোদিন। অমানস্কাই কি এসেছে? না, তাও আসে নাই আজও। একমাত্র সন্তান বনবিহারীর মৃত্যুতেও না।

এগারোই আঘাতেই বিবাহ হয়েছিল। কন্যার এরশে অভাব হয় না।

কন্যা এ দেশে দায়ের সানিল। যা দায় তাই দুর্বল বোঝা। সবল মানুষ বোঝা বইতে পারে, দুর্বল মানুষ বোঝা নামাতে গিয়ে ফেলে দিয়ে ইঁপ ছেড়ে বাঁচে। সংসারে দুর্বলের সংখ্যাই তো বেশী।

দশটি কন্যার খোঁজ এসেছিল। ছুটি কন্যাকে পরিচয় স্তনেই নাকচ করেছিলেন জগৎ মশায়। চারটি কন্যা চাক্ষু করে সন্নয় শহরের এক বুদ্ধ মোক্তারের পিতৃমাতৃ-হীনা ভগ্নীকে পছন্দ করলেন। পাঁচ হরিতকী। মেয়েটির নাম রুক্মভামিনী। মেয়েটি তখনকার দিনে সরস্বতী হয়ে উঠেছিল সোন্দর বস্ত্র উত্তোরণ হয়ে মাস দুধেক পরেই পনেরোয় পড়বে। এ মেয়ের সন্তান এনেছিল স্বরেন্দ্র।

বাইবে ঘরে উৎসব সমারোহের কোন ক্রটি ছিল না। জগৎ মশায়ের তখন কবিরাজ হিসেবে খ্যাতিতে, অবস্থাপন্ন ব্যক্তি হিসেবে সামাজিক প্রতিষ্ঠায় থাকে বলে একই আকাশে চন্দ্রসূর্যের একসঙ্গে উদয়। জীবন তাঁর একমাত্র সন্তান, তার উপর এই বিচিত্র অবস্থা বিবাহ। কাদোতে মঞ্জরী এবং ভূশী বোসের বিবাহ হয়েছিল যত চুপিচুপি এখানে জীবনের স্নেহ রুক্মভামিনীর বিবাহ তত উচ্চ সমারোহে নহত থেকে টোল বাঁশি এমন কি ব্যাণ্ড বাজনা বাজিয়ে হয়ে গেল। এই ব্যাণ্ড বাজনা আনা হয়েছিল কাদী থেকে। বাট অঞ্চলে প্রথম ব্যাণ্ড বাজনার দল হয়েছিল মুর্শিদাবাদে, তারপর কাদোতে। নবগ্রাম থেকে কাদী দশ ক্রোশ পথ, এখানকার বাজনার শব্দ দশ ক্রোশ অর্থাৎ বিশ মাইল অতিক্রম করে সেখানে নবন্যস্তিত্তির নিদ্রার ব্যাঘাত না ঘটালেও বাজনারাদদের মারফত খবরটা পৌঁছবার কথা। এই এত সমারোহের মধ্যেও পাত্র জীবন যখন কন্যার বাড়িতে পৌঁছুল তখন সে স্নান স্তিমিত হয়ে গেছে। বাসরে গিয়ে জীবন অবসন্ন ক্লান্ত হয়ে শুয়ে পড়ল, হাত জোড় করে বলল—আমাকে মাক করবেন, আমার শরীরটা বড খরাপ করছে।

তবুও অবস্থ্য চাড়ে নি হেরো। গাণ্ড গাইতে হয়েছিল, সেকালের নিঃস্ব অমুখ্যায়ী কৃষ্ণভামিনীকে কোলে বসাতেও হয়েছিল।

কৃষ্ণভামিনীর বউ ছিল পাকা সোনার মতো। মুখত্রী কোমল এবং স্নিগ্ধ হলে তাকে ভাকশাইটে সন্দরী বলা যেত।

তেরো বছরের কৃষ্ণভামিনী যেদিন বধুবেশে মশায়দের ঘরে পদার্পণ করে, সেই দিনই তার নামকরণ হইছিল আতর-বউ। কৃষ্ণভামিনীর বউ দেখে মাহুঘের চোখ ঝলসে গিয়েছিল। নামকরণ করে জীবনের পিসীমা বলেছিলেন—তোমার স্বভাবের সৌরভে ঘর ভরে উঠুক।

ফুলশয্যার রাত্রিও বেটেছিল একটি প্রচ্ছন্ন উদাসীনতার মধ্যে। জীবন হেসেছিল, ঠাঁর ম' বউদিদির পরিহাস-বহিষ্কৃত্যয় যোগও দিইছিল, বিস্তৃত (সে যেন প্রাণহীন পুতুলনাচের পুতুলের মতো।) আজ এই বৃদ্ধ বয়সেও মনে পড়েছে শেষ নেওড়ার আনন্দ কেমন যেন নিভানো প্রদীপের মতো কালো হয়ে গিয়েছিল। নিগুট একটা বেদনা তাকে যেন অভিভূত করতে চেয়েছিল।

বিবাহ করেছিলেন তিনি অপমানের প্রতিশোধ নিতে। কিন্তু বিবাহ করে বুঝলেন অপমানের শোধ নেওয়া হয় নি; শুধু দিয়ে করাই হয়েছে।

(এ সংসারে অপমান যাত্রেই গানি মর্মান্দাহী, সে মর্মান্দাহ একমাত্র প্রতিশোধের উল্লাসেই মুছে যায়; তার অন্তরে জ্বলে ওঠে যে আগুন, সেই আগুনে প্রতিপক্ষকে পুড়িয়ে ছাই করে শাস্ত হয়। না, পারলে সেই আগুনে নিজেই তিলে তিলে পুড়ে ছাই হয়। বড় মাহুঘ ঠাঁরা, মহং ঠাঁরা তাঁদের কথা স্বতন্ত্র। তাঁরা অপমানের আগুনে কক্ষ্মার শাস্তিবারি বর্ষণে নিভিয়ে ফেলেন।)

জীবন মশায় মহং নন—নিজে তাই বলেন। তাঁর মনের আগুন তাই বোধ করি আজও জ্বলছে। বাইরে দেখে কেউ বুঝতে পারেনা। বুঝতে তিনি দেন না। বুঝতে পারে একজন। সে আতর-বউ। সে প্রথম দিন থেকেই বোঝে।

জীবনের প্রচ্ছন্ন বেদনা সংসারে সকলের কাছে প্রচ্ছন্ন থাকলেও নতুন বধুটির আগোচর ছিলনা। শুধু তাই নয়, বধুটিকেও আক্রমণ করলে সংক্রামক ব্যাধির মতো। ফুলশয্যার রাত্রেই জীবন দস্তুর মনের বেদনা নতুন বউয়ের মনে আঘাত করে প্রাতিহত হয়ে ফিরে এল।

ফুলশয্যার শেষ রাত্রে জীবন বধুকে আকর্ষণ করেছিল—নিজের বুকের কাছে। বধুটি তিক্ত কঠিন স্বরে বলে উঠেছিল—আঃ, ছাডো!

—কেন? কী হল?

—কী হবে? ভালো লাগে না।

—ভালো লাগে না ?

—না। ছেড়ে দাও, পায়ে পড়ি তোমার। ছেড়ে দাও।

—কী হল ?

—কী হবোঁ ? আমাকে দয়া করে বিয়ে করেছ, উদ্ধার করেছ। দাসী হয়ে এসেছি—দাসীর মতো খাটব। তু ম্যোঁ খাব। 'আদর তো আমার পাওনা নয়। ছেড়ে দাও আমাকে।'

আজ্ঞাও চলেছে ওই ধারায়।

'গাতর-বউ আজ আগ্নেয়গিরি ; অগ্ন্যুদগার আরম্ভ হলে ধামে না।

গাতর-বউয়ের দোষ কী ? গাতর-বউয়ের বৃকে আগুন লেগেছে তাঁরই বৃকের আগুনের সংস্পর্শে।

* * *

তবু এতই মধ্যে গড়ে উঠেছিল সমৃদ্ধ একটি সংসার।

ওই যে গাতর-বউ বলে—কত নাম ডাক ছিল -- দুহাতে রেজেগার করেছ, চার হাতে খরচ করেছ—এর অর্থই তো হল, যশ-প্রতিষ্ঠা অর্থ-সম্পদ। সাধারণ মানুষের এ ছাড়া আর কী চাই ?

সাহানো সংসার - তিন কন্যা এক পুত্র। স্বঃমা-স্বঃমা-সরমা। ছেলে বনবিহারী। তারা পেয়েছিল মায়ের বর্ণচ্ছটা, বাপের স্বাস্থ্য।

খ্যাতি প্রতিষ্ঠাও অনেক হয়েছিল ; সে খ্যাতি কিশোর-জীবনের আকাঙ্ক্ষার পরিমাণে সমুদ্রের তুলনায় গোপদতুল্য না হলেও দিগন্তজোড়া বিলের তুলনায় মাঝারি আকারের পরিচ্ছন্ন একটি শখের পুষ্করিণী একথা নিঃসন্দেহে বলা যায়। যার বাঁধানো ঘাট আছে, জলে মাছ আছে, নামেও যে পুষ্করিণীটি কর্তার অভিপ্রায় অনুযায়ী শ্যামসায়র বা শ্যামসরোবর। জলও তার নির্মল ছিল, তপ্ত গ্রামবাসীরা তাতে অবগাহন করে তৃপ্তও হয়েছে। তৃষ্ণার্ভেরা তার জল পান করে শ্যামসায়রের অধিকারীকে মুক্তপ্রাণে আশীর্বাদও করেছে। কিন্তু দিগন্তবিস্তৃত বিলের তুলনায় সে কতটুকু কত অকিঞ্চিৎকর—তা সেই অধিকারীই জানে যে এই বিলের মতোই একটি বিল কাটাতে চেয়েছিল। যার কল্পনা ছিল ওই বিলের ঘাটে ভিড়বে কত দেশদেশান্তরের বড় বড় বজরা নৌকা ছিপ !

আজ্ঞা এই পরিণত বয়সে জীবনের সকল মোহই কেটে গেছে। লাল নীল সবুজ বেগুনে—সাত রঙের ইন্দ্রধনু তিনি আর দেখতে পান না। আজ চোখের সামনে মাত্র দুটি রঙ আছে। একটি সাদা অল্পটি কালো। আলো আর অন্ধকার। তাই

আশ্চর্য হবে ভাবেন—সেদিন কী করে জেগেছিল ইন্দ্রধনু মতো এমন বর্ণ-বৈচিত্রময় আকাশ!।

এ প্রশ্ন মনে উঠতেই জীবন দস্ত হাসেন। নিজেকেই নিজে প্রশ্ন করেন—কেন? বারবার এ প্রশ্ন মনে ওঠে কেন তোমার? এ প্রশ্ন ওঠবার তো কথা নয়।

দুটি রঙ—দিন ও রাত্রির সাদা ও কালো রঙ দুটি ছাড়া বাকি রঙগুলি তুমি নিজেই তো ধুয়ে মুছে দিয়েছ হাতে। অন্ধম লোকের রঙগুলি ধুয়ে যায় ব্যর্থতায় বেগনার চোখের জলে। তুমি ধুয়ে মুছে দিয়েছ মিথ্যা বলে; তোমার মহাশুরু জগৎ মশায়ের শিকার কথা ভুলে যাও কেন? তাঁর শিকার মধ্যে তো নিজেকে সেদিন ভুবিয়ে দিয়েছিলে তুমি।

নিজের ভুল নিজেই সংশোধন করে নিয়ে ষাড নাডলেন জীবন মশায়। বারবার ষাডিতে হাত বুলালেন। ঠিক! ঠিক!

হঠাৎ একটা আলোর চট! এসে চোখে বাজল। আলো? উঃ—সন্ধ্যা উত্তীর্ণ হয়ে গেছে। রাত্রি নেমেছে। পেয়াল ছিল না। পুরনো কথা মনে করতে গিয়ে বর্জমানের কথা ভুলেই গিয়েছেন তিনি।

আলোটা আসছে ভিত্তর বাড়ি থেকে, হয় ইন্দির, নয় নন্দ আলো নিয়ে আসছে। না-তো। পায়ের দিকে কাপড়ের ষের দেখে মনে হচ্ছে—মেয়েছেলে। আতর বউ আসছেন। সন্ত্রস্ত হয়ে উঠলেন জীবন মশাই। অসময়ে আতর-বউয়ের আসাটা তাঁর কাছে শব্দার কারণ।

আতর-বউই বটে। আলোটা সামনে নামিয়ে দিয়ে আতর-বউ কাছে হাঁড়ালেন। দীর্ঘাঙ্গী গৌরবর্ণী আতর-বউ, কপালে সিন্দূর টিপটি আজও পরেন, সিন্ধিতে সিন্দূর ভগ্ন-মগ করে। কঠোর ভাষিনী আতর-বউ সুযোগ পেলে বোধ করি একটা রাজ্যশাসন করতে পারতেন। জীবন মশায় এ-কথা অনেকবার বলেছেন রসিকতা করে। আতর-বউ উত্তর দিয়েছেন—একটা মাহুষকেই জানতে পারলাম না হাতের মুঠোয়, তো একটা রাজ্য! আতর-বউ উত্তর দিয়ে চিরকাল এক বিচিত্র হাসি হাসেন। আতর বউ আলোটি নামালেন দাওয়ার উপর।

—কী খবর? মুখ ভুলে বললেন জীবন মশায়। আতর-বউয়ের মুখখানা বড় মধুর লাগছে আজ। মমতার ঘন বর্ষার অভিবিক্ত ধরিত্রীর মতো কোমল।

আতর-বউ ঈর্ষ উৎকণ্ঠিত কর্তে প্রশ্ন করেন—তুমি আজ চা খাও নি?

—ভুলে গিয়েছি।

ভুলে গিয়েছ? হাসলেন আতর-বউ।—চা খেতে ভুলে যায় মাহুষ! নন্দ

ছোড়া গিয়ে বললে—ভামাক পরীক্ষা খাও নি। এসে ডেকেছে, সাদা দাও নি! শরীর ভালো আছে তো? না—মন ভালো নাই? কী হল তোমার?

অপ্রতিভের মতো হেসে জীবন মশায় বললেন—হয় নি কিছু। এমনি ভাবছিলাম। নবগ্রামে রতন মাস্টারের ছেলেকে দেখে এলাম; পথে নিশিঠাকরুন ডেকে দেখালে তার ভাইঝিকে। রতন মাস্টারের ছেলের রোগ খুবই কঠিন, তবে, জোর করে কিছু বলা যায় না। কিন্তু এই মেয়েটি—এর আর—।

ষাড় নাডলেন ডাক্তার। আবার বললেন—এই ক'টি মেয়ে বড় জোর পনের বছর বয়স—এরই মধ্যে দুটি সন্তান হয়েছে। নিশি দেখিয়ে বললে—চাঁদের মতো চলে। আমি দেখলাম চাঁদ নয় যম। মাকে খেতে এসেছে। মনটা খারাপ হয়ে গেল।

—নিশিকে বলে এলে নাকি? শিউরে উঠলেন আতর-বউ।

—না। তবে নিশি বুঝতে পারবে। বলেছি জলখাবণ খেতে হবে। এছাড়া ওষুধ নাই। কে?

আতর-বউয়ের পিছনে কেউ এসে দাঁড়াল। ও—ইন্দির।

—হ্যাঁ। ওকে চা করতে বলে আমি চলে এসেছিলাম। নাও চা খাও। ভালো মাহুঘ তুমি। যে চা নেশার জিনিস—তা না খেলেও তোমার কষ্ট হয় না। তোমাক খেতে ভুলে যাও?

ইন্দির চায়ে পাখরের গেলাসটি এগিয়ে দিল। আতর-বউ বললেন—তুমি খাও, আমি দাঁড়িয়ে আছি। গেলাস আমি হাতে করে নিয়ে যাব। ইন্দিরের হাতে শনি আছে, ছ মাসে তিনটে পাখরের গেলাস ভাঙলো। ইন্দির, তাকের ওপর বড় এলাচ গুঁড়ো করা আছে, নিয়ে আর।

ইন্দির চলে যেতেই আতর-বউ বললেন—তুমি আমাকে লুকোলে। ওই হাসপাতালের ডাক্তারের কথায় তুমি খুব দুঃখ পেয়েছ। নতুন কালের ছেলেমাহুঘ ডাক্তার, অহঙ্কার অনেক। কাকে কী বলেছে জানে না। আমি তো জানি তোমার নিদান মিথ্যে হয় না। মতির মা যখন মরবে তখন বুঝতে পারবে ছোকরা ডাক্তার। আমিও তোমাকে ওবেলা কতকগুলো খারাপ কথা বললাম। মুখপোড়া শশী, যে এইখানে হাত-দেখা শিখলে, কম্পাউণ্ডারি শিখলে সে এসে বলে কিনা, হাত পা ভাঙতে নিদান হাঁকা তো শুনি নি, বুঝিও না। ও যে কেন মশায় বলতে গেলেন কে জানে? শশীর মুখে এই কথা শুনে আমার মেজাজ খারাপ হয়ে গেল। আমি তাকে বলেছি, এ কথা তুই কোন মুখে বললি শশী? বলতে লজ্জা লাগল না? কলিকাল, নইলে তোর জিভ খসে যেত।

জীবনমশায় হাসলেন। কিন্তু কথার কোন উত্তর দিলেন না। শরীর উপর আজ অত্যন্ত চটেছে আতর-বউ।

আতর-বউ প্রতীক্ষা করলেন স্বামীর উত্তরের। উত্তর না পেয়ে তীক্ষ্ণ দৃষ্টিতে স্বামীর মুখের দিকে তাকালেন। কিন্তু ভালো দেখতে পেলেন না স্বামীর মুখ। শ্রাবণ মাসের ঘোষাচ্ছন্ন রাত্রি - তাঁর পাশে অনেকখানি খোলা জায়গার মধ্যে বারান্দাটির উপর একটি পুরানো লঠন যেটুকু আলোকচ্ছটা বিস্তার করেছিল সে নিতান্তই অপরিষ্কার। তার উপর আতর-বউয়ের দৃষ্টি বার্ষিক্য-স্নান। হাত বাড়িয়ে আলোটা বাড়িয়ে দিলেন তিনি। তারপর ঝুঁকে স্বামীর দিকে তাকিয়ে রুঠ স্বরেই বলে উঠলেন—হাসছ তুমি? তোমার কি গণ্ডারের চামড়া? হাসি দেখে অকস্মাৎ চটে উঠলেন আতর-বউ।

ডাক্তার কিন্তু আরও একটু হেসে বললেন—তা ছাড়া করব কী বলো? কাঁদব?

কাঁদবে? হঠাৎ আগুন জ্বলে উঠল। আতর-বউ বললেন—কাঁদবে? তুমি? চোখে জল তো বিধাতা তোমাকে দেয় নাই। কি করে কাঁদবে তুমি? যে মানুষ নিজের ছেলের নিদান হাঁকে; মরণের সময় বাইরে বসে থাকে, বলে, কী দেখব? এ আমি ছ মাস আগে দেখে রেখেছি—

ডাক্তার বাধা দিয়ে বললেন—ধামো, আতর-বউ ধামো। তোমাকে মিনতি করছি। ধামো তুমি। আমাকে একটু চিন্তা করতে দাও। রতনবাবুর ছেলেকে দেখে এসেছি, আমাকে একটু ভাবতে দাও। বুঝতে দাও!

আতর-বউ যেন ছিটকে উঠে পড়লেন ছিলা-ছেঁড়া ধনুকের মতো, বললেন—অন্ডায় হয়েছে। আমার অন্ডায় হয়েছে। তোমার সঙ্গে কথা বলতে আসাই আমার অন্ডায় হয়েছে। আমার অধিকার কী? আমাকে এনেছিলে তোমরা দয়া করে, আমার বাড়ীর মা-বাপ মরা ভাগ্নী, বিনা পণে দয়া করে ঘরে এনেছিলে দাসী-বান্দীর মতো খাটাতো—আমার সেই অধিকার ছাড়া আর কোনো অধিকার তো নাই। একশোবার অন্ডায় করেছি, হাজারবার। মাফ করো আমাকে।

উঠে চলে গেলেন তিনি অঙ্ককারের মধ্যে।

এই তো আতর-বউ! চিরকালের সেই আতর-বউ! হাসলেন ডাক্তার। কিন্তু সে হাসি অর্ধপর্বেই একটা বিচিত্র শব্দে বাধা পেয়ে থেমে গেল। সঙ্গে সঙ্গে গাঢ় অঙ্ককারে ঢেকে গেল স্থানটা। ডাক্তার এবার সশব্দে হেসে উঠলেন। আতর-বউ লঠনটার শিখা বাড়িয়ে দিবেছিলেন—বোধ হয় মাত্রা অনেক পরিমাণে

ছাড়িয়ে গিয়েছিল। কথাবার্তার উল্লেখনার মধ্যে কেউই লক্ষ্য করেন নি। সশব্দে লঠনের কাচটা ফাটিয়ে দণ করে নিভে গেল আলোটা।

* * *

সশব্দে হাসিও হঠাৎ থেমে গেল তাঁর। মনের ছিন্ন চিন্তা আবার জোড়া লাগল। আতর-বউ বলে গেলেন—বিধাতা তাঁকে চোখের জল দিয়ে পৃথিবীতে পাঠান নি। কথাটা মনে হতেই, হাসি থেমে গল তাঁর।

একটা দীর্ঘশ্বাস ফেলে ডাক্তার মনে মনেই বললেন—দিয়েছিলেন, অনেক অজ্ঞ—তুমি অসুস্থ করতে পার না আতর-বউ, সমুদ্রের মতো ঐষে লবণাক্ত চোখের জল ভগবান তাঁর দুটি চোখের অন্তরালে অসুস্থের মধ্যে দিয়েছিলেন। তার সংবাদ তুমি জান না। কিন্তু চিকিৎসা-শাস্ত্রে জানযোগ অগত্য কষির মতো গভূষে সে সমুদ্র পান করে নিঃশেষ করে দিয়েছে। অসুস্থ এখন শুষ্ক সমুদ্রগর্ভের মতো বালুয় প্রাসুর। অনেক প্রবাল অনেক মণিমাণিকা হয় তো আছে; কিন্তু তার সর্বাঙ্গে আছে চোখের জলের লবণাক্ত স্বাদ। তুমি তো কোনোদিন সে বুঝলে না, বুঝতে চাইলে না! তুমি, মঞ্জরী—তোমরা দুজনেই যে মৃত্যু; অমৃত তো তোমরা চাও নি কোনো দিন। চাইলে—তঁা কাছে আসতে, বুঝতে পারতে। আবার একটা দীর্ঘ-নিশ্বাস ফেললেন জীবন ডাক্তার।

মঞ্জরী আতর-বউকে বা শুধু দোষ দিচ্ছেন কেন তিনি? তাঁর নিজের কথা? তিনি নিজে? নিজেই কি তিনি জীবনে অমৃত পেয়েছেন বলে অসুস্থ করেছেন কোনোদিন? এ কথা অল্প কেউ জানে না, জানতেন দুজন, তাঁরা আজ নেই! একজন তাঁর বাবা, প্রথম শিক্ষাগুরু দীক্ষাগুরু।

জগৎ মশায় জানতেন তাঁর এ অতৃপির কথা। অমৃত-অপ্রাপিই হল অশাস্তি অতৃপি। মৃত্যুকালে জগৎ মশায় একথা তাঁকে ডেকে বলেছিলেন। জীবনকে চিকিৎসা-শাস্ত্রে দীক্ষা দিয়ে আরও দশবৎসর তিনি বেঁচে ছিলেন! মৃত্যুকালে জানগঙ্গা গিয়ে গঙ্গাতীরে দেহত্যাগ করেছিলেন। মা তখন গত হয়েছেন। তিনিও খানিকটা জানতেন। কিন্তু তিনি এ অতৃপির হেতু জানতেন না; তিনি হেতু সম্বন্ধন করেছিলেন একেবারে বাস্তব সংসারে। বাবার মতো গভীরভাবে বুঝে তার অসুস্থ খঁজে সন্ধান করেন নাই।

বিবাহের পর জীবন আয়বেদ শিক্ষায় মন-প্রাণ ঢেলে দিয়েছিল। যে পড়াশুনা তার ইচ্ছল-জীবনে ভালো লাগে নাই সেই পড়াশুনার যেন ডুবে গিয়েছিল। জগৎ মশায় আশ্চর্য হয়ে গিয়েছিলেন। জগৎ মশায় বলেছিলেন—ইচ্ছলে পড়াশুনার বকমসকম দেখে ভাবতাম জীবনের বৃদ্ধি বোধ হয় মোটা। কিন্তু আয়ুর্বেদে দেখছি

ওর বুদ্ধি ক্ষয়ধার। তবে—। ধেম গিয়েছিলেন তিনি—ছেলের মুখের দিকে তাকিয়ে দীর্ঘনিশ্বাস ফেলে আবার বলেছিলেন—তবে এর সঙ্গে গানবাছনী শেখো। আনন্দ করো। গান কুরো। ভগবানের নাম না করলে চিকিৎসকের বৃত্তি নিয়ে বাঁচবে কী করে ?

ঠাকুরদাস মিশ্র সে সময় উপস্থিত ছিলেন, তিনি বলেছিলেন, ওহে ওটা যে ওর রক্তে রয়েছে। বংশগত বিজ্ঞেতে তাই হয়। আমার ওই হারামজাদা বেটাটার বিবরণ জান ?

অর্থাৎ হুরকুর ! উজ্জ্বাসভরে বলেই গেলেন ঠাকুরদাস মিশ্র।

—হারামজাদা বেটা' মদ ধরেছে তা তো জান। লেখাপড়াও ছেড়েছে অনেক দিন। ডেবেছিলাম ও বেটাকে আর জমিদারী সেরেস্তার কাছে লাগান না। পূজো-আর্চার মস্তরগুলো মৃগস্থ করিয়ে পেটাকে লাট দেবগ্রামের বিশেষরী মায়ের পূজারী করে দেব। এখানকার পূজারী বেটার বংশ নাই। পূজারীই সেবাষেত, পনেরো বিঘে জমি আছে চাকরান, তা ছাড়া বিশেষরী হল বেশমের পলুপোকা চাষের 'বাথে হরি মারে কে'র মতো দেবতা ! বিশেষরীর পূজো না দিয়ে পুষ্প না দিয়ে ও চাষই হয় না। পাওনা অটেল। তা' কিছুতেই না। ও বলে—ও মস্তর আমার মৃগস্থ হবে না। তারপর ব্যাপার শোনো—বেটা সেদিন দশ বছর আগে এক জমাওয়াশীল ব্যক্তি নিয়ে এসে আমাকে দেখিয়ে বলে—এটাকে যে ভুল রয়েছে। শোনো কথা। ভুল অবিশ্রি আমি জানি—ও ভুল আমারই কলমের ভগায় পুস্তর লোপাট। কিন্তু দশ বছরের মধ্যে কেউ ধরতে পারে নি। জমিদারের ঘরে আর ধরাও পড়বে না। কিন্তু বেটার বিজ্ঞে দেখো। গোপনে গোপনে পুরানো কাগজ দেখে হিসেব বুঝেছে, বাপের ভুল ধরেছে। আমি তো বেটার মাথায় চড় মেরে বললাম, চূপ রে বেটা চূপ।

ঠাকুরদাস মিশ্র পুস্ত্রসৌরবে যেভাবে উচ্ছ্বসিত হয়ে উঠেছিলেন জগৎ মশায় তা হন নি। ঠাকুরদাস আঘাত পেতে পারে বলে শুধু একটু হেসেছিলেন, বাধাও দেন নি। শুধু একটু হেসেছিলেন। জগৎদু ছিলেন জানযোগী। সেই বাপের চেলে এবং তাঁরই শিষ্য হয়েও আসল বস্তুটি তিনি আয়ত্ত করতে পারলেন না।

বাবা বলেছিলেন—মায়ূর্বেদে ওর বুদ্ধি ক্ষয়ধার।

বুদ্ধি তাঁর ক্ষয়ধার ছিল, রোগ উপসর্গ এমন কি রোগ ও উপসর্গের পশ্চাতে 'হৃদয়' বধির পিতৃলকেশী মৃত্যু তার হিম্মতীল হাত দুখানি জীবনকে গ্রহণ করতে উদ্বৃত্ত হয়েছ, কি হয় নি, তাও তিনি অসুমান করতে পারতেন। আজ তুমি তরুণ ডাক্তার জীবন ডাক্তারকে উপহাস করেছ, তিরস্কার করেছ, নতুন কালের চিকিৎসা-

বিজ্ঞানের অহঙ্কারে তাকে অধহেলা করেছ। করো, কিন্তু সেকালে কেউ সাহস করত না।

স্মৃতিচারণ করতে করতে জীবনমশায় যেন প্রাচীন, স্থবির অঙ্গগণের মত ফুলে উঠলেন; একটা তরুণ বিষধর তার তারুণ্যের ক্রিপ্রগামিতা আর বিষদস্তের ভীমতার অহঙ্কারে ছোবলের পর ছোবল মেয়ে গেল; বার্ধক্যের জীর্ণতায় তাঁর বিষদাত ভেঙে দিয়েছে, স্থবিরতায় তাঁর বিপুল দেহে গতিবেগ মন্থর হয়েছে; অগত্যা তাকে সহ্য করতে হল।

নারায়ণ! নারায়ণ! পরমানন্দ মাধব হে।

বেশ ক্ষুঁত স্ববেই উচ্চারণ করলেন জীবন ভক্তার।

মৃত্যুকালে গঙ্গাতীরে জগৎকে মশায় তাকে বলেছিলেন—জীবন, বলো আমাকে যদি কিছু জিজ্ঞাসা থাকে?

জীবন মশায় নিজেই আঁধারে রাখতে পারেন নি, রুদ্ধ আবেগ চোখের জলের ধারায় পথ করে নিয়ে বোরবে এসেছিল। মুখে বলতে কিছু পারেন নি।

জগৎ মশায় বলেছিলেন—তুমি কীদছ? তোমার দীক্ষা আয়ুর্বেদে। জীবন এবং মৃত্যুর তথ্য তো তুমি জান; তবু কীদছ? ছি! আমাকে দুঃখ দিয়ে না; তুমি কীদলে এই শেষ সময়ে আমাকে বুঝে যেতে হবে যে আমার শিক্ষা সার্থক হয় নি। তা ছাড়া, মৃত্যুতে আমার তো কোনো দুঃখ নাই, আক্ষেপ নাই। পরম শাস্তি অমুভব করছি আমি, সুতরাং তুমি কীদবে কেন?

জীবন ভক্তারের চোখের জল শুকিয়ে গিয়েছিল।

জগৎ মহাশয় বলেছিলেন—আমি জানি তোমার মনে কোথায় আছে গভীর অতৃপ্ত। থাকা উচিত নয়। তোমার জীবনের কোনো দিক তো অপূর্ণ নয়!

কয়েক মুহূর্ত পরে বলেছিলেন—তবু আছে, রয়েছে! অবশ্য এর উপর মানুষের হাত নাই আমি জানি। কিন্তু এ অতৃপ্তি থাকতে তো অমৃত পাবে না বাবা।

পরমানন্দ মাধবকে অমুভব করতে পারবে না। অতৃপ্ত অবশ্য কামনার বস্তু না পেলে মেটে না। কিন্তু কামনা যে কী তাই কি কেউ জানে? শোনো, আশীর্বাদ করে যাই কামনার বস্তু পেয়েই যেন তোমার সকল অতৃপ্তি মেটে যায়, অমৃত আশ্বাদন করতে পার। দুঃখে স্বর থাকতে পার, পৃথিবীতে মৃত্যুর মধ্যে অমৃতকে অমুভব করতে পার; পরে আনন্দে স্বখে কীদতে পার; নাই পাও তৃপ্তি। তবে বাবা জানবোগে ডুব দিয়ে। ওই আয়ুর্বেদে। বড় কঠিন ও শুক পথ। হোক। জান হল অগত্যা স্বষ্টি; গও যে দুঃখের সমুদ্র পান করে নেন। যেচ্ছায় স্থষ্টির কল্যাণে চলে যান দক্ষিণে।

জ্ঞানযোগ-রূপী অগস্ত্যের গণ্ডুষপানে শুকিয়ে-যাওয়া সমুদ্রের বালির মতো তাঁর জীবন বালুময়। কিন্তু তার শ্রুতি বালুকণার সমুদ্রের জলের লবনাক্ত স্বাদ। আতর-বউ কোনো দিন একবার আশ্বাদন করেও দেখলেন না, কেবল মরুভূমি বলেই তাঁকে উত্তপ্ত দীর্ঘনিশ্বাসে উত্তপ্ত করে তুললেন।

* * *

বাপের মৃত্যুর পর জ্ঞানযোগেই নিজেকে ডুবিয়ে দেবার জগ্ন জীবন দত্ত ডাক্তারি পড়বার জগ্ন ব্যস্ত হয়ে উঠলেন। তখন বিলাতী চিকিৎসার অভিনবত্বে দেশ চর্কিত হয়ে উঠেছে। রঙলাল ডাক্তারের পালকির বেহারাদের হাঁকে হাঁকে দেশের পঞ্চাশট মুদ্রিত; নবীন মুখুন্ডে, ডাক্তারের ঘোড়ায় খরের ধুলোয় পথের দুই ধার ধূসর। শুধু পঞ্চাশটেই নয়, কবিরাজদের মনের মধ্যেও এর সাড়া উঠেছে। এই বিজ্ঞা আগে থেকেই তাঁকে আকৃষ্ট করেছিল; বাপের মৃত্যুর পর তিনি স্বযোগ পেলে।

বৃদ্ধ জীবন মশায় অঙ্ককারের মধ্যে আবার একবার হাসলেন, দাড়িতে হাত বোলালেন।

হায়রে হায়! মানুষ সংসারে নিজেকে নিজে যত চলনা করে, প্রতারণা করে, মিথ্যা বলে তার শতাংশের একাংশ ও বোধ হয় পরকে করে না।

বৃদ্ধ বারবার মাথা নাড়লেন। ছোট ছেলের অপটু মিথ্যা বলার চাতুরীকে ধরে ফেলে কতকটা হতাশায়, কতকটা স্নেহবশে, কতকটা ধরে ফেলার আনন্দে যেমন প্রবীণেরা মাথা নাড়ে, তেমনি তাঁবেই মাথা নাড়লেন বারবার। সেদিনের আশ্রু-প্রতারণার কথাই আজ ধরে ফেলেছেন তিনি।

শুধু জ্ঞানলাভের জগ্ন, জ্ঞানযোগের মধ্যে নিজেকে সমাহিত করবার জগ্ন ডাক্তারি শিখতে চেয়েছিলেন। নিজে ঘোড়ায় চড়ে, আতর-বউকে পালাকতে চাপিয়ে কাঁদীতে ভূপী বোসের বাড়ি যাওয়ার কামনার তাড়নার কথাটা মিথ্যা:

শুধু কি এই? জগৎ মশায়ের মৃত্যুর পর স্বাভাবিক ভাবেই কতকগুলি বাধা ঘর কি হাতছাড়া হয় নাই তাঁর? লোকে বলে নাই—এইবার মশায়দের বাড়ির পশার গেল?

নবগ্রামে কি প্রথম অ্যালোপ্যাথিক ডাক্তার এসে বসে নি? তার প্রায় মাস দুয়েক পর ওই কিশোরের বাপ রুক্ষদাসবাবুর আশ্রয়ে কি হরিশ ডাক্তার আসেন? তিনি কি নিজেই শঙ্কিত হন নি?

গুরু রঙলাল ডাক্তার এর অগ্ন অর্থ করেছিলেন। বলতেন—জীবন, তোমাকে আমি ভালোবাসি কেন জ্ঞান? তোমাকে ভালোবাসি তুমি জীবনে হার মান নি এইজগ্নে। এ দেশের কবিরাজরা হার মেনে এই অ্যালোপ্যাথিকে শুধু ধরে বসে

শাপ-শাপান্তই করলে। না পারলে নিজেদের শাস্ত্রের উন্নতি করে এর সঙ্গে পাল্লা দিতে, না চাইলে এর মধ্যে কী আছে সেই তত্ত্বকে জানতে। আধমরা এমনি করেই মরে হে। তুমি জ্যান্ত মানুষ। তাই তোমাকে ভালবাসি। হার মানার চেয়ে আমার কাছে অপমানের বিষয় আর কিছু নাই। হার মানা মানেই মরা। ডেড ম্যান, ডেড ম্যান! বুঝেছ?

লম্বা একটা চুকট ধরিয়ে খালি গায়ে একখানা খাটো কাপড় পরে রঙলাল ডাক্তার ময়ূরাকীর দিকে তাকিয়ে কথা বলতেন আর পা দোলাতেন।

রোগী আসত। একথা যেদিন বলেছিলেন সে দিনের কথা মনে পড়ছে। একজন জোয়ান মুসলমানকে ডুলি করে নিয়ে এসেছিল। পেটের যন্ত্রণায় খড়খড় করছিল জোয়ানটা। রঙলাল ডাক্তার তার দিকে তাকিয়ে বেশে নিন্দিকার ভাবেই বলেছিলেন, শুয়ে পড় চিত হয়ে—এই আমার পায়ের তলায় শুয়ে পড়।

জীবন ডাক্তারকে বলেছিলেন—দেখবে নাকি নাভী? দেখো, তোমার নাভীজ্ঞান কী বলে দেখো। অম্বল না অম্বলশূল না পিলের কামড় দেখো।

রোগী চীৎকার করে উঠেছিল, গুগো ডাক্তারবাবু তুমি দেখো গো, তুমি দেখো! মরে গেলাম, আমি মরে গেলাম। নইলে একটুকুন বিষ দেন মশায়—পেয়ে আমি মরে বাঁচি। আঃ কোথাও কিছু হল না গো! কবরের জ্ব হাকিম পীর কালীস্তান কিছু বাকি নাই মশায়।

বাধা দিয়ে রঙলাল বলেছিলেন, ঠাকুর-দেবতা কী করবে রে ব্যাটা? গোত্রাসে গোস্ব খাবি তো তারা কী করবে। কতখানি গোস্ব খাস একেবারে—দেউ সের না ছু সের? কুমি হয়েছে তোর পেটে, তিন-চার হাত লম্বা কাম।

—হেই বাবা, ওষুধ দেন বাবা। যাতনায় হার বাঁচি না বাবা।

—তা দেব কিন্তু টাকা কই! দুটো টাকা দে কই হার ওষুধের দাম। দে আগে টাকা না হলে হবে না।

—এক টাকা এনেছি বাবা—

জীবন বলেছিলেন, কাল তা হলে দিয়ে যেয়ো।

রঙলাল বলেছিলেন ইউ হার ফুল শিন ফীজে চিকিৎসা কোরো না। ধারে ওষুধ দিয়ো না, মরবে তুমি। তা ছাড়া এর ভাববে এ লোকটার পশার নেই ভালো! মানুষের বেঁচে থাকতে টাকা চাই, মানুষ খাটে ওই বাঁচার মূল্য উপার্জন করতে, তাতেও যে দান্ধিয়া দেখাতে যায় সে শুধু ফুলই নয়, সে অপরাধী, অপরাধী। তাকে জীবনের বৃদ্ধে হারতেই হবে। জাস্ট লাইক দি হিন্দুজ, ইতিহাসে পাবে হিন্দুরা প্রবল বৃদ্ধ করে জিতে এল প্রায়, মুসলমানেরা বৃদ্ধ বিরতি প্রার্থনা

করলে ; ব্যস, হিন্দুরা বিব্রত হল। আচ্ছা, বিশ্রাম করে নাও, কাল আবার বুধ হবে কিন্তু রাত্রে মুসলমান আক্রমণ করলে বিনা নোটিশে অপ্রস্তুত হিন্দুরা হারল, মরল কিন্তু স্বর্গে গেল। আমি স্বর্গকামী নই। বুখেছ? বলেই রোগীর সঙ্গে লোকেদের বলেছিলেন, যাও, আর একটা টাকা নিয়ে এসো। যাও। রোগী থাকুক এখানে। ভয় নেই। মরবে না। যাও।

ভারা চলে গেলে বলেছিলেন, জীবনে টাকা চাই জীবন। টাকা চাওয়াটা অপরাধ নয়। কারও কাছে ভিক্ষা কোরো না, কাউকে ঠকিও না, কারও চুরি কোরো না, কাউকে সর্বস্বান্ত করে নিও না, কিন্তু তুমি যার অন্তে ষাটবে তার যজুরী—কাজ, এ নিতে সফোচ কোরো না। কঃলে তুমি মরবে—স্বর্গে যাবে কিনা জানি না।

তের

অস্তুত মাহুঘ ছিলেন রঙলাল ডাক্তার।

সাধারণ মাহুঘের সমাজ তাঁকে মহাদাস্তিক অর্থপিপাসু জনস্বহীন বলেই মনে করত। ঠিক তাঁর বাবার প্রকৃতির বিপরীত।

ভাষা ছিল রুঢ়, আপ্যায়নহীন অসামাজিক মাহুঘ।

জীবন ডাক্তারের সঙ্গেও প্রথম পরিচয়ে এমনই ভাষা প্রয়োগ করেছিলেন তিনি।

জগৎ মশায়ের মৃত্যুর পর। মনে তখন গভীর অশান্তি। স্বপ্ন অভূষ্টি যেন প্রচণ্ড তৃষ্ণায় জেগে উঠেছে জগৎ মশায়ের সেই থেকে বঞ্চিত হয়ে, তাঁর গুরুগস্তীর অস্তিত্বের প্রভাব থেকে মুক্ত হয়ে। তাঁর স্নেহ যেমন প্রসন্ন এবং গাঢ় ছিল, তাঁর নির্দেশ এবং পরোক্ষ শাসনও ছিল তেমনি গুরুগস্তীর, অলজ্বনীয় জীবনের যে অসন্তোষ ছিল চাপা সে যেন চূড়া-ভেঙে পড়া পাহাড়ের বৃকের আগুনের মতো বেরিয়ে পড়ল।

ও:--প্রথম দিনের অগ্ন্যুৎসারের কথা মনে পড়ছে।

আতর-বউ সেদিন প্রথম মাথা কুটেছিলেন। আতর-বউও চিরকালের অসন্তোষের আগুন বৃকে বয়ে নিয়ে চলেছেন। বিবাহের পর সেই ফুলশয্যার রাত্রি থেকেই জীবন ডাক্তার সে আগুনের উত্তাপ সহ্য করে আসছেন।

বাল্যকালের পিতৃমাতৃহীনা মেয়েটি মামার বাড়িতে মাহুঘ। চিরদিনের মুখরা।

চিরদিনের—। কী বলবেন? প্রচণ্ড ছাড়া বোধ করি বিশেষণ নাই। চিরদিনের প্রচণ্ড। অদৃত জীবনী-শক্তি। সেই বাল্যকাল থেকেই মাথা কুটে বিদ্রোহ করতেন। শাসন যত কঠিন হয়েছে তত মাথা কুটেছেন। তত চাঁৎকার কবে কর্কেদেছেন। তারপর কৈশোর দিনের পর দিন উদয়াস্ত পরিশ্রম করেছেন মামা-মামীর ঘরে, দিনেকের জগ্ন বিশ্রাম নেন নি। তার সঙ্গে উপবাস। মাসের মধ্যে সাতটা আটটা দিন উপবাস করতেন; অগ্ণপক্ষ শাসনের নামে নির্ধাতন করে ক্লাস্ত হয়ে হার মানলে তবে অন্ন গ্রহণ করতেন।

বিবাহের দ্বন্দ্বযথ্যতেই এমন মেয়ের বুক থেকে অগ্নিজ্বালা না হোক অগ্নিতাপ বিকীর্ণ হবে তাতে আর বিশ্বাসের কী আছে। কিন্তু মতুন বউ হিসেবে সংসারে সে স্নানাম কিনেছিল। দিনের বেলা দূর থেকে জীবনমশায় আত্ম-বউকে দেখতেন প্রসন্ন, প্রশান্ত, হান্তময়ী, অবশ্য শাস্ত্রীর সমাদর তার একটা বড় কারণ। মা বউকে বড় সমাদর করতেন। মায়ের পাবনা ছিল আত্ম-বউয়ের মতো পয়মস্ত মেয়ে আর হয় না! বউয়ের সব বাপের কাছে আয়ুর্বেদ শিক্ষার জীবনের মন-প্রাণ সমর্পণ করা দেখে এই পাবনা হয়েছিল তার। তিনি বলতেন—আমার বউয়ের পরেই এমনটা হল। নইলে সেই জীবন, যে মাথাটা নিচু করে টুঁ মেয়ে বড় বড় জোয়ানকে খারেল করেছে, বেগমম মাসের দিনে সকালে বেবিয়ে বেলা দুপুর পাব করে তাল বেয়ে ফিরেছে, মোলকিনী পুঙ্খ বিশপাব এপার-ওপার করে পাক তুলে কালা করে তবে উঠেছে, তার এই মতিগতি হয়। ইত্বলে গিয়ে মারামারি করেছে। বউ ছুঁতে না! এ যেন সে মাঝুই নয়। বউমার পর ছাড়া আর কী বলব? বউমা বাড়িতে পা দেওয়ার পর এই হল।

এ কথা শুনে সকালে আত্ম-বউয়ের মুখ স্মিতগাণ্ডে তবে উঠত।

এই সময়টাই জগৎ মশায়ের জীবনের প্রবীণতম কাল, প্রবীণতার সঙ্গে সঙ্গে পরিচক্ষণতবা এবং বহুদর্শিতার খ্যাতি চারিদিকে ছাড়িয়ে পড়েছিল। তখন জগৎ মশায় নিজে আর সাধারণ বোগী দেখতে বের হতেন না, জীবন ছিলেন সেজগ্ন। বোগ কঠিন হলে তবে নিজে যেতেন। নইলে বলতেন, আমার যাবার দরকার নই বাবা, আমার জীবন যাচ্ছে। ও আমারই যাওয়া। সঙ্গে সঙ্গে মূহু হাসতেন।

কথাটার ভিতরের অর্থ যে না বুঝত, তাকে তিনি ওর অর্থ বোঝাতে চেষ্টা করতেন রসিকতা যে বোঝে না তার সঙ্গে রসিকতা তিনি কবতেন না, সঙ্গী এখায় বলতেন, জীবন দেখে এসে আমাকে বলবে, তর্কিতই হবে। জীবনকেই আমি বলে দেব যা করতে হবে, যে ওষুধ দিতে হবে, তার জগ্নে ভেবো না।

যেতেন, জীবন যখন বলত তখন। আর যেতেন অগ্ন চিকিৎসকের হাতের আরোগ্য-নিকেতন—৮

রোগী দেখবার জন্ত ডাক এলে তখন। আর যেতেন যে ক্ষেত্রে নিদান হাঁকতে হবে সেই ক্ষেত্রে।

একটা ঘটনা মনে পড়ছে। এই ঘটনায় জগৎ মশায়ের খ্যাতি পরিপূর্ণ হয়ে উঠেছিল। নবগ্রামের বরদাপ্রসাদবাবুর কঠিন অসুখ। বরদাবাবুরা নবগ্রামের প্রাচীনতম জমিদার বংশ; এক পুরুষকাল আগে এই বংশেরই বড়তরকের কর্তার বাড়ীতে জগৎ মশায়ের বাবা দীনবন্ধু মশায় খাতা লিখতেন এবং ছেলেদের পড়াতে। এই বাড়ির ছেলের রোগের সেবা করে, দীনবন্ধু মশায় প্রথম চিকিৎসাবিচার আন্বাদ পেয়েছিলেন এবং কর্তার ছেলের আরোগ্যের পর বিখ্যাত কবিরাজ কৃষ্ণদাস সেনগুপ্ত নিজে ডেকে তাঁকে আয়ুর্বেদে লীক্ষা দিয়েছিলেন। এই কৃতজ্ঞতায় দীর্ঘকাল, জগৎ মশায়ের চল্লিশ-পঁয়তাল্লিশ বৎসর বয়স পর্যন্ত, এই বংশের যে-কোন বাড়ীতে ডাকলে সসম্মানে বিনা দক্ষিণায় চিকিৎসা করেছেন। কিন্তু এরা তাঁর সম্মানে বজায় রাখত না উপরন্তু পদে পদে অসম্মান করত, এমন কি ওষুধের দামও দিত না, বলত খাজনায় কাটচিট করে দেব; এই কারণেই জগৎ মশায় নবগ্রামের কয়েক পয়সা জমিদারি কিনে অসম্মানের হাত থেকে রক্ষা পেতে চেয়েছিলেন। এবং রক্ষাও পেয়েছিলেন। নবগ্রামের রায়চৌধুরী বংশ তাঁকে আর ডাকত না। তাঁরা হরিহরপুরের কবিরাজ হীরালাল পাঠককে গৃহ-চিকিৎসক করেছিলেন। রোগ কঠিন হলে ডাকতেন রাধবপুরের গুপ্ত কবিরাজদের। বরদাবাবুর অসুখে বাধ্য হয়ে তাঁর ছেলে জগৎমশায়কে ডেকেছিলেন। বরদাবাবুর ছেলে কলকাতায় ব্যবসা করতেন। বাপের অসুখের সংবাদ শুনে গ্রামে এসেই ডাকলেন রাধবপুরের গুপ্তকে। গুপ্ত এসে বললেন—তিনদিন, এক সপ্তাহ বা নবম দিনে মৃত্যু অনিবার্য।

ছেলে বললেন—আমি কলকাতায় নিয়ে যাব।

গুপ্ত বললেন—তাতে পথে মৃত্যু হবে। তিনদিন পরমায়ু তাতে ক্ষয়িত হবে।

ছেলে এরপর রঙলাল ডাক্তারকে ডাকলেন, কবিরাজ হাত দেখে বললেন—। রুগ্নভাষী রঙলাল ডাক্তার বাধা দিয়ে বললেন—ও বিদ্যোটা আমি বুঝি না, বিশ্বাসও করি না।

ছেলে বললেন—মানে উনি বলছেন, তিনদিন, একসপ্তাহ বা নবম দিনে মৃত্যু অনিবার্য।

রঙলাল বললেন—সেও আমি বলতে পারব না। তবে ওর কাছে লিখে নিতে পারেন। মৃত্যু না হলে নাগিশ করতে পারবেন। আমাকে লিখে দিলে আমি নাগিশ করব।

ছেলে বললেন—এখন আমি চিকিৎসার জগ্গে কলকাতায় নিয়ে যেতে চাই।

—তবে আমাকে কেন ডেকেছেন ? নিয়েই যান।

—কবিরাজ বলেছেন—তাতে তিন দিনও বাঁচবেন না, পথেই খ্রিশূন্তে অর্থাৎ গাড়িতেই মারা যাবেন।

—তা পারেন। আবার নাও পারেন। আমি ওষু দিয়ে গিচ্ছি। রোগ কঠিন। মরবেন কি বাঁচবেন সে আমি জানি না।

রত্নলাল ডাক্তার চলে গেলে অগত্যা তাঁরা জগৎ মশায়কে ডাকলেন।

জগৎ মশায় নাড়ী দেখে বলেছিলেন—অচিকিৎসার জ্ঞাত কলকাতা নিয়ে যাবেন, বাধা দেব না ; নিয়ে যান। চিকিত্সার কোনো কারণ নাই। আমি দায়ী রইলাম।

ছেলে বলেছিলেন—দেখুন, ভালো করে বরুন।

—না বুকে কি এতবড় কথা বলতে পারি রায়চৌধুরীমশায় ? নিয়ে যান। আমার কথার অগ্রাধা হলে আমি দেশের সম্মুখে প্রতিশ্রুতি দিচ্ছি, চিকিৎসা আমি ছেড়ে দেব। আর—।

হেসে বলেছিলেন—মাব এ যাত্রায় কর্তার রোগভোগ আছে, দেহরক্ষা নাই। অচিকিৎসা কুচিকিৎসা হলে তার কথা আলাদা। চিকিৎসা হলে বাঁচবেন। আপনি কলকাতায়ই নিয়ে যান।

তাঁর কথাই সত্য হয়েছিল। বরদাবাবুকে কলকাতা নিয়ে পৌঁছতে কোনো বিঘ্ন ঘটে নাই এবং তিনি সেবার রোগমুক্ত হয়ে দেওঘরে শরীর সেয়ে বাড়ি ফিরেছিলেন।

বরদাবাবুর বাড়িতে তিনি কোনো দক্ষিণা গ্রহণ করেন নাই। বরদাবাবু বাড়ি ফিরে তাকে উপর্যুক্ত পাঠিয়েছিলেন। দেওঘরের পেড়া, একটি ভালো গড়গড়া ও নল, কিছু ভালো তামাক আর একখানি বালাপোশ।

এই ঘটনার পরই জীবন তাঁকে বলেছিল—এবার কীজ বাড়াতে হবে আপনাকে। চার চাক। কীজ করুন।

জগৎমশায় তাতে রাজী ছিলেন না ! কিন্তু জীবন ছাড়ে নাই। বলেছিল—গরিব যারা তাদের বাড়ি আপনি বিনা কীজে যাবেন। কিন্তু যে যা দেবে—এ করলে আপনার মর্যাদা থাকবে না।

এই সময়টিই দত্তমশায়দের বাড়ির সর্বোত্তম সুসময়।

জীবনের মা বলতেন, এসব আমার বউয়ের পয়।

আতর-বউ নিজেও তাই ভাষতেন।

সেকালে জীবন ডাক্তার রোগী দেখতে বের হবার সময় নিয়মিতভাবে আতর-বউ সামনে এসে দাঁড়াতেন। তাঁর মুখ দেখে যাত্রায় শুভ ফল অবশ্যজ্ঞাবী।



জগৎ মশায়ের মৃত্যুর সঙ্গে সঙ্গে দত্তমশায়ের খ্যাতিতে প্রতিষ্ঠার ভাঁটা পড়ল স্বাভাবিকভাবে।

অনেক বাঁধা ঘর—চার পাঁচখানা গ্রাম তাঁকে ছেড়ে কামদেবপুরের মুখুঞ্জ কবিরাজের এবং হরিহরপুরের পাঠক কবিরাজের কাছে গিয়ে পড়ল। ওদিকে নবগ্রামের বাবুরা নিয়ে এলেন একজন ডাক্তার। দুর্গাদাস কুণ্ডু। জীবন মশায় তখন শুধু জীবন দত্ত। মহাশয় ভোঁ সহজে লোকে বলে না। ওদিকে ডাক্তারির একটা হুবিধে আছে। বয়স যেমনই হোক, অভিজ্ঞতা থাক, আর না থাক ডিগ্রি আছে; ডিগ্রীর জোরেরই ডাক্তার খেতাব তাদের প্রতিষ্ঠিত।

জীবন দত্তের স্থপ্ত কামনা এই দুঃসময়ের বড়ে ছাই-উড়ে-যাওয়া আঙুনের মশে গনগনে হয়ে উঠল। তিনি ডাক্তার হবেন। সম্মুখে রক্তলাল ডাক্তারের দৃষ্টান্ত। ওদিকে নবগ্রামে আরও একজন নতুন ডাক্তার এল। তাঁরই বন্ধু কৃষ্ণদাসবাবু, ওই কিশোর ছেলেটার বাপ, নতুন ডাক্তারকে আশ্রয় দিলেন। আরও শোনা গেল নবগ্রামের নবীন ধনী ব্রজলালবাবু এখানে চ্যারিটেবল ডিসপেনসারি—অ্যালোপ্যাথিক দাতব্য চিকিৎসালয়—প্রতিষ্ঠা করছেন। তিনি গোপনে গোপনে আরম্ভ করে দিলেন। অনেক সন্ধান করে দুখানি বই আনালেন—ডাক্তারি শিক্ষা ও বাঙলা মেট্রিয়ার মেডিক। ইচ্ছা সত্ত্বেও রক্তভায়ী রক্তলাল ডাক্তারের কাছে যেতে সাহস হল না।

মাস তিনেক পর হঠাৎ রক্তলাল ডাক্তারের সঙ্গে তাঁর দেখা হল, তাঁর সঙ্গে জীবনের যোগসুত্র রচিত হবার প্রথম গ্রন্থি পড়ল।

ওঁ কিশোর ছেলেটিকে তিনি এইজন্মই এত ভালোবাসেন। এই গ্রন্থিটি পড়েছিল তাকে উপলক্ষ্য করেই।

হঠাৎ একদিন শুনলেন, নবগ্রামের কৃষ্ণদাসবাবুর ছেলে কিশোরের বড় অসুখ। আজ দশ দিন একজ্বরী। দেখছিল ওই নবাগত হরিশ ডাক্তার, আজ মাসখানেক যে নবগ্রামে এসেছে। কৃষ্ণদাসবাবুই তাকে আশ্রয় দিয়েছেন। পাশ করা ডাক্তার—পাটনা ইন্সুল থেকে পাশ করে এসেছে। পসার না হওয়া পর্যন্ত কৃষ্ণদাসবাবুই তার সকল ভার বহন করবেন বলেছেন। সেই দেখছিল—আজ রক্তলাল ডাক্তার দেখতে আসবেন।

জীবন দত্ত বিস্মিত হলেন, শঙ্কিত হলেন। নিজে একটা দিক্কারও দিলেন। খবর রাখা উচিত ছিল। কৃষ্ণদাসবাবু তাঁর চেয়ে বয়সে বড় হলেও বন্ধু। এবং তাঁর ঘনিষ্ঠ বন্ধু নেপালের পরমাখ্যায়—সম্বন্ধী। তা ছাড়া এই কিশোর ছেলেটিকে তিনি বড় ভালোবাসেন। এই নতুন ডাক্তারটি কৃষ্ণদাসবাবুর বাড়িতে আসবার

আগে পর্যন্ত অর্থাৎ চার মাস আগে পর্যন্তও তাঁরাই পুরুষাঙ্কুরে ওঁদের বাড়িতে চিকিৎসা করে আসছিলেন। তার তো একবার যাওয়া উচিত ছিল। চিকিৎসক হিসেবে না-ডাকতে যাওয়ায় মর্যাদায় বাধে, কিন্তু তার উপরেও যে একটা অন্তরঙ্গতার সম্পর্ক আছে। কৃষ্ণদাসবাবুর সঙ্গে আছে, ওই কিশোর ছেলেটির সঙ্গেও আছে। ও পাড়ায় গেলেই তিনি কিশোরের খোঁজ করে দু-চারটি কথা বলে আসেন। ছ-সাত বছরের এই শ্রামবর্ণ ছেলেটি আশ্চর্য বকমের দীপ্তিমান। শীঘ্র বুদ্ধি এবং রসবোধে সরস বুদ্ধি।

এই তো সেদিন।

নেপালের বাড়ি থেকে তিনি নেপালকে সঙ্গে নিয়েই বের হচ্ছিলেন। পথে যাচ্ছিল কিশোর। দুপুরবেলা শালক-পুত্রকে একা দেখে পাগলা নেপালের কর্তব্য বোধ জেগে উঠল। কিশোরের গতিপথ দেখে যে-কেউ বুঝতে পারত যে, সে নিজেদের বাড়ির দিকেই যাচ্ছে পাগল নেপাল সেই হিসেবে অকাবণেই প্রশ্ন করলে—কোথায় যাবি? আমাদের বাড়ি?

—না।

—তবে? দুপুরবেলা যাব কোথায়?

কিশোর উত্তর দিয়েছিল—যাব তোমার স্বস্তরবাড়ি।

নেপাল বুঝতে পারে নাই বসিকতাটুকু। জীবন হা-হা করে হেসেছিলেন।

জীবন ডাক্তার নিজেও অপ্রতিহত হয়েছেন তার কাছে। এই তো মাস কয়েক আগে। তখনও চিকিৎসা করতেন ওঁদের বাড়িতে। কিশোরেরই জ্বর হয়েছিল। নাড়ীতে দেখলেন অম্লদোষ। কৃষ্ণদাসবাবুর ভগ্নী বললেন—এই জ্বর অবস্থাতেও কাল খোয়া-ক্ষীর চুরি করে খেয়েছে। অম্লদোষের আর দোষ কী?

জীবন ডাক্তার বলেছিলেন—আঁা? তুমি চুরি করে খেয়েছ?

কিশোর অপ্রস্তুত হয় নি। বলেছিল—হ্যাঁ।

—জান, চুরি করে খেলে পাপ হয়?

কিশোর ঘাড় নেড়ে বলেছিল—হয়। কিন্তু খোয়া-ক্ষীর খেলে হয় না।

জীবন ডাক্তার অবাক হয়ে গিয়েছিলেন, বলেছিলেন—কে বলেছে তোমাকে?

কিশোর বলেছিল—ভাগবতে শুনেছি। কৃষ্ণ নিজে খোয়া-ক্ষীর, ননী মাখন চুরি করে খেতেন। তবে ক্লেন পাপ হবে?

জীবন ডাক্তারকে হার মানতে হয়েছিল। অতঃপর চিকিৎসা-শাস্ত্র

বোঝাতে হয়েছিল। ছেলেটি মর্ন দিয়ে শুনেছিল এবং শেষে বলেছিল—আচ্ছা আর বেশী খাব না। কম করে খাব।

এর পর জীবন ডাক্তার কিশোরকে দেখলেই পুরাণ-সম্পর্কে প্রশ্ন করেছেন। কিশোর প্রায়ই উত্তর দিয়েছে এবং বিচিত্র ভঙ্গিতে উত্তর দিয়েছে। রাবণের কটা মাথা কটা হাত জিজ্ঞাসা করায় বলেছিল—দশটা মাথা কুড়িটা হাত। জানেন, রাবণ কখনও ঘুমোত না।

—কেন ?

—শুয়ে পাশ কিরবে কী করে ?

এইভাবেই ছেলেটির সঙ্গে একটি নিবিড় অন্তরঙ্গতা জমে উঠেছিল। তার অস্থব—বেশী অস্থব, রঙলালবাবুর মতো ডাক্তার আসছেন—জীবন ডাক্তার আর থাকতে পারলেন না। তিনি নিজেই এলেন কৃষ্ণদাসবাবুর বাড়ি। কৃষ্ণদাস অপ্রস্তুত হলেন কিন্তু জীবন স্মিতহাস্তে বললেন—কিছু না কৃষ্ণদাস দাদা, আপনারা ত্রাঙ্কণ, আমি কায়স্থ হলেও তো আমি আপনার ভাই। খুড়ে হিসেবে দেখতে এসেছি। চলুন, কিশোরকে একবার দেখব।

কিশোর প্রায় বেহুঁশ হয়ে পড়ে ছিল। গলায় মুহু সর্দির শব্দ উঠছে স্বাস-প্রশ্বাসের সঙ্গে। দু-চারটি ফুলও বকছে। ভাদ্র মাসে গরম কাপড় দিয়ে তাকে প্রায় মুড়ে রাখা হয়েছে। নতুন ডাক্তার বললেন—বুকে সর্দির দোষ রয়েছে, জ্বর উঠেছে এক শো ভিন। নিউমোনিয়া এতদিন পূর্ণমাত্রায় দেখা দিত, কিন্তু আমি গোড়া থেকেই বেঁধেছি। তবু যে কেন জ্বর কমছে না, বুঝি না।

জীবন ডাক্তার দুটি হাতের নার্ভী দীর্ঘক্ষণ ধরে মনঃসংযোগের সঙ্গে পরীক্ষা করলেন। জিভ, চোখ দেখলেন, পেট টিপে পরীক্ষা করলেন। তারপর উঠে হাত ধুয়ে কৃষ্ণদাসবাবুর কাছে বসে বললেন—একুশ দিন বা চব্বিশ দিনে জ্বর ত্যাগ হবে কৃষ্ণদাসদাদা। ভয়ের কোন কারণ নাই, তবে জ্বরটা একটু ঝাঁক। আগস্কক জ্বর, সান্নিপাত্তিক-দোষমুক্ত ; তবে প্রবল নয় ; মারাত্মক নয়। শ্লেষ্মা দোষ—ডাক্তারবাবু ষেটা বলেছেন—

হরিশ ডাক্তারের দিকে চেয়ে বললেন—ওটা আনুঘিকিক ; আসল ব্যাধি ওটা নয়।

হরিশ ডাক্তার প্রায় তাঁর সমবয়সী ; জীবন দস্তের থেকে বছর চার-পাঁচের ছোট। কর্মজীবনে এটা খুব পার্থক্যের বয়স নয়। প্রীতির সঙ্গে বলেছিলেন। কিন্তু পাশ-করা হরিশ ডাক্তার বলেছিল—নাঃ। আমি স্টেথোসকোপ দিয়ে দেখেছি। সর্দির দোষটাই মূল দোষ। আর সান্নিপাত্তিক মানে টাইফয়েডের কথা যা বলেছেন—ওটা আমার মতে ঠিক নয়।

জীবন দত্ত ধ্যানস্থের মতো নাড়ী ধরে অনুভব করেছেন, যা বুঝেছেন তা তুল হতে পারে না। তিনি মুহু হাসির সঙ্গে ঘাড় নেড়েছিলেন। ঠিক এই সময়েই বাইরে পালকির বেহারাদের হাঁক শোনা গিয়েছিল।

হরিশ ডাক্তার ছুটে বেরিয়ে গিয়েছিল—ওই, উনি এসে গিয়েছেন।

জীবন দত্ত বাইরে যাবার জন্য উত্তত হলেন, হঠাৎ নজরে পড়ল কিশোরের শিয়রে বসে অবগুষ্ঠনবর্তী তার মা। জীবন দত্ত গভীর বিশ্বাসে আশ্বাস দিয়ে আবার বলেছিলেন—কোনো ভয় নাই। যে যা বলবে বলুক মা, একুশ দিন বা চব্বিশ দিনে জ্বর ছেড়ে যাবে, ছেলে সেয়ে উঠবে।

রঙলাল ডাক্তারের সঙ্গেও সংঘর্ষ বাবল—এই একুশ দিন চব্বিশ দিন নিয়ে।

রঙলাল ডাক্তার রোগী দেখলেন।

প্রথমেই বললেন—বাজে লোক—নেশী লোক ঘরে থাকা আমি পছন্দ করি না! যে ডাক্তার দেখছে তার খেপার যে সেবা করছে, আর এক-আবজ্ঞন।

জীবন দত্তও বেরিয়ে যাচ্ছিলেন, কিন্তু কৃষ্ণদাসবাবু বললেন—তুমি থাকো জীবন।

তিনি তার হাত পরলেন। জীবনমশায়ের মনে আছে—ভীত কৃষ্ণদাসবাবুর হাত ঘামছিল; জীবন দত্ত মুহু স্বরে সাহস দিয়ে বলছিলেন—ভয় কাঁ ?

রোগী দেখে রঙলাল ডাক্তার কিছু বললেন না। প্রেসক্রিপশন চাইলেন। পড়ে দেখলেন। সেগুলি কিরিয়ে দিয়ে নিজে প্রেসক্রিপশন লিখে হরিশ ডাক্তারের হাতে দিলেন, বললেন—৬ সব পালটে এই দিলাম। পথ্য—বার্লি, ছানাভ জল, বেদানার রস চলতে পারে! কোনো শক্ত জিনিস নয়। ছেলের টাইকয়েড হয়েছে।

হরিশ ডাক্তারের মুখ স্নান হয়ে গিয়েছিল। সঙ্গে সঙ্গে জীবন দত্তের দিকে সকলের দৃষ্টি পড়েছিল—এ জীবনমশায়ের মনে আছে। জীবন দত্ত কিন্তু হরিশ ডাক্তারের মুখের দিকে তাকান নি। ছি। অপ্রস্তুত হলেন উনি।

ঘর থেকে বেরিয়ে এসে রঙলাল ডাক্তার হরিশকে ভালো করে সব বুঝিয়ে দিলেন।

জীবন দত্তের কবিরাজী পদ্ধতির সঙ্গে তাতে কয়েকটি গরমিল ছিল। কিন্তু তিনি চূপ করে রইলেন। তার অধিকার কাঁ ? তারপর রঙলাল ডাক্তার ওষুধ তৈরি করতে বসলেন। ওইটি ছিল তার একটি বিশেষত্ব। নিজের কলবাক্স থেকে ওষুধ তৈরি করে দিতেন। অল্প কোনো ডাক্তারের কি ডাক্তারখানায় তৈরি ওষুধ তিনি রোগীকে খেতে দিতেন না। এমন কি হঠাৎ যে বিপদ বা পরিবর্তন আসতে পারে, তারও ওষুধ তৈরি করে দিয়ে বলতেন—এই রকম হলে এই দেবে। এই রকম হলে এটা। এক-একদিন পর অবস্থা লিখে লোক পাঠাবে আমার কাছে। তবে যে ডাক্তার দেখছে, তার কাছে

গোপন রাখতেন না কিছু। বিশ্বাসের পাত্র হলে তারপর তাকে দিতেন প্রেসক্রিপশন—সে ওষুধ তৈরি করে দিত। বলতেন—বিষ মিশিয়ে রোগীকে অনিষ্ট করবে না, সে আমি জানি; বিষের দাম আছে। আমার সহ-করা প্রেসক্রিপশন আছে—আমাকে দায়ী করতে পারবে না। কিন্তু জোলা দেশে জলের দাম লাগে না, ওষুধের বদলে জল দিলে কী করব? ছটা ওষুধের তিনটে না দিলে কী করব? পচা পুরনো দিলে কী করব? আমার বদনাম হবে?

ঠিক এই সময়। ওষুধের শিশি দুটি ঝাঁকি দিয়ে একবার নিজে ভালো করে তার রঙ এবং চেহারাটা দেখে হরিশ জাক্কারের হাতে দিলেন—দু রকম ওষুধ থাকল। এইটাই এখন চলবে। যদি ভুল বকে বা জর বাড়ে—জর বাড়লেই ভুল বকবে, ভুল বকলেই জানবে জর বেড়েছে, তখন এইটে দেবে। বুকেছ? আর ওই লেপকাঁথাগুলো খুলে দাও। ও চাপা দিয়েই তো বাচ্চাটাকে খতম করবে। এমন করে জানালা-দরজা বন্ধ কোরো না। আলো-বাতাস আসতে দাও। বুকেছ?

উঠলেন তিনি।

রুক্ষদাসবাবু এগিয়ে এসে প্রশ্ন করলেন—রোগ কি টাইফয়েড?

—হ্যাঁ, কঠিন রোগ।

—আজ্ঞে হ্যাঁ, সেই ভিজ্ঞাসা করছি।

—বাচ-মরা ঈশ্বরের হাত, সে আমি বলতে পারি না।

রুক্ষদাসও সাহসী লোক ছিলেন—তিনি মুখে মুখে স্বাব দিতে পটু ছিলেন। বলেছিলেন, সে কথা আপনি কেন, আমরাও বলতে পারতাম। আপনার দেখে কেমন মনে হল? টাইফয়েড সান্নিপাতিক লেই তো অসম্ভব নয় না। রোগেরও প্রকার-ভেদ আছে। যুঁহু, মধ্যম—কঠিন।

তীক্ষ্ণদৃষ্টিতে মুখের দিকে তাকিয়ে রঙলাল বলেছিলেন—আপনিই তো রুক্ষদাসবাবু? ছেলের বাবা?

—আজ্ঞে হ্যাঁ।

—রোগ মধ্যম রকমের বলশালা। তবে কঠিন হতে কতক্ষণ! উপযুক্ত সেবা, নিয়মিত ওষুধ—এ না হলে রোগ বাড়তে পারে। এ রোগে সেবাটাই বড়।

—তার জন্তু দায়ী আমরা। এ রোগ সারতে কতদিন লাগবে?

—সে কী করে বলব আমি? সে আমি জানি না।

জীবন কবিরাজের এতটা অসহ মনে হয়েছিল। তিনি বলেছিলেন, রুক্ষদাস দাদা, বাইশ থেকে চব্বিশ দিনের মধ্যে আপনার ছেলের জর ত্যাগ হবে, আপনি উতলা হবেন না।

ঠেট হয়ে কল-বাক্সে ওষুধ গুছিয়ে রাখছিলেন রঙলাল ডাক্তার—তিনি খোঁচাশাওয়া প্রবীণ গোকুর সাপের মতো সোজা হয়ে দাঁড়িয়ে দ্বিরে ডাকলেন।

—আপনি কে? গণক?

—না। উনি আমাদের এখানকার কবিরাজ। জগদন্ধু মশায়ের নাম বোধ হয় জানেন।

—নিশ্চয় জানি। বিচক্ষণ কবিরাজ ছিলেন তিনি। রোগনির্ণয়ে আশ্চর্য ক্ষমতা ছিল। এখানকার বরলাপাবুর কথা মনে আছে আমার।

—উনি তাঁরই ছেলে। জীবন দত্ত।

রঙলাল আবার একবার তাকালেন জীবন দত্তের দিকে, বললেন, বাইশ থেকে চব্বিশ দিন কী থেকে বুঝলে? নাড়া দেখে?

—হ্যাঁ, নাড়া দেখে তাই আমার অনুমান হয়। জ্বর চব্বিশ দিনে ছাড়বার কথা। তিন অষ্টাহ। তবে প্রায়ই আমাদের দেশে এ বোগে প্রথম একটা-দুটো দিন গ্যাট্যাক-ছ্যাট্যাকের শামিল হলে ছুট হয়ে যায়। সেই কারণেই বলেছি—বাইশ থেকে চব্বিশ দিন।

—তোমার সাহস আছে। স্নর বয়স—তাঁরা রক্ত। হেসেছিলেন রঙলাল ডাক্তার। তোমাদের বংশের নাড়াগানের প্রশংসা শুনেছি, বরলাপাবুর বেলা দেখেছি। কিন্তু ওটা তো আমাদের শাপের বাইরে।

ঠিক চব্বিশ দিনেই কিশোরের জ্বর ছেড়েছিল।

ক্ষয়লাপাবু জীবন দত্তকে ডেকে ডড়িয়ে পড়েছিলেন। রঙলাল ডাক্তারের কাছে লোক পাঠিয়েছিলেন। চিঠিতে লিখেছিলেন—আজ চব্বিশ দিনেই জ্বর ত্যাগ হইয়াছে। ইহার পর স্তবধ এবং নির্দেশ দিলে সুখী হইব। আসিবার প্রয়োজন নোদ করিলে কখন আসিবেন জানাইবেন।

রঙলাল ডাক্তার আন আসেন নি। শুধু নির্দেশ এবং ওষুধ পাঠিয়েছিলেন। তাব সঙ্গে লিখেছিলেন, জগদন্ধু মশায়ের ছেলোটিকে আমার আশীর্বাদ দিবেন।

জীবন দত্ত উৎসাহিত হয়ে চাব মাইল পথ হেঁটে তাঁকে প্রণাম করতে গিয়েছিলেন।

বহিঃগত দুটি শমীরক্ষ পবস্পরের সান্নিধ্যে আসবামাত্র ছুজনের ভিতরের বহিঃ উৎসুক হয়ে উঠল।

*

*

*

সেই রঙলাল ডাক্তার তাঁর পিঠে সেদিন হাত বুলিয়ে দিয়ে আশীর্বাদ করেছিলেন। সে হাতের স্পর্শের মধ্যে জীবন দত্ত লেহ অল্পভব করেছিলেন।

সে এক বিস্ময়। তাত্ত্বিক শব্দস্বাক্ষর মতো মানুষ রঙলাল ডাক্তার। বামাচারীর মতো কোনো আচার-নিয়ম মানেন না, কঠিন রুচ প্রকৃতি, নিষ্ঠুর ভাষা; ময়ুরাক্ষীর জলে ভেসে-যাওয়া মড়া টেনে নিয়ে কালি কালি করে চিরে দেখেন, কবর থেকে মড়া টেনে তোলেন, মায়ের কোলে সন্তানকে মরতে দেখেও বিন্দুমাত্র বিচলিত হন না, পৃথিবীর কারও কাছে মাথা হেঁট করেন না। এই মানুষটিকে এই তত্ত্বপ্রধান অঞ্চলের লোকে বলত, আসলে রঙলাল ডাক্তার হলেন প্রচ্ছন্ন তাত্ত্বিক। বামাচারী।

কেউ কেউ বলত নাস্তিকাবাদী পাথর।

রঙলাল ডাক্তার তাঁকে প্রথম কথাই বলেছিলেন—তুমি যদি ডাক্তারি পড়তে হে! বড় ভালো করতে। তোমার মধ্যে একজন জাত চিকিৎসক রয়েছে। কবিরাজি শাস্ত্রে কিছু নেই এ কথা আমি বলাছি না। কিন্তু আমাদের জাতের মতো শাস্ত্রটিও কালের সঙ্গে আর এগোয় নি। যে কালে এ শাস্ত্রের সৃষ্টি—চরম উন্নতি—সে কালে ক্ষেত্রের এত উন্নতি ছিল না। তা ছাড়া আরও অনেক কিছু আবিষ্কার হয় নি। তারপর ধরো, কত দেশ থেকে কত মানুষ আমাদের দেশে এসেছে। তাদের সঙ্গে তাদের দেশের রোগ এ দেশে এসেছে—জল বাতাস মাটির পার্থক্যে বিচিত্র চেহারা নিয়েছে। তা ছাড়া আয়ুর্বেদ আগন্তুক ব্যাপি বলে যেখানে পেমেছে, ইউরোপের চিকিৎসা-বিজ্ঞান মাইক্রোস-কোপের কল্যাণে জীবগু আবিষ্কার করে অল্পমান এবং উপসর্গের সীমানা ছাড়িয়ে চলে এসেছে বহুদূরে এগিয়ে।

আধুনিক কালের রোগ-চিকিৎসা নিয়ে অনেক কথা বলেছিলেন। জীবন দত্ত তন্ময় হয়ে শুনেছিলেন। বার বার মনে পড়েছিল নিজের বাপ এবং মহাশুক্র জগৎ মশায়কে। পার্থক্যের মধ্যে জগৎ মশায় শিক্ষার মধ্যে বার বার উল্লেখ করতেন অদৃষ্টের, নিয়তির, ভগবানের; এবং সমস্ত বক্তব্যই যেন রোগবিজ্ঞানের ব্যাখ্যা ছাড়াও অন্ত একটি ভাব-ব্যাখ্যা-জড়িত বলে মনে হত, যেন, কথার অর্থ ছাড়াও একটি ভাব থাকত; রঙলাল ডাক্তারের বক্তব্যের মধ্যে ঈশ্বর ছিল না, অদৃষ্ট ছিল না এবং সমস্ত বক্তব্য ছিল শুধু, কেবলমাত্র বুদ্ধিগ্রাহ্য, কথার মানে ছাড়া কোনো ভাববাস্পের অস্তিত্ব ছিল না। রঙলাল ডাক্তার বলতেন—মানুষ মরে গেলে আমরা আর কোনো দিকে তাকাই না। বুঝেছি, ওই দেহপিঞ্জর করি ভক্ত প্রাণ-বিহীন কেমন করে ফুড়ুত করে উড়লেন, সে দেখতে আমরা চেষ্টা করি না। মধ্যে মধ্যে হেসে বলতেন—আরে, প্রাণ যদি বিহীন হয় তবে নিশ্চয় বন্ধুখারী শিকারীও আছে, তারা নিশ্চয় পক্ষিমাংস ভক্ষণ করে। তা হলেই তো পূর্নর্জয় ধর্ম।

সেই দিনই জীবন সুযোগ বুঝে বলেছিলেন, আমার একটি প্রার্থনা আছে। আমাকে যদি দয়া করে ডাক্তারি শেখান।

—তুমি ডাক্তারি শিখবে? তীক্ষ্ণদৃষ্টিতে তাঁর মুখের দিকে তাকিয়েছিলেন রঙলালবাবু। অন্তর্ভেদী তীক্ষ্ণ দৃষ্টি, কপালে সারি সারি কুঞ্জনরেখা। বিষয়, প্রশ্ন অনেক কিছু তার মধ্যে ছিল। তারপর প্রশ্ন করেছিলেন কবিরাজি ভালো চলছে না?

হেসে জীবন দত্ত বলেছিলেন, লেখাপড়াজানা বাবুদের সমাজে কবিরাজির চলন কম হয়েছে। নটে, কিন্তু সাধারণ মানুষের কাছে ভালো চলে।

—তবে?

—আমার ছেলেবেলা থেকেই ডাক্তারি পড়বার ইচ্ছা ছিল কিন্তু—। জীবন দত্ত একটি দীর্ঘনিশ্বাস কেল্পেছিলেন।

—তবে পড় নি কেন? তোমার বাবার তো অপস্বা ভালো ছিল।

জীবন দত্ত শ্বাস হেসে বলেছিলেন—আমরা ভাগ্য মানি, তাই বলছি আমার ভাগ্য। আর কী বলব? নইলে বালাকাল থেকেই আমার ইচ্ছা ছিল আমি ডাক্তারি পড়ব। কিন্তু—

—তোমার বাবা দেন নি পড়তে?

—আজ্ঞে না। অপরাধ আমার।

মঞ্জুর কথটা বাবু রেখে ভূপী বোসের সঙ্গে মামামারির কথা বলে বললেন—গ্রামে ফিরলাম—বাবা বললেন, আর না। আর তোমাকে বিদেশে পাঠিয়ে আমি নিশ্চিত থাকতে পারব না। কৌলিক বিদ্যায় তুমি দীক্ষা গ্রহণ করো।

কথাটা শুনে জ্যাড়া পাহাড়ের মতো মানুষ রঙলাল ডাক্তার অকস্মাৎ হা-হা-হা শব্দে অট্টহাস্তে ফেটে পড়লেন কৌতুকে; যেন তৃণপাদহীন কালো পাথরে গড়া পাহাড়টা এই কাহিনী শুনে কৌতুকে ফেটে গেল এবং ভিতর থেকে ঝরঝর শব্দে উচ্ছ্বসিত হয়ে বের হল ঝরঝর কোয়ারা। এমনভাবে রঙলাল ডাক্তারকে হাসতে বড় কেউ একটা দেখে নি।

বেশ খানিকক্ষণ হেসে বললেন—সেই ভূপী বোস ছেলেটার সুডৌল নাকটা এমন করে তুমিই ভেঙে দিয়েছ? আরে, তাকে যে আমি দেখেছি। চিকিৎসা করেছি; তার শব্দ নিজেই বাড়িতে এনেছিল চিকিৎসা করতে, সংশোধন করতে। অপরিস্রব মন্থপান করে লিভারের অসুখ। আমাকে ডেকেছিল। ছোকরার মাকাল কলের মতো টুকটুকে চেহারা পোকাধরার কালো দাগের মতো নাকে গুঁড়।

হঠাৎ গম্ভীর হয়ে গেলেন রঙলালবাবু, বললেন—আমি কিন্তু সন্দেহ করেছিলাম, ওটা হয়েছে সিকিলিস থেকে। বড়লোকের ছেলে—দুর্দাস্ত মাতাল! সন্দেহ হওয়ারই কথা। আমি জিজ্ঞাসা করলাম। কিছুতেই স্বীকার করে না। তারপর স্বীকার করলে। যা এদেশের লোকের স্বভাব! উত্তেজিত হয়ে উঠলেন রঙলাল ডাক্তার—হাতের চুরুটটা মুখ থেকে ঝামিয়ে বললেন—অদ্ভুত, এ দেশটাই অদ্ভুত! লজ্জায় রোগ লুকিয়ে রাখবে। বংশাবলীকে রোগগ্রস্ত করে যাবে! নিজে ভুগবে। কিছুতেই বুঝবে না তুই দেবতা নোস। তুই রক্তমাংসের মানুষ! ক্ষুধা দাস, লোন্ডের দাস, কামের দাস!

উঠে দাঁড়ালেন রঙলাল ডাক্তার, বললেন—সেই গুয়ারটা কী বলেছিল জান? বলেছিল, কী করে হল তা জানি না। আমার স্ত্রী ছাড়া আর কারও সংশ্রমে তো আমি কখনও আসি নি। আমি আর থাকতে পারি নি। প্রচণ্ড এক চড় তুলে বলেছিলাম—মারব এক চড় উল্লুক!

কিছুক্ষণ পায়চাৰি করে শান্ত হয়ে রঙলাল ডাক্তার এসে বসেছিলেন তাঁর আসনে। চুরুট ধরিয়ে দুটো টান দিয়ে মুছ হেসে বললেন, ওটা তাহলে তোমার ওই মৃগদরসদৃশ হস্তের মুষ্ট্যাঘাতের চিহ্ন? তুমি তো ভয়ানক লোক। তবে ভূপী বোসের বন্ধুর কাজ করেছে। ওই চিহ্ন থেকে ওর ওই পাপ রোগটাকে ধরার সুযোগ করে দিয়েছ।

তারপর রঙলাল ডাক্তার বলেছিলেন—হ্যাঁ, তোমাকে আমি শেখাব, যতটা পার নিয়ে নাও তুমি আমার কাছ থেকে। কী? কী ভাবছ তুমি?

সেদিন তখন জীবন দত্ত ভাবছিলেন—ভূপী বোসের কথা, মঞ্জরীর কথা। যতক্ষণ রঙলাল ভূপী বোসের কথা বলছিলেন জীবন দত্ত অবশ্য চিন্তাশক্তিহীন মানুষের মতো তাঁর মুখের দিকে তাকিয়ে ছিলেন। রঙলালবাবু তাঁকে ডাক্তারি বিদ্যা শিক্ষা দেওয়ার আশ্বাস দিয়ে কথা শেষ করলেন, জীবন দত্ত তার উত্তরে কিন্তু প্রশ্ন করলেন—ভূপীর—লিভারের দোষ হয়েছে? সেরেছে?

রঙলাল ডাক্তার তাঁর মুখের দিকে তাকিয়ে বললেন, ভূপীর জন্মে যেন তোমার মমতা রয়েছে জীবন?

জীবন এবার সচেতন হয়ে উঠলেন; লজ্জিত হলেন।

রঙলাল বললেন—তোমরা তো বৈষ্ণব?

—হ্যাঁ।

—তাই। তারপর বললেন—ভূপীর অস্থখ আপাতত সেরেছে। আবার হবে।

ওটা ঠাচবে না বেশীদিন। ওস্তেই মরবে। যোগাযোগ যে ভারি বিচিত্র। ছোকরার,

স্ত্রী, এক ধরনের মা আছে দেখছে, রোগা ছেলেকে খেতে দেয় লুকিয়ে, ঠিক সেই রকম! ডাক্তার বারণ করেছে, ভূপী মদের জন্তু ছটফট করেছে, স্ত্রী গোপনে লোককে বকশিশ দিয়ে মদ আনিতে স্বামীকে দিচ্ছে, বলে—বেশা খেয়ে না, একটু খাও। আশ্রমের কথা হে, নিজের গহনা বিক্রি করেছে। অছৃত! পুরাণে আছে সতী স্ত্রী মৃত্যুর সঙ্গে যুদ্ধ করে স্বামীকে বাঁচায়। ফ্রান্স এ মেয়েটা ভালোবাসায় তো তাদের চেয়ে খাটো নয়, কিন্তু এ মৃত্যুকে ডেকে এনে স্বামীকে তার হাতে তুলে দেয়। অছৃত!

এরপর স্তব্ধ হয়ে বসে রইলেন জীবন ডাক্তার। স্থান, কাল, পাত্র সব তিনি ভুলে গেলেন, মুছে গেল চোখের সম্মুখ থেকে। অর্থহীন একাকার হয়ে গেল। রত্নলাল ডাক্তার সচেতন করে তুললেন জীবন দত্তকে। বললেন—ছেড়ে দাও ওই পচা ধনীরা ছেলেটার কথা। ওসব হল মানুষের নিজের পাপে সৃষ্টির অপব্যয়। এখন শোনো যা বলছি। শিগবে তুমি ডাক্তারি? আমার মতো কঠিন নয় তোমার পক্ষে। তুমি চিকিৎসা জান—রোগ চেন। তোমার পক্ষে অনেক সহজ হবে। আমি এদেশের জন্তে অনুবাদ করেছি ওদের চিকিৎসাশাস্ত্র। পড়ে ফেললেই তুমি পারবে। আমি তোমাকে সাহায্য করব। শেগাব। পড়াব।

এরাব জীবন দত্তের কান এড়াল না। মুহূর্তে তার মন উদাস-বসন্তা দূর হয়ে গেল। মাগুন জলে উঠল জীবনে।

মঞ্জরী আর ভূপী বোস একদিন মেঘ আর বাতাসের মতো মিলে তার জীবনের সত্ত্ব-প্রজ্জলিত বহির উপর ছুঁফোঁসের বর্ষণ ঢেলে নিভিয়ে দিয়েছিল। কিন্তু বনস্পতির কাণ্ড থেকে শাখাগ্র পর্যন্ত প্রস্থ বহির দ্বারা নেভে নি। সে জ্বলল! ভুলে গেলেন মঞ্জরীকে—ভূপী। আন্তর-বউকেও মনে রইল না সে মুহূর্তে। সেদিন সামনে ছিলেন রত্নলাল ডাক্তার। হাতে ছিল—মোটো বাঁধানো খাতা—চোখের সামনে ছিল ভবিষ্যৎ। উজ্জ্বল দাপ।

চৌদ্দ

এরপর চার-বৎসর—জীবন দত্তের জীবনে বোধ করি উদয়লয়।

নতুন জন্মান্তর। অথবা নতুন জন্মলাভের তপস্যা।

রত্নলাল ডাক্তার মধ্যে মধ্যে রহস্য করতেন। একবার বলেছিলেন—তাই তো হে জীবন; মনে বড় আক্ষেপ হচ্ছে। মনে হচ্ছে বিবাহ একটা করলাম না কেন?

এ ধরনের কথা ছুঁত রাত্রে। বারান্দায় বসে নিয়মিত পরিমাণ ত্রাণ্ডি খেতেন

আর চুপচুপ চানতেন। জীবন দত্ত থাকলে তাঁর সঙ্গে গল্প করতেন, নইলে বই পড়তেন, কোনো কোনো দিন মনা হাড়িকে ডেকে তার সঙ্গেই গল্প বলতেন। তিনি গল্প বলতেন না, গল্প বলত মনা, তিনি শুনতেন। ভূয়ে গল্প, তিনি শুনতেন আর মধ্যে মধ্যে অট্টহাস্তে ফেটে পড়তেন।

জীবন দত্তকে তাঁর খাতাপত্র দিয়েছিলেন—দত্ত সে সবগুলি পড়তেন নিজের বাড়িতে, যথারীতি কবিরাজী পদ্ধতিতে চিকিৎসা করে বেড়াতেন, দু-চারদিন অন্তর সকালের কাজ সেরে খাওয়া-দাওয়া করে চলে যেতেন রত্নলাল ডাক্তারের ওখানে। যা বুঝতে পারতেন না বুঝিয়ে নিতেন। যে অংশটুকু পড়তেন, তাই বলে যেতেন, ডাক্তার শুনতেন। এই অবস্থাতেই কোনো কোনো দিন আসন্নমৃত্যু রোগীর বাড়ির অবিলম্বে আহ্বান জানিয়ে ডাক আসত; ডাক্তার বিবরণ শুনে কোনোটাতে যেতেন না; যেটাতে যেতেন—জীবন দত্ত সঙ্গে যেতেন। গুরু যেতেন পালকিতে, জীবন দত্ত যেতেন হেঁটে। সবল স্বস্থ দেহ—আটত্রিশ ইঞ্চি বুকুর ছাতি, ওজন ছ' মনের উপর, বিরাট মুগুরভাঙ্গা শক্ত শরীর—জীবন দত্ত জোয়ান হাতের মতোই ভারী পা ফেলে সামনে বেহারাদের সঙ্গে চলে যেতেন।

কিন্তু কিছু দিনের মধ্যেই জীবন দেখলেন এ বিছা আয়ত্ত করা তাঁর বুঝি সাধ্যাতীত। তিনি পিছিয়ে গেলেন। গুরুশিষ্যের মধ্যে গুরুর মনে বিরক্তির স্বর বেজে উঠল। কদিন থেকেই রত্নলাল ডাক্তার জীবন দত্তকে তাঁর সেই কাচের ঘরে মড়া কাটার জন্ত বলছিলেন। জীবন দত্ত প্রথম দিন মড়া কেটেছিলেন কিন্তু তার প্রতিক্রিয়ায় রাতে খাওয়ার পর বমি করে ফেলেছিলেন। তারপর দিন পাচেক আর গুরুগৃহের দিকে পা বাড়ান নাই। ছ'দিনের দিন ভেবেছিলেন—সেই পচা মড়াটা নিশ্চয় ডাক্তার ফেলে দিয়েছেন। সেদিন যাওয়া মাত্র তিরস্কার করেছিলেন গুরু। এবং মনাকে হুকুম করেছিলেন—আর একটা নিঃসে আয় মনা।

ঘণ্টাখানেকের মধ্যেই মনা একটা বছর পাচেকের মেয়ের শব এনে হাজির করেছিল। এ অঞ্চলে হিন্দুরাও পাচ বছর বয়স পর্যন্ত শব দাহ করে না, মাটিতে পুঁতে দেয়। সেদিন জীবন দত্ত হাতজোড় করে বলেছিলেন—ও আমি পারব না। ওই শিশুর দেহের উপর—। বরবর করে কেঁদে ফেলেছিলেন তিনি। বলেছিলেন—বিশ্বাস করুন আমার মেয়েটা ঠিক এমনি দেখতে। ঠিক এমনি। এমনি চুল, এমনি গড়ন!

রত্নলাল ডাক্তার তাঁর দিকে যে চোখ তুলেছিলেন, সে চোখ উগ্রতায় বিস্ফারিত। কিন্তু দেখতে দেখতে কোমল হয়ে এসেছিল। বলেছিলেন—আচ্ছা থাক। ভূমি

বাংলায় গিয়ে বোসো—এটাকে আমি ডিসেকশন করে যাই। মনে হচ্ছে—মনে হচ্ছে—অত্যন্ত হঠাৎ মৃত্যু হয়েছে। রোগের কোনো চিহ্ন নেই।

সত্যই মেয়েটি দেখতে অনেকটা জীবন ডাক্তারের প্রথম সন্তান সুষমার মতো। আভর-বউয়ের তখন ছুটি সন্তান হয়েছে, বড়টি মেয়ে সুষমা, তারপর ছেলে বনবিহারী।

জীবন দত্ত কাচের ঘর থেকে বেরিয়ে আর অপেক্ষা করেন নাই, বাড়ি চলে এসেছিলেন। গুরু মনে বিরক্তির হ্রস্ব বেজে উঠেছিল এই কারণে।

কয়েক দিন পর জীবন দত্ত যেতেই গুরু সেই কথাই বলেছিলেন, বোসো। কয়েকটা কথা বলব তোমাকে। জীবন শঙ্কিত হয়ে বসেছিলেন। ডাক্তার চুকট টেনে চলেছিলেন। কিছুক্ষণ পর চুকটটা নামিয়ে রেখে বলেছিলেন—জীবন, তোমাকে যেমনটি গড়ে তুলব ভেবেছিলাম—তা হল না। তোমার মধ্যে সে শক্তি নাই। তা ছাড়া ইংরেজী ভালো না জানলে এ শাস্ত্রে গভীর ব্যুৎপত্তি লাভও অসম্ভব। ভেবেছিলাম আমি তোমার সে অভাব পূরণ করে দেব। কিন্তু সেও দেখছি সহজ না। আমার বিরক্তি লাগে এবং তোমার পক্ষেও এ বিচার শিক্ষা-পদ্ধতির একটা বড় অংশ অত্যন্ত অকরচিকর। সে অকরচি কাটানো তোমার পক্ষে প্রায় অসম্ভব।

ডাক্তার চূপ করে গেলেন।

আবাব বলেছিলেন—তোমার বাবা তোমার দাতুকে পুড়িয়ে পিটিয়ে শক্ত করে গড়ে গিয়েছেন—তাকে নতুন করে না গালিয়ে আর নতুন কিছু করা যাবে না। তলোয়ার আর খড়্গ দুটোই অস্ত্র, কিন্তু প্রভেদ আছে। তলোয়ার দিয়ে মহিষ বলি হয় না, আর খাড়া দিয়ে এ যুগের যুদ্ধ হয় না বুঝেচ ?

ঠিক সেই মুহূর্তেই এল একটি ডাক। এ অঞ্চলের একটি নামকরা বাড়ি থেকে ডাক। বাড়িটির সঙ্গে রঙলাল ডাক্তারের প্রথম চিকিৎসার কাল থেকেই কারবার চলে আসছে। তারও চেয়ে যেন কিছু বেশী। একটি প্রীতির সম্পর্কও বোধ করি আছে। এ দেশের সাধারণ মানুষ সম্পর্কে রঙলাল ডাক্তারের একটা অবজ্ঞা আছে। কিন্তু এ বাড়ি সম্পর্কে ঠিক অবজ্ঞা নাই। বাড়ির গৃহিণীর কঠিন অস্থখ। মাত্র ঘণ্টা দুয়েকের মধ্যে রোগ মারাত্মক হয়ে উঠেছে। মহিলাটি আগে থেকেই অস্থলের ব্যাধির রোগিনী। তিনি আজই ঘণ্টা দুয়েক আগে পায়ে হাঁচট লেগে বাড়ির উঠানে পড়ে গিয়েছিলেন। তারপর ঘণ্টা দুয়েকের মধ্যেই এই অবস্থা। ধম্মকের মতো বঁকে থাকছেন। নিষ্ঠুর যন্ত্রণা। কথাও প্রায় বলতে পারছেন না। চোখাল পড়ে গিয়েছে।

রঙলাল ডাক্তার বিস্মিত হলেন, কতক্ষণ আগে পড়ে গেছেন বলছ ?

—এই ঘণ্টা দুয়েক ।

—মাত্র দু ঘণ্টা ?

—আজ্ঞে হ্যাঁ ।

—তাই তো । এত শিগগির ? মনা, বেহারাদের ডাক ।

জীবন ডাক্তারও নীরবে গুরু অমুসরণ করছিলেন ।

রঙলাল ডাক্তার প্রথমটা লক্ষ্য করেন নাই ; মধ্যপথে জীবনকে দেখেছিলেন, বলেছিলেন, তুমিও আসছ ? এটা বোধ হয় ইচ্ছা ছিল না তার। সম্পর্ক চূকিয়ে দেওয়ার জ্ঞানই কথা! গুরু করেছিলেন। কথা শেষ হওয়ার পূর্বেই এই ভাবটি এসে পড়েছিল ।

আজ্ঞে স্পষ্ট মনে পড়ছে সে ছবি !

বর্ষিষ্ণু ঘর, রাঢ় অঞ্চলের মনোরম মাটির কোঠা অর্থাৎ দোতলা, প্রশস্ত, পাকা মেঝে, চুনকাম করা দেয়াল । উজ্জ্বল আলো জ্বলছিল—সে আমলের শৌখীন শেড-দেওয়া চকিশ-বাতি টেবিল ল্যাম্প !

অনেকগুলি লোক আত্মীয়-স্বজন—দূরে বসে রয়েছে ।

একটি বিছানায় রোগিণী ছিলায়-টান-দেওয়া বহুকের মত বাকা অবস্থায় পড়ে আছেন । এর উপরেও কেউ যেন টান দিচ্ছে ; অদৃশ্য কেউ যেন মেরুদণ্ডে হাঁটু লাগিয়ে সর্বল বাহুর আকর্ষণে টান দিচ্ছে । রোগিণীর ওষ্ঠাধর দৃঢ়বন্ধ । চোয়াল পড়ে গিয়েছিল এ কথা সত্য, কিন্তু তবু জীবন দত্ত বুঝতে পারলেন—অপরিসীম ধৈর্যের সঙ্গে ওই ক্ষীণকায় মেয়েটি এই মর্মান্তিক যন্ত্রণা সহ করে চলেছেন । শুধু ঘন ঘন দীর্ঘশ্বাসের মধ্যে যন্ত্রণার পরিচয় বেরিয়ে আসছে । তার সঙ্গে একটু শব্দ । সেটুকু কে আর চাপতে পারছেন না ভদ্রমাহলা ।

রঙলাল ডাক্তারও স্থির দৃষ্টিতে রোগিণীকে দেখছিলেন । বোধ হয় পাঁচ মিনিট পর বললেন—আজ্ঞেই হেঁচোট লেগে দু ঘণ্টার মধ্যে এমন হয়েছে ?

—হ্যাঁ, দু ঘণ্টাও ঠিক হবে না ।

জ্ঞ কুঁচকে উঠল রঙলাল ডাক্তারের—কই কোথায় হেঁচোট লেগেছে ? রক্ত পড়েছে ?

—জন পায়ের বুড়ো আঙুলে । রক্তপাত হয় নি ।

রঙলাল ডাক্তার পায়ের বুড়ো আঙুলে হাত দিলেন সঙ্গে সঙ্গে সমস্ত ঘরখানাই যেন শিউরে উঠল ; নিঃস্বপ্ন যন্ত্রণায় রোগিণী ভাষাহীন একটা অবক্লান্ত আত্মনাদ করে উঠলেন । জীবন তখনও অবাক বিস্ময়ে রোগিণীকে দেখছিলেন—কী

অপরিসীম ধৈর্য। চোখের-দৃষ্টিতে সে যন্ত্রণার পরিচয় ফুটে উঠেছে। চোয়াল পড়ে গেছে, কণ্ঠ দিয়ে আর্ত্বের বের হচ্ছে, তাকে প্রাণপণে সংযত করবার চেষ্টা করছেন তিনি। এত যন্ত্রণাতেও জ্ঞান পূর্ণ মাত্রায় রয়েছে।

কৃত কোথাও হয় নি, রক্তপাতের চিহ্ন নাই; বৈকে যাচ্ছেন অসহ্য যন্ত্রণায়; শুধু তাই নয়—শরীরের কোনো স্থানে পাখির পালকের স্পর্শেও অসহ্য যন্ত্রণায় রোগিণী খরখর করে কেঁপে উঠছেন। কণ্ঠ দিয়ে অবাধ্য আর্ত্বের বের হচ্ছে।

নাড়ী দেখলেন রঙলাল। রোগিণী আবার যন্ত্রণাকাতর অশ্রুট শব্দ করে উঠলেন। স্নায়ু-শিরাগুলি এমনই কঠিন টানে টান হয়ে উঠেছে যে, সামান্য স্পর্শই ছিঁড়ে যাবার মতো যন্ত্রণায় অধীর করে তুলছে।

রঙলাল ডাক্তার জ্র-কুণ্ঠিত করলেন। গম্ভীর মুখে বললেন—দেখো তো জীবন; তোমার নাড়ীজ্ঞানে তুমি কি পাচ্ছ?

সরে দাঁড়ালেন তিনি।

সম্বর্পণে এসে বসলেন জীবন দত্ত। আশঙ্কায় একবার বুকটা কেঁপে উঠল। স্ত্রীচার্যের তুল্য রঙলাল ডাক্তার, তাঁর কাছে আজ পরীক্ষা দিতে হবে। নাড়ী অল্পভবের অলকাশ তিনি পান নাই। যেটুকু পেয়েছেন তার মধ্যে নাড়ীর স্পন্দন আছে কি নাই তাও বুঝতে পারেন নাই। রঙলাল ডাক্তার রোগীর মণিবন্ধ মোটা আঙুল টিপে ধরে নাড়ী পরীক্ষা করেন। স্পন্দনের সংখ্যা গুণে দেখেন। মধ্যে মধ্যে তাতে ছেদ পড়ছে কি না দেখেন। এর বেশী কিছু না। বেশী বুঝতেও চেষ্টা করেন না।

রোগিণীর হাতখানি বিছানার উপরে যেমন ভাবে ছিল—তেমনি ভাবেই রইল; জীবন দত্ত শুধু মণিবন্ধের উপর আঙুলের স্পর্শ স্থাপন করলেন। চোখ বন্ধ করে পারিপার্শ্বিকের উপর যবনিকা টেনে দিলেন। প্রায় রিক্ত-পত্র অস্থখ গাছের একটি সরু ডালে একটিমাত্র পাতা, অতি ক্ষীণ বাতাসের প্রবাহে দৃষ্টির অগোচর কম্পনে কাঁপছে; সেই কম্পন অল্পভব করতে হবে; অথচ অসতর্ক রূঢ় স্পর্শ হলেই পাতাটি ভেঙে ঝরে যাবে। অতিশূন্য স্পর্শাত্মভূতিকে প্রবুধ করে তিনি বসলেন। ধ্যানস্থ হওয়ার মতো।

তাঁর বাবা বলতেন—শক্তির ধর্মই হল ব্যবহারে সে শূন্য এবং তীক্ষ্ণ হয়। অল্পভূতি হল পরম শূন্য শক্তি। আবার স্থূল করলে সে গদা হয়ে ওঠে।

ক্ষীণ ও অতি ক্ষীণ স্পন্দন তিনি অল্পভব করলেন। কখনও কখনও যেন হারিয়ে যাচ্ছে।

কানে এল রঙলাল ডাক্তারের কণ্ঠধর—পাচ্ছ?

আরোগ্য-নিকেতন—১

অতি সস্তর্পণে ঘাড় নেড়ে জীবন দত্ত জানালেন—পাচ্ছি। যেন ঘাড় নাড়ার সঙ্গে হাত না নেড়ে ওঠে। দেহ-চাকল্যে মনের সূক্ষ্ম কোনো কম্পন-ভরকের আঘাত না লাগে।

—কিছু বুঝতে পাচ্ছ? দেখো, ভালো করে দেখো।

জীবন এবার কোনো ইঙ্গিত জানালেন না। তিনি ধ্যানযোগকে গভীর এবং গাঢ় করে তুলতে চেষ্টা করলেন। জ্ঞান ও বুদ্ধির প্রদীপের শিখাকে উজ্জ্বলতর করে তুলে ধরে রোগের অন্তরাহ্মাকে প্রত্যক্ষ করতে হবে।

কতক্ষণ অনুভব করেছিলেন নাড়ী তাঁর নিজের ঠিক হিসাব ছিল না।

অনুভব করলেন নাড়ি, যত ক্ষীণই হয়ে থাক এ নাড়ী অসাধ্য নয়। উচ্চ স্থান থেকে পড়ে গেলে বা ভয় অস্থি সংযোজন-কালে, অতিসারে, অজীর্ণ বোগে, বাতবোগে এমন হয়। কিন্তু অসাধ্য নয়। এখানে দুটি কারণ একসঙ্গে জুটেছে। একস্মাৎ একটা নদীর বন্যার সঙ্গে আর-একটা নদীর জল মিশে দেখখানাকে বিপর্যস্ত কবে দিয়েছে। অজীর্ণ রোগে জীর্ণ-দেহে পড়ে যাওয়ার আঘাতের ফলে এমন হয়েছে। আঘাতটা শুধু গেতু হয়েছে, এখন প্রয়োজন কুপিত বায়ুর প্রভাবে শবীরের স্নায়ু-শিরাগুলির সংকোচন দূর করা।

—কী দেখলে? রঙলাল ডাক্তার প্রশ্ন করলেন এবং ব্যগ্র গাৱ সঙ্গেই করলেন।

—আজ্ঞে? সপিনয়েই জীবন বলেছিলেন—নাড়ী দেখে তো একেবারে অসাধ্য মনে হচ্ছে না। তিনি নিজে নির্ণয়ের কথা বলে বলেছিলেন দলুপ্তকার নয়।

রঙলাল ডাক্তার ঘাড় নেড়ে সম্মতি জানিয়ে বলেছিলেন—হ্যাঁ, টিটেনাস তো নয়ই এবং তুমি যা বলছ তাই খুব সম্ভব ঠিক। তুমি বলছ অসাধ্য নয়। জীবনের দিক তাকিয়ে বলেছিলেন—কিন্তু সাধ্য হবে কী কবে? চোয়াল পড়ে গেছে—ওষুধ যাবে না। শরীরের কোথাও হাত দেবার উপায় নাই, মালিশ করা যাবে না। সাধ্য হবে কিসে?

ঘাড় নাড়তে নাড়তে বেরিয়ে এলেন রঙলাল ডাক্তার।

বাইরে একান্ত জীবন বলেছিল—আপনি ওষুধ দিন, চামচ বা কিছুকি করে ফোঁটা ফোঁটা করে মুখে দেওয়া হোক। আর—আপনি অমুমতি করলে আমি একটা মুষ্টিযোগের ব্যবস্থা করি। তাতে ওই বায়ুপ্রকোপের প্রভাব ধীরে ধীরে কমে আসবে। স্নায়ুশিরায় টানভাবটা কমে আসবে। চোয়ালও খলবে বোধ হয়।

—মুষ্টিযোগ?

—আমাদের বংশের সংগ্রহ করা মুষ্টিযোগ। আমার পিতামহ পেয়েছিলেন

এক সন্ন্যাসী চিকিৎসকের কাছে : ভালগাছের কচ মাজপাতা, যা এখনও বাত্বের আলোবাতাস পায়নি, তাই গরম জলে সিদ্ধ করে সেই জলের ভাপ—

—দিতে পার, দেখতে পার। আমার কাছে ও মরার সামিল। রোগীর আত্মীয়দের বলেছিলেন—ওষুধ দিয়ে যাচ্ছি। জীবন রইল। আশা আমি করছি না। জীবন আশা হাড়ে নি ; ও দেখুক। এ অবস্থা যদি কাটে, চোয়ালটা ছাড়ে—আমাকে খবর দিয়ো। জীবন একটা মুষ্টিযোগ দেবে। ঠিকমতো সব হয় যেন। বুঝলে ?

সমস্ত রাত্রি ঠায় দাঁড়িয়ে রইলেন জীবন ডাক্তার।

গরম জলের ভাপ দেওয়ার তত্ত্বাবধান করলেন। রাত্রি বাবোটার পর অসহনীয় যন্ত্রণা কমল। জীবন নাড়া দেখলেন। মুখ প্রকুর হল। প্রশ্ন করলেন—এবার একটু দেখুন তো গায়ে সৈক নিতে পারেন কিনা ?

সেই জ্বল-নিষ্ঠুড়ানো গরম কাপড়ের টুকরোটা সস্তূর্ণনে রোগিনীর হাতের উপর রাখলেন। লক্ষ্য করলেন—দেহে কম্পন ওঠে কি না। উঠল না। প্রশ্ন করলেন—পারবেন সহ করতে ? কষ্ট হবে জানি, কিন্তু সহ করতে হবে।

অসামর্থ্য বোধিণী। মূর্তিমতা পরিত্রীর মতো সহনশক্তি। সম্মতি-সূচক ঘাড় নাড়লেন তিনি। উৎসাহিত হলেন জীবন। নিজেই বসলেন সৈক দিতে। ওষুধ চলছিল ফোঁটা ফোঁটা। ঘণ্টাখানেক পরে রোগিনীর অবস্থা লক্ষ্য করে বললেন—একটু বেশি বেশি দিয়ে দেখুন তো ! মুখে ফোঁটা ফোঁটা ওষুধ দিচ্ছিলেন আর-একটি মহিলা। নীরবে চলছিল জীবন-মৃত্যুর যুদ্ধ।

ক্রমে রাত্রি তৃতীয় প্রহর শেষ হল। জীবন ডাক্তার এবার লক্ষ্য করলেন—প্রচণ্ড শক্তিতে গুণ দিয়ে বীকানো পল্লকের দণ্ডের মতো দেখানি, ধীরে ধীরে সোজা হচ্ছে, সস্তূর্ণনে সত্যয়ে রোগিণী সোজা হতে চাচ্ছেন, যেন ধীরে ধীরে গুণ শখিল করে দিচ্ছে কেউ।

জীবন মৃত্যুরে বলল—দেখুন তো মা, তা করতে পারেন কি না ?

পারলেন, স্বল্প হলেও তার মধ্যে জিহ্বা সঞ্চালিত করার স্থান পেলেন, চাপা উচ্চারণে বললেন—পারছি।

এবার পূর্ণ এক দাগ ওষুধ খাইয়ে সৈকের ভার রোগিণীর ছেলের উপর দিয়ে বললেন—বাইরে বারান্দায় আমার বিশ্বামেব ব্যবস্থা করে দিন। একটু বিশ্রাম করব। আমার বিশ্বাস সূর্য উদয় হলেই সম্পূর্ণ সুস্থ হয়ে উঠবেন উনি—আর ভয় নাই।

প্রায় নিশ্চিত হয়েই বললেন জীবন দত্ত। বায়ুর কাল চলে গিয়েছে ; এবার কাল হয়েছে অহুকুল। রুড় থেমেছে ; অহুকুল মৃদু বাতাসে নৌকার মতোই জীবনত্রী এবার পৃথিবীর কূলে এসে ভিড়বে।

তাই হয়েছিল। সেদিনের আনন্দ তাঁর জীবনের শ্রেষ্ঠ আনন্দ।

শুধু রঙলাল ডাক্তারকে বিস্মিত করতে পেরেছিলেন তিনি।

বেলা তখন আটটা। রঙলাল ডাক্তার রোগী দেখছিলেন। এ সময় তিনি কীজ নিতেন না। রোগী দেখতে দেখতেই তিনি উৎসুক দৃষ্টিতে জীবনের দিকে তাকালেন।

কান থেকে স্টোখোসকোপটা খুলে প্রশ্ন করলেন, বাঁচাতে পেরেছ ?

—আজ্ঞে হ্যাঁ। বিপদটা আপাতত কেটে গিয়েছে।

—বাঃ। আজ এইখানে থাকো। বিশ্রাম করো।

দুপুরবেলা নিজে রোগীগিকে দেখে এসে খুশী হয়ে বলেছিলেন, ক্রেডিট বারো আনা তোমার জীবন। আমার ওষুধে কিছু ছিল না। যা ছিল তার পাওনা সিকির বেশি নয়। মেয়েটির এখন কলিকের চিকিৎসার প্রয়োজন। আমি বলেছি কবরেজি মতে চিকিৎসা করতে। তুমি ব্যবস্থা করো।

সেইদিন রঙলাল ডাক্তার রাজে ব্রাণ্ডিভ রঙীন আমেজের মধ্যে মৃদু হেসে ওই কথাটা বলেছিলেন। বলেছিলেন, আক্ষেপ হচ্ছে হে জীবন—একটা বিয়ে করি নি কেন ? তারপর হো-হো করে হেসে উঠেছিলেন।

হাসি খামিয়ে আবার বলেছিলেন—কেন বললাম জান ?

স্নেহে অভিভূত হয়ে পড়েছিলেন জীবন। অভিভূত ভাবেই তিনি জিজ্ঞাসা করলেন—আজ্ঞে ?

—তুমি আমাকে দৈত্যগুরু স্ক্রাচার্যের সঙ্গে তুলনা কর সেটা আমি শুনেছি। আমি তাতে রাগ করি না। স্ক্রাচার্য বিরাট পুরুষ। হোক এক চোখ কান। হাসতে লাগলেন আবার। তারপর বললেন—আজ আমার ইচ্ছে হচ্ছে তোমাকে কচের সঙ্গে তুলনা করতে।

হা-হা করে হাসতে লাগলেন—বিয়ে করলে একটা দেবযানী পেতাম তে।

পনেরো

আরও এক বৎসর পর রঙলাল ডাক্তার তাঁকে বিদায় দিলেন।

হঠাৎ চিকিৎসা ছেড়ে দিলেন। বললেন—আর না। এইবার শুধু পড় আর ভাবব। জীবন এবং মৃত্যু। লাইক অ্যাণ্ড ডেথ, তার পিছনের সেই প্রাচণ্ড শক্তি—তাকে ধারণা করবার চেষ্টা করব। আর দেশী গাছ-গাছড়া নিয়ে একখানা বই লিখব।

জীবনকে বলেছিলেন—তোমার ডাক্তারি শেখাটা বোধ হয় ঠিক হল না জীবন। ওই সব বিচিত্র অবিদ্বান্স মুষ্টিযোগ নিয়ে যদি গবেষণা করতে পারতে! কিন্তু তাও ঠিক পারতে না তুমি। তোমার সে বৈজ্ঞানিক মন নয়। কার্য হলেই তোমার মন খুলী। কেন হল—সে অসুস্থত্বংসা তোমার মনে নাই। যাক। তুমি বরং ডাক্তারি, কবিরাজি, মুষ্টিযোগ তিনটে নিয়েই তোমার ট্রাইসাইকেল তৈরি করো। ওতে চড়েই যাত্রা শুরু করো। নিজেরই একটা স্টেথোসকোপ তিনি তাঁকে দিয়েছিলেন; খারমোমিটার দেন নি, কিনতেও বারণ করেছিলেন। বলেছিলেন—ওর দরকার নেই তোমার।

এরপরও জীবন দত্ত মধ্যো মধ্যো যেতেন। রঙলাল ডাক্তার দেখা করতেন, কিন্তু চিকিৎসা সম্পর্কে কোনো আলোচনা করতেন না। প্রশ্ন করলে বলতেন—ভুলে গিয়েছি। এখন শাগান করছি, গাছ-গাছড়ার সম্পর্কে কোনো প্রশ্ন থাকলে করো।

আসল উদ্দেশ্য ফলের বাগান নয়, রঙলাল ডাক্তার নিজের সমাধিক্ষেত্র তৈরি করছিলেন। ওখানেই তাঁকে মৃত্যুর পর সমাধিস্থ করা হয়েছে। তাঁর ইচ্ছানুসারেই হয়েছে! তিনি উইল করে গিয়েছিলেন। সেই উইলে তিনি লিখেছিলেন—তাঁকে যেন সমাধি দেওয়া হয় এই বাগানের মধ্যে।

এক ঘরের মধ্যে মবেছিলেন। মৃত্যুকালে ঘরের মধ্যে কাছে কেউ ছিল না। সেও তাঁর অভিপ্রায় অনুসারে। মনা হাড়ি ছিল দরজায় পাহারা। মনা আঝর-ঝরে কেঁদেছিল কিন্তু ঘরে কাউকে ঢুকতে দেয় নি। বলেছিল—সে পারবে না। বাবার হুকুম নাই।

ওই রঙলাল ডাক্তারের দেওয়া স্টেথোসকোপ নিয়ে তিনি অ্যালোপ্যাথিক চিকিৎসা শুরু করলেন। কবিরাজি ভাগ করলেন না। মুষ্টিযোগও রইল। সেইবারই দত্ত মনায়দের চিকিৎসালয়ের নামকরণ করলেন—‘আরোগ্যনিকেতন’।

নবগ্রামে তখন হরিণ ডাক্তার খুলেছে—হরিণ ফার্মেসি।

ধনী ব্রজলালবাবু দাতব্য চিকিৎসালয় প্রতিষ্ঠা করে নাম দিয়েছে—পিয়ারসন চ্যারিটেবল ডিসপেন্সারি।

হোমিওপ্যাথ এসেছে একজন। পাগল ছিল লোকটা, নাম বলত—কে, এম. ব্রায়েরী অর্থাৎ ক্ষেত্রমোহন বাড্ডুরী। তার ডিসপেন্সারির নাম ছিল—‘ব্রায়েরী হোমিও হল’।

জীবন দত্ত কলকাতার অ্যালোপ্যাথিক ওষুধ কিনতে গিয়ে ওই সাইনবোর্ডটা লিখিয়ে এনেছিলেন।—‘আরোগ্য-নিকেতন’।

ওঃ—উদ্যোগপর্বে আতর-বউয়ের সে কী রাগ !

অ্যালোপ্যাথিক ওষুধ, আলমারি এবং সরঞ্জামপাতি কিনবার ভ্রম পাচশো টাকায় পাঁচবিধে জমি বিক্রি করেছিলেন তিনি। রাগ ফোভ তাঁর সেই উপলক্ষ্য করে নইলে ওটা ভিতরে ভিতরে জমাই ছিল।

ফোভের দোষ ছিল না। জগৎ মশায়ের আমল পুথেকে তাঁর আমল পর্যন্ত তখন লোকের কাছে ওষুধের দাম পাওনা তিন-চার হাজার টাকারও বেশি। সচ্ছল অবস্থায় লোকের কাছেই পাওনা বেশি। কিন্তু তার মধ্যে এই পয়োক্রমে শতখানেক টাকার বেশি আদায় হল না।

এর ভ্রম ফোভ তাঁর নিজেরও হয়েছিল। কিন্তু আতর-বউয়ের ফোভ স্বতন্ত্র বস্তু। সে ফোভ তাঁর উপর এবং সে ফোভ ক্রমাহীন; আতর-বউয়ের বাহ্যিক ফোভের আপাত উপলক্ষ্য যাই হোক, ফোভ প্রকাশ হলোই মুহূর্তে মূল কারণ বেরিয়ে পড়ে; সেটা হল তাঁর বিরুদ্ধে একটা অনির্বাণ চিতার মতো অসন্তোষের বহির্বিহা !

তখন ওই জমি বিক্রির উপলক্ষ্য নিয়ে তাঁর মনের আগুন জ্বলোছিল ! মনে পড়ছে, পাওনা আদায় করতে গিয়ে—টাকা পাওনা দূরে থাক কটকথা শুনে তখন তাঁর নিজের মনেও ফোভ জমেছিল। ওষুধের বাকির প্রসঙ্গে লোক বলেছিল—পঞ্চাশ টাকা ? ওষুধের দাম ? কী ওষুধ হে ? সোনাভস্ম না মুক্তাভস্ম না মানিকভস্ম—কী নিয়েছিলে ? পঞ্চাশ টাকা ? গাছ-গাছড়া আর গিয়ে এটা-ওটা টুকি-টাকি—আর তো তোমার “রসসিন্দুর”—এর দাম পঞ্চাশ টাকা ? যা ইচ্ছে তাই খাতায় লিখে রেখেছ ? হরি-হরি-হরি !

এ নিয়ে আর বাদপ্রতিবাদ করেন নি জীবন ডাক্তার। ক্ষুব্ধ হয়ে ফিরে এসেছিলেন। এবং ফেরবার পথেই সাহাদের শিবু সাহাকে ডেকে সঙ্গে নিয়ে বাড়ি ফিরেছিলেন। ডাক্তারখানা তিনি করবেনই। বৃকের ভিতর তখন অনেক আশা। অনেক আকাঙ্ক্ষা। রঙলাল ডাক্তারের স্থান তিনি পূর্ণ করবেন। তিনি যাবেন—রোগীর বাড়িতে আশার প্রসন্নতা ফুটে উঠবে। তিনি নাড়ী ধরবেন—রোগীর দেহে ংগ সচকিত হয়ে উঠবে। নবগ্রামের অহঙ্কারী জমিদার-সমাজ সম্বন্ধে বিনত হবে। শুধু নবগ্রাম কেন ? সারা অঞ্চলের ধনী-সমাজ জমিদার-সমাজ বিনত হবে। বড় বোড়া কিনবেন। সাদা বোড়া। পালকিও রাখবেন একখানা। বেশি দূরের পথে যাবেন পালকিতে। এ অঞ্চল বলতে সীমানা তো কম নয়—পূর্বে গঙ্গার ধার পর্যন্ত—কান্দী-পাঁচধুপি। এদিকে অভয়ের ধার পর্যন্ত। কান্দী গেলে ভূপীর সঙ্গে দেখা করে আসবেন। চিকিৎসা করে তাকে সারিয়ে ডুলবার নতুন আকাঙ্ক্ষা হয়েছে

তাঁর। জীবনের তখন অনেক আশা। ছেলে বনবিহারির বয়স মাত্র বছর তিনেক। তাকে ডাক্তারি পড়াবেন। বড় ডাক্তার করে তুলবেন। মেডিকেল কলেজ থেকে এল, এম, এস, পাশ করে আসবে সে।

আজ যারা অবজ্ঞা করে তাঁর পাওনা টাকা দিলে না, উপরন্তু ইচ্ছিতে অসাধুতার অপবাদ দিলে তারাই তাঁর কাছে আসবে বিপদের দিনে। সে দিন তিনি তাদের—! না ফিরিয়ে দেবেন না, কটু বলবেন না। যাবেন। তাঁর বংশের নাম হয়েছে ‘মশায়ের বংশ’—বংশের মহাদাশয়ক্ক ক্ষুন্ন করবেন না।

তান পথেই দাম-দর করে জমি বিক্রির কথাবার্তা পাকা করে বাড়িতে এসে বললেন, তুমি বসো শিবু। আমি ছুটো মুখে দিয়ে নি। তারপর চুবের হব।—কাগজ কিনে লেখাপড়া শেষ করে বাড়ি ফিরব। রেজেষ্ট্রির সময় তো তিন মাস—।

শিবু বলছিল—দেখুন দেখি, লেখাপড়ারই তাড়া किसের গো? আপনি মশায়ের বংশের সম্ভান, অ. জ আপনাই মশাই। আমি টাকা এনে গুনে দিয়ে যাচ্ছি—লেখাপড়া রেজেষ্ট্রি হবে পরে।

শিবু পাচশো টাকা এনে দিয়ে গিয়েছিল সেই দিনই সন্ধ্যাবেলা।

ওদিকে বাড়িতে তখন আতর-বউ আগুন ছড়াতে শুরু করেছেন। অদৃষ্ট! অদৃষ্ট! সবই অদৃষ্ট! মা খেয়েছি, বাপ খেয়েছি, সাথ বালিকা বয়সে মামা-মামীর বাড়িগিরি করেছি দিনা মাইনেতে। স্বস্তরবাড়িতে শাভুর্ডা খেলাম, স্বস্তর খেলাম। এইবার লক্ষ্মী বিদেয় হবেন তার আর আশ্চর্য কি? আমি দিব্য চক্ষে দেখতে পাচ্ছি—মেয়ে হয়েছে ছেলে হয়েছে—ওদেব হাত ধরে ভিক্ষে করতে হবে আমাকে। পথে বসতে হবে।

জীবন দত্তের মাথার মধ্যেও আগুন জলে উঠেছিল। তবু সে আগুনকে কঠিন সংঘমে চাপা দিয়ে তিনি বলেছিলেন—ছি আতর-বউ! ছি!

—কেন? ছি কেন? আমার অদৃষ্ট তো এই বটে। কোনখানটা মিথ্যে বলো, স্বস্তর দেহ রাখবার আগের মাসেও এ বাড়িতে জমি এসে ঢুকছে। আজ সব চার বছর তিনি গিয়েছেন—এরই মধ্যে জমি বেরিয়ে গেল।

—এই বছর যেতে না-যেতে আমি পাচবিঘের জায়গায় দশ বিঘে কিনব।

—তা আর কিনবে না? কত বড় ডাক্তার হয়ে এলে, একবারে বিলাতী পাশ সায়েব ডাক্তার।

এবার আর সহ্য করতে পারেন নি জীবন ডাক্তার। কঠিন কণ্ঠে বলেছিলেন—আতর-বউ!

চমকে উঠেছিলেন আতর-বউ সে ডাকে। কয়েক মুহূর্তের অস্ত স্তক হয়ে

গিয়েছিলেন। তারপর শুরু করেছিলেন কামা। জীবন ডাক্তার সে কামা গ্রাহ্য করেন নি। কাঁদতেই ওঁর জন্ম। ওই তাঁর বোধ করি প্রাক্তন। কাঁচুন তিনি। তিনি কী করবেন ?

সেই রাত্রে তিনি কলকাতা রওনা হয়েছিলেন।

কলকাতা থেকে ওষুধ-আলমারি কিনে এনে ওই সাইনবোর্ডটা ঝুলিয়ে দিয়েছিলেন—‘আরোগ্য-নিকেতন’।

সেতাব মুখুজে এনে দিয়েছিল একটা গনেশ মূর্তি।

সুরেন সিদ্ধুর দিয়ে তার নীচে লিখেছিল—শ্রীশ্রীগণেশায় নমঃ।

পাগলা নেপাল তাঁকে একখানা সে-আমলের বাঁধানো নোটবুক এনে দিয়েছিল। নেপাল তখন কাজ করত নবগ্রামের ধনী ব্রজলালবাবুর বাড়িতে। ব্রজলালবাবুর জামাই ছিলেন ইঞ্জিনিয়ার; তার সঙ্গে বন্ধুত্ব ছিল নেপালের। খাতাখানা সে তাঁর কাছ থেকে সংগ্রহ করে এনে দিয়ে বলেছিল—নে, রত্নলাল ডাক্তারের মতো নোট করে রাখবি। আরও এসেছিল সেদিন স্থানীয় ডাক্তারেরা। কৃষ্ণলালবাবুর বাড়ীর ডাক্তার হরিশ ডাক্তার এসেছিল; এখানকার ইস্কুলের হেডমাষ্টার এসেছিল। ঠানার দারোগা।

আর এসেছিল—শশীকে নিয়ে শশীর পিসীমা।

—বাবা জীবন।

—আপনি? কী হয়েছে? জীবন দত্ত ভেবেছিলেন—শশীরই কোনে অসুখ হয়েছে।

—বাবা, শশীর বড় ইচ্ছে, খানিক আবেক চিকিৎসা শেপে। লেখাপড়া তো হল না। একটু-আধটু শিখিয়ে দিলে করে-কম্মে খাবে।

শশী তখন নিতান্ত কচি। কত বয়স হবে? সতেরো আঠারো বছর। একটু পাগলাটে ভাব। ওই নেপালের মতো। ফিক-কিক করে হাসত।

ওঃ—সে এক মনোহর রাজি। খাওয়া-দাওয়া, খেলাধুলা, গান-বাজনা! এরই মধ্যে পাগল নেপাল এক কাণ্ড করেছিল। ওষুধের সঙ্গে কয়েক বোতল গোলাপ জল ছিল। নেপাল নুকিয়ে গোলাপ-জল মাখতে গিয়ে তাড়াতাড়িতে মাথায় দিয়েছিল ক্লেঞ্চ বার্নিশ! আসবাবে দেবার জন্ম জীবন দত্ত ওটা এনেছিলেন। তারপর সে এক কাণ্ড! মাথার চুলগুলিতে গালা জমে নেপালের আর দুর্গতির সীমা ছিল না। সে কী হাসি সকলের! শশী হেসেছিল সবচেয়ে বেশি। নিতান্ত তরুণ বয়স, তার উপর সেদিন সে জীবন মশায়ের মনস্তত্ত্বের জগ্রে ছিল অতিমাত্রায় ব্যস্ত।

সেই শশী বিরক্তি প্রকাশ করে গেছে, তাঁর নিদান ঠাকার জন্ত কটু কথা বলে গেছে ! একটা দীর্ঘশ্বাস ফেললেন বৃদ্ধ।

—মশায় ! কে যেন ডাকলে।

বৃদ্ধ জীবন দত্ত চকিত হয়ে ফিরে তাকালেন। অন্ধকারের মধ্যেই তো বসেছিলেন তিনি—হঠাৎ এবটা আলোর ছটা এসে পড়েছে। কে তাঁকে ডাকছে। ওঃ, তিনি একেবারে যেন ডুবে গিয়েছিলেন অতীতকালের স্মৃতিতে। এতক্ষণে বর্তমানে ফিরে এলেন। হ্যাঁ—লোক এসেছে; তাঁকে ডাকছে। লোকটার হাতের আলোটা নিচের দিকে আলো ফেলেছে। উপবের দিকটায় হারিকেনের মাথায় চাকনির ছায়া পড়েছে।

—কে ? প্রশ্ন করলেন জীবন দত্ত। পরক্ষণেই মনে হল সম্ভবত রতনবাবুর বাড়ির লোক। বিপিনের অসুখ হয়তো বেড়ে উঠে থাকবে।

না। রতনবাবুর বাড়ির লোক তো নয়। যে গন্ধ লোকটির শরীর এবং কাপড়-চোপড় থেকে ভেসে আসছে তাতে মনে হচ্ছে সঙ্গ-সন্ন্যাসীর গোষ্ঠির কেউ। গাঁজা, ভস্ম, মুলি-ধোঁয়া-রন্ধ দেহচর্ম এবং চুলের গন্ধ মিশিয়ে একটা বিশেষ রকমের গন্ধ ওঠে এদের গায়ে, এ সেই গন্ধ। সম্ভবত চণ্ডীমায়ের মহাস্তবের দত্ত ! কিছুদিন থেকেই বৃড়ো সন্ন্যাসীর অসুখের কথা শুনেছেন জীবন দত্ত।

জীবন দত্তের অনুমান মিথ্যা নয়। লোকটি চণ্ডীমায়ের মহাস্তব চেলাই বটে। বললে—সাধুবাবাকে একবার দেখতে যেতে হবে।

—ই রাত্রে ?

—আজ্ঞে হ্যাঁ। সন্ধ্যা থেকে রক্তভেদ হচ্ছে। বড় কষ্ট। দুর্বল হয়ে পড়েছেন। বললেন—জীবনকে একবার খবর দে। মালুম হোয় কি আজই রাত্রে ছুটি মিলবে। সে একবার দেখক।

বৃদ্ধের প্রাণ বড় শক্ত প্রাণ। কতবার যে তমন হল 'অসুখ বিশ-পচিশ বার। রক্তভেদ—নিদারুণ হিষ্কা—নাড়ী ছেড়ে যাওয়া, এ সব হয়েছে বৃদ্ধ বেঁচে উঠেছে।

একমাত্র কারণ গাঁজা। কিন্তু গাঁজা বৃড়ো কিছুতেই ছাড়বে না। মদ খায় না এমন নয়। পায় কিন্তু পর্বে-পার্বণে অতি সাধাচ্ছ। তত্ত্বের নিয়ম রক্ষা করে। মস্ত-পানকে বলে ঢুকু ঢুকু। জীবন দত্তই তাকে বরাবর ভালো করেছেন। ডাক্তারি গুণ্য বৃড়ো খায় না। ইনজেকশনকে বড় ভয়। মশায়বাড়ির টোটকার উপরেই তার একমাত্র বিশ্বাস। তাও খুব কঠিন হয়ে উঠলে তবে বৃড়ো জীবনকে ডাকে, বলে, দেখতো ভাই জীবন তলব কি আইল ? বৃড়ো আবার পড়েছে। আশ্রয়কাল বড় ঘন ঘন পড়ছে।

জীবন দত্ত উঠলেন ।

বৃদ্ধ বয়স, রাত্রি শ্রম পার হয়ে গিয়েছে ; বোধহয় সাড়ে দশটা । আবেশ মাস, দিন বড় রাত্রি ছোট, হবে বৈ কি সাড়ে দশটা । তবুও যেতে হবে উপায় কী ? চলো ।

বাড়ির দিকে মুখ ফিরিয়ে তিনি ডাকলেন—আতর বউ !

—কী ? ভিতর থেকে রুক্ষ স্বরেই জবাব দিলেন আতর-বউ ।

—বেকতে হচ্ছে । ঘুরে আসি একবার ।

—এই রাত্রে কোথায় যাবে । কার বাড়ি ? না, যেতে হবে না তোমাকে । অনেক ডাক্তার আছে । অল্প বয়স, বিদ্বান, বড় বড় পাশকরা । তারা যাক । এই বয়স তোমার—তোমাকে ডাকতে এসেছে শুধু টাকা দেবে না বলে । যেয়ো না তুমি ।

জীবন ডাক্তার কোমল স্বরেই বললেন—চণ্ডাভলায় সাধুবাবার অস্থখ আতর-বউ ।

ওই কথাতেই অনেক কিছু বলা হয়ে গেল । আতর-বউও মুহূর্তে নরম হয়ে গেলেন । তাই বা কেন ? একেবারে অল্প মানুষ হয়ে গেলেন । বললেন—সাধুবাবার অস্থখ ? কী হয়েছে ?

—কী হবে ? সেই যা হয় । রক্তভেদ পেটে যন্ত্রণা ।

—এবার তা হলে বাবা দেহ রাখবেন । বয়স তো কম হল না ।

—দেখি ! বলে তো পাঠিয়েছেন—জীবনকে ডাকো—তলব আইল কি না দেখুক । দেখি ।

ভারী জুতোর শব্দ শুক পল্লীপথের দুপাশের বাড়ির দেওয়ালে প্রতিধ্বনি তুলে বৃদ্ধ হস্তীর মতো জীবন ডাক্তার চললেন—গ্রাম পার হয়ে ; স্বল্প বিস্তৃতির একখানি মাঠ পার হয়ে—নবগ্রামের পূর্বপ্রান্তে ঘন জঙ্গলে ঘেরা দেবশ্রমের দিকে । বর্ষায় রাত্রি—অবশ্র অনাবৃষ্টির বর্ষা—তবুও রাস্তা পিছল, একটু সাবধানেই পথ চলতে হচ্ছিল । আলো নিয়ে সাধুর অল্পবয়সী চেলাটি জরুতপেই চলেছে—ডাক্তার প্রায় অন্ধকারেই চলেছেন । তাতে ডাক্তারের অস্থবিধে নাই । অন্ধকারে ঠাঁওর করে পথ চলা তাঁর অভ্যাস আছে । কিন্তু সাধুর চেলার হাতের আলোটা ছলছে, অস্থবিধে হচ্ছে তাতেই । মধ্যে মধ্যে চোখে এসে লাগছে । ডাক্তার বললেন—আলোটা এমন করে ছলিয়ে না হে ভোলানাথ । ছোখে লাগছে । চলো, চলো, দাঁড়াতে হবে না । আলোটা ছলিয়ে না ।

—কে ? মশায় না কি ?

সন্ধুপথের দেবস্থলের প্রবেশপথের ঠিক মুখ থেকে কে প্রশ্ন করলে । ঘন জঙ্গলের

মধ্যে অন্ধকারে দাঁড়িয়ে আছে। কণ্ঠস্বরটা চেনা। তবু জীবন দস্ত ধরতে পারলেন না। অশ্রুমনস্ক হয়ে সাধুর কথাই ভাবছিলেন তিনি। বহুকাল এখানে আছেন সাধু। অনেক স্মৃতি জড়িয়ে আছে।

—রোগীকে আমি ঘুম পাড়িয়ে দিয়েছি। হাসতে লাগল সে।

—শশী! চমকে উঠলেন ডাক্তার!—কী দিয়ে ঘুম পাড়ালি?

পাগলা শশী হাসতে লাগল—অস্বরের চিকিৎসা আশ্চর্যিক।

—কিন্তু তোকে খবর দিলে কে?

—এসে পড়লাম হঠাৎ। গিয়েছিলাম গলাইচণ্ডী, রামহরি লোটকে দেখতে। বেটার খুব অসুখ। দুপুরবেলা আপনাকে কল দিতে গিয়েছিলাম, কিন্তু ওই মতির মায়ের নিদানের কথা বলতে গিয়ে ভুলেই গেলাম। বউ-ঠাকরুন বলেন নি আপনাকে? কাল একবার রামহরিকে দেখতে যেতে হবে মশায়।

—সে তো পরের কথা। কাল হবে। এখানকার খবর বল। কী চিকিৎসা করলি মহাশয়ের? উৎকণ্ঠ! অসুখ কবর ছিলেন তিনি। শশীকে যে তিনি জানেন!

শশী বললে—আর কী। গলাইচণ্ডী থেকে কিরবার পথে ঢুকলাম—ভিজ্ঞে শরীরটা ঠাণ্ডা হয়ে গিয়েছিল, আর কেমন ছমছম করছিল বুঝেছেন—তাই বলি মাকে একবার প্রণাম করি আর শরীরটাকে তাজা করে নি। বুড়োর কাছে একটান গাঁজা খেয়ে যাই।

—হঁ তারপর?

—দেখলাম বুড়ো দুকছে। রক্ত দাস্ত হয়েছে। নাড়ী নাই। ষাডনায় ছটকট করছে। সুনলাম তিন দিন গাঁজা খায় নাই। বললাম—যেতে তোমাকে হবে। তা গাঁজা না খেয়ে যাবে কেন—একটান গাঁজা খেয়ে নাও। তা বললে—না। তু বেটা বদমাস শয়তান। আরে ওহি গাঁজা তো আমার মরণ আসবার পথ তৈয়ার করেছে। এক পাও পথ বাকি; সে আশুক নিজেই ওটুকু পথ তৈয়ার করে। আর গাঁজা কেনো? আমি মশায়, এক ডোজ ক্যানাবিসিগ্গিকা দিয়েছি। সঙ্গেই ছিল। আমি খাই তো। বাস—খেয়ে দুতিন মিনিটের মধ্যে বুড়ো ঘুমিয়ে পড়ল। দেখুন, বোধ হয় নাড়াও টিপটিপ করে উঠেছে। গাঁজা-খাওয়া ধাত তো। লেগে গিয়েছে।

হি-হি করে হাসতে লাগল পাগলা।

ষোলো

মিথ্যে বলে নি পাগলা। এক ডোজ ক্যানাবিসিগ্নিকাতে বৃদ্ধ সাধুর ঘুম এসেছে ; ঘুম যখন এসেছে তখন যন্ত্রণারও উপশম হয়েছিল এবং নাড়ীর স্পন্দন পাওয়া যাচ্ছে। কিন্তু বুঝতে কিছু পারা গেল না।

সাধুসন্ন্যাসীর ধাতু-প্রকৃতিও স্বতন্ত্র ; সাধারণ মানুষের সঙ্গে অনেক প্রভেদ। জীবনে আচার এবং বিধিনিয়ম পালনের প্রভাব দেহের উপর অমোঘ। দেহের সহনশক্তি আশ্চর্যভাবে বেড়ে যায়। তেমনি আশ্চর্য ক্রিয়া করে গুণ। অকবিত মৃত্তিকায় প্রথম চাবের বীজের মতো। সুত্রাং বলা তো যায় না। মৃত্যু সন্নিকটবর্তী হয়েও এদের প্রাণশক্তির কাছে হার মেনে ফিরে যায়। এমন অনেক ক্ষেত্রে দেখছেন জীবন দস্ত। তার বাপও এ কথা তাকে বলে গেছেন। বলেছিলেন—এদের নাড়ী দেখে সহজে নিদান হোকো না, বাবা। আগে জেনে নিয়ো—তাদের নিজের দেহরক্ষার অভিপ্রায় হয়েছে কি না। মানুষের অভিপ্রায় প্রচণ্ড কাজ করে ; যে রোগী হতাশ হয়ে ভেঙে পড়ে তাকে বাচানো কঠিন হয়। সাধুদের হতাশা নাই, মনটি ওদের শক্ত। ইচ্ছাশক্তি প্রবল। এবং মৃত্যু বরণের অভিপ্রায় ঠরাই করতে পারেন।

সাধু গভীর ঘুমে আচ্ছন্ন হয়ে রয়েছে। ডাক্তার বললেন—রাত্রিটা সজাগ থেকে তোলানাথ। রাত্রে যদি ঘুম ভাঙে—তবে জল খেতে দিয়ো। আর কিছু না। আমি তোরাবেলা আসব।

শশী খুব হাসতে লাগল। আহুপ্রসাদের আর অবধি নাই তার। ডাক্তার তাকে ডেকে সঙ্গে নিলেন।—আয় একসঙ্গেই যাই।

শশীও সজ্জ ধরলে। বললে—চলুন—রামহরির কেসটা বলে রাখি। কাল আপনাকে যেতেই হবে।

ডাক্তার বললেন—শশী, আজ যা করেছিস করেছিস, এমন কাজ আর করিস না।

—কী ? বুড়াকে ক্যানাবিসিগ্নিকা দেওয়া ?

—হ্যাঁ ! অগ্রায় করেছিস !

—অগ্রায় করেছি তো বুড়ো হুহু হল কী করে ?

কী করে তা বলা শক্ত ! গাঁজা খাওয়া অভ্যাস আছে, সেই গাঁজা না খাওয়ার সঙ্গেও একটা যন্ত্রণা ছিল রোগের যন্ত্রণার সঙ্গে—সেটা উপশম হয়েছে

—তার উপর মাদকের ক্রিয়া আছে। এখন ঘুম ভেঙে এর কল হয়তো মারাত্মক হবে।

—উঁহু। বুড়ো সেরে উঠবে এ আমি বলে দিলাম। কুড়ো বাউড়ির মেয়েটার নিউমোনিয়ায় কেরোসিনের মালিশ দিলে সবাই আপনারা গাল দিয়েছিলেন—কিন্তু সেরে তো গিয়েছিল।

ডাক্তার ধমক দিয়ে বললেন—শশী, এ সব পাগলামী ছাড়। শেষ পর্যন্ত বিপদে পড়বি।

—আমি পাগল ?

—হ্যাঁ। তুই পাগল। আমার আর কোনো সন্দেহ নাই।

একটু চুপ করে থেকে শশী বললে—তা বেশ। পাগলই হলাম আমি। তা বেশ। আবার খানিকটা চুপ করে থেকে বললেন—কাল কিন্তু রামহরিকে দেখতে যেতে হবে। আমি কল দিয়ে রাখলাম।

-- রামহরির কা হল ?

—সে সাতদুগুনে চোন্ধখানা ব্যাপার। এবার যাবে।

—যাবে তো আমাকে টানাটানি কেন ? যাক না। এ বয়সে গেলেই তো খালাস। না, যেতে চাই না কামারবুড়ীর মতো ? তা রামহরির এ ইচ্ছে স্বাভাবিক। আবার যেন মালাচন্দ্রন করেছে এই বয়সে !

—হ্যাঁ। বছর পচিশেক বয়স মেয়েটার। কিন্তু রামহরি বাঁচবার আশায় আপনাকে ডাকছে না। ডাকছে, নিদান দিতে হবে, বলে দিতে হবে—জ্ঞানগঙ্গা যেতে পারে কি না। বড় ইচ্ছে জ্ঞানগঙ্গা যায় উদ্ধারণপুর কি কাটোয়া। জ্ঞানগঙ্গা গিয়ে বেশীদিন বাঁচলে তো মুশকিল। কণ্ট্রালের বাজার। এ জেলার চাল ও জেলায় যাবার ছকুম নাই। কিনে খেতে গেলে অনেক টাকা লাগবে।

বকবক কবে বলেই চলল শশী।

—চোরের রাজ্য বুঝেছেন, সব চোর। আপাদমস্তক চোর। রাজা চোর, রানী চোর, কোটাল চোর—সব চোর। আমি চোর, তুমি চোর—সব চোর। চালের দর যোলো টাকা ? তাও এ জেলায় যোলো তো ও জেলায় ছাব্বিশ, আর দু পা ছাড়াও ছত্রিশ—আর এক পা গুড়িকে চত্রিশ।

মশায় ঠিক কথাগুলি শুনছিলেন না। তিনি ভাবছিলেন। ভাবছিলেন রামহরির কথা। শশী আপন মনেই বকে চলেছিল। হঠাৎ একবার খেমে—আবার আরম্ভ করলে। এবার কথার স্বর আলাদা। দেশের সমালোচনা বন্ধ করে অকস্মাৎ সরস রসিকতায় স্বরসিক হয়ে উঠল শশী। বললে—রামহরি জ্ঞান গঙ্গা যাবে—কিন্তু

বেহিসেবি কাণ্ড করে তো যাবে না, কদিন বাঁচবে—আমাকে বলে দিতে হবে ; সেই হিসেব করে চাল ডাল বেঁধে নিয়ে যাবে। বলে, ঠাকুর, তোমার কী বল ? দশদিন বেশী বাঁচলে—চাল কম পড়বে। তখন নগদ দামে কিনতে হবে। পাঁচদিন কম বাঁচলে চাল বাড়বে। সে চাল ঘরে ফিরে নিতে নাই, বেচে দিতে হবে। সে সব তো আমার হাত দিয়ে হবে না। হবে পরের হাত দিয়ে। পাচভূতে সব তচনচ করে দেবে আমার। বুঝুন ব্যাপারটা—রামহরি যে হিসেব নেবে তার উপায় থাকবে না। ব্যাটা বলে—তাতে আমার স্বর্গে গিয়েও শাস্তি হবে না। আমি বলি—স্বর্গে যাওয়াই হবে না তোব। রথে চড়ে বলবি—রোখো-রোখো। আমি নামব। রথ ফিরিয়ে দিয়ে ফ্যালফ্যাল করে চেয়ে দেখবি। মহামুশকিল। গজাতীরে মৃত্যু—ভূত হবারও উপায় থাকবে না, সে হলে সাহসনা থাকত রামহরির—বাড় ভাঙতে পারত। পিছু পিছু গিয়ে পোনা স্বরে বলতে পারতো—দে—আমার টাকা ফিঁরে দে।

হি-হি করে হাসতে লাগল শশী।

শ্রাবণের অন্ধকার রাত্রির মধ্যে দুজনে পথ হাঁটছিলেন।

বৃদ্ধ নীলমশায় আপনার মনে রামহরির কথা ভাবছিলেন। এমনটা কী কবে হল ? কেমন করে হয় ? জ্ঞানগঙ্গা যেতে চায় রামহরি ? বিনা ভাবনায় ; বিনা কামনায়, বৈরাগ্যযোগ—মুক্তি-পিপাসা কি জাগে ? আমি মরব এই কথা ভেবে প্রসন্ন মনে সমস্ত কিছু পিছনে ফেলে অভিসার চলার মতো চলতে পারে ? দীর্ঘকাল প্রতীক্ষার পর যুবতী বধুর স্বামী-সন্দর্শনে যাওয়ার কালে বাপের ঘরে উঠানে পাতা খেলাঘর ফেলে যাওয়ার মতো যেতে পারে ?

রামহরি প্রথম জীবনে ছিল চিঁচকে চোর ; তাৎপর হয়েছিল পাকা ধান-চোর , বার দুয়েক জেল খাটার পর তঠাৎ রামহরির দেখা গেল ঘোরতর পরিবর্তন ; রামহরি কপালে ফোঁটা-তিলক কেটে গলায় কণ্ঠমালা পরে হয়ে উঠল ঘোরতর ধার্মিক। জীবিকা নির্বাহের জন্ত ব্যবসা শুরু করলে। তরকারির ব্যবসা। চাষীর খেত থেকে তরকারি কিনে হাটে হাটে ঘুরতে লাগল অর্থাৎ ফড়ে হয়ে উঠল। মুখে রামহরি চিরকালই ফড়ে অর্থাৎ কথা সে বেশি চিরকালই বলত—এবার ব্যবসায়ের তাই হয়ে উঠল। লোকের বাড়ি ক্রিয়াকর্মে পরাত এবং বায়না নিয়ে তরকারি সরবরাহ করত। কিন্তু ওর অন্তরালে ছিল তার আসল ব্যবসা। নদীর ধারে জঙ্গলের মধ্যে দস্তুরমতো কবিরাজের মৃতসঞ্জীবনী চোলাইয়ের পাকা পদ্ধতিতে মদ তৈরি করত। জঙ্গলের মধ্যেই বোতল এবং টিন-বন্দী করে পুঁতে রাখত। ওখানেই শেষ নয়, নদীর চরের পলিমাটিতে সে গাঁজার গাছ তৈরি করে গাঁজাও

উৎপন্ন করত এবং তার কাটতিও ছিল প্রচুর। দেশটা তাজিকের দেশ ছিল—ময় হোক বা না হোক, জাভুক বা না জাভুক, লোকে কারণ করত। কপালে সিঁদুরের ফোঁটা, মুখে কালী-কালী, তার-তার রস আর কারণকরণে শতকরা নিরেনকুই জন ছিল সিদ্ধপুরুষ। স্বতবাং হাজার দরুনে সিদ্ধপুরুষের প্রসাদে রামহরির লক্ষ্মীলাভের পথে সিংহদ্বার না হোক, বেশ একটা প্রশস্ত ফটক খুলে গিয়েছিল। উত্তোগী পুরুষ রামহরির সাহস ছিল অসংখ্য, নবগ্রামে থানার সামনে রাস্তা দিয়ে কুমড়োকাঁকুড়ের বোকার তলায় অন্তত চার-পাঁচটা বোতল নিয়ে সে সপাত্ত মুখে চলে যেত। এই হাতে বসে তাই বিক্রি করত। কুমড়োর মুখ কেটে ভিতরের শাঁস বীজ বের করে নিয়ে তার মধ্যে আনত গাঁজা। বাড়িতে দেব-প্রতিষ্ঠা করেছিল সুপরিষ্কার নিম্ন কাঠের গোরহরি। কিছু ঠাকুরটি বন্ধ পত্তর ছিল ফাঁপা। দস্তুরমতো মাথা পাড়িয়ে বুক এং পিঠের দুটুকু চখানি পত্তর কাঠে গড়ে ভিতরে গহবর রেখে পাক্সা মিস্ত্রী দিয়ে এই দৈব গুণ্যমটি সে তৈরী করিয়েছিল। এবং পিঠের দিকের কাঠের নিচে উপরে দুটি ঢাকনিযুক্ত মুখ বেখেছিল। উপরেবটি খুলে গাঁজা পুত্তর এবং প্রয়োজনবোধে বের করে নিত। এরপর আর-এক দাপ উপরে উঠে রামহরি রীতিমতো দাসজী হয়ে উঠেছিল। তলকাবীর ব্যবস্থা তুলে দিয়ে মুদী ব লোকান এবং ধান কেনার ব্যবস্থা শুরু করে—ভেক নিয়ে দাস উপাধি নিয়ে গণ্যমান্ত হয়ে উঠেছিল কয়েকখন গ্রামের মধ্যে। শুধু ভেকই নেয় নাই, নিজের স্বজাতীয় স্ত্রী এবং পুত্রকে দূর করে দিয়ে একটি উচ্চবর্ণের বিধবাকে ঘরে এনে তৈরী করেছিল। ক্রমে ক্রমে আরও বোধ হয় দু-তিনটি। এদের জন দুই প্রোট বহুসে দুয়োরাণী বমতো ঘুটে কুড়িয়ে মরে পরিভ্রাণ পেয়েছে। একজন পালিয়ে। শেষেবটি তরুণী—সেইটিই এখন রামহরির স্বয়োরাণী।

সেই রামহরি সন্জানে মুক্তা কামনা করে গজাতীরে চলেছে? মুক্তি চায় সে? বিশ্বয় লাগে! বই কি!

শশী তামাক টেনে শেষ করে হাঁকোটা হাত ধবে নিয়ে বললে—
কাল চলুন একবার। আমি বেটাকে বলেছি, ফাঁ পাচ টাকা লাগবে। ডাক্তারবাবু তো আব কলে যান না তবু বলে কয়ে বাজি করুন। তা তাতেই রাজি।

কথাটা ডাক্তারবাবুর কানে গেলে না। তাঁর মনোরথ চলছিল ছুটে পলকে যুগান্তর অতিক্রম করে পিছনের পরিক্রমা সেরে বর্তমানে এসে সেই মুহূর্তই স্থির হল বোধ করি। তিনি হাসলেন।

• শশী বললে—হাসছেন যে?

জীবন বললেন—নবগ্রামের কর্তাব্যুর চিকিৎসার জন্তে কলকাতা যাওয়া মনে আছে তোমার শশী ?

—তা আবার নাই। বাড়ি থেকে পালকি করে বেরিয়ে—সব ঠাকুরবাড়িতে প্রণাম করে—

—সে তো জ্ঞানগন্ধা য়ারাই গিয়েছেন—তারা সবাই - তা করেছেন রে। সে নয়।

—তবে ?

—কর্তা কাশী গেলেন না, উদ্ধারনগপুর গঙ্গাতীর পেলেন না, গেলেন কলকাতা। কলকাতাও গঙ্গাতীর। কিন্তু গঙ্গাতীরে দেহ রাখতে ঠিক যান নি। গিয়েছিলেন চিকিৎসা করিয়ে বাঁচতে।

—তা হবে না? বিশাল সম্পত্তি, অগাধ ধন, এত কীৰ্ত্তি—এ সব ছেড়ে মরতে কেউ চায় না কি ?

—হ্যাঁ রে, তাই তো বলছি। তাঁর হয় নি আর রামহরির সেই বাসনা হল। রামহরি যা করেছে তার পক্ষে তো সেও কম নয় রে। অনেক। তাঁর উপর উল্লসী পত্নী।

এবার হাঁ করে শশী জীবন ডাক্তারের মুখের দিকে চেয়ে রইল।

জীবনমশায় হেসেই বললেন—হাঁ করে আর তাকিয়ে থাকিস নে। বাড়ি যা। রাত্রি অনেক হয়েছে। কাল ফব। দুপুরের পর গাড়ি পাঠাতে বলিস।

শশী বললে—তু রাস্তার মোড় বুঝি এটা ?

—হ্যাঁ।

এইখান থেকেই পাকা রাস্তা থেকে কাঁচা রাস্তা ধরে জীবন ডাক্তার যাবেন নিজেই গ্রামে। পাকা রাস্তায় শশী যাবে নবগ্রাম।

জীবনমশায় বললেন—নেশাভাঙ একটু কম করিস শশী।

শশী মাথা চুলকে লম্বা প্রকাশ করে বললে—ভাবি তো। পারি না।

তারপর অত্যন্ত ব্যস্ত হয়ে বললে—চলুন আপনাকে পৌঁছে দিয়েই যাই। ভারি অঙ্ককার আর রাত্রি অনেক হয়েছে।

—হতভাগা! আমাকে দাঁড়াতে হবে না। যা—বাড়ি যা। আমাকে দাঁড়াবে? তোকে দাঁড়াবে কে? পরক্ষণেই একটা কথা মনে করে জীবন দস্ত সচকিত হয়ে উঠলেন, বললেন—আচ্ছা চল, আমি তোকে পৌঁছে দিয়ে বাড়ি ফিরব।

মনে পড়ল।—মাস কয়েক হল—শশীর মা মারা গেছে। শশী হয়তো এত

রাত্রে ভয় পাচ্ছে একলা যেতে। একটু আগেই বলছিল—গলাইচণ্ডী থেকে ফিরবার পথে গর গা ছমছম করেছিল অর্থাৎ ভয় পেয়েছিল বেশী। ওঃ! সেই ভগ্নেই সে দরস্থানে ঢুকেছিল?

জীবনমশায় বললেন—সত্যি বল তো শশী—কী ব্যাপার? তুই কি ভয় পেয়েছিস?

শশী মাথা চুলকে বললে—মানে—আমার মা—

—তোর মা?

—মানে হয় আশেপাশে ঘুরে বেড়ায়। মনে হয় নয় মশায়, সত্যি।

জীবনমশায় বললেন—চল, ওসব কথা থাক।

শশী বললে—মা আমাকে ভয় দেখায় না—আগলায়। বুয়েছেন না। শশী বক বক করলে সারা পথটা। তার মধ্যে রামহরির কথাই বেশী। গুই বেটার নিদেন একে দেখিয়ে দেন একবার ছোকরা ডাক্তারকে!

সন্তেরো

প্রজ্ঞাত ডাক্তার দারান্দায় বসে ছিল। শ্রাবণের মেঘচ্ছন্ন বাহি, অসহ গুমোটের মধ্যে ঘরে ঘুম আসা এক অসাধা ব্যাপার; তার উপর মশারি। মশা এখানে খুব বেশী ছিল। লোকে বলত বিনা মশারিতে শুয়ে থাকলে মশারা সমবেতভাবে তুলে নিয়ে চলে যেতে পারে। আন্ধকাল মশা কমেছে। ডি. ডি. টি ক্যাম্পেন শুরু হয়েছে গত বছর থেকে। তবুও প্রজ্ঞাত বিনা মশারিতে শোয় না। একটি মশাও কামড়াতে পারে এবং সেইটিই অ্যানোফিলিস হতে পারে এবং তার বাহিত বিষটুকুতে ম্যালিগন্যান্ট ম্যালেরিয়ার বীজাণু থাকতে পারে। বাইরে মশারি খাটিয়ে শুনে হয়, কিন্তু তাতে মঞ্জু অর্থাৎ ডাক্তারের স্ত্রী ভয় পায়। শহরের মেয়ে, তার উপর এ অঞ্চল সম্পর্কে ছেলেবেলায় অনেক চোরডাকাত ভৃতপ্রের্ত সাপবিছের গল্প শুনেছে সে। মঞ্জুর মায়ের মাতামহের বাড়ি ছিল এই দেশে। মায়ের মাতামহ অবশ্য বেঁচে নেই; এবং মামাও কোনো কালে ছিল না অর্থাৎ মঞ্জুর মা ছিল মা-বাপের এক সন্তান। থাকবার মধ্যে মঞ্জুর রক্তা মাতামহী বেঁচে আছে। কানে কালা, চোখেও সব কম দেখে। সেই গল্প করত। ভৃতপ্রের্ত মঞ্জু বুদ্ধি দিয়ে অবিবাস করে, তর্কও করে, কিন্তু অন্ধকারে কোনো শব্দ উঠলেই চমকে ওঠে। সেই কারণে বন্ধ ঘরে শুতে যাবার আগে যতদূর পারে প্রজ্ঞাত ডাক্তার বসে থাকে। মধ্যে মধ্যে স্কিট শ্রে

করে দেয়। চারি পাশে বারান্দার নিচে সিঁড়িতে কার্বলিক-আসিড-ভিটামিনো খড় ছিটানো থাকে। আরও থাকে ডি. ডি. টি. পাউডার এবং ব্লিচিং পাউডার ছড়ানো। সাপ পোকা বিছে আসতে পারে না।

সকালবেলা থেকেই প্রত্যোত্তের মেজাজ খারাপ হয়ে আছে। রতনবাবুর ছেলে বিপিনবাবুর কেসে এখানকার হরেন ডাক্তার তাকে কল দিয়েছিল ; আকস্মিকভাবে হিষ্কার উপসর্গ এসে জুটেছে। কল দিয়েছিল সকালে। একটা নিষ্ঠুর যন্ত্রণাদায়ক অবস্থা। মনে হয় হয়তো যে-কোন মুহূর্তে নিষ্ঠুর পরিণতি এসে উপস্থিত হবে। হরেনের সঙ্গে পরামর্শ করে যা করবার করেছে তারা, কিন্তু কোন ফল হয় নি। আজ সকালে কিশোরবাবু প্রস্তাব করলেন—জীবন মশায়কে ডাকা হোক। প্রস্তাবটা বোধহয় রতনবাবুর, কিশোরকে দিয়ে প্রস্তাবটা তিনিই করিয়েছেন। প্রত্যোত্ত ডাক্তার কী বললে ? মনে উত্তরটা আপনিই এসে দাঁড়িয়েছিল—‘বেশ তো দেখান। আমি কিন্তু আর আসব না’। কিন্তু কথাটা বের হবার আগেই কিশোরবাবু বলেছিল—“আপনি কিন্তু বলতে পাবেন না—আর আসব না। আমার অল্পরোধ। আমি শুনেছি আপনি তাঁর উপর অসন্তুষ্ট। কিন্তু তিনি অসন্তোষের লোক নন।”

ডাক্তার বলেছিলেন—এর মধ্যে সন্তোষ অসন্তোষের কথা কী আছে কিশোরবাবু ? আপনাদের রোগী। ইচ্ছে হলে ভূতের ওঝাও ডাকতে পারেন।
—আপনি একটু বেশী বলছেন প্রত্যোত্তবাবু। বলছেন না ? নিজে মর্মান্বীটাকে বঁড় করে বিচার করবেন না। সত্যকে বড় করে খতিয়ে বলুন প্রত্যোত্তবাবু। কিশোরবাবু মাহুঘটি বিচিত্র। তার মধ্যে কোথায় যেন অলঙ্কারী কিছু আছে। তাকে লক্ষ্যন করা যায় না। সমগ্র দেশের লোকের প্রীতির পাত্র। আজীবন দেশের সেবাই করে আসছেন। এখানে প্রত্যোত্ত ডাক্তার এসে অবধি কত ছোটখাটো উপকারে ওঁর কাছে উপকৃত তার আর হিসেব নেই। এখানকার লোকগুলি সহজ নয়। মজু আধুনিকা, সে বাইসিক্স চড়ে একা যেখানে-সেখানে ঘুরে বেড়ায়, এর জন্তু কুংসা রটিয়েই দ্বান্ত হয় নি—ওপরে দরখাস্তও করেছিল। প্রত্যোত্তের বন্ধু এই জেলায়ই সমরে ল্যাবোরেটরিতে প্র্যাকটিস করে, সে মধ্যে মধ্যে আসে এখানে—তার সঙ্গে জড়িয়ে কুংসিত অভিযোগ। এবং হাসপাতালের গুণ্ড চুরির অপবাদও ছিল তার সঙ্গে। কয়েকটা কেসে প্রত্যোত্ত বন্ধু ল্যাবোরেটরিতে রোগীর রক্ত ইত্যাদি পরীক্ষা করিয়েছিল বলে তা নিয়েও অনেক কথা ছিল সে দরখাস্তে। মুখে মুখে এ নিয়ে কথার তো অভাব ছিল না ; বিচিত্র প্রায় সব।—“ও বাবা এ যে ছুই ঝুতে মিলে বেশ ক’টি পেতেছে।

রক্ত পরীক্ষা থুথু পরীক্ষা প্রস্রাব পরীক্ষা—দাঁড় টাকা এখন। চোর চোরাটি আধা ভাগ। এতকাল এসব ছিল না—তা রোগ ভালো হত না?”

কিশোরবাবুই এ সমস্ত অপবাদ এবং প্রশ্ন থেকে রক্ষা করেছেন। অযাচিতভাবে তিনি এগিয়ে এসেছিলেন।

এখানে থাকলে দুটি বেলা কিশোরবাবু তাদের খবর নেন। কিশোরবাবুর প্রশ্নে এই কারণেই ডাক্তারকে ভেবে দেখতে হয়েছিল। কিশোরবাবু বলেছিলেন—ভালো করে ভেবে দেখুন ভাই। এখানে প্রশ্ন হল মূল্যবান একটি জীবনের। আর মশায়কে তো আমরা আপনাদের উপরওয়ালা করে ডাকছি না; ডাকছি সাহায্য করবার জন্যে। ওঁকে ডাকছি—উনি নাড়ীটা দেখবেন আর হিঁকাটা খামিয়ে দেবার চেষ্টা করবেন। তাতে আপনাদের যে সব শর্ত আছে তা বলে দিন তাঁকে। কই হরেন চাকুবাবু এঁরা তো আপত্তি করছেন না!

হরেন ডাক্তার চাকুবাবু মত দিয়ে গেছেন। চাকুবাবু বলে গেছেন—খুব ভালো কথা। ওঁর অনেক মুষ্টিযোগ আছে। অব্যর্থ ফল হয়। শুধু আফিং-ঘটিত কিছু যেন না দেন।

এরপর অগত্যা প্রত্যোতকে মত দিয়ে আসতে হয়েছে। বলতে সে পারে নি—ওদের মত ওঁদের, আমার মত আমার! আমি আর আসব না। কিন্তু এ নিয়ে একটা অশ্বস্তি তার মনে সেই সকাল থেকেই ঘুরছে! উৎকণ্ঠিত হয়ে আছেন জীবনমশায় নামক এই দেশজ ভিষগাচার্যের ভেবজের ফলের জন্য। একটা বিষয়ে সন্তুষ্ট হয়েছে সে। ওই নিদানবিহারদ এক্ষেত্রে নিদান হাঁকে নি। তাদের ভুল ধরে নি। চাকুবাবুদের সঙ্গে তার আলোচনার কথা বোধ হয় বৃদ্ধ শুনেছে। তবুও অশ্বস্তি রয়েছে। ওই ওষুধের ফলের জন্য অশ্বস্তি। তার সঙ্গে আরও যেন কিছু আছে। এর উপর একটা রোগী আজ অত্যন্ত অপ্রত্যাশিতভাবে তার হাতে মারা গিয়েছে।

কী যে হল?

সব থেকে যেটা তাকে পীড়িত করছে সেটা হল তার ভ্রান্তি। সকালবেলা সে দেখে বলে এসেছিল—“রোগী বেশ ভালো আছে। জর ছেড়ে গেছে কাল পথ্য দেব।” একটু যেন ড্রাউজি ভাব ছিল—আজ্ঞার মতো পড়ে ছিল রোগী, কিন্তু ডাক্তার সেটাকে দুর্বলতা মনে করেছিল। ছেলেমানুষ শিশু রোগী। রোগীর বুড়ী ঠাকুমা বলেছিল—ভালো কী করে বলছ বাবা তুমি? বালা রুগী—জর ছেড়েছে, ভালো আছে তো মাথা তুলছে কই, খেতে চাচ্ছে কই?

ডাক্তার তাকে বলে এসেছিল—তুলবে মাথা। একটু দুর্বল হয়ে আছে। ওটা

কাটলেই তুলবে। আর আমাদের কথায় বিশ্বাস করুন। না করলে তো চিকিৎসা করতে পারব না।

বিকেলবেলা ছেলেটা হঠাৎ কোলাপ্স করলে। ডাক্তার ছুটে গিয়েছিল। ইনজেকশনও দিয়েছিল বার তিনেক, কিন্তু—। সন্ধ্যার সময় মারা গেছে ছেলেটা।

ডাক্তার ভাবছিল। কোথায় ভুল হল তার? আগাগোড়া? ডায়গনোসিস?

হ্যাঁ তাই। ম্যালেরিয়া বলে ধরেছিল সে। কিন্তু ম্যালিগন্যান্ট ম্যালেরিয়া। ভুল হয়ে গিয়েছে সেইখানে। কুইনিন ইনজেকশনও সে দিয়েছিল।

ফলটা হয়েও স্থায়ী হল না। ইনট্রভেনাস দেওয়া উচিত ছিল।

ডাক্তার অকস্মাৎ চকিত হয়ে ইজিচেয়ারের উপরেই সোজা হ'য়ে বসল। কুইনিন অ্যাম্পুলটা—? সেটার ভিতর ঠিক কুইনিন ছিল তো? বিনয়ের দোকান থেকে কেনা অ্যাম্পুল। একালের এই ওষধ বাবসায়ীদের বিশ্বাস নেই। না—নেই। এরা সব পারে। কলকাতায় জাল ওষুধ তৈরী করার একটা গোপন কিন্তু বিপুল-আয়তন আয়োজনের কথা অজানা নয়। এবং তাদের সঙ্গে ওষুধের দোকানদারদের যোগাযোগের কথাও অপ্রকাশ নেই। বিনয়চন্দ্র পাকা বাহু ব্যবসাদার। মিষ্টি মুখের তুলনা নেই। সাধুতার স্ততার এমন সুকৌশল প্রচার করতে পারে লোকটি যে মনে সম্রমের উদয় হয়। কিন্তু প্রত্যোক্ত নিজে ডাক্তার—তার কাছে বিনয়ের লাভের প্রবৃত্তির কথাও তো অজ্ঞাত নয়। চার পয়সা যে দাগে ওষুধের খরচ তার দাম চার আনা। এ নিয়ে কথা তার সঙ্গে হয়েছে। কিন্তু বিনয় সবিনয়ে তাকে বোঝাতে চেষ্টা করেছে—ওর কয়েক দিনে লোকসান অবগম্যবাবী। বছরের পর বছর বিনয় জমি কিনেছে, সঞ্চয় বাড়াচ্ছে। এবার নাকি নতুন একটা বাড়ি করবে। বিনয় সব পারে! প্রত্যোক্তের কান দুটো উত্তপ্ত হয়ে উঠল, মনের মধ্যে একটা অসহায় শ্লেষ জেগে উঠল। ইজিচেয়ার থেকে উঠে নিজেব কলবাক্স টেনে বের করে বসল। ছোট ছোট কাগজের বাস্তবে নানান ইনজেকশন। কুইনিনের বাস্তবটা বের করে তার ভিতর থেকে একটা অ্যাম্পুল বের করে সে ভেঙে ফেললে। জ্বিভে চেখে দেখলে। সারা মুখটা তেতো হয়ে গেল।

ডাক্তার একটা দীর্ঘনিশ্বাস ফেলে আবার বাইরে এসে বসল। ডাকলে—মঞ্জু মঞ্জু! ডাক্তারের স্ত্রী মঞ্জু, মঞ্জুলা।

মঞ্জু রান্নাঘরে রয়েছে। রান্নার লোকটা কিছুই জানে না। এটা যাকে বলে খাঁটি গাঁইয়ার দেশ! শাক শুকতো চচ্চড়ি, খোড় বড়ি খাড়া, খাড়া বড়ি খোড়, এ ছাড়া কিছু জানে না। আর জানে খেঁড়ো নামক একটি বস্ত—কাঁচা তরমুজের

তরকারি, আর কড়াইয়ের দাল আর টক। অমলকে বলে টক। এবং কাঁচা মাছে অমল রাঁধে। বড বড মাছের মাথা অমল দিয়ে খায়। ভাল রান্না মানে তেলমশলার শ্রাদ্দ। ডিসপেনসিয়া রোগটি জন্মানোর জন্তে—উৎকৃষ্ট সার দিয়ে জমি প্রস্তুত করা! ডাক্তারের রুচি আধুনিক—স্টু, ফুপ, সিদ্ধ, সালাদ। এখানকার ওই গ্রাম্য লোকটি আজও পর্যন্ত নামগুলো; আয়ত্ত করতে পারে নি। অগত্যা মঞ্জু দাড়িয়ে থেকে দেখিয়ে দেয়। তা ছাড়া একটি কোর্স সে নিজে হাতে রান্না করে নেয়। গুটা মঞ্জুর শপ।

—মঞ্জু! আবার ডাকলে প্রত্যোত্ত।

—হাসছি। এবার সাড়া দিলে মঞ্জু।

দীর্ঘাঙ্গী তরুণীটির শ্রীটুকু বড মধর এবং কোমল, এর উপরে গর বর্ণচ্ছটার মধ্যে একটা দীপ্তি আছে যা সচরাচর নয়, সাধারণ নয়। চোখ জুড়িয়ে যায়, মোহ জাগে মঞ্জুকে দেখে। প্রাণচঞ্চলা আধুনিকা মেয়ে মঞ্জু। গান গাইতে পারে, আই এ. পর্যন্ত পড়েছে; বাইসিক্র চডতে শিখিয়েছে ডাক্তার, বন্দক ছুঁতে শিখিয়েছে।

—কী বলছ? আমার বান্না পুড়ে যাবে।

—কী রাঁধছ?

—টক। হাসতে লাগল মঞ্জু। কাঁচা মাছের টক। আমার ভারি ভালো লাগে। আগে বুদ্ধী দিদিমা পলত—আমরা হাসতাম। কিন্তু সতি চমৎকার সরষে ফোডন দিয়ে আর কাঁচা তেল ছুড়িয়ে।

—বোসো তুমি এখানে। একা ভালো লাগছে না। গানটান গাও। মনটা বড খারাপ হয়ে আছে। ওদের ছেলেটা এমন হঠাৎ মরে গেল।

—রাঁধুনীটা বলছিল।

—কী বলছিল? ডাক্তার আবার তীক্ষ্ণ হয়ে উঠল।

—বলছিল—পাঁচজনে বলছে পাঁচরকম।

—তবু ভালো; পাঁচজনে পঞ্চাশ রকম বলে নি। হাসলে প্রত্যোত্ত।

—তুমি কি সকালে বলে এসেছিলে কাল পথা দেবে?

—হাঁ, কেন?

—ওই কথাটাই বেশী বলছে লোকে। তাতে চারুবাবু বলছেন শুনলাম—ওরে বাবা মৃত্যুর কথা কেউ বলতে পারে। ওর ওপরে ডাক্তারের হাত নাই।

ডাক্তার একটা দীর্ঘনিশ্বাস ফেললে, মেঘাচ্ছন্ন আকাশের দিকে তাকিয়ে রইল। নিশ্চিত মেঘাচ্ছন্ন আকাশ। পৃথিবীর উপর একটা ছায়া ফেলেছে এই রাত্রিকালেও।

চকিত একটু বিদ্যুতভাষাস খেলে গেল সীমাহীন মেঘাচ্ছন্ন আকাশে। মৃত্যুস্তম্ভীর

গর্জনে মেঘ ডেকে উঠল দূরে। অনেক দূরে। ডাক্তার মুহূষ্মরে বললে—শ্রাবণরাত্রির একটা গান গাও।

—আসছি আমি। ওকে বলে আসি—অথলটা ওই নামাবে।

—যাক। পুড়ে যাক। না নামায় তো কাল ওটাকে দূর করে দিয়ে। মঞ্জু মুহু
শুনশুনানি সুরে ধরলে—

এসো শ্রামল স্তম্বর।

আনো তব তাপহরা তৃষাহরা সঙ্গসুধা

বিরহিণী চাহিয়া আছে আকাশে।

ডাক্তার চোখ বুজলে। সত্যি বৃষ্টি হলে দেশটা জুড়োয়। প্রাণটা বাঁচে। গান শেষ করে মঞ্জু উঠল, বললে—আমি আসছি। ততক্ষণ রেডিয়ো খুলে দিয়ে যাই। রবীন্দ্রসঙ্গীত আছে। মন তার এখনও পড়ে আছে রান্নাশালে। ছুঁয়াক করে সম্বল দিতে তার ভারি ভালো লাগে। ডাক্তার চোখ বন্ধ করে শুয়ে রইল। তাহলে চারুবাবু তার বিরুদ্ধ সমালোচনা করেন নি। প্রৌঢ় মোটের উপর লোক ভালো।

রেডিয়োতে যন্ত্রসঙ্গীত বাজছে। গীটার। সুরটা কাঁপছে, কাঁদছে।

চারুবাবু কিন্তু ডিফিটেড সোলজার। হার মেনেছেন। ভদ্রলোক। যাকে সাধু বাংলায় বলে আত্মদমর্পণ করেছেন। সারেঞ্জার করেছেন। “মৃত্যুর কথা কেউ বলতে পারে না। ওর ওপর ডাক্তারের হাত নাই।”

আছে। হাত এখানে আছে। যদি একটি ক্লিনিক থাকত! গোড়াতেই যদি ব্লাড কালচার করে নেওয়া হত! এবং ওষুধ যদি ঝাটি হত! কে বলতে পারে—বাঁচত না ছেলেটা?

রেডিয়োতে গান বেজে উঠল—মরণ রে তুঁহ মম শ্রামসমান! ডাক্তার অকুক্ষিত করে গিয়ে রেডিয়োটো বন্ধ করে দিলে।

কম্পাউণ্ডের ফটকটায় হর্নের শব্দ উঠল। সাইকেল রিকশার হর্ন। কে এল? কেন? কল? ডাক্তার উঠে দাঁড়াল। ঘরের মধ্যে থেকে ছোট স্টোভল্যাম্পটা বের করে নিয়ে এল। দুটো রিকশা। একটি রিকশায় একটি তরুণী, অজ্ঞান অবস্থা বলে মনে হচ্ছে। এ গায়ের দাইটা তাকে জড়িয়ে ধরে আছে। সর্বাঙ্গ কাপড় দিয়ে ঢাকা। মাথাটা দাইয়ের কাঁধের উপরে ঢলে পড়েছে। অব্যক্ত যন্ত্রণার মধ্যে মধ্যে নীল হয়ে যাচ্ছে, বিরক্ত হচ্ছে। কাপড়খানার নিচে রক্তের দাগ! ডেলিভারি কেস! বোধ করি প্রথম সন্তান আসছে। ডাক্তার আলোটা হাতে নেমে পড়ল। ডাকলে—
হরিহরবাবু! মিস দাস!

কম্পাউণ্ডার আর মিডওয়াইফ। কিন্তু ও কে? পিছনের রিকশায়?

স্থলকায় বৃদ্ধ ? জীবনমশায় ?

জীবনমশায় শশীকে পৌছুতে গিয়েছিলেন। শশীর প্রতিবেশী গণেশ ভট্টাচার্যের প্রথম সন্ধান-সম্ভবা কথ্য—তখন স্মৃতিকাগারে অজ্ঞান হয়ে গিয়েছে। জীবনমশায়কে পেয়ে তারা তাঁকে ছাড়ে নি। জীবনমশায় এক্ষেত্রে কী করবেন ? তবু তারা মানে নি। বলেছিল—হাতনি দেখন।

—হাত দেখে কী করব ? আগে তো প্রসব করানো দরকার। যারা প্রসব করাতে পারে তাদের ডাকো। নয়তো হাসপাতালে নিয়ে যাও।

তাই নিয়ে এসেছে। কিন্তু জীবনমশায়কে ছাড়ে নি।

—আপনি থাকুন মশায়। কণ্ঠস্বরের মেয়ের বাপের সে কী আকর্ষণ !

মশায় উপেক্ষা করতে পারেন নি।

শাউরী আশ্রিত গুটিয়ে যথানিখমে হাত ধুয়ে, বীজাণুশোধক লোশন মেখে ডাক্তার তৈরী হয়ে ঘুরে ঢুকতে গিয়ে গমকে পাঠাল।

—আপনি প্রসবের জন্তু কোনো গুঁড়ু নিয়েছেন ?

—না।

—গুঁড়ু। আপনি কি উপেক্ষা করবেন ?

—হাঁ। একটু থাকি। হাসলেন মশায়।

—আচ্ছা। বসুন ওই চেয়ারটারে। নাড়ী দেখে কিছু বলেছেন নাকি ?

—নাড়ী দেখেছি। কিন্তু—

ঘরের মধ্যে অবরুদ্ধ যন্ত্রণায় জাহ্নবী গোঙানির মতো গোঙানি উঠল।

প্রত্যুত্ত ঘরের মধ্যে ঢুকে গেল। জীবনমশায় শ্রাবণের মেঘাচ্ছন্ন আকাশের দিকে তাকিয়ে দাঁড়িয়ে রইলেন। একটা হৃৎস্পন্দি বোধ করছেন তিনি। কেন তিনি এলেন ? ওদের ইচ্ছে প্রসবের পর তিনি একবার নাড়ী দেখবেন। কিন্তু প্রসব হতে গিয়ে যদি—

—বসুন মশায়। বললে হরিহর কম্পাউণ্ডার। হরিহর গরম জল, তুলো, পরিষ্কার ঝাকড়া ইত্যাদি নিয়ে যাচ্ছে পাশের ঘরে।

—বেশ আছি হে। হাসলেন মশায়। মেয়েটির বয়স হয়েছে। প্রায় তিরিশ। চিন্তা হচ্ছে তাঁর।

চমকে উঠলেন মশায়। মেয়েটি আবার যন্ত্রণায় গুঁড়িয়ে উঠেছে। সঙ্গে সঙ্গে—আরও

কিছু। ই্যা ঠিক। নবজাতকের প্রথম কর্ণধর শোনা যাচ্ছে। পরমা-প্রকৃতি! জয় গোবিন্দ!

--হরিহরবাবু, গরম জল। তুলো। প্রছোত ডাক্তারের ধীর কর্ণধর শোনা গেল। আশ্চর্য ধীর এবং শান্ত গষ্ঠীর।

*

*

তোয়ালেতে হাত মুছতে মুছতে ডাক্তার বেরিয়ে এলেন। মেয়েটির বাবা বললে— ডাক্তারবাবু!

—সেফ ডেলিভারি হয়েছে। খোকা হয়েছে।

—নীহারের জ্ঞান হয়েছে?

—না।

—হয় নি?

—না। আজ বাড়ি যান। যা করবার আমি করব। এখানে থেকে গোলমাল করলে কোনো উপকার হবে না। যান, বাড়ি যান। আপনিও বসে আছেন? মাফ করবেন, এখন নাড়ীটাড়ী দেখতে দেব না আমি। কিছু মনে করবেন না যেন। আমার জ্ঞানমতে নাড়ী ভালোই আছে, এই পর্যন্ত বলতে পারি।

ডাক্তার চলে গেলেন নিছের বাসায়।

—মঞ্জু!

—চা ছাঁকছি।

—মেনি থ্যাক্স্, মেনি মেনি থ্যাক্স্ জ্বলদি আনো—চা খেয়ে গিয়ে পরকাব হলে আবার ইনজেকশন দেব।

—কেস কি—?

—নট্, গুড্, আবার খারাপও নয় খব। বাট্, নী মাস্ট লিভ্, বাঁচাতে হবে।

চায়ে চুমুক দিয়ে বললে—প্রথমটা আমার ভারি রাগ হয়ে গেছিল। ছাট্, গুল্ড্ মান্ ফেমাস মহাশয় অব্, দিস্ প্লেস—সে সঙ্গে এসেছিল।

—কোন খারাপ কথা বলনি তো!

—না। তবে এখন ওরা চাইছিল—মশায় একবার নাড়ী দেখে। আমি বলে দিয়েছি, না—তা আমি দেব না।

—ওঁকে চা খেতে ডাকলে না কেন?

—ডাকা উচিত ছিল, না?

—নিশ্চয় ছিল।

চায়ের কাপ নামিয়ে একটা সিগারেট ধরিয়ে প্রছোত আবার হাসপাতালের

দিকে চলল। আর একটা ইনজেকশন দিতে হবে। মশায় চলে গেছে। একটু অন্তায় হয়ে গেল। ঢং ঢং শব্দে ঘড়ি বাজছে। রাত্রি বারোটা। রোগীর ঘর থেকে মুহূ যন্ত্রণার শব্দ শোনা যাচ্ছে। যন্ত্রণা কমে এসেছে। শী মাস্ট লিভ; বাঁচাতে হবে মেয়েটাকে। হরিহর বেরিয়ে এল।

—কেমন আছে এখন ?

—ভালোই মনে হচ্ছে।

—ভালোই থাকবে। ইনজেকশন বের করুন।

ডাক্তার সিরিঞ্জটা ঠিক করে আলোর সামনে ধরলেন। আবার যেন ফটকটা খুলল ? কে এল আবার ?

এগিয়ে গেল হরিহর। রতনবাবুর লোক।

—কী হিঙ্কা খব বেডেচে ?

—আজ্ঞে না। সেট শহর থেকে রিপোর্ট এসেছে, তাই বুড়োবাবু বললেন ডাক্তারবাবু যদি জেগে থাকেন তো দিয়ে আয়।

বিপিনবাবুর ইউরিন রিপোর্ট।

—হিঙ্কা কেমন আছে ?

—তেমনই আছে। একটুক কম বলে লাগছে।

একটা ক্লিনিক যদি এখানে থাকে ! এক্স রে—ইলেকট্রিসিটি না হলে উপায় নাই। ময়ুরাক্ষী স্কীম হতে আরও কয়েক বছর লাগবে। তার আগে সে আর হবে না। কিন্তু একটা ক্লিনিক। কত লোক যে বাঁচে ! আজ কি এই মেয়েটাই বাঁচত ? হাসপাতাল যন্ত্রপাতি—এসব না থাকলে এ মেয়েটাও আজ মরত।

জীবনমশায় হাত দেখে ঘাড় নেড়ে বলত—কী করবে ? এ কার হাত ? তোমার, না—জামার ?

আঠারো

জীবন দস্ত ডাকে গেলে আতর-বউ ঘুম পেলে ঘুমকে বলেন—চোখের পাতায় অপেক্ষা করো, এখন চোখে নেমো না। সে আস্থখ, তারপর। শুয়ে শুয়েও জোর করে জেগে থাকেন। চোখের পাতা তুলে নেমে আসে, আতর-বউ জোর করে চোখ মেলেন, —পাশ ফেরেন, রাধাগোবিন্দ বলে ইষ্ট নাম করেন : বেশী ঘুম পেলে উঠে বসে পানদোস্তা খান—মধ্যে মধ্যে নন্দকে তিরস্কার করেন ; নন্দকে নয়,

নন্দর নাকডাকাকে—বলেন, নাক মানুষের ডাকে, কিন্তু তাই বলে এমনি করে ডাকে? শিঙের ডাক হার মানে। শুধু শিঙের ডাক? মনে হচ্ছে কেউ যেন করাত দিয়ে দরজা কাটছে। নন্দ, অ-নন্দ। শুনছিস, একটু কম করে নাক ডাকা বাপু, পাশ ফিরে শো।

জীবন দত্ত এলেই এ সব সমস্যার সমাধান হয়। তিনি কোনোদিন জিজ্ঞাসা করেন—কেমন দেখে এলে গো? কোনদিন কোন প্রশ্ন করেন না, নিশ্চিত হয়ে শুয়ে পড়েন—এবং আধ মিনিটের মধ্যেই তাঁর নিজের নাক ডাকতে শুরু করে।

নন্দ উঠে হাতমুখ ধোবার জল দেয়, হাতমুখ ধুয়ে ইষ্ট স্বরণে বসেন, তারপর খাবারের ঢাকা খুলে খেতে বসেন। নন্দ তামাক সাজে, হুকো-কঙ্কে হাতে দিয়ে নন্দও গিয়ে শুয়ে পড়ে: খেয়ে উঠে মশায় তামাক খান—আর ভাবেন। রোগের কথা। কোনোদিন মৃত্যুর কথা। যেদিন রোগী মারা যায়—সেদিন ফিরে এসে চিকিৎসাপদ্ধতির কথাটা ভেবে দেখেন, ত্রুটি মনে হলে দীর্ঘনিশ্বাস ফেলেন, না-হলে মৃত্যুর কথাই ভাবেন। তারপর গোবিন্দ স্বরণ করে শুয়ে পড়েন। যেদিন ডাক থাকে না, সেতারের সঙ্গে দাবা খেলে কাটে, সেদিন ভাবেন—দাবার চালের কথা। একটার আগে কোনোদিন 'ঘুমোনো' হয় না! আজ বাজে বোধ হয় দুটো—মাদাইটে।

* * *

পরদিন ঘুম ভাঙতে দেরি হল।

প্রথমেই মনে হল—গণেশ ভট্টাচার্যের মেয়েটির কথা। কেমন আছে? ডাকতে গেলেন নন্দকে; জিজ্ঞাসা করবেন গণেশ ভট্টাচার্যের বাড়ির কেউ এসেছে কি না। কিন্তু পরক্ষণেই সাধারণের চেয়ে আয়তনে বড় তাঁর মাথাটি বার বার 'না-না' বলে যেন দুলে উঠল। এবং গম্ভীর কণ্ঠে ডেকে উঠলেন—জয় গোবিন্দ পরমানন্দ!

হাত জোড় করে জানালার দিকে তাকিয়ে বললেন—নমঃ বিবস্বতে ব্রহ্মণ-ভাস্বতে বিষ্ণুর্ভেজসে জগৎসবিত্রে সূচয়ে সবিত্রে কন্দায়িনে—নমঃ!

মৃত্যুঞ্জব এই পৃথিবীতে, এত চঞ্চল হলে চলবে কেন?

মুখহাত ধুয়ে চা খেতে বসলেন। তামাক সেজে দিয়ে নন্দ হুকোটি বাড়িয়ে ধরল। বললে—আজকে আট-দশজন রুগী এসেছে।

হুকোর টান দিয়ে মশায় বললেন—নবগ্রামের কেউ এসেছে? গণেশ ভট্টাচার্য?

—না তো।

—হঁ। মশায় ক্ষুব্ধ হলেন একটু। কাল রাত্রি বারোটা পর্যন্ত তিনি গণেশের

জন্ম বসে ছিলেন, ওই প্রাঙ্গণে ডাক্তারের রুট কথা শুনে এলেন, আর আজ একটা খবরও দিলে না? বেশ বুঝলেন—মেয়ে ভালো আছে। উৎকর্ষা কমে গিয়েছে। সন্ধে সন্ধে ভুলে গিয়েছে। একটা দীর্ঘনিশ্বাস ফেললেন তিনি।

নন্দ বললে—চোঁচামেচি করছে সেই বামুন, দাঁতুঠাকুর।

—কেন? কাল তো তাকে এক সপ্তাহের ওষুধ দিয়েছি।

—সে আবার এসেছে। গাঁজা না খেয়ে তার ঘুম হয় নাই। বলছে হয় গাঁজা খেতে বলুক, নয় ঘুমের ওষুধ দিক। এসে থেকে চোঁচাচ্ছে।

—চোঁচাক। পরান খাঁ এসেছে?

—না। এখনও আসে নাই। এইবার আসবে।

বার কয়েক ছাঁকোয় টান দিয়ে ছাঁকোটা নন্দর হাতে দিয়ে মশায় উঠে দাঁড়ালেন, বললেন—রোগীদেরকে বসতে বলবি। আমি এখন যাব—একবার মহাপীঠে মহন্তকে দেখতে।

নন্দ মাথা চুলকে বললে—তা ওদিকে একবার দেখে ওষুধপানি লিখে দিয়ে গেলেই হতো হত। পরান খাঁ গাড়ি নিয়ে আসবে, সেই গাড়িতেই পথে গোসাইকে দেখে আসতেন।

মশায় জবাব দিলেন না। শুধু ফতুয়াটা গায়ে দিয়ে পকেটে স্টেথোস্কোপটা পুরে পুরনো জুতো জোড়াটা পরতে লাগলেন। নন্দ গজগজ করতে করতে বেরিয়ে গেল—যত বেগারের কাজ; সন্ধ্যাবেলাে বিনি পয়সায় রুগী দেখা। এমন করলে রুগী আসবে কেন? ছাঁ। এই করেই এমন হল! সেই মিত্তিরিবাবু বলে গিয়েছিল—মহাশয় লোকের কথা সে কি মিছে হয়?

মশায় হাসলেন। মনে পড়েছে। শ্রোত্র জমিদার গৌরহরি মিত্তিরের কথা বলছে নন্দ। নন্দ ছিল তখন সেখানে, শুনেছিল।

* * *

আরোগ্য-নিকেতনে তখন সে কী ভিড! চল্লিশ পঞ্চাশ ষাটজন রোগী!

জগৎমশায়ের মৃত্যুর পর আরোগ্য-নিকেতনের দৈনন্দিন্য এসেছিল। সে দৈনন্দিন্যকে জীবন দস্ত তখন কাটিয়ে আবার সমৃদ্ধি ফিরিয়ে এনেছেন। রঙলাল ডাক্তারের কাছে শিক্ষা শেষ করে তখন তিনি অ্যালোপ্যাথি, কবিরাজি, মুষ্টিযোগ—তিন ধারার ওষুধ নিয়ে চিকিৎসা করেন। গুরু রঙলাল রহস্য করে বলেছিলেন—ট্রাইসিকলে চেপে চল তুমি। সে ট্রাইসিকল তাঁর ভাগ্য গুণে এখনকার মোটর-লাগানো তিন চাকার ভ্যান হয়ে উঠেছিল।

আরোগ্য-নিকেতন নাম তখন হয়েছে। তিন-তিনজন লোক

ধাটত। অ্যালোপ্যাথি ঔষুধের কম্পাগার ছিল শশী। শশী বলত—রমরম প্র্যাকটিস।

মদ খেলে বলত—জীবনমশায়ের প্র্যাকটিস—শা—; পানসী রে বাবা, পানসীর মতো চলছে—সন্ সন্ সন্ সন্।

মদ হতভাগা অল্প বয়স থেকেই খায়। নবগ্রামের বামুনবাড়ির ছেলে। ওর দৌরাড্ডো ভাইনাম গ্যালেসিয়া, মৃতসঞ্জীবনী লুকিয়ে রাখতে হত।

কোনোক্রমে পেলেরি বোতলে মুখ লাগিয়ে খেয়ে নিত খানিকটা। বলত—রঙলাল দি সেকেণ্ড!

জীবনমশায়ের আকাজ্জার কথা না জেনেই বলত।

বাড়িয়ে বলত। সে আকাজ্জা তার পূর্ণ হয় নি। রঙলাল ডাক্তারের স্থান পূর্ণ করবার সাধ্য বা ভাগা তার নয়; রঙলালের স্থান পূর্ণ হয় না। তবুও কতকটা পূর্ণ করেছিলেন—কীর্তীহারের নবীন ডাক্তার; সদর শহরে অবস্থা তখন একজন প্রতিভাবান ডাক্তার এসেছেন। গোকুল ডাক্তার; মেডিক্যাল কলেজের সোনার মেডেল পাওয়া ছাত্র। আশ্চর্য মাস্তুরের ভাগ্য, এমন ডাক্তারেরও শেষ পর্যন্ত দুর্নাম হয়েছিল। লোকে বলত—গোকুল ডাক্তার ছুঁলে রোগী বাঁচে না। গোকুল ডাক্তার তাঁকে সম্মান করতেন। নাড়ীতে কী পেলেন—সে কথা জিজ্ঞাসা করে মন দিয়ে শুনতেন।

নবগ্রাম অঞ্চলে তখন তিনি অপ্রতিদ্বন্দ্বী।

জগৎ মশায়ের মৃত্যুর পর এখানে তিনজন ডাক্তার এসে বসেছিল। দুর্গাদাস কুণ্ডু প্রথম পাশকরা ডাক্তার। দুর্গাদাস তাঁকে উপহাস করে বলত—ঘাস-পাতা জড়িবুটির চিকিৎসক।

তারপর হরিশ ডাক্তার। হরিশ তাকে মানত। কিশোরের অস্ত্রের সমস্ত ভায়গনিসিসে তাঁর কাছে ঠেকে তার শিক্ষা হয়েছিল।

আর এসেছিল এক পাগল। খেতু বাড়ুরী। সে নিজে বলত—কে. এম. ব্রায়েরী, হোমিওপ্যাথ! ভালো লোক সবল লোক, কিন্তু পাগল। চুরোট খেত, চায়না কোট পরত। বলত—ওদিকে হরিশ ডাক্তার এদিকে আমি, মাঝখানে দস্তটা চাপা পড়ে মারা গেল! ওকে আর কেউ ডাকবে? নাড়ী দেখে কেমন আছে—এর ক্ষত্রে ওকে কে ডাকবে? ফুঃ!

দুর্গাদাস কুণ্ডু সর্বপ্রথম এসেছিল—চলেও গিয়েছিল সর্বপ্রথম। বলে গিয়েছিল—জানতাম না এটা গোকুলভেড়ার দেশ। ঘাসপাতা জড়িবুটিতে এদের অস্ত্রণ সারে। অ্যালোপ্যাথি বিলিভী ঔষুধ খাটে না।

এরপর বাড়ুরীও পালাল, ছিল শুধু হরিশ। নবগ্রামের ব্রজলালবাবু চ্যারিটেবল ডিসপেনসারি স্থাপন করলেন, সেখানে চাকরি পেয়ে থাকতে পেরেছিল। মাইনে ছিল তিরিশ টাকা।

জীবন দস্ত তখন হলেন মশায়। আয় কত মনে নাই। দিনরাত্তিতে বিশ্রাম ছিল না। আরোগ্য-নিকেতনে রোগী দেখতে বেলা তিনটে বেঞ্জে যেত।

হিন্দু, ব্রাহ্মণ, কাযস্থ, শূদ্র, মুসলমান, পুরানো মহগ্রামের পায়েরা, পশ্চিম-পাড়ার শেখেরা, ব্যাপারীপাড়ার ব্যাপারীরা, মীরপাড়ার মিয়ারাও এসেছেন গোন্ধর গাড়ি করে। ডুলি এসেছে, গাড়ি এসেছে, পালকি এসেছে। সেদিন পাঁচ ক্রোশ উত্তর থেকে এসেছিলেন সন্ন্যাস কাযস্থ বংশের এই গৌরহরি মিত্র মহাশয়। খোলা দরজার ভিতর দিয়ে আকাশের দিকে চেয়ে পালকিতেই শুয়ে ছিলেন।

তিনিই সেদিন আরোগ্য-নিকেতনে প্রথম এসেছিলেন। কিন্তু জীবন মশায় শেষ বাড়ি কলে গিয়েছিলেন নবগ্রামে। ওই নিঃস্ব জমিদার রায়চৌধুরীদের এক শরিকের শাড়ি। বন্ধ গৌরান্দ্র রায়চৌধুরী অকস্মাৎ অজ্ঞান হয়ে গিয়েছিলেন। সন্ন্যাস রোগ। তাঁকে দেখেই তাঁর কর্তব্য শেষ হয় নি, তাঁর জীবন থাকতে গঙ্গাতীরে নিয়ে যাওয়ার বান্ধাতেও থাকতে হয়েছিল। বন্ধকে পালকিতে গঙ্গাতীরে রওনা করে দিয়ে বাড়ি ফিরেছিলেন। এবং প্রথমেই দেগেছিলেন মিত্র মহাশয়কে। তাঁর কাছে ক্ষমাও চেয়েছিলেন।

—অনেকক্ষণ অপেক্ষা করতে হয়েছে আপনাকে। কিন্তু কি কবদ? আমাদের এখানকার প্রবীণ জমিদার প্রাচীন জমিদার বংশ —।

সংক্ষেপে বিবরণটুকুও বলতে হয়েছিল।

মিত্র হেসে বলেছিলেন—দস্ত মহাশয়। না, দস্ত আর নয়, আপনি এবার আপনাদের পৈতৃক শুদ্ধ মহাশয়ের অধিকারী হয়েছেন। এ অবশ্য আপনারই যোগ্য কাজ। কিন্তু এদিকেও একটু লক্ষ্য রাখবেন। দূরদূরান্তর থেকে আসে সব, এরাই আপনার লক্ষ্যের দূত। কষ্ট পেলে অবহেলা করলে ততদিনই আসবে ষতদিন আর একজনকে পাবে না।

জীবন মহাশয়ের মনে একটু লেগেছিল। কথাটা লাগবার মতোই কথা। তিনি বলেছিলেন—অবহেলা আমি করি না। সে করলে আমার পাপ হবে, সে সম্পর্কে আমি অবহিত। কষ্ট লাঘবের চেষ্টাও আমি সাধ্যমতো করি।

তাও করতেন। বেলা বেশি হলে—রোগীদের শরবত সাণ্ড বালি দিতেন। আরোগ্য-নিকেতনের পাশে তখন ডিস্ট্রিক্টবোর্ডের সাহায্য নিয়ে কুয়ো কাটিয়েছিলেন।

বাতাসা পাটালি চিড়ে মণ্ডার দোকানও একটা বসত তখন ।

মশায় আরও বলেছিলেন—আর পসারের কথা । সে ভগবানের দয়া, গুরুর শিক্ষা আর আমার নিষ্ঠা । সবচেয়ে বড় কথা—ভাগ্য । যতদিন থাকবার ততদিন থাকবে । এখন বলুন, আপনার কষ্টের কথা বলুন । কী কষ্ট । যিনি দেখেছিলেন—তিনি কোনো ব্যাধি বলেছেন ?

মিত্র বলেছেন—একটু নিরীলা হলে ভালো হয় ।

ওই নন্দই ছিল ঘরে । মশায় নন্দকে বাইরে যেতে ইশারা করেছিলেন । নিরীলায় বলেছিলেন—কণ্ঠার বাড়ি যাচ্ছি । শেষ বয়সে তারই স্বন্ধে ভার হয়ে পড়তে হল । বিষয়সম্পদ সব গিয়েছে মামলায় । জ্বী গিয়েছেন । এটা ওটা করেই চালাচ্ছিলাম, মত্তপান করি প্রচুর । অত্নহত্যা করতে পারি না ভয়ে । কণ্ঠা নিয়ে যাচ্ছে, আমারও না গিয়ে উপায় নাই । পথে বের হয়ে ভাবলাম আপনাকে একবার দেখিয়ে যাই । কতদিন বাঁচবো বলতে পারেন ? আপনার নাড়ীজ্ঞানের প্রশংসা শুনেছি । দেখুন তে: আমার হাতটা ।

দমে গিয়েছিলেন ডাক্তার । বলেছিলেন—আমার সে শক্তি নাই । সে শক্তি কদাচিৎ কারও শোনা যায় । রোগ নাই—

—রোগ আছে ! লিভারে বেদনা । মাথায় গোলমাল হয় ।

—ও মদ্যপানের ফল । মদ্যপান করলে বাড়বে । ছাড়লে কমে যাবে । নীরবে দুটি টাকা রেখে গৌরহরি উঠলেন । জীবন বললে—আমাকে মাফ করবেন । ফী আমি নিতে পারব না । বাড়ীতে এই আরোগ্য-নিকেতনে ফী নেওয়া আমাদের পূর্ব-পুরুষের নিষেধ আছে ।

—কোনো গরীব রোগীকে টাকা দুটো সাহায্য হিসেবে দিয়ে দেবেন । আমি তো ফী না দিয়ে দেখাই না । দীর্ঘাকৃতি গৌরবর্ণ ঈষৎ কুঞ্জ মাছুষটি ধীরে ধীরে চল গিয়েছিলেন । স্পষ্ট মনে পড়েছে তাঁর ছবি । এরপরই এসেছিলেন আর এক অভিজাত বংশের সন্তান—ঠাকুরপাড়ার মিঞা ।

—আদাব গো ডাক্তার ।

—আদাব আদাব, বহ্নন ! কী ব্যাপার ?

এককালে মিঞা সাহেবেরা ছিলেন এ অঞ্চলের অধিপতি—নবাব । খেতাব ছিল ঠাকুর । তাঁরা নাকি যোগী বংশ । মুসলমান সমাজের গুরু । কিন্তু পরবর্তী কালে সম্পদ বৈভবে বিলাসে হয়েছিলেন ব্রষ্ট । তখন সর্বশাস্ত । শুধু তাই নয়—বংশধারা পর্বস্ত ব্যাধিগ্রস্ত হয়েছিল ।

একটু চুপ করে থেকে মৃদুস্বরে মিঞা বলেছিলেন—গারে যে চাকা-চাকা দাগ

আরোগ্য-নিকেতন

দেখা দিচ্ছে মশায়। পিঠে জায়তে—এই দেখেন পায়ের ডিমিতে একটা হয়েছে।
পা-জামাটা তুলে দেখালের মিঞা সাহেব।

—হঁ! সাড় আছে?

—উঁহঁ।

ডাক্তার মুখের দিকে তীক্ষ্ণ দৃষ্টিতে তাকান। চোখে পড়ে—কানের পেটি নাকের ডগা
ঈষৎ লাল হয়েছে। বংশের অভিশাপ! সেই ব্যাধি! তাতেই মৃত্যু হয়েছে কয়েক
জনের। দুজন এখনও ভুগছেন।

—ডাক্তার!

—বলুন ঠাকুর সাহেব।

—বলেন?

—কী বলব? বংশের রোগ বলেই মনে হচ্ছে। আপনি সময় থেকে চিকিৎসা
করান। আমাদের এখানে ওষুধ নাই। তৈরী করতে অনেক খরচ। আপনি কলকাতা
থেকে ওষুধ আনিয়ে ব্যবহার করুন।

—তাই লিখে দেন ডাক্তার।

উঠলেন মিঞা সাহেব।

ডুলি করে এসেছেন নারায়ণপুরের ভট্‌চাঁদ্র মশায়।

বহুমুত্র হয়েছে।

বহুমুত্র, বাত, নবজ্বর, পুরানো জ্বর, গ্রহণী, অতিসার।

প্রহ্লাদী বাপ্দী এসেছে। দুধ লাঠিয়াল। ডাকাত। জেলখাটা আসামী।

—কী রে, তোর আবার কী?

—আর কী ডাক্তারবাবু—জল-যা।

—আবার? জল-যা অর্থাৎ উপদংশ। এবার বোধ হয় প্রহ্লাদের পঞ্চমবার।

মাথা চুলকে প্রহ্লাদ বলে—যে গোক অখ্যাতি খায়, সে কি ভুলতে পারে মশায়?

হাসলেন ডাক্তার।

নবগ্রামের বড়কর্তার বাড়ি যেতে হবে, ডাক আছে। তাঁর ছোট ছেলের চতুর্থাবার
প্রমেহ দেখা দিয়েছে।

তাঁর বাবার কথা মনে পড়ত। তিনি বলতেন—জীবনে আয়ু আর পরমায়ু কথা
দুটো শুধু কথার মারপ্যাচ নয় বাবা! ওর অর্থ হল নিগূঢ়। দীর্ঘ আয়ু হলেই পরমায়ু
হয় না, আর আয়ু স্বল্প হলেই সেটা পরমায়ু হয় না এমন নয়। যার জীবন পবিত্র
পরমানন্দময়, পরমায়ু হল তার। নইলে বাবা—শক্তি চর্চা করেও মায়ু দীর্ঘায়ু হয়।
রোগকে শঙ্ক করে, এমনকি জয় করে।

কথাটা তিনি এই প্রহ্লাদ সম্পর্কেই বলেছিলেন। প্রথমবার উপদংশের আক্রমণে প্রহ্লাদ চিকিৎসা করায় নি। এটা ওটা মলম ব্যবহার করেছিল। দ্বিতীয়বার এসেছিল জগৎ মশায়ের কাছে। সেই উপলক্ষেই বলেছিলেন। প্রহ্লাদ সেবার বলেছিল—লোকে দেখাতে বলছে, তাই—! নইলে—ও আপুনিই ভালো হয়।

প্রহ্লাদ আজও বেঁচে আছে। আজও লাঠি খেলে বেডায়। আজও মাটির উপরে বাহু ঠুকে আছাড় খেয়ে পড়ে।

প্রহ্লাদ বলত—তবে চিকিৎসাতে তাডাতাড়ি মারে। তা ওষুধ দেন।

তখন ইনজেকশন ওঠে নি। ওষুধ নিয়ে—ঢাকা দিয়ে প্রশ্রাম করে চলে যেত প্রহ্লাদ। এক টাকা ফী-ও দিত।

ডাক্তার বলতেন—ও কী রে? ফী কেন? বাড়িতে আমি ফী নিই কবে?

—এই দেখেন বস্তিপেনামী না দিলে রোগ যে দেহ ছাড়ে না! আর তো দোব না!

এতকালের খাতার মধ্যে প্রহ্লাদের নামে বাকি হিসাব নেই।

তারপর একের পর এক আসত রোগী। আশাশয়, ডর, ম্যালেরিয়া, রেমিটেন্ট, টাইফয়েডও দু-একটা আসত : গ্রহণী, তা ছাড়া কত রোগ! এক এক রোগীর তিন-চারটে রোগে মিশে সে এক জটপাকানো জটিল ব্যাপার। তাঁর বাবা বলতেন—শাস্ত্রে আছে সকল বিকারের অর্থাৎ রোগের আবিষ্কার আজও হয় নি। যদিও কোনে রোগ নতুন মনে হয় তবে তার নাম জান না বলে সংকুচিত হবে না, লজ্জিত হবে না। লক্ষণ দেখে তার চিকিৎসা করবে। এ যুগে পাশ্চাত্য চিকিৎসা, বিজ্ঞানের কল্যাণে ল্যাপরেটরি হয়েছে। সে যুগে তাঁদের সে স্বযোগ ছিল না।

তারপর আরম্ভ হত 'পাইকিরি দেখা'। এ নামটা শশীর আবিষ্কার।

রোগীরা এলে—কার কী অসুখ জেনে কম্পাউণ্ডারের দুই ভাগে ভাগ করে রাখত। সহজ রোগীদের আলাদা করে একদিকে বসাত। অবশ্য অবস্থাপন্ন মানুষগণা রোগীদের রোগ সহজই হোক আর কঠিনই হোক তাদের দেখার কাল ছিল প্রথমেই।

পাইকিরি দেখার সময় ডাক্তার এসে বাইরে দাঁড়ায় উপর বসতেন। পাশে দাঁড়িয়ে থাকত গোপাল কম্পাউণ্ডার! রোগী দেখে ডাক্তার প্রেসক্রিপশন বলতেন—সে লিখত! শশীর উপর তিনি নির্ভর করতে পারতেন না! অত্মমনস্ক শশী কী লিখতে কী লিখবে কে জানে? তা ছাড়া লেখার পর শশী নিজেই পড়তে পারত না কী লিখেছে। ডাক্তারকেই এসে জিজ্ঞাসা করত—কী বলেছেন বলুন তো। লেখাটা ঠিক পড়তে পারছি না।

আরোগ্য-নিকেতনে তখন তিনজন কম্পাউণ্ডার। শশী, গোপাল, আর কবিরাজি বিভাগে ছিল বাপের আমলের বুড়া চরণদাস সিং। নীরবে ঘরের মধ্যে বসে স্তম্ভিত আমলকী চূর্ণ করত, মোদক পাকাত, পুরিয়া বাঁধত।

ডাক্তার বলে যেতেন কুইনিন সালফেট ১০ গ্রেন, অ্যাসিড সাইট্রিক ২০ গ্রেন, ম্যাগসালফ ১০ গ্রেন, স্পিরিট এনেসি ৫ ফোঁটা, জল—।

আগে এক ডোজ ক্যাস্টর অয়েল খাইয়ে দাও।

সে যেত। আর একজন আসত। অমাশয়। অনেক দিনের। ডাক্তার ডাকতেন—সিংমশায়। চরণদাস এসে দাঁড়াত।

—একে ‘রেসা খাদ্মে’ দেবেন তো। ওটা তাঁদের মুষ্টিযোগ।

—তোমার কী?

—সুখিফোড। সূর্যোদয়ের সঙ্গে মাথা ধরা শুরু হয়—সূর্যাস্তের পর ছাড়ে। এর মধ্যে ভীষণ যন্ত্রণা।

জীবন দত্ত আবার ডাকতেন—সিংমশায়! সুখিফোডের মুষ্টিযোগ বলে দিয়ে নতুন রোগীর দিকে মন দিতেন। হঠাৎ চিকিত হয়ে উঠতেন।

তিনদিন অল্প জর, মাথাঃ যন্ত্রণা। একছরী। জিভ দেখি—জিভ দেখেই ডাক্তার সতর্ক হয়ে বসেন।—দেখি, নাড়ী দেখি। নাড়ী ধরে চোখ বোজেন। ও হাতটা দেখি।

—হুঁ, এসো তো বাপু। টেবিলের উপর শুয়ে পড়ো তো। পেটটা দেখি। ফাঁপ আছে কিনা?—হুঁ।

—তুমি বাপু সাবধানে থাকবে। তোনাকে দুদিন ঘোরাবে বোধ হয়। বুঝেছ?

নাড়ীতে যেন শক্ত রোগের আভাস পাওয়া যাচ্ছে। স্পষ্ট বিকাশ এখনও হয় নি। তবে মনে হচ্ছে। জিভ পেটও তাই সমর্থন করছে। টাইফয়েড।

—গোপাল, কাগজ আনো।

প্রেসক্রিপশন লিখতে লিখতেই ডাক্তার বললেন—দেখো, হুবার এর ওঠানামা করে কিনা লক্ষ্য রেখো।

—আজ্ঞে না। জর তো নাই। ওই একভাবে—সুতোর সঞ্চারে—

—না না। ভালো করে লক্ষ্য করো। ভাত-মুড়ি—এসব খেয়ো না। সাগু খাবে। সাগু। দুধ? উঁহ—দুধ খেয়ো না। আর নিজে এমন করে এসো না। বুঝেছ? হ্যাঁ! ঘোরাতে পারে দুদিন।

ব্যস! এইবার গ্রামের কটি রোগীর বাড়ি যেতে হবে। তারপর নবগ্রাম। সাহাদের বাড়িতে একটা নিউমোনিয়া কেস, স্বর্ণবাবুর ছেলের রেমিটেন্ট ফিবার,

রমেন্দ্রবাবুর ছোট ছেলের প্রেমহ, বন্ধু নেপালের জীবন স্মৃতিকা। কেউ ফী দেবে কেউ দেবে না। যারা দেবে, তাদেরও দু-একজনের বাকি থাকবে।

এ ছাড়া পথে আরও কত জন কত বাড়ি থেকে তাঁকে ডাকত!—মশায়, একবার আমার ছেলেকে দেখন। ছেলে কোলে নিয়ে পথের ধারেই দাঁড়িয়ে থাকত দু-একজন। কারও কারও বাড়ি যেতে হত। বৃদ্ধ, শয্যাশায়ী যারা তারা পথের ধারে দাঁড়ায় কী করে?

— মশায়, একবার যদি আমার মাকে দেখে যান!

মনে পড়ছে, সেদিন সেতাব তাঁকে যোগী বাড়ুজ্জেকে দেখতে ডেকেছিল।

-- জীবন, একবার বাপু যোগী বাড়ুজ্জেকে দেখে যা। ছেলেপুলে নাই আমাকেই বললে যোগী—যদি জীবনমশায়ের সঙ্গে দেখা হয় বোলো। একবার যেন দেখে যান আমাকে। চ্যারিটেবল ডিসপেন্সারির ওষুধে তো কিছু হল না।

সেতাব নেপাল এরা দুজনে এই সব রোগীদের পৃষ্ঠপোষক ছিল। ওরা তাঁর জন্তে প্রতীক্ষা করে থাকত।

জীবন দত্ত হাসিমুখেই যেতেন। এদের বলতেন—বলিস, বুঝলি, খবর দিয়ে বলিস। আমি দেখে যাব।

নেপাল খবর আনত—হরিহর ডোম খুব ভুগছে! চল একবার যাবি। গোপাল বাউড়ীর মায়ের জর, তাকে ও একবার দেখে যাবি চল।

হরিহরের অসুখ ভালো হলে স্তার কাছে একটা পাঠা আদায় করবে নেপাল। সে জীবন দত্ত জানতেন। এবং সেই পাঠাটা নিয়ে চাল ডাল ঘি মশলা তরি-তরকারি নেপাল নিজে দিয়ে একদিন ফিস্ট করবে। জীবন দত্তকে দিতে হ'লে—মাছ-মিষ্টি।

বাড়ি ফিরতে অপরাহ্ন। পকেটে টাকায় আধুলিতে দশ-বারো টাকা। ফী ছিল তখন এক টাকা। দিনান্তে ফী একবার। দ্বিতীয়বারের ফীয়ে রোওয়াজ ছিল না। জামাটা খুলে দিতেন আন্তর-বউকে। ছেলে বনবিহারী মেয়ে সুষমা এসে দাঁড়াত।

-- বাবা পয়সা।

জীবন দত্ত ফেরবার পথে আধুলি ভাঙিয়ে নিয়ে ফিরতেন। তার মধ্যে পয়সা কিছু থাকতই। বহুর চারটি, সুষমার দুটি। বহু নিত ডবল পয়সা বলত বড় পয়সা নোব। সুষমার ছোট বড় বিচার ছিল না; দুটি হলেই সন্তুষ্ট হত। ছেলে আর মেয়ে। নোট-বইটা খলে লিখে রাখতেন—রমেন্দ্রবাবুর বাড়ির ফী বাকি রইল।

বাড়ির বাইরে তখন আরোগ্য-নিকেতনের সম্মুখে বামনি গাঁয়ের শেখদের গাডি

এসে দাঁড়িয়ে আছে। কৃষ্ণপুরের লোক এসেছে। কাষস্থপ্রধান সমাজ কৃষ্ণপুর। মিত্রদের বাড়ির চিঠি নিয়ে এসেছে—“দত্ত মহাশয়, একবার দয়া করিয়া আসিবেন। আমার জ্যেষ্ঠ পুত্রের একজরী জ্বর। রাঘবপুরের কবিরাজ দেখিতেছিলেন কিন্তু কিছু হইতেছে না। ইতি স্বরেশচন্দ্র মিত্র।”

গৌরহর মিত্রের কথাটি নন্দ মনে করে রেখেছে! যখন-তখন বলে। জীবন মশায় হাসলেন; আসলে ওটা নন্দর ক্ষোভ। সেকালের আরোগ্য-নিকেতনের গৌরবের যে ওরাও অংশীদার ছিল। পাণ্ডনাও হত অনেক। সেকালে ছিল কাঠের কলবাক্স। যেখানে মশায় পায়ে হেঁটে যেতেন সেখানে নন্দ বা ইন্দির যেত কলবাক্স মাথায় নিয়ে। কারুর বাড়ি ছু আনা কারুর বাড়ি চার পয়সা প্রাপ্য হত ওদের। আজ বলতে গেলে সময়মতো ওরা মাইনেই পায় না।

দিন যায়, ফেরে না! দিনের সঙ্গে কাল যায়। কালের সঙ্গে গতকালকার নৃতনের বয়স বাড়ে, পুরনো হয়, জীর্ণ হয়, যা জীর্ণ তা যায়। তাঁর খ্যাতিও গিয়েছে। তাতে আক্ষেপ নেই, কিন্তু দুঃখ একটু হয় বই কি! উপেক্ষা সহ হয় না। তাঁকে উপেক্ষা করলেও তিনি দুঃখ পেতেন না। এ যে বিছাকে উপেক্ষা!

—আসুন! তাকে আহ্বান জানালে মোহান্তের শিষ্য। ভোলানাথ। পথের উপর দাঁড়িয়ে আছে। মহাপীঠের চারিপাশের বনভূমির একটি বিচিত্র গন্ধ আছে। কত রকমের ফুল এবং বিচিত্রগন্ধা লতা যে আছে এর মধ্যে! অননুমূল্যের রাজ্য বললে হয়।

ভোলানাথ বললে, সকাল থেকে আপনার জগ্রে তাগাদা লাগিয়েছে বুড়ো। তাকে মহাশয়কে। নাড়ী দেখুক!

উনিশ

সন্ন্যাসী সকালে স্তম্ভভাবেই অল্প মাথা তুলে শুয়ে রয়েছেন! যন্ত্রণা নেই। বাইরের আকাশের দিকে তাকিয়ে আছেন। জীবন দত্তকে দেখে বললেন—আইসো রে ভাই মহাশয়, আইসো! কাল রাতে তুমি আসিয়েছিলে ভাই, তখন আমি ঘুমিয়েছি। ওহি—শশী বেটা কী একঠো দাওয়াই দিলে—বাস, পাঁচ মিনিট কো ভিতর বে-হোঁশ হইয়ে গেলাম।

—আজ তো ভালো আছেন। ওষুধে তো ভালো ফলই হয়েছে। হাসলেন জীবন।

—কে জানে ভাই। ঘাড়া নাড়লেন।

—কেন! কোন যন্ত্রণা রয়েছে এখন? আর অস্থ কী?

—ঠিক সমঝাতে পারছি না। হাতটা তুমি দেখো ভাই। দেখো তো দাদা, ছুটি মিলবে কিনা!

—ছুটি নিতে ইচ্ছে হলেই মিলবে। ইচ্ছে না-হলে তো আপনাদের ছুটি হয় না।

—সে পুণ্য আমার নাই-ভাই।

সে পুণ্য সন্ন্যাসীর নাই সে জীবন দত্ত বুঝেছেন। থাকলে বুঝতে পারতেন—কালকের অসহ যন্ত্রণার মধ্যে গাঁজা না খাওয়ার যন্ত্রণাটাই ছিল যোলো আনার মধ্যে বারো-আনা কি চৌদ্দ আনা। সে সূক্ষ্ম অস্থভূতি তাঁর গিয়েছে, মন জীর্ণ হয়েছে বেশী। ষাঁদের যোগের সাধনা থাকে তাঁদের মন অদ্ভুত শক্তিশালী, দেহের জীর্ণতা তাঁদের স্পর্শ করতে পারে না। মনে তখন বাসনা জাগে জীর্ণ দেহ ত্যাগ করে নূতন দেহ লাভের। এ কথা এ দেশের পুরনো কথা—বাবার কাছে শুনেছেন, আরও অনেক প্রবীণের কাছে শুনেছেন। প্রত্যোত্তরা একথা বিশ্বাস করবে নু—হাসবে; কিন্তু তিনি বিশ্বাস করেন। মশায় সন্ন্যাসীর হাতখানি তুলে নিলেন।

সন্ন্যাসী ক্ষীণ কণ্ঠেই বললেন—মনে নিচ্ছে ভাই কি ছুটি মিলবে। কাল রাতে যেন মনে হইলরে ভাই কী—উদার থেকে দশ-বারোটা খড়মকে আওয়াজ উঠছে। আউর মনে হইল—রঘুবরজীর আওয়াজ মিলছে। ওই জঙ্গলের পঞ্চতপার আসনসে ইাকছে, আও ভাইয়া! আও!

কথাগুলির অর্থ বুঝিতে জীবনমশায়ের বিলম্ব হল না।

ওখানে—জঙ্গলের মধ্যে এখানকার পূর্বতন মহাস্তদের সমাধি আছে। সেখান থেকে খড়মের আওয়াজ শুনেছেন সন্ন্যাসী। অর্থাৎ তাঁরা এসেছিলেন তাঁকে আহ্বান জানাতে। রঘুবরজী এই সন্ন্যাসীর গুরুস্থানীয় এবং এঁর ঠিক আগের মহাস্ত। তিনি ছিলেন সত্যকারের যোগী। যোগ সাধনায় দেহের ভিতরের যন্ত্রগুলিকে যেমন শক্তিশালী করেছিলেন, বিচিত্র ব্রত পালন করে বাইরে প্রকৃতির প্রভাব সহ্য করার শক্তিও তিনি তেমনি আয়ত্ত করেছিলেন। বৈশাখে পঞ্চতপা ব্রত করতেন—সূর্যোদয়ের সঙ্গে পাঁচটি হোমকুণ্ড জেলে—ঠিক মাঝখানে আসন গ্রহণ করতেন, সারাদিন আসনে বসে পর পর কুণ্ডে কুণ্ডে আস্থতি দিয়ে সন্ধ্যায় সূর্যাস্তের পর সে দিনের মতো হোম শেষ করে উঠতেন। আবার শীতে ওই গাছতলায় অনাবৃত দেহে বসে জপ করতেন; প্রথম পাখির ডাকের পর আসন ছেড়ে হিমশীতল পুষ্করিণীতে নেমে সূর্যোদয় পর্যন্ত অর্থাৎ উত্তাপ সন্ধ্যার পূর্ব মুহূর্ত পর্যন্ত জলে গলা ডুবিয়ে বসে থাকতেন। তিনিও তাঁকে ডেকেছেন, বলেছেন!

সাধারণ মানুষ মৃত্যুর পূর্বে মৃত স্বজনকে দেখেন। তাঁরা নাকি নিতে আসেন। সন্ন্যাসীরা স্বজন বিস্মৃতির গহনে হারিয়ে গিয়েছে। এখানকার মহাত্মেরাই তাঁর স্বজন পূর্বপুরুষ—তাঁদেরই তিনি দেখেছেন।

নাভী দেখে হাত নামিয়ে দিয়ে জীবন দত্ত বললেন—হাঁ বাবা। ছুটি আসছে আপনার। আজ সন্ধ্যার পর। কাল যখন অস্থখ খুব বেড়েছিল—সেই সময়। সেই রকম মনে হচ্ছে বাবা।

এক টুকরো হাসি ফুটে উঠল সন্ন্যাসীর বিশীর্ণ বার্বাক্যস্বক ঠোট ছুটিতে। আবার একটা দীর্ঘনিশ্বাসও ফেললেন তিনি।

আজ চল্লিশ বৎসর সন্ন্যাসী এখানে আছেন। তিরিশ বৎসরের উপর তিনি এই দেবস্থানের মহান্ন। চল্লিশ-পঁয়তাল্লিশ বৎসর বয়সে এখানে প্রথম এসেছিলেন তিনি! কিন্তু দেখে মনে হত তিরিশ বছরের জ্যোয়ান। লম্বা-চওড়া কুস্তি-করা পালোয়ানী শরীর। শাস্ত্র-টাস্ত্র জানতেন না, গাট বিশ্বাস আর কয়েকটি নীতিবোধ নিয়ে মানুষটির সন্ন্যাস। সন্ত না হোক সাদৃশ্য মানুষ ছিলেন।

প্রথম পরিচয় হয়েছিল বিচিত্রভাবে।

দেশের তখন একটি ভয়াবহ অবস্থা। মড়ক চলেছে, মহামারী কলেরা লেগেছে দেশে। এক গ্রাম থেকে আর-এক গ্রাম—সেখান থেকে আর এক-গ্রাম; বৈশাখের দুপুরে খড়ের চালের আঁগুনের মতো লেলিহান গ্রাম বিস্তার করে ছড়িয়ে পড়ল। সেকালে তখন কলেরার কোনো ঔষধ ছিল না। ক্লোরোডাইন সম্বল। কবিরাজিতে ওলাউঠার ঔষধ তেমন কার্যকরী নয়। ক্লোরোডাইন দেবারও চিকিৎসক নাই। যারা আছে তারা নিজেরাই ভয়ে ত্রস্ত। হরিশ ডাক্তার কলেরায় যেত না। হোমিওপ্যাথ ব্রায়েরি তখন পালিয়েছে। থাকলে সেও যেত না। নতুন একজন ডাক্তার এসেছিল নবগ্রামে, সেও একদিন রাত্রে পালিয়ে গেল—কলেরা কেসে ডাকের ডয়ে।

চারিদিকে নানা গুজব। সেকালের বিশ্বাসমতো ভয়ঙ্কর গুজব। কলেরাকে না কি দেখতে পাওয়া যাচ্ছে। গ্রাম থেকে গ্রামান্তরে সে ঘুরে বেড়াচ্ছে। সন্ধ্যার মুখে তাকে দেখা যায়। শীর্ণ কঙ্কালসার শরীর, চোখে আঁগুনের মতো দৃষ্টি, পিঙ্গল রক্ত চুল, দস্তুর একটি মেয়ে; পরনে তার একখানা ক্রেদান্ত জীর্ণ কাপড়, বগলে একটা মড়াবওয়া তালপাতার চাটাই নিয়ে সেই পথ ধরে গ্রামে ঢোকে—যে পথ ধরে গ্রামের শব নিয়ে শ্মশানে যায়। সন্ধ্যায় ঢোকে, যার সঙ্গে তার প্রথম দেখা হয় সেই হতভাগ্যই সেই রাত্রে কলেরায় আক্রান্ত হয়। মরে! তারপর রোগ ছড়ায় ঘরে ঘরে পাড়ায় পাড়ায়।

লোকে পালাতে লাগল গ্রাম ছেড়ে।

অবস্থাপন্নেরা আগে পালাল। নবগ্রামের বাবুরা তার মধ্যে সর্বপ্রথম। তারপর সাধারণ লোকেরা।

থাকল গরীবেরা আর অসমসাহসী জনকয়েক, তার মধ্যে মাতাল গাঁজালেরা সংখ্যায় বেশী। মদ খেয়ে গাঁজা টেনে ভাম হয়ে বসে থাকত। কালীনাম হরিনাম করে চীৎকার করত।

তিনিও হরিনাম করতেন।

চিরকালই তিনি সংকীৰ্তনের দলে মূলগায়নী করেন। গলা তাঁর নাই, স্ককঠ তিনি নন, তবে গান তিনি বোঝেন এবং গাইতেও তিনি পারেন। ই্যা, তা পারেন। দশকুশীতে সংকীৰ্তন এখনও তিনি গাইতে পারেন। তাঁর সঙ্গে পাল্লা দেবার লোক এখন আর নাই। থাকবে কোথায়? এ সব বড় তালের গানের চর্চা উঠে গেল। কতই দেখলেন! হারমোনিয়ম—গ্রামোফোন এখন রেডিয়ো। নব-গ্রামের কয়েকজনের বাড়িতেই রেডিয়ো এসেছে। শুনেছেন তিনি। সে গান আর এ গান! সেই—“দেখে এলাম শাম—সাধের ব্রহ্মধাম—শুধু নাম আছে।” ভায় হায়! “শুধু নামই আছে আর কিছু নাই শাম! রাধা স্বর্ণলতা তমালকে শাম ভেবে জড়িয়ে ধরে ক্ষতবিক্ষত দেহ ধুলায় পুসরিতা হয়ে মাটিতে লুটিয়ে পড়েছে হতচেতন হয়ে।”

তিনি প্রতি সন্ধ্যায় সংকীৰ্তনের দল নিয়ে পথে পথে ঘুরতেন। বিশ্বাস করতেন এই নামকীৰ্তনে অকল্যাণ দূর হয়। গ্রামে গ্রামে মণ্ডপায়ীরা রক্ষাকালী পূজা করাত। তাদেরও সে বিশ্বাস ছিল গভীর।

গভীর রাতে পথকুকুরে চীৎকার করে চিরকাল। সে চীৎকার যেন বেশী হয়েছে। এবং সে চীৎকারে একটি যেন গুঢ় অর্থ পাওয়া যাচ্ছে। চীৎকারের মধ্যে ক্রোধ নাই—ভয় আছে। তারা রাতে ওই পিঙ্গলকেশিনীকে পথে বিচরণ করতে দেখতে পায়। ভয়ানক চীৎকার করে তারা। ঘরে ঘরে অর্ধঘুমন্ত মানুষেরা শিউরে ওঠে।

জীবন ডাক্তারের মৃত্যুভয় ছিল না। তিনি ঘুরতেন। কিন্তু কী করবেন ঘুরে?

শেষে ছুটে গিয়েছিলেন রঙলাল ডাক্তারের কাছে। বলুন—ওষুধ বলে দিন।

দীর্ঘকাল পরে বৃদ্ধ রঙলাল তাঁর মুখের দিকে তাকিয়ে উঠে দাঁড়ালেন। মেডিকেল জার্নাল গেড়ে বসলেন। তারপর প্রেসক্রিপশন লিখে দিলেন—ওয়ান সিগ্নথ গ্রেন

ক্যালোমেল আর সোডা বাইকার্ব। ঘন্টায় ঘন্টায় খাওয়াও। এ ছাড়া এখানে এ অবস্থায় আর কিছু করবার নেই।

অনেক প্রাণ রক্ষা পেয়েছিল ওই ওষুধে। দিন নাই রাত্রি নাই জীবন মশায় ঘুরতেন। পিতৃবংশের সম্মান! গুরু রঙলালের আদেশ। নিজের প্রাণের বেদনা!

রঙলাল ডাক্তার প্রেসক্রিপশন দিয়ে জিজ্ঞাসা করেছিলেন—ভালো কথা, জীবন। তুমি না কি খব তরস্বরে চীৎকার করে হরিনাম সংকীর্তন করে কলেরা তাড়াচ্ছ ?

অটাইশ্ব করে উঠেছিলেন।

জীবন লঙ্ঘিত যে একেবারে হননি তা নয়। তা হলেও অপ্রতিভ হন নি। বলেছিলেন—কী করব ? লোকেরা বিশ্বাস করে ভরসা পায়।

—তুমি নিজে ?

জীবন একটু বাঁকা উত্তর দিয়েছিলেন—সবিনয়ে বলেছিলেন—আপনি তো জানেন আমি কোনদিনই নাস্তিক নই।

—তাকে আমি অসন্তুষ্ট নই আপত্তিও কপি না জীবন নাম সংকীর্তন করলেও আপত্তি করব না, তবে সে সংকীর্তন শুধু সপ্রেমে কীর্তনের জর হওয়া উচিত আমাকে শ্রীও, আমাকে বাঁচাও, আমার শরু নাশ করো, এই কামনায় সংকীর্তন আমি পছন্দ করি না। ওতে ফলও হয় না।

জীবন বলেছিলেন—আগুন-লাগা বনের পশুর মতো মার্বিস ছুটে বেড়াচ্ছে। জানেন, আমি যেন চোখে দেখি—উত্তেজিত হয়ে আবেগের সঙ্গেই জীবন সেদিন রঙলাল ডাক্তারের সামনে দার্শনিকতা করে ফেলেছিলেন। বলেছিলেন—মরণ তেড়ে নিয়ে চলেছে জীবনকে। একেবারে এলোকেশী এক ভবঙ্করী হাতবাড়িয়ে ছুটেছে। গ্রাস করবে অন্ত ক্ষুধা! আর পৃথিবীর জীবকুল ভয়ে পাগলের মতো ছুটেছে। ছুটেতে ছুটেতে এলিয়ে পড়ছে, মৃত্যু তাকে গাস করছে। অতবহুই ওই তাড়ায় তেড়ে নিয়ে যাচ্ছে মৃত্যু! এখানে ভগবানের নাম করে তাকে ডেকে ভবসা সঞ্চয় করা ছাড়া করবে কী মাছুষ "

রঙলাল ডাক্তার এর উত্তরে সেদিন বাঙ্গ করেন নি। প্রশ্নর হেসে বলেছিলেন, ব্যাপারটা তাই বটে জীবন। হারজিতের একটা লড়াই-ই বটে। কিন্তু ওইটেই যেমন চোখে পড়েছে—তেমনি চোখ যদি আরও তীক্ষ্ণ হত তবে দেখতে পেতে, এক-একটা মাছুষ কেমন করে ঘুরে দাড়ায়, বলে—এসো! তুমি যে ওই ভয়ঙ্কর বেগে আসছ, তোমার আসল রূপটা দেখি। কিংবা বলে—তোমাকে আমি ধরা দিচ্ছি, কিন্তু যারা পালাচ্ছে তাদের বাঁচতে দাও। তখন মরণের ভয়ঙ্কর মুখোশটা

থসে যায়। দেখা যায় সে বিধবিমোহিনী। তা ছাড়া তুমি জান না, মরণ যত গ্রাস করছে তার দ্বিগুণ জীবন জন্ম নিয়ে চারদিক থেকে কুক দিয়ে বলছে—কই ধরো তো! হারছে না তারা। আরও একটা কথা বলি। মানুষ হারে নি। মহামারীতে কতবার কত জনপদ নষ্ট হয়েছে। আবার কত জনপদ গড়েছে। শুধু গড়েই কান্ড হয় নি। সে রোগের প্রতিষেধক বার করে চলেছে। ওখানেই তাকে হারানো যায় নি। সে হারে নি। মরবে সে। কিন্তু এইভাবে সে মরবে না। মহাগজের মতো মরবে সে। যেদিন বৃদ্ধ হবে, জীবনের আশ্বাদের চেয়ে মৃত্যুর আশ্বাদ ভালো লাগবে সেইদিন মহাগজ যেমন নিবিড় অরণ্যে গিয়ে বহু শত বৎসরের এক খাদের মধ্যে আকাশ বিদীর্ণ করে ধ্বনি তুলে আমি চললাম বলে দেহতাগ করে তেমনি, করে মরবে। হাত্তিরা এইভাবে পুরুষাত্মক শ্মশানভূমিতে গিয়ে দেহতাগ করে থাকে। কেন জান? পাছে তার রোগ বা পচনশীল দেহ থেকে রোগ উৎপন্ন হয়ে অণু হাত্তিদের আক্রমণ করে।

এই মহামারী থামবার পর সন্ন্যাসীর সঙ্গে আলাপ। এই মহামারীর পর এখানে তিনি সমাজের প্রধান হয়ে উঠেছিলেন। নবগ্রামের বাবুদের উপেক্ষা করে সরকার তাঁকে প্রেসিডেন্ট পঞ্চায়েত মনোনীত করেছিলেন। সেই প্রেসিডেন্ট পঞ্চায়েত হিসাবেই একটি কলহের মীমাংসায় তিনি এসেছিলেন এই মহাপীঠে।

সন্ন্যাসী এসে তাঁর সামনে দাঁড়িয়ে বলেছিল—আপে ভাইয়া, তুমহারা নাম জীওন মহাশা? তুমি না কি বড়া ভারী বীর? আও তো ভাই পাঞ্জা লড়ে এক হাঁত।

পাঞ্জার লড়াইয়ে তনি হেরেছিলেন, কিন্তু সহজে হাণতে পারে নি সন্ন্যাসী। বেশ খনিকটা বেগ পেতে হয়েছিল।

তারপর কতদিন কত কথা আলাপ হয়েছে।

একদিনের কথা মনে পড়ছে। এই চণ্ডীতলার মেলায় জুয়া খেলার আসরে শেষ করন্দক হেরে সন্ন্যাসীর কাছে বলেছিলেন—আমায় একশো টাকা দিতে হবে গোসাইজী। কাল পাঠিয়ে দেব।

তাঁর মুখের দিকে তাকিয়ে একটু হেসে গোসাই টাকাটা তাকে দিয়েছিলেন—এই দেবস্থলের তহবিলের টাকা। ডাক্তার এসে আবার বসেছিলেন জুয়ার তক্তাপোশে। ঘটনাক্রমে পরেই গোসাই এসে তাঁকে হাত ধরে টেনে বলেছিলেন—আব উঠো ভাই। বহুত জুয়া।

জুয়াডীকে বলেছিলেন—জনতা ছায় ইন্ কোন ছায়? হিঁয়াকে বড়া ডাগডরবার, আঙর প্রেসিডেন পঞ্চায়েত। ইনকা রপেয়া ঘো লিয়া—দে দেও ইনকে।

ডাক্তার বলেছিলেন—না। আর মাত্র কুড়ি টাকা হেরে আছি। ওটা গুণ প্রাপ্য। চলুন।

পথে সন্ন্যাসী বলেছিলেন—কথাটা তাঁর অন্তরে স্মরণীয় হয়ে রয়েছে—বলেছিলেন—কাহে ভাই মহাশা—তুম মহাশা বন্শের সন্তান মহাশা—তুম ভাই জুয়া খেলো, রাতভর দাবা খেলো, খানাপিনামে এইসা হলা করো একেয়া ভাই? ভগবান তুমকো কেয়া নেহি দিয়া, বোলো? কেঁও তুমহারা ঘরকে মতি নেহি?

ওঃ! সে একটা সময়। দেহে অকুরন্ত সামর্থ্য, মনে দুঃস্থ সাহস, বিপুল পসার, মান-নামান; ঘরকন্না সংসার কোনো কিহুই মনে থাকত না। তবে কোনো অশ্রায় করতেন না। জুয়া খেলাটা ছিল শখ! ওটা সে আমলের ধারা! তবে সংসারে যদি—।

অকস্মাৎ তাঁর চিত্তাসূত্র ছিন্ন হয়ে গেল।

একটা পশু ছেগে উঠল মনের মতো। বিপিন—রতনবাবুর ছেলে বিপিনের জীবনে কি?—সংসার জীবনে বিপিনের গোপন দুঃখ ছিল? অশান্তি? বাইরে ছুটে বেড়াত—প্রতিষ্ঠা যশ কুড়িয়ে বেড়াত কিন্তু তবু তৃষ্ণা মিটত না, ক্ষুধা মিটত না! ছুটত—ছুটত—ছুটত! খাবা বিপু? মানুষের সাধনার পথে আসে সিদ্ধি। সে আসার আগে আসে প্রতিষ্ঠা। জাগিয়ে তোলে লালসা। আবণ চাই। এই তো বিপু। ওব তাড়নায় ছুটতে গিয়ে মুখ খুবুড়ে পড়ে মানুষ। সামনে এসে দাঁড়ায় সেই পিঙ্গলকেশিনী।

*

*

*

রতন বাবুর ছেলে বিপিনের হেঁচকি খামে নি, তবে কয়েছে। রক্তের চাপও খানিকটা নেমেছে। রতনবাবু প্রসন্ন হান্তের সঙ্গেই বললেন—তোমাৰ ওষুধে ফল হয়েছে জীবন। তুমি একবার নাড়ীটা দেখো। আমার তো ভালোই লাগছে।

জীবন মশায়ও একটু হাসলেন। হাসির কারণ খানিকটা কথাগুলি ভালো লাগার জ্ঞান; খানিকটা কিন্তু ঠিক বিপরীত হেতুতে। হাস্যের, সংসাবে ব্যাধি-মুক্তি যদি সহজে সম্ভবপর হত! এত সহজে যদি ভালো হয়ে উঠত মানুষ।

হাসির কারণ আরও খানিকটা আছে। রতনবাবুর মতো মানুষ। পণ্ডিত মানুষ, জ্ঞানী ব্যক্তি, একমাত্র সন্তানের এই ব্যাধি হওয়ার পর তিনি ডাক্তারি বই আনিয়া এই ব্যাধিটি সম্পর্কে পড়াশুনা করে সব বুঝতে চেয়েছেন, বুঝেছেনও; এবং পৃথিবীতে মানুষের জীবনের ক্ষণস্থায়িত্বের মর্মান্তিক তত্ত্বও তিনি ভালো করেই জানেন—তাকেও এইটুকুতে আশান্বিত হয়ে উঠতে দেখে হাসলেন।

রতনবাবু আবার বললেন—দেখো, আমার অনেকদিন থেকেই ইচ্ছা ছিল যে,

কবিরাজ মতেই চিকিৎসা করাই। বিলাতী চিকিৎসার অদ্ভুত উন্নতি হয়েছে, কিন্তু ওদের ওষুধগুলো আমাদের দেশের মানুষের ধাতুর পক্ষে উগ্র। আমাদের ঠিক সহ্য হয় না। ক্রিয়ার চেয়ে প্রতিক্রিয়ার ফল গুরুতর হয়।

বৃদ্ধ এই নৈরাশের তুফানের মধ্যে একগাছি তুণের মতো ক্ষীণ আশার আশ্রয় পেতে উল্লসিত হয়ে উঠেছেন, কথা বলতে তাঁর ভালো লাগচে।

—তবে আমার মনের কথা আমি কাউকে বলি না। বুঝেছ ভাই। ওটা আমার প্রকৃতিধর্ম নয়। বিপিনের নিজের বিশ্বাস নাই। বউমার নাই। বিপিনের বড় ছেলে এম. এ. পড়ছে, সে তো একটু বেশী রকমের আধুনিক-পন্থী। তাদেরও বিশ্বাস নাই। আমি বললে তারা কেউ আপত্তি করবে না, সে আমি জানি; মুখ ফুটে কেউ কোনো কথা বলবে না কিন্তু অন্তরে অন্তরে তো তাতে সায় দেবে না; মনের খঁতখঁতুনি তো থাকবে। সে ক্ষেত্রে আমি বলি—না, বলব না। তবে কাল যখন ডাক্তারেরা সকলেই বললেন যে, হেঁচকি খামাবার আর কোনো ওষুধ আমাদের নেই, তখন আমি তোমার কথা বললাম। আজ সকালে ডাক্তারদেরও ডেকেছি, তাঁরাও আসবেন; হাসপাতালের প্রাচ্যোত ডাক্তার, হরেন সবাই আসবেন। সকলে মিলে পরামর্শ করে একটা ব্যবস্থা করা ভাই।

গম্ভীর হয়ে উঠলেন জীবনমশায়। বললেন—দেখো রতন, শুধু হেঁচকি বন্ধ করার জন্তু আমাকে তোমরা ডেকেছ! আমি ভাই তার ব্যবস্থাই করেছি। তা কমে এসেছে হয়তো, আজ ওবেলা পর্যন্ত হেঁচকি বন্ধ হবে যাবে। তারপর একটা পথ ধরতে হবে। আমি কবিরাজিও জানি—অ্যালোপ্যাথিও করি। আমি বলছি ভাই—দু নৌকায় দু পা রেখে চলা তো চলবে না। হয় কবিরাজি, নয় অ্যালোপ্যাথি—দুটোর একটা করতে হবে। ওঁরাও ঠিক এই কথাই বলবেন।

একটু চুপ করে থেকে বললেন—আর আজ এখন তো আমি অপেক্ষা করতে পারব না। আমার বাড়িতে কয়েকজন বোগীই বসে আছে। ভোরবেলা চণ্ডীতলার মোহাস্তকে দেখতে গিয়েছিলাম। পথে বিপিনকে দেখে যাচ্ছি। হেঁচকি কমেছে, আমি নিশ্চিত। আমি বিপিনকে দেখে যাই, তারপর ওঁরা আসবেন, দেখবেন, পরামর্শ করে যা ঠিক হলে আমি ওবেলা এসে স্তনব।

বৃদ্ধ রতনবাবু বিষন্ন হলেন, তবুও যথাসম্ভব নিজেকে সংযত করে প্রশন্নভাবেই বললেন—বেশ! ভাই দেখে যাও তুমি! তুমি যা বলবে ওঁদের বলব।

বিপিন সত্যি একটু ভালো আছে। নাড়ীতে ভালো থাকার আভাস পেলেন জীবন দত্ত। কিন্তু ভালো থাকার উপর নির্ভর করে আশাব্যিত হয়ে উঠবার মতো

বয়স তাঁর চলে গেছে। বললেন—হ্যাঁ, ভালোই যেন হচ্ছে। তবে ভালো থাকাকাটা স্থায়ী হওয়া চাই রতন।

—নাড়ী কেমন দেখলে, বলো।

—যা দেখলাম তাই বলেছি রতনবাবু। তোমার মতো লোকের কাছে রেখে-
ঢেকে তো বলার প্রয়োজন নাই এবং তা আমি বলবও না। তোমাকে আমি জানি।
রতনবাবু একটা দীর্ঘনিশ্বাস ফেললেন।

জীবন মশায় হেসে বললেন—আমি কিন্তু নৈরাশ্রের কথা কিছু বলি নি রতন। এই
ভাবটা যদি স্থায়ী হয় তা হলে দীর্ঘের ধীরে বিপিন সেয়ে উঠবে। হেঁচকি আজই পামবে।
তারপর আব যদি কোনো উপসর্গ না বাড়ে তাহলে দশ-বাবো দিনের মধ্যে যথেষ্ট উন্নতি
হবে। ভালো-থাকাকাটাকে স্থায়ীভাবে বলব, বুঝেছ ? বলব—হ্যাঁ আর ভয় নাই।
সাবধানে থাকতে হবে। আর এখান এখান প্র্যাকটিস করে বেড়ানো চলবে না। ওই
বাড়িতে বসে যা হয়। তাও বেশী পরিশ্রম চলবে না।

—ওই তো! ওই তো রোগের কারণ। বার বার ব্যবস্থা করেছি। ব্যবস্থা!
কিন্তু শোনে কি। কী বলব? কী করব? উপযুক্ত ছেলে। গণ্যমান্য ব্যক্তি।
জীবনের কোনোখানে কোথাও কোনো দোষ নাই, অমিত্যচার নাই, অস্ত্রাঘ নাই,
আহারে লোভ নাই, অস্ত্রাঘ পথে অর্ধোপাসনের মতি নাই, কোনো নেশা নাই ;
সিগারেট পান পর্গণ্ড খায় না; ক্রোধ নাই; বিলাসী নয়, শুধু ওই প্র্যাকটিস।
প্র্যাকটিস আর প্র্যাকটিস। তাও তোমাকে বলছি ভাই, প্র্যাকটিস যে অর্থের জন্তে
তাও নয়। ওই মামলা জেতার নেশা। এ জেলা ও জেলা, এ কোর্ট ও কোর্ট সে
কোর্ট। তারপর মাসে দুবার তিনবার হাইকোর্টে কেস নিয়ে গিয়েছে। ওই মামলা
জেতার নেশা, যে মামলায় হার হয়েছে, হাইকোর্ট থেকে তাই ফিরিয়ে আনতে হবে।
তা এনেছে। ও নেশা কিছুতেই গেল না। ঘর দেখে নি, সংসার দেখে নি, ছেলেপুলে
জী নিয়ে আনন্দ করে নি, আমার ঘাড়ে সব ফেলে দিয়ে ওই নিয়ে থেকেছে। আমি
কতবার বলেছি—বিপিন এও তোমার রিপু। রিপুকে প্রশ্রয় দিয়ে না। প্রশ্রয় পেলে
রিপুই ব্যাধি হয়ে দেহ-মনকে আক্রমণ করে, হয়তো—। বাপ হয়ে কথাটা তো
উচ্চারণ করতে পারতাম না ভাই।

জীবন দত্ত বললেন—যাক এবার সেয়ে উঠুক। সাবধান আপনাই হবে।

একটি কিশোর ছেলে এসে দাঁড়াল, আপনার ফী। এইটাই বিপিনের বড় ছেলে।
চমৎকার ছেলে।

—এ কি? চার টাকা কেন? আমার ফী দু টাকা!

দুটি টাকা তুলে নিয়ে জীবন মশায় পকেটে ফেলে বেরিয়ে পড়লেন। ছেলেটি

সঙ্গে সঙ্গে বেরিয়ে এল। বললে—আপনি কি ডাক্তাররা যখন আসবেন তখন থাকবেন না ?

—আমি ? আমি থেকে কী করব ?

—আপনার মতামত বলবেন।

—আমি তো শুধু হিষ্কার জন্ত ওষুধ দিয়েছি। ওটা একটা উপসর্গ। মূল চিকিৎসা তো ওঁরাই করছেন। হাসলেন জীবন ডাক্তার।

ছেলেটি চুপ করে দাঁড়িয়ে রইল। হঠাৎ বললে—ওবেলা একবার আসবেন না ?

—আসব ? আচ্ছা আসব।

ডাক্তার চলে গেলেন।

—বিপিন বোধ হয় ঝাচবে না। ভালো খানিকটা মনে হল বটে কিন্তু আজ যেন স্পষ্টই তিনি নাড়ী দেখে অমুভব করছেন—মৃত্যু আসছে। আসছে কেন—ইতিমধ্যেই এসে দাঁড়িয়েছে। ছায়া পড়ছে তার। রতনবাবুর কথা ভাবলেন। বড় আঘাত পাবে রতন। নিজের কথা মনে পড়ল। তাঁর ছেলে বনবিহারী মারা গেছে। বিপিনেরই বয়সী সে। একান্ত তরুণ বয়সে বনবিহারী মারা গেছে ; নিজের অমিতাচারে মণ্ডপান এবং তার আহুষ্কিক অনাচার করে নিজেকে জীর্ণ করেছিল, তার উপর ম্যালেরিয়ায় ভুগে নিজেকে ক্ষয় করেছিল সে। বিপিন নিজেকে অতিরিক্ত কর্মভারে পীড়িত করে ক্ষয় করেছে।

রতনবাবুর কথাগুলি মনে পড়ল। ‘ঘর দেখেনি, সংসার দেখে নি, ছেলেপুলে জী নিয়ে আনন্দ করে নি। শুধু কাজ, কাজ, মামলা মামলা মামলা!’ কতবার রতনবাবু বলেছেন—‘বিপিন এও তোমার রিপু—!’

রিপুই বটে। বড় ভয়ঙ্কর রিপু। বড় ভয়ঙ্কর। তিনি নিজে ভুগেছেন যে! জীবন্তে মৃত্যু ঘটেছে বনে তিনি তার হাত থেকে পরিভ্রাণ পেয়েছেন। বনবিহারীর মৃত্যুর পর তিনি চিকিৎসায় অমনোযোগী হয়েছেন এবং কাল অগ্রসর হয়ে তাঁকে পুরনো জীর্ণ বলে ঘোষণা করেছে। আজ তাঁর অবস্থা গজভুক্ত কপিথের মতো। সত্য বলতে গেলে এ তো তাঁর মৃত্যু।

—কেমন দেখে এলি ? রতনবাবুর ছেলেকে ?

—সেতাব ?

সেতাবের বাড়ি এসে পড়েছেন, খেয়াল ছিল না।

—কী দেখলি ?

—দেখব আর কী ? আমি তো দেখছি না। দেখছে ডাক্তাররা। আমাদের ডেকেছিল হিষ্কা বন্ধের জন্তে। তা কমেছে। বোধ হয় সন্ধ্যা পর্যন্ত হিষ্কা থেমে যাবে।

—কিন্তু নাড়ী দেখলি তো ?

—দেখেছি ।

—কী দেখলি তাই তো শুধাচ্ছি রে !

—প্রথমে ডাক্তার স্ক্রু যখন দেখেছে তখন কী দেখলাম তা বলা তো ঠিক হবে না সেতাব । একালে ওদের ওষুধপত্রের খবর তো সব জানি না ভাই, কী করে বলব ?

—হঁ । তা তুই ঠিক বলেছিস । তবে রতনবাবু তো আমাদের গায়ের লোক, ঘরের লোক—সেই জন্তে । বুঝলি না, অবস্থা আছে, চিকিৎসা করাতে পারেন । কলকাতা নিয়ে যেতে পারেন ।

—কলকাতা থেকে আসাটাই তুল হয়েছে । কলকাতায় থাকলেই ভালো করতেন । এলেন বিশ্রাম হবে বলে । কিন্তু হঠাৎ রোগ বাড়লে কী হবে সেটা ভাবলেন না । ওই হয় রে । সংসারে দীর্ঘকাল চিকিৎসা করে এইটেই দেখলাম যে, ভ্রম হয়, সেবার ক্রটি হয়, এটা-ওটা হয় । কলকাতা নিয়ে যাওয়া আব চলবে না । মানে—

—তা হলে ? কথার মাঝখানেই বাধা দিয়ে সেতাব কথা বলে উঠল ; কিন্তু নিজের কথাটা শেষ করতে পারলে না, নিজেই থেমে গেল ।

—না-না সে বলি নি, বলবার মতো কিছু পাই নি । তবে—বুঝলি না— । তবু যেন ভয়সা পাচ্ছি না ।

একটা দীর্ঘনিশ্বাস ফেললেন ডাক্তার ।

এরপর দুজনেই চুপ করে বসে রইলেন ।

ডাক্তার হঠাৎ উঠে বললেন—চললাম, রোগী বসে আছে বাড়িতে । চণ্ডীতলা হয়ে যাব । গোসাই এখন-তখন, জানিস ?

—শুনেছি কাল । আজ বোধ হয় ভালো আছেন একটু । নিশি ঠাকরুন গিয়েছিল চণ্ডীতলা—মায়ের স্থানে জল দিতে ; সে বলছিল । শশী নাকি ভালো করেছে গোসাইকে একদাগ ওষুধে । বলছিল—কাল জীবনমশায় ভাইঝিটাকে দেখে বললে, জলবারণ ষাওয়াতে হবে । তা—শশীকেই দেখাব আমি ।

চমকে উঠলেন জীবন দত্ত । শশীকে দেখাবে ? হতভাগিনী মেয়েটার মুখ মনে পড়ল । কচি মেয়ে । কত সাধ কত আকাঙ্ক্ষা মনে । মেয়েটাকে হত্যা করবে । শশী একটা পাপ হয়ে দাঁড়াল ! সঙ্গে সঙ্গে আর-একটি তরুণীর মুখ মনে পড়ল ।

সেতাব বললেন—তুই কাল নিশির ভাইঝিকে দেখেছিলি নাকি ? জলবারণের কথা বলেছিলি ?

—বলেছিলাম। আমার বিগোতে ওই এখন একমাত্র ওষুধ। কিন্তু ও কথা থাক। কী বলে—গণেশ ভট্টাচার্যের মেয়ের খবর কিছু জানিস? কাল রাতে—।

—খুব কাহিল। এখন-তখন অবস্থা শুনছি। কাল তো তুই শুনলাম বলে দিয়েছিলি নাড়ী দেখে।

—না তো? জীবন মশায় চমকে উঠলেন। আমি তো নাড়ী দেখি নি প্রসবের পর। হাসপাতালের ডাক্তার—

কথার উপর কথা দিয়ে সেতাব বললে—হাসপাতালের ডাক্তার শুনলাম কোমর বেঁধে লেগেছে। শুনলাম খুব ইনজেকশন দিচ্ছে। অক্লিভেন দিয়ে রেখেছে। গণেশকে বলেছে আর-একটা অক্লিভেন আনতে হবে।

—চললাম। জীবন মশায় অকস্মাৎ চলতে শুরু করলেন যেন। তরুণ ছোকরাটি বাহাদুর বটে, বীর বটে। শক্তিও আছে, নিজের উপর বিশ্বাসও আছে। যুদ্ধ করছে বলতে গেলে। একবার দেখে যাবেন।

প্রাণ্ডোত গম্ভীর মুখে বসে আছে আপিসে। গণেশ নাই, গণেশের স্ত্রী আধ ঘোমটা দিয়ে বসে আছে বারান্দায়। মশায়কে দেখে সে মুহূর্তে কেঁদে উঠল—ওগো মশাই আমার অর্চনার কী হবে গো! একবার—

কঁদবেন না। গম্ভীর স্বরে প্রাণ্ডোত বললে।

মশায় বললেন—কেঁদো না মা। দেখো, ভগবান কী করেন। এ তো তাঁর হাত মা।

প্রাণ্ডোত দ্রুত কুঞ্চিত করে বলেন—আপনি কি নাড়ী দেখতে চান না কি?

মশায় বললেন—না না। আমি যাচ্ছিলাম পথে, ভাবলাম একবার খবর নিয়ে যাই। বলেই তিনি ফিরলেন।

—একটু বসবেন না?

—না। দু-চারটে রোগী এখনও আসে তো! তারা বসে আছে।

প্রাণ্ডোত বললে—মতির মায়ের এক্সরের রিপোর্ট এসেছে। দেখবেন? বিশেষ কিছু হয় নি। এতক্ষণে একটু হাসলে প্রাণ্ডোত।

—ভালোই তো। আপনার দয়্যাতেই বুড়ি বাঁচল। মশায় গতি দ্রুততর করলেন! একবার মনে হল—বলেন—‘বিপিনের হিকা খেমে এসেছে!’ কিন্তু তা তিনি বলতে পারলেন না!

কুড়ি

দাঁতু ঘোষাল চীৎকার করছিল।

এসেছে সকালবেলা—আটটা না-বাজতে। এখন সাড়ে দশটা। নবগ্রাম ইষ্টিশানে সাড়ে দশটার গাড়ি চলে গেল, এখনও বসে থাকতে হয়েছে! কেন? এত গুমোর কেন জীবনমশায়ের? কী মনে করে মশায়? দেশে ডাক্তারের অভাব? না—দাঁতু ঘোষাল এতই অবহেলার মানুষ!

নবগ্রামে চারটে ডাক্তার বসে ফ্যাফ্যা করছে। চ্যারিটেবল ডিসপেনসারি ছিল—চার বিছানার হাসপাতাল—তারপর যুদ্ধের সময় দেশে ‘মহন্তর’ হলে দশ বিছানার হাসপাতাল হয়েছিল—এখন পঞ্চাশ বিছানার হাসপাতাল তৈরি হচ্ছে। একজন ছোট ডাক্তার ছিল—এখন দুজন ডাক্তার হয়েছে—নাস’ এসেছে। সেখানে গিয়ে ‘এলাম’ বলে একটা বিছানায় শুয়ে পড়লেই হল। সময়ে খাওয়া সময়ে ওষুধ—য-বার খুশি ডাকলেই ডাক্তার। কেবল জাত থাকবে না—আর মান থাকবে না—বলে যায় না। এ ছাড়া কবরেজ দুজন, তার মধ্যে ভূদেব কবরেজ দস্তরমতো পাশ করা, হোমিওপ্যাথ দুজন—আলি মহম্মদ আর বাঙাল ডাক্তার। দোকানে গেলে কেউ পয়সা নেয় না। জীবন মশায়ের মতিভ্রম হয়েছে, নইলে রোগীদের এমন অবহেলা কখনও করত না। কেবল পুরনো লোক—ধাত চেনে, মশায় বংশের বংশধর—তাই আসে। আর আসবে না। কালই হয় ভূদেব কবরেজের কাছে নয় হরেন ডাক্তারের কাছে যাব। যে দেশে গাছ থাকে না—সে দেশের ভেরেঙা গাছই ‘বিরিকি’। সেকালে ডাক্তার-বৈজ্ঞানিক অভাব ছিল, তাই জীবনমশাই ছিল ধনুধরি—নিদান হাঁকত। যেটা ফলত, সেটাই জাহির করত; যেটা ফলত না—সেটার বেলা চুপচাপ থাকত। মরার বদলে বাঁচলে, কে আর তা নিয়ে ঝগড়া করে? এবার এই বাবা প্রথোত ডাক্তারের হাতে পড়েছে; এবার মজাটা বুঝবে। এই তো মতি কর্মকার বর্ধমান হাসপাতালে মাকে ভতি করে দিয়েছে। পায়ের ফটো নিয়েছে, ভিতরে হাড়ের কুচি আছে, কেটে বার করবে—বাস, ভালো হয়ে যাবে। প্রথোত ডাক্তার বলেছে, আসুক ফিরে মতির মা। তারপর নাভী দেখার—নিদান হাঁকার ফাঁপা বেলুন ফুটিয়ে দেব।

ঘরে এদিকে রোজাগারের অভাবে—হাঁড়ি চনচন আর রোগীদের অবহেলা। বকেই চলেছে দাঁতু।

নন্দ বার কয়েকই বলেছে—এই দেখো ঠাকুর, ভালো হবে না। যা-তা।

বোলো না বলছি। কিন্তু দাঁতু ঘোষাল গ্রাহ্য করে নি। বলেছে—তুই বেটা বাঁশ চেয়ে কঞ্চি দড়, পীর চেয়ে খাদিম জিন্দে—সকাল থেকে পাঁচবার বলেছি তামাক দিতে! গ্রাহ্যই করলি না! তোর কি, মাস পোহালেই মাইনে নিবি। চুরি করে মশায় বাড়ির যাও ছিল শেষ করলি। এইবার রোগী তাড়িয়ে লক্ষী ছাড়িয়ে তুই ছাড়বি।

পরান খাও প্রতিবাদ করছিল—দেখো, ঘোষাল, কথাগুলান তুমি অন্ডায় বলছ। কঠিন রোগী দেখতে গেছেন মশায়, তাতে দেবী যদি হয়েই থাকে—তবে ই-সব কথা তুমি কী বলছ? ছি। আর কাকে কী বলছ?

—বলুক খাঁ, ওকে বলতে দাও। ওই কথা ছাড়া অন্ডা কথা এখন ওর মুখে আসবে না। ওর বুদ্ধিই এখন বিপরীত বুদ্ধি! সর্বনাশ কালে মানুষের বিপরীত হয়। আর মৃত্যুকালের চেয়ে সর্বনাশের কাল তো মানুষের আর হয় না। ঘোষাল যাবে। যাবার কাল যত কাছে আসবে—তত এইটা ওর বাড়বে।

হেসেই কথাগুলি বললেন জীবনমশায়। তিনি আরোগ্য নিকेतনের ভিতর থেকে বেরিয়ে এলেন। চণ্ডীতলা থেকে গ্রামে ঢুকবার পথটাই সদর রাস্তার উলটো দিকে। সেই পথে কবিরাজধানার পিছন থেকে ঢুকে তিনি বেরিয়ে এলেন সামনে।

দাঁতু ঘোষাল এক মুহূর্তে যেন জমে পাথর হয়ে গেল। ভয়ানক বিস্ময়-বিষ্ফারিত দৃষ্টিতে চেয়ে রইল জীবনমশায়ের দিকে। হতবাক হয়ে গিয়েছে সে। হাত দুটো শিথিল হয়ে ঝুলে পড়েছে।

জীবনমশায় চেয়ারখানা টেনে নিয়ে বসলেন, বললেন—দেবী একটু হয়ে গেল আজ। চণ্ডী মায়ের স্থানের গোসাইজীর অস্থখ। হয়তো বা যাচ্ছেন গোসাই। সেখানে যেতে হয়েছিল সকালে উঠেই। নবগ্রামের রতনবাবুর ছেলে বিপিনবাবুর কঠিন অস্থখ, সেখানেও যেতে হয়েছিল। যারা এতদূর দেখাতে এসেছে তাদের তো এমন জরুরী অবস্থা নয়।

দাড়িতে হাত বোলাতে লাগলেন জীবনমশায়। রোগীর দল তবুও কেউ কোনো কথা বলতে পারলে না। দাঁতু ঘোষালের দিকেই তারা তাকিয়েছিল। দাঁতু দাড়িয়েছিল মৃত্যু-দণ্ডাজ্ঞাপ্রাপ্ত আসামীর মতো।

অকস্মাৎ সে ভাঙা গলায় বলে উঠল—কী বললে মশায়? আমি বাঁচব না? আমি মরব?

জীবনমশায় নিশ্চই নিরাসক্তের মতো বললেন—এ রোগ তোমার ভালো হবে না ঘোষাল। এই রোগেই তোমাকে বেতে হবে। এ তোমার ভালো হবার

রোগ নয়। তবে ছুয়াস কি ছুয়াস কি ছুবছর পাঁচ বছর—তা কিছু বলছি না আমি।

দাঁতু এবার চীৎকার করে বলে উঠল—তুই গো-বড়ি—তুই গো-বড়ি—হাতুড়ে, মানবুড়ে।

জীবনমশায় বলেই গেলেন—এ যদি তোমার ভালো হবার হত বোবাল তবে দুদিন বেতে না বেতেই তুমি কী খাব কী খাব করে ছুটে আসতে না, তামাক গাঁজার জন্তে তুমি খেপে উঠতে না। মৃত্যু-রোগের এ হল একটা বড় লক্ষণ। রোগের সঙ্গে রিপূর বোগাংবাগ হলে আর রক্ষে থাকে না। তোমার তাই হয়েছে।

দাঁতু এবার পট করে তার পৈতে গাছটা ছিঁড়ে কেলে চীৎকার করে উঠল—আমি বড়ি বামুন হই তবে ছ মাস বেতে-না-বেতে তোমার সর্বনাশ হবে। বামুনের মেয়ের অভিশাপে তোমার ব্যাটা মরেছে—এবার ব্রহ্মশাপে তোমার সর্বনাশ হবে।

বলেই সে হনহন করে নেমে পড়ল, আরোগ্য-নিকেতনের দাঁওতার উপর ধানিকটা গিয়েই সে থমকে দাঁড়াল। ঘুরে দাঁড়িয়ে বলল—চললাম আমি হাসপাতালে বড় ডাক্তারের কাছে। আজই আমি হাসপাতালে ভর্তি হব। বাঁচি কিনা দেখ।

মশায় হাসলেন। তারপর বললেন—কার কী বলো ?

এসে দাঁড়াল একটা লোক। কামলা—জড়িস হয়েছে। মামুষটা বেন হলুদ মেখে এসেছে। প্রতিবিধান অনেক করেছে। কামলার মালা নিয়েছে—মালাটা হাঁটু পর্যন্ত লম্বা হয়েছে; তাতে সারে নি। হাসপাতালে গিয়েছে—তাতেও বিশেষ কিছু হয় নি। অবশেষে মশায়ের কাছে এসেছে।

জীবন দত্ত বললেন—তাই তো বাবা। হাসপাতালে যখন কিছু হয় নি তখন সময় নেবে। আর ওষুধ যদি কবিরাজি মতে খাও—বোধ হয় তাই হচ্ছে, নইলে আমার কাছে আসতে না,—মুশকিল হচ্ছে আমি তো ওষুধের কারবার তুলে দিয়েছি।

একটা দীর্ঘনিশ্বাস ফেলে বললেন—আমি মোটামুটি চিকিৎসা করাই ছেড়ে দিয়েছি। নতুন কাল, নতুন চিকিৎসা, নতুন রুটি এ তো আমার কাছে নাই। তা ছাড়া আমার নিজেরও আর ভালো লাগে না। তবু এককালে চিকিৎসা করতাম; দু-চারজন পুরনো লোক আজও ছাড়ে না, তাই তাদের দেখি। বুঝেছ না ?

একটু হাসলেন। বোধ হয় দাঁতু বোবালের প্রসঙ্গটা তাঁর মনের মধ্যে তখনও সুঘছিল।

—তুমি বরং কুমেব কবরেজের কাছে যাও। সে ওষুধের রাখে। আর নতুন

কালে কবিরাজি শিকার কলেজ হয়েছে, সেখানে পাশ করেও এসেছে। বুঝে না! কবিরাজিতে নিজের গুণ ছাড়া চিকিৎসা করে ফল হয় না।

—আজ্ঞে না ডাক্তারবাবু, আপনি দেখুন আমাকে। নইলে আমি হয়তো বাঁচব না! আমার বাবা দাদা সবাই ঠিক এই বয়সে মারা গিয়েছে। পরত্রিশ থেকে চল্লিশের ভিতর। আমাকে বাঁচান।

—না-না। না বাঁচবার মতো তোমার কিছু হয় নি বাপু। আর, বাঁচা মরার ব্যাপারটাই একটা আশ্চর্য ব্যাপার। ওর উপরে যদি মানুষের হাত থাকত—! হাসলেন ডাক্তার। শুনলে না, দাতু বলে গেল—আমার ছেলের কথা? সে নিজেও ডাক্তার ছিল।—এ কি, কাঁদছ কেন তুমি? আচ্ছা—আচ্ছা! আমিই দেখব। তুমি বসো। আমি গুণ লিখে দিচ্ছি, ভূদেবের কাছে কিনে নিয়ে যাও। তারপর আমি ঘরে তৈরি করে দেব। বুঝেছ! ভয় নেই। ভালো হয়ে যাবে। এত ভয় পেয়েছ কেন?

দাড়িতে হাত বোলাতে লাগলেন ডাক্তার। লোকটি বড় ভয় পেয়েছে। ভয় রোগের জন্তু নয়! বাবা দাদা ঠিক এই বয়সে মরেছে বলে ও বেচারীও ভয় পেয়েছে। ভয়টা খুব অহেতুকও নয়। এমন হয়। বিচিত্রভাবে হয়!

পরান হেসে লোকটিকে বললে—আর কিছু ভয় তুমি করিষো না বেটা। মশায় বলেছেন ভয় নাই। উ একেবারে বেদগাকি!

পরান তাঁর মন রাখছে সে জীবনমশায় জানেন—কিন্তু এ মন-গাথাটুকু তাঁর ভালো লাগে। পরান লোক ভালো। কৃতজ্ঞতা আছে। সেই তার প্রথম জীবনে জীবন দস্ত তাকে টাইফয়েড থেকে বাঁচিয়েছিলেন; তখন পরানের অবস্থা খুব ছিল না, দিনমজুরি করত। জীবন দস্তের বাড়িতেই মজুরি খেটেছে; তখন তিনি তার বিনা পরসায় চিকিৎসা করেছিলেন—সে কথা পরান আজও ভুলে যায় নি। সে এখন বড় ডাক্তার ডাকতে পারে। দৈনিক চার টাকা ফী দিতেও তার গায়ে লাগে না, তবু সে জীবন দস্ত ছাড়া কাউকে দেখায় না। শুধু কৃতজ্ঞতাই নয়—জীবন-মরণ প্রশ্ন নিয়ে রোগ আসে মানুষের শরীরে, সেখানে কৃতজ্ঞতার ক্ষেত্র খুব বড় নয়, বড় বিশ্বাসের কথা—সেই বিশ্বাস আছে পরানের। যে তাঁকে এত বড় বিশ্বাস করে, তাকে স্নেহ না করে কি পারেন তিনি? তবে বিবি জন্তু পরানের শাবনায় ডাক্তার কিকিৎ কোঁতুক না করে পারেন না। একবার তিনি নিজেই বলেছিলেন, পরান! বিবিকে একবার না হয় কলকাতা নিয়ে যাও। এখন সব নানা রকম পরীক্ষা হয়েছে—পরীক্ষা করিয়ে নিয়ে এসো।’ ডাক্তার কথাটা গুরুত্ব দিয়ে বলেছিলেন। কোঁতুক করেন নি।

ডাক্তার বলেছিলেন—তা হলে এক কাজ করো, হাসপাতালের ওই বড় ডাক্তারকে একদিন কল দাও। ওকে দেখাও। উনি বলে দেবেন—চিঠি দিয়ে দেবেন—কোথায় কার কাছে দেখাতে হবে।

প্রত্যাত ডাক্তার রোগিনীকে দেখে একটু হেসেছিলেন। বলেছিলেন—অস্থ মনের, শরীরের নয়। এবং— একটু থেমে বলেছিলেন—কোনো মনস্তাত্ত্বিক ডাক্তারকে দেখালে ফল হতে পারে।

মশায় কথাটা বুঝেছিলেন, পরান বুঝতে পারে নি; কিন্তু তবুও পরান ওই নতুন ডাক্তারের উপর বিরক্ত হয়েছিল। তার বিবি তার চোখের সামনে রোগে ভুগছে—সে তার সেবা করছে, চোখে দেখে স্পর্শ দিয়ে সে অস্থ অস্থ করছে—আর ডাক্তার বলছে অস্থ নয়।

সে শুধু প্রত্যাত ডাক্তারকেই বাতিল করে নি—কলকাতার ষাণ্ডার কথাও বাতিল করে দিয়েছিল। শুধু প্রশ্ন করেছিল—আপনি কী বুঝছেন বলেন যদি, বুঝেন কি পরানের ভয় আছে—মিত্য হতে পারে—তা হলে না হয়—!

না, সে ভয় নেই। তবে ভুগতে পারে। বুঝ না?

—তা ভুগুক। না হয় ভুগবে কিছুদিন। আপনি ছাড়া কারুর দাওয়াই আমি ষাণ্ডাব না।

সে অবশি এই চলছে। ডাক্তার তিন দিন অন্তর যান। কিন্তু পরানের ইচ্ছা যোজ্ঞ যান তিনি। ডাক্তার তা যান না। পরান রোজ আসে। খবর বলে যায়, বলে— কিছু বদল করবেন না কি?

—না—না। ওই যা চলছে—চলুক।

—এই পোষ্টাই যদি কিছু দিতেন। আর এই ঘুম হবার ওষুধ! রাতে একবার চোখ বোজে না, ছটকট করে। এ পাশ আর ও পাশ। আর টুকটুক করে জল ধাবে।

একটা কিছু দিলেই পয়সা খুশী।

আজ্ঞাও পরানের একটা ওষুধ চাই। সে সন্ধ্যার্ত জোয়ানটিকে জীবনমশায়ের অদ্ভুত চিকিৎসা-পারঙ্গমতার কথা বোঝাতে বসেচে সেই উদ্দেশ্যেই।

ডাক্তার রোগীর পর রোগী দেখে চলছেন। এই সময় এসে দাঁড়াল এক ছ-ফুট-সব্বা মাস্তব—মশায়, একবার যে দেখতে হবে। গম্ভীর ভয়ট গলা।

—কী? তোমার কী হল?

—কী হল বুঝতে তো পারছি না। কান্না সর্দি—মধ্যে মধ্যে জ্বর; কিছুভেই ছাড়ছে না।

হাতখানা বাড়িয়ে দিলে—ছ-ফুট লম্বা—ভেমনি কাঠামো—এক পরিণত বয়সের ছোয়ান। ষাট মহেশপুরের রানা পাঠক। এ অঞ্চলে রানা পাঠক শক্তিশালী ছোয়ান; লাঠি খেলা, কুস্তি করা, নদীর ঘাটে নৌকা খেয়া দেওয়া, দেবস্থানে বলিদান করা তার কাজ। বছর কয়েক আগে পর্যন্ত প্রতি বৎসর অম্বুবাটীতে কুস্তি প্রতি-যোগিতায় রানা পাঠকের নাম একবার কথেক দিনের জন্ত মুখে মুখে ফিরত। আর—একবার রানার নাম শোনা যেত কালীপূজার সময়। রানার মহিষবলীর কুস্তি লোকের মুখে কল্পের কথা। বাড়ীতে কিছু জমি-জেরাত ছিল—তার ধানে ফসলে আর খেয়াঘাটের নৌকার আয়ে রানা পাঠকের বেশ ভালই চলে যেত। মহেশপুরের ঘাটের ডাক তার একচেটে। ও ঘাটে অস্ত্র কেউ ডাক নিয়ে নৌকা পার করতে পারে না। রানা পাঠকের অম্বুধ কখনও শোনে নি মশায়। কিন্তু আজ রানাকে দেখে জীবনমশায় বিস্মিত হলেন। এ কী চেহারা হয়েছে রানার? চোখের কোলে কালি পড়েছে, শক্ত বাঁশের গোড়ার দিকের মতো মোটা কবজির হাড় বেরিয়ে পড়েছে—জামার ফাঁক দিয়ে কঁঠ দেখা যাচ্ছে!

—রানা, বাবা এ তুমি ভাল করে দেখাও। তুমি বয়ঃ বর্ষমানে গিয়ে দেখিয়ে এসো। নয় তো এখানেই আজকালকার ভালো ডাক্তারদের দেখাও। এ তোমার টোটকাতে কি মুক্তিযোগে যাবে না!

রানা মাথাটা ঝাঁকি দিয়ে বললে—উহ! ওরা গেলেই বলবে বন্দা হয়েছে। বুঝলেন না—ওদের এইটে বাত্বিক। তারপর ফর্দ দেবে ইহা লম্বা। বুকের ফটো তোলাও, গয়ের গুঁথু পরীক্ষা করাও—এই করো—তা কারো। চিকিৎসা তারপর! কল্প হয়তো আমার হয়েছে। বুঝেছেন...একটা মেয়েছেলের কাছ থেকে ধরার কথাই স্টে। তার আবার পরীক্ষা কিসের? এত পরীক্ষাই যদি করতে হবে তো—ডাক্তারি কিসের, আপনি হাত দেখুন। বলে দেন কী করতে হবে। ওষুধ দেন। সে সব আমি ঠিক ঠিক করব। তারপরে আমার পেরমামু আর আপনার হাতমশ। আর ওই সব ফোড়া-ফুঁড়ি আমার ধাতে সহাবে না মশায়। বন্দার ওষুধ তো আপনাদেরও আছে।

—আছে। কিন্তু এখন যে সব ওষুধ বেরিয়েছে—সে সব অনেক ভালো ওষুধ রানা। অনেক ভালো।

—আপনি বলছেন?

বলছি রানা। তাতে তো লজ্জা নাই বাবা। তুমি বয়ঃ হয়েন ডাক্তারের কাছে যাও। আর ওই বুকের ফটো তোলানোর কথা বললে না বাবা, গুঁটা করানো ভালো। একরয়ে করলে বোকা হবে, চোঁখে দেখা হবে কতখানি রোগ হয়েছে।

আবার ভালো হলে একবার এক্সরে করলে বুঝতে পারবে—একেবারে নির্দোষ হল কি না। এখন ধরো—হয়তো একটু থেকে গেল। শরীর ভালো হয়েছে—সেটা ধরা গেল না। সেই একটুই আবার বাড়বে—কিছু দিন পর।

রানা ষাড় নাড়লে।

বার কয়েক ঘাড় নেড়ে বললে—উছ। তা হলে আমি ভূদেব কবরেজের কাছে যাই। উ সব কড়া ডাক্তারী ওষুধ আমার ধাতে সহিবে না। তা ছাড়া মশার, ডাক্তারদের কথা বড় চ্যাটাং চ্যাটাং। বুঝছেন—আমাদিগে যেন মানুষই মনে করে না। আপনি দেখতেন সকালে—সে পসার তো দেখেছি আমি।—এরা টাকা রোজগার করে অনেক, ফী বেশী। ফী ছাড়ে না। কিন্তু সে পসার নাই। আপনারা রোগীর সঙ্গে আপনার লোকের মতো কথা বলতেন! ঘরের লোকের মতো। আমার আবার মেজাজ খারাপ। কে জানে ঝগড়া হয়ে যাবে কবে। তার চেয়ে কবরেজি ভালো। লোহাতে মাঝা ঝাধিয়ে তো কেউ আসে নাই সংসারে, মরতে তো হবেই। আজ নয় কাল! তা কথা শুনে—খারাপ কথা শুনে মরি কেন?

রানা উঠে চলে গেল।

—রানা। অ-রানা।

—আজ্ঞে।

—কবিরাজিই যদি করবে বাবা তবে ভূমি পাকুড়িয়া যাও। সেন মহাশয়দের কথা বড় কথা—বড় আটন! বিচক্ষণ বৈজ্ঞ আছেন—ভালো ওষুধ রাখেন—সেখানে যাও। বুঝেছ। এ অবস্থার রোগ নয়।

—পাকুড়ে যাব বলছেন?

—হ্যাঁ তাই যাও। ভূদেব এখনও ছেলেমানুষ। বুঝেছ? ইচ্ছা কর ভূদেবকে সঙ্গে নিয়ে যাও।

—দেখি! টাকাতে কুলানো চাই তো! হাসলো রানা।—আপনার কাছে আঁক —সেজ্ঞন্তেও বটে যে! কম টাকার চিকিৎসা—এ আর কোথায় হবে?

চলে গেল রানা পাঠক। শক্তিশালী বিপুলদেহ অকুতোভয় রানা বস্তার সঙ্গে ঝড়ের সঙ্গে লড়াই করে; কিন্তু অসহায় হয়ে পড়েছে আজ। যত্নর কাছে যাঁহা নিভান্ত অসহায়।

একটা দীর্ঘনিশ্বাস ফেললেন জীবনমশায়। রানার কথাই ভাবছিলেন। কথাটা মিথ্যে বলে নি রানা। দরিদ্র দেশ, দরিদ্র মানুষ। টাকা পাবে কোথায়? ডাক্তারেরাই বা করবে কী? তারাই বা থাকবে কী? নিজের অবস্থা ভেবেই কথা বলছেন জীবনমশায়। আজ সকাল থেকে চারটি টাকা কী পেয়েছেন। উর

শিতাবহ, শিতা, তিনি—এতকাল পৰ্ব্বত বে সম্পত্তি করেছিলেন তার অনেক চলে
সিয়েছে এই পনেরো-ফুড়ি বছরের মধ্যে। আজ তিনি প্রায় নিঃস্ব। লোকে বলে
ভাগ্য। আতর-বউ নিজের কপালে করাঘাত করে। কিন্তু তিনি তো জানেন—
দায়ী তিনি নিজে। তা ছাড়া আর কে দায়ী ?

সশবে একথানা গোরুর গাড়ী এসে দাঁড়াল।

—কই, গুরুদেব কই ?

নামল শশী। শশীর চোখ লাল। মদ খেয়েছে এই দিন দুপুরে। রামহরিকে
দেখবার জন্য নিতে এসেছে। রামহরি মৃত্যু-কামনার জ্ঞানগঙ্গা যাবে। গত রাত্রে
কথাগুলি আবার সব মনে হল মশায়ের। রামহরি যাবে মৃত্যুবরণ করতে ?

চারটি টাকা নামিয়ে দিলে শশী।

—আমি বলেছি চারটাকা দিয়ে সারলে হবে না রামহরি। জীবনমশায়কে শেষ
বেশা দেখাবে, আরো লাগবে বাবা। আমাদিগকে বরং দেখালে চোলাই মদ খাইয়েছ
—পাঁটা খাইয়েছ ; জীবনমশায়কে তো কিছু খাওয়াও নি। খাইয়ে থাকলে বড় জোর
লাউ-কুমড়ো। বেটা উইল-টুইল করছে। বললে, মশায়কে সাক্ষী করব। শেনামী
দোব তখন। নিশ্চয় দোব।

হাসতে লাগল শশী।

হঠাৎ হাসি খামিয়ে বললে—দাঁতু ঘোষাল বেটা মরত, ও বেটার নিদান
হাঁকলেন কেন ? বেটা কাঁদছে—প্রত্যোত ডাক্তার তড়পাচ্ছে।

মশায় সেকথা গ্রাহ্য করলেন না। দাঁতু মরবে, এই রোগেই মরবে, প্রবৃত্তিকে
জন্য প্রবল রিপু হয়ে উঠতে কদাচিত দেখা যায়। কোনোমতেই বাঁচাতে পারবে না।
প্রত্যোত। বাড়ির দিকে অগ্রসর হলেন তিনি, বললেন—দাঁড়া গিন্নী বকছে কেন
দেখি। আতর-বউয়ের তীক্ষ্ণ তিরস্কার তিনি শুনতে পেয়েছেন।

আতর-বউ তিরস্কার করেছেন তাকেই যাকে আজীবন তিরস্কার করে আসছেন—
নিজের অদৃষ্টকে। হায়রে অদৃষ্ট, হায়রে পোড়াকপাল।

নন্দ ওপাশে চুপ করে বসে আছে, মাথা হেঁট করে মাটি খুঁটছে। নন্দ জড়িত
আছে, ভাতে সন্দেহ রইল না তাঁর।

মশায় দুজনের দিকে তাকিয়ে প্রশ্ন করলেন—কী হল ?

—কিছু না।

নন্দ বললে—দাঁতুকে উ-সব বলবার আপনার কী দরকার ছিল ? হাসপাতালের
ডাক্তার যা তা বলছে—আমি শুনে এলাম। নিজের কানে।

—নিদান হাঁকবে তো আমার নিদান হাঁকো। দেখো হাত দেখো।

—তোমার নিদান হাত না-দেখেই আমি ঠাকতে পারি।

—বলো, বলো—তাই বলো, কবে মরব আমি। এ জালা আমি আর সইতে পারছি না। শুধু নাই, শুধু নাই আর নাই। আর তুমি স্নায়ের অবতার সেজে বসে আছ। রতনবাবুরা চার টাকা ফী দিতে এসেছিল—তুমি দু টাকা নিয়ে দু টাকা ক্ষেত্র দিয়ে এসেছ। তুমি যাকে দেখছ তাকেই বলে আসছ—মরবে তুমি মরবে।

জীবনমশায় হা-হা করে হেসে উঠলেন এবার। সে হাসিতে স্তব্ধ হয়ে গেলেন আতর-বউ। জীবনমশায় বললেন—মরবার জন্মেই জন্ম আতর-বউ। সবাই মরবে, সবাই মরবে, কেউ অমর নয়।

ঘোরটা কাটিয়ে আতর-বউ অকস্মাৎ চীৎকার করে উঠলেন—পৃথিবীর কথা আমি জানতে চাই না। আমি কবে মরব তাই বলো।

—আমার মৃত্যুর পর!

নিষ্ঠুর বক্ত্রের মতো কঠোর কথা! আতর-বউ নির্বাক বিমূঢ় হয়ে গেলেন।

—আমার মৃত্যু কবে হবে সেইটেই বুঝতে পারছি না। পারলে দিনতারিখ বলে দিতাম। বনবিহারীর মৃত্যু জানতে পেরেছিলাম। তোমাকে বলেছিলাম, তুমি বিশ্বাস কর নি। এটা বিশ্বাস কোরো।

জীবনমশায় বেরিয়ে এলেন। শশী রাঙা চোখ মেলে তার দিকে তাকিয়ে আছে।

—চল। শশী!

শশীর বেন এতক্ষণে চেতনা ফিরে এল। বললে—চলুন। হঠাৎ হেসে বললে—ঠিক বলেছেন। মরবে না কে? সবাই মরবে। ওই হাসপাতালের ডাক্তার, ও বেটা কি অমর না কি।

ডাক্তার বললেন—চূপ কর। ও সব কথা থাক।

হায়রে মানুষ! না—না, হায় কেন? এই তো রামহরি, হাসতে হাসতে মরতে চলেছে।

সত্য সত্যই প্রত্যোত্ত ডাক্তার কঠিন ক্রোধে ক্রুদ্ধ হয়ে উঠেছে। গনেশ ভট্টাচার্যের মেয়েকে আর-একবার দেখে একটু আশাশ্রিত হয়েই এসে আপিসে বসেছে ঠিক এমনই মুহূর্তে দাঁতু এসে হাউ হাউ করে কেঁদে পড়ল।

প্রত্যোত্ত ডাক্তারের প্রায় পা চেপে ধরে বললে ডাক্তারবাবু গো! আমাকে কাঁচান আপনি।

—কী হয়েছে ? উঠুন। ভালো করে বলুন। 'টেচাবেন না মেলা।

—গঙ্গো আমাকে বাঁচান গো। আমি আর বাঁচব না।

—কী হয়েছে যে তাই বাঁচবেন না ?

—মশায় বললে গো ! জীবনমশায় !

—কে ? জীবন দত্ত ?

—আজ্ঞে হ্যাঁ। বললে এই তোর মৃত্যুরোগ। শিবের বাবা এলেও বাঁচাতে পারবে না।

—জীবন ডাক্তারের সঙ্গে শিবের বাবার আলাপ-পরিচয় আছে তা হলে ? না—মাথা ধারাপ হয়েছে লোকটার।

—আজ্ঞে ? ক্যালক্যাল করে চেয়ে রইল দাঁতু বোমাল।

—উঠুন, কী হয়েছে দেখি। চলুন ওই ঘরে, টেবিলের উপর শুয়ে পড়ুন। বলুন কী হয়েছে।

লম্বত শুনে ডাক্তার জ্র কুক্তিত করে বসলেন—এই লম্বত লিখে আপনি আমাকে দিতে পারবেন ?

—আজ্ঞে হ্যাঁ। হাজার ব্যর। এখুনি লিখে দিতে পারি। বেঁটা কায়েত—ডাক্তার ধমক দিয়ে বললেন—ও সব কী বলছেন ? 'বেঁটা কায়েত,' কী ? জানেন আমিও কায়স্থ ?

জিত কোট দাঁতু বললে—আপনাকে তাই বলতে পারি ? আমি বলছি ওই জীবনকে। বেঁটা হাতুড়েকে। কিন্তু আমি বাঁচব তো ? বরবর করে কেঁধে ফেললে দাঁতু।

—কী হয়েছে তাই বাঁচবেন না ? ওষুধ খান—নিয়ম করে চলুন—

কম্পাউণ্ডার হরিহর পাশের ঘরে ওষুধ তৈরি করছিল। সে বললে—তা দাঁতু পারবে না। রোগ তো ওর ডেকে আনা। খেয়ে খেয়ে করেছে। দুদিন ভালো থাকলেই ব্যস ছুটবে কারুর বাড়ি—আজ তোমাদের বাড়ি দুটো খাব। হাসতে লাগল সে।

ডাক্তার বললেন—হাসপাতালে থাকতে হবে আপনাকে, থাকবেন ? —তাই থাকব।

দাঁতু বাঁচতে চায়। সে মরতে পারবে না।

—ওকে ভাঙি করে নিন। বলেই ডাক্তার একটা কাগজ টেনে নিলেন—ম্যাজিস্ট্রেটকে লিখবেন এই কথা। এই ধরনের নিদান হেঁকে মাছুবের উপর বর্মান্তিক পীড়ন—এ যুগে এটা অসহনীয় ব্যাপার। এর প্রতিকার করা প্রয়োজন।

কিছুক্ষণ পর আখসেখা দরখাস্তখানা টেনে ছিঁড়ে কেলে দিলেন। থাক!

লোকটিকে যেন একটা বাতিকে পেয়েছে। মৃত্যু ঘোষণা করে আনন্দ পাচ্ছে! আশ্চর্য! মৃত্যু পৃথিবীতে নিশ্চিতই বটে, সে কে না জানে? তাকে জয় করার জন্য মাহুকের চেঁচায় অন্ত নাই। সে সাধনা অব্যাহত চলে আসছে। আবিষ্কারের পর আবিষ্কার হয়ে চলেছে। আজও তাকে রোধ করা যায় নি। আজও সে ধ্রুব—তবু তো মর্মান্তিক, বিরোগান্ত ব্যাপার! তার মধ্যে যেন একটা আধ্যাত্মিক কিছু আরোপ করে এই মৃত্যুদিন ঘোষণা—চমকপ্রদ বটে, রোমাণ্টিকও বটে—কিন্তু নিষ্ঠুর। ঠিক পশুকে বলি দেওয়ার মতো। পূজা-অর্চনার আড়ম্বরে আধ্যাত্মিকতার ধূম্রজালে আচ্ছন্ন এক কল্পলোক সৃষ্টি করে মৃত্যুকে মুক্তি বলে ঘোষণা করে খড়গঘাত করার মতোই নিষ্ঠুর প্রথা। জীবন দস্ত তারই পুরোহিত সেজে বসে আছে।

হি মাস্ট স্টপ; থামতে হবে তাকে। না থামে—থামাতে হবে তাকে, হি মাস্ট বি স্টপ্‌ড্‌।

এই অর্চনা মেয়েটির হাত দেখলেও নিদান হেঁকে যেত। ওকে তা না দেখতে দিয়ে ভালো করেছেন তিনি। অদৃষ্টবাদী এই দেশের এই নিদান-হাঁকিরেয়াই বোগ্য চিকিৎসক ছিল। কবচ মাহুলি জাঁড় বুটি চরণামৃত কিছু দিতে বাধে না এখের।

লোকটা নিজের ছেলেরও নাকি মৃত্যু ঘোষণা করেছিল এক করেছিল মায়ের অর্থাৎ নিজের স্বীর সম্মুখে। উঃ কী নিষ্ঠুর। কল্পনা করা যায় না।

প্রত্যোত্ত ডাক্তার একটা দীর্ঘনিশ্বাস ফেলে সিগারেট ধরিয়ে নিজের ঘর থেকে বেরিয়ে নার্সদের অফিসের দিকে গেলেন। নার্সকে ডাকলেন—বললেন—ওই পেশেন্ট—ওই বুড়ো বামুনকে ডাক্তি করা হয়েছে। ভালো করে নজর রাখবে। ওর স্টুল একজামিনেশন দরকার। আজই করে রাখবে।

তারপর সষস্তু গুয়ার্ডটা ঘুরে বেড়িয়ে এসে দাঁড়ালেন ফাঁকা মাঠে—নতুন বাড়িটার সামনে। স্বন্দর হচ্ছে বাড়িখানা। ডিসেন্ট বিল্ডিং। চারদিকে চারটে উই: থাকলে আরও স্বন্দর হত। হবে, স্বীম আছে। পরে হবে।

নতুন কাল। বিজ্ঞানের যুগ। অদৃষ্ট নিয়তি নির্বাসনের যুগ। ব্যাথিকে জয় করবে মাহুয়। মৃত্যুর সঙ্গে সে যুদ্ধ করবে। মৃত্যুর মধ্যে অমৃত খুঁজেছে মাহুয়—জ্বলহার হয়ে। এবার জীবনের মধ্যে অমৃত সন্ধানের কাল এসেছে। একালে অনেক আয়োজন চাই। অনেক কিছুর আয়োজন। সঙ্গে সঙ্গে প্রয়োজন—এই লোকগুলির নির্বাসন। এই জীবনমশায়নের। নিদান। নিধান। মৃত্যুর সঙ্গে যেন একটা প্রেম করে বসে আছে এদেশ! গঙ্গার ঘাটে গিয়ে জলে দেহ ডুবিয়ে

স্বাই এখানে জীবনের কাম্য। মতির মায়ের এক্সরের রিপোর্ট পেয়ে প্রত্যন্ত বেন প্রেরণা পেয়েছে একটা। এক্সরে রিপোর্ট নিয়ে মতি আজ সকালে বর্ধমান থেকে ফিরে এসেছে। বর্ধমানের হাসপাতালের ডাক্তার প্রত্যন্তের চেয়ে সিনিয়র হলেও তার সঙ্গে প্রত্যন্ত ডাক্তারের বেশ একটু সম্প্রীতি আছে। সে তাকে লিখেছিল—“আমাকে বেন সমস্ত রিপোর্ট অল্পগ্রহ করে জানাবেন। কারণ এই কেসটিতে আমি খুবই ইন্টারেস্টেড; এই বুড়ীকে ‘মরণ ভ্রম’ বলে খোল করতাল সহযোগে মাম সংকীর্তন করে শ্রানগঙ্গা পাঠাবার ব্যবস্থা হচ্ছিল—এখানকার সে আমলের এক জ্ঞানবুদ্ধ বৈজ্ঞ মহাপ্রভু নিদান হৈকেছিল—কয় মাস কয় দিন, কয় দণ্ড, কয় পলে বেন বৃদ্ধার প্রাণ-বিহ্বল পিঞ্জর ত্যাগ করবে; এই পায়ের-বাধা রোগেই মরবে; সেই কেস আমি জোর করেই হাসপাতালে পাঠাচ্ছি। এখানকার লোকেরা নাকি মনে মনে হাস্ত করছে এবং বলাবলি করছে—জীবন দত্ত যখন নাড়ী দেখে বলেছে বুড়ী মরবে, তখন ওকে বাঁচায় কে ?

এই কারণেই সেখানকার ডাক্তার রিপোর্টের পুরো নকল মতির হাতে পাঠিয়েছেন। সেই রিপোর্ট পড়ে প্রত্যন্তের মুখে ব্যঙ্গহাস্য ফুটে উঠেছিল—তার সঙ্গে বিরক্তিও জমা হয়েছিল। পড়ে গিয়ে বুড়ীর একটা পায়ের গাঁটে আঘাত লেগেছে, খানিকটা হাড়ের কুচি ভেঙে সেখানে থেকে গিয়েছে, সেই হেতুই বৃদ্ধার এই অবস্থা। ওই জায়গাটা কেসে হাড়ের কুচিটাকে বের করে দিতে হবে এবং হাড়ের যদি আর কোনো অংশ বাদ দিতে হয় দিতে হবে দিলেই বুড়ী সেরে উঠবে। এতে আশঙ্কার কোনো কারণ নাই।

নিদান! নিদান! নিদান!

কাল সন্ধ্যাতেও এই নিদানের কথা একদফা শুনে এসেছেন। এই বি কে মেডিক্যাল স্টোর্সের মালিক বিনয়দের ওখানে। ওই—ওই একটি রক্তশোধক-কারী, রোগের সুযোগে মানুষকে সর্বস্বান্ত করে। জালওষুধ বিক্রি করে। মুখে বড় কথা বলে। বাধ্য হয়ে প্রত্যন্তকে ওখানে যেতে হয়, নইলে ওকে স্তম্ভ করে প্রত্যন্ত।

প্রত্যন্ত ডাক্তার ওখানে গিয়েছিল একটা বিশেষ জরুরী ইনজেকশনের অর্ডার দিতে। কাল সন্ধ্যা পর্যন্ত পাওয়া চাই-ই। তার সঙ্গে আরও দু-চারটে ওষুধ। বিনয়ের দোকানের একটি বিশেষ ব্যবস্থা আছে যে, প্রতিদিন রাত্রি দশটার ট্রেনে তার লোক কলকাতা যায়, সকালে পৌঁছে বরাতী জিনিস কিনে আবার দুপুরেই রওনা হয়ে সন্ধ্যার সময় নবগ্রাম ফিরে আসে। পুরো চকিষ কটাও লাগে না। এর অন্ত নে হাওড়া পর্যন্ত মাছলি টিকিট করেছে।

ওদের ওখানে মজলিশের মাঝখানেই এই কথা হচ্ছিল। এই মতির মায়ের কথা। কাল যে ছেলেটি তার হাতে মারা গেছে তার কথা। বিপিনবাবুর হিকার কথা। বিনয় নিজে ওষুধের দোকান করে, লাভও করে প্রচুর কিন্তু নিজে অ্যালোপ্যাথিতে খুব বিশ্বাসী নয়, কবিগাজিতেই তার নিজের রুচি এবং মধ্যে মধ্যে ডাক্তারদের বলে—আপনাদের এ আমলের চিকিৎসা, ও তো কানাতেও পারে মশায়। রক্ত পরীক্ষা, মলমূত্র খুঁখু গয়ের পরীক্ষা, এক্সরে, এ সব হবে, তারপর আপনারা চিকিৎসা করবেন। সে আমলে নাড়ী টিপে ধরেই বলে দিত এই হয়েছে। বলে দিত—আঠারো মাস কি ছ মাস কি সাতদিন মেয়াদ। এই আমাদের জীবনমশায়—।

জীবনমশায়ের নিদান হাঁকার গল্প বলেছে। শেষে বলেছে—মতির মাকে মশায় বধন বলেছেন ডাক্তারবাবু—তখন—।

এক্সরে রিপোর্ট এবং চিঠিখানা পেয়ে প্রদ্যোত মনে বল পেয়েছে, প্রেরণা পেয়েছে। এখানকার লোকে এমনভাবে বলে যে মধ্যে মধ্যে নিজেকে বেশ দুর্বল মনে হয়। চাকুবাবু হৃদ্ধ ওদের স্বরে স্বর মিলিয়ে কথা বলেন। হেন্নে ডাক্তার তরুণ। কিন্তু সে এখানকার ছেলে। সে বিশ্বাস হয়তো করে না, কিন্তু অবিশ্বাস করার মতো দৃঢ়তাও তার নেই। তার বাল্যস্মৃতি তাকে নাড়া দিয়ে দুর্বল করে দেয়। মশায় না কি তাকে মৃত্যুর হাত থেকে বাঁচিয়েছিলেন। এবং তার গল্প না কি আশ্চর্য। তার বাল্যজীবনের আরও অনেক আশ্চর্য স্মৃতি আছে।

এবার সে প্রমাণ করবে।

মতির মা বাঁচবে, দাঁতু বাঁচবে।

ডাক্তার বাসার দিকে চলল।

গানের স্বর এসে কানে ঢুকল। মঞ্জু গান গাইছে। বেলা প্রায় একটা। রান্নাবান্না হয়ে গেছে—কাজ নাই—গান গাইছে মঞ্জু। আশ্চর্য জীবনমশায়ের মঞ্জু। মূর্তিমতী জীবনের বরণা! উচ্ছ্বসিত আবেগে সম্মুখের পানে বেয়ে চলেছে। বহু হৃদ্ধ করে ডাক্তার তাকে জয় করেছেন। তাঁর বাড়িতে এই কারণেই মঞ্জুকে পছন্দ করে না। বলে—ছালালীপনা কি ভালো!

ডাক্তারের ভালো লাগে। মঞ্জুকে ডাক্তার সাইকেল চড়া শিখিয়েছেন। বন্দুক ছুঁড়তে শিখিয়েছেন। মোটর ড্রাইভিং শেখাবেন। বাধা তিনি দেবেন না।

এই তো—এই তো জীবন। গতিশীল উন্নাসময়, ওইখানেই তো আছে সবল জীবনের আনন্দ। দিস্ক ইজ লাইফ।

সিঁড়ির উপর ব্লিচিং পাউডার ছড়ানো আছে। তাই মাড়িরে ডাক্তার জুতোর

ডালা পরিভ্রমণ করে নিয়ে উপরে উঠলেন। ওদিকে সাবান, জল, লোশন, ভোয়ালে সাঝানো রয়েছে।

মহর গভিতে ক্যা ক্যা শব্দ তুলে একধান। ছইওরাল গাড়ি আসছে। হাসপাতালের পাশ দিয়েই রাস্তা। শ্রাবণের আকাশে মেঘ বুগছে—ছায়াচ্ছন্ন রান ষিগ্রহর—টিপটিপ বৃষ্টি পড়ছে মধ্যে মধ্যে। গাড়িখানার ছইয়ের ভিতর ঠিক সামনেই বসে কে? পাকা বাড়ি, পাকা চুল, স্থূল স্ববির—মেঘাচ্ছন্ন আকাশের দিকে চেয়ে রয়েছে, গাড়ির ঢাকা খালে পড়ছে, ইটে হোচট খাচ্ছে, তার সঙ্গে দেহখানি ঝাঁকি খাচ্ছে—ভ্রক্ষেপ নাই।

জীবনমশায় তো! ডাকে চলেছেন কোথাও।

একুশ

জীবনমশায়ই বটে। পলাইচণ্ডী গ্রামে ডাকেই চলেছেন। শশীর বোঙ্গি রামহরি লেটকে দেখতে চলেছেন। আকাশের দিকেই চেয়ে আছেন। গাড়ির ঝাঁকি খাচ্ছেন—ভ্রক্ষেপ নাই। এই ধারাই জীবন দস্তো চিরকালের ধারা। পোকর গাড়িতে চড়লেই এমনই ভাবে গভীর চিন্তামগ্ন বা শূন্য মনে আকাশের দিকে তাকিয়ে থাকেন।

পিছনে বসে শশী বকেই চলেছে! সে বলছিল, মেয়েছেলেদের ওই বটে শো। টাকা লোকসান সর না।

জীবনমশায় স্তব্ধ হয়ে বসে আছেন। বের হবার আগে আভর-বউকে যে কথা তিনি বলেছেন—শশী তা শুনেছে। তারই জের টেনে চলেছে সে। আরস্ত করেছে—প্রত্যোত্ত ডাক্তারও একদিন মরবে—এই কথা বলে। মশায়ের কাছে ধমক খেয়ে এখন এসেছে স্বীয়ের কথায়।

শশী একটু চুপ করে থেকে আবার বললে, তা ওরা এখন নিজে থেকেই দিতে এসে, তখন নিলেন না কেন? তাতে কী ঘোষ হত?

জীবনমশায় এতেও সাড়া দিলেন না।

শশী আবার বললে—রাগলে আর বউঠাকরনের মুখের আগল থাকে না। ওই ঘোবটা গুর আর গেল না।

জীবনমশায় আকাশের দিকেই তাকিয়ে আছেন। আভর-বউয়ের কথাগুলি মনে বুগছে। কথা নয় বাক্যবাণ; কিন্তু জীবনমশায় ও বাণে বিদ্ধ হয়েও আহত

হন না। স্ববির হাতির মতো চলেন—বাণগুলি গায়ে বিঁধে থাকে, কিন্তু কোনো আর্শাচ্ছূতি অক্ষুণ্ণ করেন না, তারপর কখন খসে পড়ে যায়। সমস্ত দেহই তো কিছু কিছু কতটিকে আচ্ছন্ন হয়ে রয়েছে।

শশী কিন্তু বিরক্ত হয়। এই বুড়োর মেজাজটা চিরকাল একরকম গেল। একশোটা কথা কইলে একটা উত্তর দেয়। বুঝতে পারা যায় না কোন কথায় লোকটার মন নাড়া খাবে—সাদা দেবে। বউঠাকরন মুখরা বটেন; কিন্তু সে ওই স্বামীর কারণেই মুখরা। ঝগড়া কলহ সবই জীবনমশায়ের সঙ্গে। বাইরের লোকের সঙ্গে ব্যবহারে বউঠাকরন অল্প মামুষ। শশীর প্রথম জীবনটা কেটেছে এই বাড়িতে; সে তো জানে! পুরো তিন বছর ওই বাড়িতে কেটেছে। বউঠাকরন সে সময় যে স্বপ্ন যে আত্মীয়তা করেছেন সে তো তার মনে আছে। ডেকে জল খাইয়েছেন, না খেলে তিরস্কার করেছেন। কথাটি বড় ভালো বলতেন—রোজ্জার ঘাড়েও ভুতের বোঝা চাপে শশী, ডাক্তার কবরেজেরও অস্থ কর। সময়ে খা। পিণ্ডি পড়াস নে।

শুধু এই নয়, বাড়িতে যখন যে জিনিসটা তৈরি করেছেন, ডেকে খাইয়েছেন। কলতেন—খা তো শশী। দেখ তো ভাই কেমন হল।

ভালো জিনিস ঝাকড়ায় বেঁধে দিয়েছেন—শশী নিয়ে যা বাড়ি। বউকে ধাওয়াবি।

শশীর তখন নতুন বিয়ে হয়েছে। শশীর বউয়ের মুখ দেখে একটি আংটি দিয়েছিলেন বউঠাকরন।

বউঠাকরনকে তেতো করে দিয়েছে এই বুদ্ধ! এই মস্ত হস্তী!

মস্ত হস্তীই বটে। কোনো কিছুতেই ক্রম্পেপ নাই। বসে আছে দেখ তো? বেন একটা পাথর।

কী বলবে শশী! শশীর আজ নিজের গরজ! গা চুলকাতে চুলকাতে শশী আবার স্তাবকতা শুরু করলে, বউঠাকরনের দোষ নাই মশায়। সে আমল মনে পড়লে দুঃখ হয়, আপশোস হয়—হবার কথাই বটে। ওঃ, সে কী পসার, কী ডাক, দিনে রাত্রে খাবার শোবার অবসর নাই। সেই সাদা বোড়াটা, এতবড় ঘোড়া দু-বছরের মধ্যেই 'হুমরে' ধরে গেল। আর দেশেও কী জর! হৌ-হৌ করে কাপুনি—কৌ-কৌ করে জর। তার ওপর প্রেসিডেন্ট পঞ্চায়ত। ওরে বাবা রে বাবা! সে একটা আমল বটে! গন্ধার নৌকা চলা থাকে বসে। সেই হরিশ ভাস্করের ছেলের মৃত্যু মনে আছে আপনার? এমিকে ধরে ছেলের এখন-তখন গমিকে মনের জ্বলে মালিশের শিশিতে খাবার গুঁধু লিখে দিয়েছিল হরিশ—তাই

খেয়ে নোটন গড়াঞ্জীর পুত্রবধু যায় যায়, রাজি বারোটায় খোকা চাটুক্ষে ছুটে এসে পড়ল—তার বোন গলায় দড়ি দিয়েছে। দারোগা পুলিশ ছুক ছুক করছে শ্বশু খাবার জন্তে—আপনি ওদিকে মেলায় পাগ্গাবী খেলোয়াড়ের ছকের সামনে বসেছেন কোঁচার খুঁটে, টাকা নিয়ে, বাপরে বাপরে। সে কী রাজি! মনে আছে।

জীবন ডাক্তার একটা দীর্ঘনিখাস ফেললেন। একটু নড়ে বসলেন।

না। সেদিনের কথা ঠিক মনে নাই, স্পষ্ট মনে পড়ে না। মনে পড়িয়ে দিচ্ছে মনে পড়ে। মনে পড়ার সঙ্গে সঙ্গে এমনি একটা অন্তি জেগে ওঠে। নিজেই নিজেকে প্রশ্ন করেন। কেন এমন হয়েছিল? কেন?

চঞ্চল হয়ে উঠলেন বুদ্ধ। মনে পড়ে গেল সেই গোপন সংকল্পের কথা। ষোড়া কিনে ষোড়ায় চড়ে আন্তর-বউকে পালকিতে চড়িয়ে একদিন কাঁদী যাবেন। ষোড়া তিনি কিনেছিলেন। বড় সাধা ষোড়া। আন্তর-বউকে অলঙ্কার দিয়েছিলেন অনেক। কিন্তু কাঁদী যাওয়া হয় নি। কেন যে যান নি তা আজও বুঝতে পারলেন না। সংকোচ না ভয় কে জানে! হয়তো বা দুই-ই। যে কারণেই হোক পায়নি নি। শুধু প্রতিষ্ঠা এবং সম্পদের মাধকতায় অঞ্চলটাতেই প্রমত্তের মতো ঘুরে বেড়িয়েছেন। প্রতিষ্ঠার সেই বোধ করি শ্রেষ্ঠ সময়! চিকিৎসার ব্যাতি তাঁকে সর্বজনমাগ্ন করে তুলেছিল। সরকার পৰ্বন্ত তাঁকে খাতির করে এখানকার প্রেসিডেন্ট পঙ্কায়ত করেছিল। কিন্তু কিছুতেই মন ভরে না। যা পেয়েছেন তা হুহাতে ছাড়িয়ে দিয়েছেন। মনই তৃপ্তি পায় নি তো সঞ্চয় করবেন কোন আনন্দে? যদি বল—প্রতিষ্ঠার আনন্দে, বলতে পার, কিন্তু সেও ফাঁকিতে পরিণত হয়েছে। তাই তো হয়! বাবা বলতেন—রঙলাল ডাক্তারও বলতেন—প্রতিষ্ঠা যদি সত্যাকারের আনন্দ না হয়, মনকে যদি ভয়পূর করে না দেয়, তবে সে ছেনো মিথ্যে—তার আয়ু সামান্য কয়েকটা দিনের, সে দিন কটা গেলেই সে প্রতিষ্ঠা হয়ে যায় তুম্বো মিথ্যে। রঙলাল ডাক্তার হেসে ত্র্যাণ্ডির গ্লাস হাতে নিয়ে বলতেন—এই এর নেশার মতো! একদিন বলেছিলেন—নবদম্পতির আকর্ষণের মতো সেটা যদি নিতান্তই রূপ যৌবন ভোগের আনন্দের মতো আনন্দ হয়—তবে রূপ যৌবন ষাবার সঙ্গে সঙ্গে আনন্দ বিবাদ হয়ে ভেতো হয়, মিথ্যে হয়। কিন্তু সে যদি ভালোবাসা হয়, তবে সে কখনও যায় না জীবন! যদিও আমি ও দুটোর খাদ জানি না। বলে হা হা করে হেসেছিলেন।

বাবা বলতেন—পরমানন্দ মাধকের কথা। তাঁকে না পেলে কিছুই পাওয়া হয় না। তাঁকে পাওয়া যায় কি না জীবনমশায় ঠিক জানেন না। তবে তিনি পান

নি। সম্পদের মধ্যে পান নি, প্রতিষ্ঠার মধ্যেও পান নি, সংসারে আভর-বউ ছেলে-মেয়ে হইয়া হুয়মা নিকপম বনবিহারী কান্দর মধ্যে না।

নেশা তিনি করতেন না। নেশা ছিল রোগ সারানোর, রোগীকে বাঁচানোর। আর ছিল দাবা এবং মেলায় জুয়ো খেলা। মনে আছে, হাতের কঠিন রোগী বাঁচবে কি মরবে অন্তরে অন্তরে তাই বাজি রেখে জুয়োর ছকে দান ধরতেন। জিতলে গাঁচবে, হারলে মরবে। মেলে না। তবুও ধরতেন।

সে আমলে জুয়ো খেলাটা দোষের ছিল না, অন্তত বড়লোকের ছেলের দোষের ছিল না। ছেলেবয়স থেকেই অভ্যাস ছিল কিছু কিছু, তারপর প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে বেড়ে উঠেছিল। সেটাকে বাড়িয়ে দিলে আবার আভর-বউ।

শশী বলেছে সেই এক রাত্রির কথা মনে পড়েছে বই কি। সব মনে পড়েছে। রাত্রি শুধু নয়—রাত্রি দিন, সেকাল, সেকালের মানুষ-জন সকলকে মনে পড়েছে। সেকালের জলটলমল দীঘি, ধানভরা খেত-খামার, শান্ত পরিচ্ছন্ন ছায়াঘন গ্রামগুলি, লম্বাচণ্ডা দশাশই মানুষ, মুখে মিষ্টি কথা, গোয়ালে গাই, পুকুরে মাছ, উঠানে মরাইয়ে ধান, ভাঁড়ারে জ্বালায় জ্বালায় চাল, কলাই মুগ মসুর ছোলা অড়হর মাসকলাই, মন মন গুড়—সে কাল—সে দেশ দেখতে দেখতে ষেন পালটে গেল।

ম্যালেরিয়া ছিল না তা নয়। ছিল। পুরনো জর দু-চারজনের হত। শিউলি-পাতার রস আর তাঁদের বাড়িতে বাড়ির পাচনে তারা সেরে উঠত। হঠাৎ ম্যালেরিয়া এল সংক্রামক ব্যাধির মতো।

শশী হি-হি করে হাসছে। বলছে—হৌ-হৌ করে কৌ কৌ করে জর। শশীর প্রকৃতি অস্থায়ী ঠিকই বলেছে শশী। জীবন ডাক্তারের সে স্মৃতি মনে পড়লে সমস্ত অন্তরটা কাতর আর্জনা দ করে ওঠে। উঃ কত বে শিশুর মৃত্যু হয়েছিল সেবার তন্ন সংখ্যা নাই। শিশুমড়ক বলা চলে। মায়ের কায়ায় আকাশ ভরে উঠেছিল।

এ অকলে তখন তাঁর বিপুল পসার। তিনি ছাড়া ছিলেন হরিশ ডাক্তার। কিশোরের বাবা কৃষ্ণদাসবাবু ষাকে প্রথম স্থান দিয়েছিলেন তাঁর বাড়িতে। সে তখন ব্রজলালবাবুর দাতব্য চিকিৎসালয়ে কম্পাউণ্ডার হয়েছে। দেখতে দেখতে আর দুজন ডাক্তার এসে বসল। পাশকরা ডাক্তার নয়, কম্পাউণ্ডারি করত—রোগের মরসুমের ডাক্তার হয়ে এসে বসল। এই নবগ্রামের নরপতি রায় চৌধুরী একথানা হোমিওপ্যাথিক বই কিনে আর ওষুধ কিনে এক পাড়াগাঁয়ে গেল চিকিৎসা করতে। বরদা রায়চৌধুরীর ছোট ছেলে ইয়ুলের পড়া ছেলে চলে গেল কলকাতার আর. জি. কন মেডিকেল ইয়ুলে পড়তে। পাগলা নেপালের ছোটভাই—বেঙ

শানিকটা পাগল ছিল—পাগলা সীতারাম, সে খুলে বসল ওষুধের দোকান। নবগ্রাম মেডিকেল হল। খুচরা ও পাইকারী ওষুধের দোকান।

এই মোড়ক মহামারীর মধ্যে মানুষ চিকিৎসা-ব্যবসাতে উপার্জনের প্রাণত পথ দেখতে পেল।

ঘরে ঘরে মানুষ নিলে শয্যা। তাঁকে ঘুরতে হত সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত। বাবুপাড়া, বণিকপাড়া, শেখপাড়া, মিয়াপাড়া, জেলাপাড়া, ডোমপাড়া, কাহারপাড়া, বাড়িরপাড়া। হরিশ ডাক্তারের ছপকেট বোঝাই হত টাকায়। তাঁর তিন পকেট—চার পকেটও হতে পারত। কিন্তু তিনি তা করেন নি। তাঁর বংশের ধারা তিনি স্থগ্ন করেন নি। অর্থ কাম্য ছিল না তা নয়—কিন্তু তার সঙ্গে পরমার্থও ছিল কামনা। ওরই ওপর তো মশায়দের মহাশয়ত্ব। হায় আতরবউ, আজ সেই তিনি কি রতনগবুরা চার টাকা দিতে এসেছিল বলেই চার টাকা নিতে পাবেন? ছিঁছি!

তিনি ডাকে বের হতেন—পথে যে তাঁকে ডেকেছে তার বাড়িই গিয়েছেন, যে বা দিয়েছে তাই না দেখেই পকেটে ফেলেছেন। ক্ষেত্রবিশেষে সাহায্য করে এসেছেন। হরিশ এখানে আগন্তুক, সে রোজগার করতেই এসেছিল। জীবন দস্ত, এখানকার তিনপুরুষের চিকিৎসক, মশায়ের বংশ, শুধু তাই নয়—নিজের গ্রামের তিনি শরিক জমিদার, তাঁর কাছে কি উপার্জন বড় হতে পারে। কখনও কোনোদিন মনেও হয় নি। বরং পকেট থেকে মেকি এবং খারাপ-আওয়াজ টাকা আধুলি সিকি বের করে আতর-বউ বকাবকি করলে তিনি কোঁতুক অহুভব করতেন।

আতর-বউ বলতেন—হেসোনা! আমার গা জালা করে।

জীবন মশায় তাতেও হাসতেন। কারণ আতর-বউয়ের পাত্রজালা হারী ব্যাধি। ওই জালা চিত্তাকাঠে সঞ্চারিত হয়ে দাউ দাউ করে জলে তবে নির্বাণিত হবে।

সে সময় পর পর দুটো ষোড়া কিনেছিলেন তিনি। একটা বড় একটা মাঝারি। গারে হেঁটে ঘুরে কুলিয়ে উঠতে পারছিলেন না। বছর তিনেকের মধ্যেই দুটো ষোড়াই অকর্প্যা হয়ে গেল। কুমরি রোগ—অর্থাৎ কোমরে বাত হল। জীবন ডাক্তারের বিপুল ভার বয়ে দুটো জীবন প্রায় অক্ষয় হয়ে গেল। জানোয়ার দুটোর শেষ জীবন হাটের তামাক-ব্যবসায়ীর তামাক বয়ে অভিবাহিত হয়েছে। এর পর আর ষোড়া কেনেন নি জীবন ডাক্তার। তাঁর শক্তির তো অভাব হয় নি, অভাব হত সময়ের, তা হোক, চারটের পাঁচটার খাওয়া—তাই

থেয়েছেন। মাঠের পথ ভেঙে ডাক্তার হাঁটতেন। লোকে বলত—হাতি চলছে। হাতিই বটে। একদিন সকালে জুতোর কাদা ঘোচাতে গিয়ে ইন্দির লাক্ষ্মিরে উঠেছিল—বাপরে! সাপ! একটা মাঝারি কেউটে সাপের মাথা তাঁর জুতোর তলায় চেপটে লেগেছিল। ঠিক জুতোর তলায় কে নিশুণ হাতে কেউটের মাথা এঁকে দিয়েছে। ভাগ্যক্রমে অন্ধকারে ক্রক্ষেপহীন মাতঙ্গপদপাতটি ঠিক সাপটার মাথার উপরেই হয়েছিল! ইন্দির জুতোটা এনে তাঁকে দেখাতে তিনি হেসেছিলেন। আতর-বউ শিউরে উঠে মনসার কাছে মানত করেছিলেন—তাঁকে তিরস্কারও কবেছিলেন। এমনই কি মাগুয়ের উপার্জনের নেশা। দিগ্‌বিদগ্‌, জ্ঞানশূন্য হয়ে ছোট্টে টাকার জন্তে। তাতেও তিনি হেসেছিলেন—এই কদিন আগেই আতর-বউ ঘুষা দেয়, ফী নেওয়ার জন্ত বলেছিলেন, দাতাকর্ণদের ছেলের গলায় ছুরি দিতে হয় না জান? তুমি তাই দেবে। সে আমি জানি।

বন্ধুবা তাদের রহস্য করে বলত—দেশেব লোকের সর্বনাশ আর ডাক্তারদের পৌষ মাস।

তাতেও তিনি হাসতেন। বুঝতেন বন্ধুদের ফিস্ট খাবার অভিজ্ঞায় হয়েছে। বলতেন—গাছলে পৌষ মাস তো কিছু খেতে হয়। বিষ্টি-টিষ্টি কিছু করো গাছলে।

—দে, টাকা দে!

সেতাব স্বরেন্দ্র নেপাল ফিস্টের আয়োজনে লেগে যেত। গন্ধে গন্ধে শশীও জুটত। হাবিশ ডাক্তারকেও নিমন্ত্রণ পাঠাতেন।

এ সব হত রাতে। দিনে অবকাশ কোথায়? ভাবে উঠে আরোগ্যনিকেতনে বোগী দেখে ডাক থেকে ফিরতেই হয়ে যেত অপরাহ্নে, বেলা চারটে। চারটের পর খাওয়া-দাওয়া সেরে দুরান্তের ডাক। সেখান থেকে ফিরতে নটা, দশটা, বারোটা। তিনটেও হত। বারোটা পর্যন্ত সেতাব স্বরেন্দ্র নেপাল তাঁর অপেক্ষায় থাকত। আরোগ্য নিকেতনের দাওয়ায় আলো জ্বলত, ইন্দির যোগাত চা আর তামাক, তারা খেলত দাবা। আর বসে থাকত চৌকিদারেরা। জীবনমশায় তখন প্রেসিডেন্ট পঞ্চায়ত। জীবনমশায় ফিরে এসে অন্তত একহাত দাবা খেলে চৌকিদারের হাজিরার খাতায় সই করে তবে বিশ্রাম করতেন। কতদিন রাত্রি প্রভাতও হয়ে যেত। খাওয়া-দাওয়ার দিনে ইন্দির আর শশী যেত নবগ্রামের বাজারে। ডাক্তার চিট দিতেন। তেল ঘি ছুন মশলা এমন কি সাহাদের দোকান থেকে আসত মদ। স্বরেন্দ্র নেপাল হাবিশ ডাক্তার শশী এদের মদ নইলে তৃপ্তি হত না। নেপাল স্বরেন্দ্র যেত পাঠার খোঁজে। চৌকিদার যেত, ছেলে ডেকে আনত,

সে পুকুর থেকে মাছ ধরে দিত। ডাক্তার আত্মবিশ্বস্তই হয়েছিলেন। সে যেন একটা নেশার ঘোর।

মনে পড়ছে সে রাজির কথা। ঠাা, জীবনের একটা স্বর্ণীয় রাজি বটে। বাড়ি, সেদিন বিকেলে বাড়ি থেকে বের হবেন—প্রথমে যাবেন হরিশ ডাক্তারের বাড়ি; হরিশের ছেলের অস্থখ শুনেছেন। তারপর যাবেন মেলায়। মেলা চলছে সে সময়। ভাত্র মাসে, নাগপঞ্চমীতে মনসাপূজার মেলা। মেলায় কর্তারা এসে নিমন্ত্রণও করে গেছে। জীবনমশায় গিয়ে পুলিশের সঙ্গে একটা রফা করে জুয়ো খেলার বন্দাবস্ত করে দেবেন। এবং সেখানে জুয়ো খেলে জীবনমশায় দশ-বিশ টাকা জুয়াদিকে দিয়েও আসবেন। ঘরের মধ্যে জামা পরবার জন্তে চুকেই দেখলেন আতর-বউ জামার পকেট থেকে টাকা বের করে নিচ্ছেন। স্বামীর সঙ্গে চোখা-চোখি হতেই আতর-বউয়ের মুখ নাল হয়ে উঠেছিল: কোনো কথা বলবার আগেই আতর-বউ বলেছিলেন—জুয়ো খেলে তুমি টাকা দিয়ে আসবে, সে হবে না। তোমার লজ্জা হয় না জুয়ো খেলতে? জীবনমশায় বলেছিলেন—জুয়ো খেলবো না, টাকা বের করে নিয়ো না। ছেলেদের দেব, চ কবদের দেব—ওরা সব মেলা দেখতে যাবে, মেলায় মধ্যে দু চারজন হাত পাতে, দিতে হয়। টাকা রাখো।

—বইল পাঁচ টাকা।

—পাঁচ টাকায় কী হবে?

—না। আর দেব না। কিছুতেই দেব না।

—ভালো।

জামাটা টেনে নিয়ে পাঁচটা টাকার নোটটাও ফেলে দিলেন। তারপর জামাটা গায়ে দিয়ে বেরিয়ে গেলেন। বাইরে দাঁড়িয়েছিল ছেলে বনবিহারী, নতুন বাহাসক হাতে নিয়ে বাপের প্রতীক্ষায় দাঁড়িয়ে, মেলা দেখতে যাবে, টাকা চাই। গায়ে ডবলব্রেস্ট কোট, পায়ে পামু। বনবিহারী বাবুদের ছেলেদের সমান বিলাসী: চাকর ইন্দির দাঁড়িয়ে, নন্দ তখন ছেলেমাহুষ, সেও দাঁড়িয়ে, তারা জানে—মশায় মেলায় সময় বকশিশ দেবেন। সকলের দিকে তাকিয়ে যেন আগুন জ্বলে গেল। আতর-বউ পাঁচ টাকার নোটখানা কুড়িয়ে নিয়ে ছেলের হাতে দিলেন। জীবনমশায় বলেছেন—ইন্দির আমার সঙ্গে আয়।

তিনি ভুলে গেলেন—হরিশের ছেলের অস্থখের কথা শুনেছিলেন, ছেলেটির অস্থখ করেছে। গত রাতে হরিশকে নিমন্ত্রণ পাঠিয়েছিলেন খাওয়ার জন্ত; হরিশ আসতে পারে নি, লিখেছিল -“ছেলেটার হঠাৎ কঙ্গ দিয়া আর আসিয়াছে

মেয়েরা ভয় পাইতেছে, যাইতে পারিলাম না।’ জীবনমশায় ভেবেছিলেন একবার খোঁজ নেবেন। কিন্তু উদ্ভ্রান্ত হয়ে ভুলে গেলেন। নবগ্রামে সাহাদের মদের দোকামে এসে সাহাকে ডেকে বললেন—পঞ্চাশটা টাকা চাই সাহা।

সাহা শুধু মদের দোকানই করত না, টাকা দাদনেরও কারবার করত, সাধারণকে টাকা দিত গহনার উপর, সম্মানী ব্যক্তিকে হাওনোটে।

অবাক হয়ে গেল সাহা—মশায়ের টাকা চাই!

—চাই। কাল-পরশু চেয়ে নিস। আন টাকা।

বিনা বাকাবায়ে সাহা টাকা এনে তাঁর হাতে তুলে দিল। কোন স্বরণ-চিহ্নও চাইলে না।

টাকা নিয়ে ইন্দ্রিকে দুটো টাকা দিয়ে বাকি টাকা নিয়ে বেরিয়ে গেলেন—মেলা। মেলা ঘুরে গিয়ে বসেছিলেন জুয়ার আসরে। রাজি তখন আটটা! বসে গেলেন জুয়ার আসরে। মনে মনে সেদিন কী বাজি রেখেছিলেন মনে নেই। বোধ হয় এক বছরের মধ্যে তিনি যদি মরেন, তবে তিনি জিতবেন।

দশটার সময় ছুটে এসেছিল—এই শশী। শশী তখন হরিশের অধীনে চ্যারিটেবল ডিমপেনসারির কম্পাউটার। তার মেলাতে থাকারই কথা, কিন্তু হরিশের ছেলের অস্থির জন্তু আসতে পারে নি। ছেলের অবস্থা সংশয়াপন্ন; ওদিকে হরিশের হাতের বেগী নোটন গড়াগরী পুত্রবধু মালিশ খেয়ে বসে আছে। ভুল হরিশের। ছেলের অস্থির; বিভ্রান্ত মস্তিষ্ক হরিশ মালিশের শিশি দিয়ে বলছে—এইটে খাবার।

—এখুনি চলুন আপনি।

উঠেছিলেন তাই, তখন কোঁচার খুঁটে গোটা বিশেক টাকা অবশিষ্ট, ডাক্তার উঠেই টাকা কটা গোছ করে জাহাজের ঘরে বসিয়ে দিয়ে বলেছিলেন—সুই! জাহাজ ডোবে তো গেল, ওঠে তো রেখে দিয়ো—কাল নেব।

জাহাজ ডুববে, অর্থাৎ তিনি হারবেন সে তিনি জানতেন। অর্থাৎ তিনি মরবেন না এক বছরের মধ্যে। অনেক দেখতে হবে তাঁকে। এখন হরিশের ছেলেকে দেখতে হবে চলে।

যেতে যেতে হরিশের ছেলে শেষ হয়ে গিয়েছিল! জীবনমশায়কে দেখে বুক চাপড়ে কেঁদে উঠেছিল হরিশ। জীবন! এ কী হল আমার! জীবন! তুমি যদি সকালে একবার আসতে তাই, তবে হয়তো বাঁচত আমার ছেলে।

জীবনমশায় যুদ্ধ তিরস্কার করেছিলেন হরিশকে—তুমি না ডাক্তার হরিশ! ছি! তোমার তো এমন অধীর হওয়া সাজে না। ‘অহুহনি ভূতানি গচ্ছন্তি’ যমরন্ধিরং’

এ কথা জানেন যিনি নিয়ন্তা তিনি আর জানেন ভবজ্ঞানী আর এ সমস্ত না বুকেও এ কথা তো ডাক্তারের অজানা নয়। চূপ করো। মেয়েদের সাধনা দাঁও। আমি যাই গড়াঙ্গীর বাড়ি।

মুহুর্তে হরিশের শোকের উচ্ছ্বাস স্তব্ধ হয়ে গিয়েছিল।

গড়াঙ্গীর বাড়ির সামনে তখন নানা গবেষণা চলছে। হরিশের ভাগ্য ভালো; সময়টা মেলার। লোকজন সবই মেলায়। নইলে এতক্ষণ হরিশের বিরুদ্ধে খানায় ডায়রি হয়ে যেত! জীবনমশায় এসে বসলেন। প্রথমেই শিশিটা হস্তগত করে পকেটে পুরলেন। তারপর নাড়ী ধরলেন। বিষের ক্রিয়ার লক্ষণ রয়েছে; কিন্তু প্রশ্ন করলেন—ওষুধটা সব খেয়েছে? পেটে গিয়েছে? যায় নি। ঝাঝালো ওষুধ রোগী বমি করে ফেলে দিয়েছে। ভয় নাই। শশীকে বললেন—ডিসপেনসারিতে স্টমাক পাম্প আছে—নিয়ে আয়।

সেই রাতেই বারোটায় থোকা চাটুজ্জ্ব এসে পড়ল—মশায় রক্ষা করুন। আমের বোন নলিনী গলায় দড়ি দিয়েছে।

চিকিৎসার জগৎ থোকা চাটুজ্জ্ব তাঁকে ডাকে নি। অল্প কারণে ডেকেছিল।

জীবনমশায় প্রেসিডেন্ট পঙ্কায়ত। তিনিই পারেন পুলিশ-লাঙ্কনার হাত হতে বাঁচাতে। তা তিনি বাঁচিয়েছিলেন। গড়াঙ্গীর পুত্রবধুর পেটের মালিশ বমি কবিয়ে বের করে মরণের হাত থেকে ছিনিয়ে নিয়ে নতুন ওষুধ দিয়ে বাড়ি আড়াইটার সময় থোকা চাটুজ্জ্বর বাড়ি এসে বাইরে দাওয়ার উপর বসলেন। রিপোর্ট লিখে বললেন—শশানে নেবার ব্যবস্থা করো। আমি রয়েছি।

সেতাবকে বললেন—দাবার ছক খুঁটি আন সেতাব। শুধু তো বসে থাকা যাবে না। পাত, ছক পাত।

সব মনে পড়েছে। মনে আছে সবই; মনে পড়লেই মনে পড়ে। সেদিন বাজি চারটে পর্যন্ত দাবা খেলেছিলেন—বাজির পয় বাজি জিতেছিলেন। সেতাব বলেছিল—“তোমার এখন চরম ভালো সময় রে জীবন! ডাড্ডায় নৌকো চলছে।”

তঁরও তাই মনে হয়েছিল। কিন্তু—!

হঠাৎ আটকে গেল নৌকো।

এই মেলার পরই কিন্তু বনবিহারী প্রমেহ রোগে আক্রান্ত হল। শুনলেন মেলায় সে নাকি মদও খেয়েছিল।

ডাড্ডার চলমান নৌকাটা আটকেই শেষ হয় নি, অকস্মাৎ মাটির বুকের মধ্যেই ডুবে গেল।

জীবনমশায় ছেলে বনবিহারীকে ডেকে বলেছিলেন, ছি-ছি-ছি। বনবিহারী মাথা হেঁট করে দাঁড়িয়েছিল! কিন্তু সে নতমুখে তার কঠিন ক্রোধ ফুটে উঠেছিল। জীবনমশায় বলেছিলেন—বংশের ধারাকে যে কলুষিত করে সে কুলঙ্কার। বাপ লজ্জা পায়, মা লজ্জা পায়, উপরতন চতুর্দশ পুরুষ শিউরে ওঠেন—পরলোকের সমাজে তাঁদের মাথা হেঁট হয়! জানতে পারেন নি, দবজাব ওপাশে কখন আতর-বউ এসে কান পেতে দাঁড়িয়েছেন। তিনি সেই মুহূর্তেই ঘরে ঢুকে বলেছিলেন— একটা ভুলের জন্তু এতে বড় কথা বললে তুমি ওকে? আমার গর্ভের দ্বাশ দিলে! চোদ্দ পুরুষের মাথা হেঁট করেছি বললে? তুমি লজ্জা পেয়েছ বললে! তুমি নিজের কথা ভেবে দেখে কথাটা বললে? নিজে তুমি করনি? ওহহহহহহহ সন্দেহে কোন ভ্রষ্টার পালায় পড়ে একটা ভুল করে ফেলেছে! কিন্তু তুমি? মঞ্জবীর জন্তে তুমি কী কাণ্ডটা কবেছিলে— মনে পড়ে না?

শুধু হয়ে গিয়েছিলেন জীবনমশায়।

আতর-বউ ছেলের সামনে মঞ্জবীর কথা বর্ণনা শেষ করে ছেলের হাত ধরে উঠিয়ে নিয়ে গিয়েছিলেন। উঠে যায়।

জীবনমশায় বসে বইলেন অপরাধীর মতো। এবং যে মঞ্জবীকে তিনি অপরাধিনীর মতো জীবন থেকে সরিয়ে দিয়েছিলেন—আতর-বউ সেই মঞ্জবীকেই তাঁর সামনে মাথা তুলিয়ে দাঁড় করিয়ে দিয়ে গেল, পাণ্ডনাদারের মতো।

প্রতিষ্ঠার এই উৎসবমুখরিত কালে দীর্ঘদিন মঞ্জবীকে তাঁর বাবেকের জন্তুও মনে পড়ে নি। সেদিন মনে পড়িয়ে দিয়েছিল আতর-বউ। নতপানের ফলে, ব্যাভিচারের পাপে ভূগী বোসের ব্যাধি মঞ্জবীর ভাগ্যকে করেছিল মন্দ, তাকে কি তিনি মনে মনে আনন্দ পেয়েছিলেন? তার জন্তুই কি তিনি পেলেন এই আঘাত? সেইদিনই তিনি বুঝেছিলেন বনবিহারীর জীবনে মৃত্যুবীজ বপন হয়ে গেল। মালুঘের জীবনে মৃত্যু ফ্রব, জন্মের মুহূর্ত থেকে ক্ষণে ক্ষণেই সে তার দিকে চলে; মৃত্যু থাকে স্থির, হঠাৎ একদিন মালুঘ রিপূর হাত দিয়ে তাকে নিমন্ত্রণ পাঠায়; তখন মৃত্যুও তার দিকে এগিয়ে আসে। এক-একজন অহরহ ডাকে। ওই দাঁতুর মতো। দাঁতু মরবে। বনবিহারীর মতোই মরবে। ওছোত ডাক্তার ওকে বাঁচাতে পারবে না।

হঠাৎ জীবনমশায় সচেতন হয়ে উঠলেন। এদিক-ওদিক তাকিয়ে দেখলেন।

শশী এতক্ষণ পিছনে বসে বুদ্ধ হস্তীকে আপন মনে গালাগাল দিয়ে চলেছিল। এর মধ্যেই পকেট থেকে ক্যানাবিসিওকা-মেশানো পানীয়ের শিশি বের করে সে এক চোক খেয়ে নিয়েছে। গাড়িতে তামাক সেজে খাওয়ায় বিপদ আছে। খড়ের

বিছানায় আশুন লাগতে পারে। সেই ভয়েই ও ইচ্ছা সম্বরণ করে দুটো বিড়ি, চার পয়সায় দশটা গোল্ডক্লক সিগারেটের একটা সিগারেট শেষ করেছে। এবং মধো মধো দাঁতে দ্বিত্ব ঘবে ভেবেছে—বুড়োর পিঠে গোটা দুয়েক কিল বসিয়ে দিলে কী হয়? না-হয় তো—জ্বলন্ত সিগারেটের ডগাটা পিঠে টিপে ধরলে কী হয়? চূপ করে আঁকাশের দিকে তাকিয়ে থাকতে পারে?

মশায়কে নড়েচড়ে বসতে দেখে, ছইয়ের বাইরে মুখ বের করে তাকাতে দেখে শশী বললে—নেমে একবার দেখব নাকি?

—কী?

—বাটা দাঁতু সতাই ভর্তি হল কিনা হাসপাতালে?

ঠিক হাসপাতালের সামনে এসে পড়েছে গাড়িখানা।

—না। কে বল তো? গলাখানি বড় মিঠে। গাইছেও ভালো। গানখানিও চমৎকার। ওই বারান্দায় দাঁড়িয়ে রয়েছে—ডাক্তার ছোকরা নয়?

উৎসাহিত হয়ে শশী ছইয়ের পিছন দিক থেকে ঝপ করে লাফিয়ে নেমে পড়ল। বললে—ঠা ডাক্তারই বটে। ডাক্তারের পরিবার গান করছে। যেমন স্বামী তেমনি স্ত্রী। সে একেবারে খাঁটি মেমসাহেব। বাইসিকিলে চড়ে গো। আর চলে যেন নেচে নেচে। গান তো যখন তখন! অঃই। অঃই, দেখুন না।

সামনের বারান্দাতেই স্বামী-স্ত্রী প্রায় ছোট ছেলেমেয়েদের মতো খেলায় মেতেছে। তরুণী স্ত্রী ডাক্তারের হাত চেপে ধরেছে, হাত থেকে জ্বলন্ত মগটা কেড়ে নেবে। সে নিজে জ্বল চেলে দেবে। ডাক্তার বোধ করি হাঁহ-পা ধুচ্ছিল।

ডাক্তার দেবে না। সে তাকে নিরস্ত করতে বলতি থেকে জ্বল নিয়ে তার মুখে ছিটিয়ে দিচ্ছে। মেয়েটি ছুটে চলে গেল ঘরের মধ্যে। আবার ছুটে বেরিয়ে এসে কিছু যেন ছুঁড়ে মারলে ডাক্তারের মুখে। ডাক্তারের মুখ সাদা হয়ে গেল। পাউডার। পাউডার ছুঁড়ে মেবেছে!

শশী খুকখুক করে হাসতে লাগল।

মশায়ের মুখেও একটি মৃদু হাস্যেরথা ফুটে উঠল। গাড়ি মন্বব গমনে চলতে লাগল। গণেশ ভট্টাচার্যের মেয়ে তা হলে ভাল আছে। আশা হয়েছে! পরমানন্দ মাধব! না হলে ডাক্তার এমন আনন্দের খেলায় মাততে পারত না। ছোকরার সাহস আছে, ধৈর্য আছে। ছেদ আছে। বড় হবার অনেক লক্ষণ আছে। শুধু একটা জিনিস নাই। অল্পমতকে মানতে পারে না। অবিশ্বাস করতে হলে বিশ্বাস করে না-ঠকে অবিশ্বাস করলে যে ঠকা মানুষ ঠকে সেইটেই হল সবচেয়ে বড় ঠকা। তাতেই মানুষ নিজেকে নিজে ঠকার। আর বড় কটুভাবী!

একটা দীর্ঘনিশ্বাস ফেললেন মশায়। আবার নড়ে বসলেন। কিন্তু দাঁতু বাচবে না, দাঁতু নিজেকে নিজে মারছে, তাকে কোন্ চিকিৎসক বাচাবে? অবশু পরিবর্তন মাছুষের হয়।

এই তো নবগ্রামের কানাইবাবু। তিনি আজ নাট, অনেকদিন মারা গেছেন। জীবন দত্ত তাঁকে দেখেছেন। মাতাপ, চবিয়হীন, দুর্দান্ত রাগী, কটুভাষী লোক ছিলেন তিনি। প্রথমপক্ষ বিয়োগের পর আবার বিবাহ করলেন—দ্বিতীয় পক্ষের জীব স্পর্শে লোহা থেকে সোনা হয়ে যাওয়ার মতো আর এক মাছুষ হয়ে গেলেন। মদ ছাড়লেন, ব্যাভিচার ছাড়লেন, কথাবার্তার ধারা পাল্টালেন, সে রাগ যেন জল হয়ে গেল; শুধু তাই নয়, মাতৃসটি শুধু সদাচারেই শুদ্ধ হলেন না, পড়াশুনা শাস্ত্রচর্চা করে উজ্জ্বল হয়ে উঠলেন জীবনে। তাও হয়। কিন্তু বনবিহারী হয় নি। দাঁতুরও হবে না। আবার মনে হল রামহরির কথা। বাববার প্রশ্রুতি; ধুব ঘুরে জাগছে মনের মধ্যে। কী আর হল? তবে কি এই নতুন পীটি তার জীবনে এমন মধুর আনন্দ দিয়েছে—যাব মধো সে মধুর নীপুষের আভাস পেয়েছে?

হঠাৎ তার একটা কথা মনে হল। তিনি দুঃ বাভিয়ে শশীকে ডাকলেন—
লিউকিস।

শশী ইতিমধ্যে বাতায় নেমে ঠান ছেড়ে বেঁচেছে। তামাক সেজে তাঁকে টানছে। তাঁকেটা নামিয়ে সে সবিস্ময়েই জীবন মশায়ের মুখের দিকে তাকালে। হঠাৎ বুড়ার হল কী? লিউকিস বলে ডাকে যে!

এ নাম তার সে আমলের নাম। মানেবিদ্যাপ আবির্ভাবের সময় পাগলা নেপালের ভাই সীতাবাম, যে 'নবগ্রাম মেডিক্যাল হস্পিটাল' বলেছিল—সেই সীতাবামের দেওয়া নাম। সেও ছিল আধপাগল। দত্তব বছরের বৃদ্ধ থেকে শোলো বছরের ছেলে পর্যন্ত সবাই ছিল তার ইয়ার। সকলের সঙ্গেই সে তামাক খেত। অথচ তার চরিত্রের মধ্যে কোথায় ছিল একটি মাধু্য যে এতটুকু বিরক্ত হত না কেউ।

সে কলকাতার বড় বড় সান্তের ডাক্তারের নাম নিয়ে এ অঞ্চলের ডাক্তারদের নামকরণ করেছিল।

জীবন দত্তের নাম দিয়েছিল—ডাক্তার বাউ।

ইরিশ ডাক্তারকে বলত—ডাক্তার ম্যানার্ড।

শশীকে বলত—লিউকিস।

নতুন ডাক্তার এসেছিল হামপাতালে—কলকাতার মিত্তিববাড়ির ছেলে, তাকে বলত—ডাঃ ব্রাউন!

সীতাবামের এই রসিকতা সেকালে ভারি পছন্দ হয়েছিল লোকের। ডাক্তারের

নিজেবাও হাসতেন এবং মেজাজ খুশী থাকলে পরস্পরকে এই নামে ডেকে বসিকতা করতেন।

এতকাল পরে সেই নাম ? বিস্মিত হল শশী। কিন্তু এই নামে সকালে ডাকলে যে উত্তর সে দিত—সেই উত্তরটি দিতে ভুল হল না তার। ঘাড়টা একটু হেঁট করে সায়েবী ভঙ্গীতে সে বললে—ইয়েস সার।

জীবন মশায় বললেন—সে আমলটা বড় সুখেই গিয়েছে, কি বলিস শশী ?

—ওঃ তার আর কথা আছে গো ! সে একেবারে সত্যায়ুগ।

হেসে ফেললেন ডাক্তার। শশীর সবই একেবারে চরম এবং চূড়ান্ত। ভালো তো তার থেকে ভালো হয় না,—মন্দ তো—একেবারে মন্দ। হয় বৈকুণ্ঠ নয় নরক।

তারপর শশী বলল—সীতারাম বেটা শাপভ্রষ্ট দেবতা ছিল, বুঝলেন ? তা—হঠাৎ সীতারামকে মনে পড়ল ডাক্তারবাবু ?

—নাঃ। তোর নামটা মনে পড়ে গেল। আমি জিজ্ঞেস করেছিলাম রামহরির কথা।

বললাম তো বেটার অবস্থা আজকে খারাপ, বোধ হয় অনিয়ম-টনিয়ম করেছে। তা শুধাবার তো উপায় নাই। মারতে আসবে বেটা। বলে—মরার চেয়ে তো গাল নাই, মরতে তো বসেইছি, না খেয়ে মরব কেন, খেয়েই মরব।

—সে তো গিয়েই দেখব রে ! আমি শুধুছি ব্যাপারটা কী বল দেখি, মানে নতুন বিয়ে করে—

মশায়ের কথার মাঝখানে তাচ্ছিল্য ভরে শশী বলে উঠল—বেটার মতিগতি কী রকম পালটেছে আর কি !

—হঁ। রামহরির এই স্ত্রীটি বোধ হয় খুব ধার্মিক মেয়ে, দেখতেও বোধ হয় খুব হুমুরী ?

শশী একটু ভেবেচিন্তে বললে—তাই বোধ হয় হবে।

—হঁ, ডাক্তার স্মিতহাস্ত প্রসন্ন মুখে আকাশের দিকে চোখ তুললেন।

নবগ্রামের বাজার সম্মুখে।

ডাক্তার বললেন বাইরে বাইরে চল বাবা মাঠের পথে। ভিড় ভালো লাগে না।

বাইশ

মাঠের পথেই গাড়ি ভাঙল।

জীবন মশায় এবার একটু দেহ এনিয়ে শুয়ে পড়লেন। শশী বললে- তাই গড়ান একটু। আমি ঠেটেই চলি! আঃ! এ সময়ে একটু বিশ্রাম না করলে চলবে না। এ সময়টায় জীবনে বোধ করি কখনই তিনি বের হন নি। কোনো ডাক্তারই যায় না। ডাক্তারবাও তো মাতুষ।

অনারুষ্টির শেষ শ্রাবণের দুপুরবেলা, মেঘাচ্ছন্নতা রয়েছে, বৃষ্টি নাই। মাঠ শুকনো না-হোক অনাবাদী পড়ে রয়েছে। ফসল নাই কিন্তু আগাছা বেড়েছে। মাঠের এখানে ওখানে বাঁশ উঁচু হয়ে রয়েছে। পুকুর থেকে দুনি করে জল তুলে চাষ করেছে উত্তোগী চাষীরা। একেবারে সব থেকে নিচু মাঠে চাষ চলছে। সেখানে মাতুষ গোকুর মেলা বসে গেছে, গাড়িখানা চলছে উঁচু মাঠের মাঝখান দিয়ে, দু-চার জন চাষী এখানে কায়ক্লেশে কাজ চালাচ্ছে। দেশে শান্ত নাই, আক্লেশ মেঘ জ্বলত, মেঘ যদি আসে তাতে বৃষ্টি আরও স্বতর্নত। বৃষ্টি হলে বোগটা কম হয়। এ তিনি ভালো করে লক্ষ্য করেছেন—যেবাব বৃষ্টি ভালো হয়—সেবার ম্যালেরিয়া অস্বত কম হবেই। কত আবিষ্কার হল; মশা ম্যালেরিয়ার বীজ বয়ে নিয়ে বেড়ায়; কলবার বীজাণু জলের মধ্যে বাড়ে, খাওয়ারবাব সঙ্গে মানুষকে আক্রমণ করে—মাছিতে বয়ে নিয়ে বেড়ায়, ছড়ায়, বসেবাব টিকা আবিষ্কার হল; কালজ্বরের চেহারা ধবা পড়ল; কত কত বোগ আবিষ্কার! গা, দেখে গেলেন বটে। সাধ অবশ্য মিটল না; বড় একজন চিকিৎসক হয়ে এর তত্ত্ব-তথ্য পুরো দেখা এবং বুঝে ওঠা ঘটনা না, শুনলেন—বিশ্বাস করে গেলেন—কার্য-করণের রহস্য দেখবার দিবা দৃষ্টি লাভ হল না এ জন্মে—তবুও অনেক অনেক দেখে গেলেন। একটি সাধ হয় মধ্যে মধ্যে—অম্লবীক্ষণ যন্ত্রে বীজাণুগুলিকে চোখে দেখা যায়—তাদের বিচিত্র চেহারা বিচিত্র ভঙ্গি—সেই দেখবার ইচ্ছা হয়, আর ইচ্ছে হয় এক্সরে করানো যখন হয় তখনকার ব্যাপারটা। মানুষের রূপময় দেহ অদৃশ্য হয়ে যায়—দেখা যায় কঙ্কাল—যন্ত্রপাতি—তার ক্ষত। মাত্র মায়ের পায়ে এক্সরের প্লেটটা একবার দেখতে তাঁর ইচ্ছে হয়।

হঠাৎ জীবন মশায়ের চিন্তাসূত্র ছিন্ন হয়ে গেল। শশী হাত নেড়ে ও কী করছে

কাকে ও যেন ইশারা করছে। কে? কাকে?

—কে রে শশী।

—আজ্ঞে?

—কাকে কী বলছিস হাত নেড়ে?

—পুতকী আর মাছির বাচ্চা গো। ঝাঁকের মতো উড়ছে মুখের চারিপাশে। বর্ণাভে বৃষ্টিবাদলের নাম নাই, এ বেটাদের পক্ষপাল ঠিক আছে, বেড়েছে এ বছর বেড়েছে। শশী বারবার শৃঙ্খমগলে হস্ত তাড়না শুরু করলে।

—গাড়িতে উঠে আয়।

—এই তো—আর এসে পড়েছি। সামনেই তো ডাঙানা। ডাঙাতে এ আপদ থাকবে না।

সামনেই মস্ত বড় উঁচু টিলা। টিলার ওপারেই চালের উপর গলাইচণ্ডী ঢুকবার মুখেই রামহরির বাড়ি। এগন আখড়া। সিধে লাগে রাস্তা চলে গিয়ে বেকেছে। একজন সাইকেল আরোহী চলেছে। পাড়াগায়েও আজ সাইকেল হয়েছে। দু-চারখানা পাওয়া যাবেই। মশায়ের জীবনে একসময় দুটো ঘোড়া এসেছিল—তারপর গোকুর গাড়িতেই যাত্রা শেষ করলেন।

প্রত্যাহারের সঙ্গে পারবার তার কথা নয়। হাসলেন ডাক্তার। প্রত্যাহার ডাক্তার নাকি মোটর কিনবে। অন্ততপক্ষে মোটর সাইকেল। চার ঘণ্টায় সদর বিশ সাইকেল পথ গিয়ে আবার ঘুরে আসবে। লোক ছুটে আসছে।

গাড়ি দেখে ধমকে দাঁড়িয়ে বললে—শিগগির আহুন।

রামহরির বাড়ির দরজায় কজন শুকমুখে দাঁড়িয়ে আছে।

জীবন ডাক্তার দেখে বা শুনে চকিত হন নি। হার্টফেল করে মৃত্যু হয়ে থাকবে। বিস্মিত হবার কী আছে? ভিতরের শশী তার পিছনে বসে ছিল; সে সচকিত হয়ে প্রশ্ন করলে—কী হল? বলি—হ্যাঁ হে?

—আপনি যাওয়ার পব বার দুই দাস্ত করে কেমন করছে ডাক্তারবাবু।

মশায় উঠে বসলেন। তার কল-বাক্সটায় হাত দিয়ে ভেবে নিলেন। এ অবস্থায় রোগীর একটা দুটো ইনজেকশন হলে ভালো হয়। তার মকরধ্বজ, বৃগনাতি আছে, কিন্তু ইনজেকশন বেশী ফলপ্রদ। শশী এ সব বিষয়ে নিখিরাম সদীর। ইনজেকশন দেয় বাট, একটা সিরিঞ্জ তার আছে, কিন্তু হুচেলো তার নিজের বেশভূষা শরীরের মতোই অপরিস্কন্ন। যে পকেটেও তামাক-টিকা থাকে—সে পকেটেও সময়ে সময়ে বাজ রাখতে শশী বিধা করে না। তার উপর ওষুধ শশীর থাকে না। ওষুধ না

থাকলে শশী একটা শিশি থেকে আ্যাকোয়া নিয়ে অন্নান বদনে ইনজেকশন দিয়ে দেয়।

থাক ইনজেকশন। যা হয় মকরকজেই হবে। রামহরির যখন এতটাই প্রস্তুত তখন ইনজেকশন দিয়ে মৃত্যু খানিকটা বিলম্বিত করবেই বা হবে কী? জ্ঞানগঙ্গা? নাই বা হল!

মৃত্যু স্থির জেনে তাকে বরণ করতে চাওয়ার মতো মনটাই সবচেয়ে বড়? নেহাতই যদি আয়োজন হয়, তবে মধুর অভাবে গুড় দিয়েই কাজ চলবে। তীর্থপূণ্য-বিশ্বাসী, নামপূণ্য-বিশ্বাসী রামহরির চোখের সামনে দেবতার মূর্তি এবং ন.ম-কীর্তন শ্রীখের অভাব অনেকটা পূরণ করবে। তা ছাড়া জ্ঞানগঙ্গায় মুক্তির কথা মানতে গেলে ভাগ্যের কথাটাও তো ভাবতে হবে, মানতে হবে। রামহরির সে ভাগ্য হবে কী করে?

স্বল্প প্রায় স্থির কবেই হবে চুকলেন জীবন ডাক্তার। রামহরিকে কী বলবেন তার খসড়াও মনে মনে করে নিলেন। কিন্তু ঘরে ঢুকে রোগীকে দেখেই তিনি ভ্রুকুঞ্চিত করে উঠলেন। এ কী? একখানা তক্তাপোশের উপর রামহরি শুয়ে আছে—নিশ্পন্দের মতো। বিবর্ণ পাণ্ডুর দেহবর্ণ চোখের পাতায় যেন আকাশ-ভাঙা মোহ। ছবলতার ঘোর তার পাণ্ডুর দৃষ্টিতে ক্ষণে ক্ষণে চোখের পাতা নেমে আসছে। আবার সে মেলছে। মেললেও সে দৃষ্টিতে ঐশ্বর্য নাই, প্রশ্ন নাই, কিছু চাওয়া নাই। এ কী অবস্থা? সমস্ত মিলিয়ে এই অবস্থা তো কয়েকটা দাঁতেব কলে সম্ভবপর নয়। তার বহু-অভিজ্ঞ দৃষ্টিতে এক নজবেই যে বুঝতে পারছেন—এ বোগী তিলে তিলে এই অবস্থায় উপনীত হয়েছে। ঘরের গন্ধ, রোগীর অকৃতিতে এবং লক্ষণে রোগ যে পুরাতন অজীর্ণ অতিসার—তাতে আর তার সন্দেহ নাই। আলোপাথরা আজকাল থেকে বলবেন ইনটেস্টাইনাল টিউবারকিউলোসিস। অণুবীক্ষণিক পরীক্ষায় ক্ষয়রোগের বীজও পাওয়া যাবে। ক্ষয়রোগ—ধীরে ধীরে ক্ষয় করে মানুষকে। এ অবস্থা আকস্মিক নয়। অন্তত দুদিন তিন দিন থেকে এই অবস্থাতেই আছে, তিলে তিলে বেড়ে আজ এই অবস্থায় এসেছে।

শশী নিজেই একটা মোড়া এনে বিছানার পাশে রেখে রামহরির মুখের কাছে ঝড়ুকে ডেকে বলল—রাম, রাম! ডাক্তারবাবু এসেছেন। রাম!

—থাক, শশী। গুর সাড়া দিতে কষ্ট হবে! সরে আস—আমি দেখি।

শশী উঠল—উঠেই আবার ঠেট হয়ে বললে এখন আবার দলিলপত্র কেন রে বাপু। একখানা দলিল সে তুলে নিলে বিছানা থেকে। দলিলটা বিছানায় পড়ে ছিল।

এবার এগিয়ে এল রামহরির তরুণী পত্নীর তাইটি। উচ্চবর্ণের বিধবা ভগ্নী রামহরিকে বরণ করে তাদের সঙ্গে সকল সম্পর্ক চুকিয়ে দিয়ে থাকলেও রামহরির এই অল্পথেকে ভগ্নীর বিপদের সময় না এসে পারে নাই। পনেরো ফুডি দিন হল এখানে এসে রয়েছে। সে বললে—উইল ওটা। ওর ইচ্ছে ছিল ডাক্তারবাবু এলে তার সামনে টিপছাপ দেবে, ডাক্তারবাবুকে সাক্ষী করবে, তা হঠাৎ এই রকম অবস্থা হলে বললে—কি জানি যদি ডাক্তারবাবু আসবার আগেই কিছু হয়! বলা তো যায় না! বসে নিজে উইল নিয়ে বুড়ো আঙুলের টিপ দিলে, সাক্ষীদেব সই কবালে, তাপপর দেখতে দেখতে এই রকম।

মাথার কাছে একটি তরুণী মেয়ে বেশ ঘোঁমটা টেনে বসে ছিল। সে গুনগুন করে কেঁদে উঠল। ডাক্তার তার দিকে চাইলেন একবার, তারপর নাড়ী ধরে চোখ দুটি বন্ধ করলেন। ক্ষীণ নাড়ী, রোগীর মতোই দুর্বল—মন্দ গতিতে বয়ে চলেছে, যতক্ষণ আছে, ততক্ষণ ওকে চলতেই হবে। খামবার অবকাশ নাই, অধিকার নাই, উপায় নাই। মধ্যে মধ্যে যেন কাঁপছে, চন্দ্রে গ্রহণ লাগলে চাঁদ যেমন কাঁপে—তেমনি কম্পন। মৃদু এবং অতি সূক্ষ্ম অচুড়িতসাপেক্ষ। অস্থির মধ্যে যে ক্ষয়রোগের কীট গ্রাস করে চলেছে, রেশমকীটের তুঁত পাত, খাওনার মতো—তাতে আঁপ সন্দেহ নেই। তবে আপাত মৃত্যুলক্ষণ তিনি অচূড়িত করতে পারলেন না।

স্টেথোস্কোপ দিয়ে হৃৎপিণ্ডের স্পন্দন অচূড়িত করলেন। এ অবস্থায় কোনো-মতেই আকস্মিক পরিণতি হতে পারে না। নাড়ীর গতির সঙ্গে হৃৎপিণ্ডের সঙ্গতি—ঠিক যেন মিত্রভাবাপন্ন যন্ত্রী ও বাদকের মতো! দুর্বল হলেও সঙ্গত তো বাহাত হচ্ছে না!

ওদিকে শশী অনর্গল বকছিল, এ সব হল খলবাধি। হঠাৎ দাস্ত হল, বাস নাড়ী গেল। রোগী চোখ মুদল। আমি আজ সাত দিন থেকে বলছি—ওরে বাপু যা বাবস্থা করবার করে ফেল। গঙ্গাতীর যাবি তো চলে যা। ডাক্তারবাবুকে দেখাবি তো ডাকি। তা রোজই বলে কাল। নিত্য কালের মরণ নাই, ও আর আসে না। তন্ত্রলোকের এককথা—কাল। নে, হল তো?

মেয়েটি আবার কাঁদতে লাগল।

শশী আবার বকতে শুরু করলে—হবে কেন? ভাগ্যে থাকলে তো হবে। কর্মফল কেমন দেখতে হবে? গঙ্গায় সজ্ঞানে মৃত্যু, এর জন্মে তেমনি কর্ম চাই। আমাদের শাস্ত্রে বলে—চিকিৎসকেই বা কী করবে—হোক না কেন ধন্বন্তরি—নীলরতনবাবু কি ডাক্তার রায়, আর ওষুধই বা কী করবে—সে হোক না কেন সুধা—আর দশ-বিশ টাকা দামের টাটকা তাজা ওষুধ; আয়না থাকলে

কিছুতেই কিছু না। এও তেমনি ভাগ্য-কর্ম। হুমতি হলে কি হবে, মতিভ্রম ঠিক সময়ে এসে হুমতির ব্যবস্থা সব পালতে দেবে।

মশায় উঠলেন। দেখা তাঁর শেষ হয়েছে।

এবার মেয়েটি এসে পায়ে আঁচড় পড়ল—ওগো ডাক্তারবাবু গো! আমার কী হবে গো!

মশায় একবার সবারই মুখের দিকে চাইলেন। তারপর বললেন—ভয় নাই, ওঠো! তুমি, ওঠো; ওঠো।

শশী; ব্যস্ত হয়ে বললে—ওঠো, ওঠো। উনি যখন বলছেন ভয় নাই তখন কাঁদছে কেন? উনি ছু কথার মানুষ নন! ওই হয়েছে। সব ঠিক হয়ে যাবে। সবো সেরো। ওঠো!

বাইরে এলেন মশায়। এবার তাঁর সবাগ্রে চোখে পড়ল—সাইকেলখানা।

মশায় ডাকলেন—শশী।

শশী বকছিল—ঠ্যা, হ্যা। তাই হবে, ঠিক মতো মানুষ, উনি কি দেখবেন যে ওই অবলাটা ভেসে যাবে? ভালো ঘরের মেয়ে, সং জাতের কন্যা, মুনিমুখ মতিভ্রম—মতিভ্রমের বশে যা করেছে তাৎ ফল শাস্তি সে ভগবান দেবেন। আমরা মৃত্যু—আমরা ওকে ভেসে যেতে দাঁব না। বাস!

ডাকবাবু আগেই ক্রমশ তার স্বর নিস্তেজ হয়ে আসছিল। এবার শুক হয়ে গেল।

—ওকে মেরেই ফেলেছিস শশী? ইচ্ছে কবে? না জানিস নে, বুঝতে পারিস নি?

—আজ্ঞে?

—এ অবস্থা তো আজ তিনদিন থেকে হয়েছে। বুঝতে পারিলি নে তো ডাক্তার নে কেন?

—আজ্ঞে না! মা-কালীর দিবি।

—শশী! ধমক দিয়ে উঠলেন জীবন ডাক্তার!

—মাইরি বলছি, ঈশ্বরের দিবি, গুরুর দিবি—

এইবার মুহূর্তের মশায় বললেন—তোমাদের কজনকে পুলিশে দেওয়া উচিত? খাম-চাঁচাস নে। যাক এখন শোন, ওই যে ছোকরা সাইকেল চেপে আমাদের গাড়ি দেখতে গিয়েছিল, সে কই? এই যে! ওহে ছোকরা, শোনো! কই দোয়াত-কলম দেখি। আমি লিখে দিচ্ছি ওষুধ। যাও নিয়ে এসো বিনয়ের দোকান থেকে। আর বাজারের ডাক্তার হরেনবাবুকে এই চিঠি দেবে। বুঝেছ? জলদি যাবে আর আসবে।

শশীকে দমানো যায় না। শশী ওই শক্তিতেই বেঁচে আছে। সে ছোকরার হাত থেকে প্রেসক্রিপশন এবং চিঠি দুই নিয়ে দেখলে। বললে, মুকোজ ইনজেকশন দেবেন ? ইনট্রাভেনাস ?

—হ্যাঁ। তা হলেই কিছুটা ঘোর কাটবে। তার আগে মকরধ্বজ দেব আমি।

—ঘোর কাটবে ?

—হ্যাঁ। রামহরির রোগটা মৃত্যু-রোগই বটে। এতেই যাবে। তবে মৃত্যু-লক্ষণ এখনও হয় নি।

—হয় নি ? আপনি ইনজেকশন দেবেন তো ?

—হরেন ডাক্তারকে আসতে লিখলাম। সে দেবে। না আসে আমিই দেব।

—যদি মরে যায় ?

—সে আমি বুঝব শশী। আমার মনে হচ্ছে রামহরি এখন বাঁচবে। প্রকৃত মাস কয়েক। তখন উইল-টুইল যা করবার কববে। আমি বরং সাক্ষী হব। উইলটার জন্তাই রামহরির মাথা তুলে দাঁড়ানো দরকার

শশী চুপ করলে এবার।

মশায় আবার বললেন—উইলে কী আছে জানি না। এই শেষ পরিবারকেই এক রকম দানপত্র করেছে সব—এই তো ?

একটু চুপ করে ঘাড় নেড়ে বললে—সে তো হবে না শশী। রামহরির প্রতিপ্রায় জানতে হবে আমাকে। তার প্রথম পক্ষের ছেলে ছিল—সে মারা গেছে। কিন্তু তার ছেলে—রামহরির নাতি আছে, পুত্রবধু আছে। সে তো হবে না। বাঁচবেই মনে হচ্ছে। কিন্তু তার জন্মও চিকিৎসা প্রয়োজন। চেষ্টা করতেই হবে। সে আমি করব।

রামহরি এই জ্ঞানগঙ্গা যেতে চেয়েছিল ? রামহরির ছটা রিপুই বোধ করি ঐকতান তুলে মৃত্যুকে ডাক দিচ্ছে আজীবন। শ্বির মৃত্যুর দিকে সহজ ছন্দে এগিয়ে যেতে জীবন ভয় পায় না। ভয় পায় মৃত্যু যখন নিজে এগিয়ে আসে। তখন সে ভয়ে আর্তনাদ করে। সে কি জ্ঞানগঙ্গা যেতে পারে ? বনবিহারী পারে নি। দাঁতু পারবে না। রামহরিও পারে না। রামহরির ক্রান্ত জীর্ণ দেহ, ক্ষীণ কর্ণ, মুহূর্তে মুহূর্তে চোখে আচ্ছন্নতার ঘোর নেমে আসছে ; দু-একবার চোখ মেলছে, তার মধ্যেই দৃষ্টিতে কী আতঙ্ক কী আকুতি !

হরেন ডাক্তার আসা পর্যন্ত বসে রইলেন মশায়। মাঝখানে আর একবার নাড়ী দেখলেন। নাড়ীর গতি ঈষৎ সবল হয়েছে ; ছন্দ এসেছে। মুখ প্রসন্ন হয়ে উঠল। হরেন এসে পৌঁছতেই তিনি তাকে সব বলে বললেন একটা মুকোজ ইনজেকশন

তুমি দাও। আমি বলছি—তুমি দাও। আমি দায়ী হব হে। তবু নাই তোমার।

হাতখানা আর-একবার দেখেছিলেন—মকরধ্বজের উষ্ণতা এবং শক্তি তখন নাড়ীতে এবং শরীরে স্পষ্ট হয়ে উঠেছে। হাত নামিয়ে বললেন দাও তুমি।

ইনজেকশন শেষ করে হরেন হাত ধুয়ে রোগীর অবস্থা দেখে হ'সিমুখেই বললে—
এটি আপনার অদ্ভুত মশায়! অদ্ভুত!

জীবনমশায় হাসলেন। আর কী করবেন? এ কথাই উত্তরই বা কী দেবেন।

হরেন বললে—আর একটা সুখবর দিই, বিপিনবাবুর হিকা খেমে গেছে। এই আসবার আগে খবর পেলাম। উঃ, ভ্রলোকের হিকা দেখে আমি তো আশা ছেড়ে দিয়েছিলাম। আজ চার রাত্রি ঘুমতে পাবেন নি, পেটে খাণ্ড থাকে নি। আমি আসবার আগে দেখে এলাম ভ্রলোক ঘুমুচ্ছেন। আপনাকে ওরা ডেকেছিল সকলেও আগে, খবর দিয়েছিল কিন্তু তখন আপনি বেরিয়ে এসেছেন। বুড়ো রতনবাবু যে কী কৃতজ্ঞ হয়েছেন সে কী বলব! প্রত্যোত্ত ডাক্তারও এসেছিল। সে বেশ একটু আশ্চর্য হয়েছে। গভীর হয়ে বললে—এ বিষয়ে এখন কিছু বলতে পারি নে। খাবার আরম্ভ হতে পারে, এবং এ ওষুধের বি-আকশনও আছে; তবে এখন মনস্ত ক্রাইসিসটা কাটল বটে। বেশ আশ্চর্য হয়েছে প্রত্যোত্ত ডাক্তার। আসতে আসতে পথে বললে—বুদ্ধের ব্যাপার ঠিক আমি বুঝি নে। এ ব্যাপারটায় আমার সন্দেহ হচ্ছে কেন জানেন? আজ আবার একটা ডিসপেনসিয়ার রোগী—অবশ্য একটু শক্ত ধরনের বটে—তাকে বলেছে তুই আর বাঁচবি নে। কত দিনের মধ্যে যেন মরবে বলেছে। হরেন একবার মশায়ের দিকেই তাকিয়ে তাঁকেই প্রশ্ন করলে—তাই বলেছেন—না কি?

জীবনমশায় হরেনের দিকে তাকিয়ে দৃঢ়স্বরেই বললেন—আমি জুল বলি নি বাবা হরেন। দাঁতু এই রোগেই মরবে। তবে কোন সময় আমি নির্দিষ্ট করে বলি নি। এই রোগেই ওর মৃত্যুরোগ হয়ে উঠবে। এতে আমি নিশ্চিত। গভীর এবং গভীর স্বরে বললেন—দাঁতুর এ রোগের সঙ্গে ওর প্রধান বিপুল যোগাযোগ হয়েছে। ঘবে আগুন লাগলেই সব ঘরটা পুড়ে তর মানে নাই, জল ঢাললে নিভতে পারে, নেভেও কিন্তু আগুনের সঙ্গে বাতাস যদি সহায় হয় বাবা, তবে জলের কলসী ঢাললেও নেভে না, বাতাসের সাহায্যে আগুন আঁচের ঝাপটায় ভিজে চাল তুলিয়ে নিয়ে পুড়িয়ে শেষ করে ছাড়ে। দাঁতুর রোগ উদরাময়—তার সঙ্গে ওর লোভ বিপুল হয়েছে সহায়। সহায় কেন? ওটা এখন রোগের অঙ্গ উপসর্গে পবিণত হয়েছে। আমার বাবা বলতেন—

জগৎ মশায় বলতেন—বাবা, সংসারে মাহুষ সন্ন্যাসীদের মতো শক্তি না পেলেও সব বিশুণ্ডলিকে জয় করতে না পারলেও গোটা কয়েককে জয় করে। কেউ ছোটো কেউ তিনটে—কেউ কেউ পাঁচটা পর্যন্তও জয় করে। কিন্তু একটা—।

দীর্ঘনিশ্বাস ফেলে বলেছিলেন পারে না। একটা থেকে যায়! ওইটেই হল দুর্বল প্রবেশপথ। মৃত্যুবাহিনী ওই দ্বারপথেই মাহুষের দেহে প্রবেশ করে। তার উপর বাবা যে দরজার রক্ষক সে যদি সেধে দরজা খুলে ডাকে তবে কি আর রক্ষা থাকে হবেন? রক্ষক তখন রিপু। প্রবৃত্তি তো খারাপ নয় বাবা। সংসারে প্রবৃত্তিই তো কুচি। প্রবৃত্তি যতক্ষণ স্কুচি ততক্ষণ কুখাণ্ড খায় না, পেট ভরে গেলে স্কুচি তখন বলে—স্বাৰ না। তৃপ্তিতে তার নিবৃত্তি আসে। আর প্রবৃত্তি যখন স্কুচি হয়—তখন সেই শক্র, সেই রিপু। তখন তৃপ্তি তার হয় না; নিবৃত্তি তখন পালায়। তাই রিপুব যোগাযোগে যে রোগ হয়, সে রোগ অনিবার্যরূপে মৃত্যুরোগ।

কথা হচ্ছিল কেবরবার পথে। মশায় পায়ে হেঁটেই ফিরছিলেন। শশী অদৃশ্য হয়েছে। গাড়িখানাও আর পান নি। হরেনও অগত্যা সাইকেল ধরে তাঁর সঙ্গেই হাঁটছিল। হরেন ডাক্তার চূপ করে শুনেই যাচ্ছিল। মাটিব দিকে চোখ রেখে পথ চলছিল। কথাগুলি শুনে মন্দ নয়। অস্পষ্ট বা ভাবালুতা-মেশানো যুক্তি হলেও খসস্বত মনে হচ্ছিল না। কিন্তু এত বড় বড় বিজ্ঞান পড়ে এসে এ সব কি পুরো মানা যায়? তবুও পাড়াগাঁয়ের ছেলে সে, বাগ্যাকানের সংস্কারে ঠিক এরই একটা চাপাপড়া শ্রোত ভিতরে ভিতরে আছে; সেই মজাখাতের চোরাবালিতে এই ভাবধারা বেমানুম শুধে যাচ্ছিল—মিশে যাচ্ছিল। এবং জীব-মশায়ের মতো প্রবীণ ব্যক্তির সঙ্গে তর্ক করতেও তার অভিপ্রায় ছিল না।

হরেনের নীরবতায় কিন্তু জীবনমশায় উৎসাহিত বোধ করছিলেন। তিনি বলে চললেন—ওই দেখো না বাবা, রানা পাঠককে। এতবড় শক্তি! একটা দৈত্য। রিপু হল কাম। বুঝেছ, ওর প্রমেহে চিকিৎসা করেছি, উপদংশ হয়েছে কয়েকবার, আমি কাটোয়ায় মণিবাবু ডাক্তারের কাছে পাঠিয়ে চিকিৎসার ব্যবস্থা করে দিয়েছি—এবার যম্মা হয়েছে। বললে, একটি মেয়েছেলের কাছ থেকে ধরিয়েছে। তার মানে মেয়েটাকে যম্মারোগী জেনেও নিজেকে সন্মরণ করতে পারে নি।

এবার হরেন মূঢ় হাসলে।

জীবনমশায় কিন্তু বলেই চললেন—তোমরা দেখ নি—নাম নিশ্চয় শুনেছ। মস্ত বড় কীর্তন-গাইয়ে। স্কন্দর দাস গো! নামেও স্কন্দর, কাজেও স্কন্দর, রূপে স্কন্দর, গানে স্কন্দর—লোকটিকে দেখলে মাহুষের চোখ জুড়োত, মন স্কন্দর হয়ে

উঠত। লোকে বলত—সাদক। তা সাধনা লোকটার ছিল। নির্গোভ, অক্রোধ, মিত্তভাবী, বিনয়ী—মোহ মাৎসর্য এও ছিল না; শুধু কাম। কামকে জয় করতে পারেন নি। শেষ জীবনে তিনি উন্মাদ হয়ে গেলেন—পশু হলেন। লোকে বললে—কোনো সাধনা করতে গিয়ে এমনটা হয়েছে। আমাদের বিশ্বাস ছিল তাই। কিন্তু গুরু রত্নলাল ডাক্তারের কাছে যখন ডাক্তারি শিখছি তখন একদিন যে কথা তোমাকে বললাম সেই কথাই বললেন রত্নলাল ডাক্তার। যেন আমার পিতৃ-পুরুষের কথাই প্রতিধ্বনি করেই বললেন—জীবন, কথাটা তুমি হয়তো সত্যিই বলেছ হে। স্বন্দর দাসকে দেখতে গিয়েছিলাম। মারা গেছে এই তো কিছুদিন। কিন্তু কথাটা শেরই মনে হয়। কখনও ওই বোটম-কীর্তনীয়াদেবীর উপর রাগ হয়—কখনও কিছু। লোকটা অসহায়ভাবে রিপূর হাতে মরছে হে। ও পাগল হয়েছিল—উপদংশ-বিষে, প্রেমহ-বিষে।

মশায় আবার একটু খেমে বলেছিলেন—দেখ না বাবা, রত্নবাবুর ছেলে বিপিনের কেস। বাবা, এখানেও সেই রিপূর বোগাযোগ। মলও এক রিপূ বাবা। আত্মপ্রতিষ্ঠার প্রবৃত্তি যার নাই সে কি মাহুষ? কিন্তু সে যখন রিপূ হয় তখন কি হয় দেখ ?

চকিত হয়ে হরেন প্রশ্ন করেছিল—তা হলে বিপিনবাবু সম্পর্কে আপনি—? প্রশ্নটা সে সম্পূর্ণ উচ্চারণ করতে পারে নি।

—না। সেকথা ঠিক বলি নি আমি। তবে বাবা, অত্যন্ত কঠিন—অত্যন্ত কঠিন।

—আজ তো ভালই আছেন। আমার ভালই লাগল। হিকাটা গ্নেবে গেছে। স্বস্থ হয়েছেন—সুস্থছেন।

—ভালই থাক। ভালো হয়ে উঠুক। কিন্তু ভালো হয়ে উঠেও তো ভালো থাকতে পারবে না ও, হরেন। আবার পড়বে। প্রবৃত্তি রিপূ হয়ে দাঁড়ালে তাকে সম্বরণ করা বড় কঠিন।

—এ বাজা তা হলে উঠতে পারেন বলছেন ?

—তাও বলতে পারছি না বাবা। মাত্র তো ছুদিন দেখছি। তার উপর মন চঞ্চল হচ্ছে। রত্নকে দেখছি। বিপিনের ছেলেকে দেখছি, বুকেছ, ওই ছেলোটিকে দেখে মনবিহারীর ছেলেকে মনে পড়ে গেল।

মশায় দীর্ঘনিশ্বাসও কেলেলেন, আবার হাসলেনও। এবং হঠাৎ বললেন—চতীভলায় বাব একবার। আসবে না কি? মহাস্ত আজ যাবেন। একবার দেখে বাই। আজ রাজ্জের বাবেন।

মহাস্ত তখন আবার বার তিনেক দান্ত গিয়ে অবসন্ন হয়ে পড়েছেন, আঙুলের ডগাগুলি ঠাণ্ডা হয়েছে, চোখের পাতা নেমে এসেছে একটা গভীর আচ্ছন্নতার ভাবে। মধ্যে মধ্যে মুখ বিকৃত করছেন—একটা যেন যন্ত্রণা হচ্ছে, নিষ্ঠুর যন্ত্রণা।

হরেন বললে—বলেনি তো একটা ইনজেকশন দিই।

মশায় বললেন—চিকিৎসক হয়ে আমি নিবেশ করতে পারি? দেবে, নাও।

মহাস্তের শিশু বললে—বাবার নিবেশ আছে। তিনি বার বার নিবেশ করেছেন—হুই কি কোন ইলাজ যেন না দেওয়া হয়। মশায় বলেছে আজ ছুটি মিলবে। ছুটি চাই আমার। ইয়ে শরীর বিলকুল রক্ষি হোগয়া।

শ্রদ্ধায় প্রসন্নতায় মশায়ের মুখ উদ্ভাসিত হয়ে উঠল। তিনি এবার হরেনের কাঁধে হাত দিয়ে বললেন—ধাক হরেন।

হরেন স্তব্ধ হয়ে মহাস্তের প্রায়-নিখর দেহের দিকে তাকিয়ে রইল। হরেন এই গ্রামের ছেলে। ডাক্তার সে হয়েছে, কিন্তু এই ধরনের মৃত্যুর অনেক গল্প সে শুনেছে। আজও মৃত্যুকালে ওষুধ পাশে সরিয়ে রেখে মুখে ছুঁ গন্ধাজল দেয়। আগেকার কালের আরও অনেক বিচিত্র গল্প সে শুনেছে। তবু আজকের এ মৃত্যুদৃশ্য তার কাছে নতুন এবং বিস্ময়কর।

দীর্ঘকায় কঙ্কালসার মানুষটি নিখর হয়ে পড়ে আছে। শ্বাস হচ্ছে যেন। তার গতি অবশ্য মৃদু। হঠাৎ মনে হল অত্যন্ত কীর্ণভাবে ঠোঁট ছুটি নড়ছে।

ইঙ্গিত করে সে মশায়কে দেখালে।

মশায় বললেন—ইষ্টমন্ত্র- জপ করছেন। ভিত্তে জ্ঞান রয়েছে। গ্রহণীর রোগীর জ্ঞান শেষ পর্যন্ত থাকে।

হরেন তর্ক করলে না। কিন্তু তর্ক আছে।

মশায় বললেন—হাতের দিকে দেখো।

মহাস্তের হাতের আঙুল করজপের ভঙ্গিতে ধরা রয়েছে।

শিশু ভোলানাথ এসে বললে—তা হলে বের করি মশায়?

—হ্যাঁ বের করবে বই কি। দেহ ছাড়বেন, এখন ষর কেন?—আকাশের স্তলয়, মায়ের আঙিনায়।

বাইরে তখন অনেক লোক। সকালবেলা মশায়ের নিদান কথা শুনে মহাস্ত শিশু ভোলাকে বলেছিলেন—হু তিন গাঁওয়ার হরিনামকে দলকে খবর ভেজো রে ভোলা। বলা—হমকো আজ ছুটি মিলবে। বায়েগা হম। হুহ লোক তাই, দল লেকে আও। নাম করো। ওহি শুনতে শুনতে হম বায়ে গা। বন্ধন টুটে গা। জরোসা মিলে গা।

মশাই নিজেই বেরিয়ে এসে বললেন—হরিবোল, হরিবোল! ধরো, ধরো নাম ধরো। জয় গোবিন্দ!

বেজে উঠল খোল করতাল। মশায় নিজেই এসে দাঁড়ালেন সর্বাঙ্গে—“নামের তরী বাঁধা ঘাটে—হরি বলে ভাসাও তরী।”

সম্বর্পণে বহন করে এনে আকাশের ভলায় দেবীর পাট অঙ্গনে মহাস্তম্ভে শুইয়ে দিলে সকলে। শ্বাস ঘন হয়ে উঠেছে।

হরেন অতিক্রমের মতো পিঁড়িয়ে রইল। চিকিৎসক হিসেবে তার চল আসবার কথা মনে হল না। মনটা যেন কেমন হয়ে গিয়েছে। বিচিঞ্জ।

তেইশ

মাস দেড়েক পর :

মশায় এবং সেতাব দাবায় বসেছেন। ভাদ্র মাস—আকাশ এরই মধ্যে এবার নির্মেষ নীল; অনাবৃষ্টির বর্ষা শেষ হয়েছে প্রায় সপ্তাহ ধানেক আগে এবং এই এক সপ্তাহের মধ্যেই মাঝ-শরতের আবহাওয়া ফুটে উঠেছে আকাশে—মাটিতে। আজ দাবা খেলার আসরও জমজমাট। সত্তরকির পাশে দুখান! ধালা নামানো রয়েছে, চাষের বাটি রয়েছে। জন্মাষ্টমী গিয়েছে—আত্মর-বউ আজ ভালের বড়া করেছেন, একটু ক্ষীরও করেছেন—সেই সব সহযোগে চা পান করে দাবায় বসেছেন। মশায় অবশ্য খান নি। অসময়ে তিনি কোনো কালেই এক কাপ চা ছাড়া কিছু খান না। ডাক্তারি শেখার সময় রক্তলাল ডাক্তারের ওখানে ওটা অভ্যাস করেছিলেন; লোককে কিছু খেয়ে চা খেতে উপদেশ দিলেও নিজে বিকালবেলা খালি পেটেই চা খেয়ে থাকেন। খেতে তাঁর বেলা যায়, ক্ষিপে থাকে না—এ একটা কারণ বটে, কিন্তু আসল কারণ অন্য। সন্ধ্যার পর অর্থাৎ দাবা খেলা অন্তে—সে সাতটাই হোক আর আটটাই হোক আর বারোটাই হোক,—মুখহাত ধুয়ে কাপড়-চোপড় ছেড়ে ইট্ট মরণ করে তবে আহাির করেন। পরমানন্দ মাধব।

আত্মর-বউয়ের মেলাজ আজ ভালো আছে। গত কাল জন্মাষ্টমীর উপবাস করেছিল—আজ সেতাবকে নিমন্ত্রণ করে দুপুরে ব্রাহ্মণভোজন করিয়েছে; বিকেলে জলযোগ করিয়েছে। এবং সেতাবের ভোজন-বিলাসিনী ত্রীর অস্ত্র ভালের বড়া ক্ষীর বেধে দিয়ে খুব খুশিমনেই আছে। শুধু ব্রাহ্মণভোজন নয়, দম্পতিভোজন করানো হয়ে গেল। ভ্রাত উপবাস করলে আত্মর-বউ ভালো থাকে। বোধ করি

পরলোকের করুণা উজ্জ্বল হয়ে ওঠে। আরোগ্যও ভালো ছিল। অভিযোগ করতে পার নি আত্ম-বউ। মশায়ের পরমভক্ত পরান থাকে ডাক্তার কর্তৃক ভালো ভালের কথা বলেছিলেন, খাঁ একঝুড়ি খুব ভালো এবং বড় ভাল পাঠিয়ে দিয়েছিল। এবং রামহরি সেটের বাড়ি থেকে এসেছিল একটি ভালো 'সিথে'—মিহি চাল, ময়লা, কিছু গাওরা শি, কিছু দালদা, ডেল, তরিতরকারি এবং একটা মাছ। রামহরি সেই মরণাপন্ন অবস্থা থেকে বেশ একটু সেরে উঠেছে। এবং রামহরির পুত্রবধু পৌত্র করে এসেছে; তারাই এখন সেবা-শুশ্রূষা করছে। মশায়ের কাছে তাদের আর কুস্তরতার সম্ভাবনা নাই। রামহরির নতুন বউ তার ভাইকে নিয়ে পাগিয়েছে। রামহরির মেজাজ অবশ্য খুবই খিটখিটে—শরীর উপরে শব্দভেদী বাণের মতো কটুবাক্য প্রয়োগ করে। পুত্রবধু পৌত্রকেও অবিরাম বিদ্ধ করেছে। কিন্তু এই খিটখিটে মেজাজের মধ্যেও রামহরি মশায়কে দেখে সজল চোখে বলে—বাবা, আর জন্মে আর্পনি আমার বাপ ছিলেন! সেই দিন থেকে ক্রমাগত কুড়িদিন তিনি নিত্যই রামহরিকে দেখে এসেছেন।

সিখেটা বোধ করি সেই সপ্তক ধরেই পাঠিয়েছে রামহরি। নইলে একালে চিকিৎসককে উপচোকন কি সিখে পাঠানো উঠে গিয়েছে। একালে নগদ কারবার। বুড়ো রামহরি পূর্ব জন্মের বাণের বন্দনা করেছে। একদিন মশায় হেসে রামহরিকে বলেছিলেন—শরী তা হলে কাকা ছিল—না কী বলিস? তোকে তো পথে বসিয়েছিল। অ্যা!

রামহরিও হেসেছিল। মশায় বলেছিলেন—দেখ, তোর আর জন্মের বাবা হয়ে যদি তোর উপর আমার এত মায়া—তবে তোর এই জন্মের বেটার ছেলের উপর কি এত বিরূপ হওয়া ভালো? তবে একটা কথা বলব বাবা। তুমি সেরে এখন উঠলে—কিন্তু এ রোগ তোমার একেবারে ভালো হবে না। সাবধানে থাকবে। উইল-টুইল যদি কর—তবে করে কেলো। আর একটি কথা, যে মেরোটিকে তুমি পেবে মালাচন্দন কর্কে তাকেও বঞ্চিত কোরো না।

রামহরির এই তরুণী স্ত্রীটিও এর মধ্যে খিড়কির পথে আত্ম-বউয়ের কাছে এসে ধরনা দিয়েছিল। পরামর্শ যে শরীর তাতে মশায়ের সন্দেহ নাই। বোধ হয় কিছু প্রণামীও দিয়ে গিয়ে থাকবে। বোধ হয় নয়, আত্ম-বউ এখন ওকালতি করেছে তার জন্ম-সংকলন কী নিশ্চয় নিয়েছে। মশায় এ নিয়ে স্কন্ধ হয়েছিলেন, কিন্তু প্রেরণ করেন নি। তিনি নিজের রামহরিকে এ কথা বলেছেন। আত্ম-বউ যা করেছে তার দারিদ্র্য নিয়ে। তবে স্বামীকে যদি স্ত্রীর পাণের ভাষা নিতে হয়

নেবেন ; ইহলোকে আত্ম-বউয়ের অগ্নিহাহের জ্বালার উত্তাপ জীবনভোর সহিতে পারলেন, পরলোকে আর পাপের ভাগের বোঝা বহিতে পারবেন না ?

খুব পারবেন !

ভাস্করেরা বলছে বিপিন ভালো আছে। হিকা আর হয় নাই। সেখানেও নিত্য ধোতে হয়। তিনি নাড়ী না দেখলে রতনবাবুর তৃপ্তি হয় না। প্রত্যন্ত ভাস্করও আসে। সে আসে তাঁর পরে। কোনো কোনো দিন দেখা হয়ে যায়। দু-একটা কথাও হয়। সে শুধু নমস্কার-বিনিময় মাত্র। তিনি হাত দেখেই চলে আসেন। বলে আসেন ভালোই আছে। এর বেশী কিছু না। মনের মধ্যে সেই কথাগুলিই ঘুরে বেড়ায়, মহাস্তের তিরোধানের দিনে যে কথাগুলি তিনি হরেনকে বলেছিলেন।

হাঁকোটা হাতে ধরেই সেতাব চাল ভাবছিল।

মশায় বললেন—ও বাবা, ন হরি ব্রহ্মা ন চ শঙ্কর ! ওর নিদান হৈকে দিয়েছি মানিক। তিন চাল 'ন' তিন চালেই তোমার মন্ত্রী অকস্মাৎ গজের মুখে পড়ে কাত। মশায় সেতাবের মন্ত্রীকে নিজের গজের মুখে চাপা দিয়ে রেখেছেন। এদিকে কিস্তি দিয়েছেন। সেতাব ভাবছে।

মশায় সেতাবের হাঁকো থেকে কঙ্কটা ছাড়িয়ে নিয়ে টানতে শুরু করলেন। তামাকটা কেন পোড়ে মিছিমিছি। সেতাব বল ফেলে দিয়ে, কঙ্কের দিকে হাত বাড়িয়ে বললে—দে ! তোর পড়তা ভালো আজ।

মিথ্যা বলে নি সেতাব ! মশায় আজ পর পর ছুবাজি জিতলেন। সেতার কঠিন খেলোয়াড়। ওর সঙ্গে জেতা কঠিন। প্রায়ই চটে যায় বাজি। এক-শো বাজির নব্বই বাজি চটে যায়—দশ বাজিতে হারজিত হয়। সে-ও সমান সমান।

কঠিন-রোগী থাকলে মশায় অনেক সময় খেলতে বসবার আগে সেকালের জুয়ার বাজির মতো ভাবেন—আজ যদি সেতাব হারে তবে রোগকে হারতে হবে ; সেরে উঠবে রোগী। সঙ্গে সঙ্গেই হাসেন। নাড়ী দেখার অহুকৃতি মনে পড়ে যায়। ও মিথ্যা হয় না। হবার নয়। রোগের কথাই মাথায় ঘুরতে থাকে। যজ্ঞচালিতের মতো খেলে যান, সেতাব একসময় বলে ওঠে—মাত।

সেতাব তামাক খেয়ে একরাশ ঘোঁরা ছেড়ে কথাটার পুনরাবৃত্তি করল—তোর পড়তা ভালো, সত্যিই ভালো জীবন। রামহরিকে তুই বা বাঁচালি ! খুব বাঁচিয়েছিলি !

জীবনমশায় বললেন—পরমায় পরম 'ওষধি সেতাব। রামহরির আয় ছিল। সারাটা জীবন কৃষ্টি-কসরত করেছে—সেও এক ধরনের যোগ। সাধারণ মানুষের

সঙ্গে এদের তকাত আছে। ওর সহশক্তি কত! সেইটেই বিচার করেছিলাম আমি। শক্তিই হল আয়ুর বড় কথা। রোগের সঙ্গে যুদ্ধ করে কি ওষু? করে জীবনীশক্তি, আয়ু।

'সেতাব হেসে বললে—হ্যাঁ, তা হলেও হাতবশটা তো তোমার বটে। সে তোমার চিরকাল আছে। নতুন ছক সাজাতে লাগল সেতাব। সাজাতে সাজাতে বললে—শরীর কথা শুনেছিস?

শুনেছেন, তাও শুনেছেন।

শুটি সাজাতে সাজাতেই ডাক্তার হাসলেন। পরমুহূর্তেই তাঁর কপালের ছুপাশে রগের শিরা ছুটো ছোটো হয়ে ফুলে উঠল। কোণ্ডে ধমধমে হয়ে উঠল ছবির মুখখানা।

সেই প্রথম দিনই শশী রামহরির ওখাম থেকে একরকম পালিয়ে এসে মজ্ঞান করে সারা নবগ্রামের প্রতি ডাক্তারখানা চীৎকার করে বেড়িয়েছে—আমি তো তবু কম্পাউণ্ডার। বর্ধমানের রীতিমত পাশ করে এসেছি। ওটা যে হাতুড়ে। গুঁজি তো রঙালী ডাক্তারের ধানকতক প্রেসক্রিপশন আর বাপ-পিতামহের মুষ্টিবোগের খাতা। আর নাড়ী ধরে চোখ উলটে—খানিকক্ষণ আঙুল তুলে টিপে—তারপর বায়ু পিত্ত কর। মনে হচ্ছে দশ দিন। না হয় ষাড় নেড়ে—তাই তো, —এই বলা! রামহরিকে বাঁচাবে। কই বাঁচাক দেখি! তাও তো মুকোজ ইনজেকশন দিতে করেন ডাক্তারকে ডাকতে হয়েছে। আসল কথা রামহরির টাকা—বিষয়! সব, সব বুঝি বাবা সব বুঝি! রামহরি তো করে করে করবে, এখন বাঁচবে বাঁচবে রব তুলে ইনজেকশন, ওষু, ফী, গাড়ি-ভাড়া, হেনোতেনো, গোলযোগ বাধিয়ে পঞ্চাশ একশো দেড়শো বা মেল—তাই বুড়োব লাভ। এ আর কে না বুঝবে! আমার নামে তো. যা তা বলেছে; কিন্তু গোসাইকে—চণ্ডীতলার গোসাইকে কে মারলে? উনি নন? আগের দিন বাত্রের এক ভোজ ওষুধে যুম পাড়িয়ে দিলাম। সকালে ভালো রইল। ইনি গিয়ে ফসমস্তর দিয়ে এলেন—সন্ধ্যাতে বাবেন। ওষুধবিষুধ আর খাবেন না। সারাদিন ওষুধ না পড়ে বিকেলে আবার দাস্ত হল। হবেই তো। বাস, নিদান সার্থক হয়ে গেল।

প্রত্যাত ডাক্তারও তাই বলে।

বলে—সন্ন্যাসী মরছে, তাঁর জন্তে কারই বা মাথাব্যথা! কিন্তু ওই লোকটির জীবনের মূল্য জীবনমশায় নিজে'কে নাড়ীজ্ঞানে অপ্রাস্ত বলে প্রমাণ করেছেন। কিন্তু আমি বলব—উনি তো ওকে মেরেছেন। ইয়েস ইন দি ট্রু সেন্স অব দি টার্ম। ওষুধ দিলে এক ওইভাবে ঘর থেকে টেনে বের না করলে সন্ন্যাসী আরও

দু-একদিন —অন্তত আরও ষটকয়েক রীচত—এ সম্পর্কে কোনো সন্দেহ নেই। এ তো নিজের নিদান সত্য করব'ব জন্ত টেনে-হেঁচড়ে, খোল করতালে রোগীকে চমকে দিয়ে উত্তেজিত করে মেরে ফেলেছে।

কথাগুলি মনে পড়লেই রংগের শিবা দপদপ করে ওঠে।

কথাটা উঠতেই এমন ময় হয়ে গিয়েছিলেন জীবনমশায় যে, এ দানটায় হেরেই গেলেন তিনি। খপ করে দাবাটাই মেরে বসল সেতাব! বললে—এই বার।

তাই বটে। এই বারই বটে। বাঁকা পায়ে আড়াইপদ আড়ালে অবস্থিত একটা শোড়ার জোরে একটা বড়ের অগ্রগমন সম্ভাবনা তিনি লক্ষ করেন নি।

সেতাব গেসে বললে—দেখবি না কি ?

ছকের উপর দৃষ্ট বুলিয়ে মশায় বললেন—না। সবটাই এলোমেলো হয়ে গিয়েছে। তুই কথা তুলে মনটা চঞ্চল করে দিলি। নন্দ রে, তামাক দে তো বাবা!

—আর একবার চা কবতে বল। খেয়ে উঠি। দেবী হলে সে বুড়ি আবার পঞ্চ-উপচার সাজিয়ে বসবে।

অর্থাৎ রাজের খাওয়ার ব্যবস্থা শুরু কববে। গৃহিণীর খাওয়ার আয়োজন সেতাবের পক্ষে প্রায় বিভাষিকা। দাবাব পথে তাঁকে লোকান থেকে দালদা কিনে নিয়ে যেতে হয়। যা হোক কিছু রসনাভূষিকর তৈরী করেন তিনি। সেতাব উপলক্ষ্য। নিজেই সেতাব মধ্যো মধ্যো বলে—বুঝি জীবন, এ সেই ষোল কইয়ের ষাপার! সেই যে একজন জোলা ষোলটা কইমাছ কিনে এনে বউকে বলেছিল—ভালো করে রান্না কর বেশ পেঁয়াজ গরমমশলা দিয়ে—মাখো-মাখো করে বোঝ রেখে—লকাবাটা দিয়ে—যেন জিতে দিলেই পরানটা ছুড়িয়ে যায়। বউ রান্না করতে লাগল—জোলা মাকু ঠেলেতে বসল ঘরে। একটি করে ছ্যাক লক্ষ উঠল আর জোলা একটি করে দাগ কাটলে মাটিতে। তারপর ছ্যাক শেষ হতেই উঠে গিয়ে বলল দে খেতে। বউ খেতে দিলে কিন্তু একটি কই মাছ।

—এ কী, আর গেল কোথায় ?

—একটা মাছ বেড়াল খেয়ে গেল।

—তা হলেও তো পনেরোটা থাকে।

—খপ করে গর্ত থেকে একটা ইঁদুর বেরিয়ে একটা নিয়ে গেল।

—ছুটো গেল। বাকি থাকে চোদ্দটা।

—ভুতে নিয়েছে ছুটো। ওই সওড়া গাছের তৃত্ত মাছের গন্ধে জানালা দিয়ে হাত বাড়িয়ে—

—তাই গেল তবু থাকে বারোটা।

—ভয়ে নড়ে বসতে গিয়ে হাতের খাঙ্কায় ছুটো পড়ল আঙনে।

সেভাব হাসেন আর বলেন—বুঝলি, এইভাবে জ্বোলার বউ হিসেব দিলে পনেরোটা কই মাছের। সেগুলি উনোসালে রান্না করতে করতে গুবগুব করে তিনি ভক্ষণ করেছেন। তারপর পনেরোটা মাছের যথাবিহিত হিসেব দিয়ে তিনি চেপে বসে বললেন—

‘আমি যে ভালোমাহুঘের কি—

ভাই এত হিসেব দি।

তুই যদি ভালোমাহুঘের পো—

তবে ছাত্রটা মুড়োটা খেয়ে মাঝখানটা ধো।’

কলে পরম কোঁতুকে সেতার হা-হা করে হাসেন।

*

*

*

বাইরে থেকে কে ডাকলে—মশায়! কই? কোথায়?

মশায় একটু চকিতভাবেই ঘাড় কিরিয়ে তাকালেন; কিশোরের গলা। কিশোর কলকাতায় গিয়েছিল; কিরেছে তা হলে। বোধ হয় কিছু নিয়ে এসেছে। সে কলকাতায় গেলেই তাঁর জন্ত কিছু না কিছু আনে। একা তাঁর জন্ত নয়, অনেকের জন্ত। আবালবৃদ্ধবনিতারই প্রিয়জন কিশোর। ছেলেদের জন্ত পেন্সিল, বই, রেয়েদের জন্ত সেলায়ের সরঞ্জাম, ছুঃস্থ মধ্যবিত্ত ছেলেদের জন্ত জামা প্যান্ট নিয়ে আসে। তাঁকে চার-পাঁচবার ফাউন্টেন পেন এনে দিয়েছে, প্রেসক্রিপশন লিখতে। সব্বহারিয়েছে। মধ্যে মধ্যে জুতো এনে দেয়। যেবার ও সব কিছু আনে না সেবার অজন্ত কিছু কল। কিশোর চিরদিন নবীন কিশোর ছুলাল হয়েই রইল। তিনি সাড়া দিলেন—কিশোর।

—কোথায়? বেরিয়ে আনুন; অনেক লোক আমার সঙ্গে।

মশায় বেরিয়ে এলেন, কিশোর কোন্ দায় এনে কেললে কে জানে? কোনো গ্রামে মহামারীর দায়, কোনোখানে হাকামার দায়—সব দায়েরই মাথা পাতা ওর স্বভাব।

বেরিয়ে এসে মশায় বিশ্বিত হয়ে গেলেন, কিছু বুঝতে পারলেন না তিনি। এ যে সন্ত্রাস্ত নাগরিকের দল। কোট-প্যান্ট-পরা, মাজিতকান্তি, শিক্ষা ও বুদ্ধিদীপ্ত-দৃষ্টি বিশিষ্ট ব্যক্তি সব। ধানার দারোগা সঙ্গে; আঁরও কজন এখানকার সরকারী কর্মচারীও রয়েছে; প্রত্যেক ডাক্তারও রয়েছে। নবগ্রামের ধনী ব্রজলাল বাবুর উত্তরাধিকারীরা এখন সদর শহরে বাস করে, ব্রজলালবাবুর বড় নাতিও রয়েছে। ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্ট রয়েছে। তাঁরা এখানে? তাঁর দরকার?

ভবে কি প্রত্যোত্তর জানার সেই দরখাস্ত করেছে? হৃদয়হীন সূৰ্য হাতুড়ে নিদান হেঁকে রোগগ্রস্তকে অকালে মৃত্যুমুখে ঠেলে দেয়! মহাত্মকে তিনি করেকদিন—অন্তত কয়েক ঘণ্টা আগেও মৃত্যুমুখে ঠেলে দিয়েছেন।

রগের শিরা ছুটো তাঁর দাঁড়িয়ে উঠল। তিনি কিছু বলবার আগেই কিশোর ভদ্রলোকদের লক্ষ্য করে বললে—ইনিই আমাদের মশায়। তিন পুরুষ ধরে এখানকার আতুরের মিত্র। আতুরস্ত ভিক্ষু/মিত্র। এই ভাঙা আরোগ্য-নিকেতনটাই একশো বছরের কাছাকাছি আমাদের হেল্প সেন্টার ছিল।

দলের বিশিষ্ট ব্যক্তিগুলির মুখে স্মিত হাস্ত-রেখা দেখা গেল। তার কতকটা যে কৃত্রিম তাতে সন্দেহ ছিল না। তাঁরা নমস্কার করলেন মশায়কে। তিনিও প্রতিমস্কার করলেন।

কিশোর তাঁর হয়ে ওকালতি করছে। এককালে কত করেছেন—সেই কথা বলে একালের অপরাধ মার্জনা করতে বলছে। প্রত্যোত্তর গভীরমুখে মাটির দিকে তাকিয়ে দাঁড়িয়ে আছে। আর একজন কোট-প্যান্ট-পরা ভরল মূহুর্তে তাকে কী বলছে। হরেনও রয়েছে একপাশে।

কিশোর বললে—আর এঁরা হলেন আমাদের নতুন পশ্চিম বাঙলা গাড়বার কর্তব্যাক্তি সব। বিশ্বকর্মার দল। কমিউনিটি প্রজেক্টের কথা শুনেছেন তো? একশোখানা গ্রাম নিয়ে নতুন আমলের দেশ তৈরি হবে। এখানেও আমাদের একটা প্রজেক্ট হচ্ছে। নবগ্রাম হবে সেন্টার। নতুন রাস্তা-ঘাট, ইন্সুল-হাসপাতাল ইলেকট্রিক, অনেক ব্যাপার। সেই জন্তে এ অঞ্চল দেখতে এসেছেন। পথে আপনার ‘আরোগ্য-নিকেতন’র সাইনবোর্ড দেখে জিজ্ঞাসা করলেন। তাই বললাম—‘আরোগ্য-নিকেতন’ ভেঙেছে, কিন্তু তার প্রাণ এখনও আছে, মশায় এখনও আছেন। তাঁকে না দেখলে এখানকার প্রাণের কি দাম কী শক্তি তা বুঝতে পারবেন না।

অকস্মাৎ মশায়ের মনে হল—জুজু সমুদ্রের বালুরাশির মতো তাঁর অন্তরে কোন গভীর অন্তরতলা থেকে উথলে বেরিয়ে আসছে উজ্জ্বলিত লবণাক্ত জলরাশি। ঠোট ছুটি তাঁর ধরধর করে কেঁপে উঠতে চাইছে। কঠিন দৃঢ়তার সঙ্গে চোয়ালে চোয়ালে চেপে নির্ধাক হয়ে দাঁড়িয়ে রইলেন তিনি।

কিশোর বললে—আপনার নাড়ীজ্ঞানের কথা বলছিলাম। সেই ডাঃ সেনস্তুত এসেছিলেন কলকাতা থেকে—ব্রজলালবাবুর নাড়িকে দেখতে। মশায় পাঁচ দিনের দিন প্রথম রোগী দেখেছিলেন। রোগী দেখে বেরিয়ে এলেন। আমি এলাম;

আমি ছিলাম সেখানে। তখন আমি আমাদের সেবাসঙ্ঘের সেক্রেটারি; আমি নার্সিং করছিলাম। মশায়ের সঙ্গে বেরিয়ে এসে জিজ্ঞাসা করলাম।

* * *

সে অনেক দিনের কথা। অনেক দিন।

টাইকয়েডের ওষুধ হিসেবে 'কাজ' তখন এদেশে সবে ব্যবহার আরম্ভ হয়েছে।

ব্রজলালবাবুর নাতির অস্থখই মশায় এই কাজের ব্যবহার দেখেছিলেন। কলকাতার বিখ্যাত ডাক্তার সেনগুপ্ত এসে ব্যবহার করেছিলেন কাজ। মহাশয় মহাপ্রাণ ধার্মিক লোক এই ডাক্তারটি।

জীবনমশায় তখন এ অঞ্চলের ধনস্বত্বি। ব্রজলালবাবু লক্ষপতি মাহুয, কৌত্তিমান মহাপুরুষ, উইলিয়ম্‌স্‌ চ্যারিটেবল ডিসপেনসারির প্রতিষ্ঠাতা। তিনিও তাঁকে স্নেহ করতেন—সুখু স্নেহই নয় তাঁর সঙ্গে সদ্ভ্রমও। তিনি মশায়কে আধুনিক সাজে সাজিয়েছিলেন। দেখা হলেই হেসে বললেন জীবন, এতবড় চিকিৎসক তুমি, তুমি ভালো পোশাক করো! জান, একবার কলকাতায় থিয়েটার দেখলাম। তাতে এক হাল ফ্যাশানের বাড়িতে এক বড় ডাক্তার দেখতে এল রোগী। তা সে রোগী বলে—ওর পায়ে মোজা নেই ও কেমন ডাক্তার? চার টাকা ফী ওকে কক্ষনো দিতে পাবে না। পালাটি চমৎকার! তা কথাটিও সত্যি হে, ভেক চাই।

জীবনমশায় বলতেন—আজ্ঞে কর্তাবাবু, ওসব যদি এ জন্মেই গায়ে দিয়ে শেষ করে শখ মিটিয়ে যাব তবে আসছে জন্মে এসে শখ মেটাব কিসে?

কর্তাবাবু হা-হা করে হেসে বলতেন—কোট-প্যান্ট পরবে মশায়, বিলেত-ফেরত সাহেব ডাক্তার হবে।

জীবন হা-হা করে হেসে বলতেন—সে ডবল প্রমোশন হবে, কর্তাবাবু সামলাতে পারব না। শেষে বলতেন কর্তাবাবু আপনার কথা আলাদা। আপনার মুক্তি কর্মযোগে। বাড়িতে কাশী প্রতিষ্ঠা করেছেন, বন্দাবন তৈরি করেছেন—ভগবান বেঁধেছেন, ইস্তুল দিয়েছেন, চিকিৎসালয় দিয়েছেন, মুক্তি আপনার করুণাগত। আমরা সাধারণ মাহুয, ভক্তি-টক্তি করে জ্ঞান পাব। ও সব জামা-কাপড়-পোশাকের গরমে ভক্তি উপে যায়, থাকে না। ও সব আমাদের নয়।

কর্তাবাবু কিন্তু এতেও মানেন নি। তাঁর সেবার কলকাতার কাঁকড়া খেয়ে খেয়ে হয়েছিল আমাশয়, সেই আমাশয় মশায় ভালো করেছিলেন। তখন শীতকাল। ভালো হয়ে উঠে ব্রজলালবাবু দাঁড় পাঠিয়ে মশায়ের গায়ের মাপ নিয়ে কলকাতা থেকে দামী চায়না কোট তৈরি করে এনে তাঁকে পাঠিয়ে দিয়েছিলেন। ব্রজলালবাবুর বাড়িতে অস্থখ একটু বেশী হলেই তাঁর ডাক পড়ত। সাধারণত দেখত তাঁর

চারিটেবল ডিসপেনসারির ডাক্তার। তাঁর ডিসপেনসারির ডাক্তারকে তিনি বাড়িতে না ডাকলে অল্প লোকে ডাকবে কেন ?

ব্রজলালবাবুর নাড়ি—তাঁর পৌঁহিতের অস্থখ ; একজনরী জ্বর। কলকাতা থেকে মাতামহের বাড়ি এসে জ্বরে পড়েছে। ডিসপেনসারিতে এসেছে তখন একজন তরুণ ডাক্তার। হরিশ প্রায় বছর আঠেক আগে চলে গেছে। তারপর দুজন এসেছে, দুজনই পসার না হওয়ায় চলে গেছে। তারপর এই তরুণটি, চক্রধারী। যে চক্রধারী এখন চিকিৎসা ছেড়ে প্রায় সন্ন্যাসী। চক্রধারী তাঁর ছেলে বনবিহারীর বন্ধু। চক্রধারীই দেখছিল, পাচ দিনেও জ্বরের বৃদ্ধিমুখ কম না পড়ায় তাঁকে ডেকেছিলেন ব্রজলালবাবু। অবশ্য উদ্বিগ্ন হওয়ার কোনো কারণ ঘটে নি তখন। 'তবু ধনী মানুষ, পৌঁহিত এসেছে কলকাতা থেকে—তাই তাঁকে ডেকে একজনের স্থলে দুজন ডাক্তার দেখানো। শীতকালের দিনে জীবনমশায় চায়না কোর্টটি গায়ে দিয়েই দেখতে গিয়েছিলেন। কর্তাবাবু রসিকতা করেছিলেন।

—কোর্ট গায়ে দিয়েছ জীবন তরুণকে উপিয়ে দিলে নাকি ?

মশায় বলেছিলেন—আজ্ঞে, তরুণকে এ জ্বরের মতো শিকয়ে তুলে রাখলাম কর্তাবাবু। সে যা হয় আসছে জন্মে হবে। তা' ভক্তিকেই যখন শিকয়ে তুললাম তখন কোর্ট গায়ে দিয়ে দোষ কী বলুন।

ছেলেটিব নাড়ী দেখাবাব আগে তাঁর কানে এসেছিল কয়েকটি মৃদুস্বরের কথা। কলকাতারই কেউ অসম্ভব হয়ে পাশের ঘবে বলছিল—এ সব কী কবছেন এর। হাতুড়ে ডেকে হাত দেখানো—এগুলো ভালো নয়।

জীবনমশায়ের পায়ের ডগা থেকে বক্ত্রশ্রোত বইতে শুরু কবেছিল মাথাব দিকে। প্রাণপণে নিজেকে সংযত করে হাত দেখতে বসেছিলেন।

তাঁর বাবা বলেছিলেন—ধানযোগে নাড়ী পরীক্ষা কবতে হয়। সেদিন সেই যোগ যেন মুহূর্তে সিদ্ধিযোগে 'পরিণতি লাভ কবেছিল। সেই ধানযোগে তিনি অল্পভব করেছিলেন কঠিন সান্নিপাতিক-দোষযুট নাড়ী।

নাড়ী ছেড়ে উঠে বাইরে এসে হাত ধুয়ে দৃঢ়কণ্ঠে বলেছিলেন—ছেলেটির জ্বর সান্নিপাতিক, মানে টাইফয়েড, কর্তাবাবু। এবং—

—কী জীবন ?

—বেশ শক্ত ধরনের টাইফয়েড। ভালো চিকিৎসা চাই। সদর থেকে কাউকে এনে দেখান।

ওই পাশের জ্বরের কথা তাঁর কানে না গেলে হয়তো এমনভাবে তান বলতেন না। একটু ঘুরিয়ে বলতেন।

সদরের ডাক্তার এসে দেখে বলেছিলেন—যিনি বলেছেন তিনি বোধ হয় একটু বাড়িয়ে বলেছেন। টাইফয়েড বটে—তবে কঠিন কিছু নয়। সেয়ে যাবে।

জীবনমশায় তাঁর সামনেই শব্দ 'নেড়ে বলেছিলেন—আজ্ঞে না। আমার জানে রোগ কঠিন। তবে যদি বলেন আমি হাতুড়ে, সে অল্প কথা।

কিশোর তখন ভরুণ। সে বাইরে তাঁর সঙ্গে এসে তাঁকে জিজ্ঞাসা করেছিল—কী দেখলেন ডাক্তারবাবু? খুব শক্ত?

মশায় তাকে বলেছিলেন—যাপারটা জটিল বাবা কিশোর। সদরের ডাক্তার বুঝতে পারছে না। জিভের দাগ, পেটের ফাঁপ, দুবার জ্বর ওঠানামা, জ্বরের ডিগ্রি দেখে ও বিচার করছে। আমি নাড়ী দেখেছি। ত্রিদোষচুষ্ট নাড়ী। এবং—। তুমি বোলো না কিশোর, এ রোগ আর ব্রহ্মা-বিষ্ণুর হাতে নাই। এক শিব—যিনি নাকি মৃত্যুর অধীশ্বর, তিনি যদি রাখেন তো সে আশা কথ্য।

দশ দিনের পর থেকে রোগ হঠাৎ কঠিন হয়ে উঠল। শহরের ডাক্তার আবার এসে বললেন—হ্যাঁ, দ্বিতীয় সপ্তাহে এ রোগ বাড়ে। তাই বেড়েছে। তা হোক ওষুধ দিয়ে যাচ্ছি আমি। কবে যাবে এতেই।

ভেরো দিনের দিন রোগ হয়ে উঠল কঠিনভর।

কিশোরকে ডাক্তার বললেন—বিকার আসছে কিশোর। আঠারো দিন অথবা ২০ দিনে ছেলোট মারা যাবে। মনে হচ্ছে তার আগে সান্নিপাত দোষে একটি অঙ্গ পড় হবে যাবে। কিশোর, আমি দেখতে পাচ্ছি। সান্নিপাতিক জ্বর এমন পূর্ণ মাত্রায় আমি আব দেখি নি বাবা।

চোদ্দ দিনের দিন ছেলে অজ্ঞান হয়ে গেল। মেনিনজাইটিস যোগ দিলে। কলকাতার লোক গেল, বড় ডাক্তার চাই। যা লাগে।

জীবনমশায় বললেন—তা হলে অবিলম্বে কর্তাব্যবস্থা করুন। নইলে আক্ষেপ কবতে হবে। রোগ বড় কঠিন কর্তাব্যব।

সে মুহূর্তেই চোখ পড়েছিল কলকাতার সেই অস্ত্রীয়টির দিকে। একটু হেসে বলেছিলেন—আমার অবিদিত হাত দেখে মনে, হচ্ছে রোগ অত্যন্ত কঠিন। কখনো তা থেকে বড় ডাক্তার এসেছিলেন, এম. ডি. ; অল্প বয়স হলেও বিচক্ষণ চিকিৎসক। জাতিতে বৈদ্য ; নাড়ী দেখার অধিকার রাখেন ; ধীর স্থির মিষ্টভাবী। ডাক্তার সেনগুপ্ত সত্যকারের চিকিৎসক।

তিনি রোগের বিবরণ শুনে ফাজ নিয়ে এসেছিলেন ফাজ সেই প্রথম ব্যবহার হল এ অকলে।

জীবনমশায়ের সঙ্গে তিনি পরামর্শ করেছিলেন। নাড়ী দেখে অজ্ঞানের কথা

জনে বলেছিলেন—আপানার অসুস্থ্যনই বোধ হয় ঠিক। তবু আমাকে চেষ্টা করতে হবে। শেষ পর্যন্ত দেখতে হবে। কর্তব্য করে যেতে হবে। কী করব ?

আঠারো দিনের দিনই ব্রজলালবাবু দৌহিত্র মারা গিয়েছিল। আঠারো দিনের সকালবেলা বাম অঙ্গ পড়ে গিয়েছিল, বাঁ চোখটি পর্যন্ত নষ্ট হয়ে গিয়েছিল।

চারদিকে জীবনমশায়ের নাড়ী-জ্ঞানের খ্যাতি রটে গিয়েছিল এর পর।

কিশোর বলে চলেছিল—সেকালের জীবনমশায়ের কথা।

জু খ্যাতিই নয়—একটা দৃষ্টিও তাঁর খুলে গিয়েছিল এর পর থেকে। তিনি বুঝতে পারতেন। সে আসছে কি না আসছে, নাড়ী ধরলে অনুভব করতে পারতেন অনায়াসে। এবং সে কথা ক্ষেত্রবিশেষে অর্থাৎ রোগী প্রবীণ হলে স্পষ্টই বলতেন ; মণি চাটুজের মায়ের বেলা বলেছিলেন—বাবাজী, এবার বুঝি মাথা কামাতে হয় গো।

মণি চাটুজের চুলের শখ ছিল অসাধারণ।

রাম মিত্তিরকে তার বাপের অসুস্থ্যে প্রথম দিন দেখেই বলেছিলেন—রাম, বাবায় কাছে যা জানবার শুনবার জেনে শুনে নিয়ো। উনি বোধ হয় এ বাজা আর উঠবেন না।

রোগী অল্পবয়সী হলে ইন্দ্ৰিতে বলতেন—তাই তো হে, রোগটা বাঁকা ধরনের, তুমি মরণ ভালো ডাক্তার এনে দেখাও।

কাউকে অসুস্থ্যভাবে জানাতেন।

এরই মধ্যে একদিন স্বরেনের ছেলে শশাঙ্কের বড় ভাই এসে বললে—মশায়-কাকা, একবার শশাঙ্ককে দেখে আসবেন।

—কী হয়েছে শশাঙ্কের ?

—জ্বর হয়েছে আজ দিন চারেক।

—আচ্ছা যাব। কাল সকালে যাব বাবা। আজ বহু এল কলকাতা থেকে। বাঁশি, বাঁয়া-তবলা এনেছে ; গান-বাজনা হবে। একটু খাওয়া-দাওয়াও হবে। আসিস বাবা তুই। আমি কাল সকালেই যাব।

বনবিহারীর বন্ধু শশাঙ্ক। বছর খানেকের ছোট। জমিদারী সেরেস্তার হিসাবনবীশ তাঁর সেই বালাবন্ধু স্বরেনের ছোট ছেলে। বালাকালেই মাতৃবিয়োগ হয়েছিল। স্বরেন বেঁচে থাকতেই তার বিয়ে দিয়ে সংসারী করে দিয়ে গেছে। ভালো ছেলে, মিষ্টভাষী ছেলে শশাঙ্ক। কী হল ছেলেটার ?

*

*

*

পরের দিন সকালেই গিয়েছিলেন শশাঙ্ককে দেখতে।

জ্বরেরেন গৃহিণীহীন সংসারে বধুরাই আপন-আপন স্বামী নিয়ে স্বাধীন। তরুণী বধুটিই শশাকের শিয়রে বসে ছিল। সম্ভবত শশাকের অরোক্তপ্ত কপালে, নিজের মুখখানি রেখেই শুয়ে ছিল। শশাকের জুতোর শব্দে উঠে-বসেছে।

শশাকের কপালে সিঁদুরের ছাপ লেগে রয়েছে। একটু হাসলেন ডাক্তার। মেয়েটি ছেলেটি দুজনেই তাঁর স্নেহাস্পদ। বধুটিও তাঁর জানাশোনা ঘরের মেয়ে, বাল্যকাল থেকেই দেখে এসেছেন। স্নেহের বশেই শশাক মেয়েটির দিকে চাইলেন। চোখ তাঁর জুড়িয়ে গেল। লালপাড়-শাড়ি-পরা ওই গৌরভহু বধুটির নতুন রূপ তাঁর চোখে পড়ল। একটি অপরূপ ছবি দেখলেন যেন। তাঁকে দেখে মেয়েটির মুখখানি রাঙা হয়ে উঠল। মাথায় ঘোমটা টেনে সে সরে বসল। মনে হল মেয়েটির এই বধুরূপেই তার সকল রূপের চরম প্রকাশ।

ডাক্তার বসে শশাকের হাত ধরলেন। তাঁর নিজের হাত কেঁপে উঠল, চোখ দুটি চকিতে যেন খুলে খেল, একবার বধুটির দিকে তাকালেন। আবার চোখ বুজলেন।

এ কি? আজ তৃতীয় দিন। এরই মধ্যেই স্পষ্ট লক্ষণ। আবার দেখলেন। না, ভ্রান্তি নয়। ভ্রান্তি তো নয়! এই বধুটির এমন অপরূপ রূপ মুছে দিয়ে শশাককে বেতে হবে? দু সপ্তাহ?

হ্যাঁ, তাই! ভ্রান্তি নয়, তিনি বিমূঢ় নন, অল্পমনস্ক তিনি হন নাই। শশাককে বেতে হবে। এমন স্পষ্ট মৃত্যুলক্ষণ তিনি কদাচিৎ প্রত্যক্ষ করেছেন নাড়ীতে। শেষ রাত্রের পাণ্ডুর আকাশের দক্ষিণ-পূর্ব কোণাংশে অয়িকোণে শুক্রাচার্যের প্রদীপ্ত স্পন্দিত উদয় যেমন রাত্রি-শেষ ঘোষণা করে—এমন কি দণ্ড পলে উদয়কালের বিলম্বটুকু পর্যন্ত পরিমাপ করে দেয়, তেমনিভাবে—ঠিক তেমনিভাবে—নাড়ী-লক্ষণ বলছে দু সপ্তাহ! চোক দিন।

মনে আর অশান্তির সীমা ছিল না। বেদনার আর অস্ত ছিল না। শশাক বনবিহারীর বয়সী, কিছু ছোট। মাতৃহীন ছেলেটা তাঁর ডাক্তারখানার সামনে খেলে বেড়াত। তাঁর চোখের সামনে বড় হল। আর এই বধুটি? লালপাড় শাড়িতে শাখায় রুলিতে, সিঁধিতে সিঁদুরের রেখায় হৃদয় ছোট কপালখানির মাঝখানে সিঁদুরের টিপে লক্ষ্মীঠাকুরের মতো এই মেয়েটি?

এই সমস্ত শোভার সব কিছু মুছে যাবে? খান কাপড়, নিরাভরণা মুক্তি—কল্পনা করতে পারেন নি জীবনমশায়। মনে পড়েছে মেয়েটির বাল্যকালের কথা। পাশের গাঁয়ের মেয়ে। এ অঞ্চলে জাগ্রত কালী ঠাকুরের সেবায়ের মেয়ে। বড় সমাদরের কস্তা। মেয়েটিকে ছেলে বয়সে বাপমায়ে বলত—বিদ্যা। পুষ্টি।

ওই আদর-কাঙালীপনার জন্ত আর আমিষে কচির জন্ত। একখানি ডুরে কাপড় পরে কালীমায়ের বাত্মীদের কাছে সিঁছরের টিপ নিয়ে বেড়াত আর পরসী আদায় করে পেয়াজ-বড়া কিনে খেত। অন্তরটা বেদনায় টনটন করে উঠল।

দুদিন পর শশাকের নাড়ী দেখে তিনি একেবারে আর্ত হয়ে উঠলেন। স্থির জেনেছেন—শশাককে খেতে হবে। নাড়ীতে বেন পদ্ধনি শুনতে পাচ্ছেন, সে আসছে। ওষুধ ব্যর্থ হয়ে যাচ্ছে।

সেই আর্ত মানসিকতার আবেগে একটা কল্পনা করে আতর-বউকে ডেকে বললেন—দেখো, কাল রাতে আমি স্বপ্ন দেখছি—মা-কালিকে ভোগ দিচ্ছি, মা যেন সেই ভোগ নিজে হাত পেতে নিচ্ছেন। আর আশ্চর্য কী জান? কালী মা যেন আমাদের শশাকের বউ।

আতর-বউ বলেছিলেন—তা আর আশ্চর্য কী; শশাকের বউ কালীমায়ের দেবালীর মেয়ে। হয়তো—।

—এক কাজ করো আতর-বউ, শশাকের বউকে কাল নেমস্তন্ন করে ধাওয়াও।

—বেশ তো।

আমিষের নানা আয়োজন করে এই বধুটিকে ধাওয়াতে চেয়েছিলেন। বড় একটা মাছের মুড়া তার পাতে দিতে বলেছিলেন। শশাকের তখন ছদিন জর। জরটা শুধু বেড়েছে; অন্য কোনো উপসর্গ দেখা দেয় নি। বাকুলের কালীবাড়ি থেকে প্রসাদী মাংসও আনিয়েছিলেন। কী যে ভ্রান্তি তাঁর হয়েছিল। মাছের মুড়াটা নামিয়ে দিতেই বধুটি চমকে উঠেছিল।

স্থির দৃষ্টিতে কিছুক্ষণ সমস্ত আয়োজনের দিকে তাকিয়ে হাত গুটিয়ে উঠে পড়েছিল। আতর-বউ ব্যস্ত হয়ে উঠে বলেছিলেন—কী হল? কী হল?

স্থির কণ্ঠে মেয়েটি বলেছিল—আমার শরীর কেমন করছে। আমি বাড়ি যাচ্ছি।

সন্ধ্যার ডাক্তার শশাককে দেখে বেরিয়ে এলেন বাড়ি থেকে। মৃত্যুলক্ষণ নাড়ীতে উত্তরোত্তর স্পষ্ট হয়ে উঠেছে। ভবলার বোলে—ঠিক মাঝখানে এসেছে। সেই গতিতে বাজছে। কাল সপ্তাহ শেষ আর এক সপ্তাহ একদিন, অষ্টাহ।

বাড়ির মধ্যেই একটা গলি।

ডাক্তারের ভারী পা আরও ভারী হয়ে উঠেছে। শিছন খেতে ডাক শুনলেন—দাঁড়ান। ডাক্তার কিরে দাঁড়ালেন। দেখলেন একটি কেরোসিনের ডিবে হাতে ধাড়িয়ে আছে শশাকের বউ। ডিবের আলো তার মুখের উপর পড়েছে, গৌরবর্ণ মুখের উপর রক্তাভ আলো। সিঁছিতে সিঁছির ডগডগ করছে। চোখে তার

হির দৃষ্টি। জাতে প্রেম। মশায়েরও সে দৃষ্টি অসহ মনে হল; চোখ নামিয়ে নিলেন তিনি।

বললেন—কিছু বলছ ?

—ও বাঁচবে না? লুকোবেন না আমার কাছে। আশ্চর্য ধীরতা তার কণ্ঠস্থরে।
প্রশ্নের উত্তর দিতে পারলেন না ডাক্তার।

যেহেতু বললে—না যদি বাঁচতে তো কী করব; আপনিই বা কী করবেন? কিন্তু এমনি করে আপনার নিজের ছেলের মৃত্যু জেনে—তাকে মাছে মূড়া, মাংস খাওয়াতে পারবেন? সেই কথা মনে পড়ছে মশায়ের।

অবশ্য সেদিন তিনি এতে বিচলিত হন নি। সেদিনের জীবনমশায় অল্প মাহুঘ ছিলেন। গরলাভরণ নীলকণ্ঠের মতো দূকপাতহীন। লোকে বলত, মশায় সত্য কথা বলবেই, সে ভালোই হোক আর মন্দই হোক। অনেকে বলত, ডাক্তার-কবিরাজেরা মৃত্যু দেখে দেখে এমনিই হয়ে পড়ে। ঘাঁটা পড়ে যায় মনে। অনেকে বলত, পসার বাড়ায় জীবনমশায় পালটে গিয়েছে—দাস্তিক হয়েছে ধানিকটা।

কারও কথাই মিথ্যে নয়। সবার কথাই সত্য। তবে এগুলি উপরের সত্য—ফুলের পাপড়ির মতো। মাঝখানে যেখানে থাকে মর্মকোষ—সেখানকার সত্য কেউ জানে না। সেখানে একদিকে ছিল বিষ অল্পদিকে অমৃত। সংসার-জীবনের অশান্তি—আভর-বউয়ের উত্তাপ—মঞ্জরীর অভিশাপ—বনবিহারীর মধ্যে কলেছিল, সে অভিশাপ; তিনি জানতে পেরেছিলেন, এ বংশের মহাশয় বনবিহারীর মধ্যেই হবে গুলিসাৎ এবং বনবিহারী যে দীর্ঘজীবী হবে না সেও তিনি জানতেন। অল্পদিকে হয়েছিল ধ্যানযোগে নাড়ী-জ্ঞানের অদ্ভুত বিকাশ। ছুইয়ে মিলে তাঁর সে এক বিচিত্র অবস্থা। কখনও আধুনিকদের ব্যঞ্জে বলে কেলতেন নিষ্ঠুর সত্য। কখনও করুণায় আত্মহারা হয়ে বলে কেলতেন।

জীবনমশায় একটা গভীর দীর্ঘনিশ্বাস কেলে যেহেতুকে বলেছিলেন—মা, শশাককে যদি বাঁচাতে পারি তবেই এর উত্তর হয়। কিন্তু।

কথাটা পালটে নিয়েছিলেন—আমার ছেলের কথা বললে না! শশাক আর বনবিহারী একসঙ্গে খেলা করেছে, পড়েছে—সে সবই তুমি জান। শশাকও আমার ছেলের মতোই। আজ তার কথাই যখন বলতে পারলাম ইচ্ছিতে, তখন বনবিহারীকেও যদি অকালে যেতে হয়—আর আমি যদি জানতে পারি—তবে শশাকের বেলা যেমন জানিয়ে দিলাম তেমনি তাকেই জানাব, রকমটা একটু আলাদা হবে। তোমাকে তো ইচ্ছিতে জানিয়েছি। বল্লর বেলা—তোমার কথাই

যদি ফলে মা, তবে আতর-বউকে স্পষ্ট বলব—বহুর বউকেও স্পষ্ট বলব—বহু বাঁচবে না। এবং তাব যদি কোনো সাধ থাকে তাও মিটিয়ে নিতে বলব। আমার উপর মিথ্যে ক্রোধ করলে মা। মৃত্যুব কাছে আমবা বড় অসহায়।

অগ্র কেউ বললে এই নতন কালের পাশ্চাত্যবিজ্ঞান-প্রভাবিত ব্যক্তিগুলি বিখ্যাস তো কবতেনই না—উলটে ব্যঙ্গ হাস্য করতেন। কিন্তু কিশোর গোটা বাংলাদেশে পণ্ডিত এবং কর্মী হিসেবে স্থপাচিৎ, শ্রদ্ধা আসনে প্রতিষ্ঠিত। এ ছাড়াও আর একটি মহৎ গুণের সে অধিকারী। সে সত্যবাদী। পৃথিবীতে কোনো গুরুতর প্রয়োজনেও সে মিথ্যা বলে না এবং কারও মনোরগ্নের জন্তও সত্যকে সে অতিবঞ্জিত কবে না।

গল্প দুটি শুনে সকলের মুখেই প্রশংসা-প্রসন্ন বিশ্বয় ফুটে উঠল। একজন বললেন—সত্যই অদ্ভুত।

কিশোর হেসে বললে—কী কবছিলেন? দাবা খেলছিলেন বুঝি? এরই মধ্যে সেতাব ঘর থেকে উঠে এসে জীবনমশায়ের পিছনে দাঁড়িয়েছে। ধোঁয়া দেখে আগুন অনুমানের মতো কিশোর অশ্রান্ত অনুমান করেছে।

মশায় আজ ছোট ছেলের মতো লজ্জিত হলেন। মাথা হেঁট করে হেসে বললেন—বন্ধ বয়সে অবলম্বন তো একটা চাই। কী করি বলো? তুমিও তো শুনেছি এখনও ছেলেদের সঙ্গে ফুটবল খেলতে যাও। অবিজ্ঞি—তুমি নামেও কিশোর কাছেও চিরকিশোর। লোকে বলে কিশোরবাবু আর সাবালক হল না, চিরকাল সাবালকই থেকে গেল। তাই থেকে বাবা—চির দিন যেন তুমি তাই থেকে।

বলতে বলতেই তাঁর চোখ দিয়ে দুটি জলের ধারা গড়িয়ে এল। নীর্ঘকাল পর স্নদীর্ঘকাল পব, কতকাল পব তার হিসেব নাই। হিসেব নাই।

মহাশয়ের চোখে জল দেখে কিশোর একটু অভিভূত হয়েই বললে, আচ্ছা চলি। এঁদেব সব দেখিয়ে আনি।

বণ্ডনা হয়ে গেলেন তাঁরা। সকলেই যেন কেমন হয়ে গেছেন, নিঃশব্দে অগ্রসর হয়ে গেলেন। কথা যেন হারিয়ে গেছে। দাডাল শুধু হবেন। হবেন এসে বললে—একটা ভালো খবর আছে। বিপিনবাবুর আজ আবাব ইউনি রিপো এসেছে। দোষ খুব কমে গিয়েছে। ওবেলা যাবেন তো বিপিনবাবুকে দেখতে' আজ আমরা যখন যাব তখনই যদি যান তো ভালো হয়। আজ একবার সকলে মিলে ভালো করে দেখব।

অন্তমনস্কের মতো মশায় বললেন—সকলে মিলে দেখবে।

চলিবশ

বিপিন স্নহ আছে। নিজেই বললে—ভালোই মনে হচ্ছে।

রতনবাবু বললে—আজ ইউরিন রিপোর্ট এসেছে। যে দোষটুকু ছিল—অনেকটা কমে গিয়েছে।

মশায় যখন গেলেন, তখনও ডাক্তারেরা আসে নি। বিপিনের হাতের জগ্গ হাত বাড়িয়ে মশায় বললেন—ভালো হবার হলে এইভাবেই কমে। আমাদের সে আমলের একটা কথা ছিল রতন—তোমার নিশ্চয় মনে আছে—রোগ বাড়বার সময় বাদ্ধে তালপ্রমাণ, কমবার সময় কমে তিলে-তিলে।

—তুমি একবার নাড়ী দেখে আমাকে বলো। কী বুঝে? কী পাচ্ছ?

—রোজই তো বলছি রতন।

না। আজ কেমন দেখলে—এখন কেমন আছে এ কথা নয়। সেই পুরনো আমলের নাড়ী দেখা দেখো। কত দিনে বিপিন উঠে বসতে পারবে।

বিপিন বললে—এ শুয়ে শুয়ে আর পারছি না। চাকাওয়ানা ইনভ্যালিড চেয়ারে যদি একটু বারান্দায় বসতে পাই—কি একটু বাইরে ঘুরে আসতে পারি তা হলে মনের অবসাদটা কাটে। তা ছাড়া এ যেন লজ্জায় মরে যাচ্ছি। বিশ্বব্রহ্মাণ্ডের কৰুণার পাত্র। লোকে আহা উছ করছে, গোটা সংসারের লোকের বোঝা হয়ে ঘাড়ে চেপে রয়েছে—এ আমার পক্ষে অসহ্য হয়ে উঠেছে।

মশায় চমকে উঠলেন মনে মনে। প্রতিষ্ঠাবান বিপিনের অন্তরলোকের অবস্থাটা যেন রজনরশ্মির মতোই কোনো এক রশ্মিচ্ছটায় উদ্ভাসিত হয়ে প্রকাশিত হয়ে পড়ল। মশায়ের কাছে এটিও একটি উপসর্গ।

বিপিনের মুখের দিকে তাকিয়ে তার হাতখানি নিজের হাতের মধ্যে তুলে নিলেন। নাভীতে উত্তেজনার আভাস ফুটে উঠেছে।

হাতখানি নামিয়ে রাখতেই বিপিন বললে কবে উঠতে দেবেন?

মশায় বললেন—কাল বলব। আজ তুমি নিজেই চঞ্চল হয়ে রয়েছ।

—চঞ্চল উনি অহরহই। সেইটেই আপনি নিষেধ করুন ওঁকে। বিপিনের খাটের ওদিকে দাঁড়িয়েছিল একটি মেয়ে—বিপিনের স্ত্রী। রোজই থাকে। কথা বলে না। আজ সে বোধ করি থাকতে পারলে না, আজ সে কথা বলে ফেললে। প্রাণস্পর্শী সেবার মধ্যে এ উপসর্গটি তার মনে কাঁটার মতো ঠেকেছে; সব থেকে গভীরভাবে বিদ্ধ করছে বলে মনে হয়েছে। তাই বোধ করি থাকতে পারে নি।

পঁয়ত্রিশ-ছত্রিশ বৎসর বয়স ; শাস্ত্র শ্রীময়ী মেয়ে ; কপালে সিঁদুরের টিপ—সিঁথিতে সিঁদুর ; উজ্জ্বল হয়ে রয়েছে, পরনে লালপেড়ে শাড়ি । ঘোমটা সরিয়ে আজ প্রাণের আবেগে তাঁর সামনে আত্মপ্রকাশ করে দাঁড়িয়েছে ।

তিনি উত্তর দেবার আগেই উত্তর দিল বিপিন—দুর্বল কণ্ঠস্বর কাঁপছে, চোখ দুটি ঝুৎ প্রদীপ্ত । সে বলে উঠল—নিষেধ করুন । নিষেধ করুন ! নিষেধ করলেই মন মানে ? মেয়ে জাত ! কী করে বুঝবে তুমি আমার এ যন্ত্রণা ।

মশায় বাস্ত হয়ে বললেন—বিপিন, বাবা ! বিপিন !

রতনবাবু ডাকলেন—বিপিন ! বিপিন !

দুটি জ্বলের ধাবা গড়িয়ে এল বিপিনের দুটি চোখ থেকে । শ্রান্ত ভগ্ন কণ্ঠে সে বললে—আমি আর পারছি না । আমি আর পারছি না ।

রতনবাবু গিয়ে মাথায় হাত দিয়ে দাঁড়ালেন । বিপিনের স্ত্রী পাখা নিয়ে এগিয়ে এল ; দ্বিধা গভিমানভরেই বললে—না । শ্রীমন্ত, তুমি বাতাস করো ।

শ্রীমন্ত বিপিনের ছেলে । সে পাখাখানি নিলে মায়ের হাত থেকে ।

মশায় স্তব্ব হয়ে বসে রইলেন—রোগীর দিকে লক্ষ্য রেখে । কিছুক্ষণের মধ্যেই আলস্যের ভারে চোখের পাতা দুটি ভেঙে পড়ল বিপিনের । হাতখানি স্পর্শ করলেন মশায় । বিপিন আয়ত দুটি চোখ মেলে দেখে আবার চোখ বুজলে । বিপিনের নাড়ীতে স্তিমিত উত্তেজনা অল্প ভব করতে পারছেন মশায় । দীর্ঘক্ষণ নাড়ী পরীক্ষা করে তিনি বেরিয়ে এলেন ।

—জীবন ! পিছন থেকে মুহূর্ত্তের ডাকলেন রতনবাবু ।

—চিস্তিত হবার কারণ নাই রতন । অনিষ্ট কিছু ঘটে নি । কিন্তু সাবধান হতে হবে । এ রকম উত্তেজনা ভাল নয়, সে তো তোমাদের বলতে হবে না !

—সচরাচর এ রকম উত্তেজিত বিপিন হয় না । আজ হল । কিন্তু আমি যা জানতে চাইছি । তোমাদের বংশ নিদান দেবার মতো নাড়ীজ্ঞানের কথা আমি জানি—বিশ্বাস করি । আমি তাই জানতে চাইছি ।

হেসে মশায় বললেন—সে নাড়ী দেখার আমল চলে গিয়েছে রতন । এ আমল, এ কাল আলাদা । আজ কত গুণ্ড কত চিকিৎসা আবিষ্কার হয়েছে । এখন কি আর সে আমলের বিচ্ছেতে চলে ? ধরো ম্যালেরিয়ায় জ্বর, আমার বিচ্ছেতে ন দিনে জ্বর ছাড়বে, কিন্তু এখন ইনজেকশন বেরিয়েছে, প্যালুড্রিন এসেছে, তিনদিনে জ্বর ছেড়ে যাচ্ছে । টাইফয়েড দেখে আমরা বলব আঠারো দিন, একুশ দিন, আঠাশ দিন, বত্রিশ দিন, আটচল্লিশ দিন । অথচ নতুন গুণ্ডে দশ-বারো দিনে জ্বর ছেড়ে যাবে ।

আজ নারী দেখে আমি কী বলব ? আজ তো ডাক্তারেরা আসছেন, দেখবেন, তাঁদের জিজ্ঞেস করো।

—আপনি বলছেন না, আপনি লুকোচ্ছেন ! কিন্তু নিজের ছেলের বেলায় তো লুকোন নি ! নারীকণ্ঠে এই কথাগুলি শুনে চমকে উঠলেন মশায়। ফিরে পিছনেব দিকে তাকালেন। পিছনে দাঁড়িয়ে বিপিনের স্ত্রী। কপালে সিঁন্দুব-বিন্দু, সিঁথিতে সিঁন্দুরের দীর্ঘ রেখা। উৎকণ্ঠিত মুখে স্থির দৃষ্টিতে প্রশ্ন নিয়ে দাঁড়িয়ে আছে।

শ্বতি যেন তাঁকে চাবুক দিয়ে নির্মম আঘাত করলে। নিজেকে প্রাণপণে সংযত করে তিনি বললেন—আমি সত্যি বলছি মা, আমি ঠিক কিছু বুঝতে পারছি না। তোমাব বাড়ি এলেই আমার নিজের ছেলেকে মনে পড়ে। চঞ্চল হয়ে পডি। বুঝতে ঠিক পারি না। এর মধ্যে কোনো লুকোনো অর্থ নাই। আমাকে তোমরা ভুল বুঝো না।

জীবনমশায় হনহন করে বেবিয়ে এলেন।

—ডাক্তারবাবু, ফী-টা ; ডাক্তারবাবু।

—কাল। কাল দিযো। কাল।

*

*

*

মর্মান্তিক শ্বতি একেবারে মুখোমুখি হয়ে দাঁড়িয়েছে। মনে হচ্ছে—ঠিক যেন সেই ! প্রভেদ আছে। সে ছিল তরুণী—ষোলো-সতেরো বছরের নিতান্তই গ্রাম্য মেয়ে। ঠিক এমনি দৃষ্টি নিয়েই প্রথম তার দিকে তাকিয়েছিল শশাঙ্কর স্ত্রী।

সে তাঁকে একরকম অভিসম্পাত দিয়েছিল। সে অভিসম্পাত পূর্ণ হয়েছে। বনবিহারী মরেছে। শশাঙ্ক মরেছিল আগস্তক ব্যাধির আক্রমণে। তার নিজের কোনো অপরাধ ছিল না। নিজের প্রবৃত্তি রিপু হয়ে মৃত্যুকে সাহায্য করে নি। একালের বীজাণু পরীক্ষার ব্যবস্থা এবং একালের বিশ্বয়কর বীজাণুনাশক ওষুধ থাকলে হয়তো—। না। আপন মনেই ঘাড নাডলেন মশায়। বাঁচত না শশাঙ্ক। একালেও পেনিসিলিন প্রয়োগ করে সকল রোগীকে বাঁচানো যায় না। রোগের কাণ্ড বীজাণুর স্বরূপ নির্ণয় করেও ফল হয় না। তবুও শশাঙ্কের কোনো অপরাধ ছিল না। তার মৃত্যু মাহুকের চিকিৎসাবিজ্ঞানে অপূর্ণতা অসম্পূর্ণতা। মৃত্যু ধ্রুব—কিন্তু সে মৃত্যু—আয়ুর পরিপূর্ণ ভোগান্তে—স্বর্ঘাস্তের মতো ; প্রসন্ন সমারোহের মধ্যে। সেই কারণেই শশাঙ্কের কোনো অপরাধ ছিল না এবং ওই বধুটির প্রতি মমতায় তিনি অভিভূত হয়ে পড়েছিলেন। মুখে বলতে পারেন নি, ওই বধুটিকে নিমন্ত্রণ করে জীবন শেষবারের মতো মাছ-মাংস খাইয়ে মনের বেদনাকে প্রকাশ করতে চেয়েছিলেন। কিন্তু সে সিঁচির মেয়ে ! এই অদ্ভুত দেশের অদ্ভুত

মেয়ে। যারা সেই কোন আদিকাল থেকে বৈধব্য পালন করে আসছে, দেহেব ভোগকে ছেড়ে দিয়ে ভালোবাসাকে বড় করতে চেয়েছে, এ মেয়ে সেই জাতের মেয়ে। অসাধারণ। বুঝতে পারেন নি মশায়।

সে তাঁকে অভিসম্পাত দিয়েছিল।

বিচিত্র যোগাযোগ, বনবিহারী এই অভিসম্পাত ফলবতী করবার জগু আগে থেকেই সকল আয়োজন করে রেখেছিল তার জীবনে। সেই মেলার পর—প্রামেহ হয়েই শেষ হয় নি। বনবিহারী ক্ষান্ত হয় নি। আবারও হয়েছিল তার ঐ ব্যাধি।

সে স্মৃতি তাঁর মর্যাস্তিক!

দেহ যতক্ষণ জীর্ণ না হয় ততক্ষণ মৃত্যু কামনা করা পাপ, সে কামনা আত্মহত্যার কামনার সামিল। তিনি তাই করেছিলেন। আহার, বিহার সমস্ত কিছুই মধ্য জীবনমশায় হয়ে উঠেছিলেন আর-এক মাহুষ। কুলধর্মকে তিনি লঙ্ঘন করেন না। লঙ্ঘন করেছিলেন আয়ুকে রক্ষা করার, দীর্ঘ করার নিয়মকে। কোনো ব্যভিচারের পাপে কলঙ্কিত করেন নি বংশকে—তিনি নিজের উপর অবিচারের আর বাকি রাখেন নি। মন উদ্ভ্রান্ত হয়ে গিয়েছিল। দুহাতে উপার্জন করে চার হাতে খরচ করেছেন। অর্চদাহে যত পুড়েছেন তত সমারোহ বাড়িয়ে তুলেছেন বাইরের জীবনে। শুধু চিকিৎসা-ধর্মেই নিজেকে আবদ্ধ রাখেন নি, নানান কর্মে নিজেকে বিলিয়ে দিয়েছিলেন। মদ খেয়ে নেশা করে লোক দুঃখ ভুলতে চায়। তিনি কাজের নেশায়, নামের নেশায় নিজেকে ডুবিয়ে দিয়েছিলেন।

তাঁর আরোগ্য-নিকেতনের পাশে এই ইন্দারা করিয়েছিলেন তখনই। সেই শুরু। নিজে ছিলেন প্রেসিডেন্ট পঞ্চায়ত—সরকারকে ধরে তিনভাগ টাকা আদায় করে সিকি টাকা নিজেই দিয়েছিলেন। গ্রাম থেকে হাসপাতালের সামনে দিয়ে সেই দুর্গম পথ—চোরধরার খানা। ঠ্যাঙভাঙার খন্দ-সঙ্কুল পথকে স্বগম করে তুলেছিলেন! তাতেও দিয়েছিলেন সিকি টাকা।

দু-তিনখানা গাঁয়ের মজুরেরা মজুরি না পেলে আরোগ্য নিকেতনের সামনে এসে দাঁড়াত। তিনি যে-কোনো কাজে লাগিয়ে দিতেন।

মশায় বংশের মহাশয়ত্ব তো যাবেই, যাবার আগে রক্তসঙ্ক্কার মতো সমারোহ করে তবে যাক।

নিজের দেহের উপর অবিচারেরও শেষ ছিল না।

সারাদিন না খেয়ে ঘুরেছেন! কল থাক বা না থাক, ঘুরেছেন—নেপলার

ভাই সীতারামের গুণধের দোকানে বসে গল্প করেই একবেলা কেটে গেছে। যে ডেকেছে গিয়েছেন—চিকিৎসা করেছেন, ফীজ দিয়েছে নিয়েছেন—না দিয়েছে নেন নি। আবার পরদিন গিয়েছেন। সাবা রাত দাবা খেলা তখনই শুরু হল। গানবাজনার আসর বসিয়েছেন, যে-কোনো ওস্তাদ এলে সংবর্ধনা করেছেন, তার সঙ্গে খাওয়া-দাওয়ার সমারোহ জুড়ে দিয়ে বন্ধু-বান্ধবদের নিয়ে উল্লাস করেছেন। কিন্তু সন্ধ্যার সময় কালীঘাটের নাটমন্দিরে জনকয়েককে নিয়ে হরিনাম সংকীর্তন করতে বিস্মৃত হন নি। কল থেকে ফিরতে রাত্রি হলেও একবার মায়ের ওখানে গিয়ে একা হাত জোড় করে গেয়ে এসেছে—

রাধাগোবিন্দ জয় রাধাগোবিন্দ !

গুটুকু ভুলে যান নি। মশায় বংশের বৈষ্ণব মন্ত্রের চৈতন্য তাঁর জীবনে হল না। পরমানন্দ মাধবকে পাওয়া তাঁর ভাগ্যে নাই—তবে স্মরণ কীর্তন করতে ভুলে যান নি। উদ্দাম উদ্ভাস্ততার মধ্যেও ওইটুকু স্থিতি প্রশান্তি ছিল।

আতর-বউ বারবার আপত্তি করত, বলত—পস্তাবে শেষে, বলে রাখছি।

হা-হা করে হাসতেন মশায়—কাছাকাছি কেউ না থাকলে বলতেন—আরে মঞ্জবীর জন্তে সে আমলে বাজারে ধার করে খরচ করেও পস্তাই নি আমি। তাব বদলে তোমাকে পেয়েছি। আজ রোজগার করে খরচ করছি - তাতে পস্তাব ?

—কত রোজগার কর গুনি ? আতর-বউয়ের মুখ লাল হয়ে উঠত।

—কত দরকার বলো না। কত টাকা! আজই এখনি দিচ্ছি তোমাকে। বলো কী গয়না চাই! কী চাই ?

কিছু চাই না। আমি তোমার কিছু চাই না। মেয়েদের বিয়ে—ছেলের লেখাপড়া হলেই হল। আমি দাসীবাঁদী হয়ে এসেছিলাম—তাই হয়েই থাকব।

—মিছে কথা বলছ। তুমি এসেছিলে শাসনদণ্ড হাতে নিয়ে। সেই শাসন চিরকাল করছ। বুঝছ না, তোমার ছেলের জন্তে বড আসন উঁচু আসন তৈরি করে দিয়ে যাচ্ছি। ছেলে তো তোমার আমার মতো হাতুড়ে হবে না। হবে পাশকরা ডাক্তার। কিন্তু আমাদের ঘব তো নবগ্রামের ব্রাহ্মণ বনেদী জমিদারদের চেয়ে খাটো হয়েই আছে আজও। তাকে উঁচুতে তুলে ওদের সঙ্গে সমান করে দিয়ে যাচ্ছি !

এইখানে আতর-বউ চূপ করত। স্তম্ভ হয়ে বিশ্বাস এবং অবিশ্বাসের দোলার মধ্যে পড়ে স্থিরদৃষ্টিতে তাঁর দিকে তাকিয়ে থাকত !

না থেকে উপায় ছিল না! বনবিহারী ওই রোগাক্রান্ত হয়েই কান্ত হল না; রোগমুক্ত হওয়ার পরই সে লঙ্কা-সংকোচ বেড়ে ফেলে দিলে অশোভন বেশভূষার

মতো। বৎসর খানেকের মধ্যেই বাপ এবং মায়ের যুধ্যমান অবস্থার স্ত্রযোগে প্রায় স্বাধীনতা ঘোষণা করে বসল। একদা সে এসে বললে—স্কুলে পড়া আর হবে না আমার দ্বারা।

মশায় তার মুখের দিকে তাকিয়ে বলেছিলেন—হবে না ?

—না। সংস্কৃত, অঙ্ক—ও আমার মাথায় ঢোকে না।

—ততঃ কিম্ ? হেসেই জীবনমশায় প্রশ্ন করেছিলেন।

অন্তরালবর্তিনী জননী প্রবেশ করে বলেছিলেন—কলকাতায় নতুন ডাক্তারি স্কুল রয়েছে—সেইখানে পড়বে ও। এখানে বছর বছর কত ফেল করবে ?

—সেখানেও যদি ফেল করে ?

—তখন তোমার মতো ডাক্তার হবে। তুমি তো না পড়ে না পাশ করে মুঠো মুঠো টাকা আনছ। বাপ যখন, তখন কুলবিগেটা না হয় দয়া করে ছেলেকে শিখিয়েই নেবে।

—আমাদের কুলবিগেতে যে সংস্কৃত বিগে কিছু দরকার হয় ভদ্রে !

—কী, কী বললে আমাকে ?

—ভদ্রে বলেছি। ভালো কথাই। মন্দ নয়।

কিন্তু ঠাট্টা করে তো ! তোমার মতো অভদ্র আমি দেখি নি। বাপ হয়ে ছেলের উপর মমতা নাই ?

চুপ করেই ছিলেন জীবনমশায়। কি বলবেন ? ছেলের উপর মমতা ? বনবিহারীকে এম. বি. পড়াবার বাসনা ছিল তাঁর। সে বাসনার মর্ম হাতর-বউ বুঝবে না। ইচ্ছা ছিল—ইচ্ছা ছিল বনবিহারী এম. বি—ই্যা তখন এল. এম. এস. উঠে এম বি. হয়েছে—পড়তে আরম্ভ করলে তার বিয়ের আয়োজন করবেন। ঘটক পাঠাবেন। কান্দীতে কোনো জমিদার-ঘরের মেয়ে আনবেন। গ্রামের জমিদারির এক আনা অংশ নবগ্রামে জমিদারি বলে গ্রাহ হলেও কান্দীতে গ্রাহ হয় না, বনবিহারী এম. বি. ডাক্তার হলে সে অগ্রাহ সাদর সাগ্রহ গ্রাহে পরিণত হবে। কান্দী যাওয়ার বাসনা পূর্ণ করবেন। ওই ভূপীদের জ্ঞাতীগোপ্তির ঘরের মেয়ে আনবেন। থাক, সে থাক।

একটা দীর্ঘশ্বাস ফেলে মশায় বলেছিলেন—ভালো তাই হবে। ছেলের মুখের দিকে তাকিয়ে বলেছিলেন—তুমি তো বেলগাছিয়া আর. জি. কর মেডিক্যাল স্কুলের কথা বলছ ?

—ই্যা, সেখানে পাশটাশের দরকার হয় না।

—জানি বাবা, জানি। কিন্তু সেখানেও ফেল হয়, আমাদের নবগ্রামের

রায়বাবুদের অতীন পাশ করতে পারে নি। স্কুলে পাশ করতে না পারা সেখানে পাশ করতে হবে তো? সেইটে যেন মনে রেখো।

—সে পাশ ঠিক করবে। তিন পুরুষ এই বিত্তে ঘাঁটছে। দেখিস বাবা, ভালো করে পড়িস। হাতুড়ে বলে লোকে যেন মুখ না কাঁকায়। মশায় বংশের এই অখ্যাতিটা তোকে ঘুচাতে হবে।

ডাঃ আর জি. কর মহাপুরুষ। অল্পবিদ্যা অল্প-সম্মল গৃহস্থ ছেলেদের মহা উপকার করেছিলেন। দেশে তখন ম্যালেরিয়ার মহামারণ চলেছে—বিলাতী ডাক্তারির ইাকেডাকে, সরকারী অনুগ্রহে, তার পসারে কবিরাজদের ঘরগুলি বন্ধ হতে শুরু হয়েছে। দেশে বৈজ্ঞের অভাব। সেই সময়ে এই সব আধাডাক্তারেরা অনেক কাজে এসেছিল। শতমারি ভবেদ্ব বৈজ্ঞ, সহস্রমারি চিকিৎসক। হাজার হাজার লোক হয়তো এদের ভুলে ক্রটিতে মরেছে, ভুগেছে—কিন্তু হাজারের পর লোকেরা বেঁচেছে, সেরেছে।

হাসলেন বৃদ্ধ জীবনমশায়। আর. জি. কর. মেডিক্যাল স্কুলে পড়তে গেল বনবিহারী। বনবিহারীর সঙ্গে গেল মামুদপুরের গন্ধবণিকদের ছেলে—বনবিহারীর অন্তরঙ্গ বন্ধু রামসুন্দর। মাস ছয়েক পরে বনবিহারী প্রথম ছুটিতে বাড়ি এল। গায়ে ডবল ব্রেস্ট কোট, ফ্লেক্সকাট দাড়ি সে আর এক বনবিহারী। বনবিহারীর মুখে সিগারেট। গায়ে কাপড়ে জামায় সিগারেটের গন্ধ; ডান হাতের তর্জনী ও মধ্যমা আঙুল দুটির আগায় হলদে রঙের দাগ ধরেছে। সিদ্ধ জ্যোতিষী যেমন মাল্লুষের আচারে আচরণে বাক্যে রূপে কর্মে নিজের গণনার রূপায়ণ দেখতে পান, অনিবার্য অবশ্যস্তাবীকে সংঘটিত হতে দেখেন এবং লীলাদর্শন কৌতুকে মুহূ হাস্য করেন, ঠিক তেমনি হাসিই তাঁর মুখে ফুটে উঠেছিল সেই মুহূর্তে। পর মুহূর্তেই সে হাসি বিশ্বয়ে পরিণত হয়েছিল তাঁর। ইন্দির গাড়ি থেকে নামিয়ে রেখেছিল হারমোনিয়মের বাকস্ এক জোড়া ঝাঁপা-তবলা, একটা পিতলের বাঁশি জোড়া দুই মন্দিরা, একজোড়া ঘুঙুর।

তা ভালো। তা ভালো। নৃত্যগীত কলাবিদ্যা চৌষটি কলার শ্রেষ্ঠ কলা, তা আয়ত্ত করা ভালো। নাদব্রহ্ম। সঙ্গীতে ঈশ্বর সাধনা হয়, প্রেম জন্মায়; তা ভালো! এবং দীনবন্ধু মশায় নাম-সংকীর্তন করতেন—জগৎ মশায় পদাবলী শিখেছিলেন, জীবনকে শিখিয়েছিলেন. তিন পুরুষের তিনটে মুদঙ্গ—আরোগ্য-নিকেতনেরই উপরের ঘরে যত্ন করে রাখা আছে। হাল আমলে তাঁর কেনা বড় খোলখানাই এখন ব্যবহার হয়, এর পর নতুন কালে এবং কালের অবশ্যস্তাবী

পরিণতিতে বংশের কর্মফলে—অর্থাৎ তাঁর কর্মফলে পরবর্তী পুরুষ খোল তিনখানার সঙ্গে বাঁধা তবলা মন্দিরা বাঁশি হারমোনিয়ম ঘুঙুর যোগ করলে। তা ভালো! তা ভালো!

সময়টা ছিল সন্ধ্যা। আকাশে মাথার উপরে ছিল একাদশী দ্বাদশীর চাঁদ। জ্যোৎস্না ফুটি ফুটি করছে। স্থানে স্থানে গাছপালা ঘরবাড়ির ছায়ার মধ্যে অন্ধকার সেখানে গাঢ় হয়েছে—সেইসব স্থানে ফাঁকে ফাঁকে বেশ স্পষ্ট হয়ে ফালি ফালি ধোয়া কাপড়ের মতো এসে পড়েছে। কোথাও কোথাও মনে হচ্ছে ধোয়া কাপড় পরে কেউ যেন রহস্যময়ী আড়ালে গোপনে দাঁড়িয়ে সংকেত জানাচ্ছে। অতর্কিতে এই ছায়া দেখে চমকে উঠেছিলেন জীবনমশায়। প্রশ্ন করেছিলেন—কে? কে ওখানে?

হঠাৎ মঞ্জবীকে মনে পড়ে গিয়েছিল।

বনবিহারীর কুৎসিত রোগ প্রথম প্রকাশ হলেও তাকে মনে পড়েছিল। মনে হতো ভূপীর কুৎসিত বোগে তিনি হেসেছিলেন, তাই বোধ হয় বনবিহারী সেই বোগ ধরিয়ে তাঁকে উপহাস করলে।

পরক্ষণেই হেসেছিলেন—না কেউ নয়। জ্যোৎস্না পড়েছে দুটি ঘরের মাঝের লিতে।

মঞ্জবী নয়, কৌতুকে সে হাসছে না।

মঞ্জবী তো মরে নি; সে ছায়ামূর্তি ধরে আসবে কী করে? তবে এ তারই অভিষাপ! তাঁর অভিষাপে মঞ্জরীর জীবন ব্যর্থ হয়েছে। মঞ্জরীর অভিষাপ তাঁকে লাগবে না? অথবা তাঁর নিছক অভিষাপ মঞ্জরীর মতো একটা সামান্য মেয়ের জীবন পুড়িয়ে শেষ হয় নি—ফিরে তাঁকে নিজেই লেগেছে।

মঞ্জরী বিধবা হয়েছে। ভূপী বোস মরেছে। ওই সেদিন আতর-বউ ছেলের সামনে মঞ্জরীর কথা তুলে তাঁকে মনে করিয়ে দিলে নতুন করে। তারপর তিনি খেঁপজ নিয়েছিলেন! মঞ্জবী বিধবা হয়েছে। সন্দান বলতে একটি মেয়ে। সে পেয়েছে বাপের সোনার মতো রঙ আর মায়ের তনুমহিমা, মুখশ্রী। ভূপীস বঁধাত্ত হয়ে মরেছে। মেয়েটির কিন্তু ওই রূপের জন্ম এবং বংশগৌরবের জন্ম বড় ঘরে বিয়ে হয়েছে। মঞ্জরী এখন মেয়ের পোষা। মেয়ের মেয়েকে নিয়ে সে নাকি সব ভুলেছে। পরমানন্দে আছে।

দাঁড়িয়ে ভাবছিলেন জীবনমশায়।

আতর বউ এসে ডেকেছিল—বাড়ির মধ্যে এসো! ছেলে এল। ভূমি দাঁড়িয়ে রইলে।

জীবনমশায় বলেছিলেন—আজ রাতে বন্ধু-বান্ধবদের নিয়ে একটা খাওয়াদাওয়া করব ভাবছি।

—তা করো না।

জীবনমশায় ইন্দিরকে ডেকে একটা ফর্দ তৈরি করে দিলেন—“কালার্টাদ চন্দ রোকায়ে অবগত হইবা। ফর্দ অমুযায়ী জিনিসগুলি ফর্দবাহককে দিবা। দাম পরে পাইবা।” ফর্দের শেষে পুনশ্চ লিখে দিলেন—“আমার নামে বরং একটা হিসাব খুলিবা। অতঃপর তোমার দোকান হইতেই জিনিস আনিব। মাহ চৈত্র ও আধিনে দুই দফায় হিসাবমতো টাকা পাইবা।”

নন্দ তখন ছোট। নন্দকে ডেকে বলেছিলেন—নোটন জেলেকে ডেনে আন বল চার-পাঁচজন জাল নিয়ে আসবে। মাছ ধরানো হবে পুকুরে।

আর ডাকতে পাঠালেন বিখ্যাত পাখোয়াজী বসন্ত মুখ্জেকে। গাইয়েও তিনি নিয়ে আসেন।

হোক, গানবাজনা হোক। বাকি যে কটা দিন আছে—সে কটা দিন খেলে হৈ হৈ করেই কাটুক। পরমানন্দ মাধবকে পাওয়া তাঁর ভাগ্যফলও নয়, কর্মফলও নয়।

পঁচিশ

গলির সেই লম্বা ফালি জ্যোৎস্নাটা ধীরে ধীরে আকাশে তাঁদের অগ্রগতির সঙ্গে গলিব ভিতর থেকে বেরিয়ে এসে গলির মুখে তখনও যেন দেওয়ালে ঠেস দিয়ে ঠিক মাল্লুষের মতো দাঁড়িয়েছিল। ওইটেই শশাকের বাড়ির গলি। ওই দেওয়ালে ঠেস দিয়ে দাঁড়িয়েই শশাকের স্ত্রী তাঁকে অভিসম্পাত দিয়েছিল।

বনবিহারী অকালেই মারা গিয়েছে। কিন্তু বনবিহারীর মৃত্যুর নির্ধর আঘাতে বিচলিত বিস্মল হয়ে মনে মনেও কোনদিন পুত্রশোককে ওই মেয়েটির অভিযোগ বলে স্বীকার করেন নি।

নিজে ডাক্তার হয়েও বনবিহারী মৃত্যুকে নিমন্ত্রণ করেছিল—মৃত্যু ফিরে যাবে কেন? ডেকে এনে তার সে কী ভয়! সে কী বাঁচবার ব্যাকুলতা। ওই দাঁড়ুর মতো! ওই মতির মায়ের মতো! যখন মনে পড়ে তখন শোকের চেয়ে দুঃখ হয় বেশী। যে মাল্লুষ মগতে চায় না, জলমগ্ন মাল্লুষের মতো দুহাত শূন্যে বাড়িয়ে আমাকে বাঁচাও বলে ডুবে যায়—তার জন্তেই শোক হয় মর্মান্তিক। নইলে শোক তো শুভ শাস্ত - জীবনের মহাতপ। শাস্ত শোক জীবনের কয়েকটা দিনের জন্ত

বৈরাগ্যের গৈরিক উত্তরীয় পরিয়ে দিয়ে মনোহর করে তোলে। কানের কাছে সুত্যসঙ্গীত ধ্বনিত করে তোলে—নাউল বৈবাগীর মতো। “অহত্ত্বহনি ভূতানি গচ্ছন্তি যমমন্দির।” অল্প বংশে অল্প কুলে এ হয়তো সম্ভব নয় কিন্তু মশায় বংশে—সে তো অসম্ভব ছিল না। মনে পড়ছিল প্রথম যৌবনে বিখ্যাত শখের দলের অভিমত্য়বধ পালার কথা। সে প্রসঙ্গে চণ্ডীতলার সাধক মহাস্ত রঘুবর গোসাই কয়েকটি কথা বলেছিলেন যাত্রাদলের অধিকারীকে—সেই কথাগুলি মনে গেখে আছে। সপ্তরথীর অজ্ঞাঘাতে ক্ষত-বিক্ষত দেহে কুরুক্ষেত্রের মাটিতে পড়ে যোলা বছরের কিশোর অভিমত্য় কাতব স্বরে কেঁদেছিল; স্বক্য প্রিয়দর্শন ছেলেটি কান্না-মেশানো স্বরে গান ধরেছিল—

অন্ডায় ঘোর সমরে অকালে গেল প্রাণ আমার—

তৃতীয় পাণ্ডব পিতা মাতুল গোবিন্দ যার।

একে একে মা হুভদ্রা, প্রিয়া উত্তবার নাম ধরে সে এক মর্মচ্ছেদী করুণ সঙ্গীত! সারা আসরের লোকের চোখের জলে বুক ভেসে গেল।

গান শেষ হল; অভিমত্য় টলতে টলতে চলে গেলেন সাজঘরে। অঙ্গ শেষ হল—ঐকতান-বাদন শুরু হল। রঘুবর গোস্বামী গন্তীর কণ্ঠে অধিকারী মশায়কে ডেকে বললেন—অধিকারী মশায়, এ কি হইলো ভাই?

—আজ্ঞে? অধিকারী প্রশ্ন বুঝতে না পেবে প্রশ্নই করল—খলে বলুন?

—অভিমত্য় অমন করে কাঁদল কেনো ভাই? অর্জুনের ছাওয়াল—কিষণজীর ভাগনা—সে মরণকে ডরে এমন করে কাঁদবে কেনো ভাই? কাঁদবে তো লড়াইমে সে আইলো কেনো দাদা? এমন করে সাত সাত বীরের সাথে লড়াই দিলো কাহে ভাই? সে তো ভাই, হাত ছুটা বচায়ে দিয়ে বন্ধন পরে বাঁচতে পারতো ভাই? ভাঙা রথের চাকা দিয়ে লডতে কেনো গেলো. অভিমত্য় তো কাঁদবে না। বীর বংশের সন্তান—সে তো ভাই মরণকে ডরবে না!

অধিকারী হতভম্ব হয়ে গিয়েছিলেন। এমন প্রশ্ন তো সাধারণত কেউ করে না! মাগুষ কেঁদে সারা হয়! আসর জমিয়ে তোলে। ধন্য ধন্য পড়ে যায়। তিনি সবিনয়ে সেই কথাই বলেছিলেন; বলেছিলেন—বাবা মাগুষ এতে কাঁদে—

কথা কেড়ে নিয়ে গোস্বামী বলেছিলেন—তাই বলে দুখ দিয়ে কাঁদাবে ভাই; যাতনা দিয়ে কাঁদাবে? কাঁদন খুব ভালো জিনিস, মনকে ময়লা ধুয়ে যায়—দিল সাফ হয়—স্ট্রিক বাত। কিন্তু তার জন্তে মাথায় ডাণ্ডা মারকে কাঁদাবে দাদা? প্রেমসে কাঁদাও; আনন্দসে কাঁদাও। তবে তো ভাই! অর্জুন মহাবীর। কিরাত বেশ ধরকে শিব আইলেন, তার সাথে লড়লেন; তার ছাওয়াল মরণকে ডর

না করে বলুক, আগরে তু মরণ! মরণ আশ্বক—হাত জোড় করকে আশ্বক। বলুক—
হামারা পুরী ধঞ্জ—হামি আজ ধঞ্জ হইলো। মরণকে ডরসে পরিত্রাণকে পথ দেখে
মাঘুষ আনন্দসে কাঁতুক; তবে তো ভাই!

যাত্রার দলের অভিমত্য়র চেয়ে বহুগুণ দীনতার সঙ্গে কাতর কালা কেঁদে মরেছিল
বনবিহাবী। অবশ্য আসল নকলে তফাত আছে কিন্তু যাত্রাদলের ওই মৃত্যুর অভিনয়
সত্যও যদি হত—তবুও তাঁর তুলনা হুল নয়! বনবিহারী মারা গিয়েছে ঞ্যালেরিধায়।
বনবিহারী রিপূর প্রয়োচনায় দেহখানাকে করে রেখেছিল যোগের বীজের পক্ষে
অতি উর্বর ক্ষেত্রের মতো অল্পকূল। দাহ বস্তুতে সামান্য একবিন্দু আগুন যেমন
সর্বকবসী অগ্নিকাণ্ডে পরিণত হয়—ঠিক তেমনভাবেই ম্যালেরিয়া মৃত্যুরোগে
পরিণত হল। আর. জি কর স্থল থেকে পাশ করেই সে এসেছিল। বিলাসী
তবলচিত্ত উল্লাসচঞ্চল উচ্ছ্বল বনবিহারী। তখন তাব ধারণা সে ধনী সন্তান,
জমিদারের সন্তান।

হায়রে সেই এক অংশেব জমিদারী! তাঁকেও একদিন অহংক্রম করেছিল।
তার উপর বনবিহারী তখন এক অবস্থাপন্ন মোক্তারের একমাত্র কন্যাকে বিবাহ কবে
তাঁর সম্পত্তির ভাবী উত্তরাধিকারের স্বপ্ন দেখেছে। বিবাহ অবশ্য তিনিই
দিয়েছিলেন। তবে পছন্দ আতর-বউয়ের। তিনিও অমত করেন নি। পিতাব
একমাত্র উত্তরাধিকারিণী কন্যাকে তিনি পছন্দ করেছিলেন। স্বপ্ন দিয়েছিল দামী
সাইকেল, জামাই সাইকেল চড়ে ডাকে যাবে; দিয়েছিল ভালো ঘড়ি, ঘড়ি দেখে
নাড়ীর বিট গুনবে, হার্টের বিট গুনবে। নতুন চমৎকার বার্নিশ-করা আলমারি চেয়ার
টেবিল, ডাক্তারখানার সরঞ্জাম। আরোগ্য-নিকেতনেব ওই দিকে একখানা ছোট
কুঠুরীতে বনবিহারী ডাক্তার বসতে শুরু করলে। নতুন সাইন বোর্ড টাঙালে 'সঞ্জীবন
ফার্মেসি'। তিনি সকল কাজই করেছিলেন কিন্তু নিজে থেকে কিছু করেন নি। মনের
মধ্যে ঘুরেছিল শশাঙ্কের স্ত্রীর কথা। তখন অবশ্য পাঁচ বছর হয়ে গিয়েছে। বনবিহারীও
মৃত্যুকে নিমন্ত্রণেব পথে অনেকটা এগিয়েছে। মদ ধরেছে।

জীবনমশায় সহজ বোকা বনবিহারীর কাছে পাঠিয়ে দিতেন। কিন্তু আশ্চর্য,
এই মশায় বংশের কুলগত চিকিৎসাবিচার বুদ্ধির এতটুকুও বোধ বহুর মধ্যে ফুরিত
হয় নি।

হবে কী করে! যে ধ্যানযোগে বিজ্ঞান ধারণায় ধরা পড়ে সে ধ্যান পে
কোনদিনই করে নি, করতে চায় নি। রোগীর চেয়ে ভিড় বেশী হত বহুর।
নবগ্রামের ব্রাহ্মণবাবুদের ছেলেরা আসত বহুর ভিসপেনসারিতে। কাপের পর কাপ
চ আসত। হাশ্বধনিতে আতুরালয়ের মৌন বিষন্নতা যেন চাবুকের আঘাতে

মুহুমূহ চকিত অস্ত হয়ে উঠত। রোগীরা বসে থাকত। সংশয়াপন্ন রোগীর স্তিমিত জীবনদীপের শিখাকে সমুজ্জ্বল করবার জন্ত শাজ্জোক্ত সঙ্গীবনী তৈলের মতো গুণুধ যে ত্র্যাণ্ডি, সে ত্র্যাণ্ডি চলত উল্লাসের জন্ত।

এখানে পড়বার সময় ব্যক্তির থেকে তার ব্যাধি হয়েছিল। কলকাতায় পড়তে পড়তে আবারও ব্যাধিগ্রস্ত হয়েছিল। সে কথা সে তাঁকে জানায় নি। কিন্তু তিনি বুঝেছিলেন, সালসা খাওয়া দেখে ধরেছিলেন। তখন সালভারশন ইনজেকশন উঠেছে বটে কিন্তু খুব প্রচলন হয় নি। রক্তপরীক্ষার এত ব্যাপক প্রসার হয় নি, সহজ স্বযোগও ছিল না। দুটি তিনটি ইনজেকশনে ক্ষত নিরাময় হইলেই ইনজেকশন বন্ধ করত। প্রথম মহাযুদ্ধের পর তখন সালভারশনের দাম অনেক এবং গুণুধ দুস্প্রাপ্য। ক্ষত নিরাময়ের পর লোকে সালসা খেত। উইলকিনসন্ সারসা পেরিলা।

তখন দাতব্য চিকিৎসালয়ের ডাক্তার চক্রধারী ঘোষ; বনবিহারী থেকে কয়েক বছরের খুড, বনবিহারীর বন্ধু। বনবিহারীর মজলিসে চক্রধারী আসত, বিকেলবেলা এইখানেই চা খেত; সন্ধ্যার পর বনবিহারী যেত চক্রধারীর বৈঠকে। সেখানে গানবাজনার আসর বসত—নিরুদ্বেগে নিরুপদ্রব উল্লাস চলত। গানবাজনা পান-ভোজন। গভীর রাত্রে বনবিহারী ফিরত। যেদিন মশায় বাড়িতে থাকতেন সেদিন বনবিহারীর জড়িত কণ্ঠস্বর তাঁর কানে আসত। বনবিহারীর সঙ্গীবন ফার্মেসিতেও মধ্যে মধ্যে নৈশ আড্ডা বসত—পান-ভোজন চলত। সকালবেলা উঠে জীবনমশায় দেখতে পেতেন উচ্ছিষ্ট পাতা, ভুক্তাবশেষ; দাওয়ার ধারে দুর্গন্ধ উঠত, দেখতে পেতেন বমি-করার চিহ্ন, অল্পগন্ধের সঙ্গে বিরূত মজগন্ধ পেতেন—ভনভন করে মাছি উড়ত; দু-একটা কুকুর তাই চাটত আর মশায়কে দেখে লেজ নাড়ত! কিছু বলবার উপায় থাকত না। এ সব ক্ষেত্রে প্রায়ই জড়িত থাকতেন—জামাতা। স্বরমা স্বরমার তখন বিবাহ হয়েছে।

দুইটি পয়সাওয়াল। বাপের সন্ধান; উচ্চ কুলীন। কী করবেন? সেকালের বিচারে তারাই স্থপাত্র। তবু তিনি খুঁতখুঁত করেছিলেন। পেয়েছিলেন ভালো ছেলে। স্কুল-মাস্টার। কিন্তু সে অল্প কারও পছন্দ হয় নি। চল্লিশ টাকা মাইনে কি উপার্জন? লোকে নিন্দা করে বলেছে—ছি-ছি-ছি—ওই বিশ-পচিশ বিঘে জমি-সম্বল পরিবার কি মশায় বংশের যোগ্য কুটুম্ব? সবচেয়ে বেশী বলেছিল আতর-বুঁটু এবং বনবিহারী। শুধু ওরাই নয়, তিনি নিজেও দায়ী। তাঁর মনও এতে সায় দিয়েছিল। তবে একটা বিষয়ে তিনি প্রতারিত হয়েছিলেন; তার জন্ত মানুষ দায়ী নয়, কাল তাঁকে প্রতারিত করেছিল। তিনি বুঝতে পারেন নি যে কালধর্মে

পরপুরুষ কুলধর্ম ত্যাগ করেছে জীর্ণ কঙ্কার মতো। এ অঞ্চলের বৈষ্ণব মন্ত্র উপাসক কাশ্মস্থ সমাজের ছেলেরা কালধর্মে মগ্ধপানে অভ্যস্ত হয়েছে বা হবে এটা তিনি অস্বপ্ন করতে পারেন নি।

মহসমারোহ করেই তিনি মেয়েদের বিয়ে দিয়েছিলেন। তারা আসত। তাদের আসার অজুহাতেই মশায়বংশের অন্তরের রান্নাশালে মাংস প্রবেশ করেছিল।

অতীত কথা মনে করতে করতে গভীর দীর্ঘনিশ্বাস ফেললেন বৃদ্ধ জীবনমশায়।

ওট চক্রধারী ডাক্তারকে মশায় বলেছিলেন—চক্রধারা, বনবিহারী এত সারসা পেরিলা খায় কেন হে? জিজ্ঞাসা করো তো।

চক্রধারী হেসে বলেছিল—বনবিহারী তো নিজেই ডাক্তার, ও সব ওর উপরে ছেড়ে দিন।

—হঁ। কিন্তু—

—ও নিয়ে আপনি ভাববেন না। সে সব সেরে গিয়েছে। সারসা পেরিলা খায় শরীর ভালো হবে বলে। আমিও খাই।

—ভালো।

কিন্তু প্রকৃতি অনাচার নয় কতদিন? অমিতচারী অসতর্ক বনবিহারী পডল ম্যালেরিয়ায়! বিচিত্র ব্যাপার; ডাক্তার বনবিহারী কুইনিন খেত না; কুইনিনের বদলে প্রতিষেধক হিসাবে খেত ত্র্যাণ্ডি! মশায় নিজে খেতেন শিউলি পাতার রস, মধ্যে মধ্যে কুইনিনও খেতেন। বনবিহারী হাসত। দেশে তখন প্রবল ম্যালেরিয়া। বছরের পর বছর—পাহাড়িয়া নদীর বগার মতো দেশকে বিধ্বস্ত করে চলেছে। ওই দাঁতুর মতো জ্বর হলে বনবিহারী ম্যালেরিয়া মিক্শচারের সঙ্গে আউস দুয়েক ভাইনাম গ্যালেসিয়া মিশিয়ে নিত। নিজেই প্রেসক্রিপশন করে নিজের ডাক্তারখানা থেকেই আনিয়ে নিত। নিজের ডাক্তারখানায় না থাকলে পাঠাত নবগ্রামে সীতারামের দোকানে। সীতারাম বনবিহারীর সঙ্গী হয়ে উঠেছিল। সীতারামও মরেছে অকালে। অমিতচারের নিমন্ত্রণে মৃত্যু তার জীবনে এসে প্রবেশ করেছিল কদম্বতম মূর্তিতে। কুঠ হয়েছিল সীতারামের। কখন হয়েছিল উপদংশ—তাকে গোপন করেছিল। তারই বিষজ্বররতায় সীতারামের দেহ-রক্ত কুঠবীজ সংক্রমণের গুপ্তপথ খুলে দিয়েছিল। হতভাগ্য সীতারাম।

হতভাগ্য বনবিহারী। ক্রমে ক্রমে অমিতচার অনিয়মের প্রস্রয়ে রোগ হয়ে উঠল জটিল। আয়ুও ক্ষয় হল, দেহ জীর্ণ হল।

নিভার, দ্রীহা, পুরানো ম্যালেরিয়া, রক্তহীনতা, পানভোজনের প্রতিক্রিয়া—সব জড়িয়ে সে এক জটিল ব্যাধি।

জ বনমশায় মনে মনে বনবিহারীর অকালমৃত্যুর কথা অতুমান করেছিলেন। মশায় বংশের আয়ু—মহৎ সাধনার পরমাণু সে পাবে না, পাবার অধিকারীই নয়। কিন্তু এত শীঘ্র যাবে, ভাবতে পারেন নি! অকস্মাৎ একদিন চোখে পড়ে গেল। সকালবেলা বাড়ির ভিতরে দাঁড়ায় বসে বনবিহারী চা খাচ্ছিল। আরোগ্য-নিকেতন থেকে কী একটা বিশেষ প্রয়োজন—বোধ করি, টাকা নেবার জ্ঞান তিনি বাড়ি চুকছিলেন। পূর্বদ্বারী কোঠাঘরের বারান্দায় বহু বসেছিল, পরিপূর্ণ রৌদ্র উপভোগের জ্ঞান।

বনবিহারীর রৌদ্রালোকিত মুখের দিকে তাকিয়ে তিনি থমকে দাঁড়িয়েছিলেন। রক্তহীন বিবর্ণ মুখ বনবিহারীর, দৃষ্টি ক্লান্ত এবং ওই বিবর্ণ পাণ্ডুরতার উপরে যেন একটা পাণ্ডু অর্থাৎ ছাই রঙের সূক্ষ্ম আন্তরণ পড়েছে—নয়?

সেদিন তিনি বিধিলজ্বন করে গোপনে ঘুমন্ত বনবিহারীর নাড়ী পরীক্ষা করেছিলেন; সঙ্গপণে হাতখানি নামিয়ে রেখে নেমে এসেছিলেন। তিনিই সেদিন নিজে চক্রধারীর কাছে গিয়ে জিজ্ঞাসা করেছিলেন—বনবিহারীর রোগ কি কমেছে চক্রধারী? কী বুঝছ?

চক্রধারী একটু চিন্তিত হয়েই বলেছিল—আমার মনে হচ্ছে ব্যাপারটা অন্তরকম। আমি বলব বলব ভাবছিলাম। বনবিহারীকে আমি বলেছি। আমার মনে হচ্ছে কালান্দর।

—কালান্দর?

হ্যাঁ। বনবিহারীকে একবার কলকাতায় পাঠান। একবার দেখিয়ে আসুক।

—যাক। তাই যাক। তুমি যখন বলছ। যাক।

—আপনি একদিন দেখুন ভালো করে।

—না। দেখা উচিত নয়। আর—যাক। যাক, কলকাতা গিয়ে দেখিয়ে আসুক।

বনবিহারী কলকাতা গেল, সঙ্গে আতর বউ গেল। মশায় বলেছিল—বউমাকেও নিয়ে যাও সঙ্গে।

—বউমাকে? কেন? না। ওই সর্বনাশীকে বিয়ে করেই বহু আমার গলে গেল রোগে। না। ওর নিখাস আমি লাগতে দেব না।

মশায় আবার বলেছিলেন—ওসব বলতে হয় না আতর-বউ। ওতে ছেলে বউ জুজনের মনেই কষ্ট হয়। বউমাকে সঙ্গে নিয়ে যাও, আমার কথা শোনো, তোমারও সাহায্য হবে, তা ছাড়া বস্তুর মন ভালো থাকবে। এখন মন ভালো থাকটা আগে দরকার।

এই শশাঙ্কর বধূটির কথা সেদিন মনে পড়েছিল। মনে মনে বলেছিলেন— তোমাকে মাছের মুড়ো খেতে দিয়েছিলাম। এবং তোমাকে দেওয়া কথা অস্থায়ী আমার পুত্রবধূকে স্বামীসঙ্গ ভোগের জন্তেই সঙ্গে পাঠাচ্ছি।

আসামের কালব্যাদি কালাজ্বর। এককালে মৃত্যু-আশ্রিত ম্যালেরিয়াই বলত লোকে। তারপর কালাজ্বরের স্বতন্ত্র স্বরূপ ধরা পড়েছে। জীবাণু আবিষ্কৃত হয়েছে। বাঙালী ডাক্তার ইউ এন ব্রহ্মচারী তার গুণ্ড আবিষ্কার করেছেন।

তাঁর বাবা বলতেন—আমামে এক ধরনের বিষজ্বর আছে। সাক্ষাৎ মৃত্যু; মহামারীর মতো গতিশ্রুতি। সেই রোগে ধরল বনবিহারীকে?

না। চক্রধারী নৃতন ডাক্তার, নৃতন কালের যোগ এবং নৃতন গুণ্ডের উপর একটি বোঁক আছে। তিনি নাড়ি দেগে বুঝেছিলেন জীর্ণ জ্বর—পুনো ম্যালেরিয়া—জীবনকে ক্ষয় করে শেষ সীমান্তে উপনীত কবেছে। অন্ধকার মৃত্যুলোকের ছায়ার আভাস ওই আস্তরণ।

তাঁর কথাই সত্য হয়েছিল। রক্তপরীক্ষায় কালাজ্বরের জীবাণুর সাক্ষাৎ পাওয়া যায় নি। কলকাতায় বনবিহারীর শিক্ষকেরা যত্ন করে দেখেই ব্যবস্থাপত্র করে তাকে বায়ুপরিবর্তনে যেতে আদেশ করেছিলেন।

কিন্তু সেখান থেকে ফিরে এল জীর্ণতর হয়ে।

রোগ মৃত্যুরোগে পরিণত যখন হয়—তখন রিপুই জীবনের বুদ্ধিদাতা। অমৃত বলে বিষ খাওয়ার দুর্মতি-দেয় সে। পোর্টগোয়াইন খেতে দিয়েছিলেন ডাক্তার। বনবিহারী দুদিনে একবাতল পোর্ট খেত, তার সঙ্গে দ্রুত শক্তি সঞ্চয়ের জন্ত মুরগী খেতে শুরু করেছিল।

মৃত্যুর তিনদিন আগে মশায় আতব-বউকে বলেছিলেন—বুক বাঁধতে হবে আতব-বউ। বহুর ডাক এসেছে।

আতব-বউ বজ্রাহতের মতো কয়েক মুহূর্ত স্তম্ভিত থেকে বজ্রবহিতে জলে উঠেছিলেন, বলেছিলেন—বলতে তোমার মুখে বাধল না? তুমি বাপ।

—আমার যে মশায় বংশে জন্ম আতব বউ। আমার যে একটা কর্তব্য আছে। বহুকে প্রায়শ্চিত্ত করানো কর্তব্য।

না-না-না।

বনবিহারী সে কথা শুনতে পেয়েছিল। হাউ হাউ করে কেঁদেছিল সে। —বাঁচাও, আমাকে বাঁচাও। প্রায়শ্চিত্ত আমাকে করিয়ে না। তা হলে আমি আর বাঁচব না।

—বেশ, তা হলে কিছু খেতে সাধ যদি থাকে--খেতে দিয়ো।

আত্ম-বউ তাও পারেন নি।

সেদিনের জ্বরটা ছেড়ে গেলে বনবিহারী নিজেই আচার চেয়ে ধেয়েছিল। আত্ম-বউ দেন নি, দিয়েছিল বনবিহারীর স্ত্রী। পরের দিন বনবিহারী ভালো রইল। চক্রধারী কুইনিন ইনজেকশন দিয়ে গেল।

জীবনমশায় জানতেন—এরপর একটা প্রবল জ্বর আসবে। আগামী কালের মধ্যে।

কখন আসবে জ্বর ?

বিনিদ্র হয়েই শুয়েছিলেন। ভাবছিলেন।

গভীর রাত্রে সেদিন আবার ডাক এসেছিল।

—ডাক্তারবাবুর। ডাক্তারবাবু।

—কে ?

—আজ্ঞা, পশ্চিম পাড়ার হাজি সাহেবের বাড়ির লোক।

—কা ? ছেলে কেমন আছে ? ডাক্তার উঠে বসেছিলেন। হাজির ছেলের সাম্প্রতিক চিকিৎসা তিনিই করেছেন।

—আসতে হবে একবার। বড় বাড়িবাড়ি।

—যাচ্ছি। চলো !

পথ সামান্য। মাইল দেড়েক। কিন্তু অন্ধকার রাত্রি, ধান ক্ষেতের ভিতর দিয়ে পথ। মশায় ভারী পায়ে শব্দ তুলে ভাবতে ভাবতে চলেছিলেন। লোকটা চলেছিল আলো হাতে কাঠের কলবাক্স মাথায় নিয়ে আগে আগে। যমে মাহুযে লড়াই। রোগে ভেবজে স্বন্দ। মনে আছে, সব ভুলে শুধু চিন্তা করেছিলেন—স্ট্রীকনিন, ডিক্টিটেলিস, এড্রেনেলিন। হাট, নাড়ী, রেসপিরেশন। গভীর চিন্তায় মগ্ন মশায় যেন ঘুমের ঘোরে পথ চলেছিলেন সেদিন, রাত্রির অন্ধকার, দুপাশের ধানক্ষেত এসব যেন কিছু ছিল না। মধ্যে মধ্যে নক্ষত্র-বলমল আকাশের দিকে চোখ পড়েছিল। ক্ষণিকের জগ্ন, আবার সঙ্গে সঙ্গেই চোখ নামিয়ে নিয়েছিলেন।

সেখানে গিয়ে রোগীর বিছানার পাশে বসে নাড়ী পরীক্ষা করে আলো তুলে ধরে রোগীর উপসর্গ লক্ষ্য করে চেহারা দেখে গন্ধ বিশ্লেষণ করে অনেক চিন্তা করে ওষুধ দিয়েছিলেন। কিছুক্ষণ বসে ওষুধের ক্রিয়া লক্ষ্য করে বাড়ি কিরেছিলেন। হাজির নাতির ক্রাইসিস কাটবে। প্রশান্ত অথচ অবসন্ন মনেই আকাশের দিকে তাকিয়ে উগবানের কাছে বনবিহারীর মঙ্গল কামনা করেছিলেন। সবই জানেন—
তবু কামনা করেছিলেন।

পূর্বদিগন্ত থেকে পাণ্ডুর জ্যোৎস্নাকে গ্রাস করে অন্ধকার সম্প্রসারিত হচ্ছে, দূরের গ্রামান্তর অন্ধকারে অস্পষ্ট হয়ে হয়ে অন্ধকারে ঢাকা পড়ছে।

ঠিক রোগীর দেহে মৃত্যুলক্ষণ দৃষ্টার মতো ; নখের কোণ নীল হয়ে উঠেছে, হাতেপায়ের তালুর পাণ্ডুরতা ক্রমশ সর্বদেহে ব্যাপ্ত হচ্ছে।

বাড়ি কিরে একবারে খমকে দাঁড়িয়েছিলেন।

নাঃ। তখনও জ্বর আসে নি। ভালো আছে বহু। সকলে গাঢ় ঘুমে ঘুমুচ্ছে।

তিনিও ঘুমিয়ে পড়েছিলেন। হঠাৎ ঘুম ভেঙে গেল। মনে হল—ঠাঁর ঘরের দরজায় কে তাঁকে ডাকছে।—বাবা!

বহু!

কী হল? তাড়াতাড়ি দরজা খুলেছিলেন; সামনে উঠানে অন্ধকার খমখম করছে, গাঢ় নির্জনতার মধ্যে ঝিঁ ঝিঁ ডাকছে। কই বহু? কে ডাকল? সম্ভবত তার মনের বহু ডেকেছে। একটা দীর্ঘশ্বাস ফেলে তিনি বহুর ঘরের দরজায় গিয়ে ডেকেছিলেন—
আতর-বউ!

আঁ! সাড়া পেয়ে চমকে উঠেছিলেন জীবনমশায়। আতর-বউ জেগেছে।
তবে আসছে!

—বহু কেমন আছে?

—শীত শীত করছে বলছে, হয়তো জ্বর আসবে।

আসবে নয়, তখন এসেছে। উঃ, সে কি ভীষণ কম্প।

* * *

সেই কম্পই শেষ কম্প বহুর।

মশায় সেদিন শেষ রাত্রির আকাশের দিকে তাকিয়ে একা দাঁড়িয়েছিলেন আরোগ্য-নিকেতনের দাওয়ার উপর। উত্তর-পশ্চিম কোণে কালীতলা, দাওয়ার পাশেই কুয়ো, করবীর গাছ দুটো ফুলে ভরা। সামনে শিশির-ভেজা ধুলোয়-ভরা নিখর পথখানা পড়ে ছিল। তিনি আকাশের দিকে তাকিয়ে তারাগুলিকে দেখছিলেন, কোথায় কোন তারা? কোথায় সপ্তর্ষি-মণ্ডল, অরুন্ধতী কোথায়? ধ্রুব? ধ্রুবতারার গেল কোথায়? কালপুরুষ? পূর্বদিগন্তে তখন দণ্ড দুয়েক আগে চাঁদ উঠেছে; কক্ষপঙ্কের দ্বাদশীর ঠাঁদ। তাদের মত ক্ষয়-রাগগ্রস্ত চাঁদ; পাণ্ডু বিবর্ণ, ক্ষয়িত কলেবর, পাঁচভাগের চারভাগ ক্ষয়ে গিয়েছে; ক্লাস্তির আর পরিসীমা নাই যেন। জ্যোৎস্নাও স্তান। আকাশে! চড়িয়েছে কিন্তু তাতে আকাশের ছাতি খোলে নাই। নীলিমার মধ্যেও যেন পাণ্ডুরতার ছায়া পড়েছিল। আকাশের

দিকে তাকিয়ে থাকতে থাকতেই শশাঙ্কের বউয়ের কথা মনে পড়েছিল। দুটি নামিয়ে তাকিয়েছিলেন শশাঙ্কের বাড়ির গলিপথটার দিকে। সেদিনও ওই গলিটার মুখে তখন জ্যোৎস্নার একটা কালি মলিন-খানকাপড়-পড়া একটি বিষয় নারীমুক্তির মতো দেওয়ালের গায়ে লেগেছিল; কিন্তু সেদিন আর শশাঙ্কের স্ত্রী বা মঞ্জরী বলে জন্ম হয় নি।

ঠিক এই সময়েই বহুর উচ্চ চিৎকার শোনা গিয়েছিল—গেল! গেল! গেল! ধর! ধর! ধর! আঃ! হা-হা-হা মা! মা! মা! প্রলাপ বকতে শুরু করেছিল বহু।

—বাবা! বহু! বহুরে! সাড়া দিয়েছিলেন আতর-বউ।

শেষ সময়ে বহুর একবার-জ্ঞান ফিরেছিল। কেঁদেছিল সে।

—আমাকে বাঁচাতে পারলে না!

মশায় স্থির হয়ে দাঁড়িয়েছিলেন।

আতর-বউ ডেকেছিলেন—একবার দেখে যাও। কিছু ওষুধ দাও। লোকে বলে তোমার ওষুধে মরণ ফিরে যায়।

—যায় না। কারুর ওষুধে যায় না। আমাকে ডেকোনা।

চক্রবর্তী অবশ্ব এসেছিল; শিয়রে সেই বসেছিল। দুটো ইনজেকশনও সে দি়য়েছিল। কিন্তু—। মৃত্যুকে ডাকলে সে কোনো প্রতিরোধই মানে না। সে শক্তির আবিষ্কার হয় নি, হবে না। যতক্ষণ ব্যাধি ততক্ষণ ওষুধ, কিন্তু ব্যাধির হাত ধরে মৃত্যু এসে আসন পাতলে, সব বার্থ।

শুধু দুঃখ হয়েছিল বহুর জন্তে। কাঁদছে বহু।

মনে পড়েছিল হাসিমুখে যারা মৃত্যু বরণ করেছে, তাদের কথা।

দেখেছেন বইকি এমন রোগী। কদাচিৎ নয়—এক-দুটি নয়। অনেক অনেক দেখেছেন তিনি। একালের ডাক্তারেরা দেখতে পায় না, পাবে না। তিনি দেখেছেন। অনেক দেখেছেন, নিতা : সাধারণ মানুষের মধ্যেই—দেখেছেন।

নবগ্রামের রায় বংশের ভূবন রায়ের কথা মনে পড়ছে।

তখন মশায়ের বাবার আমল। জীবনমশায়ের তরুণ বয়স। ভূবন রায় তখন প্রায় সর্বস্বাস্ত। জগৎ মশায়কে ডেকে পাঠালেন—মশায়কে বোলো, আমাকে যেন একবার দেখে যায়।

জগৎ মশায়ের চেয়ে বয়সে অনেক বড় ছিলেন ভূবন রায়। দরিদ্র, বৃদ্ধ নিজের বাড়ির ভাঙা দেউড়িতে হুকো হাতে বসে থাকতেন। অভাব এমনই প্রচণ্ড

বে, বে-কোন পথচারীকে তামাক খেতে দেখলে তাকে ডাকতেন, কুশল প্রশ্ন করতেন, পরিশেষে বলতেন—দেখি, তোমার কন্কেটা একবার দেখি।

তরুণ জীবন দস্ত সেদিন ভুবন রায়ের ডাক শুনে মনে মনে হেসেছিলেন ; অবশু জগৎ মশায়কে বলতে সাঃস করেন নি। ভেবেছিলেন, উঃ, মাহুষের কী বাঁচবার লালসা ! এই বয়স—সংসারের কোথাও কোনো পূর্ণতার আকর্ষণ নাই—তবু ভুবন রায় মরতে চায় না।

জগৎ মশায়ের সঙ্গে তিনিও গিয়েছিলেন। ছেঁড়া ময়লা বিছানায় শুয়ে ভুবন রায় ক্লীণকর্মে অভ্যর্থনা জানিয়েছিলেন—এসো মশায় এসো। এসো।

—কী হল ?

—যেতে হবে কিনা দেখতো ভাই।

—যেতে তো হবে রায় মশাই। বয়স মানেই কাল—

হেসে রায় বলেছিলেন—সে কথা ভুবন রায় ভুলে যায় নি জগৎ। সেই কাল পূর্ণ হল কিনা দেখো। কাল পূর্ণ না করে অকালে বাওয়া যে পাপ। সে ভুবন রায় যাবে না। লোকে বলে গেলেই খালাস ? তা অকালে জেলখানা থেকে পালালে কি খালাস হয় রে ভাই ? পালিয়ে যাবেই বা কোথা ? আবার এনে ভরে দেবে। এখন খালাসের সময় যদি হয়ে থাকে—দেখো। এখানকার কটি রুতা আছে আমাকে সারতে হবে।

ভুবন রায়ের বিষয় থাকতে বন্ধুর কাছে পাঁচশো টাকা নিয়েছিলেন। সে টাকার দলিল ছিল না, বন্ধুও সর্বস্বান্ত ভুবন রায়কে কোনদিন তাগাদা করতেন না, কিন্তু ভুবন রায় সেটি ভুলতে পারেন নি। অনেকবারই এ সম্পর্কে তাঁর কর্তব্য করবার চেষ্টা করেছিলেন—পারেন নি। কিন্তু কল্পনা ছিল। বন্ধুর কাছে মাফ চেয়ে নিতে হবে। কিন্তু সে কি সহজ ? ভেবে রেখেছিলেন—মৃত্যুর পূর্বে সে বন্ধুরই হোক আর নিজেরই হোক, চেয়ে নেবেন মুক্তি। তাই নিজের মৃত্যুর কথা স্থির জেনে তবে বন্ধুকে ডেকে হাত জোড় করে বললেন—আমাকে মুক্তি দাও।

অবশু বিধাখানেক নিষ্কর জমি রেখেছিলেন, সেইটুকু দেবার সংকল্প ছিল ভুবন রায়ের।

একটি টাকা বালিশের তলা থেকে বের করে মশায়ের হাতে দিয়েছিলেন। জগৎ-মশায় হাত জোড় করে বলেছিলেন—আমাকে মার্জনা করুন, রায় মশাই।

—তা হয় না জগৎ। বৈষ্ণবপ্রণামী না দিলে মুক্তি আসবে না আমার। তারপরেই হেসে বলেছিলেন—আমার শ্রদ্ধ তো একটা হবেই, তাতেই তুমি এক টাকার জায়গায় দু টাকা নোংরাতো দিলো।

বন্ধুর কাছে মুক্তি নিয়ে ভুবন রায়ের হাসিমুখে চোখ বোঁজার কথা অনেকদিন পর্যন্ত মাহুশ স্বরণ করে স্বীকৃতি ভরসা সঞ্চয় করেছে। তিনি নিজেও করেছেন।

শুধু কি ভুবন রায়? গণেশ বায়েন! এ তো বিশ বছর আগের কথা। তাঁর আরোগ্য-নিকেতনেব দাওয়ার সামনে খোলা একখানা গাড়িতে চেপে আশি-পঁচাশি বছরের বুড়ো গণেশের সেই আসার কথা আজও চোখের উপর ভাসছে। লম্বা লাঠিধানায় ভর দিয়ে বুড়ো নেমে শোরগোল তুলেছিল সেদিন। চিরদিনের কালা গণেশের শোরগোল তুলে কথা বলাই অভ্যাস।—ছোটমশায় কই গো? আমাকে আগে দেখো। পরের গাড়ি চেয়েচিন্তে এসেছি। ওরা আবার চলে যাবে, লবগেরাম্বের লটকোণের দোকানে জিনিস লেবে। বুড়োকে আগে বিদেয় করো।

লোকজন সকলেই অথাক হয়েছিল গণেশের দাপট দেখে।

মশায় গণেশকে দেখে প্রথমটা চিনতে পারেন নি। কে?

শীর্ণ দীর্ঘদেহ রুদ্ধ। কে? গণেশ বায়েন নয়? চিত্তুরাব গণেশ বায়েন। হ্যাঁ সেই তো!

গণেশ তাঁর চেয়েও বয়েসে বড়। দশ-পনেবো বছরের বড়। গণেশ তাঁর বিয়েতে ঢোল বাজিয়েছে, মায়ের চন্দনখেতু শ্রাদ্ধে, বাবার বুধোৎসর্গে ঢাক বাজিয়েছে, বন্ধুর বিয়েতে বাজনা বাজিয়েছে, গণেশ দাবি করে দীনবন্ধু মশায়ের অর্থাৎ তাঁর পিতামহের শ্রাদ্ধেও সে ঢাক বাজিয়েছে। আশি-পঁচাশি বৎসর বয়স হবে গণেশের। সেই কারণেই গণেশ তাঁকে ছোটমশায় বলত।

স্বীকৃতিমশায় প্রশ্ন করেছিলেন—গণেশ? কী বে? তোম কী হল?

—জ্যা? কান দেখিয়ে গণেশ বললে—জোবে বেশ।

ভুল হয়ে গিয়েছিল তাঁর, গণেশ চিরদিন কালা, বৃদ্ধ বয়সে কেনী হয়েছে। নিজেই চাৎকার করছে অর্থাৎ নিজেই শুনতে পাচ্ছে না নিজের কথা মশায় কণ্ঠস্বর টুঁচু কবেই বলেছিলেন—কী ব্যাপার?

—অসুখ! ব্যাধি ধরেছে।

—তোমারও অসুখ হল শেষে?

—হবে না? যেতে হবে না?

—হবে না কি?

—তাই তো দেখতে বলছি গো। দেখো। মনে যেন তাই লাগছে, বুকেছ?

—অসুখটা কী তাই বল আগে।

—পেটের গোলমাল গো!

পেটের গোলমাল ?

—হ্যাঁ। হাতখানা বাড়িয়ে দিয়ে মুখর বৃদ্ধ বলেই গিয়েছিল—বুকেছ, আরও হয়তো ছুয়াস এক বছর বাঁচতাম। তা সেদিন ঢাক বাড়িয়ে ভাইপো একটা পাঠার চরণ এনেছিল, তা মনে হল জীবনে এলাম পিথিমীতে, মাংস তো খেলাম না। সারা জীবন বাস্তি বাড়িয়ে পেসাদী মাংস পেলাম অনেক, মুখে দিলাম না। অথচ সাধ তো আছে। ও না খেলে তো ছুটি হবে না। তাই বাপু খেলাম। ভালোই লাগল। কিন্তু ওতেই লাগল ফ্যাসাদ। পেটের ব্যামো হল—ছুদিন খুব পেটে ঝোচড় দিল, তা-পরতে ঘাটে গেলাম একদিন, খুব সে ঘাটে যাওয়া। সেই সূত্রপাত। এখন তোমার ছুয়াস হয়ে গেল—সেই চলেছে। এখন আবার আমোশা হয়েছে। কী রকম মনে হচ্ছে বাপু।

জীবনমশায় ভুরু কুঁচকে বলেছিলেন—এ অবস্থায় এল কেন ? আসা ঠিক হয় নি। খবর দিলেই তো পারতাম !

কে একজন বলেছিল—তোমার তো টাকা আছে স্তনতে পাই হে। না হয় মশায়কে দু টাকা দিতে।

—খ্যা, কী বলছ এঁটে বলা গো।

—বলি, তোমার তো টাকা আছে হে।

—আছে। সাতকুড়ি টাকা আমার আছে। পুঁতে রেখেছি। তাই ভেে এরিচি মশায়ের কাছে, মশায় বলুক। আমি তা হলে জীবন-মচ্ছবটা করে ফেলি। ছেলে নাই পরিবার নাই—ভাইপোরা টাকা কটা নেবে, কিছুই করবে না। জমি আছে—সে ওদের পাবাব ওরা নিক। টাকাটা আমি জীবন-মচ্ছবটা করে আর মা চণ্ডীর পাঠ-অঙ্কন বাঁধিয়ে খরচ করে যাব। তা দেখো। ভালো করে দেখে বলা কতদিন আর বাকি।

—বোস্। একটু জিরিয়ে নে।

গণেশ খুব সমঝদারের মতো ঘাড় নেড়ে বলেছিল—হ্যাঁ। সে বুকেছ, ওই রোগ হতেই আমি বুকেছি। উ-হ ইনি যে-সে লয়। ইনি সেই তিনি। মন ঠিক বলে দিয়েছিল। তবু বলি, কে জানে মুরুসু-সুরুসু মাহুষ, যাই ছোটমশায়কে দেখিয়ে আসি। তার তো ভুল হবে না। তা হলে ঠিক আছে। চণ্ডীমায়ের পাঠ-অঙ্কন বাঁধাবার কাজ লাগিয়ে দিই। তা-পবেতে জীবন-মচ্ছব। হরি হরি বলা মন। হরি হরি বলা।

বলে প্রণাম করে দুটো টাকা নামিয়ে বলেছিল—না, বোলো না। ছেরকাল বিনাপয়লায় দেখেছ। এই দুই টাকাতো শোধ।

মনে মনে সেদিন প্রশ্ন জেগেছিল—গণেশ কি সত্যিই বুঝতে পেরেছিল ?

শরৎ চন্দ্রের দিদিমার কথা মনে পড়েছিল। বছর মৃত্যুর মাস আষ্টেক আগের কথা।

তাকে হাত দেখতে ডেকেছিল।

সেও বুঝতে পেরেছিল। ডাক শুনতে পেয়েছিল। বৃদ্ধা চিরদিনই খেতে-দেতে ভালোবাসত। খাওয়া-দাওয়া আয়োজন করতেও জানত। শরতের দিদিমার হাতের ফুলবড়ি আর পাপড় ছিল উপাদেয় সামগ্রী। সেই কারণেই মশায় হাত দেখে জিজ্ঞাসা করেছিলেন—কী খেতে ইচ্ছে হয় গো ?

জিত কেটে বৃদ্ধা বলেছিল—আমার পোড়াকপাল। এই কথা তুমি জিজ্ঞাসা করলে বাবা ?

—তবে কী সাধ হয় বলো।

—শরৎকে দেখব শুধু। দেখে বলো, কদিন বাঁচব। শরৎ কিরে আসা পর্যন্ত থাকব ?

শরৎ তখন বি এ পবাক্ষা দিচ্ছে। শরতের মা বলেছিল—বলুন, টেলিগেরাশ করব কি না।

—নাঃ দিন পনেরো দে-বউ আছে। শরৎ তো সাতদিন পরে আসবে।

—হ্যাঁ।

—তা হলে ঠিক আছে। নাতি দেখতে তুমি পাবে দে-বউ। কিন্তু কষ্ট কী বলো। খোরাক কয়েক ওষু দেব।

—কষ্ট অস্বস্তি। আর কী ? মনে হচ্ছে—গেলেই স্বপ্ন ! নিশ্চিন্দী বাঁচি।

এমন অনেক মানুষকে দেখেছেন। এই যাওয়াই তো যাওয়া। মৃত্যুর সমাদরের অতিথি। একালে তেমন অতিথি বোধ করি মৃত্যু পায় না।

আর কী হবে না ? ঠিক এই সময়েই আতর-বউ চীৎকার কবে কেঁদে উঠেছিলেন—ওরে বহু রে !

*

*

*

বিপিন সম্পর্কে তিনি বলতে পারবেন না।

বিপিন বনবিহারীর মতো অসহায় আর্তের মতো চীৎকার করে নি, করার কথাও নয়। সে কর্তব্যবীর। সে কাঁদবে না। কিন্তু প্রশ্ন প্রশান্তভাবেও আত্মসমর্পণ করতে পারবে না। তার বেদনা ক্ষোভের হাহাকারে কেটে পড়বে।

অন্ধকারের মধ্যে আত্মময়ের মতো পথ হাঁটছিলেন তিনি। সত্যসত্যই যেন স্থানকাল সম্পর্কে চেতনা ছিল না তাঁর। চেতনা কিরে এল নবগ্রামের বাজারের আশেপাশে।

চৌমাথাগায় দোকানে দোকানে আলো জ্বলছে। সেকালের মতো স্নান আলো নয়। উজ্জ্বল আলো। পেট্রোম্যাক্স, লর্ডন, দেওয়ালগিরি আড়াইশো বাতি, পচিশ বাতি, চল্লিশ বাতি। এই আলোর বলক তাঁর চোখে লেগে তাঁকে সচেতন করে দিল। সামনে একটা মনিহারির দোকানের ঝকমকে জিনিসগুলি চোখে যেন রঙ খরিয়ে দেয়। হরেন ডাক্তারের দোকানে ওরা কারা ?

প্রত্যোত্ত ডাক্তারের স্ত্রী আর সেই আগস্কেক বন্ধুটি। তারা দুজনেই বেরিয়ে এল এই সময়। ডাক্তারের স্ত্রী হৃদয় মেয়ে, তার উপর সেজেছে। মনোরমার করে তুলেছে নিজেকে। মশায় দাঁড়ালেন। তারা দুজনে চলে গেল, টর্চ জ্বালিয়ে ডানপাশের অন্ধকার পথ ভেদ করে। ওই পথে তাঁকেও যেতে হবে !

কোলাহল উঠছে চারিদিকে। বাজারের কেনাবেচা চলছে। বেছে হল্প আলো যেদিকটায় পড়েছিল সেই দিকটা ধরে তিনি চৌমাথাটা পাদ হয়ে মোড় ফিরলেন। এবার পথ আবার অন্ধকার। বাঁচলেন তিনি। বিপিনের কথা কেউ জিজ্ঞাসা করলে কী বলতেন তিনি ? অনেকটা আগে ডাক্তারের স্ত্রী আর ডাক্তারের বন্ধুটি চলেছে।

অন্ধকার রাস্তায় বালি-কাঁকরের উপর মশায়ের পায়ের জুতোর শব্দ উঠছে। এই জায়গাটা নির্জন, বসতিহীন। অনেকটা পিছনে নবগ্রামের বাজারপটির আলোর ছটা শৃঙ্খলোকে ভাসছে। এতটা দূরে বাজারের কোলাহল স্তিমিত হয়ে এসেছে, ক্ষীণ হয়ে আসছে ক্রমশঃ-। বর্ষার মাঠে ব্যাণ্ডের ডাকের ঐক্যতান উঠছে। কলরব করছে। ওটা কী স্বপ্নাকাতর শব্দ ? ওঃ, সাপে ব্যাণ্ড পরেছে ! মশায় গমকে দাঁড়ালেন। আবার চললেন।

বড় পুকুরটার পাশ দিয়ে এসে মাঠের মধ্যে রাস্তার এন্টা বাঁক ফিরতেই আলো পেলেন মশায়। হাসপাতালের কোয়ার্টারের জানালায় বারান্দায় আলোর ছটা পড়েছে ; হাসপাতালের বারান্দায় আলো জ্বলছে। প্রত্যোত্ত ডাক্তারের বারান্দায় পেট্রোম্যাক্স জ্বলছে। ওই যে ডাক্তারের স্ত্রী আর বন্ধুটি। প্রত্যোত্ত ডাক্তার বসে রয়েছে। চাকুবাবু ডাক্তার। আরও কজন।

এতক্ষণে ফিরছেন ডাক্তারবাবু ?

হাসপাতালের বাইরের দেওয়ালের পাশ থেকে কে একটি লোক বেরিয়ে এল। কে ? বিনয় ? চিন্তে পেরে আশ্চর্য হলেন মশায় ! বি-কে মেডিক্যাল স্টোর্সের মালিক বিনয়।

—ডাক্তারদের মিটিং হচ্ছে।

—মিটিং ?

—হ্যাঁ। আমাকে বয়স্কটের ব্যবস্থা হচ্ছে।

—তোমাকে বয়স্কটের ?

—হ্যাঁ। কাল যাব আমি আপনার কাছে। মিটিং শুধু আমাকে নিয়েই নয়, আপনিও আছেন। বলব, কাল সকালে সব বলব। যাব আমি। এখানকার সব ডাক্তার এসেছে ওই দেখুন না। এখন করেন শুধু আসে নি। চাক্কাবু প্রদ্যোতবাবু যাচ্ছে, হরেনকে নিয়ে বিপিনবাবুকে দেখে আসবে; এসে মিটিং হবে। আপনি দেখে এলেন বিপিনবাবুকে? আপনি থাকলেন না? ও আপনাকে বলে না? বুঝি?

মশায় কোনো জবাব দিলেন না। না, কোনো কথাই তিনি বলবেন না।

বিনয় বললে—আজ সকালে কিশোরদাদা তো খুব বলেছে আপনার কথা। সারা গায়ে একেবারে হৈ হৈ করছে।

এ কথারও কোনো উত্তর দিলেন না মশায়। বিনয় বলেই গেল—প্রদ্যোত ডাক্তার সন্ধ্যায় খুব চটেছে।

মশায় এবার বললেন—আমি যাই বিনয়।

বিনয় চকিত হয়ে উঠল—হ্যাঁ। ওরা আসছে। আমি যাই। কাল যাব আমি আপনার কাছে। সে আবার দেওয়ালের পাশ দিয়ে অন্ধকারে মিশে গেল। চাক্কাবু, প্রদ্যোত, প্রদ্যোতের বন্ধু বারান্দা থেকে নেমে চলে আসছে।

ছািবিশ

প্রদ্যোত ডাক্তারের নাসাম সেদিন এ অঞ্চলের পাশকরা ডাক্তারেরা সকলেই এসে জমেছিলেন। প্রদ্যোত তাঁর প্রদ্যোগী হয়ে সকলকে ডেকেছে। এখানে একটি কোঅপারেটিভ মেডিক্যাল স্টোম খোলার কথা হবে।

বিনয়কে বয়স্কটের জন্ত ঠিক নয়; তবে বিনয়কে মুশকিলে পড়তে হবে বই কি। শুধু তাই নয়, এখানে ছোটখাটো ক্লিনিকও সে করতে চায়। ডাক্তারের বন্ধু ক্লিনিকাল গ্র্যাকটিস করেন এই জেলার সদরে! সদর থেকে বিপিনবাবুর ইউরিন ও ব্লাড রিপোর্ট নিয়ে ডাক্তার নিজেই এসে গতকাল থেকে বসে আছেন। বিপিনের রিপোর্ট আশাশ্রিত বটে কিন্তু পরীক্ষক ডাক্তারের কী একটি সন্দেহ হয়েছে। তিনি আবার একবার ইউরিন ব্লাড নিজে নিয়ে যাবেন। সেই সঙ্গে এই মিটিংয়েও যোগ দিয়েছেন তিনি। প্রদ্যোতের অল্পরোধেই যোগ দিয়েছেন। প্রদ্যোত ডাক্তারের মত, একালে

ক্রিনিকের সাহায্য ছাড়া চিকিৎসা করা অশ্রায়; যে বিজ্ঞান নিয়ে সাধনা, সেই বিজ্ঞানকে এতে লক্ষন করা হয়। সাধারণ ম্যালেরিয়া বা সামান্য অস্থবিশ্বখে উপসর্গ দেখে, ষাৰ্শোমিটার স্টেথোসকোপের সাহায্যে চিকিৎসা করা হয়তো যায়, কিন্তু অস্থবিশ্বখে যেখানে এটু জটিল বলে মনে হয়, যেখানে এতটুকু সংশয় জাগে, সেখানে বিজ্ঞানসম্মত উপায়ে রক্ত মল মুত্র—এ সব পরীক্ষা না করে চিকিৎসা করার ষোরতর বিরুদ্ধে সে। নাজী পরীক্ষার উপর বিশ্বাস তার নাই। বায়ু পিত্ত কফও বুঝতে পারে না। এবং চোখে উপসর্গ দেখে, রোগীর গায়ের গন্ধ বিচার করে রোগনির্ণয় দু-চারজন প্রতিভাবানের পক্ষে সম্ভবপর বটে, কিন্তু সাধারণ চিকিৎসকদের সে শক্তি নাই। ষারা করেন তাঁরা পাঁচটাতে ঠিক ধরেন—পাঁচটাতে ভুল করে পরে শুধরে নেন—পাঁচটাতে ভুল শেষ পর্যন্ত ধরাই পড়ে না। রোগী যখন মারা যায় তখন মনে হয়—চিকিৎসা আগাগোড়াই ভুল হয়েছে। রোগটা বোধ হয় ম্যালেরিয়া ছিল না, কালাজ্বর ছিল; অথবা কালাজ্বর ছিল না, ছিল ম্যালেরিয়া। ম্যালেরিয়াকে টি-বি ভুল করতেও দেখা গিয়েছে। সেদিন একটা ছেলের চিকিৎসায় মারাত্মক ভুল হয়েছে। ছেলেটা মরা অবধি তার মন পীড়িত হয়ে রয়েছে।

বিনয়ের দোকানে যে সব প্রেসক্রিপশন সরবরাহ হয়, তার মধ্যে অসাধুতা আছে। কোনো ওষুধ না থাকলে নিজেরাই বুদ্ধিমতো একটা বিকল্প দিয়ে চালিয়ে দেয়। তাও না থাকলে সেটা বাদ দিয়েই চালিয়ে দেয়। কোনো ওষুধটা যথানিয়মে ক্রম-রক্ষা করে তৈরী করে না। ওষুধের শিশি স্থির থাকলেই দেখা যায় বিভিন্ন ভেযজ স্তরে স্তরে স্বতন্ত্র হয়ে ভাসছে অথবা তলায় জমে রয়েছে। একদফা ওষুধ এনে তাতেই চালায় ছ মাস, এক বছর। নিস্তেজ, নিশ্চ'ণ ওষুধের 'ক্রয়া হয় না। সব থেকে বিপদ হয়েছে গ্রন্থকর বিশেষ ওষুধগুলি নিয়ে। পেনিসিলিন যে বিশেষ তাপমানে রাখার কথা তা রাখা হয় না। যেসব ওষুধ আলোক-রশ্মিতে বিকৃত হয় সেগুলিও নিয়মমতো রাখে না এরা। মাহুধের জীবনমরণ নিয়ে যেখানে প্রশ্ন সেখানে অবহেলা, অজ্ঞতা এবং কুটিল ব্যবসায়-বুদ্ধির স্বেচ্ছাচারে ব্যভিচারে মাহুধের জীবন হচ্ছে বিপন্ন' এ ছাড়া জাল ওষুধ চালায় বলেও প্রদ্যোত বিশ্বাস করে।

তার উপর দাম। দরিদ্র মাহুধ—সরল গ্রামবাসী অসহায়ভাবে সর্বস্বান্ত হয়ে এই লোলুপতার খড়্গের নিচে ষাড় পেতে দিতে বাধ্য হচ্ছে। শুধু দামই নয়, বাকির ষাতায় বাকি বেড়েই চলে। এদের পীতপাতুর চোখের দৃষ্টি দেখলে প্রদ্যোতের কল্পণও হয়, রাগও ধরে। এক-এক সময় মনে হয়—মক্ক, এরা মক্ক, মরে থাক। শেষ হয়ে থাক। নির্বোধ সূৰ্ধেরা নিজেদের অজ্ঞতা মুৰ্খতা নিবুদ্ধিতা কিছুতেই

স্বীকার করবে না। বললে শুনবে না। বুঝিয়ে দিলে বুঝবে না, বিশ্বাস করবে না। আজও কবজ মাহুলি জড়ি বৃটি ঝাঁক ছুঁক ছাড়লে না এরা। এদের বিজ্ঞানবোধ জীবন-মশায়ের নাড়ীজ্ঞান পর্যন্ত এসে থেমে গেছে।

তাই অনেক চিন্তা করে সে এখানকার ডাক্তারদের এবং এই বন্ধুটিকে নিয়ে একটি নূতন প্রাতিষ্ঠান গড়ে তুলতে চায়। বড় একটি ওষুধের দোকান। তার সঙ্গে একটি ছোটখাট ক্লিনিক।

এখানকার অবস্থা দেখে সে যা বুঝেছে তাতে বড় একটি কারবার বেশ সমৃদ্ধির সঙ্গেই চলবে। নবগ্রামে একটি মাঝারির ওষুধের দোকান আজ তিরিশ বৎসরেরও বেশী কাল ধরে ভালোভাবেই চলে আসছে। তার আগে হরিশ ডাক্তারের বাড়িতে এক আলমারি ওষুধ নিয়ে তাঁর নিজস্ব কারবার চলত। জীবন মশায়ের আরোগ্য নিকেতন নাকি সমারোহের সঙ্গে চলেছে দীর্ঘকাল। আজ উনিশশো পঞ্চাশ সালে কি এখানে ক্লিনিক ও বড় ওষুধের দোকান চলবে না?

আজ নবগ্রামেই হুজু এম বি হুজু এল, এম, এফ, রয়েছে। আশেপাশে চারিদিকে দশ-বারো মাইলেব মধ্যে আরও চারজন এল, এম, এফ, আছেন। তাঁদের সকলেরই কোনো রকমে চলে যাচ্ছে। তাঁদের সকলকেই আজ নিমন্ত্রণ করেছেন প্রদ্যোত ডাক্তার। সকলে মিলে অংশীদার হয়ে এই কারবার গড়ে তোলার করণা। তাতে সকলেরই লাভ। তাঁরা ব্যবসায়ীর মতো লাভ করবেন না, তবুও যেটুকু লাভ হবে তারাই পাবেন। প্রেসক্রিপশনে কমিশনও যে যেমন পান পাবেন। এখানকার লোকেও অপেক্ষাকৃত কম দামেই ভালো ওষুধ পাবে।

কোয়ার্টারের বারান্দায় চেয়ার টেবিল বিছিয়ে আসর বেশ মনোরম করেই পাভা হয়েছিল। সন্ধ্যার সময়ে চা-পর্ব থেকে শুরু হয়েছে। মাঝখানে একটা পেট্রোম্যান্স আলো জ্বলছে। রাত্রে ষাওয়া-দাওয়া আছে। কিছু পাখি শিকার করা হয়েছে—তার সঙ্গে কয়েকটি মুরগীও আছে। রান্না করছে হাসপাতালের কুক। মজু ঘুরে কিরে রান্নাবান্না তত্বির করছে। বারান্দাব আসরে একপাশে একটি অর্গান রাখা হয়েছে। মধ্যে মধ্যে গান গাইবে সে।

•

•

•

এখানে নবগ্রামের আশেপাশে যারা প্র্যাকটিশ করে—তারা সকলেই স্থানীয় লোক। গত পঞ্চাশ বছরের মধ্যে ডাক্তারিই সব পেশার চেয়ে ভালো পেশা হয়ে দাঁড়িয়েছে। ম্যালেরিয়ার প্রকোপই এর প্রধান কারণ। ম্যালেরিয়ার সঙ্গে আছে ছু-চারটে ঠাইকয়েড, দু-দশটা রেমিটেস্ট, তার সঙ্গে আমাশয়, পেটের অস্থখ। বসন্ত হয়, কিন্তু মহামারী হয়ে বড় দেখা দেয় না, তবে কলেরা মাঝে

ঝাঝে হয়। সকালে কলেগা হত মহামারীর মতো, একালে টিকার কল্যাণে তা হয় না। এ ছাড়া এটা-ওটা নানান ব্যাধি লেগেই আছে। সেই কারণে ডাক্তার হতে পারলে নিশ্চিত; উপার্জন হবেই। আগে লেথাপড়া শিখে সকলেই আইনটা পড়ত। চাকরি না পেলে উকিল হবে। কিন্তু উকিলদের পেশা অনিশ্চিত, যার কপাল খুলল সে রাজা, যার হল না সে ককির বললেও চলে। ডাক্তারিতেও তা নয়, কিছু হবেই। কপাল খুললে কথাই নাই। তার উপর বাড়িতে বসে চলে। দশ বছর আগে এখানে চারিপাশে দুজন পাশকরা ডাক্তার ছিল। হাতুড়ে অনেক কজনই করে খেত। এখন এখানে ছজন পাশকরা ডাক্তার। কেউ বধমানে, কেউ বাঁকুড়ায়, জনচারেক কলকাতায় ক্যাম্বেল এবং মেডিক্যাল স্কুলে পড়ে পাশ কবে এসেছেন। এঁরা সকলেই বিনয়ের পাইকিরি বন্ধের। বিনয়ের বিরুদ্ধে অভিযোগ তাঁদের নেই এমন নয়, আছে; পুরনো ওষুধ বিনয় চালান্ন। দাম বেশী ঠিক নেয় না তবে কো-অপারেটিভ দাম আরও কম হবে। ক্লিনিকের তেমন প্রয়োজন তাবা অল্পভব করে না। তবে হলে মন্দ কী? শক্ত রোগে দু-এক ক্ষেত্রে প্রয়োজন হতেও পারে। এবং প্রত্যোত ডাক্তারকে একটু ভুট্ট রাখারও প্রয়োজন তাদেব আছে। দু-একটা শক্ত রোগী, বিশেষ করে অপারেশন কেস, নিয়ে এলে হাসপাতালে সেগুলি করে দেবে প্রত্যোত ডাক্তার। কিছুটা বিজ্ঞানের প্রেরণাব তাগিদও অবশ্যই আছে। তারা সকলেই অপেক্ষা করে রয়েছে। বিপিনবাবুকে দেখে ডাক্তারেরা ফিরলেই আলোচনা আরম্ভ হবে।

প্রত্যোতেরা বিপিনের কেস আলোচনা করতে করতেই ফিরলেন। বিপিনবাবু আজ বলেছেন—আপনারা কী বলছেন বলুন। এইভাবে আমি আর বেঁচে থাকতে চাইনে; জীবনমশায় বলে গেছেন আমি বাঁচব না।

রতনবাবু বলেছিলেন—না, তা তো তিনি বলেন নি বিপিন। তাঁর উপব ইনজাষ্টিস কোরো না তুমি।

দৃঢ়ভাবে বিপিনবাবু বলেছিলেন—না, ইনজাষ্টিস কবি নি আমি। তিনি যেভাবে ‘আমি ঠিক বুঝতে পারছি না’ বলে চলে গেলেন, ফী না নিয়েই চলে গেলেন—তার মানে ও ছাড়া আর কিছু হয় না। বলুন না, আপনিই বলুন, তাঁর মতামত সম্পর্কে আপনার কী মনে হয়েছে?

বিপিনবাবুর ছেঁচেটিও বলেছে—হ্যাঁ। উনি একরকম, তাই-ই বলে গেছেন ইঞ্জিতে।

বিপিনবাবু বলেছেন—এখন আপনারা বলুন আপনাদের মত। এবং কতদিনে আমি বিছানা ছেড়ে—অন্তত ইনভ্যালিড চেয়ারেও একটু-আধটু ঘুরতে পারব

বলুন। আমার রাসীকৃত কাজ পড়ে রয়েছে। মধ্যে মধ্যে প্রাণের দায়ের মক্কেলরা আসে, তাদের সঙ্গে আপনারা দেখা পর্যন্ত করতে দিচ্ছেন না। তাই বা কখন থেকে দেবেন বলুন। ফ্রাঙ্কলি বলুন। আমি শুনতে চাই।

চারুবাবু একটু বোঝাতে চেষ্টা করেছিলেন, বলেছিলেন—আপনার মতো লোক অধীর হলে আমরা কি কদর বিপিনবাবু! আপনি তো নিজেই জানেন এ রোগের কথা। তা ছাড়া চঞ্চল হচ্ছেন আপনি, এতে আপনার অনিষ্ট হবে।

—জানি। জেনেই বলছি! আমি এইভাবে থাকতে পারছি না। জীবন-মশায় তাঁর কথা বলেছেন এবং চলে গেছেন একরকম। এখন আপনারদের পালা। আপনারা বলছেন ভালো আছি আমি। বেশ। এখন বলুন কতদিনে আমি উঠব। অবশ্য পূর্বের জীবন ফিরে পাব না আমি জানি, কিন্তু তার সামান্য অংশ বলুন।

প্রত্যোত্তর বলেছে—কলকাতায় ডঃ চ্যাটার্জি আপনাকে দেখছিলেন। তাঁর নির্দেশমতে এখানে আমরা চিকিৎসা করছি। মতামত তিনি দেবেন। আপনি তাঁকে অনানন্দ। আমরা বলতে পারি জীবনমশায়ের সঙ্গে আমরা একমত নই। আপনি আগের থেকে ভালো আছেন এবং এই উন্নতির যদি ব্যাঘাত না হয় তবে ক্রমে ক্রমে সেরে উঠবেন আপনি। কতদিন সে বলতে হলে ডঃ চ্যাটার্জির সঙ্গে পরামর্শ করতে হবে।

—বেশ, তাই হোক। ডঃ চ্যাটার্জি আহ্বান। হবেন, তুমি যাও তাকে নিয়ে এসো। যা চাইবেন দেব। লজ্জায় ধেমায় আমি দম্ব হয়ে যাচ্ছি। এ শেষ কথা জানতে চাই আমি। আর—

মাথা তুলে সামনের দিকে তাকিয়ে বলেছেন—জীবনমশায়কে যেন আর না ডাকা হয়। আমি মরব কি না জানতে চাই না। মরবে সবাই একদিন। এ রোগে আমি বাঁচব কি না জানতে চাই।

কথাটা বলেছেন বাপকে লক্ষ্য করে।

সেইকথা বলতে বলতেই ফিরে এলেন গুরা। চাকর চা এনে সামনে নামিয়ে দিলে। হরিহর কম্পাউণ্ডার চারুবাবুর সামনে নামিয়ে দিলে একটি কাচের গ্লাসে দুই আউন্স ত্রাণ্ডি এবং একটি সোডার বোতল। চারুবাবুরই এ প্রস্তাবে উৎসাহ বেশী। তিনিই হবেন সোসাইটির চেয়ারম্যান। ত্রাণ্ডির গ্লাসে চুমুক দিয়ে সিগারেট ধরিয়ে চারুবাবু পকেট থেকে ঘড়িটা বের করে বললেন—নটা পাঁচ। কাজ শুরু করে দিন প্রত্যোত্তরবাবু। সময় এখন ভালো। দুর্গা দুর্গা—সিদ্ধিদাতা গণেশ! করুন আরম্ভ।

চারুবাবু আগে থেকেই পাঞ্জি দেখে রেখেছেন। প্রত্যোত্তর এসব মানে না, বরং মানা অপছন্দই করে, তবু এক্ষেত্রে চারুবাবুর ইচ্ছাষ বাধা দেয় নি।

প্রত্যোত্তর কাগজ-কলম টেনে নিয়ে বসল।

চারুবাবু হেসে বললেন—কি রকম মিটিং মশায়? একটা ওপনিং সত্ত্ব হবে না? হারমোনিয়ম—মিসেস বোস উপস্থিত থাকতে!

ডাক্তারের স্ত্রী অত্যন্ত সপ্রতিভ মেয়ে। সে মাথাটি নত করে সসম্মানে বললে—সভাপতির আদেশ শিরোধার্য। এবং অর্গ্যানটার সামনে বসে গেল।

একটা ব্যাঘাত পড়ে গেল।

হঠাৎ হাসপাতালের ফটকে চার-পাঁচজন লোক এসে ঢুকল। একটি মেয়ে বুক চাপড়ে কাঁদছিল—ওরে সোনা রে, ও মানিক রে! ওরে বাবা রে!

প্রত্যোত্তর একমনে হিসেব কষে যাচ্ছিলেন। কার্না শুনে কাগজ-কলম ধীরতাব সঙ্গে গুছিয়ে রেখে উঠে দাঁড়ালেন।—এত রাত্রে এমন বুক চাপড়ে কাঁদছে—হাসপাতালে ছুটে এসেছে—নিশ্চয় অ্যাকসিডেন্ট। ইমার্জেন্সি ওয়ার্ডের কেস। কিন্তু এখানে ইমার্জেন্সি ওয়ার্ড মানে দুটি বেড এখন। একটি বেড ছিল, প্রত্যোত্তর এসে অনেক চেষ্টা করে কিশোরবাবুকে দিয়ে চেষ্টা করিয়ে আর-একটা বাড়িয়েছেন। খানা গেলথ সেন্টার হলে পাঁচটা বেড হবে। কিছু নূতন ব্যবস্থাও করেছেন। কিন্তু ইমার্জেন্সি ওয়ার্ডের সব থেকে বড় প্রয়োজন রক্তের। রক্ত কলকাতার ব্লাড ব্যাঙ্ক—দেড়শো মাইল দূরে।

—আমি আসছি। দেখি কী হল? প্রত্যোত্তর চলে গেল।

চারুবাবু বললেন—এমন কর্তব্যপরায়ণ লোক আমি দেখি নি। আমিও একসময় এখানে ছিলাম তো। আমারও খুব কড়া কড়ি ছিল। বুঝলেন মিসেস-বোস, আমিও খুব কড়া লোক ছিলাম। তবে করব কী? সে কালই ছিল আলাদা। তখন হাসপাতাল ছিল বাবুদের, ডি-বি গ্রান্ট ছিল এই পর্যন্ত। বাবুবাই হর্তাকর্তা বিধাতা। ডিসপেনসারিতে কাজ করেছি, বাবুদের কল এল, আসন্ন, আরজেন্ট। কী করব, যেতে হল! গিয়ে দেখি ছোট ছেলে খুব চীৎকার করছে। তারপরে। বাবুর মেয়েও প্রথম ছেলে, বারো বছরের মেয়ের ছেলে—বুঝছেন ব্যাপার?

—বারো বছরের মেয়ের ছেলে? মঞ্জুর বিশ্বয়ের আর অবধি রইল না।

—তার আর আশ্চর্য কী? সে আমলে এ তো হামেশাই হত। এগারো বছরের মেয়ের ছেলে আমি দেখেছি। চৌদ্দ বছর বয়স পর্যন্ত ছেলে না হলে সকালে হায় হায় পড়ত সংসারে। আর ছেলে হল না। দেবতাহানে মানত করত।

মঞ্জু বললে—আমার মায়ের মায়ের মা, গ্রেট-গ্রাণ্ডমা—তাঁর ছেলে হয়েছিল

ভেরো বছরে, আমার মায়ের মা। তাই শুনি যখন তখন আশ্চর্য হয়ে যায় সে বুড়ী আজও বেঁচে আছে। ৩২, ষা কালো হয়েছে বুড়ী। জানেন—

হঠাৎ একটা তয়র্ভ চাঁৎকারে সকলে চমকে উঠল। কী হল? চীৎকাবটা ডাক্তারের বাণীর ভিতরে।

কেউ যেন বু-বু করে চেঁচাচ্ছে। কে? ঠাকুরের গলা বলে মনে হচ্ছে।

মঞ্জু দাঁড়িয়ে উঠে ছুটল। সঙ্গে সঙ্গে প্রথোত্তের বন্ধুও ছুটল।

চারু ডাক্তার বললেন—কী হল, চোরটোর না কি?

হরেন বললে—কী জানি।

—না, কড়াই-কড়াই উলটে ফেললে পায়ে? না কি? চারুবাবু বললেন—
দেখো হরেন।

সকলেই সচকিত হয়ে চেয়ে বইল দরজাব দিকে।

চারুবাবু শেষ ব্রাণ্ডটুকু পান করে ডাকলেন—ও মশায়। ও মিসেস বোস।
হল কী?

ওদিকে ভিতবে হাউমাউ কবে কী বলছে ঠাকুরটা। কিছু বুঝতে পারা যাচ্ছে না। প্রথোত্তের বন্ধু ধমকাচ্ছে। ডাক্তারের বউ খিলখিল করে হাসছে।

চারু ডাক্তার বললেন—বলি হবেন।

—আজ্ঞে।

—‘মেয়েটা কী হে?’ কী হাসছে দেখো তো? আবার বন্ধুক নিয়ে না কি শিকাব করে।

হরেন বললে—হ্যাঁ, সাইকেলও চড়েন।

চারু ডাক্তার এবাব বললেন—এ একটা গেছো মেয়ে। ডাক্তারটি লোক ভালো কিন্তু শেষ পর্যন্ত ওই গেছো মেয়ের পাল্লায় পড়ে গাছে উঠে না বসতে হয়, লেজ না গজায়।

সব ডাক্তারবাই হেসে উঠল।

চারুবাবু মাথার টাকে গাত বুলিয়ে সবস এসে বললেন—কিন্তু ওবা আছে বেশ। কপোতকপোতাসম। বেশ। হাসছে খেলছে গাইছে। বেশ আছে। মাঝে মাঝে মনে আপসোস হয় হে। বলি একালে জন্মালাম না কেন? ডাক্তার এবাব নিজেই হেসে উঠলেন।

প্রায় সঙ্গে সঙ্গেই খিলখিল কবে হেসে যেন বর্ষাব ঝানার মতো করে পড়তে পড়তে ওদিক থেকে বেবিয়ে এল প্রথোত্ত ডাক্তারের গেছো বধুটি। ডাক্তারের বন্ধুও হাসছিল, সে বললে—ইডিয়েট কোথাকার! কাণ্ড দেখুন তো।

চারু ডাক্তার বললেন—কী হল ?

মঞ্জু বললে—ভূত। চারুবাবু—ভূত এসেছিল। আবার সে উচ্ছ্বসিত হয়ে হাসতে লাগল।

ভূত ! চারু ডাক্তারের আমেজ ছুটে গেল।

হ্যাঁ। চাকরটা ঘরে খাবার জায়গা করছে, ওদিকে রান্নাঘরে ঠাকুর গরমমশলা বেটে মাংসের সঙ্গে গুলে দিচ্ছে ; সারি সারি খালা বাটি সাজানো, হঠাৎ টুপটাপ শব্দে ঠল পড়তে শুরু করে। ঠাকুর তাইতে উঠে জানালা দিয়ে উঁকি মেয়ে দেখে, আপাদমস্তক সাদা কাপড় পরে কে দাঁড়িয়ে আছে। তাকে দেখেই বলেছে—এঁকটু মাংস দে ! এঁকটু—দে ! ব্যস—ঠাকুর অমনি বু-বু করে উঠেছে।

প্রত্যোত্তর বন্ধু বললে—আমার ইচ্ছে হল ব্যাটার গালে ঠাস করে চড় কষিয়ে দিই গোটা কয়েক।

চারু ডাক্তার বললেন—উহু। এতটা উড়িয়ে দিলে চলবে না। জায়গাটা ভালো নয়। বহু লোকে বহুবার ভয় পেয়েছে এখানে। একটু এগিয়ে গিয়ে একটা বড় গাছ ছিল। সেখানে নানা প্রবাদ ছিল। আর হাসপাতাল যেখানে—ওখানটা তো ছিল মুসলমানদের কবরস্থান। ওই ভয়ে হাসপাতালে সেকালে রোগী হত না। গোটা সাত বছরে সাতটা রোগী হয় নি। যা গোটা চারেক হয়েছিল তাও মরণ-দশায় ভিধিরী আর নাকারি—গোটা দুয়েক অ্যাকসিডেন্ট কেস—প্রায় আনক্রেমড প্রপার্টির মতো। সে সব ওই কিশোরবাবুর সোশাল সার্ভিসের দল কুড়িয়ে-বাড়িয়ে ভরে দিত। একটা ছাড়া মরেছেও সব কটা। এবং সব রোগীতেই ভয় পেত।

মঞ্জু আবার খিলখিল করে হেসে উঠল, বললে—আপনি ভূত বিশ্বাস করেন নাকি ডাক্তারবাবু ?

চারুবাবু বললেন—হ্যাঁ। মানে, করি, করি আবার করিও না। করি না আবার করি, দুই-ই বটে। মানে, কী আছে কী যে নাই—এ ভারি মুশকিল।

প্রত্যোত্তর ফিরে এলেন। গম্ভীর মুখ। আস্তিন পর্যন্ত জামা গুটানো। ডিস-ইনসেক্টিভারের মুহু গন্ধ উঠছে। চেয়ারের উপর বসে পড়ে বললেন—ছোট ছেলে, ছ-সাত মাস বয়স। গরম দুখ পড়ে একেবারে—।

চারু ডাক্তার আপনার অজ্ঞাতসারেই একটা জৈবিক যন্ত্রণাকাতর শব্দ করে উঠলেন—আঃ !

অল্প সকলে শিউরে উঠল। উঃ !

প্রত্যোত্তর বন্ধু প্রশ্ন করলে—টিকবে ?

—মরে গেছে। টেবিলের ওপর শোওয়ার পর মিনিট কয়েক ছিল।

তারপর বার কয়েক স্প্যান্ডাম—বাস। আমি আব করি নি কিছু। শুধু দেখলাম দাড়িয়ে দাড়িয়ে।

মঞ্জু স্তির হয়ে গিয়েছে। তার সকল স্ফলতা হাসি, কোতুক—সব যে শুকিয়ে গিয়েছে।

প্রথোত্তেব বন্ধু বললে—এখানে আমার আব এক হাঙ্গাম

—হাঙ্গাম? মানে?

—তোমার ঠাকুর ভৃত দেবেছিল। বুঝে শুধু চাংকাব করে সে এক ক'ণ্ড।

—ননসেন্স! বদমায়েশি কববে বেটা। বোধ হয় মাংস-টাংস সরিয়েছে। তবে বলবে ভৃত্তে খেবে গেছে।

চাক ডাক্তার বললেন—উঁহ, সব সবকম করে উড়িয়ে দেবেন না। উঁহ।

প্রথোত্ত হেসে উঠল। আপনি ভৃত্ত মানেন না ক?

চাক ডাক্তার বললেন—মানি নান? এই গোবতানে—ও দিকে একটা মাছুষে বাচ্চা মল অপঘাতে, এদিকে মাংসের গন্ধে ঘবে তেলা পড়ল, খোনা-স্ববে কথা কইলে। ব্রাণ্ডিবে আনেক কেটে গেল। দিন, এখন আমাদেব আব এক আউস ব্রাণ্ডি দিন। সব মাটি। এক আউসেব বেশী না। বস, বাস

প্রথোত্ত হাসিটি বাড়িয়ে দিয়ে বললে—সে যা হোক, ভৃত্ত থাক বা না থাক, মাপামারি নাই। এদিকের কথা বনুন। ওই হলে আমাদেব এদিকের সব ঠিক তো।

—হ্যাঁ। ঠিক বই কি। না কিহে সব?

—তা হলে কাগজখানা দেখুন, সই কবে দিন।

—আপনি পড়ুন ডাক্তার। ইউ সি ব্রাণ্ডি খেবে চালশেব চশমা চেখে পলে বড় বেশী উঁচু-নীচু লাগে আমার হাংবে, ওই জন্তে বাদ্রে কল এলে আম বাই ন। নে-ভাব। বাদ্রে যোগী মবলে চাক ডাক্তার ইজ নট বেসপন নবা। পড়ুন—আপনি পড়ুন।

প্রথোত্ত বলে গেল। কেম্পানি নাম হবে ননগ্রাম কো অপরতিভ মেডিকাল স্টোর আও ক্লিনিক্যাল ল্যাবোরেটরি।

চাক ডাক্তার বললেন শুভ

কাপিটাল পাঁচ হাজার টাকা। মেঘাব দশ টাকা হিসেবে। চাকদাবু একশে মেঘাব নিচ্ছেন! মঞ্জু বোস একশা। আমাব বন্ধু নির্মল সেন একশে। হবেনবাব পঞ্চাশ।

—না মিঃ বোস। আমাব পঁচিশ ককন।

আরোগ্য-নিকেতন—১৭

— কেন হে হরেন ? তোমার তো চলতি ভালো হে । জীবনমশায় তোমায় ডেকে ইনজেকশন দেওয়াচ্ছেন, ওদিকে রতনবাবুর ছেলে বিপিনবাবুর আটোণ্ডি ফিজিশিয়ান তুমি, এই দুটো কেসেই তো তোমার পঞ্চাশের দাম উঠে যাবে হে !

হরেনের মুখখানা লাল হয়ে উঠল । কুরনহারের ডাক্তার হরিহর পাল এতক্ষণে বললে—তা রামহরিকে জীবনমশায় আর হরেনবাবু বাঁচিয়েছেন খব । আমাকেই প্রথম ডেকেছিল পাগলা শশী । একেবারে সরাসরি কথা বলেছিল । উইল একখানা করে রেখেছে রামহরি—তাতে সাক্ষী হতে হবে তোমাকে । টিপসই আমরা দিয়ে নোব । তুমি সাক্ষী হয়ে যাও । হাঙ্গামা হুজুত কিছু হবেই না, ভয় কিছু নাই । যদি হয় বলবে—সজ্ঞানেই টিপসই করেছে রামহরি ; টনটনে জ্ঞান ছিল । পঞ্চাশ টাকা—শেষে বলে একশো টাকা । কিন্তু আমি বললাম—ওতে আমি নাই শশীবাবু । মাফ করবেন আমাকে । টাকায় আমার কাজ নাই । আমি যা দেখেছিলাম—তাতে তো প্রায় শেষ অবস্থা । ও কেসটা খব বাঁচিয়েছেন জীবনমশায় ।

চারুবাবু বললেন—ওইটেই জীবনমশায়ের ভেলকি । আমি ভেলকি বলি বাপু । বুঝেছ না । রোগটা ঠাণ্ড করতে পারে । ও পারে । নাডীজ্ঞানই বল আর বহুদশিতাই বল, যাই বল—লোকটা এগুলো প্রায় ঠিক ঠিক বলে দেয় । আর লোকটির গুণ হচ্ছে—ধার্মিক । কিন্তু এই একটা ব্যাপার—ওই এ রোগী বাঁচবে না—ওই নিদান—ওইটেতে যেন একটা কেমন বৌক আছে ।

প্রদ্যোত ডাক্তার বললেন—আমি কিন্তু কথার মধো একটু ইন্টেরাস্ট করছি । আমরা আসল কথা থেকে সরে যাচ্ছি । আমাদের কাজটা পাকা করে নিতে হবে ।

হরেন বললে—আমার তা হলে চল্লিশখানা শেয়ার লিখুন ।

চারুবাবু বললে—তোমার দশখানার দাম আমি এখন দিয়ে দেব হে । তুমি আমাকে মাসে মাসে দিয়ে । যাও যাও আপত্তি কোরো না বস খতম । ওয়ান টু থ্রি ।

টেবিলের উপর চড় মেরে হাসতে লাগলেন । তারপর আবার বললেন—এই তো সাড়ে তিন হাজার উঠে গেল । বাকি দেড় হাজার রইল—এরা দিক । এরা রয়েছে পাঁচজনে । ওরা দুশো করে—মানে কুড়িখানা করে দেবে । আর বাকি পাঁচশো আমি বলি ওপন ঙক - দু-চারজন কোয়াক আছে—তারা যদি—

প্রদ্যোত দৃঢ় কণ্ঠে বললেন—আমি কিন্তু এর বিরোধী ডাক্তারবাবু ।

টাকে হাত বুলিয়ে চারুবাবু বললেন আপনার এখন নতুন রক্ত প্রত্যোত্তবাবু । অনেক কোয়াক ভালো চিকিৎসা করে, তাদের ভালো প্র্যাকটিস, তাদের টাইলুন । এই ধরুন জীবনমশায় ।

বাধা দিলেন প্রত্যোত্তবাবু। বললেন—এ নিয়ে তর্ক আমি করব না। কিন্তু এ ইনস্টিটিউশন খাঁটি পাশকরা ডাক্তারদের। এখানে খাঁটি সায়ান্স ছাড়া ভেঙ্কিকে আমরা প্রশ্রয় দেবাব কোনো দরজা খোলা রাখব না। ডাক্তারবাবু, আপনি অস্বীকার করবেন না যে এখানে এখনও দেব ওষুধ অনেক চলে। কবচ মাতুলি চলে। এই তো আপনাদের এখানকার ধর্মঠাকুরের বাতের তেল ওষুধের খুব খ্যাতি। কলকাতা থেকে লোক আসে। কিন্তু আপনি ডাক্তার হয়ে প্রেসক্রিপশনে অবগুই লিখবেন না—ধর্মঠাকুরের তেল এক আউন্স। এবং সে তেলও আপনি এই ডাক্তারখানায় রাখতে বলবেন না। কবচ মাতুলিও আমাদের মেডিক্যাল স্টোর থেকে অবশুই বিক্রি হবে না।

—আপনি আমাকে দমিয়ে দিলেন ডাক্তারবাবু। চারু ডাক্তার ঘাড় নাড়তে লাগলেন।—যুক্তি আপনার কাটবার উপায় নেই। উকিল হলে আপনি ভালো উকিলও হতে পারতেন। কিন্তু—

—বলুন কিন্তু কী? খুব গভীর মুখেই প্রত্যোত্ত প্রশ্ন করলেন। এবং টেবিলের উপর হাত বেখে চারুবাবুব দিকে একটু ঝুঁকেও পড়লেন আগ্রহ প্রকাশ করে।

হেসে ফেললেন চারুবাবু, বললেন—কিন্তু এটা এমন কিছু নয়, মানে ভাবছিলাম আপনাদের স্বামী-স্ত্রীর মধ্যে বগড়া অবশুই হয়, তাতে জেতে কে?

সমস্ত মজলিশটাই হো-হো করে হেসে উঠল। মিসেস বোস হেসে উঠল সর্বাগ্রে।

হাসি একটু কমে আসতেই চারুবাবু বললেন—তবে ওই পঞ্চাশটা শেয়ার পাবলিকের জন্তে খোলা থাক। কেউ একটার বেশী শেয়ার পাবে না। যারা কিনবে তার। ওষুধ পাবে একটা কনসেশন রেটে।

—তাতে আমি রাজী। এবং ওটাকে বাড়িয়ে পঞ্চাশের জায়গায় একশোর পক্ষপাতী আমি।

—বাস-বাস। দিন সই করে দি। নাও, সব সই করো।

সই করে চারু ডাক্তার কাগজখানা প্রত্যোত্ত ডাক্তারকে এগিয়ে দিয়ে বললেন—খাবার দেরি কত মিসেস বোস? অন্নপূর্ণার দরবারে শিব ভিথারী—তাকে চুপ করেই হাত পেতে থাকতে হয়। কিন্তু শিবের চ্যালারা হল ভূত। তারা খিদে লাগলে মানবে কেন?

—হয়ে গেছে। জায়গা করতে বলে এসেছি। হয়ে যেত এতক্ষণ। ঠাকুরটা যে ভয় পেয়ে মাটি করলে! চাকরটা তাকে আগলাচ্ছে। রান্নাঘর থেকে সব এ ঘরে।

—ওই দেখুন। ভূতের টেচামেচি শুরু হয়ে গেছে।

—দেখছি আমি।

—দাঁড়ান।

—কী ?

—আমি বলি কি, মাংসটা—ওটা না খাওয়াই ভালো।

—মাংস বাদ দেব ? আপনি কি পাগল হলেন ডাক্তারবাবু ?

—উঁহু। মুসলমানের কবরখানা—তার উপর মুর্গির মাংস। উঁহু! মানে ভূত মানি চাই নাই মানি। আমরা ডাক্তার—ভূত মানা আমাদের উচিত নয়—মানবই বা কেন ? তবে যখন একটা খুঁত হয়ে গেল, মানে বু-বু কববার সময় ঠাকুরটার খুঁতু-ইতু পড়ল কিনা কে জানে ? কিংবা আরও কিছু হল কিনা কে বলতে পারে—তখন কাজ কী ? মানে আমি, মানে আমার ঠিক রুচি হচ্ছে না।

খাওয়ার সময় দেখা গেল মাংসে রুচি সমাগত স্থানীয় ডাক্তারদের কারুরই প্রাণ হল না।

প্রত্যন্ত ডাক্তার রোগে আশ্রয় হয়ে উঠলেন ঠাকুরটার উপর। এ শুর বদমাইশি। আপনারা এটা বুঝতে পারছেন না ? একেবারে স্পষ্ট হয়ে গেছে এইবার। এই বকম একটা ব্যাপার করলে আপনারা কেউ মাংস খাবেন না। লোকাল লোক—এখানকার বিশ্বাস অবিশ্বাস জানে। ঠিক হিট করেছে। এইবার ব্যাটারা গোগ্রাসে গিলবে !

চাকরবাবু বললেন—তাই থাক। ব্যাটারা খেয়েই মরুক। বুঝে না হেভি ডোজে ক্যাস্টার অয়েল টুকবে। তবে বুঝে না, আমাদের রুচি মানে বললাম তো। থাক না। যা আসল কাজ তা তো হয়ে গেল—নবগ্রাম কো-অপারেটিভ মেডিকেল স্টোর অ্যাণ্ড ক্লিনিক্যাল ল্যাবোরেটরি। এ একটা মস্ত কাজ আপনি করলেন। ক্লিনিক্যাল টেষ্ট ছাড়া এ যুগে এক পা এগুনে যায় না। উচিত না! আণ্ড—আপনি ওই কথাটা যা বললেন সেটা আমি মানি। ঠিক বলেছেন। কবচ মাজুলি দৈব ওষুধে ফল যদি হয়—আমরা প্রতিবাদ করব না, কিন্তু ওকে প্রশ্রয় দেব না।

তঁারা চলে গেলেন একে একে।

প্রত্যন্ত চাকর এবং ঠাকুরকে ডেকে বললেন—কালই দুজনে মাইনে মিটিয়ে নিয়ে চলে যাবে।

মঞ্জু বললে—এটা তোমার অন্তায় হল।

—না, হয় নি।

রোগী বৃদ্ধ না হলেও, পরমার্থ-সন্ধানী না হলেও বলতে হবে। কমী সম্পদশালী রোগী—যিনি সংসারে, সমাজে বহু কর্মের সঙ্গে সংশ্লিষ্ট, জড়িত, যাঁর উপর বহুজন নির্ভর করে, তাঁর ক্ষেত্রে অবশ্যই বলতে হবে তোমাকে। তাঁর আত্মীয়স্বজনকে বলবে, কারণ ওই মানুষটির মৃত্যুতে বহুকর্ম বহুজন ক্ষতিগ্রস্ত হবে। এক্ষেত্রে পূর্বাঙ্কে জানতে পেরে তার যতটুকু প্রতিকার সম্ভব—তা হতে পারবে।

আর-এক ক্ষেত্রে বলতে হবে। যে ক্ষেত্রে রোগী প্রযুক্তিকে রিপুতে পরিণত করে মৃত্যুকে আহ্বান করে নিয়ে আসছে—সেই ক্ষেত্রে তাকে সাবধান করবার জ্ঞান জানিয়ে দেবে; প্রযুক্তিকে সংযত করো বাপু!

প্রতিটি ক্ষেত্রেই সেই পরমানন্দ মাধবকে অহুভব করা প্রয়োজন। কিন্তু সে মাধবকে এ জীবনে তাঁর পাওয়া হল না। তিনি কী করে রতনকে বলবেন? না, সে তিনি পারবেন না। মমতার সংসারে আশ্বাসই আশ্রয়, আশাই অসহায় মানুষের একমাত্র সুখনিদ্রা; জ্ঞানের চৈতন্যের কোনো প্রয়োজন নাই।

কালই তিনি হরেনকে বলে আসবেন। এ তিনি পারবেন না! বতনবাবুকে সে যেন বলে দেয়—জীবনমশায়ের মতিভ্রংশ হয়েছে, তিনি আর কিছু বুঝতে পারেন না। বড় ভুল হয়ে যায়। গতকালের নাড়ীর অবস্থা পরদিন মনে থাকে না। অনেক বিবেচনা করেই তিনি বলেছেন—তিনি আর আসবেন না।

ভোরবেলাতেই বিছানা থেকে উঠলেন তিনি।

নাঃ, আর না। বিপিন আরোগ্যলাভ করুক। মতির মা স্কু হয়ে ফিরে আসুক। দাঁতু বেঁচে উঠুক। তাঁর সব উপলব্ধি, সব দর্শন, ভ্রাতৃ মিথ্যা হয়ে থাক।

নিচে নেমে প্রাতঃকৃত্য সেরে দাঁওয়ায় এসে বসলেন। সমস্তা এক জীবিকা। তা চলে যাবে।

উপার্জন অনেক করেছেন। জীবনে লক্ষ টাকার বেশী উপার্জন করেছেন—সব খরচ করে দিয়েছেন। ত্রিশ-চল্লিশ হাজার টাকার মতো ওষুধের দাম বাকি পড়ে শেষ পর্যন্ত আদায় হয় নি। মেয়েদের বিয়েতে দেনা করেছিলেন, যাদের বাড়িতে দেনা—তাদের বাড়ি চিকিৎসা করে ফীজ নেন নি। আশা করেছিলেন—সুদটা ওতেই কাটান যাবে। কিন্তু তা যায় নি। তাঁরা দেন নি। সুদে আসলে নালিশ, ডিগ্রী করে সম্পত্তি নীলাম করে নিয়েছেন। কোনো আক্ষেপ নাই তাতে। তবে ই্যা, যতটুকু জীবনে প্রয়োজন—ততটুকু থাকলে ভালো হত। রাখা উচিত ছিল। তা তিনি রাখতে পারেন নি। সংসারে হিসেবী বিষয়ী লোক তিনি হতে পারলেন না। লোকে বলে, জগদ্ধাম্মশায়ের ঘরে দুধেভাতে জন্ম, নিজে দুহাতে রোজগার করেছে। নাড়ি টিপে পয়সা। হিসেব শিখবেই বা কখন—

করবেই বা কেন? ভেবেছিল চিরকাল এমনই যাবে। দুহাতে বোজগার করে চার হাতে খরচ করেছে।

তাও খানিকটা সত্য বটে বই কি। কিন্তু ওইটাই সব নয়। না—তানয়।

আতর-বউ বলে—এ সংসারে মন কোনদিনই উঠল না মশায়েব। তেতো বিষ লাগল চিরদিন। আমি যে তেতো, আমি যে বিষ! হত সে অমৃত হত সব। তখন দেখতে - । সে অর্থাৎ মঞ্জরী! কথা শেষ করে, হাসেন আতর-বউ, সে যে কী হাসি—সে কেউ বুঝতে পারবে না; তাঁর সামনে ছাড়া তো ও হাসি অন্য কখনও সামনে আসে না।

এও খানিকটা সত্য। মশায়ও দীর্ঘনিশ্বাস ফেলে হাসেন, মনে মনে বলেন—সংসারকে তোমরা তেতো বলে দিয়েছ তাতে সন্দেহ নেই। তুমি বনবিহারী, মেখে, জামাই সকলে; সকলে মিলে। তবে তোমার বদলে মঞ্জরী হলেও সংসার অমৃতময় হত না। এবং তাতেও তাঁর সংসারে আসক্তি হত না। না। হত না।

তাঁর মনের একটা কোণ তোমরা কোনদিন দেখতে পাও নি। মনের সে কোণে তাঁর জীবনের ঋশান-সাধনার আয়োজন। সেখানে অমাবস্তার অন্ধকারে নিজে কে ঢেকে বেখেছেন আজীবন। অহরহ সেখানে মশায়াত্র। মৃত্যু, মৃত্যু আর মৃত্যু। এই নামই সেখানে জপ করে গেলেন আজীবন। মৃত্যু অমৃতময়ী হয়ে দেখা দেব, বলেছিলেন তাঁর বাবা। সেই রূপ দেখবার যার সাধনার সে বিষয়ের হিসেব, বস্তব যত্ন করবে কখন? নইলে যে রোজগারটা জীবনে তিনি করেছিলেন—তাতে কি তোমাকে পালকিতে চড়িয়ে নিজে সাদা ঘোড়ায চেপে কাঁদী ঘুরে আসতে পারতেন না। সাদা ঘোড়া তো হয়েছিল; গহনাও তোমার কম হয় নি; পালকি বেহারার খরচ আর কত? তুমি তো জান না, বেগীর মৃত্যু-শয্যার পাশ থেকে উঠে চলে আসবার সময় বেগীর আপনজনেরা যখন ডাকত—একটু দাঁড়ান মশায়, আপনার ফী। হাত পেতে নিয়ে ভাবতে ভাবতে আসতেন সেই বিচিত্রকপিণীকে; আজও আসেন। এই পরিণাম মহাপরিণাম। অনিবার্য অমোঘ। বারবার প্রশ্ন করেছেন—কি রূপ? কেমন? বর্ণে গন্ধে স্পর্শে স্বাদে সে কেমন? কেমন তার কণ্ঠস্বব? বাবার বলা কাহিনীর রূপও এ সময়ে মনকে পরিতুষ্ট করতে পারে না।

হঠাৎ ধুমকেতুর মতো শব্দী এসে উপস্থিত হল। এই আশ্বিন মাসেই—শব্দী তার ছেঁড়া ওভারকোট চড়িয়েছে। হাতে লুকো। এই সকালেই সোথ ছুটো লাল। নেশা করেছে, কিন্তু মদের গন্ধ পাওয়া যাচ্ছে না, গাঁজার গন্ধও না, বোব হয় কানা-

বিসিঙিকা খেয়েছে! বিনা ভূমিকায় বললে—রামহরে বেটা আজ উইল রেজেষ্ট্রী করতে আসছে। আপনাকে সাক্ষী করবে। রামহরের এই শেষ বউকে কিছু দেওয়াতে হবে আপনাকে। আর আমার ফীয়ের অনেক টাকা বাকি, তা বাকমারুকগে গোটা বিশেক টাকা আমাকে দেওয়াবেন।

শশী বলল চেপে।

শশীকে কী বলবেন তাই ভাব ছিলেন তিনি। হঠাৎ বাইসিক্লের ঘণ্টার শব্দে আরুষ্ঠ হয়ে মুখ ফেরালেন তিনি। বাইসিক্ল আজকাল অতি সাধারণ যান, আশপাশে গ্রামের চাষীর ছেলেরাও আজকাল বাইসিক্ল কিনেছে। তবুও ওর ঘণ্টার একটা আকর্ষণ আছে। এ গ্রামে বহুই প্রথম বাইসিক্ল কিনেছিল।

বাইসিক্ল দুখানা। প্রথোত ডাক্তার আর তার বন্ধু দুজনে চলেছে! এ দিকে এত সকালে কোথায় যাবে?

প্রথোত ডাক্তার নেমে পড়ল সাইক্ল থেকে। বন্ধুটি একটু এগিয়ে গিয়ে নামল! প্রথোতবাবু হঠাৎ নেমেছে বোধ হয়।

—নমস্কার!

প্রত্যাশা করেন নি মশায়। একটু যেন চমকে উঠেই প্রতিনমস্কার করলেন—
নমস্কার!

অহীন সরকারের বাড়িটা কোথায় বসুন তে। বলে এল—আপনার বাড়ির কাছাকাছি।

—অহীনের বাড়ি? এই তো,—এই গলিটা পরে বেতে হবে। ওদের বাড়ি যাবেন?

—হ্যাঁ। একটু হাসলেন প্রথোত ডাক্তার।—অহীনের জামাই আমার ক্লাশফ্রেণ্ড। এক সঙ্গে আই. এমসি পড়েছিলাম। তার ছেলের ছদ্মধর্ম। অহীনের জামাইয়ের ছেলে? দৌহিত্র? অতসীর ছেলে তা হলে? মতির মাকে যেদিন দেখে গঙ্গাতীরে যাবার কথা বলেছিলেন সেদিন ফিরবার পথে মদনের ছেলে বননের সঙ্গে জল বেঁটে খেলা করছিল একটা ছোট ছেলে—চোখ জুড়ানো—শোনা ছললার মতো ফুটফুটে ছেলেটি,—সেই ছেলেটি? তার অস্থখ? তিনি এই বাড়ির দ্বারে বয়েছেন—তাকে ডাকে নি, দেখায় নি? কী অস্থখ?

ততক্ষণে গলির মধ্যে ঢুকে গেছে প্রথোত এবং তার বন্ধু।

—আজকাল লোকের খুব পয়সা হয়েছে, বুঝলেন মশায়! মেলা পয়সা। আপনাকে আমাকে দেখাবে কেন? অথচ অহি সরকারের বাবার কস্তাবাবার আমল থেকে আপনারা চিরকাল বিনা পয়সায় দেখে এসেছেন।

মশায় অকস্মাৎ দাওয়া থেকে পথের উপর নেমে পড়লেন। ধরলেন ওই গলিপথ। অহি সরকারের বাড়ির দিকে।

শশী অবাক হয়ে গেল। কয়েক মুহূর্ত চুপ করে থেকে সে বলে উঠল—এবই নাম মতিচ্ছন্ন। দেবে, প্রছোত ডাক্তার ঘাড ধবে লেব কবে দেবে।

বচব চাবোকেব শিশু। 'বে আচ্ছন্নব মতো পড়ে আছে। এদিকেব কমল থেকে এদিকের কর্ণমূল পথগ গোটা 'চিবুকট' ফুলেছে, সিঁতারেব মতো টকটকে লাল।

প্রছোত ডাক্তার দেখেছে। বন্ধুটিও দেখেছে। মা বসে আছে শিয়বে অহি এব' একটি প্রিয়দর্শন যুবা দাঁড়িয়ে আছে পাশে। মশায় গিয়ে ঘবে ঢুকলেন। নিববে পিছনে দাঁড়িয়ে বইলেন। একটা বিষম যক্ষণা চলছে বোগীর দেহে, বোগীর অন্তর্ভবশক্তি ক্ষীণ হয়ে আসছে। যেতনা বোধ কবি লিপ্ত মূখে।

ইন্দুদৃষ্টিঃ তাকিয়ে বইলেন মশায়। কোনো ছায়া পড়েচ কী? ব্যস্তে পাবছেন ন'। দৃষ্টিশক্তি তাঁবও ক্ষীণ হয়ে এসেছে।

প্রছোত দেখা শেষ কবে উঠে দাঁড়াল। মথ গভীর চিন্তামিত। তাব চোখ পড়ল মশায়ের উপর।

—হাপনি।

—আমি একবার দেখব। তিন এগিয়ে এলেন বোগীর দিকে। বিছানায় বসে পড়লেন।

পুষ্পত হল অহি সবকার। ততসীও হল। শশী মিথ্যা বলে নাই আজ তিন পুরুষ ধবে মশায়দেব প্রীতিব জগা সবকারদেব চিকিৎসা খবচ ছিল না। আজ তাঁকে উপেক্ষা কবে—।

অহি বললে দেখন না, কোথা থেকে কী হ'ব। কাল সকালে জামাই এল। ছেলেটা কোলে নিলে, বলল—ছোট একটা ফসকুডি হয়েছে, একট চুন লাগিয়ে দাও। সন্ধ্যাবেলা কাঁদতে লাগল—বড় বাথা কবছে। ফসকুডিটা—মুদো খোঁজাব মতো মুখ-টুক নাই—একট বেড়েছে দেখলাম। তাবপর সাবায়ত ছটফট কবছে, সব এসেছে। সকালবেলায় দেখি মুখ ফুলেছে আব ডব হাঁশ চেতন নাই। আমি আপনাকেই ডাকতে যাচ্ছিলাম, তা জামাই বললে—এ তো খোঁজাটোজাব জব, হুতো কাটতে হবে, কি আর কিছু করতে হবে। এতে ওঁকে ডেকে কী কববেন? তা কথাটা মিথ্যেও বলে নি। তাব উপব হাসপাতালেব ডাক্তারবাবু জামাইয়ের ক্লাশফ্রেণ্ড। তা আমি বললাম—তোমার ধন—তুমি যাকে খশি দেখাও বাপু। আমার কি দায় এতে কথা বলতে।

মশায় ছেলেটিকে দেখে উঠে দাঁড়ালেন। প্রাঙ্গণে ডাক্তার ততক্ষণে বেরিয়ে চলে গিয়েছে। বাইসিকলে চড়েই চলে গিয়েছে ওষুধ আনতে। ইনজেকশন দেবে। পেনিসিলিন ইনজেকশন।

ছেলেটির মা অতসী ব্যগ্রভাবে বলে উঠল—কেমন দেখলে মশায়দাছ? আমার ছেলে কেমন আছে? কী হয়েছে?

হেসে মশায় বললেন—গালগলা ফুলে ভর হয়েছে ভাই! ভয় কী? ডাক্তারবাবুবা রয়েছেন—আজকাল ভালো ভালো ইনজেকশন উঠেছে। ভালো হয়ে যাবে।

চলে এলেন তিনি, যেমন ভাবে এসেছিলেন ঠিক তেমনি ভাবেই বের হয়ে এলেন। অহি সরকার পিছনে পিছনে এসে রাস্তায় নেমে ডাকলে—কাঁকা!

—অহি?

—কী দেখলেন?

—নাড়ী দেখে আর কতটা বুঝব বলা? তবে জ্বরটা বাড়বে।

—এখনই তো—

সে বলবার আগেই মশায় বললেন—দুই হবে—একটু ওপবেই। কম নয়।

—হ্যাঁ দুই পয়েন্ট দুই। আবও বাড়বে?

—বাড়বে বলেই মনে হচ্ছে, বাবা।

—গাল গলা ফোলা? এমন লাল হয়ে উঠেছে! সামান্য ফোড়া!

ওরা তো রক্ত পরীক্ষা করছেন! দেখো। নাড়ী দেখে বলে যে বেকুব হতে হবে বাবা!

চলে এলেন তিনি, আর দাঁড়ালেন না। বাড়ির দোরের তখন দুখানি গাডি দাঁড়িয়ে আছে। একখানা পরান খাঁয়ের, অল্পখানা রামহরি লেটের। রামহরি উইলে সান্ধী করাতে এসেছে।

শশী পালিয়েছে রামহরিকে দেখে।

*

*

*

পরানের স্ত্রী অর্ঘবতী! পরান খুশী হয়েছে। একটু লজ্জিতও যেন, সেইটুকু ভালো লাগল মশায়ের। মনটা ভালো থাকলে হয়তো একটু রসিকতাও করতেন। অন্তত মসজিদে-দরগায়-দেবস্থানে মানত মানতে বলতেন; বলতেন—তা হলে একদিন খাওয়া-দাওয়ার ব্যবস্থা করো পরান। এবার সন্তান হয়ে বাঁচবে। বুঝেছ? আর বিবিও সব অস্থখ সেরে যাবে। কিন্তু মনটা বিমর্ষ হয়ে আছে। চৈতন্য এবং অচৈতন্যের মাঝখানে—বিহ্বল অবস্থার মধ্যে উপনীত অতসীর ওই ছেলেটির কথাই তাঁর মনকে বিমগ্ন করে রেখেছে! এখানে রিপু নাই। প্রযুক্তির অপরাধ নাই

—প্রতিষ্ঠা, সম্পদ, লালসা, লোভ কোনোটোর বিশেষ আকর্ষণে বাচবার ব্যামনা উদগ্র নয়। নবীন জীবন বাড়বার, পূর্ণ হবার জ্ঞান বাচতে চায় প্রকৃতির প্রেরণায়। কী প্রাণপণ কঠোর যুদ্ধ! নিজের দাবিতে সে যুদ্ধ করেছে। প্রচণ্ড দাবি। প্রচণ্ডতম। নিষ্ঠুর ব্যাধিটা দেখা দিয়েছে কাল-বৈশাখী ঝড়ের মতো। একবিন্দু কালো মেঘে যার আবির্ভাব—সে কিছুকালের মধ্যেই ফুলে ফেঁপে ছেয়ে ফেলবে, ফেলতে শুরু করেছে। তাওল এখনও শুরু হয় নি। তবে খব দেরি নাই। দেরি নাই। নাটী ধরে তিনি বাতাসের সোঁ সোঁ ডাকের মতো ডাক খেন অনুভব করেছেন। দূরের প্রচণ্ড শব্দের ধনি যেমন মাটিতে অনুভব করা যায়, ঘরের দরজা-জানালায় হাত দিয়ে স্পর্শে অনুভব করা যায়। তেমনিভাবেই অনুভব করেছেন। এ ছাড়া আর উপমা নাই। বিষজ্জরতোর মতো একটা জ্জরতা সর্বাত্মে ছড়িয়ে পড়ছে। গতি তার উত্তরোত্তর বাড়বে—ঝড়ের সঙ্গে মেঘের মতো ভরের সঙ্গে বিষ-জ্জরতাও বাড়বে।

গাড়ি এসে থামল আরোগ্য-নিকেতনের সামনে। কে বসে আছে? শশী? আর ওটা? বিনয়? নবগ্রামের বি-কে স্টোসের মালিক! কাল ও আসবে বলেছিল বটে।

শশী তাঁকে দেখবামাত্র উচ্ছ্বসিত হবে উঠল।—আজ আমি ছাড়ব না পায়ের ধূলো নোব। জয় গুরুদেব। অখণ্ডমণ্ডলাকারং ব্যাপ্ত খেন চরচিতং—তৎপদং দর্শিতং যেন তস্মৈ শ্রীগুরবে নমঃ।

রামহরির উইলে মশায় রামহরিকে তার শেষ স্ত্রীকে পাঁচ বিঘে জমি দিতে রাজী করিয়েছেন। রামহরি শশীকেও পনেরোটা টাকা পাঠিয়ে দিয়েছে। মশায় তাকে বাচিয়েছেন—তিনি তার পূর্বজন্মের বাপ—তঁার আজ্ঞা সে কি লজ্জন করতে পারে? রামহরির বিচিত্র। ওরা সারা জীবনটাই পাপ করে যায়, কোনো নীতি-ধর্মই মানে না। কিন্তু ছুটি একটি নীতি যা মানে তা কোনো কালে লজ্জন করে না!

—তারপর? বিনয়কুমার, তোমার সংবাদ? বিনয় চুপ করেই বসে আছে। মুখর মানুষ সে। জীবনের সাফল্যের উল্লাসে অহরহই যেন ভেসে বেড়ায়, দুঃস্থ হাওয়ার মতো। দুঃস্থ কিন্তু উত্তপ্ত হাওয়া নয় বিনয়; সার্থক ব্যবসাদার মানুষ, বর্ধার জলভরা মেঘের স্পর্শে সজল এবং শীতল। বিনয় মিষ্টভাষী মানুষ।

বিনয় বললে—আমার মশায়, অনেক কথা। সংসারে মানুষ দুঃরকম, এক কমবক্তা আর এক উদ্বক্তা। আমি একেই উদ্বক্তা, তার উপর অনেক কথা। শশী ভাক্তারের হোক তারপর বলছি আমি!

—কথা অনেক থাকলে কাল আসিস বিনয়। আজ আমার মনটা ভালো নয়।

—কী হল ?

—বোস । আসছি আমি !

বেরিয়ে এলেন মশায় । অতসীর ছেলেটি কেমন আছে ? ছেলেটির সেই ফুটফুটে মুখখানি চোখের উপর ভাসছে । তার আজকের রোগক্লিষ্ট অর্ধচেতনাহীন বিহ্বল দৃষ্টি মনে পড়ছে । তার চিবুক থেকে কর্ণমূল পর্যন্ত রক্তরাঙা স্ফীতিটা—কালবৈশাখীর মেঘ কতটা ছড়াল ? ঝড় কতটা বাডল ?

বেরিয়ে এসেও থমকে দাঁড়ালেন । যাবেন তিনি ? উচিত হবে ?

কে বেরিয়ে আসছে ? প্রত্যোত ডাক্তারের সেই বন্ধুটি নয় ? হ্যাঁ সেই তো !

মশায়ই আজ নমস্কার করলেন—নমস্কার ! আবাব ওখানে গিয়েছিলেন কি ?

—নমস্কার ! হ্যাঁ, ছেলেটির রক্ত নিলাম, পরীক্ষা করে দেখব ।

কিন্তু সে তো সদরে নিয়ে গিয়ে পরীক্ষা করবেন । ফল অত কাল না হলে এখানে জানতে পারবেন না ।

—হ্যাঁ । কিন্তু তা ছাড়া তো উপায় নাই । তবে পেনিসিলিন দেওয়া হয়েছে । মনে হচ্ছে—স্ট্রেপ্টোককাস ইনফেকশন হয়েছে । হবেও তাই । দেখি ।

—স্ট্রেপ্টোককাস ইনফেকশন ?

হ্যাঁ । আগনারা যাকে বলেন সান্নিপাতিক । গলার ভিতরে ঘা দাঁড়াবে ছোট ছোট মটরের মতো ।

—খানিকটা ডাক্তারি পড়েছিলাম—বাড়িতে । স্ট্রেপ্টোককাস শুনেছি । গলায় ঘা দেখেছি । অবিশি সাধারণ লোকে ওকে সান্নিপাতিক বলে । আসলে সান্নিপাতিক ভিন্ন ব্যাপার । সে খব কঠিন । কিন্তু

—কিন্তু কী ? আপনার মতে কী ?

—হঁর এখন কত দেখে এলেন ?

—একশো তিন । কিছু কম । পেনিসিলিন পড়েছে, পেনিসিলিনের জগ্গেও জর একটু লাডবে ।

—না । এ জর ওর রোজই বাড়ছে ডাক্তারবাবু, আমি পাশকরা ডাক্তার নই । তবে চিকিৎসা অনেক করেছে । এর মেয়াদ চব্বিশ ঘণ্টা । একটা প্রচণ্ড বিষ ঢুকেছে রক্তে । ফুলো কতটা বেড়েছে ?

অরুণেন্দ্র ডাক্তার অভিভূত হয়ে গিয়েছিল এই বৃদ্ধের কথার আন্তরিকতায়, জ্ঞানের, অন্তর্ভূতির আভাসও সে অন্তর্ভব করছিল । মনে মনে চিন্তা করতে করতেই অরুণেন্দ্র উত্তর দিলে—অনেকটা বেড়েছে । বাড়ছে । আমাদের ধারণা

স্ট্রিপ্টোককাস ইনফেকশন হয়েছে খুব বেশী। বিকেল পন্থ গলায় ঘা দেখা দেবে। আপনি বলছেন —

—আমি বলছি—আমার আমলের চিকিৎসায় এ রোগের আক্রমণ যা প্রবল তাতে সারবার নয় ডাক্তারবাবু। আমি পারি না। আপনারা ভাগ্যবান—এ আমলে অদ্ভুত ওষুধের সাহায্য পেয়েছেন। যা করবার সময়ে করুন। ঝড়ের মতন আসছে রোগের বৃদ্ধি। টেকাতে পারলেন তো থাকল, নইলে—। আমার এই কথাটা বিশ্বাস করুন।

—আমি বিশ্বাস করি মশায়। আমি বিশ্বাস করি। প্রদ্যোত অবশ্য একটু উগ্র। ছেলেও ভালো ছিল আমার চেয়ে। আমি ওকে গিয়ে বলছি।

সাইকেল চেপে সে চলে গেল।

—কী হল গুরুদেব? আবার কী হল প্রদ্যোতের সঙ্গে?

মশায়ের ঘন পাকা ভুরু দুটি কুঞ্চিত হয়ে উঠল।—শশী? এখনও রয়েছিস? আজ বাড়ি যা। আজ বাড়ি যা।

—বাড়ি যাব; এই বিনয়ের সঙ্গে যাব।

—বিনয় যাবে পরে। তুই যা। তোর কাজ তো হয়ে গিয়েছে।

বিনয় হেসে বললে—শশী ডাক্তার যাবে কী? সঙ্গে নইলে যেতে পারবে না। এক পথ হাঁটলেই ওর মা পাশে পাশে ফিরবে।

—কে?

ওর মা গো! মরেও বেচারী ছেলের মায়া তুলতে পারছে না। শশী কোথায় নালায় পড়বে, কোথায় কোন গাছতলায় শুয়ে ঘুমিয়ে পড়বে—তাই সঙ্গে সঙ্গে ফেরে। জিজ্ঞেস করুন না শশীকে।

শশী নাকি বলে—তাব মরা-মা তার আশেপাশে ঘুরে বেড়ায়। তাকে পাহারা দেখ। লোক থাকলে অবশ্য থাকে না। কিন্তু শশী একলা পথ চলে তখনই বুঝতে পারে যে তার মাও সঙ্গে সঙ্গে চলেছে। সে নাকি তার কথাও শুনতে পায়! পথ ভুল হলে, কি থানা-খন্দ থাকলে তাকে সাবধান করে দেয়—দেখিস পড়ে যাবি।

বিনয় হাসলে। জীবনমশায় কিন্তু হাসলেন না।

শশীর মাকে ওরা জানে না। তিনি জানেন। এমন মা আর হয় না। সন্তানকে স্নেহ করে না কোন মা? কিন্তু শশীর মায়ের মতো এমন স্নেহ তিনি দেখেন নি।

শশীকে শুধু শশী বলে আশ মিটত না, বলতেন—শশীচাঁদ! আমার পাগল গো! একটু-আধটু মদ খায়, নেশা করে—তা ধরে ফেলেছে—করবে কী বলো?

যৌবনে শশী দুদান্ত মাতাল হয়ে উঠেছিল! দেশে ম্যালেরিয়া লাগল। শশী চারিটেবল ডিসপেনসারির কম্পাউণ্ডার। চার আনা আট আনা ফী। কুইনিন আর ম্যাগসালফ ওষুধ—ওই ডিসপেনসারি থেকেই নিয়ে থাকে। রোজগার অনেক। তখন শশী চিকিৎসাও খারাপ করত না। ডিসপেনসারির কাজ সেয়ে শশী প্রাইভেট প্র্যাকটিস করতে বের হত। সর্বপ্রথম খেয়ে নিত আউন্স দুয়েক মদ। তার আগে ডিসপেনসারিতেও আউন্স দুয়েক হত। খেয়ে বোতলে জল মিশিয়ে রেখে দিত। জিনিসটা না থাকলে খানিকটা রেক্টিফায়েড স্পিরিটই জল মিশিয়ে খেত। রোগী দেখা শেষ করে শশী ফিরবার পথে ঢুকত সাহাদের দোকানে। তারপর শুয়ে পড়ত, হয় সেখানেই, নয় তো পথের ধারে কোনখানে কোনো গাছতলায়। শশীর মা দাডিয়ে থাকতেন বাড়ির গলির মুখে পথের ধারে। ক্রমে এক-পা এক-পা করে এগিয়ে, শেষে এসে উঠতেন সাহাদের দোকানে। শশীর প্রতি স্নেহের কাছে লজ্জা তাঁর হার মানত। এসে ডাকতেন।

—সাহা!

—কে? মাঠাকরন! এই, এই আছেন—শশীবাবু আছেন।

—একটু ডেকে চেতন করিয়ে দাও বাবা।

মাযের ডাকে শশী টলতে টলতে উঠে আসত। মা নিয়ে আসতেন তার জামা লুকে-কুকে স্টেথোসকোপ। শশী বলত—ওগুলো নে।

বৈশাখের রা-রা করা দুপুরে গামছা মাথায দিয়ে শশীর মাযের ছেলের সন্ধানে বের হওয়ার একটি স্মৃতি তাঁর মানে আছে। জীবনমশায় কল থেকে ফিরছেন গোফর গাড়িতে। পৃথিবী যেন পুড়ে যাচ্ছে! রাস্তায় জনমানব নাই, জন্তুজানোয়ার নাই, কাকপক্ষীর সাড়া নাই, অস্তিত্ব নাই, এরই মধ্যে শশীর গৌরবর্ণা মোটাসোটা মা আসছিলেন, মধ্যে মধ্যে দাড়াচ্ছিলেন, এদিক-ওদিক দেখছিলেন। সাহাদের দোকানে সেদিন ছেলের সন্ধান পান নি! সাহা বলেছে, শশীবাবু আজ বাইরে কোথা খেয়ে এসেছেন; দোকানে ঢোকেন নি। গিয়েছেন এই পথ ধরে।' মা খুঁজে বেড়াচ্ছিলেন: তাহলে নিশ্চয় রাস্তায় কোথাও পড়ে আছে।

পড়েই ছিল শশী, পথের ধারে একটা বট গাছতলার ছায়ায় শুয়ে বমি করে জামায় কাপড়ে মুখে মেখে পড়ে আছে পাশে বসে একটা কুকুর পরম পরিতোষের সঙ্গে তার মূখ লেহন করে উদগীরিত মাদক-মেশানো খাদ্য খেয়ে যোজ্ঞ করছে। মা তাকে ডেকে তুলতে চেষ্টা করে তুলতে পারেন নি। জীবনমশায় তাঁর গাড়োয়ানকে দিয়ে শশীকে তুলে পাঠিয়ে দিয়েছিলেন!

মত্ত শশী উঠে, জীবন মশায়কে দেখে বলেছিল—কথাটা আজও মনে আছে

জীবনমশায়ের ; বলেছিল—মশায়বাবু গুরুদেব, চলে যান আপনি ! যা ছুঁয়েছে—
আমি ঠিক হয়ে গিয়েছি ; আমার মায়ের একবিন্দু চোখের জল পৃথিবী ডুবিয়ে দিতে পায়ে
মহাশয় ! ইয়েস, পারে ! আলেকজাণ্ডার দি গ্রেটের কথা শ্রু ! অ্যান্টিপোডাস ডাক্তার নট
নো—অ্যান্টিপোডাস জানে না—গামাব মায়েব একবিন্দু চোখের জল—

জীবনমশায় ধমক দিয়ে বলেছিলেন যা-খা বাড়ি যা !

—যাব, নিশ্চয় যাব ! নিজেই যাব ! কারুব ধমক খাই না আমি ।

খানিকটা দূরে গিয়ে দাঁড়িয়ে পড়ে আবার বলেছিল—হু ইজ টু অ্যান্টিসিয়েট মাই
মেরিটস ? মাই মাদার ! মাই মাদার ।

মা লজ্জিত হয়ে শুধু একটি কথাই বারবার বলেছিলেন—বাড়ি চল শশী । বাড়ি চল !
বাড়ি চল !

সেই মা যদি মরণেও শশীর মতো ছেলের চিন্তা ছাডতে না পেরে থাকেন তাতে—
আর পরলোক মিশাই যদি হয়, তবে শশী, শশী তাব মাকে ভুলতে না পেরে অস্বস্ত মস্তিষ্কে
যদি এমনি কল্পনা রচনা করে থাকে অস্বস্ত দৃষ্টিতে যদি মাঝাকে কায়া ধরতে দেখে থাকে
তবে অশ্চয কি ?

কত রাত্রে তিনি আভর বউকে দেখেন—বনবিহারীর ঘবে গিয়ে উঁকি মারছেন । তিনি
নিজে ? কখনো কখনো চেয়েছেন বই কি ।

এই অতসীর ছেলে যদি—

মশায় বললেন—কাল, কাল আসিস বিনয় । কাল । কাল । ছত্রিশ ঘণ্টার
আঠারো ঘণ্টা গিয়েছে । আরও আঠারো ঘণ্টা । ঠিক মধ্যস্থলে ।

কে আসছে ? অহি ?

জর বাড়ছে কাকা । ডাক্তারের কাছে যাচ্ছি । ফুলো বাড়ছে । মুখখানা এমন
ফুলেছে—অহির কণ্ঠ রুদ্ধ হয়ে গেল । আপনি একবার—

—না । তুমি ডাক্তারের কাছে যাও ! যদি পারে তো ওরাই পারবে বাঁচাতে ।

আমি স্থানি না । আমাদের আমলে এ ছিল না ।

আঠাশ

বাঁচালে ! তাই বাঁচালে প্রত্যোত ডাক্তার ধীরে । অথচ সাহসী, নিজের শাস্ত্রে
বিধানী নির্ভীক তরুণ চিকিৎসক ।

তখন বেলা ছুটো । মশায় খাওয়া-দাওয়া সেরে সবে উপরের ঘরে এসে গড়িয়েছেন,
অহীন সরকার ছুটে এল—মশায় কাকা ! কাকা !

—কে ? অহীন ? গলা শুনেই চিনেছিলাম মশায় । ঝড় তাহলে এসেছে । শায়িত অবস্থাতেই একটা দীর্ঘনিশ্বাস ফেললেন তিনি । পারলেন না কিছু করতে প্রাণোত্ত ? নতুন ওয়ুধ যার এত নাম—কিছু হল না তাতে ?

—একবার আস্থন কাঁকা ?

—কী হল ?

—বুঝতে পারছি না । প্রবল জ্বর । ফোলা এমন বেড়েছে যে দেখে ভয় লাগছে । ছেলের সাড়া নাই । বেঘোর । আপনি একবার আস্থন !

উনি গিয়ে কী করবেন বাবা ? পাণকরা ডাক্তারও নয় আজকালকাব চিকিৎসাও জানেন না ! হাতুড়ে । তার ওপর উনি গেলে তোমাদের নতুন ডাক্তার যদি বলে—হাত ধরব না, দেখব না ? মধুর অথচ তীক্ষ্ণ কণ্ঠে কথাগুলি বলতে বলতেই বেরিয়ে এলেন আতর-বউ । তার ওপর তোমার জামাই হালফ্যাশানে লেখাপড়া-জানা ছেলে !

—চুপ করো আতর বউ । ছি ? চলো—আমি যাই অহীন ।

—চুপ করব ? ছি ? আতর-বউ বিস্মিত হয়ে রইলেন স্বামীর মুখের দিকে ;

ই্যা, চুপ করবে বই কি !

বলতে বলতেই বেরিয়ে গেলেন মশায় । আতর-বউয়ের কথার দিকে কান দিলে চলবে না এখন ।

সুন্দর উৎকর্ষায় ঘরখানা যেন নিশীথ রাত্রির মতো গাঢ় হয়ে উঠেছে । ব্যাধির প্রবল আক্রমণে শিশু চৈতন্যহীন—স্তিমিত দৃষ্টি নিখর হয়ে পড়ে আছে । শুধু জ্বরজ্বরের ঘন শ্বাসপ্রশ্বাসের সঙ্গে ছেলেটির বুক পেট উঠছে আর নামছে ; যেন হাঁফাচ্ছে । মধ্যে মধ্যে অক্ষুট কাতর শব্দ নিশ্বাসের সঙ্গে বেরিয়ে আসছে । মুখের ফোলার অবস্থা দেখে চমকে উঠলেন মশায় । এদিকে বৃকের উপর পর্যন্ত চলে এসেছে, ওদিকে দুই কর্ণমূল পার হয়ে পিছনের দিকে ঘাড় লক্ষ্য করে এগিয়ে চলেছে । চামড়ার নিচেটা যেন রক্তাক্ত হয়ে গিয়েছে ।

ঘরের লোকগুলির মুখে ভাষা নাই, উৎকর্ষায় ভয়ে ভাষা স্তব্ধ হয়ে গিয়েছে, নিম্পলক আতঙ্কিত দৃষ্টিতে চেয়ে রয়েছে । নিশীথ আকাশের তারার মতো জেগে রয়েছে । অসহায় গ্রহ-উপগ্রহ সব অসহায় ; তারা তাকিয়ে দেখেছে একটি নবজাত .গ্রহ বিচিত্র কারণে নিভে যাচ্ছে ।

মশায় এসে দাঁড়ালেন বিছানার পাশে । সন্তর্পণে বসে হাতখানি তুলে নিলেন । অহীন বললে—চার । আপনাকে ডাকতে যাবার আগে দেখেছি । প্রাণোত্ত

ডাক্তারের বন্ধু অরুণবাবু যখন রক্ত নিয়ে গেলেন তখন ছিল তিন, তিনের কিছু কম ছিল। তারপর দেড়টার সময় বেহাশ—ডাকে লাড়া দেয় না দেখে জ্বর লেখা হল—একশো তিন পয়েন্ট দুই। ছুটোর সময় প্রায় চার। দু পয়েন্ট কম। তারপর চার দেখে আপনার কাছে গিয়েছিলাম।

হাতখানি নামিয়ে দিলেন মশায়, বললেন—ডাক্তারের কাছে কাউকে পাঠিয়েছ ?

—জামাই নিজে ছুটে গিয়েছে।

—তিনি আসুন। তিনি ওষুধ দেবেন।

—আপনি কিছু মুষ্টিযোগ—

—আমার মুষ্টিযোগ কাজ করতে করতে রোগ হাতের বাইরে চলে যাবে বাবা। রোগ রক্তে। ইনজেকশন রক্তে কাজ করবে। তিনি আসুন।

—মশায়দাদু, আমার খোকন— ?

—ভয় কি ভাই ? ডাক্তার আসুন। ওষুধ দেবেন। এখন বাড় উঠেছে দিদি। শক্ত হয়ে হাল ধরে বোসো। ভয় কী ? নিস্পাপ শিশু, বালাধাত ; ওষুধ পড়বামাত্র ধরবে। বাইরে বেরিয়ে এসে মশায় বললেন—জ্বর আরও বেড়েছে অহীন—চারের ওপর। এখনও বাড়বে।

—বাড়বে ?

—বাড়ছে—এই যে ডাক্তারবাবু এসে গিয়েছেন।

প্রজ্ঞাতকে নিয়ে এসে পৌঁছল অহীনের জামাই ! অহীন বলে উঠল, জ্বর আরও বেড়েছে বাবা। কাকা বললেন—হাত দেখছেন—

ডাক্তার ভিতরে চলে গেল বিনা বাক্যব্যয়ে। মশায়ের হাত দেখায় সে অসন্তুষ্ট হয়েছে বলে মনে হল।

মশায় ক্ষুণ্ণ হলেন না। ভিতরেও গেলেন না। দাঁড়িয়ে রইলেন। রোগী এখানে শিশু। তার জীবনের কোনো ক্রটিতে মৃত্যুকে নিমন্ত্রণ নাই। এই মৃত্যুই অকালমৃত্যু। এমন মৃত্যু দেখেছেন অনেক। কিন্তু সেখানে যুক্ত করেছেন প্রতিপক্ষ হিসেবে। আজ দেখছেন। ব্যাধির সঙ্গে নয়, এ যুক্ত মৃত্যুর সঙ্গে, রোগীর খুব কাছে এসে সে দাঁড়িয়েছে শিয়রে নয়তো পাশে, নয়তো পায়ের তলায়, হয়তো মায়ের পিঠের কাছে দাঁড়িয়ে আছে। অন্ধ, বধির পিঙ্গলকেশী !

ব্যস্তভাবে কে বেরিয়ে গেল। কে ? অহি সরকারের ছেলে। একখানা বাইসিকুল টেনে নিয়ে বেরিয়ে এল। পিছনে এল ডাক্তার নিজে—চীৎকার করে বললে—বলবে, আমি বলে রয়েছি এক্সুনি আসেন যেন।

—ডাক্তারবাবু ? মশায় ডাকলেন।

—বলুন।

—কেমন দেখলেন? আমি ছেলেটিকে ভালোবাসি ডাক্তারবাবু!

—আপনি তো নিজে দেখেছেন। প্রত্যোত একটু হাসলে।—আপনি যা দেখেছেন ঠিকই দেখেছেন, জ্বর বেড়েছে। সাড়ে চারের কাছে।

কী বুঝছেন?

একটু চূপ করে থেকে প্রত্যোত বললে—চারুবাবুকে কল দিয়ে পাঠালাম। ঔর সঙ্গে একটু পরামর্শ করব। আমার একটু ধাঁধা লাগছে। স্ট্রেপ্টোককাসে তো সাধারণত এমনভাবে ফোলে না! এত জ্বর! ভাবছি মাম্স নয় তো।

—মাম্স নয় ডাক্তারবাবু। সেটা আমি আপনাকে বলছি। রোগীর রক্ত বিষাক্ত হয়েছে। বেশী সময় নেই ডাক্তারবাবু, যা করবাব এখুনি করুন।

—তা হলে কী বলছেন? সেলুলাইটিস? ইরিসিপ্লাস? বাঁচবে না বলছেন?

—নিদান হাঁকার দুর্নাম আমার আছে। হাসলেন মশায়—কিন্তু না। সে কথা বলছি না আমি। নাড়ীতে এখনও পাই নি। রোগ কখনও গোড়া থেকেই আসে মৃত্যুকে নিয়ে। কখনও রোগ বিস্তারলাভ করে মৃত্যু ঘটায়! আপনি আপনার ওষুধ দিন, মাত্রা ষিগুণ করুন; রোগ হ-হ করে বাড়ছে।

—বলছেন দেব পেনিসিলিন? আট ঘণ্টা অবশ্য পার হয়ে গেছে। চিন্তিত মুখে ঘরের মধ্যে চলে গেল প্রত্যোত ডাক্তার। আবার বেরিয়ে এল। নিডের সাইকেলটা তুলে নিয়ে চলে গেল। বলে গেল—আসছি। পেনিসিলিন নিয়ে আসছি আমি। পাঁচ লাখ চাই। আড়াই লাখ আছে আমার কাছে।

বিস্ময়বিমূঢ় দৃষ্টিতে মশায় প্রত্যোতের দিকে তাকিয়ে রইলেন।

চারুবাবু আসবার আগেই প্রত্যোত পাঁচ লাখ পেনিসিলিন দিয়ে বেরিয়ে এল। খাবার ওষুধ তৈরি করতে লাগল। বসে রইল শুরু হয়ে রোগীর দিকে চেয়ে।

চারুবাবু এলেন। তখন জ্বর একশো চার পয়েন্ট ছয়—বললেন—তাই তো! মাম্স কলছেন?

—না—সেলুলাইটিস কি—

চোখ বিস্ফারিত করে তাকালেন চারুবাবু। বুঝেছেন তিনি। মশায় দেখেছেন না কি?

—দেখেছেন। আমি পাঁচ লাখ পেনিসিলিন দিয়েছি।

—দিয়েছেন? তাই দিন। থাকলে ওতেই থাকবে। মশায় কই?

মশায় গিয়ে বিছানার পাশে দাঁড়িয়েছিলেন! হঠাৎ বলে আবার নাড়ীটা ধরলেন। দীর্ঘক্ষণ ধরে দেখলেন। ঝড়ের শেষের কিছু পূর্বে খেমন আলোর আভা

ফুটে ওঠে বধামুখর ছায়াচ্ছন্নতার মধ্যে, তেমনি যেন মনে হচ্ছে। বড়ের উর্ধ্বগতিতে এখনকার মতো ছেদ পড়ল। জ্বর কমবে এবার। মৃত্যু সরে যাচ্ছে—পায়ে পায়ে পিছনে হটে গেল খানিকটা। আবার রাত্রি তিনটে-চারটের সময় একবার আসবে।
 বেরিয়ে এলেন মশায়। চাকুবাবু চলে গিয়েছিলেন। প্রত্যোত ব্যাগ গোছাচ্ছে। মশায় বললেন—জ্বর বাধ মেনেছে ডাক্তারবাবু।

—কমবে ?

—হ্যাঁ। নাড়ী দেখে এলাম।

—থার্মোমিটার দিয়েছিলেন ?

—না। আরও আধঘণ্টা পর দেখবেন। এখন থার্মোমিটারে ধরা যাবে না।

তাই কমল। পাঁচটার সময় জ্বর উঠল তিন পয়েন্ট ছয়। রোগী চোখ মেললে। কথা কইলে। রোগীর চোখে পলক পড়ল, ভাষার মুখরতা ফুটল দৃষ্টিতে।

জীবনমশায় তাকিয়ে রইলেন—রক্তাভ স্ফীতির পরিধির দিকে। পুঞ্জীভূত মেঘের মতো ব্যাধির বিষজর্জরতা জমে রয়েছে, জ্বরের বায়ুবেগ সাময়িকভাবে স্তিমিত হয়েছে। মৃত্যু এখনও ঘরের মধ্যে দাঁড়িয়ে আছে। হয়তো ওই কোণে। শিশুটির দিকে তাকিয়ে দেখছিলেন—ভয় নাই। চৈতন্য ফিরেছে—কথা বলছে, হাসছে কখনও কখনও, চৈতন্য স্তিমিত হলে আচ্ছন্নের মতো পড়ে থাকবে। বাঁচাও বলে চেঁচাবে না, কাঁদবে না। শেষ মুহূর্তে স্তব্ধ হয়ে যাবে, নিস্তব্ধ, স্থির হয়ে যাবে প্রশান্তির মধ্যে।

একটা ভারী গলার আছান্দে মশায়ের চমক ভাঙল।—মশায় আছেন ? মশায় ভারী দরাজ গলা কিন্তু ক্রান্ত। ও! রানা পাঠক। রানার টি-বি হয়েছে বলেই মনে হচ্ছে। মনে হচ্ছে নয়, তাই-ই বটে। সেদিন ফিরিয়ে দিয়েছেন। আজ এই রাত্রে ? বেরিয়ে এলেন মশায়। রানাই বটে।

—কী বাবা রানা ? এত রাত্রে ?

—আর পারছি না মশায়। অনেক জায়গা ফিরে এলাম। আপনি বলেছিলেন—পারলেতে কবরজন্দের কাছে যেতে, তাও গিয়েছিলাম। কিন্তু পোবাল না। কোথাও টাকা, কোথাও কিছু। মন লাগল না। শেষ আপনার কাছেই ফিরলাম।

আরোগ্য-নিকেতনের ভিতরে আলো জ্বলছিল। সেতাব বসেছিল আপন মনে ছকে গুটি লাড়িয়ে, একাই দু পক্ষের হয়ে চাল চালছিল। ঘরে চুকে রানা একথানা

পুত্রনো চেয়ারে বসতে গিয়ে নেড়ে দেখে বললে—ভাঙবে না তো? যন্ত্রা যোগে ধরলেও আমি তো রানা পাঠক! ওজন আড়াই মণ! হাসলে সে।

—ওটাও শালবৃক্ষের সার বাবা রানা।

কপালে হাত দিয়ে রানা বললে—আমি রানা পাঠক, আমি নিজেকে মৈত্ৰী মনে করতাম গো! বুক ঠুকে চেষ্টা করে বলেছি, আশি বছরেও পাকা তাল কাঠের মতো সোজা থাকব, হাতের মতো গণ্ডারের মতো হাঁটব। সোজা চলে যাব দশ-বিশ ক্রোশ! তা—। হতাশার হাসি ফুটে উঠল মুখে, ঘাড় নেড়ে আক্ষেপ করে বললে—পাকা তালেও ঘুন ধরে, পচ ধরে মশায়!

আশ্বাস দিয়ে বললেন—চিকিৎসা করাও বাবা, নিয়ম করো ভালো হয়ে যাবে, ভয় কী।

—ভয়? হতাশার হাসির একটি বিশীর্ণ রেখা রানার মুখে লেগেই ছিল, সেই হাসির চেহারাটা পালটে গেল মুহূর্তে। এ হাসি সাধারণ লোকে হাসতে পারে না। এ রানারাই পারে। অনেককাল আগে—এক ভালুকওয়াল এসেছিল প্রকাণ্ড বড় ভালুক নিয়ে; সে নিজে ভালুকের সঙ্গে কুস্তি করত। রানা তখন বছর বিশেকের ছোয়ান। সে বলেছিল—আমি লড়ব তোমারা ভালুকাকা সাথ। মরেগা, কামড়ায় গা—আঁচড়ায় রক্তারক্তি করে গা তো তোমরা কুছ দায় নেহি। এবং মালসার্ট মেয়ে এই হাসি হেসে বলেছিল—আওরে বেটা বনকা ভালুকা, আও; চলে আও শরী ছোয়ার। এবং দস্তী ও নখী বিপুলকায় জানোয়ারটাকে পরাভূত করেছিল সে। নিজেও লক্ষ্য হয়েছিল কিন্তু তাতে তার এ হাসি মিলিয়ে যায় নি।

ভয়? রানা বললে—না-না না মশায়, ভয় নয়।

বাইরে বাইসিকেলের ঘণ্টা বেজে উঠল। কে? মশায় চকিত হলেন। আবার প্রছোত ডাক্তার এল? কেন? এখন তো আসবার কথা নয়?

রানা বলে গেল—ভয় নয় মশায়। ছেলেগুলো ছোট। অসময়ে যাব? বছরেকের বছরেকের সংসারে এলাম—বন্ধরস ভোগ করতে পেলাম না। আর যাব-যাব—একটা পাপ করে তারই ফলে পাপীয় মতো যাব? এই আর কি! এখুনি পথে মতে কামারের দয়জার মতের মা-বুড়ীকে তাই বললাম!

—মতির মা ফিরে এল? মশায় ঈষৎ চকিত হয়ে উঠলেন।

পথের দিকে নিবন্ধ তাঁর উৎকণ্ঠিত দৃষ্টি রানার মুখের উপর ফিরল। একটা যেন ঝাঁকি খেলেন তিনি। ঘরে ঢুকল বিনয়; বললে—হ্যাঁ এল। দেখে এলাম।

রানা বললে—একটা পা লাগামতো কী দিয়ে ব্যাণ্ডেজের কাপড় লেপন দিয়ে বেঁধে রেখেছে। গোকর গাড়ি থেকে মতি আর মতির বেটা ধরাধরি করে

নাযাচ্ছে। আমি মশায় দেখে থমকে দাঁড়লাম। বললাম—তা তুই একটা বন্ধ দেখালি মতির মা! তা ভালো। বুড়ী বললে—তা বন্ধ বটে ঠাকুর। সে কী কাণ্ডকারখানা। কী ঘর-দুয়ার, কী আলো, কী বাবুয়া, কী চিকিচ্ছে। কার্টলে কুটলে—তো জানতে নারলাম। তা পরেতে দিন কতক কষ্ট বটে। শুয়ে শুয়ে মল-মূত্র তাগ। তবে ষড়্ বটে, ফুটফুটে টুকটুকে ভক্তঘরের মেয়ে ধবধবে পোশাক পরে, মাথায় টুপি দিয়ে—ওষুধ খাইয়ে দেওয়া, পথিা দেওয়া, মূখ মুছিয়ে দেওয়া—বাবা, বলব কী—ময়লা মাটির পাত্তর সরানো—সব করছে! আর ডাক্তার কী সব? মশায় তো আমার নিদেন হেঁকে দিয়েছিল—তা দেখো বাবা কিরে এসেছি। বলেছে মাস তিনেক পরে এই সব খুলে দেবে—তার পরে ৬-কমাস মালিস—তার পরে পা কিরে পাব। আমি বললাম—আর কী পেলি মতির মা? অমর বর পেলি না? তা মতে কামার রেগে উঠল, বললে—ঘাণ ঠাকুর ঘাণ। নিজে তো বাঁচবার জন্তে পথে পথে এর কাছে ওর কাছে ঘুরছ—এ দেবতা ও দেবতার পান্নে মাথা খুঁড়ছ! বললাম—মতে, তোর মায়ের বয়েস হলে কি রানা বাঁচতে চাইত রে? আমার ছেলে তুটো নেহাত নাবালক, একটা কত্তে আছে,—আর আমার দাদা রাঘব বোয়াল, আমি না থাকলে গিলে খেয়ে দেবে। বুঝলি? নইলে রানার মরতে ভয় নাই। কতবার মরণের সঙ্গে লড়েছি। বহুতে ভেসে-ঘাওয়া লোক মরণের মুখ থেকে এনেছি। জিতেছি! এবার না হয় হারব। তাতে কী?;

জীবনমশায় স্তব্ব হয়ে বসে রইলেন, কথাগুলি শুনেছেন বলেও মনে হল না। মাটির মূর্তির মতো নিখর নিস্পন্দ হয়ে গেছেন তিনি।

তাঁর মনে পড়ে গেল প্রহ্বাত ডাক্তারদের আজকের চেহারা। ধীর নির্ভীক চিন্তাকুল দৃষ্টি, হাতে ইনজেকশনের সিরিঙ্গে স্পিরিট ভরে ধুচ্ছেন। মধ্যো মধ্যো রোগীর দিকে তাকিয়ে দেখছেন। চিবুক, ঠোঁটের রেখায় দৃঢ় আত্মপ্রত্যয় ফুটে রয়েছে।

বিনয় বললে—দাঁড়ান, তিন মাস কেটেছে, এখনও তিন মাস বাকি। ছ মাসের মেয়াদ দিয়েছিলেন মশায়।

—না। ঘাড় নেড়ে মশায় বললেন—মতির মা বাঁচবে।

—তা বাঁচুক। রাবণের মা নিকষা হয়ে বেঁচে থাকুক।

—নারায়ণ! নারায়ণ! বলে উঠলেন মশায়। যেন সমস্ত পরিবেশটা অন্তি অস্বাভাবিক হয়ে উঠেছে।—থাক ও কথা।

—থাকুক। কিন্তু আপনি আমার চিকিৎসা করুন। বাঁচি, বাঁচি, না বাঁচি, না বাঁচি। মরণে আমার ভয় নাই। নিশ্চেও আমি করব না। বিনয় আমাকে

দয়া করেছে, বলেছে ওষুধ যা লাগে ও দেবে। আপনি চিকিৎসা করুন। আমি স্তন্যাম, বিনয় আজই বললে—হাটকুড়ো কাহারের ছেলে পরানের মুখ দিয়ে ঝলক ঝলক রক্ত উঠত, আপনি তাকে সারিয়েছিলেন।

মনে পড়ে গেল। ই্যা তিনি সারিয়েছিলেন—কিন্তু সে কালরোগ নয়।

বিনয় বললে—আপনি দেখুন মশায়! ব্রাহ্মণকে বাঁচান।

—ওষুধই এখন তুই দিবি তখন প্রত্যোত ডাক্তারকে দেখানো ভালো। ভালো চিকিৎসক, ধীর চিকিৎসক, আজ আমি দেখলাম।

—উহ, আপনি দেখুন। আপনি বাঁচান বাণা ঠাকুরকে। বাহুরিকে বাঁচিয়েছেন। আর একটা চিকিৎসা দেখিয়ে দেন। শুধু তাই নয় মশায়, সকালবেলা আপনি শোনেন নি আমার কথা। বলেছিলেন—কাল। তা বান্ধা ঠাকুর আমাকে আজই আবার নিয়ে এল আপনার কাছে। আপনাকে আমার ডাক্তারখানায় একবেলা করে বসতে হবে। ডাক্তারেরা নতুন ডাক্তারখানা করে আমাকে মারবার চেষ্টা করছে। আপনি আমাকে বাঁচান।

মশায় অবাক হয়ে তাকিয়ে রইলেন বিনয়ের মুখের দিকে।

—মশায়!

—কাল। কাল বলব। আজ নয়। কাল। বান্ধা তোমাকেও কাল বলব। আজ নয়। অহি সরকারের নাতিই আজ সব ভাবনা জুড়ে রয়েছে। কাল এসো।

—দেখছে তো প্রত্যোত ডাক্তার। বাবো লাখ পেনিসিলিন দিয়েছে আজ। বাঁচাবই বলে খুব ইঁাক মেরেছে বৃষ্টি?

—বিনয়, কাল। কাল। আজ আর কথা বলিসনে বাবা। মশায় উঠে পড়লেন। এরা কি সবাই ভাবে মশায় মৃত্যুঘোষণা ছাড়া আর কিছু করে না। ওতেই তার আনন্দ!

সেতাব আপন মনে একলাই দাবা পেলে ঝাচ্ছিল, সেও সব গুটিয়ে নিয়ে উঠল।

—আমিও আজ চললাম রে।

—বা। মন আজ আমার গুইখানে পড়ে আছে। খেলায় বসবে না। লড়াই চলছে, বৃহৎসি না?

সত্যই লড়াই। মৃত্যুর সঙ্গে মুখোমুখি দাঁড়িয়ে লড়াই। তিনি ভীষনে বহুবার করেছেন। হারলে অগৌরব নাই। কিন্তু বেদনা আছে। বিশেষ করে অতসীর ছেলেটির মতো ক্ষেত্রে। টং শব্দে রক্ত ঘড়িতে একটা বাজল। প্রত্যোত ডাক্তার লিফট পূর্ণ করে ঠিক করে রেখেছে। সে উঠে দাঁড়াল। ঠিক লাড়ে বাহোটার

সে এসেছে। ইনজেকশন শেষ করে সিরিঞ্জ ধুয়ে মুখ তুলে চাইলে। মশায় নাতী ধরে বসেছেন তখন। চোখ বুঁজে বসে রয়েছেন।

প্রস্থোত্ত বললে—আমার যা করবার করে গেলাম। সকালে ঠিক সময়ে আসব আমি। রোগীকে কিন্তু ঘুমতে দিন। নাড়াচাড়া করবেন না।

চলে গেল সে। মশায় আরও কিছুক্ষণ পর চোখ মেলে চাইলেন, চাইলেন নয়জ্ঞার দিকে। সরে যাচ্ছে। ঘর থেকে বেরিয়ে যাচ্ছে।

বললেন—ভালো আছে।

কীর্তিমান যোদ্ধা প্রস্থোত্ত ডাক্তার। এ যুগের আবিষ্কার বিচিত্র বিস্ময়কর। আর না! তাঁর কাল গত হয়েছে। আর না। কালকের সংকল্পটা মনে মনে দৃঢ় করলেন তিনি। আর না!

উনত্রিংশ

‘আর না’ বলে আরও একবার তিনি চিকিৎসা ছেড়ে দিয়েছিলেন। বনবিহারীর মৃত্যুর পর। তখন ভেবেছিলেন—আর কেন? পূর্ণাহুতি তো হয়ে গেল! কেউ ভাকতে এলে বলতেন—‘ভেবে নিয়ো মশায় মরে গেছে!’ শোক-দুঃখ কতটা তা ঠিক তিনি আজও বলতে পারেন না; তিনি চিকিৎসক, মহাশয় বংশের শিক্ষা, ভাবনা তাঁর মধ্যে, মৃত্যু অনিবার্য এ কথাও তিনি জানেন এবং শোকও চিরস্থায়ী নয় এও জানেন। জীবনের চারিদিকে ছ’টা রসের ছড়াছড়ি; আকাশে বাতাসে ধরিত্রীর অঙ্কে ছয় ঋতুর খেলা; পৃথিবীর মাটি কণায় কণায় যেমন উত্তাপ এবং জলের তৃষ্ণা, জীবের জীবনেও তেমনি দেহের কোষে কোষে রঙ ও রসের কামনা! ও না হলেও সে বাঁচে না। মানুষের মনে মনে আনন্দের ক্ষুধা। শোক থাকবে কেন, থাকবে কোথায়? শোকের জগু নয়, আক্ষেপে ক্ষোভেও নয়, অস্ত কারণে ছেড়েছিলেন। প্রথম কারণ জীবনের সব কল্পনা ভেঙে চূরমার হয়ে গেল।

বনবিহারীর মৃত্যুর পরই বনবিহারীর স্ত্রী একমাত্র শিশুপুত্রটিকে নিয়ে চলে গেল পিজালয়। গেল প্রথমটায় কিছুদিন পর ফিরবে বলে। বছর স্ত্রী মা-বাপের একমাত্র সন্তান, বিষয়ের উত্তরাধিকারিণী। মা-বাপ নিয়ে গেলেন সমাদরের স্বখে বৈধব্যের দুঃখ প্রশমিত করে দেবেন বলে। কিন্তু সেখানে গিয়ে কিছুদিন পরই লিখে পাঠালেন—“মনো এবং খোকা এখানেই থাক। আমাদের তো আর কেহ নাই; ওই একমাত্র সখল। আপনাদের মেয়েরা আছে, দৌহিত্রেরা আছে।

আমাদের কে আছে? অবশ্য জিয়া কর্মে যাইবে। আপনাদের দেখিতে ইচ্ছা হইলে যখন খুশি আসিয়া দেখিয়া যাইবেন। ইহা ছাড়াও মনোর ওখানে যাইতে দারুণ আশঙ্কা! তাহার ভয়—ওখানে থাকিলে খোকনও বাঁচিবেন না। কিছু মনে করিবেন না, সে বলে—যেখানে রোগ হইলে আরোগ্যের কথা ভুলিয়া মৃত্যুদিন গণনা করা হয়, সেখানে আয়ু থাকিতেও মানুষ মরিয়া যায়।”

এ ছাড়াও আতর-বউ সম্পর্কে অভিযোগ ছিল। “তাঁর কঠোর তিরস্কার কাহারও পক্ষেই সহ করা সম্ভবপর নয়।” ইত্যাদি।

হুতরাং আর অর্থ, প্রতিষ্ঠা অর্জন কেন, কিম্বের জগৎ?

দ্বিতীয় কারণ, মনকে সঁপে দিতে চেয়েছিলেন কুলধর্ম ও পিতৃনির্দেশ অনুযায়ী পরমানন্দ মাধবের পায়ে। কিন্তু সেও পারেন নি। তার পরিবর্তে ভাবতেন নিজের জীবনের কথা আর ভাবতেন মৃত্যুর কথা। পরলোকতত্ত্ব চিকিৎসাতত্ত্ব সব তত্ত্ব দিয়ে এই অনাবিষ্কৃত মহাতত্ত্বকে বুঝবার চেষ্টা করতেন। কত রকম মনে হয়েছে। আরোগ্য-নিকেতনের পাশের ঘরখানায় চূপ করে বসে থাকতেন। বাড়ির ভিতরে ইনিয়োরিনিয়োর কাঁদত আতর-বউ। গভীর রাত্রে উঠে গিয়ে বহুর ঘরে বারান্দায় ঘুরে বেড়াত। কখনও চূপ করে দাঁড়িয়ে থাকত। প্রত্যাশা করত এত অতৃপ্তি এত বাঁচবার কামনা নিয়ে যে বহু মরেছে, মরবার সময়ে ‘বাঁচাও বাঁচাও’ বলে কেঁদেছে, সে কি গভীর রাত্রে নির্জনতার অবসরে ছায়াশরীর নিয়ে সবকিছুকে ছোঁয়ার জন্ত, পাবার জন্ত আসবে না? তিনি নিজেও মধ্যে মধ্যে উত্তপ্ত মস্তিষ্কে ভাবতেন—যেথা যদি দেয় বহু তবে প্রসন্ন করবেন—মৃত্যু কী? মৃত্যু কেমন? কী রূপ? কেমন স্পর্শ? কেমন স্বাদ? বহু কাঁদল। ভূবন রায় ধীরভাবে হিসেব-নিকেশ চোকালেন। গণেশ বায়েন পরমানন্দে জীবন-মহোৎসব করলে! এই বিচিত্র-রূপিনী বহুরূপার আসল পরিচয়টি কী?

দীর্ঘ পাঁচ বছর—তাঁর জীবনে আর কেউ ছিল না, কিছু ছিল না। নিজের নাড়ী পরীক্ষা করতেন। কিন্তু কোনো কুলকিনারা পান নি। মধ্যে মধ্যে গ্রামের কারুর জীবনমৃত্যুর যুদ্ধে আত্মীয়েরা এসে ডাকত—একবার! একবার চলুন!

নিয়েছেন। চিন্তার মধ্যে থাকে ধরতে পারেন নি, ছুঁতে পারেন নি, যার ধনি শোনেন নি, নাড়ী ধরে তার স্পষ্ট অস্তিত্ব অনুভব করেছেন। তখন মনে হত, তাকে জানতে হলে তাঁর এই পথ।

তারপর একদিন গেলেন তীর্থভ্রমণে। মৃত্যুর কোনো সন্ধান না পেয়ে আবার খুঁজতে গেলেন, পরমানন্দ মাধবকে। গয়ায় বহুকে নিজ হাতে পিণ্ড দিয়ে সরাসরি গেলেন বৃন্দাবন। বৃন্দাবনে বহুর আত্মার জন্ত শান্তি প্রার্থনা করে মন্দিরপ্রাঙ্গণে

একখানি মার্বেল পাথর নিলেন। অল্প একখানা মার্বেল পাথর দেখে কথাটা মনে হয়েছিল। অনেক পাথরের মধ্যে চোখ পড়ল। প্রথমটা চমকে উঠেছিলেন তিনি।

“কাদী-নিবাসী ৩ভূপেন্দ্র সিংহের আশ্রয়

শান্তির জন্তু—

হে গোবিন্দ দয়া করো, চরণে স্থান দাও।

মঞ্জরী দাসী।”

ভীর্ণ থেকে ফিরে নবগ্রাম স্টেশনে নামলেন; দেখা হল কিশোরের সঙ্গে। কিশোর তখন প্রদীপ্তলাট যুবা। পাঁচ বৎসরই কিশোরকে দেখেন নি মশায়। তিনি নিজেকে আবদ্ধ রেখেছিলেন ঘরে, কিশোরকে আবদ্ধ রেখেছিল গভর্নমেন্ট, রাজা।

কিশোর সবিস্ময়ে বলেছিলেন—মশায়!

তিনিও সবিস্ময়ে বলেছিলেন—কিশোর!

—এই নামছেন আপনি?

—হ্যাঁ। কিন্তু তুমি ছাড়া পেলে কবে? ওঃ, কত বড় হয়ে গিয়েছ তুমি!

হেসে কিশোর বলেছিল—তা হগেছি। আর ক্ষীর টাচি ছানা চুরি করে প্রাই না।

—সে বুরতে পারছি। মশায় বলেছিলেন হেসে—অবসর কোথায়? কুচিই বা থাকবে কী করে? এখন প্রভু কংসারির সঙ্গে ধনুর্ধ্বজে নিমন্ত্রণ রাখবার পথে সঙ্গীর সাজে সেজেছ যে!

কিশোর একটু লজ্জিত হয়েছিল এমন মহৎ পরিচয়ের বাখ্যায়। পরক্ষণে সে লজ্জাকে সরিয়ে ফেলে সহজভাবে বলেছিল—আপনাকে যে কত মনে মনে ডাকছি এ কদিন কী বলব? আপনি এসেছেন—বাঁচলাম।

—কেন কিশোর? কিসে তোমাকে এমন মরণের ভয়ে অভিভূত করেছিল? মরণের ভয় তো তোমার থাকবার নয়!

—কলেবা আরম্ভ হয়েছে মশায়। নিজের মৃত্যুকে ভয়ের কথা তো নয়; মাস্তবের মৃত্যু দেখে—মাস্তবের ভয় দেখে ভয় পাচ্ছি। জানেন তো, ডাক্তারেরা কলেবা কেসে বেতে চান না, গেলে ফী ডবল। চাকুবাবুর ফী ছ টাকা—আট টাকা। চক্রধারীর ফী চার টাকা। আমি হোমিওপ্যাথিক একটু-আধটু দি, কিন্তু ভালো তো জানি না! আপনি এলেন—এবার বাঁচলাম। আমাদের ছেলেবেলায় যখন কলেবা হয়েছিল তখন আপনিই গরীব-দুঃখীদের দেখেছিলেন। আজও যে আপনি না হলে উপায় নেই মশায়।

তিনি সঙ্গে সঙ্গেই উত্তর দিতে পারেন নি। আকাশের দিকে তাকিয়ে চুপ করে ছিলেন কিছুক্ষণ। সেই পুরানো কালের—উনিশশো পাঁচ সালের মহামারীর কথা মনে পড়েছিল। সেই অন্ধ বধির পিঙ্গলকেশিনী দুই হাত বাড়িয়ে এগিয়ে আসছে; মহাকালের ডমরুতে বেজেছে তাণ্ডব বাণ—তারই তালে তালে উন্নত নৃত্যে আত্মহারা হয়ে ছুটে চলেছে সব মৃত্যুভয়ভীত মানুষ, আশুনলাগা বনের পশুপক্ষীর মতো আর্ত কলবব করে ছুটে পালাচ্ছে। ছুটে পালাচ্ছে—পিছনের লেলিহান শিখা বাতাসের ঝাপটায় মুহূর্তে মুহূর্তে দীর্ঘায়িত হয়ে তাকে গ্রাস করছে—আকাশে পাখি উড়ে পালাচ্ছে—আশুনের শিখা লকলক জিহ্বা প্রসারিত করে তাকে আকর্ষণ করছে—পাখির পাখা পঙ্কু হয়ে যাচ্ছে—অসহায়ের মতো পডছে আশুনের মধ্যে। মহামারীর স্মৃতি তাঁর ঠিক তেমনি।

কিশোর বলেছিল—মশায়!

—কিশোর!

—আপনি চলুন, চলুন আপনি।

—আমি পারব? আমার কি আর সে শক্তি, সে উৎসাহ আছে কিশোর?

কিশোর বলেছিল—এই কথা আপনি বলছেন? মশায়ের বংশের মশা আপনি।

কিশোরের কথায় মনে পড়েছিল বাবার কথা! গুরু রঙলালের কথাও মনে হয়েছিল। পরমুহূর্তেই তিনি বলেছিলেন—বেশ, যাব। তুমি ডাক দিলে—নিলাম সে ডাক।

সেইবার কলেবার সময় ইনট্রাভেনাস স্প্রালাইন ইনজেকশন দেখেছিলেন। কিছুদিনের মধ্যেই কলকাতা থেকে মেডিক্যাল ভলান্টিয়ার্স এসে উপস্থিত হয়েছিল। একদল সোনার চাঁদ ছেলে। ডিস্ট্রিক্ট বোর্ড থেকে এল লোকজন। স্প্রিটুয়াল ইনসপেক্টর। আর একদল এল, কী নাম যেন তাদের? কোদালি ব্রিগেড! কোদাল ঘাড়ে করে এল শিক্ষিত যুবকেরা।

কোনো পুকুরের তলায় কুয়ো কেটে তারা জল বের করলে। তাই তো! কথাটা তো কারুর মনে হয় নি! স্প্রিটুয়াল ইনসপেক্টরেরা পুকুরে রিচিং পাউডার গুলে দিয়ে জলকে শোধন করলে। অ্যান্টি-কলেরা ড্রাকসিন ইনজেকশন দিলে। কলেবার টিকে!

সব থেকে বিস্মিত হয়েছিলেন—স্প্রালাইন ইনজেকশন দেখে।

অবিনাশ বাউড়ীর বউ—সত্যকারের সুন্দরী স্বাস্থ্যবতী মেয়ে, সকালে সে এলে ভক্তপাড়ার বাসন মেজে ঘরদোর পরিষ্কার করে বিয়ের কাজ করে গেল তাঁর চোখের

নামনে। ছুপুরে শুনলেন তার কলেরা হয়েছে। বিকেলে গিয়ে দেখলেন সেই স্বাস্থ্যবতী সন্দরী মেয়েটার সর্বাঙ্গে কে যেন কালি মাখিয়ে দিয়েছে; একগাছা কাঁটার মতো কঙ্কালসার দেহের সকল রস কে যেন নিঙড়ে বের করে দিয়েছে। দেপে শিউরে উঠলেন তিনি। যত্নের ছায়া পড়েছে সর্বাঙ্গে। নাজী নাই, হাতের তালু পায়ের তলা বিবর্ণ পাণ্ডুর, হাত পা কছুই পর্যন্ত হিমশীতল।

তরুণ ছুটি ডাক্তার তখন তাঁদের দলে এসে যোগ দিয়েছে। চোখে তাদের অশ্রু, বুকে তাদের অসম্ভব প্রত্যাশা, ওই কিশোরের জাতের ছেলে। তারা বললে— স্পালাইন দেব একে। বের কবলে স্পালাইনের বাস্তু।

এ রোগী বাঁচে না একথা মশায় জানতেন, কিন্তু বাধা দেন নি। দাঁড়িয়ে দেখলেন, লক্ষ্য করে গেলেন। নিপুণ ক্ষিপ্ত হাতে সাবধানতার সঙ্গে ওরা কাজ করে গেল। শিরা কাটলে, একমুখ বন্ধ করলে—অগ্র মুখে স্পালাইনের নলের মুখটা চুকিয়ে দিলে। একজন কাচের নলটুকুর দিকে চেয়ে বইল। বৃদ্ধদের মধ্যে দিয়ে বায়ু না যায়। সতর্ক দৃষ্টিতে লক্ষ্য করছে।

বায়ুতে বৃদ্ধদ গেলই সঙ্গে সঙ্গে মৃত্যু। চারিদিকে দাঁড়িয়ে বিস্ময়াভিভূত জনতা। জীবনমশায়ের দৃষ্টিতে কৌতুহল—আনন্দ। অদ্ভুত! অদ্ভুত! মেয়েটার দেহ থেকে মৃত্যুছায়া অপসারিত হয়ে যাচ্ছে, কালি মুছে গিয়ে তার গৌর বর্ণ ফটে উঠছে। রস-স্ববে-নেওয়া শুক দেহ রস-সঞ্চারে আবার নিটোল পবিপুষ্ট কোমল হয়ে উঠছে, জীবনের লাভণ্য ফিরে আসছে। অদ্ভুত, এ অদ্ভুত! যুগান্তর, সত্যই এ যুগান্তর! মৃত্যু ফিরে গেল?

সে বড কঠিন! যায় না। বৃদ্ধ জীবনমশাই হাসলেন আজ।

মনে পডছে যে!

ইনজেকশন শেষ হল—মেয়েটি হাসিমুখে সলজ্জভাবে মাথার ঘোমটা টেনে দিয়ে নিভেই পাশ ফিরে গুলে। ডাক্তারেরা যন্ত্রপাতি গুটিয়ে নিয়ে ব্লিচিং-পাউডারমেশানো জলে হাত ধুচ্ছে, এই সময় হঠাৎ জলভরা পাত্র বেঙে ঘেমন জল ছড়িয়ে পড়ে ঠিক তেমনিভাবেই মূর্ছের মধোই একরাশি জল ছড়িয়ে পড়ল, মলের আকাবে নির্গত হয়ে গেল। এবং মূর্ছের মেয়েটা আবার হয়ে গেল সেই মৃত্যুছায়াচ্ছন্ন, কালিবর্ণ, কঙ্কালের মতো শুষ্ক। অবিনাশ বাউড়ীর জ্বী মারাই গেল। কিন্তু জীবনমশায় সেদিন মনে মনে মৃত্যুর সঙ্গে মাহুশের সাধনাকেও প্রণাম জানিয়েছিলেন। মৃত্যুকে জয় করা বাবে না, কিন্তু মাহুশ অকালমৃত্যুকে জয় করবে। নিশ্চয় করবে! ধন্য আবিষ্কার! ইউরোপের মহাপণ্ডিতদের প্রণাম করেছিলেন। হ্যা—আজ বেদজ্ঞ তোমরাই। এই কথাই বলেছিলেন।

আজ পেনিসিলিনের ক্রিয়া দেখে এবং প্রাচ্যোত্তর উচ্চম উৎসাহ দেখে ঠিক সেই কথাই বলেছেন। তোমরা ধন্ত।

সেদিন তাঁর জীবনের তৃতীয় পর্যায়ে চিকিৎসা আরম্ভ হয়েছিল। মনে পড়ছে, সংকল্প ছিল কলেরার আক্রমণ ক্রান্ত হলেই আবার তিনি ঘরে ঢুকে বসবেন। কিন্তু তা পারেন নি। বিচিন্দ্ৰভাবে শুরু হয়ে গেল। ডাক্তারদের সঙ্গে কলেরা-সংক্রামিত পাড়া ঘুরে রোগী দেখে ফিরে এসে কিশোরদের বাড়িতে বসতেন, হাত-পা ধুতেন— ব্লিচিং পাউডারে মাড়িয়ে জুতোর তলা বিশুদ্ধ করে নিতেন—ততক্ষণে দুজন চারজন এসে জুটে যেত; জ্বরে আমাশয়ে পুরানো অজীর্ণ ব্যাধিতে ভুগছে এমনি রোগী সব।

—একবার হাতটা দেখুন।

জীবনমশায় প্রথম প্রথম বলতেন—এই এদের দেখাও।

—না। আপনি দেখুন।

ডাক্তার দুটি বড় ভালো ছেলে ছিল, 'তারা বলত—দেখুন ডাক্তারবাবু, আপনাকেই দেখাতে চায় ওরা।'

মশায় দেখতেন। শুধু বলতেন—এই ন দিন না-হয় এগারো দিনে ওব ছাড়বে।

ওমুখ দিতেন না।

তারপর একদিন ঈশানপুরে পরান কাহার তাঁকে টেনে নামালে।

সংসারে কত বিচিন্দ্ৰ ঘটনাই ঘটে!

সে এক দুর্বল কালবৈশাখী বড়বড় অপরাহ্ন। ঈশানপুর কলেরার আক্রমণের খবর পেয়ে কিশোর এবং তরুণ ডাক্তার স্বেচ্ছাসেবকদের সঙ্গে গিয়েছিলেন ঈশানপুরে। গ্রামে ঢোকবার মুখে হঠাৎ উঠল ঝড়। বজ্রাঘাত। বর্ষণ। সবশেষে শিলারষ্টি! আশ্রয় নিয়েছিলেন গ্রামের প্রান্তের প্রথম ঘরখানিতে।

একখানা মাত্র ঘর—কোলে একটা পিঁড়ে, মানে—ঢাকা রোয়াক, মেটে রোয়াক। পাশে আর-একখানা ছিটে বেড়ার হাত তিনেক মাত্র উঁচু ঘর। রোয়াকেও স্থান ছিল না। সেখানটা ঘিরে তখন আঁতুড়ঘর হয়েছে। ঘরের ভিতর থেকে ক্ষীণ কণ্ঠ কেউ বলেছিল—কোথায় দাঁড়াবা বাবা? বাইরের পিঁড়েতে ঘিরে আমার পরিবারের সন্ধান হয়েছে। ভিতরে আমি রোগী মানুষ শুয়ে আছি। তিনটে শুয়োর আছে, পাঁচ-ছটা হাঁস আছে। আপনারা বরং একপাশে কোনোরকমে দাঁড়াও।

তাই দাঁড়িয়েছিলেন; মসীবর্ণ মেঘ থেকে শিল ঝরছিল অজস্র ধারে, বিচিন্দ্ৰ সে দৃশ্য। লাখে-লাখে শূন্য মণ্ডলটা পরিব্যাপ্ত করে ঝরঝর ধারে ঝরছিল। সবুজ

পৃথিবী সাদা হয়ে যাচ্ছিল। অনেক কাল এমন শিলাবৃষ্টি হয় নি। মশায়েরা ভাবছিলেন মাঠে আজ কতজন কত জীবজন্তু জখম হবে, মরবে। আবার পৃথিবী বাঁচল, শাস্ত হল, শীতল হল।

কিশোর কর্মী হলেও কবি মানুষ, ছেলেবেলা থেকে পশু লেখে। কিশোর মুখে মুখে পশু তৈরী করেছিল—তার একটা চরণ আজও মনে আছে :

‘খ্যাপার মাথায় খেয়াল চেপেছে
নাচন দিয়েছে জুড়ে।’

এরই মধ্যে ঘরের দরজার ফাঁক থেকে ক্ষীণ ক্লাস্ত কণ্ঠে কে অসীম বিস্ময়ের সঙ্গে প্রশ্ন করেছিল—মশায়, বাবা! আপনি?

দরজাটা খুলে গিয়েছিল। বসে বসে নিজেকে ছেঁচড়ে টেনে কোনো রকমে বেরিয়ে এসেছিল এক কঙ্কালসার মানুষ। যুবা না প্রোট না বৃদ্ধ তা বুঝতে পারা যায় নি। শুধু চুল কালো দেখে সন্দেহ হয়েছিল—রোগেই জীর্ণ, বৃদ্ধ নয়।

—কে রে?

লোকটা হাউ হাউ করে কেঁদে উঠে বলেছিল—আমার খে নড়বার ক্যামতা নাই মশায়। আমাকে চিনতে পারছেন বাবা?

—কে? ঠিক চিনতে তো পারছি না বাবা! কী হয়েছে তোমার?

—আমি হাটকুড়ো কাহারের বেটা পরান! আপনকার গেরামে—আপনার পেজা হাটকুড়ো!

হাটকুড়োর ছেলে পরান।

তঁারই গ্রামের—তঁারই পুকুরপাড়ের প্রজাই বটে হাটকুড়ো। পরান, শূরবীর পরান। বছর কয়েক আগে প্রেমে পড়ে পরান বাপ মা জাতি জাতি সব ছেড়ে প্রেমাস্পদা একটি ভিন্নজাতীয়া মেয়েকে নিয়ে গ্রাম ত্যাগ করেছিল।

সেই পরানের এই কঙ্কালসার মূর্তি দেখে শিউরে উঠেছিলেন মশায়। তোর এমন চেহারা হয়েছে? কী অসুখ রে?

—রক্ত উঠছে মুখ দিয়ে বাবা। বমি হয়।

—রক্ত উঠছে। টি-বি? নতুন ডাক্তারেরা শিউরে উঠেছিলেন।

—আজ্ঞে লবগেরামের ডাক্তারখানার ডাক্তার বলছে—রাজব্যাধি ঝন্না। জ্বাব দিয়েছে। বলেই সে আবার ফুঁপিয়ে কেঁদে উঠে মশায়ের মুখের দিকে তাকিয়ে বলেছিল—তবে এইবার আমি বাঁচব। ভগবান আপনাকে ডেকে এনেছেন ঘরে! আমার কপাল। আপনি একবার দেখো বাবা। আমাকে বাঁচাও। ফুরির আর কেউ নাই বাবা!

‘ফুরি’ পরানের প্রণয়াল্পনা, তার প্রিয়তমা। যার জন্ত সে সব ছেড়েছে। তাকে ও ছেড়ে গেলে তার আর কেউ থাকবে না বলেই পরানের ধারণা। কিন্তু ফুরি আবার বিয়ে করবে। ফুরিও তাঁর গ্রামের মেয়ে, তার কথাও তিনি জানেন, ফুরি লাস্তময়ী স্বৈরিণী! তার জন্ত বহু ভনেই মোহগ্রস্ত হয়েছিল, কিন্তু পরানের মতো তাকে গলায় বেঁধে ঝাঁপ কেউ দেয় নি। সক্রম হাঙ্গুল এসেছিল তাঁর ঠোঁটের রেখায়। কিন্তু সে হাঙ্গুল শুক হয়ে মিলিয়ে গেল মুহূর্তে।

ফুরি এসে দাঁড়িয়েছিল তার আঁতুড়ঘরের দরজায়।—মশায়! বাবা! আমার কেউ নাই বাবা। তাকে দেখে তিনি অবাক হয়ে গিয়েছিলেন। এই মেই ফুরি? সে স্বৈরিণীর কোনো চিহ্ন অবশেষ নাই মেয়েটার মধ্যে! সন্ত সন্তানপ্রসবের পর সে ঈষৎ শীর্ণ ঈষৎ পাগুর; কিন্তু রূপের অভাব হয় নি। লাভণ্য রয়েছে, স্বাস্থ্য রয়েছে, চিরুণতা রয়েছে। চোখের দৃষ্টিতে গঠনে ফুরির একটি মাধুর্য ছিল সে মাধুর্যও রয়েছে, নাই শুধু লাস্তচাপল্য, যার ফলে ওকে আর চেনাই যায় না ফুরি বলে। ঠোঁটের পাশে গালে ওটা কী? তিল? ওটা তো মশায় কখনও দেখেন নি! তিনি অবশ্য ফুরিকে পথে চলে যেতেই দেখেছেন, দূর থেকেই দেখেছেন, তাঁর মতো মাহুঘের সামনে ফুরির মতো মেয়েরা বড় একটা আসত না। তাঁকে দেখলে সন্ন্যাসে পাশে সরে দাঁড়াত। তিলটা ঠিক বনবিহারীর স্ত্রী—তাঁর বউমার ঠোঁটের পাশের তিলের মত অবিকল।

ও বনবিহারীর স্ত্রী—তাঁর পুত্রবধুর ধনী বাপ আছে মা আছে। এ মেয়েটার সত্যিই আর কেউ নাই। বাপ-মা মরেছে! এবং ওর মনের ভিতর যে স্বৈরিণী লীলাভরে এক প্রিয়তমকে ছেড়ে তাকে ভুলে গিয়ে আর-একজনকে প্রিয়তম বলে গ্রহণ করতে পারত সে স্বৈরিণীও মরে গেছে। পরান মরে গেলে ওর আর কেউ থাকবে না—এ বিষয়ে আর তাঁর সন্দেহ রইল না।

তিনি দাওয়ায় উঠে পরানের হাত ধরে নাড়া পরীক্ষা করতে বসেছিলেন।

সেই হল তাঁর নূতন করে নাড়া ধরা, চিকিৎসা করতে বসা।

পরানকে তিনি বাঁচিয়েছিলেন।

বন্দা বা টি বি পরানের হয় নি। পুরানো ম্যালেরিয়া এবং রক্তপিণ্ড ছুইয়ে জড়িয়ে জট পাকিয়েছিল। চাকরবাবু, চক্রধারী রক্তবমি এবং জর ছুটো উপসর্গে বেবেই সাংঘাতিক ধরনের গ্যালাপিং থাইসিস বলে ধরেছিল। একালে দেশে বন্দার বাপক প্রকার হয়েছে তাতে সন্দেহ নেই, কিন্তু সাধারণ ডাক্তারেরা রক্ত এবং জর

ছটোকে একসঙ্গে দেখলেই টি বি বলে ধরে নিয়েছিল। বিশেষজ্ঞ দেশে ছিল না, পরানেরও দুয় শহরে গিয়ে দেখাবার সাধ্য ছিল না।

মশায় তার চিকিৎসার ভার নিয়েছিলেন। নিজেই আসতে দেখতে। নিজে হাতে ওষুধ তৈরি করে দিতেন। পরান ভালো হল, তিনি হয়ে উঠলেন ধরন্তরি। নৃতন করে জীবনের আকাশে সৌভাগ্যের স্বয় উদয় হল তাঁর। মাস কয়েক পর পরান স্বস্থ মেহে বল পেয়ে কোদাল ঘাড়ে মজুর খাটতে বের হলে লোকের আর বিশ্বয়ের সীমা ছিল না।

এয় পরই একদিন পরানের এখনকার গ্রাম ঘাট-রামপুরের মিয়াদের বাড়ি থেকে ডুলি এসে নেমেছিল আরোগ্য-নিকেতনের সামনে।

বৃদ্ধ সৈয়দ আবৃতাহের সাহেব পূর্বানো আমলের কাশ্মীরী কাজ-করা শালের টুপি সাদা পায়জামা শেরওয়ানী পরে ডুলির বেহারাদের কাধে ভর দিয়ে এসে ওই রান্না আজ যে চেঙ্গারখানায় বসেছে ওইখানেতেই বসেছিলেন—আপনার কাছে এলাম মশায়, আপনি পরান কাহাবের এতবড় ব্যামোটো সারিয়ে দিলেন। আমারে আরাম করে ছান আপনি। আপনারে ঘরে ডাক না দিয়া—নিজে আপনার ঘরে এসেছি। আপনারে ধরবার জন্তে এসেছি। আমারে আরাম করে ছান কবিরাজ।

বা হাত দিয়ে মশায়ের হাতখানি চেপে ধরোছিলেন। কথা শুনেই বুঝেছিলেন মশায় মিয়া সাহেবের ব্যাধি কী? কথাগুলি জড়িয়ে যাচ্ছিল। মিয়া সাহেবের পক্ষাঘাতের সূত্রপাত হয়েছে, ডান হাতখানি কোলের উপর পড়েছে, ডান দিকের ঠোট বেকে গিয়েছে, ডান হাতখানি কোলের উপর পড়ে আছে। ডান পানানাও তাই।

মশায় ম্লান হেসে বলেছিলেন—এ বয়সে এ ব্যাধির মালিক পরমেশ্বর মিয়া সাহেব। ওই চোখ ওই হাত ওই অঙ্গটা তাঁর সেবাতেই নিযুক্ত আছে ভাবুন। আমার কাছে এর ইলাজ নাই। সে হিম্মতও নাই।

একটু চুপ করে থেকে মিয়া সাহেব বলেছিলেন—বলেছেন তো ভালো মশায়! মশায়-ঘরের ছাওয়ালের মতোই বাত বলেছেন। কিন্তু কী জানেন—শেষ বয়সে নিজেই বাধিয়েছি ফালাদ, মামলাতে পড়েছি। তাঁর সেবাতে সেবাতে ডান অঙ্গটা দিয়া নিশ্চিন্ত হতে পারছি কই! কিছু করতি পারেন না আপনি?

মশায় বিস্মিত হুয় বলেছিলেন—আপনার সঙ্গে মামলা কে করছে? সে কী?

রামপুরের মিরারা এ অঞ্চলের মুসলমান সমাজের ধর্মগুরু। তাঁদের সম্পত্তি সমস্তই নানকারি অর্থাৎ নিষ্কর। এবং নির্বাজাট। তাঁর সুদীর্ঘ জীবনে তিনি কখনও রামপুরের মিরাদের আদালতের সীমানায় বাতায়াতের কথা শোনেন নি। তাঁরা

কাউকে খাজনা দেন না, খাজনা পান বহুজনের কাছে ; কিন্তু তাঁদের বংশের প্রথা হল—সুন্দর নাই, তামাদিও নাই। সে প্রথা তাঁদের প্রজারাও মানে। পঞ্চাশ বছর পরও লোকে খাজনা দিয়ে গেছে। তাঁর সঙ্গে মামলা করলে কে ?

মিয়া বলেছিলেন—কে করবে মশায়! করছে নিজের ব্যাটা-জামাই। ঘরের ঢেঁকি কুমির হল মশায়—তাই তো বাঁচবার লাগি এসেছি আপনার কাছে। ডান অঙ্গটা না থাকলে লডি, ঠেকাই কী করে ?

—কাজটা যে আপনি ভাল করেন নি মিয়া সাহেব ; উচিত হয় নি আপনার। মশায় সন্তানের সঙ্গে বলেছিলেন কথাটা।

মিয়া সাহেব বছর পাঁচেক আগে নতুন বিবাহ করেছেন। উপযুক্ত ছেলে তিনটি—মেয়ে জামাই নাতি নাতনী, বৃদ্ধা দুই পত্নী থাকতে হঠাৎ বিবাহ করে বসেছেন এক তরুণীকে। এবং সে তরুণীটি মিয়া বংশের ঘরের ধোগ্য বংশের কন্যা নয়। স্ত্রী-পুত্রদের পৃথক করে দিয়ে, সম্পত্তি ভাগ করে দিয়ে, পৃথক সংসার পেতেছেন। একটি সন্তানও হয়েছে। এখন ছেলেবা শরিক হয়ে মামলা বাধিয়েছে। এদিকে মিয়া সাহেবের দক্ষিণ অঙ্গ পঙ্গু হয়ে পড়েছে!

মিয়া সাহেব একটা দীর্ঘনিশ্বাস ফেলে বলেছিলেন—হাঁ, ইকালে কাজটা নিন্দার বটে, তবে মশায় আপনিও সিকালের লোক, আমিও তাই। আমাদের কালের মামুলের কাছে কি পঞ্চাশ ষাট বয়সটা একটা বয়স ?

একটু চুপ করে থেকে আবার বলেছিলেন—কারেই বা বলি ই কথা? আপনি বয়সী ইয়ার-বন্ধু ছাড়া বলিই বা কী করে। মশায়, প্রথম ষখন কাঁচা উমর আমার—ষোলো সত্তেরো বছর উমর,—তখন—সেই কাঁচা নজরে মহকুতি হয়েছিল এক চাষীর কন্তের সঙ্গে। আমার দিল দেওয়ানা হয়ে গেছিল তার তরে। ধরেছিলাম—উহাকেই শাদী করব। বাপ রেগে আঙুন হলেন। আপনি তো জানেন—আমাদের বংশে বাদী কি রক্ষিতা রাখা নিষেধ আছে। নইলে না হয় তাই রেখে দিতেন। আমি গৌঁ ধরলাম। বাবা শেষমেষ আমাকে লুকায়ে সেই কন্তের শাদী দিয়া পাঠায়ে দিলেন—একরে ছুটো জেলার পারে। আমাদেরই এক মহলে, পস্তনিদারের এলাকায়। মশায়, এতকাল পর হঠাৎ একদিন নজরে পড়ল—এক কন্তে ; ঠিক তেমনি চেহারা—যেন সেই কন্তে নতুন জোয়ানি নিয়ে ফিরে এসেছে। লোকে অবিশ্বাসি তা দেখে না। তা দেখবে কী করে বলেন? আমার আঁখ দিয়া তো দেখে না! তাই ভাই, মেয়েটাকে নিকা না করে পারলাম না।

মশায় একটু হেসেছিলেন।

মিয়া সাহেব বলেছিলেন—আপনিও হালছেন গো মশায়? তবে আপনারে

বলি আমি শুনেম। এহঁ শাদী করে আমি সুখী হয়েছি। হাঁ। মনে হরেছে কি দুনিয়াতে যা পাবার সব আমি পেয়েছি। হাঁ। দুঃখ শুধু আয়ু ফুরায়ে আসছে, দেহখানা পঙ্গু হয়ে গেল; মেয়েটাকে দুনিয়াব মার থেকে বাঁচাতে পারছি না।

তাঁর চোখমুখের সে দীর্ঘি দেখে মশায় বিস্মিত হবে গিয়েছিলেন। বৃদ্ধের চোখ দুটো জলজল করে জ্বলে উঠেছিল। মনে হয়েছিল তাঁর সমস্ত অন্তরটা যেন প্রবল আবেগে ওই দুটো চোখের জানালায় এসে দাঁড়িয়েছে, বলছে দেখো, সত্য না মিথ্যা— দেখো।

মিয়া সাহেব বলেছিলেন—মশায়, আমি বলি কি, আপনি আমারে দেখেন— তারপর আমার নসিব। বুঝলেন না?

কম্পত ডান হাতখানা হোলবার চেপ্তা কবে বার্থ তবে বা হাতেব আঙ্গুল কপালে ঠেকিয়ে বলেছিলেন—ইটাকে লজ্জা কববার ক্ষমতা কাকব নাই। সে বা হয় হবে। ইয়ার লেগে এত ভাবছেন কেন আপনি মশায়? যিনি যক্ষ্মার নতুন বায়োগো ভালে করতি পারেন তিনি যদি এই একটা সামান্য ব্যাধি সাবাবানে না পাবেন—তবে দেশটা আপনারে কেউ দিবে না, দিবে আমার নসিবের লিখনকে।

মশায় সেকথা শুনেও যেন বুঝতে পারেন নি।

তিনি চলে গিয়েছিলেন দূর অতীতকালে। অন্তরের মধ্যে কোথায় লুকানো গোপন আগুনের জাঁচ অনুভব করছিলেন; অতি ক্ষীণ ধোঁয়ার গন্ধ পাচ্ছিলেন যেন; চোখ যেন জ্বালা করছিল। সত্যসত্যই তাঁর চোখে জল এসেছিল। মনে পড়েছিল মঞ্জুরীর কথা।

মিয়ার চোখ এড়ায় নি। তিনি বলেছিলেন—ইয়াংই তবে আপনার বংশকে বলে মশায়ের বংশ, ইয়ারই তরে লোকে আপনারে চায়। বোগীব দুঃখ-দরদে যে হাকিমের চোখে জল আসে—সেই ধম্বতরি গো।

মশায় মুহূর্তে সংবিত ফিবে পেবেছিলেন; চোখ মুছে মনে মনে ইষ্টদেবতাকে স্মরণ কবেছিলেন। মিয়া সাহেবের চিকিৎসাব ভাবও বিবেছিলেন তাঁকেই স্মরণ কবে। বলেছিলেন—তাই হবে মিয়া সাহেব! চিকিৎসা আমি কবং। আপনার ভাগ্য আর ভগবানের দয়া। আমার যতটুকু সাধ্য। কই দেখি আগে আপনার হাতখানি।

নিজেই তুলে নিয়েছিলেন তাঁর হাতখানি।

সেই হয়েছিল আবার শুরু।

প্রবাদ রটেছিল—পাঁচ বৎসর ঘরে বসে মশায় বাকসিদ্ধ হয়েছেন। মশায় যার নাড়ী ধরে বলেন—বাঁচবে, মরণ তার শিয়রে এসে দাঁড়িয়ে থাকলেও ফিরে যায়।

আর যাকে বলেন বাঁচবে না—সেখানে আপনপূরে মরণের টনক নড়ে; সে মুহূর্তে এসে রোগীর শিয়রে দাঁড়ায়!

বুদ্ধ মিয়া সাহেবের হাত ধরেই তিনি চমকে উঠেছিলেন। মৃত্যুলক্ষণ তিনি স্পষ্ট অনুভব করেছিলেন। ধীরভাবে ধ্যানস্থের মতো অনুভব করে তিনি দীর্ঘনিশ্বাস ফেলে বলেছিলেন—বিষয় নিয়ে মামলায় আপনি বিব্রত বলছিলেন। মামলা আপনি মিটিয়ে ফেলুন মিয়া সাহেব। মামলা চালাবার সময় আপনার হবে না। একশো আশি দিন। ছ মাস।

—ছ মাস? মামলা মিটিয়ে ফেলব?

- আমি তাই পেলাম।

পাঁচ মাসের শেষ দিনে মিয়া সাহেব দেহ রেখেছিলেন। মংগের নিজেরও যেন বিশ্বয় মনে হয়েছিল। এত স্পষ্ট এবং অক্ষফলের মতো ধারণা এর আগে ঠিক হত না। যে পিঙ্গলকেশীকে ঘরে বসে চিন্তা করে, ধ্যান করে বিন্দুমাত্র আভাসেও পান নি, তাকে তাঁর চিকিৎসাসাদনার মধ্যে বিচিত্রভাবে অনুভব করেছেন। নান্দীর স্পন্দনের মধ্যে লক্ষণের মধ্যে, রোগীর গায়ের গন্ধের মধ্যে তাঁর উপসর্গের মধ্যে, পাত্রবর্ণের মধ্যে এমন কি আঙ্গুলের প্রান্তভাগের লক্ষণের মধ্যে সেই পিঙ্গলকেশীর অস্তিত্ব অনুভব করতে পারছেন। মধ্যে মধ্যে আরও বিচিত্র অনুভূতি তাঁর হয় এবং হয়েছে। আজই অতসীর ছেলের কাছে বসে বারবার অনুভব করেছেন। তাঁর অশ্বীর্ষী অস্তিত্ব দরজার মুখ থেকে পা পা করে এগিয়ে আসছে মনে হয়েছে। আবার পেছিয়ে চলে যাওয়াও স্পষ্ট অনুভব করেছেন। রিপূত্রভাবমুক্ত নিষ্পাপ শিশু বলেই সে ওষুধের ক্রিয়া মেনে ফিরে গেল। কিন্তু প্রত্যোত বীর সাহসী যোদ্ধা। বীরের মতো যুদ্ধ করেছে। অশ্রুও তেমনি অদ্ভুত শক্তিশালী। অদ্ভুত!

নিজের জীবনে আক্ষেপ থেকে গেল, ডাক্তারি পড়া তাঁর হয় নি। হলে—এ বয়সেও এ অস্ত্র নিয়ে ব্যাধির সঙ্গে সংগ্রাম করতেন তিনি। হয় নি এক সর্বনাশীর জন্ত।

একটা দীর্ঘনিশ্বাস ফেলে নিজেকেই নিজে বললেন—থাক আর না।

ত্রিশ

ঘুম আসতে রাত্রি হুতা। প্রহর পার হয়ে গিয়েছিল। রাত্রি দেড়টার সময় ইনজেকশন দিয়ে প্রত্যোত্ত বাডি গিয়েছিলেন, তারপর ছেলেটির নাড়ী দেখে মশায় বাডি ফিরেছিলেন। বিছানায় শুয়ে অনেক কথা মনে পড়েছে; ঘুম আসতে তিনটে পার হয়ে গিয়েছিল। কিন্তু ঘুম ভাঙল সকালেই। ছেলেটির জন্ম উৎকর্ষা নাই। সে তিনি রাতেই বুঝে এসেছেন। সংকটের ক্ষণ আসতে আসতে, আসতে পায় নি, গতিকে মোড় ফিরিয়েছে ওষুধ। তবু ঘুম ভাঙল। এর কমেছে, ওই ফুলোটা কিভাবে কমে, কতটা কমেছে দেখতে হবে! রাতে ভালো দেখা যায় নি। প্রত্যোত্ত ডাক্তারকে অভিনন্দন জানাতে হবে, অকুষ্ঠ অভিনন্দন। সে ঘড়ির কাটার মতো আসবে ইনজেকশন দেবে।

আত্তর বউ তার আগেই উঠেছেন। নিচে একদফা তেজ বিকিরণ শেষ করেছেন। ভোরবেলা কালীতলায় জল দিতে গিয়ে মতি কর্ণকারের মাকে দেখেছেন। কালীমাতার পাশেই মতির বাড়ি; মতির না কোঠা ঘরের জানালা খুলে কালীমন্দিরের দিকে তাকিয়ে কাতরস্বরে বহুশ্রী উপশমের জন্ম প্রার্থনা জানাচ্ছিল। মতির মায়েব প্রাষ্টার-করা পায়ের বহুশ্রী কাল কোনো কারণে বেড়েছে। সত্ত্বত বর্ধমান থেকে এখানে আসার পথে কোনো কিছু অনিয়ম ঘটে থাকবে। মতির মাকে দেখে আত্তর-বউ তারই উপর বয়ণ করেছেন তাঁর রাত্রির অবস্থার ক্রোধ।

মাঝবের এত বাঁচবার সাধ? এত ভয়? মরণে এত দুঃখ! চিরদিন প্রশ্নগুলি তিরস্কারের সঙ্গে মতির মায়ের কাছে উত্থাপিত করেছেন। বাডি ফিরেই স্বামীকে নিচে নামতে দেখে থমকে দাঁড়িয়ে প্রশ্ন করলেন—এত সকালে উঠলে? শুয়েছ তো রাত্রি দুটোর পর!

—ঘুম ভেঙে গেল। ছেলেটার খবর নি? কেমন আছে?

—ওখানেও কি কিছু হেঁকে বসে আছ না কি?

গভীর স্বরে মশায় ডেকে উঠলেন—নারায়ণ নারায়ণ!

—আর তোমার নারায়ণ নারায়ণ! নিজের সন্তানের মৃত্যুকালে ওষুধ দিতে বললে যে দুধ গঙ্গাজল দিতে বলে, তাকে কিছু বিশ্বাস নাই! কিন্তু সেকাল এককাল ছিল। একাল হলে আর এই ডাক্তারের মতো ডাক্তার হলে আমার বহু মরত না। মতির মাকে দেখে এলাম। কোঠার জানালা খুলে কালীমাকে প্রশ্নাম করছে!

মশায় ক্ষুব্ধ হলেন না। একটু হাসলেন। কী বলবেন আত্তর-বউকে?

জীবনের দুঃস্বপ্ন অথচ অক্ষম ব্যাধির মতো! - যুত্ব্যর শাস্তি কোনোদিন দিতে পারবে না, শুধু ব্যাধির জালা যন্ত্রণায় কষ্ট দেবে।

স্বামীর মুখে হাসি দেখে আতর-বউও হাসলেন। হেসে বললেন—রতনবাবুব ছেলেকে দেখে কী বলে এসেছ? ছি-ছি-ছি! ওরকম করে বোলো না, বলতে নাই। বয়স হয়েছে। এখন ভ্রম হবে। সেটা বুঝতে হয়। কাল তখন অনেক রাত, তুমি অহি সরকারের বাড়িতে। রতনবাবুর লোক এসে চারটি টাকা আন চিঠি দিয়ে গিয়েছে। আমি ব্যস্ত হলাম। কী জানি, এখনি হয়তো যেতে হবে। বিনয় তখনও বসে ছিল—তাকে ডেকে পড়ালাম। সে বললে—মশায়কে যেতে বাবন করেছে। ডাক্তারেরা সবাই বলছে—ভালো আছে। এক মশায় বলেছেন, মুখে কিছু বলেনি, ইশারায় বলেছেন—ভালো নয়। তা বিপিনবাবুব ইচ্ছে—। এই নাও চিঠি। বাত্রে দিই নি। কী জানি, মাতুষের মন তো!

চিঠি আর চাবটি টাকা নামিয়ে দিলেন। মশায় টাকাটা ছুলেন না। চিঠিখানাই তুলে নিলেন! হ্যাঁ তাই লিখেছে রতনবাবু। ক্ষমাও চেয়েছে তাঁর কাছে। লিখেছে— “তোমার ইঙ্গিত যে প্রব সত্য তাহা আমি জানি। এবং সে সত্যকে সহ্য করিবার জগ্ন নিজেই প্রস্তুতও করিতেছি। বিপিন তাহা পারিল না। প্রচোত বাবু প্রভৃতি ডাক্তারেরা জগ্ন মতই পোষণ করেন। সকলেরই মত বিপিন ভালো আছে। এবং কলিকাতা হইতে বড় ডাক্তার চ্যাটার্জি মশায়কে আনিবার কথা বলিয়াছে। বিপিনেরও তাই ইচ্ছা। সুতরাং...”

যাক, মুক্তি! একটা দীর্ঘনিশ্বাস ফেললেন মশায়। কিন্তু মুক্তিই বা কোথায়? বিপিন তো—। তাঁকে সে যেতে বাবন করেছে, তিনি যাবেন না কিন্তু সে পিঙ্গলকেশী তো ফিরবে না। বিপিনের জগ্ন দুঃখে মনটা কেমন উদাস হয়ে গেল।

—মশায়! উঠেছেন? মশায়?

ভারী গলা, দীর্ঘায়িত উচ্চারণ; এ রানা পাঠক। ওকে আজ আসতে বলেছিলেন কাল।

—মশায়!

রানা অধীর হয়ে উঠেছে মনে হচ্ছে।

—কাল রাতে রক্ত একটু বেশী উঠেছে মশায়!

—এ অবস্থায় তোমার হেঁটে আসা উচিত হয় নি, বাবা

কী কবব ? আপনি যে বলেছিলেন আজ্ঞ ।

—একটু চূপ করে থেকে মশায় বললেন—কিন্তু আমি কী কবব বাবা এ রোগে ?

—পবমাণু থাকলে বাঁচাবেন, না থাকলে সময়ে বলে দেবেন, কালী কালী বলে তৈরী হয়ে যাব—আব যতটা পাববেন কষ্টেব লাঘব করবেন । হাব কী কব্বেন ?

—মশায় ।

- বাবা ।

—দেখুন আমার হাত ? কী ভাবছেন আপনি ?

—মশায় বললেন ভাবছি, তুমি প্রজ্ঞাত হা ক্তাবদেব দেবিদে—

বাধা দিয়ে বাবা বললে আজ্ঞে না । ও নোকটির নাম আমার আছে কবাবন না । ওব নাম না, চাকবাবুব নামও না । ওদের তুজ্জবেব ক'ছ আমি গিয়েছিলাম । সব কথা আপনাকে বল নি । শুধু বলেছিলাম, ওবা লস ব'দ দিয়েছে । কিন্তু আবও আছে । আমি বলেছিলাম—এক্সরে, টে—বা বলছেন—কমসমে কবিযে দেন । বামুন বলে, গরিব বলে ক্ষ্যামাঘেন্না কবে । তা হসপাতালের ডাক্তাব বললে—বামুন-টামুন আমি মানি না । আর গরিব বলেই বা তোমাকে দবা করব কেন ? তুমি অসচ্চবিদ্র লোক, একটা জ্বীলোক থেকে অসুখ ধবিযেছ । চাকবাবু বললে—তোমাদেব ঘবে তো ম'-কালী বয়েছে গো, অনেকবমা পাও হোবরা । তাবপব হেসে বললে—মা-কালী'ব কাছে পদে না হে । মা কালী সাবাতে পাববে না ? ওদের কাছে আমি যাব না ।

বিষন্ন হাসি ফুটে উঠল মশায়েব মুখে । বাবাব ও ' স্কোভটুকু তিনি অল্পভব কবতে পাবলেন । বাবা'দব জাত আলাদা । এ কথা ওবাই বলতে পাবে ।

বাবা বলে গেল—আপনাকে বলেছি, একটি মেয়েলোক থেকে আমার মতো ওসুবেব দেহে শোগটা ঢুকে গেল । কলকাতাব এক হতভাগিনী মেয়ে । কলকাতাব দাঙ্গাব সময় গুণ্ডাবা তাকে লুট কবে । তাবপব এখন ওখান কবে তাব লাঞ্ছনার আর বাকি বাখে নি । কোথা সেই বেহাব পাস্ত নিয়ে গিয়েছিল । সেখান থেকে আবাব কনকাতায়—কলকাতায় আমাদের যবেব ওপাশে গন্ধাবাম-পুবেব মুসলমান গুণ্ডা বহমত ওকে পায সে তাকে বোরখা পবিযে নিয়ে আসে এখানে । নদীব ঘাটে নৌকার উপব উঠিয়েছিল । আমি লগি ধরেছিলাম । আমার গলায় পৈতা । এই দেহ । তাব ওপব লগিতে ঠেলা দিয়ে হাঁক মারলাম—জ্বকালী ! সব হরি হবি বলো ! নৌকতে সবই প্রায় হিন্দু । সবাই হরিবোল, বলে উঠল । মেয়েটা তখন সাহস পেয়ে বোরখা ফেলে দিয়ে চীৎকার করে উঠল—আমাকে বাঁচাও । আমি হিন্দুর মেয়ে । ওরা আমাকে ধরে নিয়ে

যাচ্ছে। রহমত ছুরি বার করেছিল—কিন্তু আমার হাতের লগি তখন উঠেছে।
 মেয়ে উঠলাম হাঁক। রানা পাঠককে রহমত জানে। বেটা ঝপ করে নদীতে
 লাফিয়ে পড়ল। সঙ্গে সঙ্গে তার সঙ্গীটা। মেয়েটাকে নিয়ে গেলাম বাড়ি।
 মুসলমানেরা এল। বললে দিয়ে দাও, নইলে ভালো হবে না। আমি বললাম—
 মন্দকে ভয় করে না রানা। তা তোর জানিস। পারিস নিয়ে যাস। সেই
 মেয়ে। বাড়ি ফিরতে চাইলে না। থেকে গেল। তা-পরেতে ঘি আর আণ্ডন।
 জানগ্রাম না মেয়েটার এ রোগ আছে। মেয়েটাও জানত না ঠিক। ক্রমে
 জানা গেল। কিন্তু তখন ওকে ছাড়া আমার শাখান বাইরে। পরিবর্তন
 বলছে বলুক, আমি ওকে বিশেষ একবকম করেছি। ভালোবেসেছি মেয়েটাকে।
 ভালবাসতে গিয়ে রোগ ধরেছে, তার রোগ নিয়েছি, তাতে আমার লজা
 নাই। সে খে যা বলবে বলুক। মরেও আমার সুখ। আর চাকবাবু বলে
 কালীর কথা। কালীর কাছে রোগ সারে কি না জানি না। তবে মাথের ইচ্ছে
 হলে সারে। কিন্তু কালীর কাছে রোগ সারিয়ে দাও—এ বলতে আমি শখি
 নাই মশায়। কালীর কাছে চাই—কালকে যেন ভয় না কর। হাকেই বলে
 মোক্ষ। কালীর কাছে চাই কালীর কোল! আপনি আমাকে ঘেরা করবেন না,
 মা কালী নিষেও ত্রাসা করবেন না আমি জানি। তাই আপনাব কাছে
 আরও আসা।

তা তিনি করবেন না। করেন না। তাঁর বাবা বলতেন—রোগীকে বোগ নিয়ে
 কখনও কটুকথা বোলো না। কখনও শ্লেষ কোরো না। পাপ-পুণ্যের সংসারে মাতৃস্ব
 পুণ্যই করতে চায় কিন্তু পারে না। শাসন কোরো ধমক দিয়ে, প্রয়োজন হলে
 ভয় দেখিয়ে। কিন্তু মর্মান্থিক কথা বোলো না, আর বোগী শরণাপন্ন হলে ফিরিয়ে
 দিয়ে না।

গুরু রঙলাল বলতেন—মানুষ বড় অসহায় জীবন। রাগ কোরো না কখনও।
 ঘৃণাও না।

গুরু রঙলাল অনেক ক্ষেত্রে রোগীর গালে চড় মেরেছেন। ভূগী বোদকে
 মেরেছিলেন। এক শোখীন তান্ত্রিক লিভারের কঠিন অস্থি নিয়ে এসেছিল তাঁর
 কাছে। তিনি মদ খেতে নিষেধ করেছিলেন। সোজা কথা ছিল তাঁর। বলেছিলেন—
 ‘মদ খেলে বাঁচবে না। মদ ছাড়তে হবে।’ রোগী বলেছিল—‘কিন্তু আমার সাধন-
 ভজন?’ রঙলাল ডাক্তার বলেছিলেন—‘বিনা মদে। কাঁসার পাত্রে নারকেল
 জল-টল দিয়ে করবে। পাঁঠা বলির বদলে মাষকলাই ছড়িয়েও তো হয় হে।’
 লোকটা জিভ কেটে বলেছিল—‘বাগরে! তাহলে আর মা দেখাই দেবেন না!

ও আমার মায়ের আদেশ। মা আমাকে দেখা দিয়ে বলেছেন ডাক্তারবাবু! রঙলাল ডাক্তার খপ করে ছাঁচ চোখের মুঠো ধরে বসে ছিলেন—কী বললে? মা তাকে দেখা দিয়ে এই কথা বলেছেন? মিথোবাদী। মা মদ পায়? খেতে বলে 'যে মদে লভাব পচে—সেই মদ?'

জীবনমশায় চাওতে—এ বোগী বাঁচবে না। প্রবলবিপুলভাবে সে অসহায়। বাঁচেও নিসে।

মাগুষ অসহায় বড় অসহায়। পুত্রস্ত্রি তাড়নায় সে নির্মানিক কলঙ্ক কাহিনী বসে। কবিতা চলে। ছাড়া 'মন' করে কাল হৃৎশোভনা করে নিজেকেই নিজে অভিসম্পাত দেবে। মন মনে শ্রমে চক্রে স্নেহে যাক, কাজ করে আলোতে কাজ চাট। শ্রদ্ধা করে গাফিলি কবে। বহু খেতেছেন তিনি। উপার্জনক্ষম পুত্রের মৃত্যু। পিতাকে উঠল তৈরি কবিয়ে নিতে দেবেছেন বকে বধুত কবে। মদে কন্যাপাপ কতেও দেবেছেন। প্রতিভা এবে সখা গনি ববেন না। একেও ক্ষমা করেন তিনি। পুত্র মৃত্যুর স্বাধীন পুত্রের পথকার ইতিহাস অনেক। মনব মৃত্যুর ম্লান ব্যাভিচার কবে ভ্রম পু। ভ্রমনিয় গ্রন্থ অনেককে গেনে না ছু চবি কবে খেতে দেবেছেন এই কঠিন লগ্নে। পুত্র মায়ের পুত্র অক্ষয়।

মাগুষ বড় অসহায়।

মশায় একটা দীর্ঘনিশ্বাস ফেললেন। বানা ডাকল—মশায়।

—একট বসে জ্বিয়ে নাও বাস। কথা বোলে' না অংকটা হেঁচো এসেছ। একট পবে দেখব। বোনে। আ. এদের এই ছেলটাকে দেখে আদি।

অঙ্গীক হলে হাজ ভালা আছে। জব কম ফলোটাও কমেছে। ফুলোব উপবেব বক্তাভাব গাঢ়তাও কম হয়েছে। পবিধি কমে নি, কিন্তু বাডে নি, থমকে দাঁড়িয়েছে। কাল সকালে জব ছিল একশো দুইবেব কাহাকাছি, আজ সকালে জব একশো একবেব নেচে। চৈতন্তেব উপর আচ্ছন্নতায যে একটি আবরণ পড়ে ছল, সেটি কেটে এসেছে, ফুটফুট কবে দু-চাবটি কথা বলছে। ঠিক সাতটার সময় প্রত্যোত ডাক্তারের বাইসিকেলের ঘণ্টা বেজে উঠল। ভোব পাঁচটার টেনে সদব শহব থেকে অকণেন্দ্র ব্লাড রিপোর্ট পাঠিয়েছে। কঠিন বোগ, মাব্যাক্ক সংক্রমণ হয়েছিল—অকণেন্দ্র বিপোটে লিখেছে—“উইথ এ টেণ্ডেন্সি টু ইয়িসিপ্লাস।” চিকিৎসা তার নিভুল হয়েছে। বিপোটের জন্ম কী উৎকর্ষাতেই কাল দিনরাত্রি

সে কাটিয়েছে! পৃথিবীতে অমৃতই শুধু ওষুধ নয়, বিষও ওষুধ! কাল দিন রাতে এমনই ওষুধ অনেকটাই সে দিয়েছে। বৃদ্ধ মশায় অবশ্য তাকে বলেছিলেন—
‘কল্প তাও উপর পূর্ব ভবনা করও সে পাবে নি। বৈজ্ঞানিক পরীক্ষাতেই কত ক্ষেত্রে কত ভ্রম হয়, কত ক্ষেত্রে পঞ্চম ছু-তি-বার পান রোগ ধরা পড়ে না! এ তো শাস্ত্রের গুরুভব-অভ্রমা। কাল বিকেলে তাব বখন সন্দেহ হয়েছিল মামস বলে এ’
যখন ওই ব’ বলেছিলেন—‘মামস নয়; কঠিন বিষজর্জরতা রক্ত দূষিত করেছে,
ঝড়ের মতো বাড়ছে এবং বাড়বে’—তখন তাব খানিকটা রাগ হয়েছিল। বন্ধ যদি
বলত ‘এ মৃত্যুবোগ’, তবে প্রত্যোত্ত হযতো রাগে নিজেকে হাবিয়ে ফেলত।
মৃত্যুবোগ নির্ণয়-শক্তি একটা স্পিরিয়িটি কমপ্লেক্স বৃদ্ধের মাথা খাবাপ করে
দিয়েছে।

দাঁতু ঘোষাল ভালো আছে। পিপিলাবু ভালো আছেন। মতিব মা সর্দমান
থেকে ফির এসেছে কাল। বড়ীব পায়ের যন্ত্রণা কাল পাবে বেড়েছে একটু। এট
এখনি এখানে আসার পথে, মতি মুখ শুকনো করে দাঁড়িয়ে ছিল। বলেছে—
‘ভালোবাব, মায়েব পায়ের যন্ত্রণা যে বেড়ে গেল কাল রাত্রি থেকে! তাহলে?’

প্রত্যোত্তের বন্ধের বাকি থাকে নি—মতি যা বলতে চাইছে অথচ মুখে উচ্চারণ
করতে পারছে না সে কথাটা কী। একবার মনে হয়েছিল বলে, তাহলে মশায় যা
বলেছিল শাই করো। খোল কবতাল বাজিয়ে নিয়ে যাও গম্ভাতীবে! কিন্তু
আসন্নবণ করেছে। বলেছে আসবার সময় দেখব। কিছু নয়, টেনে আসবার সময়
পা নিয়ে নড়াচড়া হয়েছে, স্টেজক বেদনা হয়ে থাকবে।

প্রত্যোত্তকে সাদর স্যায়ন মশায়ট বানানেন—আমুন। বোগী আপনার দিবি
কথা বলছে। ভালো আছে।

কপালে হাত ঠেকিয়ে নীবেদে পু-ন-স্কার জাতিয়ে বোগীর বিচানার পাশে
বসলেন।

মশায় বললেন—আমি দেখেছি—

মধ্যপথে বাধা নিয়ে প্রত্যোত্ত বলে—আমি দেখি!

বিপদ কেটে গিয়েছে।

—না। বলেই প্রত্যোত্ত প্রশ্ন করলেন—রাতে প্রশ্নাব কেমন হয়েছে বলুন তো?

বৃদ্ধ বৃদ্ধিতে পারছেন না, ওষুধের প্রতিক্রিয়া আছে। প্রশ্নাব বন্ধ হতে পারে।
পেটে ফাঁপ দেখা দিতে পারে।

প্রশ্নাব কমই হয়েছে। রাত্রি বারোটা থেকে সকাল পর্যন্ত একবার। পেটে ফাঁপ রয়েছে একট। রোগী বেশ কয়েকবার জলের মতো তরল মলত্যাগও করেছে। পেটের দোষ হয়েছে। প্রত্যোত ডাভার গভীর মনোযোগের সঙ্গে দেখে তারপর ইনজেকশনের সিঁদুল বের করলে।

ইনজেকশন শেষ করে প্রত্যোত উঠল। কই? মশায় কই?

নাই। চলে গিয়েছেন! অহি স্বকর বললে, গুঁর আরোগ্য-নিকেতন থেকে ডাক্তে এসেছিল।

প্রত্যোত একট নাড়িয়ে ভেবে নিল। সে কি কোনো কত কথা বলেছে? না। বলে নি।

অহি বললে—উনি বলে গেলেন আমাকে ঢেকে, বিপদ কেটে গিয়েছে। আপনার খুব প্রশংসা করে গেলেন। বললেন খুব যুয়েছে। খুব সাহস। খুব ধীর।

প্রত্যোত বললে, প্রশ্নাবের উপর নজর রাখবেন। একটু দেহিতেই হবে। তবু লক্ষ্য রাখবেন। আর পেটে ফাঁপ একটু রয়েছে—ওই ফাঁপটা দেখবেন। বাড়ছে মনে হলো আমাকে খবর দেবেন। আর একটা কথা, মশায় নাড়ী দেখছেন বারবার, এটা ঠিক হচ্ছে না। মশনারাও ঝল হতে পারেন। আমারও একটু কেমন মনে হয়। বেবিয়ে এল সে।

সাদে আটটা বাজছে। হাসপাতালে কত কাজ, কত কাজ। কম্পাউণ্ডার হরিহর এখানকার লোক, বয়স হয়েছে। লোকটি আশচর্য রকমের শিথিল-চরিত্র। হবে-হচ্ছে করেই চলা স্বভাব। দু দশ মিনিটে কী আসে যায়? নাসেরাও স্ববিধে পায়।

মঞ্জুকে বলে এসেছেন, সে অবশ্য দেখবে। নিঃশিতভাবে সে এসব দেখে। এদিক দিয়ে সে ভাগ্যবান। মঞ্জু তাব কর্ণের বোঝার তার মাথায় তুলে নিয়েছে। রোজ সকালে একবার নিজে সে রোগীদের খোঁজ নিখে আসে, মিষ্ট কথায় সান্তনা দিয়ে আসে। হাসপাতালটির পরিচ্ছন্নতাব দিকে তীক্ষ্ণ দৃষ্টি তাঁর। নিজের বাড়ি থেকে মধ্যে মধ্যে পথ্য তৈরী করে দিয়ে আসে। মেয়েদের সম্পর্কে বলতে গেলে মঞ্জুর জন্তেই সে নিশ্চিন্ত। বোগিনীদের ও দিদি! ষাট বছরের বোগিনীও দিদি বলে।

এই দাঁতু ঘোষালটা তো মঞ্জুকে পেয়ে বসেছে। হাসপাতালের ভাতের সঙ্গে মঞ্জুর পাঠানো তরকারি ভিন্ন চীৎকার করবে। মঞ্জুকে রাজ্যের ভূত-প্রেতের গল্প বলে ভাব জমিয়েছে দাঁতু ঘোষাল। লোকটা অত্যন্ত পাজী। হাসপাতালে থেকেও

কী করে যে গাঁজা খায়—গাঁজা পায়—বুঝতে পারে না প্রত্যোত। ওকে তাড়িয়েই দিত সে। কিন্তু মশায়ের নিদানটার জন্তেই রেখেছে! দেখবে সে।

আরোগ্য নিকেতনের সামনে দিয়ে যাবার পথে নজরে পড়ল—মশায় কার হাত দেখেছেন। ঘাড়টি ঈষৎ ঝুঁকে পড়েছে। বোধ করি চোখ বন্ধ কবে রয়েছেন। প্রত্যোত হাসলে। সে শুনেছে, বিনয় মশায়কে তার দোকানে বসবার জ্ঞা ধরেছে। অন্তত কিছু কালের জ্ঞা। যতদিন সে কোনো পাশকরা ডাক্তারকে এনে বসাতে না পারে।

বানার হাতই দেখছিলেন মশায়। ভূঙ্গুগতি। কুটিল সর্পিল ভঙ্গি। এ সাপ রাজাগোক্ষুরই বটে দেহ-বিববেব মধ্যে বাসা বেঁধেছে; তার বিষ-নিশ্বাসে সারাটা দেহ অহবহই অরজ্জর। গায়েব গন্ধ থেকেও বুঝতে পারছেন। সাপেব গায়েব গন্ধ চেনে যে প্রবীণ বিষবৈজ্ঞা গর্ভেব বাহিবে বসেও তার গন্ধ পায়। সে গন্ধ তিনিও পাচ্ছেন। ধীরে ধীরে এবার চোখ খলে চাইলেন। বানার মুখেব দিকে তাকালেন! চোপের চারিপাশে কালো ছায়া পড়েছে; চোখ দুটি ক্লান্তিত কক্ষপক্ষেব চন্দ্রেব মতো বিষয়, তার চারিপাশে বাহুব উত্তত গ্রাসেব মতো গাঢ় কক্ষমণ্ডল। বানার হাতখানি ছেড়ে দিয়ে বিষয় তেল বুললেন—বোগ তাই বটে বাবা।

বানা হেসেই বললে—সে তো আমি জানি গো। নিজে তো গোড়! থেকেই বলছি। তা কা বুঝছেন? বাঁচব? ভালো হবে? না। একটু হেসে বলল—যদি মবি তো কতদিনে মবব? বলুন আপনি, অসঙ্কোচে বলুন। বানা ভয় করে না।

মশায় চূপ করে রইলেন। ভাবছিলেন—নতন ওষুধ উঠেছে ‘স্টেপ্টোমাইসিন’। তার কথা। সে নাকি অবার্থ।

বানা আবার বললে—বলুন গো! আপনি মশায়,—আপনি ভয় কবছেন কেন গো!

মশায় বাইরের দিকে তাকিয়ে ভাবছিলেন। তিনি হঠাৎ একটা দীর্ঘনিশ্বাস ফেললে বললেন—আজও কিছু বলব না। তুমি কাল বিকেলে আসবে—এখানে নয়, বিনয়ের দোকানে। ওখানেই আমাকে পাবে। কিন্তু হেঁটে এমন করে এস না, গোকর গাড়ি করে আসবে। হাঁটাহাটি পরিশ্রম এসব এখন স্বগিত রাখে। আর সেই মেয়েটির সংশ্রব একেবারে পরিত্যাগ করতে হবে। বুঝেছ?

বানা পশী হয়ে উঠল। বললে—আজ্ঞে হাঁ। যা বললেন আমি ভাট করব। কাল আমি গান্ধি কক্ষে শ্নিয়ের দোকানেই আসব। আপ একটা কথা আছে আমার ঠাখতে হবে।

—কী বলো। হাসলেন মশায়।

—সে মেয়েটার ব্যামো আমার চেয়েও বেশী। বাঁচবে না। তবে রোগ তো একই। তাকেও আমার সঙ্গে দেখুন না কেন? আপনি বিধাস করুন আমি তাকে ছোঁব না। কিন্তু তাকে এখন আশ্রয় দিয়েছি—তার ধরুন—তাদের কাছ থেকে ছিনিয়ে নিয়েছি। একটা দায় তো আমার আছে। তাকে আজ তড়িয়ে দেওয়াটা কি আমার পাপ হবে না? সে হতভাগী আবার কোথায় কার ঘরে যাবে, বিষ চড়াবে।

--এনো। তাকেও এনো। দেখব।

বানা চল গেল।

মশায় বিনয়কে বললেন—এই জগেই বানাকে আমি এত ভালোবাসি

বিনয় হেসে বললে—আমাকেও বাসেন। আমার দোকানে বসতে রাজী হয়ে আমার কী মুগটা যে বেখেছেন আপনি—সে কী বলব?

ইন্দির এসে দাঁড়াল। একথানা ফর্দ হাতে নিলে বললে—একেবারে মাসকাবারি হাঁসেব করে জিনিস নিয়ে এলাম। এই ফর্দ।

মশায় হাসলেন, বললেন—উত্তম। গিন্নীকে দাও গে, রেখে দেবে। না হয় ফেলে দেবে। কমিশনে কুলোর ভালো, না হলে বিনয়কে ভালগাছ দিলেই হবে। বিনয়ের দোকানে বিকেলবেলা বসতে তিনি রাজী হয়েছেন। অহি সরকারের বাড়ি থেকে এসে বানার পাশে বিনয়কে বসে থাকতে দেখেই বলেছেন—এসেছিস? আচ্ছা তাই হল, বসব তোর দোকানে। ইন্দির চলে যেতেই সেতাবের দিকে তাকিয়ে মশায় বললেন—বলছিলাম না সংসাবচক্র! এই দেখ। বিনয়চক্র মাসকাবারি জিনিস পাঠিয়ে দিয়েছে।

সেতাব বসে ছিল ঘরব কোণে। সামনে দাবার ছকটি বিছিয়ে হৃদিকেই গুটি মাজিয়ে নিবিষ্ট মনে খেলে যাচ্ছিল।

এতক্ষণে মুখ তুলে সেতাব বললে—ভালগাছ বেচতে গিন্নী রাজী হয়েছে?

জীবনমশায়ের লাইকার পুকুরে পঁচিশটি ভালগাছ আছে। সোজা এবং স্তূর্দীর্ঘ আর বহু পুরনো। এ অঞ্চলে গাছ কটির খ্যাতি বহুবিস্তৃত এবং সর্বজনস্বীকৃত। এমন পাকা সোজা তালগাছ একালে স্তূর্দুলভ। ওই গাছ কটি আতর-বউয়ের সম্পত্তি, তাঁর বন্ধপঞ্চর বললেও অত্যাক্তি হয় না। যুদ্ধের আগেই এসব গাছের দাম ছিল তিরিশ

টাকা! এখন আশি নব্বই টাকা লোকে হাসিমুখে দিতে চায়। কিন্তু আতর-বউ তা পাবেন না। ছন্নমতি লক্ষ্মীছাড়া ভাগাহীন স্বামীর উপর তাঁর আস্থা নাই। পঁচিশটির দশটি নিজের এবং দশটি স্বামীর পারলৌকিক ক্রিয়ার জন্ত রেখেছেন। পাঁচটি রেখেছেন ঠাপৎকালের জন্ত।

গ্রীবনমশায় হেসে বলেন—কুড়িটি হল ভবসাগর পারের ভেলা। আর পাঁচটি হল শেষ বয়সে খানা-খন্দ পার হওয়ার নড়ি। তা বিনয় বলে-কয়ে ওই পাঁচটি নড়ির থেকে একটা দিতে রাজী করেছে। বলেছে টাকাটা পোস্টাপিসে জমা রেখে দেব।

একত্রিশ

‘এ রাজী বাখবার আমার আর জাযগ’ নাই। মৃত্যু হবার আগেই আমি মরে গেলাম লজ্জায়। আমি আপনাকে দুঃখ দিয়ে গেলাম। শত্রুগুণ্ডের কাজ করে গেলাম।’

কথাগুলি বিপিনবাবুর প্রায় শেষ কথা। বলে গেছে বাপকে। রতনবাবুকে। এ দেশে চলতি একটা প্রাচীন ধারণা আছে;—পূর্বজন্মের ক্ষুদ্র শত্রু পরজন্মে পুত্র হয়ে জন্মায়, বড় হয়, মা-বাপের মনে বিপুল প্রত্যাশা জাগিয়ে তোলে, তারপর একদিন সে মরে, নিষ্ঠুর আঘাত দিয়ে—পূর্বজন্মের শত্রু এ জন্মের বাপের উপর শোধ নিয়ে যায়। মৃত্যুর পূর্বে উচ্চশিক্ষিত বিপিনও এ ছাড়া বলবার কথা এঁজে পায় নি।

দিন বিশেক পরের কথা।

মশায় বসেছিলেন দিনয়ের দোকানে। কথাগুলি বলছিল কিশোর। গতকাল বিপিন রাত্রি সাড়ে এগারোটায় মারা গিয়েছে। দশদিন আগে ডাক্তারেরা বলেছিলেন—বিপিনবাবু ভালো আছেন। অগত এবারের মতো বিপদ কেটেছে। এবং আর অবস্থা খারাপ না-হলে ধীরে ধীরে সেবে উঠবেন। আটদিন আগে কলকাতা থেকে ডাক্তার চ্যাটার্জি এসেছিলেন। তিনি ডাক্তারদের মত সমর্থন করেছিলেন, কিন্তু উৎসাহের সঙ্গে নয়।

রতনবাবু একবার মশায়ের কথা তুলতে চেয়েছিলেন। বলেছিলেন—আমাদের, এখানে একজন নাড়ী দেখায় বিশেষজ্ঞ আছেন। তিন পুরুষ ধরে নাড়ী দেখার সুনাম। নিদান দিয়েছেন—

বাধা দিয়ে প্রত্যোত্তর বলেছিল—তাঁর কথা বিশ্বাস করলে—

ডাঃ চ্যাটার্জী দ্রুতকৃত করে বলেছিলেন—কী বলছেন তিনি? অনান-টপান দিয়েছেন নাকি?

—না। তা ঠিক বলেন নি তবে—।

ডাঃ চ্যাটার্জী বলেছিলেন—হাত দেখায় অবিশ্বাস আমি কবি না। আমার বয়স হয়েছে। প্রথম জীবনটা হাত দেখার উপর নিব্ব কবতে হত অনেকটা। আমাদের ডাক্তাবেবাও অনেকে খুব ভালো হাত দেখতে পাবতেন। পারেনও। কিন্তু চিকিৎসা যখন আমরা করছি আমাদের কথাই বিশ্বাস করুন। তিনি হয়তো বলেছেন—রোগ একেবারেই অসাধ্য। এই এতদিনের মধ্যে—কিছু হবে। আমরা বলছি—না হতেও পাবে। অসাধ্য রোগ আমরা বলব না। শেষ পর্যন্ত লড়াই করব। তাঁর কথায় বিশ্বাস করলে বোগীকে—আত্মীয় স্বজনকে হাল ছেড়ে দিয়ে চবম দুর্গটনার জগুই শুধু অপেক্ষা করতে হবে।

তাবপব আবার বলেছিলেন—একটু হেসেই বলেছিলেন—আমিও এদেশের লোক, ডাক্তারি কবি অবশ্য। কিন্তু বা তিনি বলেছেন—তা তো বুঝছি। সে তো একটা বড় জিনিস। কষ্টদায়ক দুঃসাধা ব্যাধি, কোনোক্রমে বাঁচলেও সে জীবনমত হয়ে বেঁচে থাকে। এবং সংসারে জন্ম হলেই যেখানে মৃত্যু প্রব সেখানে যদি অন্যদাসে স্বচ্ছন্দে জীর্ণ অকেজো দেহটাব পতনই কামা মনে কবতে পাবেন, সে তো বড় জিনিস। সেটা আমাদের দিকেব কথা আমরা বলব কেন?

ডাঃ চ্যাটার্জী চলে যাবার তিন দিন পর বোগ হঠাৎ বেঁকে দাঁড়াল। প্রস্রাবের বঙ খাবাপ হল, পরিমাণে কমে গেল। এবার প্রস্রাব পরীক্ষার ফল দাঁড়াল শঙ্কাজনক। হার্টের অবস্থা খারাপ দাঁড়াল। হার্টবেট একশো তিরিশ। এবং গতি তাব বাড়বাব দিকে।

হরেন আবার ছুটে গেল কলকাতা। ডাঃ চ্যাটার্জী বললেন—ওইটেই আমার আশঙ্কা ছিল। তাই দাঁড়াল! এখন—।

একটু চিন্তা করে বলেছেন—হাত আর কিছু নেই।

ঘাড নেড়েছে বারবার।—নাঃ। হাত নেই। শেষ পর্যন্ত বলেছিলেন—ডিজিটেলিস ইনট্রাভেনাস দিয়ে দেখ।

হরেন আতঙ্কিত হয়ে উঠেছিল শুনে।—ডিজিটেলিস? ইনট্রাভেনাস? আপনি চলুন শ্রীতা হলে।

—আমি? আমি গিয়ে আর কী করব? আমি তো বলছি—সামনে চরম অবস্থা। প্রব বললেই হয়। এখন চাম্স নিয়ে দেখতে পাব। যদি ভালো কবে, ক্রাইসিসটা কাটবে। ক্রাইসিসটা কাটলে দরকার হয় যাব।

কিন্তু সে ঝুঁকি এখানে কেউ নিতে চায় নি। হরেন চাকবাবু কেউ না। প্রত্যোত একটু ভেবেছিল। শেষ পর্যন্ত সেও সাহস করেনি। মনে অর্ধাত্তরও শেষ ছিল না।

বিপিনবাবুর তখনও জ্ঞান ছিল। কলকাতার ডাক্তার না আসতেই বুঝতে পেরেছিলেন তিনি। নিজেকে প্রস্তুত করতে গিয়েই বৃদ্ধ পিতার দিকে লক্ষ্য করে ওই কথাগুলি বলেছিলেন।

—এ লজ্জা বাথবার আমার ঠাই নাই। মরণের আগেই আমি লজ্জায় মরে যাচ্ছি। আপনাকে দুঃখ দিয়ে গেলাম। শত্রুপুত্রের কাজ করে গেলাম।

অসাধারণ মাতৃষ রতনবাবু। বিষন্ন হেসে তিনি ছেলের মাথায় হাত বুলিয়ে বলেছিলেন—তুমি আমার বীরপুত্র। জীবন সংগ্রামে ভয় পাও না, পিছু হটো না, বশ্রাম নাও নি—যুদ্ধ করতে করতেই পড়লে; তার জ্ঞান লজ্জা কী?

—লজ্জা? বৃদ্ধ বয়সে আবার আপনাকে বর্ষ পরতে, অস্ত্র ধরতে হবে। এ থেকে আপনাকে আমি রক্ষা করতে পারলাম না। এই লজ্জা। এই তো আমার চরম হার।

রতনবাবু ছেলের মাথায় হাত রেখে চোখের জলের সঙ্গে গোটের বিচিত্র হাসির সঙ্গ বলেছিলেন—কার কাছে হার? যার কাছে তোমার হার তার কাছে—রাম বৃদ্ধ থেকে ভীষ্ম দ্রোণ নেপোলিয়ান—হাও মেনেছে। ও কথা ভেবো না।

ঘাড নেড়ে বিপিন বলেছেন—না। হার আমার নিজের কাছে। ডাক্তার চ্যাটার্জি আমাকে বারবার বলেছিলেন। এ কম জীবন আপনি ছাড়ুন! এরোগ রক্তগুণের রোগ, বাগসিকতা সব ছেড়ে—দৈনন্দিক জীবন না হলে আপনার রোগ সারবে না, বাড়বে। আমি বলি নি কাউকে। চেষ্টা করেও পারি নি ছাড়তে। হার আমার নিজের কাছে।

এরপর আর কিশোর ঘরে থাকতে পারে নি। বেরিয়ে চলে এসেছিল। এর আগের দিন থেকেই বিপিনের প্রস্রাব বন্ধ হয়েছিল। তারই পরিণতিতে ক্রমশ মোহাচ্ছন্ন হয়ে বিকেলবেলা পর্যন্ত অজ্ঞান হয়ে পড়েছিল। রাত্রি এগারোটায় সময় মৃত্যু হয়েছে।

সমস্ত গ্রামটা—গুধু গ্রামটা কেন,—এ অঞ্চলটা—বিপিনের মৃত্যুতে মুহমান হয়ে পড়েছে। এতবড় একটা মাতৃষ, কর্মবীর, স্বনামধন্য পুরুষ। তার মৃত্যুতে হওয়ারই কথা। সকালবেলা শবযাত্রার সময় কাতারে কাতারে লোক ভেঙে এসেছে। স্নান বিষন্ন মুখ। সমস্ত অঞ্চলটার আকাশে যেন একটা ছায়া পড়েছে। জীবনমশায়ও উদাস দৃষ্টিতে চেয়ে রইলেন বাইরের দিকে। মৃত্যুমুখের পৃথিবী। হেন লক্ষ্য নাই

যে ক্ষণে লখ না ঘটেছে, মৃত্যুর রথ না চলছে। জীবন জন্ম দিয়ে মৃত্যুকে ছেয়ে ফেলতে চেষ্টা করছে! তবু তাকে জানা যায় না, জানবার উপায় নাই। তাই তাকে এত ভয়। মধ্যো মধ্যো তো ভয় ঘোচে, মাল্লখ তো জয় করে মৃত্যুভয়কে, দলে দলে তো ছুটে চলে মৃত্যুবরণ করতে। তখন তো মৃত্যু অচ্যুত হয়ে যায়। সিপিন যে ধরণের মাল্লখ, যে শিক্ষা সে পেয়েছিল, তাও তাব দেশের জন্তে মৃত্যুবরণ করা আশ্বর্ষের কথা ছিল না, তাই যদি সে করত, তবুও কি এমনি ছায়া পড়ত? তাও পড়ত না! অকস্মাৎ মশায়ের ঞ্য়াল হয়, কিশোর কখন উঠে গিয়েছে! একটা দীর্ঘনিশ্বাস ফেললেন মশায়। তারপর নিদ্রেব নাড়ীটা ধরে বসলেন।

কিছু বুঝতে পারা যায়? কোনো বেলক্ষণ, কোনো ইঙ্গিত? না

—হাত দেখছেন? নিজেব? পিনব এসে ঢুকল।

— হাঁ।

শরীর সন্নয়ন—?

—না। হাসলেন মশায়।

—কদক এসেছে। ওব আজ ইন্দেকশনব দিন।

—কই?

—ছজুর এসে দাডাল বুডো জুতো সেলাই গুয়ালা।

বিনয়ের এখানে কদকই তার প্রথম বোগী। রান' সেন্নি এখানে অসবার আগেই এসেছিলো। বুডো, আমাশবেব বোগী। পুরানো রোগ, কিন্তু আশ্চব রোগী। এমন শাবধানী রোগী আর দেখা যায় না। বোগ তাব ছুয়াবোগ্য, আজও শাবল না। কদক কদককে কখনও কখনও পাকড়াও করতে পাবলে না। রোগ বাডলেই কদক খাওয়া-দাওয়া প্রায় ছেড়ে দেয। চিকিৎসক যদি বলেন—এক পোয়া খাবে তবে সে আশ পোয়ার বেশী খাবে না।

বাতিক তার গুযধের। বারমাসই একটা-না একটা গুযুধ তার খাওয়া চাই-ই। সে ডাক্তারী, কবিরাজী, হাকিমি, টোটকা খা হোক। পালা আছে। কিছুদিন ডাক্তারী তারপর কিছুদিন কবিরাজী।

কদক তাঁর পুরনো রোগী। কদক এ দেশের লোক নয়। বোধ করি বিলাসপুর অঞ্চলের চর্ম ব্যবসায়ী। সেকালে এ দেশে তাদের যে প্রথম দল এসেছিল তাদের মধ্যো শর্ছিল কদক তখন জোয়ান, সঙ্গে বউ আর একটি ছেলে।

মশায় সেকালে গুর ছেলেটাকে কঠিন রোগ থেকে বাঁচিয়েছিলেন। সেই কারণে কদক সেকালে মশায়কে দেখলেই এসে পথ রোধ করে দাঁডাত।—জুতোটা বুরুশ করে দিব মহাশা।

জুতো পরিষ্কার না করিয়ে উপায় ছিল না তাঁর। দাডাতেই হত। সে যেখানেই হোক। বাজারে, হাটে, ইস্কুলের সামনে, সবরেজিষ্ট্রী অফিসের অশখতলায় কদরু এক-একদিন এক-এক জায়গায় পালা করে বসত। সেদিক দিয়ে যেতে হলেই কদরুকে দিয়ে জুতো পালিশ করিয়ে নিতে হত।

পয়সা অবশুই দিতেন মশায়। কদরুর আগ্রহের দাম দেওয়া যায় না। বনবিহারীর মৃত্যুর পর যখন তিনি ঘব থেকে বের হতেন না তখনও মধো মধো কদরু বাড়ি গিয়ে জুতো পালিশ করে দিয়ে এসেছে। তখন কোনোদিন পয়সা পেয়েছে কোনোদিন পায় নি। আজ বছর কয়েক কদরু বুড়ো হয়ে অক্ষম হয়েছে। সবরেজিষ্ট্রী অফিসের অশখতলাটা ছাড়া অন্য কোথাও আর যায় না, যেতে পাবে না। বিনয়েব নোকান সবরেজিষ্ট্রী অফিসের কাছেই। এবার কদরু ঠিক এসে হাজির হয়েছে। জুতোও সাফ করে দিয়েছে। এবার অসুখটা বেশী।

কদরুর মৃত্যুকাল নিরুপণ করা কঠিন। কদরু রোগকে প্রশ্রয় দেয় না। সাধনাই লোক। কিন্তু রোগটা যেন ক্রমশ গ্রহণীতে গড়ে দাঁড়াচ্ছে মনে হচ্ছে। তাব পায়েন ধ্বনি এইবার কোনোদিন বেজে উঠবে।

এবার কদরু বলেছে— সুই দাও বাবা মহাশয়। বেশ ভালো তেজী গাটকা আমদানী দাওয়াই দিয়ে সুই দাও।

—সুই? ইনজেকশন? মশায় হাসলেন—জ্বলাদি আরাম চাই কদরু?

—হাঁ বাবা। বিনা কামসে খাই কী করে?

কদরুর ছেলেরা বড় হয়ে বাপকে ফেলে অতঃর চলে গেছে। স্ত্রী মরেছে। কদরু এখন একা। কাজেই খাটতে হবে বই কি।

মশায় বলেছিলেন—তার থেকে তুই হাসপাতালে যা না কদরু! তোর সাহেবকে ধরলেই তো হয়ে যাবে।

কদরুর সাহেব হল কিশোর। কিশোরকে, কেন কে জানে, কিশোরের ছেলেবেলা থেকেই কদরু বলে সাহেব। ওই আর একজন তার ভালোবাসার জন। কিশোরকে সে ভায়ি ভালোবাসে।

কিশোরের সঙ্গে কদরুর আলাপ ফুটবল মেরামতের সূত্র ধরে। তখন কিশোর হাফপ্যান্ট, জারসি পরে ফুটবল খেলত। ছেলেদের দলের ক্যাপ্টেন ছিল, বোধ করি সেই কারণেই বলত সাহেববাবু। পরে খন্দরধারী কিশোর কত আপত্তি করেছে, কখনও কখনও ধমকও দিয়েছে কদরুকে, তবু কদরু সাহেববাবু নাম ছাড়ে নি।

কদরু হাসপাতালে যেতে রাজী হয় নি।—নেহি মা বাপ। উনমে হামি যাবে না। উ সব বাবু লোক—মেমসাহেব লোক ওষুধ পিলায়, আর তা ছাড়া বাবা,

দিনরাত বিস্তারায় শুয়ে থাক, ওই সব লোকের সেবা নেওয়া কি আমার মতো চামারের কাজ ?

—আরে ! ওই জন্তেই তো ওরা আছে। হাসপাতাল তো সবাইই জন্তে। রোগী তো হল হাসপাতালের দেবতা রে। তার জন্তে তুই সয়ম করিল না।

—না বাবা। না।

—কেন রে ? আমি বলছি ভালো হবে। তুই যে রকম নিয়ম করিল তাতে চট করে সেরে যাবি। আর রোগ হলে শুয়ে থাকাই তো নিয়ম।

—তাই তো থাকি বাবা। গাছতলায় চ্যাটাই পেড়ে বসে থাকি, বসে বসেই কাম করি। ঘুম পেলে ঘুমই।

—সেই হাসপাতালে ঘুমোবি।

—আমি দাওয়াইয়ের দাম দেব বাবা।

—তার জন্তে আমি বলি নি কদম্ব। হাসপাতালে গেলে তোর ভালো হবে।

—নেহি বাবা। হাসপাতালে যে যাবে সে বাঁচবে না। আমি বলে দিলাম।

—কেন ?

—হাসপাতালে দেও আছে বাবা। রাতমে ঘুমে ঘুমে বেড়ায়। কবরস্থানের উপর হাসপাতাল ; সেই কবর থেকে ভূত উঠেছে।

মশায়ের মনে পড়ে গেল কথাটা। সেদিন রাতে প্রত্যোত ডাক্তারের রান্নাঘরের জানালায় দাঁড়িয়ে ভূতে নাকি মাংস চেয়েছিল। ডাক্তারেরা কেউ মাংস খান নি। পয়ের দিন দাঁতু ঘোষাল হাসপাতাল থেকে পালিয়েছে।

মশায় ভ্রুকুণ্ঠিত করলেন। একটা কথা তাঁর মনে হচ্ছে। মনে হচ্ছে—কিন্তু থাক সে কথা। ভূত একবার তিনি দেখেছিলেন। সে মাছ খাচ্ছিল। রাত্রি তখন একটা। তিনি ডাক থেকে রোগী দেখে ফিরছিলেন। পথে নবগ্রাম চুকবার মুখে বাগানওয়াল। পুকুরটার ঘাটের পাশে গাছতলায় দাঁড়িয়ে ছিল একটা আপাদ-মস্তক সাদা-কাপড়-ঢাকা মূর্তি। কিছু ঘেন খাচ্ছিল। জ্যোৎস্নার মধ্যে হাত মুখের কাছে তোলা বুঝতে পারা যাচ্ছিল।

গাড়াওয়ানটা ভয়ে আড়ষ্ট হয়ে গিয়েছিল। তিনি ভয় পান নি। গাড়ি থেকে নেমে এগিয়ে গিয়েছিলেন। দেখেছিলেন প্রেতই বটে। মাছ খাচ্ছে। সে ছবিটা ঘেন চোখের উপর ভেসে উঠেছে। দেখেছেন তিনি।

এবার তাঁর মুখে এক বিচित्र ধরণের হাসি দেখা দিল। এ সংসারে সবই আছে। ভূত প্রেত ব্রহ্মদৈত্য সবই আছে। নাই কে বলে ? যদি সত্যিকারের সেই দৃষ্ট থাকে তবে নিশ্চয় দেখতে পাবে।

কদ্দুরকে ইনজেকশন দিয়েই চিকিৎসা তিনি শুরু করেছিলেন। বিনয়ের দোকানে নতুন আটনে কদ্দুর তাঁর প্রথম রোগী। আজ আবার কদ্দুর ইনজেকশনের দিন। ঠিক সে এনে দাঁড়িয়েছে।

মশায় জিজ্ঞাসা করলেন—কেমন আছিস ?

—না—না। ঘাড় নাড়লে কদ্দুর। ভালো না বাবা মহাশা। ভালো না। খোড়াখুড়ি বুখার ভি হয়।

—দেখি হাত দেখি। হাত ধরে মশায় বললেন—বড় দুর্বল হয়ে পড়েছিস কদ্দুর। অস্থখ বেড়েছে ? বেশী ঝাড়া খাচ্ছিস ?

—না বাবা। কম হোয়েসে। সো তো কম হোয়েসে।

—তবে ? খাচ্ছিস কী ?

—কী আর খাব বাবা ? খোড়াসে বালিকে পানি। বাস। আর ফুজু না। ফুজু না।

—কিন্তু খেতে যে হবে রে। না খেয়েই এমন হয়েছে।

—ডর সে মারে খেতে পারি না বাবা মহাশা।

—ডর করলে হবে না। খেতে হবে। না খেয়েই তুই মরে যাবি।

—মরণকে তো ডর নেহি বাবু। বেমারের দুঃখকে ডর করি বাবা। খানা-পিনা করব, যদি বেমারি বাড়ে। পেটকে দরদ যদি বেড়ে যায় বাবা ? শেষে কি ময়লা মিট্রি খেয়েই মরব বাবা ?

মশায় আজও বললেন—তুই হাসপাতালে যা। তোয় সাহেববাবু রয়েছে—বলে দিলেই হয়ে যাবে। আর তুই ঘেরকম রোগী, হয়তো অল্পেই ভালো হয়ে যাবি।

কদ্দুর বললে—ওই তো বাবু, এতনা বড়া বাবু এতনা কিস্ত—কাঁচা উমরমে চলিয়ে গেল। এতনা দাওরাই, ভারী ভারী ডাকডর ! কী করছে হজুর ? ফুছ না। হজুরকে বাতই সাচ হইয়ে গেলো।

—কী ? মশায় আর্চকিত্বেরে প্রশ্ন করলেন।

—হজুর তো বলিয়ে দিয়েছিলেন—বাবু নেই জীয়েগা, ওহি তো সত্যি হইল হজুর। কলকাতা সে ডাকডর আইল—ফুছ হইল না।

মহাশয়ের লম্বা শরীরটা ঝিমঝিম করে উঠল। এ কী বলছে কদ্দুর ! চুপ করে বসে রইলেন তিনি, আশ্রয়গ্রহণ করছিলেন।

কদ্দুর হাঁসেই গেল—আঁওর বাত আছে বাবা। উ দোক আপনাকে বলিয়েছি, বিনর বাবা ভি জানে—হাসপাতালঘে পিরেত আছে, হাঁয় কোই নেহি ঝেচগা।

বিনয় বাইরে ঠাড়িয়েছিল—ঘরে এসে ঢুকল। বলল -মিথো বলেনি কদক। সেদিন প্রজ্বাত ডাক্তারের বাসায় খাওয়া দাওয়ার জন্তে মাংস রান্না হয়েছিল। জানলার বাইরে থেকে ভূত মাংস চেয়েছিল। ডাক্তারের বাঁধুনি বামুন চোখে দেখেছে। গণেশ ভট্টাচার্যের মেয়ের প্রসব হয়েছিল হাসপাতালে, ডাক্তার কেসটা খুব বাঁচিয়েছে। সে মেয়ে ভয়ে বাঁচে না। গণেশ তাকে নিয়ে পালিয়ে এসেছে।

মশায় যেন আঙনের ছেঁকা খেয়ে চঞ্চল হয়ে উঠলেন। ভুরু কঁচুকে তীক্ষ্ণ কর্তব্যের সবিম্বয়ে বললেন—ভূত ?

বিনয় বললেন—দাঁতু দেখেছে। করবস্থান থেকে।

—দাঁতু ?

—হ্যাঁ। আজ সকালে মহা হাঙ্গামা করেছে। থাকবে না সে হাসপাতালে। কাল সারা রাত্রি নাকি ঘুমোয় নি ভয়ে।

এ কথায় মশায় যা করলেন তা বিনয়ের কল্পনাভীত। ক্রোধে ষ্ণায় তিনি যেন ফেটে পড়লেন, দাঁতু মরবে। নিদানে আমার ভুল হয় নি। প্রেত দেখা দিয়েছে দাঁতুকে নেবার জন্তে এ প্রেত দাঁতুর সঙ্গে সঙ্গে ফেরে। অস্ত্রে পায় না দেখতে, আমি পাই।

কদক বিনয় স্তম্ভিত হয়ে গেল কথা শুনে। বিনয়ের মনে হল—মশায়ের মাধার গোলমাল হল না তো।

মশায় বললেন—ডাক ষায়া রোগী আছে। উঠব সেতাব এল না কেন ?

বিনয়ের দোকানেই এখন সেতাব আসে ছক গুটি নিয়ে। এখানেই বলে দাবার আসব। বেশ মজলিশ জমে যায়।

*

*

*

সেতাব আসে নি, সেতাবের বাড়ির দোরে নিশিঠাকরনের ভাইঝি মারা গিয়েছে। সেই পনেরো বছরের মেয়ে, দুটি সন্তানের জননী—স্বতিকায়া ষার দেহবর্ণ হয়েছিল অতসী ফুলের মতো। মশায় তার নাড়ী দেখে মূড়্ঢ়া স্থির বলে জেনে এসেছিলেন। নিশি শেষ পর্যন্ত দেখিয়েছিল শশীকে! শশী বিচিঞ্জ উদ্ভট চিকিৎসা-পদ্ধতিতে মেয়েটাকে খুব তাড়াতাড়ি পৌছে দিয়েছে খেঁয়ার ওপারে।

শেষ তিনদিন অবস্থা খুব খারাপ হওয়ায় নিশি হরনকে ডেকেছিল।

গ্রামের লোক হরেন বিনা ফীজেই দেখেছিল। কয়েকটা ইনজেকশনও দিয়েছিল। আধুনিক ঙ্গল্যাবান ওষুধ।

নিশি এখন গালাগাল করছে হরনকে।

মশায় বাড়ি কিরবার পথে সেতাবের বাড়ী এসেছিলেন। একটা দীর্ঘনিশ্বাস

কেল কিবে গেলেন। কাল রাতে বিপিন মাঝা গিয়েছে; আজ সূর্যোদয়ের পূর্বে বিপিনের শবযাত্রায় এ অঞ্চলের আবালবৃদ্ধ-বনিতা ভিড় করে রাস্তার দুধারে ঝাঁড়িয়েছিল, শশান পথস্ত বিরাট জনতা অহুসরণ করেছে। সারাটা দিন জীবনের জ্যোতির উপর একটা গ্লান ছায়া ফেলে রেখেছে। মাহুস ক্লান্ত শোকাকর্ষ। আর তারা পারছেন না। নিশির ভাইঝির মৃতদেহের পাশে নিশি বিলাপ করে কাঁদছে, ডাক্তারকে গাল দিচ্ছে। দু-তিনটি প্রতিবেশিনী বসে আছে। বাইরে ঝাঁড়িয়ে আছে কিশোর আর তিন-চারজন কিশোরপন্থী জোয়ান ছেলে। তারাই নিয়ে যাবে শবদেহ।

বাজারটা আজ ত্রিয়মাণ। আলো আছে। কয়েকটাই হাজারক বাতি জ্বলছে। বাতির সংখ্যা বেড়েছে এখন। ডাক্তারদের নতুন কো-অপারেটিভ মেডিক্যাল স্টোর্সে দুটো আলো জ্বলছে। একটা ভিতরে একটা বাইরে। এখনও সব ওয়ুথের চালান আসে নি, কিছু কিছু নিয়ে দোকানও খোলা হয়েছে। চাকুবাবু বসে আছেন বাইরে। হরেনও রয়েছে। বিপিনের কথাই হচ্ছে।

মশায় ভাবছিলেন নিশির ভাইঝির কথা। সেদিন শুকে দেখেই মনে পড়েছিল তাঁর জীবনের নাড়ী-পরীক্ষা বিভ্রায় দীক্ষার দিন—তাঁর বাবা সঙ্গে নিয়ে গিয়েছিলেন একটি কঠিন রোগী দেখতে। ঠিক এই রোগী। এমনই বয়সের মেয়ে, এমন দুটি সন্তানের জননী, আর একটি গর্ভে। বাবা আসবার পথে বলেছিলেন—এই হল স্বভূরৌপের নাড়ী! মেয়েটি বাঁচবে না, বাবা। আর একটি লক্ষণ দেখলে? মেয়েটির রুচি ষাতে রোগ বাড়ে তাতেই।

মেয়েটির হাতে তেলেভাজার তৈলাক্ততা এবং গন্ধ তাঁর দৃষ্টি এড়ায় নি। নিশির ভাইঝিও সেদিন আচার চুরি করে খাচ্ছিল। ওঃ, সেদিন মেয়েটিকে খুকী বলাতে গুর কী হাসি। বারো বছর বয়সেই মেয়েটির প্রথম সন্তান হয়েছিল; সাড়ে তেরোতে দ্বিতীয় সন্তানের মা হয়েছে; পনেরোতে তৃতীয়টিকে গর্ভে ধারণ করে রয়েছে। সে খুকী!

মেয়েটা হাসলে গালের দুটিকে দুটি টোল পড়ত।

অন্ধকার রাতে ছায়ামূর্তির মতো কে যেন মনশ্চক্ৰ সামনে দাঁড়াল। কালো কোঁকড়া একপিঠ খাটো চুল। এও মুখে কাপড় দিয়ে হাল। এও হাসলে গাল টোল পড়ে।

মঞ্জরী বোধহয় মরছে। মধ্যে মধ্যে নির্জন অবসরে ঠিক এমনভাবে চকিতের মতো ভেসে উঠে মিলিয়ে যায়।

হালপাতালের কম্পাউণ্ডে প্রচোত ডাক্তারের বারান্দায় আলো জ্বলছে। প্রচোত

আজ চূপ করে বসে আছে। বোধ হয় ভাবছে ডাক্তার। ডাক্তার মাজই ভাবে। ভাবে কোথাও কোনো ক্রটি তার ঘটেছে কিনা!

ক্রটি ঘটে থাকলে নীরব অস্থশোচনায় স্তব্ধ হয়ে বসে থাকবে। অন্তরটা হায় হায় করবে। ক্রটি না থাকলে এমনি প্রানিহীন উদাসীনতায় আচ্ছন্ন হয়ে বসে থাকবে। মনটা শূন্য হয়ে যায়। হঠাৎ বাতাস জাগে শূন্য মণ্ডলে। দীর্ঘনিশ্বাস কেলে চিকিৎসক ভাবে—অসহায়, মাহুস বড় অসহায়! কারও মনে বিদ্বাচ্চমকের মতো প্রশ্ন জেগে ওঠে—ওষ! হোআট ইজ ডেথ!

বক্তিশ

বিছানায় শুয়েও মশাই জেগেই ছিলেন। ঘুম আসে নি। তাঁর মনটাও উদাসীনতায় আচ্ছন্ন হয়ে আছে। ঘুম আসছে না। বিপিনের মৃত্যু এং নিশির ভাইবির মৃত্যু তাঁর মনকে আচ্ছন্ন করে রেখেছে। দাঁতুর কথা, ওই লোকটার উপর তিস্ততা, মনের কোন কোণে ঢাকা পড় গেছে। পাশের বিছানায় আতঙ্ক বউ ঘুমচ্ছে। পাশের খোলা জানালাটা দিয়ে খানিকটা রাত্রির আকাশ দেখা যাচ্ছে। শরতের গাঢ় নীল নক্ষত্রখচিত আকাশের খানিকটা অংশ। কানে আসছে ঝিল্লির অবিরাম একটানা ডাকের শব্দ। তিনিও ভাবছিলেন—মৃত্যু কী? অনিবার্ণ পরিণতি, দুজ্জের রহস্য; এসবে মন ভরে না। পুরাণের সেই পিঙ্গলকেশিনীর কাহিনীতেও মনের তৃপ্তি হয় না। অজ্ঞান মুমূর্ষু রোগী বিচিত্রভাবে বেঁচে উঠেছে, তাদের দু-একজন বিচিত্র কাহিনী বলে। কেউ বলে সে যেন শূন্যলোকের মধ্য দিয়ে ভেসে যেতে যেতে ফিরে এসেছে; সে শূন্যলোক বিচিত্র। কেউ বলে—সে যেন সমুদ্রের মধ্য দিয়ে ভেসে যাচ্ছিল। দুক্তনের অভিজ্ঞতা এক-রকম নয়! এতেও নানা প্রশ্ন জাগে মনে। মন ভরে না। একটি কিশোর ছেলের কথা মনে পড়ছে। সে বা বলে গেছে তা অদ্ভুতভাবে মনে গেঁথে রয়েছে তাঁর। অনেকদিন আগের কথা। নবগ্রামের গোবিন্দ পাঠকের ছেলে নসীরাম। মৃত্যুশয্যায়—মৃত্যুর বোধ করি মিনিট পনেরো আগে বলেছিল। সে কী ঘাম! এমন ঘাম তিনি তাঁর স্মদীর্ঘ চিকিৎসক-জীবনে কম দেখেছেন। আবীর, ওঁটওঁড়ো মাথিয়ে ক্লাস্ত হয়ে গেল শুক্রবাকারীরা, ফুরিয়ে গেল আবীর, ওঁটওঁড়ো—বা আনা হয়েছিল। বোমকুপের মুখগুলি থেকে অনর্গল ঘাম বের হচ্ছিল জলাজমি থেকে অল-ওঠার মতো। তিমিত হরে যাচ্ছিল বীরে ধীরে

কিন্তু জান ছিল ভেলেটির। তিনি দাঁড়িয়ে স্থির দৃষ্টিতে দেখছিলেন। নাড়ী তার আগে থেকেই নেই। কে তাকে ডেকে জিজ্ঞাসা করেছিল—নম্ব, নম্ব, নম্ব—! অ নম্ব!

ধীরে ধীরে ক্লান্ত চোখের পাতাছুটি খানিকটা খুলে গিয়েছিল, চোখের দৃষ্টিতে লাড়া দেওয়ার ইঙ্গিত ফুটে উঠেছিল। অতি ক্ষীণ কণ্ঠে বলেছিল—আঁা ?

—কী কষ্ট হচ্ছে তোমার ? খুব কষ্ট ?

ক্লান্তির সঙ্গে ঘাড় নেড়ে বলেছিল—না।

—তবে ?

একটু চূপ করে থেকে চোখ বৃজ্জতে বৃজ্জতে বলেছিল—মনে হচ্ছে—
আমি—।

—কী ?

—আমি যেন অনেক দূরে চলে যাচ্ছি। তোমাদের কথা ভালো শুনতে পাচ্ছি না। তোমাদের ভালো দেখতে—।

ঘাড় নেড়ে জানাতে চেষ্টা করেছিল—পাচ্ছে না দেখতে। যেন আবরণ পড়েছে এবং সে আবরণ ক্রমশ ঘন হয়ে উঠছে।

এর চেয়ে ভালো বিবরণ তিনি আর শোনেন নাই।

ঠিক এই সময়টিতেই কে ডাকল—মশায় !

—কে ? কতদূরে ভ্র দিয়ে উঠে জানালা দিয়ে বাইরের পথের দিকে তাকালেন মশায়। আলো হাতে ছুঁল লোক। কারা ? কার কী হল ?

—কে ?

—আজ্ঞা আমরা পরান খাঁ সাহেবের বাড়ি থেকে আসছি।

—কী হল ? বিবি তো ভালো আছে।

—আজ্ঞা না। বড় বিপদ ! বিবি বিষ খেয়েছে মালুম হচ্ছে।

বিষ খেয়েছে ? কী বিপদ ? ধড়মড় করে উঠলেন মশায়। আশ্চর্য ! মালুম আবার বিষও খায়, গলায় দড়িও দেয়, কাপড়ে আগুন লাগিয়ে পুড়েও মরে, ভাল কাঁপ দেয়।

পরান খাঁ হু হাতে মাথা ধরে চূপ করে বসেছিল। মুখখানা তার ভয়ঙ্কর হয়ে উঠেছে। বিবি ককেসুলের বীজ বেটে খেয়েছে। পরান তাঁকে দেখে দীর্ঘশ্বাস ফেলে উঠে দাঁড়াল, পরানেরও চোখ দুটো লাল হয়ে উঠেছে। বললে—সরকারী

ডাক্তার ঠিক বলছিল মশায়। রোগ-রোগ উয়ার সব মিছা কথা; মেয়েটা নষ্ট মেয়ে। আমার মতো বৃদ্ধা ওকে ছোঁয় তাই রোগের ছলা করে পড়ে থাকত। বিষ খেয়ে গলগল করে বুলছে সব।

বাঁধা বস্ত্র মহিষের মতো গরজে মাথা নেড়ে পরান বললে—ওই হারামি গোলাম—ছামুতে পলে বেটার গলার নলিটা আমি ছিঁড়ে নিতাম। ওই হারামির হারামি—রব্বানি! আর উয়ার মা। হারামজাদী বাদী। এককালে হারামজাদী আমার—।

অশ্লীল কথা উচ্চারণ করলে পরান।

মশায় বললেন—এখন ওসব কথা থাক পরান। এখন শুকে বাঁচাবার চেষ্টা করতে হবে।

—মরে যাক, মরে যাক। কসবী শয়তানী জাহান্নামে যাক মশায়, আপুনি শুধু শুনে ঘান উয়ার নিজের মুখে যে শয়তানী বিষ খেয়েছে। ওই নফর ওই হারামি রব্বানির লেগে খেয়েছে। নইলে আমাকে ফাঁসাবে ওই শয়তানেরা!

পরান দুহাতের মুঠোয় নিজের বাবরি চুল ছিঁড়ে দস্তহীন মুখের মাড়িতে মাড়িতে টিপে বললে—আঃ নিজের ঘরে আমি নিজে শয়তান ঢুকিয়েছি! আঃ!—সরকারী ডাক্তার ঠিক বলেছিল!

পরানের বিবি নিজে মুখেই সব বলছে। গোড়াচ্ছে, মধ্যে মধ্যে কথা বলছে। গোড়াতে গোড়াতেই বলছে।—পোড়া নসিব! পোড়া নসিবের সবই তো মানায় নিয়েছিলাম কোনো বকমে। খাঁ, রব্বানিকে তুমি ঘরে ঢুকালেই বা ক্যানে, উয়ার মাকেই বা রাখলো ক্যানে? রেখে, যা হবার হয়ে যখন গেল, তখন তারে দূর করেই বা দিলা ক্যানে?

ঘটনাটা ঘটেছে এই।

কাল বিকেলবেলা থেকে পরানের বিবি বমি করতে আরম্ভ করেছিল। প্রথমটা ওটাকে অশ্রুতম গর্ভলক্ষণ বলেই মনে হয়েছিল সকলের। কিন্তু বার-বার বমি এবং সেই বমির সঙ্গে কয়েতবেল-বনফুল, লঙ্কার খোসা ইত্যাদি উঠতে দেখে প্রাণ ওঠে—এসব বিবি পেলো কোথায়? কে এনে দিলে?

বিবির তখন প্রায় অজ্ঞান অবস্থা। অল্পসন্ধান করতে গিয়ে কেঁচো খুঁড়তে সাপ বেরিয়ে পড়ে। পরানের বিবির খাস-ঝি ও রব্বানির মা অত্যন্ত সমাদর এবং অনেক তন্নিবত কয়েতবেল গুড় লঙ্কা ছুন মিশিয়ে চাটনি করে এনে খাইয়েছে। তার সঙ্গে কাঁচা বনফুল। এ আজ নুতন এবং একদিন নয়, এ চলছে কয়েক দিন ধরেই। কোনোদিন বাজারের মিষ্টি, কোনোদিন তেলেভাজা, কোনোদিন অল্প কিছু আসছেই।

নিজের হাতে মুখে তুলে দিয়ে শাকিনা বেওয়া বিবিকে খাইয়েছে। এনে জুগিয়েছে রক্বানি। নতুন নক্সাপেড়ে শাড়িও নাকি দিয়েছে বুড়ি পরানের বিবিকে। পরানের বড় বিবি কথটা বলেছে। সে নিজের চোখে দেখেছে রক্বানিকে কাপড় হাতে বাড়ি চুকতে, নিজের মায়ের হাতে দিতে; এবং সেই কাপড় নতুন বিবির পরনেও সে দেখেছে।

পরানের বৃকের মধ্যে লোহার ডাঙস পড়েছিল। রাগের মাথায় সে প্রথমেই বড় বিবির চুলের মুঠো ধরে টেনে বলেছিল—ঝুটা বাত!

বড় বিবি আল্লার নামে কসম খেয়েছিল। বড় বিবিকে ছেড়ে দিয়ে পরান খুঁজেছিল শাকিনা বেওয়া আর বাদীর বাচ্চা রক্বানিকে। কিন্তু তারা দুজন তখন ফেরার। খুব হৈ চৈ করতে পরান পারে নি। আশপাশ গ্রামে হিন্দু মুসলমান দুই জাতির মধ্যেই তার দুশমন আছে। আজ চার-পাঁচ বছর ধরে নতুন-কেনা জমি নিয়ে তাদের সঙ্গে পাঁচ-সাতটা মামলা চলছে। রক্বানি মাকে নিয়ে তাদেরই কাঙ্কর বাড়িতে যে আশ্রয় নিয়েছে এতে সন্দেহ নাই। পরান বিষদীতভাঙা সাপের মতো নিষ্ঠুর আক্রোশে ঘুরে আক্রমণ করেছিল নতুন বিবিকে। প্রায়-অচেতন অবস্থার মধ্যেই তার-চুলের মুঠো ধরে বারবার টেনে তাকে সচেতন করে তুলতে চেয়েছিল। হয়তো মেয়েই ফেলত। কিন্তু নিবারণ করেছিল বড় বিবি—‘করছ কি সাহেব, শ্রাবে যে মরে যাবে। মরে গেলে যে ফাঁসিকাঠে বেঁধে টান দিবে গো! খেদায়ে দাও ওয়ে।’

তাও পরান পারে নাই। তাকে তালাক দিয়ে তাড়িয়ে দেবে, হারামজাদী হাসিমুখে মাঠ পার হয়ে রক্বানির হাত ধরে তার আশ্রয়ে গিয়ে উঠবে তা হবে না। ঘরে বন্ধ করে রেখে দিয়েছিল। আজ সন্ধ্যাবেলা ঘাটে বাবার জগ্ন মিনতি জানিয়েছিল নতুন বিবি। খুলে দিয়েছিল বড় বিবি। ঘাটে অবশ্য পাহারা ছিল। ঘাটের পাশে ছিল কলকে ফুলের গাছ। পাহারাদারের চোখ এড়িয়ে কয়েকটা ফল পেড়ে আঁচলে লুকিয়ে নিয়ে এসেছিল। তারপর কখন খেয়েছে। এখন অর্ধ-চেতন অবস্থা। মরে গেলে ক্ষতি নাই। জাহান্নামে থাক নষ্টদুষ্ট আওয়ত, কসবী খানকী হারামজাদী। মশায় শুধু নিজের কানে শুনে রাখুন—হারামজাদী নিজে বিব খেয়েছে। পরানের এতে কোনো নাই দায়। সে নির্দোষ।

*

*

*

সুন্দরী তরুণী মেয়ে। বিবের ঘোরে অর্ধ-অচেতন। বিবের বস্ত্রশায় ভেতরটায় মোচড় দিচ্ছে। দম যেন বন্ধ হয়ে আসছে। মুখ নাক দিয়ে গৌললা বেয়িরে আসছে, বুকে চাড়া দিয়ে উঠছে, যেন বুকটা শতখা বিদীর্ণ হয়ে যেতে চাইছে।

চোখ দুটি অর্ধনিম্নীলিত, লাল, সর্বনাশের ঘোর লেগেছে। বিষস্ত বেশবাস, মাথার একরাশ চুল খুলে এলিয়ে খুলায় খুব হয়ে ছড়িয়ে রয়েছে চারিপাশে। লোকেদের চীনাটানিতে চিমটিতে মধ্যে মধ্যে জ্ঞান আসছে, তখন মুখর হয়ে উঠছে সে।

—আঃ। মরতেও আমারে দিবা না। মরণেও আমার একতিয়ার নাই? হারে নসিব! হারে নসিব!

হেসে আবার বলে—পারবা না মিয়া; পারবা না। রুব্বানি শ্রাকের কাছে ষাতি দিতে আমারে না পার। কিন্তু ইবার যে বধুর সাথে আসনাই করে তার হাত ধরছি—তার হাত ছাড়াইতে তুমি পারবা না—পারবা না—পারবা না। আঃ আমারে একবারে ছেড়ে দাও, খানিক ঘুমায়ে লই।

আঃ—। আঃ—।

বলতে বলতে আবার বিষের ঘোরের একটা বলক ছড়িয়ে পড়ে তার চেতনাকে আচ্ছন্ন করে দেয়; ঢলে পড়ে মেয়েটি, মাথাটি হেলে পড়তে চায়।

মশায় বললেন—পরান, তুমি হাসপাতালে নিয়ে যাও বিবিকে।

—হাসপাতালে? না। আমি তো বলেছি মশায়—

—মাথা খারাপ করো না পরান। তোমার ভালোর জন্তেই বলছি। আমি আর সে মশায় নই পরান। যখন প্রেসিডেন্ট পঞ্চায়তে ছিলাম তখন এরকম অনেক কেসের হাকামা আমার হুকুমে মিটে গিয়েছে। আজ সেদিন নাই। আজ আমাকে যখন ডেকেছ, আমি যখন এসেছি, দেখেছি, তখন আমাকে খবর দিতে হবে থানায় তা ছাড়া আমি চিকিৎসক। আমি রোগীকে বাঁচাতে আসি। দাঁড়িয়ে দাঁড়িয়ে মরণ দেখতে আসি না।

পরান গুম হয়ে বসে রইল কয়েক মিনিট। তারপর বললে, গাড়ি জুড়ে নিয়ে আয়রে হানিফ! জলদি! আপনি তা হলে সঙ্গে চলেন মশায়!

রাজি তখন হুটো।

মশায় ডাকলেন—ডাক্তারবাবু! ডাক্তারবাবু!

প্রস্তোত উঠে এল—কে?

—আমি জীবন দত্ত।

—আপনি এত রাজে?

বিব খেয়েছে একটি মেয়ে। কঙ্কালের বীজ। তাকে নিয়ে এসেছি। পরান ধায়ের স্ত্রী।

—আমি আসছি এম্বুলি। ওদিকে কম্পাউণ্ডার নাসরা উঠেছে? তাদের ডেকেছেন?

—ডেকেছি।

—এক মিনিট। আসছি আমি।

ঘরের মধ্যে ঢুকে, একটা হাফশাট গায়ে দিয়ে সে বেরিয়ে এল। কোনো প্রশ্ন করলে না, কোনো মন্তব্য করলে না। হাসপাতালে এলে সামনেই কম্পাউণ্ডার হরিহরকে দেখে প্রশ্ন করলে, সব তৈরি করতে কতক্ষণ সময় লাগবে?

হরিহর বললে—মিনিট পনেরো লাগবে বৈকি? পটাশ পারমাঙ্কানেট লোশন আমি খাইয়ে দিয়েছি খানিকটা।

ডাক্তার ঘরে ঢুকতে যাচ্ছিল। পরান বলে—আমি চললাম ডাক্তারবাবু, মেয়েটা বাঁচলে পর পুলিশে দিবেন, না বাঁচলে লাশ চালান দিবেন, সেখানে ফেড়েফুড়ে দেখে যা করবার করবে। সালাম!

হঠাৎ ঘুরে দাঁড়িয়ে আবার বললে—আঃ, তখুনি যদি আপনার কথায় গোসা না করতাম! আপনাকে যদি দেখাইতাম! মশায় বুড়ো লোক, সিকেলের লোক, নাড়ী দেখে মরণ তাকতে পারে। ই ধরতে পারে না। চলে গেল পরান।

প্রছোত ঘরে ঢুকে গেল। মশায় চূপ করে দাঁড়িয়ে রইলেন! এই হতভাগিনী মেয়েটাকে ফেলে যেতে তাঁর পা উঠছে না। হতভাগিনীর এতখানি ছলনা তিনি বুঝতে পারেন নি। মস্তকূঠে স্বীকার করবেন, তা তিনি পারেন নি। তবে এটা তিনি জানতেন, বৃদ্ধ স্বামীর প্রতি তরুণীর বিরূপ মনোভাবও তাঁর অজানা নয়; কিন্তু তার এমন বিচিত্র প্রকাশের স্বরূপটি তিনি অনুমান করতে পারেন নি। পরানের অতিরিক্ত সমাদর ও পত্নাপ্রীতিকেই এর কারণ বলে ধরেছিলেন। এবং আদরিণী ভাগ্যবতী মেয়ের দুলালীপনাকে পিতা যেমন স্নেহের চক্ষে দেখেন সেই চক্ষেই দেখেছেন। তিনি ভাবছিলেন সন্তান হলেই সেই সন্তানের স্নেহে তার জীবনের অপূর্ণতা পূর্ণ হয়ে যাবে। তার সন্তানধারণশক্তিকেই তিনি সবলতর করবার চেষ্টা করে এসেছেন। সে চেষ্টা তাঁর ফলবতীও হয়েছে। কিন্তু সে যে যৌবনপ্রভাবাচ্ছন্ন মনের বিচিত্র তৃষ্ণার তাড়নায় এই কুটিল পথে ফলবতী হতে পারে সে তিনি ভাবেন নি। প্রছোত ডাক্তার বোধ করি ভেবেছিল। মশায় একটা দীর্ঘনিশ্বাস ফেললেন। মেয়েটার প্রতি শত মমতায় যেন তিনি জড়িয়ে গেছেন। মেয়েটি কতবার তাঁর দিকে সজল চোখে চেয়ে বলেছে, বুঝতে পারি না মশায়-বাবা! মনে হয় হেথায় অস্থখ, হেথায়, হেথায়, হেথায়। সন্ধ্যানে গো বাবা, কখনো লয়। কী অস্থখ তাও ঠিক ধরতে পারি। কনকনানি, বেথা, যেন বল নাই, লাড় নাই। আবার সময়ে সময়ে ছুঁলে পরতেই যেন চিড়িক মেড়ে গুঠে

বলতে বলতে চোখের জল গড়িয়ে পড়ত। কতদিন প্রাণ কয়েছে, মশায়-বাবা আমি বাঁচব তো ?

চোখে দেখেছেন সে কী ভয় !

সেই মেয়ে আজ বিষ খেয়েছে। মুখরা হয়ে উঠেছে। বলেছে—পারবা না মিয়া, পারবা না। যে বঁধুর হাত ধরেছি সে বঁধুর হাত থেকে কেড়ে নিতে পারবাক না !

হরিহর বেরিয়ে এল, বলল—আপনি কি বসবেন মশায় ?

—হ্যাঁ বসব হরিহর। পরান তো চলে গেল। আমি পারছি না। হতভাগিনীর শেষটা না দেখে যেতে পারছি না।

দরজাটা খুলে বেরিয়ে এল প্রজ্বাত ডাক্তার। কম্পাউণ্ডিং রুমে গিয়ে একটা কি নিয়ে এল। হরিহর বললে—উনি থাকবেন স্মার।

—থাকবেন ? বেশ তো ! তা একা বাইরে বসে থাকবেন ? আত্মন না, ভিতরে।

মশায় হেসে বললেন—আমি বাইরেই থাকি। বেশ থাকব।

শেষ রাত্রির আকাশের দিকে তাকিয়ে তিনি বসে বইলেন। আকাশে নক্ষত্রদের স্থান পরিবর্তন ঘটছে। কালপুরুষ অনেকটা মরেছে। বৃষ্টির বঁকা লেজের ডগায় ওই দেখা যাচ্ছে। সপ্তসিমণ্ডল পাক খাচ্ছে। ওই বশিষ্ঠের নিচে অরুন্ধতী। অরুন্ধতী যে দেখতে পায়, সামনে অন্ত আরও ছমাস পরমায়ু নাকি নিশ্চিত। আরও ছমাস তিনি তা হলে নিশ্চয়ই বাঁচবেন। সে অবশ্য তিনি নাড়ী দেখেও বলতে পারেন। কিন্তু ? হঠাৎ মনে হল—যদি তিনি বিষ খান এই মেয়েটার মতো, তা হলেও কি বাঁচবেন ? নাড়ী দেখে সে কথা তো বলা যায় না। অরুন্ধতী দেখে কি তা বলা যায় ? অবশ্য বিষ তিনি খাবেন না, কখনই খাবেন না। অধিকাংশ লোকেই খায় না। মর্মান্তিক শোকে ক্রোড়ে ব্যর্থতাতেও খায় না। মরণকে মাছুষের বড় ভয়। মদ খেয়ে মরে, ব্যাভিচার করে মরে, অনাচার করে মরে বনবিহারীর মত। ওই নিশির ভাইঝির মতো। বিপিনের নাম তিনি এদের সঙ্গে করবেন না। কিন্তু এরাও বিষ খেয়ে মরতে পারে না। সে এক আলাদা জাত আছে। এই মেয়েটার জাত। মেয়েদের মধ্যেই এ জাত বেশী।

‘নারায়ণ ! নারায়ণ ! গোবিন্দ হে ?’

হঠাৎ গম্ভীর কণ্ঠে ডেকে উঠলেন মশায়। গোবিন্দ রক্ষা করেছেন, ভূপীকে না গেলে সে এমনভাবে বিষ খেতে পারত। হ্যাঁ পারত ! সে এই জাতের মেয়ে ছিল।

চকল হয়ে মশায় বারান্দা থেকে নিচে নেমে এসে খোলা আকাশের নিচে দাঁড়ালেন। পরমানন্দ সাধব!

হাসপাতালের লম্বা ঘরটার মধ্যে থেকে মুহূ আলোর আভাস বেরিয়ে আসছে। রোগীরা ঘুমচ্ছে। তন্দ্রার মধ্যে কেউ কেউ অস্থখে এ-পাশ ও-পাশ করছে। আশপাশে কোয়ার্টারগুলি নিস্তরূ। অন্ধকারের মধ্যে ঘন কালো ছবির মতো দেখাচ্ছে। পরিত্যক্ত কবরস্থানটার মাঝখানে বটগাছটার পত্রপল্লবের মধ্যে বাতাসের বেগে সরসর শব্দ উঠছে একটানা। হঠাৎ পায়ের তলায় পট করে একটা শব্দ উঠল : এঃ, একটা ব্যাঙ।

—কে ? একটা সাদা-কাপড়পরা মূর্তি, হাসপাতালের বারান্দার উপর। মশায় জিজ্ঞাসা করলেন—কে ! নারীমূর্তি একটা।

মুহূষের উত্তর এলো—আমি একজন নার্স। আপনি ওখানে দাঁড়িয়ে ? বহন।

—নাঃ, বেশ আছি। কেমন আছে মেয়েটি ?

—ভালো না।

—নারায়ণ হে ! গভীর স্বরে আবার ডাকলেন মশায়। নার্সটি চলে গেল ঘরের মধ্যে।

ব্যাঙটা তার পায়ের চাপে ক্ষেটে পিষ্ট হয়ে গিয়েছে। বিচিত্র। তিনিই হলেন এই মুহূর্তে মৃত্যুর দূত। কোথায় নেই মৃত্যু ! কিসে নেই মৃত্যু ?

—মশায় !

—কে ? হরিহর ?

—হ্যাঁ।

—কী হল ?

—আর কী ? শেষ হয়ে গেল। হল না কিছু।

প্রভোত ডাক্তার বেরিয়ে এল। বললে—পারলাম না কিছু করতে। দেখবেন নাকি ?

—নাঃ। আমি বাই তা হলে।

আচ্ছা ! প্রভোত যেন হঠাৎ প্রশ্ন করলে—আপনি ওদের বাড়ীতে গিয়ে তো মেয়েটিকে দেখেছিলেন। তখন কি নাড়ী দেখে জানতে পেরেছিলেন বাঁচবে না ?

—ওর হাত আমি দেখিনি ডাক্তারবাবু।

—দেখেন নি ?

—না। আমি আপনার এখানেই আনবার ব্যবস্থা করেছিলাম। আপনি দেখবেন, চিকিৎসা করবেন, আধুনিক চিকিৎসা আপনাদের। আমি নাড়ী দেখি নি।

শেষ

ছুদিন পরে মশায় বসেছিলেন আরোগ্য-নিকেতনের দাওয়ায়। সামনে পড়ে রয়েছে একখানা পত্র। সাদা কাগজের চারিদিকে কালো বর্ডার দেওয়া ছাপা নিমন্ত্রণপত্র। বিপিনের প্রাঙ্কের নিমন্ত্রণলিপি। মশায় বাড়ির ভিতর থেকে আসবার আগেই রতনবাবুর লোক এসে দিয়ে গিয়েছে। কৃতী প্রতিষ্ঠাবান বিপিনের প্রাঙ্ক যোগ্য মর্ষাদার সঙ্গেই করতে হবে বৈকি। রতনবাবু তা করবেন। মশায় শুনেছেন, রতনবাবু বলেছেন—তা না করলে চলবে কেন ?

পরানের বিবির দেহটা পোস্টমট্টেমের জন্ত চালান গেছে। হতভাগিনীর সংস্কারও হল না ?

গতকাল সন্ধ্যায় নবগ্রামে একটি শোকসভাও হয়ে গিয়েছে। মশায় যান নি। এ সভায় সমিতিতে কেমন অস্বস্তি বোধ করেন তিনি। কিশোর এ সভার উদ্বোধক। সভায় গ্রাম-গ্রামান্তরের লোক এসেছিল। ডাক্তারেরা সকলেই ছিলেন। বিপিন এখানকার হাসপাতালে পাঁচহাজার টাকা দিয়ে গিয়েছে। রক্ত ইত্যাদি পরীক্ষার জন্ত হাসপাতালের সঙ্গে ক্লিনিক হবে ওই টাকায়। বিপিনের যোগ্য কাজই বিপিন করে গিয়েছে। রোগার্থের বন্ধুর কাজ করেছে। অকালমৃত্যুর গতি রুদ্ধ হোক। বাপকে যেন সন্তানের প্রাঙ্ক করতে না হয়।

নবগ্রামের তরুণ ছেলে একটি, নতুন উকিল হয়েছে, সে বক্তৃতাশ্রমকে বলেছে—
“আমাদের এখানে ডাক্তার এসেছে, হাসপাতাল হয়েছে—নতুনকালের ওষুধপত্রও এসেছে, তবুও হাতুড়ের যুগের অন্ধকার সম্পূর্ণরূপে আমাদের যায় নি। বিপিনবাবুর দানে সেই অন্ধকার দূর হল।”

কথাটা মিথ্যা নয়। অধিকাংশ ডাক্তারেরাই হাত দেখতে জানেন না, যা জানেন তাকে ঠিক নাভীজ্ঞান বলা চলে না। কিন্তু তবু যেন কথাটা তাঁর একটু লেগেছে।

নারায়ণ! নারায়ণ! একটা দীর্ঘশ্বাস ফেললেন তিনি। মনটা খচখচ করছে। এই তরুণ ছেলেটির সঙ্গে প্রত্যুত্ত ডাক্তারের বন্ধুত্বটা একটু গাঢ়।

আর্ট-দশজন রোগী এসেছে। রোগী আবার দু-একজন করে বাড়ছে। যেদিন থেকে তিনি বিনয়ের দোকানে বসেছেন সেই দিন থেকেই এর সৃষ্টিপাত হয়েছে।

বিনয় মধ্যে মধ্যে হেসে বলে—দেখুন। দেশে ম্যালেরিয়া কমে গিয়েছে। ডি-ডি-টি ছড়িয়ে মশার বংশ নির্বংশ হয়ে গেল। থাকবে কোথা থেকে। টাইফয়েড

এখানে কম। ওদিকে হাসপাতাল রয়েছে। রোগীরা ওসব রোগে হাসপাতাল যাচ্ছে। চাকুবাবু হরেন বসে আছে! আপনার রোগী বাড়ছে।

তা বাড়ছে। কতকগুলি পুরনো রোগে রোগীরা তাঁর কাছে আসে। তিনি সারাতে পারেন। বিশেষ করে পুরনো রোগে ডাক্তারেরা যখন রোগ নির্ণয় করতে না পেরে রক্তপরীক্ষা এক্স-রে ইত্যাদির কথা বলেন তখন তারা তাঁর কাছে আসে। আর আসে এ দেশের বিচিত্র কতকগুলি ব্যাধি। যে সব রোগের নাম পর্যন্ত দেশজ; যার সঠিক পরিচয় এখনও নূতন মতে সংগ্রহও হয় নি। রোগীগুলিকে বিদায় করছিলেন মশায়, ভিক্টর বুলি কাঁধে লাঠি হাতে এসে দাঁড়ালে ‘মরি’ বষ্টমী।

—জয় গোবিন্দ! মশায় বাবা গো পেনাম।

ভূমিষ্ট হয়ে প্রশ্রয় করলে ‘মরি’। মাথার চুলগুলি ছোট করে ছাঁটা, কপালে তিলক, পঞ্চান্ন-ষাট বছরের প্রৌঢ়া ‘মরি’ বষ্টমী দীর্ঘদিন পর এল। একসময় নিত্য আসত। ওর ছেলে ও মেয়ে দুজনেরই হয়েছিল যক্ষ্মা। তাদের জন্ম ওমুখ নিতে আসত। সে অনেক দিনের কথা। মরির বোষ্টম মরে ছিল যক্ষ্মায়। কিন্তু মরির কিছু হয় নি। এতকাল পর মরিকে সেই কালে ধরলে নাকি? এতকাল পর?

মরি এখনকার নিয়মকানুন জানে। মশায়ও জানেন মরির ধরনধারন। এখন ‘কী হয়েছে’ প্রশ্ন করলে মরি বলবে—‘সকল জনাকে বিদেয় করুন বাবা তাঁরপর বলছি!’

সকলের হয়ে গেলে তাঁর ছুটি পায়ে হাত রেখে বলবে—বাবা ধন্বন্তরি, আপনার অমৃতের ভাগ্যর, আমি অভাগিনী আমি পাপী—আমার ভাগ্যে বিষ, বিষের জ্বালায় ছুটে এসেছি। দয়া করুন

দয়াতে অবশ্য মরির জ্বালা জুড়ায় নি। যক্ষ্মাতেই স্বামী-পুত্রকন্যা গিয়েছে।

মরি ছেলেমেয়ের মৃত্যু বসে বসে দেখেছে। কাঁদে না—বলেছে—যার ধন সেই নিলে—আমি কেঁদে কী করব? আমি কাঁদব না। শুধু ঠাকুর, তোমার চরণে এইটুকুন নিবেদন, আমাকে নাও। আশ্রয় দাও। বড় তাপ! প্রভু, চরণছায়ায় আমাকেও আয়গা দাও, একপাশে এককোণে।

শেষ রোগীটিকে বিদায় করে মশায় বললেন—কী হল মরি, ডাক এল না কি তোয়? হঠাৎ তুই?

মরি এগিয়ে এসে ঠিক আগের মতন পা ছুটি ধরে বললে—না বাবা, মরির সে ভাগ্যি হয় নাই। ছেলেবেলায় বারোমাস রোগে ভুগতাম; দু-তিনবার মরময় হয়েছিলাম, তাই বাবা-মামে নাম রেখেছিল মরি। তাই সেই ছেলে কালেই সকল

ভোগ শেষ হয়েছে, এখন মরি পাকা তালগাছের মত শক্ত ! আমি এসেছি বাবা, আপনার কাছে, এসেছি কালীর দেবাংশী ওঝা মশায়ের জন্তে অভয়ার জন্তে । আপনার বন্ধু মিশ্র মশায়ের বেটার বউ---

শশাকের বউ ?

চঞ্চল অধীর হয়ে উঠলেন মশায় । শশাকের স্ত্রী ! সমস্ত শরীরে একটা ঘেন কম্পন বয়ে গেল ।

—হ্যাঁ বাবা । সেই পাঠালে । বললে—তুমি একবার মশায় জেঠার কাছে যাও মরি । আমার স্বামীর দুদিনের জ্বর হাত দেখে—

—হ্যাঁ—হ্যাঁ । কিন্তু কিসের জন্তে—কি হয়েছে ?

—বড অস্থখ বাবা । বললে—আমাকে একবার দেখে যেতে বলবি—আমাকে বলে যান আর কতদিন আমার বাকি ?

—গোবিন্দ । গোবিন্দ ! নারায়ণ নাটায়ণ ! কিন্তু হয়েছে কী ?

—রোগ নানানখানা ! ভুগছে আজ ছ মাস । গুদগুদে জ্বর, খুসখুসে কাশি ; সবই সেই কালরোগের মতো ।

যন্ত্রা ?

ডাক্তারেরা তাই বলেছে । হরেন ডাক্তার দেগেছে, চাক্কাবুও দেখেছেন ; সেদিন হাসপালের প্রমোত্তও দেখে এসেছে । ইনজেকশন অনেক হয়েছে । পেনিসিলিন অনেক কয় লক্ষ । কিন্তু কোনো ফল হয় নি । কাশি সনান রয়েছে । জ্বর ছাড়ে নি । কোনো জটিলতার একটি পাকও এতটুকু শিথিল হয় নি ।

মরি বললে—বাবা আপনি তো জানান, এখানে স্বামী গেল হতভাগী মেয়ে, বাপ এখানকার সম্পত্তি বেচে এক তোড়া নোট নিয়ে মেয়েকে বাড়ি নিয়ে গেল । বাপের বাড়িতে সর্বময় কর্তা হয়ে ছিল । ভাইযেব ছেলে নিয়ে আর মাকালীর সেবা নিয়ে সংসারে সে কি আঁটসাঁট । বাপ গেল, মা গেল, ভাইরা ভিন্ন হল, অভয়া যে ভাইপোকে মাছুষ করেছিল—তার বিয়ে দিয়ে তাকে নিয়ে ভিন্ন হয়েছিল । এখন ভাইপোর হাতে সব, অভয়ার হাত শূন্য, এখন এই রোগ শুনে ভাইপো তাকে ভিন্ন করে দিয়েছে । বাবা, গোয়াল বাড়িতে একখানা ঘর নিকিয়ে-চুকিয়ে পরিষ্কার করে সেইখানে নির্বাসন দিয়েছে । কেউ আসে না, উঁকি মায়ে না, নিখাসে রোগ ধরে যাবে ।

মরি হানুলে এইখানে । হেসে বললে—আমি সুনলাম । সুন বলি—আমার স্বামী পুত্র কন্তে তিন গিয়েছে এই রোগে, আমি বিছানার পাশে বসে থেকেছি । আমার তো কিছু হয় নাই । তা আমি বাই, ব্রাহ্মণকন্তে অনাথা—তার শবোর

শেষ কালটা থাকি। কাল আমাকে হঠাৎ বললে—মরি, তুমি একবার মশায়ের কাছে যাও আমি তো হেঁটে যেতে পারব না, ক্ষমতা নাই। গোকুর গাড়িও ভাইপোরা দেবে না। তাঁকেই বোলো আমাকে একবার দেখে যেতে। অল্প কিছু নয়, কতদিন আর বাকি সেইটা জানব।

* * *

বৈশাখের শস্তক্ষেত্রের মতো ধূলিধূসর শুষ্ক রুদ্ধ। মুখে-চোখে কোথাও একবিন্দু সরসতার চিহ্ন নাই। সমস্ত অঙ্গে যেন একটা আবরণ পড়েছে। জীর্ণ দেহ ভেঙ্গে পড়েছে। জীর্ণ মলিন শয্যার উপর শুয়ে আছে। ঘরখানার চারিদিকে অন্ধকার জমে আছে। শশাকের জ্বী হেসেই বললে—দেখুন তো মুক্তি আমার কতদূরে? কতদিনে খালাস পাব। আপনি ছাড়া আর তো কেউ বলে দিতে পারবে না।

কথাগুলি স্পষ্টভাবে বোঝা গেল না। কাশিতে স্বরভঙ্গ হয়েছে। কণ্ঠনালী যেন রুদ্ধ হয়ে রয়েছে। ধরা ভাঙা গলায় স্বর-বিকৃতির মধ্যে কথা যেন চাপা পড়ে যাচ্ছে। মধ্যে মধ্যে ফুটো-হাপর-থেকে-বের-হওয়া ফসফস আওয়াজের মতো কণ্ঠস্বরে কথা হারিয়ে যাচ্ছে। হাতখানি সে ভুলে ধরলে মশায়ের সামনে।

—দেখছি মা। একটু পরে।

তিনি তাকিয়ে রইলেন তার দিকে। মরি দাঁড়িয়ে ছিল; তাকে বললেন—দরজাটা ভালো করে খুলে দে তো মরি।

মুক্ত হাবপথে আলো এসে পড়ল অভয়র মুখের উপর। আলোকিত ললাটের উপর হাতখানি রাখলেন মশায়। অভয়া তাকিয়ে রইল হেমস্তের আকাশের দিকে। স্নান আছে, কষ্টভোগের চিহ্ন আছে, কিন্তু ক্ষোভ নাই, ভয় নাই, প্রসন্ন তার দৃষ্টি।

অনেকক্ষণ একদৃষ্টে দেখে হাতখানি ভুলে নিলেন। এ হাত নামিয়ে রেখে ও হাত।

—কতদিনে যাব? হাতখানা নামিয়ে রাখতেই অভয়া প্রশ্ন করল।

—দেখি মা।

প্রশ্নোত্তরের মধ্যে বিবরণ জেনে ভালো করে পরীক্ষা করে মশায় একটা দীর্ঘনিশ্বাস ফেলে বললেন—সংসার কি তেতো হয়ে গেছে মা? সইতে পারছ না?

একটু হাসলে অভয়া। বিচিত্র হাসি। এ হাসি অভয়্যারাই হাসতে পারে। সকল মেয়ে পারে না। অভয়া বললে—তেতো খেয়েই তো জন্ম কাটল বাবা। সইছে না তো বলি নি।

—খানি মা! সে হলে শশাক বেদিন গিয়েছিল লেই মিনই তুমি কিছু করে

বসতে। পুকুরে জলের অভাব হয় নি, ব্যক্তিগত দড়ির অভাব হয় নি, সংসারে বিবের অভাব নেই। সে জানি। তাই তো বলছি মা। আরও সইতে হবে। এ তোমার জটিল রোগ—পাঁচটি রোগে জট পাকিয়ে জটিল করেছে। মৃত্যুরোগ নয়। 'বন্দা তোমার নয়।

—নয় ? উঠে বসল অভয়া।

—না।

—ডাক্তারেরা যে সকলে একবাক্যে বলে গেল।

—ভারা তো এক্সরে কর্তে বলেছেন।

—হ্যাঁ।

—এক্সরে করবার দরকার নাই মা। গুঁরা বুঝতে পারেন নি। ফুল চিনিক্তর হয়েছে। তুমি এক মাস দেড় মাসের মধ্যেই সেরে উঠবে মা। সংসারে তোমাকে আরও কিছুদিন থাকতে হবে।

স্তব্ধ হয়ে বসে রইল অভয়া।

—আমি ওষুধ পাঠিয়ে দেব। নিয়মের কথা তোমাকে বলতে হবে না। তুমি শুদ্ধাচারিণী নিকৌশ—আমি তো জানি।

অকস্মাৎ ছুটি জলের ধারা নেমে এল মেয়েটির দুই চোখের দুটি কোণ থেকে। চোখ কেটে যেন জল বের হল। কিন্তু নিনিমেষ দৃষ্টিতে যেন সে বাইরের শূন্যলোকের দিকে চেয়ে ছিল তেমনিই চেয়ে রইল।

—মা!

—আপনি আমাকে 'সেদিন বাপের মতো স্নেহ করে নেমস্তন্ন করেছিলেন—
আমি -

—ও সব কথা থাক মা। অন্নদিনেই তুমি সেরে উঠবে, আমি বলে যাচ্ছি। আমি একদিন অস্তর এসে দেখে যাব তোমাকে।

অভয়া আবার বললে—বনবিহারী ঠাকুরপোর অস্থখের সময় আমি মা-কালীর কাছে মানত করেছিলাম, পূজা দিয়েছিলাম। ইচ্ছে হয়েছিল পুষ্প নিয়ে মাখার ঠেকিয়ে দিয়ে আসি। কিন্তু পারি নি। তিনি মারা গেলে মনে হয়েছিল ভিক্টা কেটে ফেলি।

মশার হেঁসে বললেন—ও নিয়ে তুমি ভেবো না মা। মাছবের শাপে মাছ মরে না। মাছ মরে মৃত্যু এবং বলে। তবে অকালমৃত্যু আছে। বনবিহারী মরেছে নিজের কর্মফলে।

বাইরে ঝাঁড়িয়ে ছিল অভয়ার তাইপো। অভয়া বাক সন্তানস্নেহে মাছব
আবোধ-নিবেশ—২১

করেছে ; যে তার বখাসর্ব্ব নিরে বন্ধার ভয়ে এই খয়ে নির্বাসন দিয়েছে । তাকে দেখে
জুহু হয়ে উঠলেন মশায় । পরক্ষণেই নিজেকে শান্ত করলেন । যেচারীর চোখে মুখে
কী উৎসেহ— কী ভয় ।

— দেখলেন মশায় ?

— ইয়া, কোনো ভয় নাই । এক মাস দেড় মাসের মধ্যেই বউমা ভালো হয়ে
উঠবেন ।

— ডাক্তারেরা যে বলে গেলেন—

— যন্ত্রা ? না, যন্ত্রা নয় । পার তো ঞ্জরে করে দেখতে পার । না পার, এক
মাস অপেক্ষা করো । পনেরো দিন । পনেরো দিনই কল বুঝতে পারবে । বলতে
বলতে মশায় নিজেই একটু সংকোচ অনুভব কবলেন । বস্ত্রের একটু বেশী উচু হয়ে
উঠেছে, কথাগুলি যেন বেশী শক্ত হয়ে গেল ।

নারায়ণ নারায়ণ ! মনে মনে নারায়ণ স্মরণ করলেন তিনি ।

চৌত্রিশ

দেখো, বিনয়, মৃত্যু সংসারে ঞ্জব । যে জন্মায় তাব মৃত্যু হবেই । মৃত্যুর বহু পথ,
সে অনিবার্য । কেউ রোগে মবে, কেউ আঘাতে মরে, কেউ ইচ্ছে করে মরে,
আত্মহত্যা করে । তবে রোগই হল মৃত্যুর সিংহদ্বারের পাকা সড়ক । রোগমাজেই
মৃত্যুর স্পর্শ বহন করে ; সব রোগে মাহু মরে না কিন্তু ঞানিকটা এগিয়ে দেয় ;
জীবনীশক্তি ক্ষয় করে ঠেলে দেয় ঞানিকটা । চিকিৎসক চিকিৎসা করে, তার
জ্ঞানমত্ত যে বাঁচবে বলে মনে হয় তাকে সে মরবে বলে না । যে মরবে বলে মনে হয়
তার ক্ষেত্রে কেউ আকারে ইচ্ছিতে জানায়, বলে বড় ডাক্তার আহুন, কেউ নিজের
মত্ত স্পষ্ট করে বলে দেয় । তারও ক্ষেত্র আছে । শশাকের বউ আমার মতে বাঁচবে ।
শাই বলেছি ।

বিনয়ের দোকানে বসেই কথা বলছিলেন মশায় । আরও একদিন পর । শশাকের
স্ত্রীকে দেখে মশায় যা বলে এসেছেন তাই নিয়ে এখানে বেশ ঞানিকটা উত্তাপের সৃষ্টি
হয়েছে । নবগ্রামের ডাক্তারেরা— হরেন, চারুবাবু, প্রভোত তিনজনেই জু কুঞ্চিত
করেছেন । প্রভোত বলেছে— হাত দেখে বলেছে যন্ত্রা নয় ?

কথাটা নিয়েই হৈ চৈ করছে শশী ডাক্তার । সে বলে বেড়াচ্ছে— শতমারী
ঞত্রবেদ, বৈজ্ঞ, সহস্রমারী চিকিৎসক । দু-চার হাজার রোগী মেয়ে জীবনমশায় আমার

মরা বাঁচাতে লেগেছে। রাসহরে বেটাকে আশ্রয় পেটের অস্থখ থেকে বাঁচিয়ে এবার শশাঙ্কের বউকে যক্ষ্মা থেকে বাঁচাবে। রানা পাঠককে বাঁচাবে।

—শশীর দোয়ারকি করছে দাঁতু ষোঝাল। বিনয় বললে—সে বাহন হাসপাতাল থেকে কাল চলে এসে শশীর সঙ্গে ছুটেছে। শশী তাকে বলেছে, দৈত্যো, জীবন দত্ত যদি যক্ষ্মা ভালো করতে পারে তো আমি আর তোর বদহৃদয় সারাতে পারব না। খুব পারব। ক্যানবিসিঙিকা খাইয়ে তোকে সারিয়ে দোব।

মশায় চকিত হয়ে উঠলেন—দাঁতু হাসপাতাল থেকে পালিয়েছে, না ডাক্তার ছেড়ে দিয়েছে?

জোর করে চলে এসেছে। হাসপাতালে ভূত-ভূত গুজব শুনেছে—তার উপর পরশু রাতে পরানের বিবি মরেছে বিষ খেয়ে—হাসপাতালের টেবিলের ওপর। দাঁতু কাল বণ্ড লিখে দিয়ে এসেছে।

মশায় অকস্মাৎ অশ্রমনস্ক হয়ে গেলেন, বাইবের জানালা দিয়ে গাছের পল্লবের মাধ্যয় আকাশের দিকে তাকিয়ে রইলেন। মনটা যেন খোলা পথে শূন্যলোকের অস্বহীনতার মধ্যে কিছু খুঁজে বেড়াতে লাগল। মুখে ফুটে উঠল কীপ রেখায় একটু হাসি।

—মশায়!

ভারী গলায় ডাক দিয়ে ধরে এসে ঢুকল রানা পাঠক।

—আমি একটু ভালো আছি মশায়। দু-তিন দিন থেকে জ্বর কম হয়ে গিয়েছে। কাল বোধ হয় হয়ই নাই। সে এসে বেঞ্চে বসল। মোকব উপর নামিয়ে দিলে সের পাঁচেক একটা মাছ।

মশায় রানার মুখের দিকে চেয়ে রইলেন। ওকে দেখতে লাগলেন। রানার মুখে কোনো পরিবর্তনের ছাপ দেখা যায় কি না। রানা বললে—হাসপাতালের ডাক্তার, হরেন ডাক্তার, চাক্কাবু ওদের আজ হুটো কথা বলে এলাম গো।

মুখের দিকে দেখতে দেখতেই জরুকিত্ত করে বললেন—কী বলে এলে?

রানা বললে—ওই ওদের কে-অপারেটিভ না ফো-অপারেটিভ ডাক্তারখানা হয়েছে, সেইখানে ওরা শশাঙ্কের বউয়ের বোগ নিয়ে, আমার রোগ নিয়ে আপনার নামে পাঁচ কথা বলছিল। আমি দাঁড়িয়ে শুনছিলাম। শুনে আমিও দু কথা বললাম। তা ওই নতুন ডাক্তার কট করে বললে—তুমি বাঁচবে না বাপু। মশায় তোমাকে বাঁচাতে পারবে না। বাঁচতে চাও তো কোথাও কোনো যক্ষ্মা হাসপাতালে গিয়ে জড়ি হও। তা আমিও দু-চার কথা বললাম।

—কটু কথা তুলেছ নাকি ?

তা দু-চারটে শক্ত কথা বলেছি। কটু নয় এমন কিছু। বলেছি দু-চারটে। কত বড় শক্ত রোগ আরাম করেছেন তার কথা। সেই কাহারের রক্তবন্দি-করা বন্দা ভালো করার কথা বলেছি।

—না-না। সে কাহারের রোগটা বন্দা ছিল না বাবা। রক্তপিত্ত হয়েছিল তার।

—তা চক্রধারী তো বলেছিল বন্দা। চাকুবাবুও বলেছিল।

—মাহুঘ মাজেরই ভুল হয় বাবা।

এই তো শশাঙ্কের স্ত্রীকেও বলেছিল বন্দা। আপনি বলেছেন বন্দা নয়।

—হ্যাঁ। আমার বিচারে এটাও গুঁরা ভুল করেছেন। শশাঙ্কের স্ত্রী সেয়ে উঠবে। এক্স-রে করলে এখুনি বুঝতে পারবেন। ভালো নাড়ী দেখতে পারলেও ধরতে পারতেন। আসল হল বন্ধুত্বের দোষ। বিধবা মেয়ে, শরীরকে বড় কষ্ট দেয়, অবেলান্ন খায়, উপবাস মাসে তিন-চারটে। লিভার ধারণ থেকেই কাশিটা হয়েছে। তার উপর পূর্বনো জ্বর। গুঁরা ধরতে পারেন নি।

আমার তো বন্দা বটে। তা আমিও তো ভালো আছি।

—ভালো আছ ?

—তাই তো মনে হচ্ছে। জ্বর আজ দুদিন কমে গিয়েছে। সামান্য, খুব সামান্য। নিজেও তো নাড়ী দেখতে জানি। ওদের ওই পারাকাঠি আমার লাগে না। নিয়ম করে খাই দাই। ভালো লাগছে একটু। তা ছাড়া সে সর্বনাশী তো খালাস দিয়েছে আমাকে।

সেই মেয়েটি মরেছে। আশাবিভ হয়ে উঠেছে রানা।

—কখন, হাতটা দেখুন।

হাত দেখে বুক দেখে মশায় বললেন—ওই ওষুধই খেয়ে যাও। ওই নিয়মই করে যাও বাবা। দেখো।

—কী দেখলেন বলুন। আমার কাছে আবার লুকুবেন না মশায়। আপনি তো রানাকে জানেন। মরণকে আমার ভয় নাই। মরণে সাধও নাই। মরণ জনলে কাঁদব না আমি। তবে যদি ভালো হয়, আর কিছু কাল বাঁচি, তা কেন চাইব না। বন্দা বধন হয়েছে, তখন বাবার নোটিশ আমার হয়ে পিছেছে, সে আমি জানি। এখন যদি লক্ষ্মিন মানে কিছুদিন জামিনে খালাস পাই তো সাধ-আহ্লাদটা দিচ্ছি নি। এই আর কি। ভগবানের নাম ভালো করে করি নাই, তাও করে নি। এই আর কি। আপনি নির্ভয়ে বলুন।

—বলবার সময় এখনও হয় নাই বাবা। তবে ধারাপ হয় নাই—এটুকু বলতে পারি। আরও পনেরো দিন পরে এসো বাবা।

—বাস, বাস! তাই আসব। এখন মাছটা রইল। ওটা আপনার জন্যে এনেছিলাম।

—মাছ কেন আনলে রানা? আমার বাড়িতে থাকে কে?

—গেলাম পথে, নিয়ে এলাম আপনার জন্যে। ইচ্ছে হল। ভেলেরা মদীতে মাছ ধরছিল, নদী আমার এলাকা, জমা পাই। দাঁড়লাম। দেখলাম বেশ মন দুই-আড়াই মাছ উঠল। এ মাছটা চমৎকার লাগল। সজ্জ সজ্জ মনে পড়ল আপনাকে—নিয়ে এলাম। ঘরে খান, বিনয়-টিনয়কে দেন। পাড়ায় দেন। আমাকে আশীর্বাদ করুন। বাঁচি মরি—শিগগির শিগগির হয়ে যাক, যেন না ফুগি! চললাম তা হলে।

বিচিত্র মানুষ রানা। ভয় নাই। কিন্তু রানা বাঁচবে না।

বিনয় বললে—আজ রাত্রে তা হলে আপনার বাড়িতে খাওয়া-দাওয়া। বাজার করে মাছ নিয়ে দি গিন্নীমায়ের কাছে।

মশায় হাসলেন—দে। বিনয় চলে গেল।

ঘরে একা বসে নিজের নাড়ী দেখেছিলেন। আজকাল প্রায় দেখেন। মৃত্যুর পদধ্বনি যদি স্তনতে পান। এখন ওই একটি কামনা তাঁর মনে দিন দিন প্রবল হয়ে উঠেছে। তিনি তাকে সর্বপ্রিয় দিয়ে প্রত্যক্ষ করবেন। সতর্ক হয়ে বসে থাকবেন। তার পদধ্বনি, তার রূপ, তার স্বর, তার স্পর্শ, তার স্বাদ তিনি প্রত্যক্ষ করবেন। রূপ থাকলে দেখবেন, স্বর থাকলে শুনবেন, স্পর্শ যদি থাকে—তা তিনি অহত্ব অবস্থায় দেখবেন। পারলে বলে যাবেন।

সে আত্তর-বউ? সে মঞ্জরী? সে কেমন? সে কে?

* * *

একটি তরঙ্গী মেয়ে এসে তাঁর ঘরে ঢুকল। সবিস্ময়ে তিনি তার মুখের দিকে তাকিয়ে রইলেন।

শান্ত দৃষ্টি, বড় বড় দুটি চোখ, প্রসন্ন মুখশ্রী, করসা রঙ, বাইশ-ডেইশ বছরের একটি মেয়ে। সাদা ব্লাউজ, কিত্তেপাড় সাদা শাড়ি, গলায় একছড়া সুর হার চিকচিক করছে, হাত দুখানি নিরাস্তর, ঝাঁ হাতে একটি কালো স্ট্র্যাপে বাঁধা ছোট হাতঘড়ি। প্রসন্নতা মেয়েটির সর্বদে।

হেঁবে চোখ জুড়িয়ে গেল।

মেয়েটি বললে—আমি এখানে নার্স হয়ে এসেছি। আপনার নাম উনেছি।

হাসপাতালের সামনে দিয়ে আসেন যান দেখি। বড় ইচ্ছে হয় কথা বলতে। আজ বাজারে এসেছিলাম, দেখলাম আপনি একা বসে আছেন।

—বোসো মা, বোসো। আলাপ করতে এলে, দাঁড়িয়ে থাকলে চলবে কেন? আর আমার মতো বুড়ো মানুষকে তোমার সঙ্কোচ কী? বোসো। সেদিন রাত্রে হাসপাতালের দাওয়ার তুমিই দাঁড়িয়েছিলে?

—আপনাকে দেখছিলাম।

—আমাকে?

—আপনার অনেক গল্প শুনেছি আমি।

—কার কাছে?

—আমার মার কাছে। আমার মাকে, আপনি বাঁচিয়েছিলেন। আমি তখন খুব ছোট। আমার জন্ম এইখানে। ওই আপনাদের গ্রামে।

—কে মা তুমি? আমি তো—। বিশ্বয়ের আর সীমা রইল না তাঁর।

—কী করে চিনবেন? আমার মায়ের বাবা এখানে চাকরি করতে এসেছিলেন। সে আপনার মনে থাকবে কী করে? কত লোককে আপনি বাঁচিয়েছেন—আপনার কি মনে আছে? কিন্তু যারা বেঁচেছে তাদের মনে থাকে।

—থাকে? হাসলেন জীবন মশায়।

—আমার তো রয়েছে। আমি প্রায় মরে গিয়েছিলাম। মা বলে। তাই তো আমি হাসপাতালে সকলের সঙ্গে তর্ক করি। ওরা বলে পাশ-করা তো নন, কোন্সাক তো!

মশায় হাসলেন।

মেয়েটি বললে—আমি বলি, না। তা উনি নন। আমি মায়ের কাছে শুনেছি। আপনারা মশায়। মানে মহাশয়ের বংশ।

বিশ্বয়ের আর সীমা রইল না মশায়ের।—তোমার মা কে ভাই?

হেসে বললেন—ভাই বললাম, তুমি আমার ছেলের ছেলের বয়সী, কিছু মনে কোরো না।

—না। আপনি আমার দাছই তো। আমার মা আপনাকে জ্যেষ্ঠামশায় বলত।

—কে? কে তোমার মা?

চুপ করে রইল মেয়েটি। একটু পর বললে—একদিন আপনার বাড়ি যাব। সব বলব।

মেয়েটি হেঁট হয়ে টুপ করে পারে হাত দিয়ে প্রণাম করলে। মশায় ব্যস্ত হয়ে উঠলেন।

—আমাকে প্রশ্ন করছ ? আমি কায়স্থ । তুমি ব্রাহ্মণ কি বৈষ্ণব নও তো ?

—না । আর হলেই বা কী ? আপনি মশায় ।

আর মশায় । শেষ হয়ে গিয়েছে মহাশয়ত্ব । কিন্তু আশ্চর্য । পৃথিবীতে এমন কৃতজ্ঞতাও আছে ? কবে কোন কালে ওকে ওর স্মৃতির কালের সীমার বাইরে কোন অস্থখ থেকে বাঁচিয়েছিলেন—তার জন্য ওর এত কৃতজ্ঞতা ।

—আজ আমি যাই দাদু ।

সচেতন হয়ে উঠলেন মশায়, বললেন—তোমার পরিচয় তো ঠিক পেলাম না । কিন্তু তোমার নাম ?

—সীতা ।

—সীতা ?

লঘুপদক্ষেপে চলে গেল মেয়েটি ।

—মহাশয় ! কদর এসে দাঁড়াল ।—ভালো আছি মহাশয় । আগর খোড়া দাওয়াই ।

পঁয়ত্রিশ

মাস কয়েক পর—মাস তখন চৈত্র । বেশ গরম পড়েছে । অপরাহ্নবেলায় আরোগ্য-নিকেতনের বারান্দায় সেতাবের সঙ্গে মশায় দাবায় বসেছিলেন ।

মশায় ক্রমাগত হারছিলেন । বাঁ হাতে ডান হাতের কজ্জিট ধরে বসে চাল ভাবছিলেন । হঠাৎ বললেন নাঃ, মাত ঠেকানো যাবে না । আমার হার ।

সেতাব বললে—তোর হল কী বল দেখি ?

মশায় হাসলেন ।

—খেলায় মন নেই একেবারে ? কী হয়েছে আজকাল ? কেবল নাড়ী দেখছিস । বাঁ হাতে ডান হাতের নাড়ী ধরেই বসে থাকিস । হঠাৎ শঙ্কিত হয়ে সেতাব বললে—জীবন ?

মশায় হেসে বললেন—নাঃ কিছু না । তবে ভালো লাগে না রে আর । তাই দেখি । কিন্তু নাঃ, কিছু পাই না ।

সেতাব দীর্ঘনিশ্বাস ফেলে উদাস হয়ে বসে রইল । দাবা সাজাতে ভালো লাগল না ।

বাড়ী থেকে এই মুহূর্তে বেয়িয়ে এল সীতা । সেই নার্স মেয়েটি । চাষের বাটি

হাতে এসে বাটি দুটি নামিয়ে দিয়ে বললে—চললাম দাদু। আজ সন্ধ্যা থেকেই ডিউটি।

—এসো। সন্ধ্যেই পিঠে হাত দিয়ে মশায় বললেন—কাল কখন আসবে ?

—সকালে স্থান করে ঘুমিয়ে নিয়ে তারপর আসব।

—চলো, বিনয়ের ওখানে যাবার পথে একবার কদরুকে দেখে যাব।

মেয়েটি চলে গেল।

সেতাব ঘাড় নেড়ে উৎসাহ প্রকাশ করে বললে—হাসপাতালের ডাক্তার কদরু বেটাকে খুব বাঁচালে।

—নিশ্চয়। কেউ ভাবে নি—এ অপারেশন করে ডাক্তার ওকে বাঁচাতে পারবে। চাকুবাবু হরেন এরাও ভাবে নি। চাকুবাবু তো বলেছিলেন, হাত পাঙ্কিয়ে নিচ্ছে বুড়োর উপর ছুরি চালিয়ে, নিক। কদরু বেটাও মলে খালাস। স্ট্রাকুলেটেড হার্নিয়া এখানে অপারেশন হয় ? হয় সবই, চাই সাহস আর আত্মবিশ্বাস ! তা প্রত্যোত্ত ডাক্তারের আছে।

স্ট্রাকুলেটেড হার্নিয়া হয়েছিল কদরু। প্রথমটায় পেটের দরদ বলে কদরু নিজের ঘরেই পড়েছিল। কিশোর খোঁজ পেয়ে তাকে জোর করে হাসপাতালে ভর্তি করে দিয়েছিল। অপারেশন না করলেও কদরু মরত। প্রত্যোত্ত কদরুর কথা শোনে। সে অপারেশন করেছে ; এবং কদরু বেঁচেছে। ধীরে ধীরে সে উঠেছে সে। মশায় রোজ একবার করে দেখে যান কদরুকে। প্রত্যোত্তের সঙ্গে প্রায়ই দেখা হয়, সে হেসে নমস্কার করে বলে—“আপনার কদরু ভালোই আছে।” একদিন বলেছিল—“ওর হাত দেখে গুকে একটু বলে যান যে ভালো আছে। নইলে ও বিশ্বাসই করে না যে ও ভালো আছে। এমন রোগী পাওয়া ভাগ্যের কথা।”

সেতাব আবার ছকে গুটি সাজাতে আরম্ভ করে বললে—তুই কিন্তু ওই মেয়েটাকে নিয়ে বাড়াবাড়ি করছিস জীবন।

ওই সীতা মেয়েটির কথা বললে সেতাব। ওই মেয়েটির সঙ্গে কল্পমাসেই মশায়দের সম্পর্ক নিবিড় হয়ে উঠেছে। অর্থাৎ শুধু মশায়ের সঙ্গে নয়, মশায়গিরীর সঙ্গেও।

মশায় হাসলেন—বাড়াবাড়ির উপরে কি মাছের হাত আছে রে ? দাঁড়কে দোব দিতাম। লোভ—লোভ—লোভ। এও দেখছি মায়ী, মায়ী ছাড়াবার উপায় নাই। ছাড়ব ভারতে গেলে অন্তর ছটকট করে আরও নিবিড় পাকে জড়িয়ে পড়ে।

মশায় উদাস দুটি তুলে আকাশের নীলের দিকে তাকিয়ে রইলেন।

সেতাব শুরু হয়ে বসে রইলেন। এতটা মাখামাখি সেতাবেরও একটু কটু ঠেকে। সেই হুজ থেকে এ যেন শত সহস্র লক্ষ পাকে জড়িয়ে পড়ল জীবন। জীবন যদি যুবা হত, এমন কি প্রৌঢ়ও হত এবং জীবন যদি জীবনমশায় না হত তবে লোকে তার দুর্নাম রচাত। তবুও লোকে প্রশ্ন করে—এত কিসের মাখামাখি বলতে পার? সেতাবকেই প্রশ্ন করে। জীবনমশায়কে রক্ষা করবার জন্যই বলে—এটাও বোঝ না বাপু? ছেলেপুলে নাতিনাভনী সব যখন ছাড়লে তখন ওটা এসে পড়ল, ওরাও জড়িয়ে ধরলে আর কি। লোকে তবুও ছাড়ে না। বলে—নার্সটার্গদের জাতিকাত তো সব গোলমালে ব্যাপার। সেতাব বলে—সে বাপু আগেকার কালে ছিল—সেটা তো কম কথা নয়। নিতাই মেয়েটি একবার করে আসে। আতর-বউকে বই পড়ে শোনায়। আতর-বউয়ের চুংখের কাহিনী শোনে। এ সব জেনেও সেতাবের মনে সন্দেহ হয় যে, মেয়েটি অত্যন্ত হুচতুরা; সে এই বুদ্ধ দম্পতির জীবনের শূন্যতার স্বযোগ নিয়ে তাদের দোহন করছে। টাকাপয়সাও নেয়, এঁরাও—অন্তত জীবনও—দেয়।

শেষ বয়সে জীবনের ভাগাটা যেন ফিরে গেল। জীবনের নামডাক আবার অনেকটা ফিরে এসেছে। রামহরি লেটকে বাঁচিয়ে সুরক্ষিত হয়েছিল, তারপরই এই শশাকের বউয়ের রোগে জীবনের চিকিৎসা দেখে লোকে অবাক হয়ে গিয়েছে। ডাক্তারেরা বলেছিল যক্ষ্মা, জীবন বলেছিল—যক্ষ্মা নয়। অন্ধরে অন্ধরে সত্য হয়েছে। মাস দেড়েকের মধ্যেই সম্পূর্ণ রোগমুক্ত হয়েছে শশাকের জী। সে কী পরিজ্ঞম আর সে কি নিষ্ঠা বুদ্ধ জীবনমশায়ের। নিজের হাতে ওষুধ তৈরি করেছেন। নিয়মিত একদিন অস্তর ভোরবেলা উঠে দু-মাইল পথ হেঁটে গিয়ে জীর্ণ ঘরখানির সামনে দাঁড়িয়ে ডাকতেন—মা।

মরি বইমি ঠিক উপস্থিত থাকত। হাসিমুখে বলত—আম্বন বাবা।

—মা উঠেছেন?

—মা আপনার সেই ভোরে উঠে বসে আছেন। জপ সারা হয়ে গেল।

সাদা ধান-কাপড়-পরা শীর্ণ ক্লান্তদৃষ্টি গৌরাঙ্গী মেয়েটি হেসে মাখায় একটু কাপড় টেনে দিয়ে অভ্যর্থনা করে বলত—কেন কষ্ট করে এলেন বাবা? ওষুধ পাঠিয়ে দিলেই হত। আমি ভালো আছি বাবা।

—ভালো তো থাকবেই মা। রোগ তোমার অট পাকিয়েছে কিন্তু কঠিন তো

নয়। তার উপর তোমার সহৃদয়, সেই জ্বরে শরীরের চেয়ে মন বেশী ভালো আছে। হাতটা যে দেখতে হবে। সেইজন্তে এলাম।

লক্ষিত হত মেয়েটি। মধ্যে মধ্যে বলত—আমাকে বাঁচবার জন্তে এত কষ্ট কেন করছেন, আমি লজ্জা পাই। আমার জীবন যাবার নয়। আমি গেলে কষ্ট ভোগ করবে কে।

মশায় উত্তর দিয়েছিলেন—স্বধঃখের সংসার মা। যত স্বধ, তত দুঃখ। এই সহজেই জন্ম মা।

হেসে সে বলেছিল—তাই বটে বাবা, যত ভেতো তত মিষ্ট। না পারা যায় গিলতে, না পারা যায় ওগরাতে।

—ঠিক বলেছ মা। আমাকে দেখো। তবু মা সংসারে মৃত্যুকামনা করতে নেই; আবার মরণকে ভয় করে পিছন কিরে সংসার আঁকড়ে ধরে কাঁদতেও নেই। ছটোই পাপ।

—সেই পাপের ভয়েই তো বাবা। নইলে—

মশায় একদিন বলেছিলেন—পাপ তোমার নেই মা। কিন্তু অন্ডায় কিছু আছে। রাগ কোরো না আমার ওপর।

চমকে উঠেছিল মেয়েটি—কী অন্ডায় বাবা।

—মা, আত্মা—যাকে নিয়ে মাহুকের এত, তিনি হলেন দেহাশ্রয়ী। দেহ নইলে তিনি দিরাশ্রয় নিরালম্ব—তাঁর আর কিছু থাকে না। সেই দেহকে একটু অবস্থ কর তুমি। যে মন্দিরে দেবতা থাকেন, সে মন্দিরের অবস্থ হলে দেবতা থাকবেন কী করে। দেহকে পীড়া দিয়ে তাঁকে অকালে চলে যেতে বাধ্য করলে—সেও যে এক ধরনের আত্মহত্যা হয়। শরীরের একটু যত্ন নিতে হবে।

শশাঙ্কের স্ত্রী সে কথা পালন করেছে।

কোনো কোনো দিন সকালে যেতে না পারলে, বৃদ্ধ মশায় ছপরের রোগ মাথায় করেই গিয়েছেন।

শশাঙ্কের স্ত্রী সেরে উঠেছে। ভাইপোর ঘরে আবার কিরে গিয়েছে। কিরিয়ে নিয়ে যাবার আগে ভাইপোটি পিসীকে শহরে নিয়ে গিয়ে একরে করিয়ে নিঃসন্দেহ হয়ে তবে নিয়েছে। একরিতে জীবনমশায়ের কথাই সত্য হয়েছে। আজও মধ্যে মধ্যে মরি বহুসী ভিকার খুলি কাঁধে ভিকার পথে এসে 'জয় গোবিন্দ' বলে তাঁর কাছে দাঁড়ায়। খুলির ভিতর থেকে বের করে দেয় কিছু মিঠোর। অভয়া মা, কাশীমায়ের প্রসাদ পাঠিয়েছেন বাবা।

আরও সত্য হয়েছে জীবনমশায়ের কথা। দাঁতু খোখাল রয়েছে। হাসপাতাল

থেকে ভূতের ভয়ের জন্ম দাঁতু জোর করে চলে এসেছিল। জুটেছিল শশীর সঙ্গে।
কদিন পরেই বিপিনের শ্রাঙ্ক হল সমারোহের সঙ্গে। সেই শ্রাঙ্কে দাঁতু খেয়ে এল, সে
থাওয়া বিন্ময়কর!

তারপরই সে পড়ল।

শেষ চিকিৎসা তার জীবনমশায়ই করেছেন। সে অল্প কাউকে ডাকেও নি।
মশায়কেই ডেকেছিল। শশীই এসেছিল ডাকতে।

মশায়ের দুটি হাত ধরে কেঁদেছিল।

মশায় বলেছিলেন—আমি কী করব দাঁতু? কেই বা কী করবে? হাসপাতাল
থেকে তুই শ্রাঙ্কের ঠাওয়ার গোঙে পালিয়ে এলি?

দাঁতু অস্বীকার করে বলেছিল—গুরু দিবিয়া, না। ঈশ্বরের দিবিয়া করে বলছি।
ভূতের ভয়ে। হাসপাতালের ডাক্তারের বাড়িতে পর্যন্ত—

—দাঁতু! ভিরঙ্কারের সুরে মশায় বলে উঠেছিলেন—দাঁতু!

—দাঁতু চুপ হয়ে গিয়েছিল এক মুহূর্তে। মশায় বলেছিলেন—সে তুই। ডাক্তারের
রান্নাঘরের জানালার পাশে দাঁড়িয়ে সে তুই ভূত সেজে মাংস চেয়েছিলি। আমি জানি
দোষ তোর নয়, এ লোভ তোর বিপু দাঁড়িয়েছে। তুই ছাড়তে পারবি নে। তোর
ইতিহাস আমি জানি, তাই এত জোর করে বলেছিলাম—দাঁতু এতেই তোকে
যেতে হবে। হাসপাতালের ডাক্তার জানে না তোর ইতিহাস, হয়তো আমার মত
বিশ্বাসও করে না, তাই বলেছিল তোকে বাঁচাবে।

দাঁতু ফুঁপিয়ে ফুঁপিয়ে কেঁদেছিল।

মশায় বলেছিলেন—ভয় কী? মরবে তো সবাই একদিন। আমিও মরব। মানুষ
জন্মায়—সে কী হবে, তার কত সুখ কত দুঃখ এ কেউ বলতে পারে না, সবই তার
অনিশ্চিত, নিশ্চিত কেবল একটি কথা—সে মরবে একদিন। আর বয়স তো কম হল-
না। সাহস কর, ভগবানের নাম নে। মরণকে যত ভর করবি তত :কাঁদতে হবে।
ভয় করিস নে, দেখবি মরণই তোর সত্যিকারের সুখ। এ ভাঙা জরা দেহ—এ দিয়ে
করবি কী? পালটে ফেল। পালটে ফেল।

দাঁতু অনেকক্ষণ কেঁদে তারপর বলেছিল—এবার আমাকে বাঁচাও, আর শোভের
ঠাওয়া ঠাব না আমি। দেখো।

মশায় হেসেছিলেন, বলেছিলেন—চেষ্টা আমি করব। তবে বলাই ভালো রে দাঁতু।
দেহে আর তোর কিছু নাই। নাড়ীতে বলছে—

‘—ছি—ছি—ছি। ছি—ছি—ছি!’

মশায়ের কথার মাঝখানেই দাঁতু চীৎকার করে উঠেছিল। মৃত্যুর সময়েও মশায়

উপস্থিত ছিলেন। প্রায় শেষ মুহূর্ত পর্যন্ত জ্ঞান ছিল দাঁতুর, শুধুই কেঁদেছিল, চোখ দিয়ে অনর্গল ধারে জল পড়েছিল। মশায় একবার জিজ্ঞাসা করেছিলেন—কী হচ্ছে তোর ?

বাড় নেড়ে দাঁতু কীর্ণ কণ্ঠে বলেছিল—জানি না! ভয় লাগছে।

সেই বহুকালের—সেই আদিকালের সেই পুরানো কথা। মহাভয়, মহাভয়! মহা অঙ্কার! মহাশূন্য! নিশ্বাস নেবার বায়ু নেই! দাঁড়াবার স্থান নাই! কিছু নাই! কেউ নাই—আমি নাই!

অপেকের অস্ত্র মশায়কেও যেন তার হোঁয়াচ লেগেছিল। গভীর স্বরে তিনি ডেকে উঠেছিলেন—পরমানন্দ মাধব হে। সেতাবও ছিল মশায়ের সঙ্গে। দাঁতু তারও পাঠশালার সহপাঠী। দেখতে গিয়েছিল। সেতাব মশায়ের হাতখানা চেপে ধরেছিল।

সেই অবধি জীবনের সময় ভালো চলেছে। উপার্জনও বেড়েছে। সেতাবের ধারণা, এই সীতা মেয়েটি এইসব দেখেভনেই এমন করে আঁকড়ে ধরেছে মশায়কে, আলোকলতার মতো আকাশপথে এলে বুড়ো শালের মাখায় পড়ে তাকে ছেয়ে ফেলেছে, তার রস শোষণ করছে। এই কারণেই সেতাব সন্তুষ্ট নয়। সে বলে, আজও বললে—তবুও বলব জীবন, বাড়াবাড়ি লোকের চোখে ঠেকছে। কোথাকার কোন বংশের কী ধরনের মেয়ে, তার ঠিক নাই! আর তোর হল মশায়ের বংশ।

হেসে মশায় বললেন—মশায়ের বংশের অবস্থাটাও ওই মেয়েটির মতোই সেতাব। কী ভকাত আছে বল? আরও কিছু বলতে বাচ্ছিলেন কিন্তু হঠাৎ খেমে গেলেন।

কথা বন্ধ করে মশায় যেন উৎকর্ণ হয়ে উঠলেন—কে কঁাদছে নয়? সেতাব?

কঁাদছে? হ্যাঁ। কার অহুধ ছিল? হ্যাঁ, কঁাদছেই তো!

মশায় উঠলেন। বললেন—ছক তোল সেতাব, একবার দেখি।

বৃদ্ধ সেতাব এসব বিষয়ে নিরসেজ্জির কোটায় পৌঁছেছেন। তিনি আর একবার বললেন—কার কী হল? বলেই হুকোটা তুলে নিলেন।

—বোধ হয় মতি কর্মকারের বাড়িতে কারও কিছু হয়েছে। ওর মায়ের সেই ব্যাপার থেকে ওরাই শুধু আমাকে ভাকে না। কথায় কথায় হাসপাতালে ছোটে দেখি। অন্য কারও বাড়িতে অহুধ থাকলে অবশ্যই তিনি জানতেন।

মশায়ের তার অস্ত্রে কোন্ড নাই। মতির উপর রাগ করেন না। তিনি জানেন—তীর চেয়ে কেউ ভালো জানে না যে, তারা যে তাঁকে ভাকে না, আলো না—

সেটা অবিশ্বাসের জন্ত নয়। ডাকে না লক্ষ্য। মতির মা তাঁর নিদান ব্যর্থ করে বেচেছে সেই লক্ষ্য তাঁকে ডাকতে পারে না। মতি পর্যন্ত তাঁর সামনে আসে না। আড়াল দিয়ে হাঁটে। কিন্তু হল কী ?

মশায় তাড়াতাড়ি জুতো পরে বেরিয়ে পড়লেন। খানিকটা গিয়েই থমকে দাঁড়ালেন। মতির মা-ই কি তবে গেল ? না - ।

কান্না মতির বাড়িতেই বটে। কিন্তু সকলের কণ্ঠস্বরকে ছাপিয়ে উঠছে মতির মায়ের কণ্ঠস্বর। ওরে বাবারে। আমার একি সর্বনাশ হল রে। তোমাকে আমি ছাড়ব না। তুমি আমার নাতিকে বাঁচিয়ে দিয়ে যাও। নইলে কেন তুমি আমাকে বাঁচালে রে ? মশায় ক্রত হেঁটে গিয়ে মতির বাড়ির সামনে গিয়ে দাঁড়ালেন।

এই মুহূর্তেই হাসপাতালের ডাক্তার বাড়ি থেকে বেরিয়ে এলেন। মশায়ের সঙ্গে তাঁর চোখাচোখি হয়ে গেল। পিছনে পিছনে বাড়ি থেকে পাগলিনীর মতো বেরিয়ে এল মতির মা। খুঁড়িয়ে চলেও ছুটে এসে সে হাসপাতালের ডাক্তারের সামনে দাঁড়াল।—না-না-না। তুমি বাঁচিয়ে দিয়ে যাও। বাঁচিয়ে দিয়ে যাও। পায়ের উপর আছড়ে পড়ল সে, হাসপাতালের ডাক্তার দাঁড়াতে বাধ্য হলেন। বললেন— ছাড়ো ছাড়ো, পথ ছাড়ো।

চীৎকার করে উঠল মতির মা— তবে আমাকেও মেরে দিয়ে যাও। বিষ দাও। মরণের ওষুধ দাও।

জীবনমশায় গম্ভীর স্বরে বললেন—মতির মা !

মতির মা তাঁর মুখের দিকে চেয়ে নতুন করে বিলাপ করবার চেষ্টা করলে। কিন্তু জীবনমশায় সেই গম্ভীর কণ্ঠেই বললেন—ওঠো, চূপ করো। সবেই একটা সীমা আছে। কিন্তু হল কী ? কার অসুখ করেছিল ?

চীৎকার করেই মতির মা কী বলতে গেল। মশায় বললেন—এমন করে নয় মতির মা—এমন করে নয়। ধৈর্য ধরো, ধৈর্য ধরে বলো !

এবার হাসপাতালের ডাক্তার বললেন— মতির বড় ছেলেটি মারা গেল।

—আঃ, ছি ! ছি ! ছি ! মশায় বলে উঠলেন। বারো-তেরো বছরের যে —পাথরে গড়া ছেলের মতো শক্ত ছিল।—কী হয়েছিল ?

বোধহয় ম্যালিগন্যান্ট ম্যালেরিয়া। মাত্র দুদিন জ্বর। হঠাৎ হার্টকেল করলে। ডাক্তার বলছিলেন, কিন্তু তাঁকে বাধা দিয়ে আবার মতির মা চীৎকার করে আর্তনাদ করে উঠল—ওরে আমার সদল-বদল ছেলে রে, অসুখের কাঁড়ি সেই ছেলে আমার— ।

বুক চাপড়াতে লাগল—মাথা ঠুকতে লাগল।—ওরে তুমি আমাকে কেন বাঁচালে রে? কেন বাঁচালে রে?

হাসপাতালের ডাক্তার বিব্রত হয়ে উঠলেন। ওদিকে তাঁর সাইকেল পাংচার হচ্ছিল গেছে। চারপাশে লোক জমেছে। মূহু গুঞ্জে তারা বলছে—কি রকম? রোগ তাকতেই পারে নাই না কি?

জীবনমশায় ডাকলেন—মতি।

মতি দুই হাতে মাথা ধরে বসে ছিল। এবার সে হাউমাউ করে কেঁদে উঠল—ডাক্তার জেঠা, আপনাকে দেখালে হয়তো আমার—

জীবনমশায় বাধা দিয়ে বললেন—না। আমাকে দেখালেই বাঁচত কে বললে? সংসারে ডাক্তার-বৈদ্যতে রোগ সারাতে পারে, মৃত্যুরোগ সারাতে পারে না বাবা।

মতির মা আবার চীৎকার করে উঠল।—আমি কী করব গো? আমাকে বলে দাও!

—কী করবে? সহ্য করবে। সংসারে যখন বহু সংসার হয় তখন মুক্তি নিতে হয়—নয় সইতে হয়। সংসারে মৃত্যু অবিরাম। বিরাম নাই। মৃত্যুর কাছে বালক বৃদ্ধ নাই। কী করবে? সইতে হবে?

—আমাকে বাঁচালে কেন গো? আমাকে বাঁচালে কেন?

—এই শোক তোমার কপালে ছিল বলে। তাহাড়া তুমি বাঁচতে চেয়েছিলে মতির মা।

কে একজন বলে উঠল—এ তো চিরকালের নিয়ম গো। সংসারে প্রবীণ মানুষ মৃত্যুশয্যা পেতে যদি উঠে বসে, তবে সে শয্যাতে আর কাউকে শুতে হবে। মাশুল দিতে হবে।

নীরবে জীবনমশায় অগ্রসর হলেন, তাঁর সঙ্গে হাসপাতালের ডাক্তার। হঠাৎ তিনি বললেন—এখানে ম্যালিগন্যান্ট ম্যালেরিয়া তো এখন নাই, আমি সন্দেহ করি নি। আমাকে বলেও নি। আজ বললে—কয়েকদিন আগে আমার বাড়ি গিয়েছিল। সেখান থেকেই এনেছে।

জীবন ডাক্তার দীর্ঘশ্বাস ফেলে বললেন—রোগীর রোগ-বর্ণনায় ভুল, চিকিৎসকের ভ্রান্তি, ওষুধ অপ্রাপ্তি, এসব মৃত্যু-রোগের উপসর্গ না হোক—হেতু। নইলে চিকিৎসা বিজ্ঞান—আমাদের বলে আত্মবোধ পঞ্চম-বেদ। বিজ্ঞান বেদ, এ তো মিথ্যা নয়। মিথ্যা এমনি করেই হয়। মৃত্যু আসে। অবশ্য একালে রোগ পরীক্ষার উন্নতি আরও হবে। তখনকার কথা বলতে পারি না। তবে এইটুকু বলতে পারি, ভ্রান্তি মানুষের হবেই।

একটু চুপ করে থেকে প্রদ্যোত বললে—নাড়ী দেখে আপনি বুঝতে পারতেন ম্যালিগন্যান্ট ম্যালেরিয়া ?

—এ ক্ষেত্রে হস্ততা পারতাম না । পারলেও বাঁচাতে পারতাম না ।

—ওটা ঠিক কথা নয় । লক্ষ লক্ষ মানুষ অচিকিৎসায় অকালে মরছে ।

— ই্যা তা মরছে ।

এরপর দুজনেই নীরবে পথ হাঁটতে লাগলেন । মশায় ভাবছিলেন ডাক্তারের কথাই । মরে অকালে, অচিকিৎসায় অনেক লোক মরে । এ স্বীকার আজ করতেই হবে ।

হঠাৎ হাসপাতালের ডাক্তার নিস্তব্ধতা ভঙ্গ করে বললেন, কিন্তু মতি মাঝে আজ আপনি যে কথাগুলি বললেন সে আমার বড় ভালো লাগল । ঠিক কথা মশায়, জীবনে যখন সময় আসে তখন মুক্তি নিতে হয় । আমার শান্ত্যের দিদিমা আছেন । তিনি কুলের সব গিয়েছে, কেবল তিনি আছেন । আমি গেলেই তিনি বলেন, তুমি তো ডাক্তার ! আমার কান আর চোখ দুটো সারিয়ে দাও তো । এই মতি মা ! আপনি ওকে যা বলেছিলেন—অপারেশন না হলে তাই হত । মরত বড়ী । কিন্তু আপনি ওকে গঙ্গা-তীরে যেতে বলায় ওর সে কী কান্না তখন । আমার পাশ্বে ধরে বলে আমাকে বাঁচান । এ রোগে আমি মরতে পারব না । এ অপঘাত মৃত্যু । এতে মরে আমি শাস্তি পাব না । আমার গতি হবে না ।

—ওটা হলনা ডাক্তারবাবু । মানুষ যেখানে অতি মায়ায় অতি মোহে বন্ধ হয়, মৃত্যুভয়ে কাতর হয়, তখন নানা ছুতোয় বলে—আমি এই জন্যে বাঁচতে চাই, বাঁচাও আমাকে । মৃত্যুভয় যে মানুষের একটা বড় লজ্জা । তাই টাকে ।

— ঠিক বলেছেন, এমনি কথাই আমাকে বলেছিল মতি মা । বলেছিল—আর সাধ আমার একটি আছে । বড় নাতির বউ দেখতে সাধ আছে ।

মশায় একটু হাসলেন—মতি মা আবারও অস্থখ করলে নতুন সাধের কথা বলে বাঁচবে । কিন্তু ছেলেটার যাওয়া বড় মর্মান্তিক । বড় সবল স্বাস্থ্য ছিল ছেলেটার । একজন বলশালী লোক হত । ইস্কুলে পড়ত ; বাপের কামারশালে বাপকে সাহায্য করত ; হাতুড়ি পিটত । ওকে দেখলেই মনে পড়ত মঙ্গলকাব্যের বালক কালকেতুকে ।

অকালমৃত্যুর চেয়ে মর্মান্তিক আর কিছু নাই । একে রোধ করাই এ সংসারে সবচেয়ে বড় কল্যাণ । সবচেয়ে সুখের । মৃত্যু এইখানেই মৃত্যু, বৃদ্ধ বয়সে সে অমৃত ।

হাসপাতালের ডাক্তার বললেন—আজকের কথা চিরদিন মনে থাকবে আমার । আমি বড় বিব্রত হয়ে পড়েছিলাম ।

—না—না—না। আপনি কেন বিব্রত হবেন? আপনি তো চেষ্টায় ত্রুটি করেন নি। আপনি কী করবেন?

হাসপাতালের সামনে এসে পড়েছিলেন তাঁরা। ডাক্তারের চাকর ভিতর থেকে ছুটে এসে ফটকটি খুলে দিলে। ডাক্তারের স্ত্রী বারান্দায় এসে দাঁড়িয়ে। বোধ কয় সন্ধ্যায় দেখেছে। দূরে হাসপাতালের কাছাকাছি ছোট কোয়ার্টারটির বারান্দায় দাঁড়িয়ে আছে সীতা। সেও দেখেছে।

ডাক্তার আহ্বান জানালে—আহ্ন। একটু বসবেন না? অনেকবারই এসেছেন হাসপাতালে, এখনও আসেন; কদরুকে দেখে যান। আমি কখনও ডাকি নি, একটু বসবেন না আজ আমার বাসায়?

মশায় হাত জোড় করে বললেন—আজ নয় ডাক্তারবাবু। আসব অল্পদিন।

প্রদ্যোত একটু চূপ করে দাঁড়িয়ে রইল। তারপর বললে—আপনার কাছে হয়তো আমার ত্রুটি হয়ে থাকবে। কিন্তু বিশ্বাস করুন, সে আমি ইচ্ছে করে করি নি। আপনার চিকিৎসাপদ্ধতি আর আমার পদ্ধতিতে অনেক প্রভেদ। আমার মত ছেড়ে আপনার মতে আমি বিশ্বাস করতে পারি নি। তাতে আমাকে বিব্রত হতে হয়। আমার চিকিৎসা করা চলে না। তবে হ্যাঁ—মতির মায়ের নিদান হাঁকার কথা শুনে আর সেই কান্না দেখে আমার রাগ হয়েছিল। আজ অবশ্য দেখলাম—মতির মা মরলেই ওর পক্ষে ভালো হত। কিন্তু আমরা তো ঠিক ওই চোখে দেখি না।

হেসে মশায় বললেন—জানি। আমরা সেকালে ওই চোখেই দেখতাম। বিশেষ করে পরিণত বয়সের রোগী হলে, আর রোগ কঠিন হলে রোগের যত্নপা উপশমের চেষ্টাই করতাম, মৃত্যুর সঙ্গে কাড়াকাড়ি করে বাঁচাবাব চেষ্টা করতাম না। বলে দিতাম, ইচ্ছিতেও বলতাম, স্পষ্ট করে বলতাম, আর কেন? অনেক দেখলে, অনেক ভোগ করলে, এইবার মাটির সংসার থেকে চোখ কিরিয়ে উপরের দিকে তাকাও। সাধারণ মানুষ আকাশের নীলের মধ্যে তো ধরবার কিছু পায় না, তাই বলতাম তীর্থস্থলে যাও, সেখানকার দেবতার মন্দিরের চূড়ার দিকে তাকিয়ে বসে থাক। তবে অবশ্য যে প্রবীণ, যে বুদ্ধ বয়সেও বহুজনের আশ্রয়, বহুকর্মের কর্মী, তাকে বাঁচাতে কি মরণের সঙ্গে লড়ি নি? লড়েছি।

প্রদ্যোত ডাক্তার বললে—অন্যদিন হলে তর্ক করতাম। আজ করব না। আমার নিজেরই দিদিশান্তীদি কথার বললাম। আমরাই বলি, বুড়ী গেলেই খালি পায়। সেও পায়—হয়তো আমরাও পাই।

মশায় বললেন—তা হয় বৈ কি। ওটা আবার সংসারের আর একদিক। হুঁহু জীবন—রঙে রঙে ভরপুর জীবন জীর্ণ বস্তকে সজ্জ করবে কেমন করে ?

প্রজ্ঞাত বললে—কয়েকটা কেদেই আমি আপনাকে হাত দেখতে দিই নি। আমার ভয় হত, আপনি কী পাবেন—কী বলে দেবেন। আপনার হাত দেখাকে আমার সময় সময় ভয় লাগে। বিশেষ করে অহি সরকারের নাতির অহুখে।

—ও আপনি অদ্ভুত বাচিয়েছেন। অদ্ভুত চিকিৎসা করেছেন। আমি প্রথম নাভীতে মৃত্যুর যেন পায়ের সাদা পেয়েছিলাম। আমি বারবার হাত দেখেছিলাম কেন জানেন ? মৃত্যুকে পিছন হঠে চলে যেতে দেখলাম।

অবাক হয়ে প্রজ্ঞাত তাকিয়ে রইল মশায়ের মুখের দিকে। কথাটা সে জানে না নহ—কিন্তু সে কথাকে এইভাবে সে প্রকাশ করত না, এমন করে সে অহুত্তব করে ন'।

—আজ চলি তা হলে।

—আর একটা কথা। রানী পাঠকের কথা।

—রানী বাচবে না ডাক্তারবাবু। রানী সে কথা জানে। সে এক অদ্ভুত মানুষ। সে তো ভয় করে না মরতে। আপনাদের এখানকার অদ্ভুত চিকিৎসায় বাচতে পারত। কিন্তু সে বলে কী জানেন—ভালো হলেও সে-আমি আর হব না। অক্ষমের শামিল হয়ে বাচতে হবে, লোকে ভয়ে পাশে বসবে না। ছেলেরপিলে ভয় করবে। সে বাঁচা বাচতে এত কষ্ট, এত খরচ করব কেন ? তার চেয়ে বা-হয় আপনি করুন।

একটা দীর্ঘশ্বাস ফেলে আবার বললেন—আর তো রানী আমাকেও দেখায় না ! ওষুধপত্র সব ছেড়ে দিয়েছে সে। এখন দেবস্থানের ওষুধ খাচ্ছে।

মশায় ভাবতে ভাবতেই বাড়ি ফিরলেন। রানীকে যদি বাঁচাতে পারতেন।

রানীকে সারাতে পারত প্রজ্ঞাতরা। হ্যাঁ, পারত। তাঁদের চিকিৎসাও ছিল—কিন্তু সে চিকিৎসার তাঁর আয়োজন নাই। আর এতখানি শক্তিও ছিল না ; না—ছিল না।

এ চিকিৎসা-শাস্ত্র বিপুল গতিবেগে এগিয়ে চলেছে। অহুবীক্ষণ বস্ত্র খুলে দিয়েছে দিব্যদৃষ্টি, বীজাণুর পর বীজাণু আবিষ্কৃত হচ্ছে। রোগোৎপত্তির ধারণার আমূল পরিবর্তন হয়ে আছে। আজ সবই প্রায় আগম্বক ব্যাধির পথায়ুক্ত হয়ে গেল। সবের মূলেই বীজাণু। বীজাণু, জীবাণু, কৃমিজাতীয় নৃস্বকীট—তারপরে আছে ভাইরাস। খাতে জলে বাতাসে তাদের সঞ্চার। মানুষের বেহে

তাদের প্রবল বিস্তার। তাঁদের শাস্ত্রে পড়েছিলেন—দক্ষযজ্ঞে কল্পমূর্তি শিবের ক্রোধ নিঃশেষে হয়েছিল জয়ের সৃষ্টি ; নানান আকার, নানা প্রকার ; আচার্যেরা তাদের প্রকৃতি নির্ণয় করে নামকরণ করেছিলেন। চন্দ্র বেবতার উপর দক্ষ প্রজাপতির অভিশাপ থেকে বন্ধার উৎপত্তি হয়েছিল। অতিরমণ দোষই বন্ধার আক্রমণের বড় কারণ বলে ধরতেন। আজ, বাস্তাভাব বন্ধার প্রধান কারণ। প্রতিটি জরের কারণ আজ ওরা অপরীক্ষণে প্রত্যক্ষ করছে। কত নূতন জর। এই তো কালাজর ধরা পড়ল তাঁর আমলেই।

কালাজরের ওষুধ ব্রহ্মচারী সাহেবের ইনজেকশন। প্রক্টুমিল, মালফাগ্রুপ, ডায়পের পেনিসিলিন, টেরামাইসিন, ওষুধের পর নতুন ওষুধ। শুনছিলেন সেদিন হয়েনের কাছে। পেনিসিলিন চোখে দেখেছেন। বাকিগুলি দেখেন নি। আরও কত ওষুধ বেরিয়েছে—তিনি হয়তো শোনেন নি। আলট্রা-ভায়োলেট রশ্মি দ্বিবে চিকিৎসা।

রক্ত, পুঁজ-খুঁ, মল-মূত্র, চামড়া-পরীক্ষা।

ব্লাডপ্রেসার পরীক্ষা।

এক্স-রে পরীক্ষা। বন্ধার আক্রান্ত শ্বাসযন্ত্র চোখে দেখা যায়। তেমনি ওষুধ। টি-বিতে স্ট্রেপ্টোমাইসিন শক্তিশালী ওষুধ। স্ট্রেপ্টোমাইসিন ছাড়াও পি-এ-এস বলে একটা ওষুধ বেরিয়েছে বলে শুনেছেন। দুটোর একসঙ্গে ব্যবহারে না কি আশ্চর্য ফল পাওয়া যায়। এ ছাড়া—অপ্স-চিকিৎসার কথা শুনেছেন।

অকস্মাৎ একটা পুরনো কথা মনে পড়ে গেল।

গুরু রঙলালের কাছে কলেরার প্রেসক্রিপশন আনতে গিয়ে—মৃত্যুভয়রস্তু মাহুয়াদব প্রসঙ্গে বলেছিলেন—মৃত্যু যেন দু-হাত বাড়িয়ে উন্নাদিনীর মতো ভয়ঙ্করী মূর্তিতে তাজা করে ছুটেছে ; মাহুয় পালাচ্ছে ; আগুনলাগা বনের পত্তর মতো দ্বিগ-বিদগ জানশূন্য হয়ে ছুটেছে।

রঙলাল ডাক্তার বলেছিলেন—শুধু পালানোটাই চোখে পড়ছে তোমার ; মাহুয় তার সঙ্গে অবিরাম লড়াই করছে দেখছ না ? পিছু হঠেই আসছে সে চিরকাল—কিন্তু যুদ্ধক্ষেত্র থেকে পিঠ দেখিয়ে পালিয়ে আসে নি। নূতন নূতন অস্ত্রকে উদ্ভাবন করছে, আবিষ্কার করছে। সে চেষ্টার তো বিরাম নাই তার। মৃত্যুকে রোধ করা যাবে না, মৃত্যু থাকবেই। কিন্তু রোগ বিবারণ সে করবেই। পরিণত বয়সে বোম্বিগ মতো মাহুয় বেহত্যাগ করবে। চিকিৎসকের কাছে এসেই বলবে—মার না ; ছুটি চাই। বুমুতে চাই। পুট মী টু স্লীপ প্রীজ।

জীবন সেদিন মনে মনে বলেছিল—হ্যাঁ। নিস্তা নয়, মহানিস্তা।

ছত্রিশ

অপ্রত্যাশিত না হলেও সংবাদটা এল যেন হঠাৎ। আরও মাস ধানেক পর।
বৈশাখের শেষ সপ্তাহে।

রানা পাঠক মরেছে।

সংবাদটা নিয়ে এল কিশোর; কিশোর গিয়েছিল সেখানে। রানাই তাকে
সংবাদ পাঠিয়েছিল। নবগ্রামের জেলেরা গিয়েছিল নদীতে মাছ ধরতে, তাদেরই
একজনকে বলেছিল—কিশোরবাবুকে একবার আনবার জন্তে বলিস। আমি বোধ হয়
আর দু-একদিন আছি, বুঝি।

শেষ কিছুদিন রানা গ্রাম ছেড়ে নদীর ঘাটে একখানা কুঁড়ে তৈরি করে
শেইখানেই থাকত। নদীর ঘাট, নদীর জলকর তার ইজারা নেওয়া ছিল। নদীর
ঘাটটি তার অভ্যস্ত প্রিয় স্থানও ছিল। ওই নদীর ঘাটেই সে জীবনের শ্রেষ্ঠ
আনন্দ উন্মাদ ভোগ করেছে। নদীতে ঝাঁপ খেয়ে পড়ে মঁাতার কেটেছে, রাত্রে
খেয়াঘাটের চালায় অথবা নৌকায় বসে মত্তপান করেছে, নারী নিয়ে উল্লাস করেছে,
ষাওমা-দাওয়া অনেক কিছু করেছে। আবার বসে মোটা পলায় প্রাণ খুলে
কালোময় করেছে। ইদানীং সে সন্ন্যাসী হয়েছিল। ওখানে সন্ন্যাসীর মতোই
বাস করত। পেরুয়া কাপড় পরত, বাড়ি-পৌক রেখেছিল, খুব আচারেই থাকত।
সেবস্থানের ওমুখই ব্যবহার করত। কিন্তু রানার পৌড়ামি, রানার বিশ্বাস অদ্ভুত।
ওকে টলানো যায় না। মৃত্যুশয্যাতেও স্বীকার করে নাই। বলেছে, এই আমার
অদৃষ্ট, তার ধেবতা কী করবে?

কিশোরকেই বলেছে। কিশোর যখন পৌছেছিল, তখন তাক শেব অবস্থা
ঘট ছয়েক বেঁচেছিল। কিশোর ডাক্তার বৈষ্ণ ডাকতে চেয়েছিল—তারই উত্তর
ওই কথা বলে বলেছিল, ডাক্তার-বস্তির জন্তে তোমাকে ডাকি নাই কিশোরবাবু।
শোনো, তোমাকে ধার জন্তে ডেকেছি। মনে হচ্ছে, আজই হয়তো মরব। বড়
জোর কাল। এখন রাত্রে একজন লোক চাই, কাছে থাকবে। জল চাইলে জল
য়েবে আর এই শেখাল এলে তাড়াবে। বুঝেছ, নদীর ধারের মড়াথেকো শেখাল
তো, বেটারা তারি হিংস্র। আজ দিন দু-তিন থেকে ওরা আশেপাশে ঘুরছে
রাত্রে। তক্তাতে পাঠি ঠুকে ধমক দিয়ে কালও তাড়িয়েছি। আজ আর পারব
না। তাঁছাড়া—

বলতে গিয়ে খেয়ে রানা একটু হেসেছিল। হেসে বলেছিল—মরণের আগে

সব আসে তো। ভয় রান' পাবে না। তা পাবে না'। ক্ষমতা থাকলে বলতাম—আসরে বাবা, লডি এক হাত। তা' ক্ষমতা' নাই। একজন লোক থাকলে ভালো হয়। এই এক নম্বর। দু' নম্বর হল—মরে গেলে দেহটাও একটা ব্যবস্থা চাই। পায়ের লোক ভয়ে যন্ত্রাঙ্গীরা বেহ ছোবে না। তার একটা ব্যবস্থা কোরো। তিন নম্বর হল, ছেলে-ময়ে। মা-মরা ছেলে—বাবাও যাবে। তুমি এখনকার ভালো লোক, ক্ষমতা রাখ, পার তো ওদের দেখো একটু। আর চার নম্বর হল—মশায় আমার কাছে চিকিৎসার দক্ষন কিছু পাবে। তা মশায়কে পোসো—ওটা আমাকে মাক দিতে। ব্যস।

বিনয়ের দোকানে এসে শুনলেন মশায়। শুনে শুরু হয়ে বসে রইলেন। দু'কোটা জল তাঁর চোখ থেকে গড়িয়ে পড়ল গাল বেয়ে; দাঁধ দাড়ির মধ্যে পড়ে হারিয়ে গেল শিবের জটার গঞ্জার মতো। অনেকক্ষণ পর তিনি ডেকে উঠলেন—গোবিন্দ! গোবিন্দ!

ডাক শুনেই মশায় বুঝতে পারলেন—মরি বোষ্টমী এসেছে। কিন্তু এই অবেলায়? মরি সাধারণত আসে সকালে; ভিক্টর বের হয়ে তাঁর বাড়িতে আরোগ্য-নিকেতনে এসে অভয়াস পাঠানো প্রসাদী মষ্টর তাঁকে দিয়ে ভিক্টর বেরিয়ে যায়। অবেলায় এই সন্ধ্যায় বিনয়ের দোকানে সে কোথা থেকে এল? অভয়াস কি আবার অস্থির করেছে? রানার শেষকৃত্য করে ক্রান্ত কিশোর ওপাশের চেয়ারে বসে ঘুমিয়ে গিয়েছে। মশায় নির্জন অবসরে নিজের নান্দী ধরে বসে ছিলেন। ওটা একটা অভ্যাসেই দাঁড়িয়ে গিয়েছে। মরির কর্তব্য শুনে তিনি হাত চেড়ে দিয়ে ভাবলেন—মরি!

—প্রণাম বাবা!

—তুই এই অসময়ে?

মরি হেসে বললে—মাজ ফিরবার পথে বাবা। বুলি থেকে পাঁচটি আম বের করে নামিয়ে দিলে।

হেসে বললে—মায়ের গাছের আম প্রথম পেকেছে। মা-কালার জন্তে 'সর্ব্বাপো' কটি ভুলে রেখে পাঁচটি আপনার তরে দিয়ে বললে—দিয়ে এলো মরি। তা আজ আবার আমাদের গুপীনাথপুরে অ্যুথডাতে অষ্টগ্রহরের ধুলোট ছিল। বৈষ্ণবসেবার রান্নাবান্নার কাজ করে হাত ধস্তি করতে গিয়েছিলাম। ফল জিনিস তো 'দিবসের' মধ্যে নষ্ট হবে না; বরং মজ্জা মিষ্ট হবে, খাবার উপযুক্ত হবে।

বোষ্টমী মরিরের কথাবার্তার এই ধরনটি আজ বিরল হয়ে এসেছে; কথার ও

ক'ষরের মিষ্টতা মাধুর্য চিরকালই তুর্লভ ; মরি মধ্যে দু-ই আছে , মশায় ভারি তপ্তি পান ।

মরি বললে—সেখান থেকেই ফিরছি । মাংসপাল আঙ্গকাল আপনি এইখানে অধিষ্ঠান করেন আমি জানি তো । তাই এইখানে দিয়ে গেলাম ।

জাঁটির গাছেই দেশী আম । কিছু শ্রদ্ধার ও রুতজ্ঞতার মিষ্টতায় ও মাধুর্যে অমৃতফল । মূর্ছ পূর্বের বৈরাগ্য-গৈরিক উদানীন পৃথিবী যেন এক মুহূর্তে গাঢ় মমতার সবুজে কোমল হয়ে উঠল ।

মরি বললে—অ'ব-একটি কণা নাল'ছন যা

—কী কণা ?

—এই স্নেহি মাংস মায়ের সান্নিধ্যী শুভকর্মানী ব্রহ্মে' সেদিন আপনাকে দে'ত্তর কাবচে

যেন পড়ে পেল, শব্দস্বর মুক্তা ধ্রুব জ্বলে তিন অক্ষয়কে নিমন্ত্রণ করে পরিপাটি কা' আমিষ পাণ্ডর্যতে চেয়েছিলেন । যান পড়ল মরি ম'প প্রদীপ হাতে ধরে দাঁড়ানো অ'মার সেই চলি , আলোর চটা পাচ্ছিলে সিন্ধি' সি'হু'র উপর চোপের তার' ছুটির ম'মা ভাস'চ তার প্রতিবেদ । শিউরে উঠে ম. চ'ম' : চোখ বুজলেন তিনি । একটা দীর্ঘ শ্বাস ফেললেন—সাবিত্রী চতুর্দশী ব্রহ্মে' স্ব'ম'য়ান রাহে । এট বড়ো ম'স রাহে তো পেতে পারব না মরি ।

মরি বললে—সেকণা আমি বলেছিল'ম ব'ব'ম' : ক' অভয়া যা বললে— তা তো বনি ম' সি' কিছু অ'মার ভারি ইচ্ছে হয় কুটী ম'ল একবার বেশি । আর একটা কণা নাল'চ

—বলো ।

—কিছু মা'চর সঙ্গে ন'ল'ছন এ'ব'রে ও'রে পুকুর মাচ একেবারে নাই ।

মশায় থলী হয়ে উঠলেন—মা'চ । মা'চ চেয়ে'ছ অভয়া ? তা হ'ব পাঠিয়ে দেব ।

—আম ক'টি কিছু প'লেন বাবা ।

—নিশ্চয় খাব ।

পৃথিবীকে মধুর করে দিয়ে চলে গেল মরি ।

আবার তিনি জাকলেন মরিকে—মরি । ও'বে ম'রি ।

—বাবা ! ফিরল মরি ।

—বলিস আমি যাব । সাবিত্রীব্রহ্মে' যাব । চলে যাব, ইন্দ্রিকে সঙ্গে নিয়ে চলে যাব ।

পৃথিবীতে আজ সব সন্কোচ ঘুচে গিয়েছে, সব ভিত্তিতা মুছে গিয়েছে। তিনি বাবেন।

মনের মধ্যে গান গুনগুন করছিল। নাম গান। রাত বেশ হয়েছে। নবগ্রামের লেনদেনের বাজারের আলোগুলোও কিম্বিয়ে পড়েছে। লঠনের কাছে কালি পড়েছে, পলতেতে মামড়ি জমেছে। শিখাগুলো কোনোটা ছুভাপ হয়ে জ্বলছে, কোনোটার একটা কোণ ধোঁয়াটে শিখা তুলে লম্বা হয়ে উঠেছে। ডেলাইট পেট্রোম্যাক্সগুলারও সেই দশা, ম্যাটেল লালচে হয়েছে, খানিকটা বা কালো, কোনোটা বা মধ্যে মধ্যে ধপদপ করছে। অধিকাংশ ক্যাশবাল্কে চাবি পড়েছে; বাল্কের উপর খেরোবাঁধা ষাতাগুলো থাকবন্দী সাজিয়ে রাখা হয়েছে। কেউ কেউ জল ছিটিয়ে ধুনা দিচ্ছে, ত্যালাচাবি হাতে লোক ঠাডিয়ে আছে, দোকান বন্ধ করবে। ধরু দস্তের শুড় দোকান—ওখানে এখনো থাকবন্দী শিকি-আধুলি সাজানো রয়েছে, নোটের ষাক গুনতি হচ্ছে। দোকানটার পাশে একটা খোলা জায়গায় খানকয়েক গোকুর পাড়ি আঁট লাগিয়েছে, পাড়ির তলায় খড় বিছিয়ে বিছানা পেতেছে। চৌমাথার যোরে চাষের দোকানটার এখনও জন চারেক আড্ডা জমাতে বসে আছে। ওপাশে সাধুখাঁদের নতুন একতলা বাড়িটার বাগান্দায় চাকুবাবু আর প্রজ্ঞোত বসে রয়েছে। এইটেই ডাক্তারদের কো-অপারেটিভ মেডিক্যাল স্টোর্স। এদের ছাদাক-আলো নতুন, এখনও শয়ান তেজে জ্বলছে।

প্রজ্ঞোত ডাক্তার কবে ফিরল ?

সেই মতির ছেলের মৃত্যুর পর প্রজ্ঞোত হঠাৎ ছুটি নিয়ে সন্ন্যাস কলকাতা চলে গিয়েছিল। লোকে গুজব করেছিল—“প্রজ্ঞোত ডাক্তার মতির ছেলের মৃত্যুর ওই ব্যাপারটার মনে মনে খুব ষা খেয়েছে। সেই লজ্জায় এখন থেকে ট্রান্সকারের জন্তু চেঁচা করতে ছুটি নিয়ে কলকাতা চলে গেল।”

সীতা বলেছিলেন—না। উনি কলকাতায় গেলেন এখানকার স্কিনিকের জন্তু। বিপিনবাবু পাঁচ হাজার টাকা দিয়ে গেলেন, ওই টাকাটা গর্ভনমেস্টের হাতে দিয়ে, আরও কিছু আশ্রয়ন করিয়ে যাতে তাড়াতাড়ি হয় তারই চেঁচা করতে গিয়েছেন। কলকাতার অ্যাসেম্বলির কোনো মেম্বারকে ধরে চীফ মিনিস্টার ডাঃ রায়ের সঙ্গে দেখা করবেন। বলে গেছেন—অস্তুত যে টাকাটা হাতে পেয়েছেন তা দিয়ে বতটুকু হয়—সে সব কিনে তিনি ফিরবেন।

প্রজ্ঞোত ডাক্তার শক্ত লোক; তা হলে সে যন্ত্রপাতি নিয়েই ফিরছে।

সীতা আরও বলেছিল—তবে ডাক্তারবাবু ‘মনমরা’ একটু হয়েছেন বটে।

আপনাকে উনি মুখে বাই বলে থাকুন—মনে মনে আপনার ওপর বেশ চটেছেন।

তাই কি? সে কথা মশায়ের ঠিক মনে হয় না। সীতার কথায় কঠিন প্রতিবাদ করতে পারেন নি কিন্তু মিষ্টি মুহু প্রতিবাদ করেছেন। বলছেন—না—না। তুমি ভাই, তুল করেছ।

সীতা ঘাত নেড়ে প্রতিবাদ করেছে—উহঁ। ভদ্রলোককে আপনি ঠিক জানেন না দাছ। একটি কথা তুলে যান না উনি। তার উপর অত্যন্ত 'হামবজা' লোক এখনকার কোনো ডাক্তারকেই ভালো বলেন না উনি। আপনাকে আমি দাছ বলি, আপনার বাড়ি আসি বলে আমার উপরেন মনে মনে চটা।

হুঃ পেয়েছিলেন শুনে।

একটি আত সাধারণ মেয়ে—তার জীবনের জগু তাঁর প্রতি কৃতজ্ঞ, শুধু কৃতজ্ঞ এইটুকু মাত্র 'এর জগু রাগ? সামান্য মানুষ। আর কৃতজ্ঞতা—তার প্রশংসা—তার কতটুকু মূল্য? তবে বিচার। কতকাল আগে ওর নিতান্ত শৈশবে মেয়েটিকে বাঁচিয়েছিলেন। সে কথা তিনি নিজেই তুলে গিয়েছিলেন। মনে করিয়ে দিয়েছিল ওই মেয়েটিই।

উনিশশো তিরিশ সাল। এখনকার সবচেয়েজ্যেষ্ঠী আপিসে এসেছিল এক হেড-ক্লার্ক। রামলোচন সরকার। একমাত্র বিধবা মেয়ে, জ্বা আর বিধবা মেয়ের কোলে একটি শিশু মেয়ে নিয়ে এসে মশায়দের গ্রামেই বাস, নিয়েছিল। এখানে ছিল মাত্র মাস আটেক। ওর মা—সরকারের বিধবা মেয়েটির খুব অসুখ নিয়েই এসেছিল। বাঁচবে বলে কেউ আশা করে ন, মশায়ই চিকিৎসা করে বাঁচিয়েছিলেন। এ মেয়েটি তখন কঙ্কালসার শিশু। একত্রিশ সালের আশ্বনে যে মারাত্মক ম্যালেরিয়ার শিশুমডক হয়েছিল সেই ম্যালোরয়ার এ মেয়েটিও যায়-যায় হয়, তাকেও তিনিই নাকি বাঁচিয়েছিলেন। সেদিন ব্যাডতে এসে পরিচয় দিয়ে ও যখন এসব কথা বললে তখনও তিনি চিনতে পারেন নি—চিনেছিলেন আতর-বউ। বললেন—সেই হাজিরজিরে মেয়েটা তুই? এমন হয়েছিল? আমি যে তোকে কত কোলে করে তেল মাখিয়ে রোদে ভেজেছি। তখন তাঁর ধীরে ধীরে মনে পড়ছিল। অত্যন্ত মধুর মনে হয়েছিল; অকস্মাৎ যেন রৌদ্রদগ্ন আকাশ থেকে একবিন্দু মধু ছিটিয়ে দিয়েছিলেন বিধাতা। পৃথিবীতে এ দুর্লভ কিন্তু মূল্য তো এর কিছু নাই। মধ্যে মধ্যে মনে হই চিকিৎসক-জীবনে নিদান হাঁকার পাওনা বিধাতা মিটিয়েছেন—শশাকের বউয়ের অভিশাপে, আর মানুষ বাঁচানোর পাওনা মিটিয়েছেন এই সীতা মেয়েটির কৃতজ্ঞতায়। মেয়েটার জ্ঞানও ছিল না তখন, মাঘের কাছে শুনে মনে রেখেছে।

—মশাই নাকি ?

আলোকোজ্জ্বল চৌমাথাটার আত্মগোপন করে যাওয়া যায় না। চাকুবাবু জাকার দেখতে পেরেছেন। দাঁড়াতে হল। মশায় ফিরে দাঁড়িয়ে বললেন—হ্যাঁ। বসে আছেন ? তারপর প্রত্যোত্তর, কবে ফিরলেন ? নমস্কার ।

—প্রতিনমস্কার করে প্রত্যোত্তর বললে আজ চার দিন হয়ে গেল ।

—চার দিন ? তা হবে । আজ কয়েক দিন সীতা আসে নি । দেখা হয়নি ।

—একবার আহ্নন গো এখানে । আপনার জন্তেই আমরা বসে আছি । ডাকলেন চাকুবাবু ।

—আমার জন্তে ?

শঙ্কিত হলেন মশায় । আপনার কোন অভিযোগ ? কী হল ? কী করেছেন তিনি ? মনের মধ্যে অনেক সন্দান করলেন । কই কারুর নিদান তো তিনি হাঁকেন নি । তবে কি রানার কথা ? এঁরা কি বলবেন যে তিনি আশা দেন নি বলেই হতাশাতে রানা দেবস্থলে চিকিৎসার নামে অচিৎসায় মারা গেল ? অথবা বলবেন—দেবস্থলে যেতে তিনিই তাকে উৎসাহিত করেছিলেন ?

চাকুবাবু বললেন—প্রত্যোত্তরবাবুর জ্বর জ্বর । একবার দেখতে হবে ।

—প্রত্যোত্তরবাবুর জ্বর জ্বর, আমাকে দেখতে হবে ?

—হ্যাঁ। কলকাতা থেকেই জ্বর নিয়ে এসেছেন জরট' যেন কেমন লাগছে—। একটরিক তে' বটেই । টাইফয়েডের লক্ষণ রয়েছে । আর চার-ছিন না গেলে তেঁা রক্তপরীক্ষায় ধরা পড়বে না । আপনি একবার নাড়ীটা দেখুন । টাইফয়েড হলে খুব ভিকলেন্ট টাইপ ; চারদিন আজ, ফাস্ট'উইক—এরই মধ্যে জ্বর তিন ছাড়াচ্ছে । প্রত্যোত্তরবাবু আমাকে ডেকেছিলেন, তা নিঃসন্দেহে বলতে আমি পারব না । আপনি পাবেন । নাড়ী দেখে আপনি পাবেন—সে আমি উঁচু গলা করে বলি । ঠিকেও বলেছি । প্রত্যোত্তরকে দেখিয়ে দিলেন চাকুবাবু ।

এতক্ষণে প্রত্যোত্তর কথা বললে—ডাঃগনসিস আপনার অজুত । আপনি শুধু বলে দেবেন টাইফয়েড কি না ।

একটু হেসে মুখ তুলে ওদের দিকে তাকালেন, এতক্ষণ মাটির দিকেই তাকিয়ে দাঁড়িয়ে ছিলেন তিনি । মুখ তুলে প্রত্যোত্তরের মুখের দিকে তাকিয়ে হেসে বললেন—চলুন ।

লাবণ্যবতী দীর্ঘাঙ্গী মেয়েটি নেতিয়ে পড়েছে । মুখখানি অরোক্তাপে ঈষৎ রক্তাক্ত এবং ভারী হয়ে উঠেছে । ভ্রমরের মতো কৌকড়ানো রক্ত চুল বালিশের

নীচে খোলা রয়েছে কপালের উপর কতকগুলি উভছে। কপালে জলের পটি রয়েছে ; চোখ বুজে শুয়ে আছে। স্বাস্থ্যবতী মেয়ে। ঘরে একটি বিচিত্র গন্ধ উঠেছে। ধূপকাঠি, অভিকোলন, ফিনাইল ওষুধ—এই সবের একটা মিশ্রিত গন্ধ। মাথার শিরবরে বসে রয়েছে নার্স। সীতা! হ্যাঁ সীতাই বসে রয়েছে।

বাবা তাঁর নাড়ী-পরীক্ষা নিষ্ঠুর শুরু। তাঁকে স্মরণ করে তিনি মেয়েটির হাতখানি তুলে নিলেন। সেখানি রেখে আর একখানি। সেখানিও পরীক্ষা করে রেখে দিলেন জ্বর অনেকটা—সাদে তিনের বেশী মনে হচ্ছে। চারের কাছে।

সীতা তাঁর মুখের দিকে তাকিয়ে আছে। প্রতীক্ষা করছে কী বলবেন প্রত্যোৎ ডাক্তার জ্বর মাথার কাছে ঝুঁকে মুতশ্বরে সন্নেহে ডাকলেন—মধু।

ভুরু দুটি ঈষৎ উপরের দিক তুলে চোখ বুজে মেয়েটি সাদা দিল—ঊ।

—এখানকার জীবনমশায় এসেছেন তোমাকে দেখতে

মেয়েটি চোখ খুললে, বড় বড় দুটি চোপ, এদিক থেকে ওদিক চোখ কুলিখে মশায়কে দেখে আবার চোপ বন্ধ করাল।

প্রত্যোৎ ডাক্তার বললেন—তুমুর জিভটা দেখাও তে

মেয়েটি জিভ দেখাল

চাকুবাবু সীতাকে বললেন—পার্মোমিটার দাও

জীবনমশায় বললেন পাক এর আগে কত ছিল।

ডাক্তার একখানা বাক্স এনে চোখের সামনে ধরলেন একটা স্ক্রিন পাট চার।

মশায় ঘর থেকে বেরিয়ে এলেন বললেন—আর কিছু বেড়েছে। আন ডিগ্রী

প্রত্যোৎ এসে তাঁর কাছে পাঁড়াল, মুতশ্বরে শ্রম করলে—টাইফয়েড ?

জীবনমশায় একটু স্থির করলেন। বললেন—আজ টিক বললে পাবেন না কাল সকালে দেখে বলব, আজ আমার মন নক্ষিপ হাং রয়েছে

—কিন্তু আমি যে ক্লাবোমাইসটি-দেবো ভাবছি প্রথম সপ্তাহ জ্বর—বলেই ঘরের দিকে ফিরে বললেন—সীতা, কত দেখলে জ্বর ?

সীতা পার্মোমিটার হাতে বেরিয়ে এল, প্রত্যোৎ ডাক্তারের হাতে রাস নীরবেই চলে গেল। কিন্তু একটি স্মিতহাস্তে মুখখানি তার উজ্জ্বল হয়ে উঠেছে। কারণ পার্মোমিটারে কপাল দাগটি একশে চার দাগের এক নুত্রে পিছনে এসে ধেমে রয়েছে। প্রত্যোৎ ডাক্তার দেখে বললে—চারই বটে।

জীবনমশায় বললেন.. আর আজ বাড়বে না। আমি কাল সকালেই আসব।

—আমি ক্লোরোমাইসেটিন আনিয়েছি। আজ দিতে পারলে—

—কাল। কাল সকালে। এ রোগে আট ঘণ্টায় কিছু যাবে আসবে না আর—হাসলেন জীবনমশায়।— রাগ করলেন না তো ?

—না। বলুন।

—আপনি উভলা হয়েছেন। আপনার চিকিৎসা করা তো উচিত হবে না।

—নাঃ। আমি ঠিক আছি। আর আমি তো চিকিৎসা করছি না। চাকুবাবু চিকিৎসা করছেন।

পরদিন সকালে জীবনমশায় নাভী ধরে দীর্ঘ সময় প্রায় ধ্যানস্থের মতো বসে রইলেন।

সকালবেলা। প্রসন্ন সূর্যালোকে ঘর ভরে উঠেছে। স্বরজা জানালা খোলা, স্বরধানিকে ইতিমধ্যেই জীবপুনাশক শুষ্ক-মেশানো জল দিয়ে ধুয়ে মুছে ফেলা হয়েছে। এক কোণে ধূপকাঠি জ্বলছে। বিছানা চাখর পরিচ্ছন্ন। খাটের পাশে টি-পয়ের ওপর শুষ্ক শিশি, ফীডিং কাপ, কয়েকটা কমলালেবু, টেম্পারেচার চাট। রোগিণী এখন অপেক্ষাকৃত সুস্থ। জ্বর কমেছে। ঠোট দুটি শুকিয়ে রয়েছে। আচ্ছন্ন ভাবটা কম। তবু চোখ বুঁজেই রয়েছে। মধ্যে মধ্যে মেলছে, কিন্তু আবার নেমে পড়ছে চোখের পাতা। কপালে এখন জ্বলের পটি নাই, কপাল মুখ বক্তাক্ত শুষ্ক। পরিপূর্ণ আলোর প্রসন্নতা এবং বৈশাখের প্রভাতের স্নিগ্ধতার মধ্যেও রোগিণীর ঘেন স্তি নাই, মধ্যে মধ্যে নাক খুঁটছে।

নাভীর গতি তিনি অনুভব করলেন, ধীরে ধীরে স্পষ্ট হয়ে উঠল :

মন্দং মন্দং শিখিলং ব্যাকুলং ব্যাকুলং বা—

অতি দৃষ্টির ভারাক্রান্ত পদক্ষেপ স্বন্দগতিতে চলছে—অসহায় আকুলতার প্রকাশ রয়েছে তার মধ্যে। যেন—যেন ব্যাকুলতার জীবনস্পন্দন দ্রুত হয়ে কোনো আশ্রয় খুঁজছে। সান্নিধ্যাতক জ্বরের সমস্ত লক্ষণ স্থপারিস্ফুট। ত্রিদোষের প্রাধিক্য তীব্র। মনে হচ্ছে।—যাক সে কথা। জীবনমশায় চোখ বুলে তাকালেন হাসপাতালের ডাক্তারের দিকে। ডাক্তার তাঁরই মুখের দিকে চেয়ে রয়েছেন। সন্তর্পণে জীবনমশায় হাতখানি নামিয়ে দিয়ে বেরিয়ে এলেন। চাকর দাঁড়িয়ে ছিল সাবান জল ভোয়ালে নিয়ে। হাত ধুয়ে মশায় ভোয়ালেতে হাত মুছতে মুছতে বললেন রোগ টাইফয়েড। নিঃসন্দেহে টাইফয়েডের চিকিৎসা চলতে পারে।

হাসপাতালের ডাক্তার বললেন—গন্দেহ আমারও হয়েছিল। কিন্তু যজুই আমাকে ধোঁকা ধরিয়েছে; আমার; নিয়মিতভাবে টাইফয়েডের টিকে নিয়ে থাকি।

চার মাস আগে ৭ একবার বলকাতা গিয়েছিল। ছিল মাসধানেক। এই সময়েই আমাদের নতুন ইনঅকুলেশনের সময়টা পার হয়েছে। আমি এখানে ইনঅকুলেশন নিয়ে ওকে লিখেছিলাম—কলকাতায় রয়েছে, নিশ্চয় যেন টি-এ-বি নেবে। ও লিখেছিল—নিলাম। আমি বিশ্বাস করেছিলাম। এখানে ফিরলে দ্বিজ্ঞাসাও করেছিলাম—ভ্যাকসিন নিয়েছ? বলেছিল—নিয়েছি। এবার জ্বর হতে প্রথম দিন থেকেই দ্বিজ্ঞাসা করেছি—ভ্যাকসিন নিয়েছিলে তো? ও বলেছে—নিয়েছি। আজ সকালে স্বীকার করলে, নেয় নি। আমি বললাম—মশায় আমাকে বলে গেছেন টাইফয়েড। তখন বললে—না, নিই নি। যাক এবার নিশ্চিত হয়ে ক্লোরোমাইসেটিন দ্বেব। চাকবাবু, হরেনবাবু দুইজনেই আসছেন। ঠাণ্ডা আশ্বন—একবার দ্বিজ্ঞেস করে নিই।

দীপ্ত গ্রাস ঘরে ঢুকল। সে স্নান করে সজীবিত হয়ে এসেছে যেন। সে বড় প্রসন্ন আজ। বোধ করি, প্রত্যাত ডাক্তারের এই স্বীকৃতিতে সে উল্লসিত হয়ে উঠেছে।

চাকবাবুরা এসে পৌঁছুলেন। মশায়কে দেখে বললেন—বাস, প্রত্যাতবাবু, উনি বলছেন তো! তা হলে দিন ক্লোরোমাইসেটিন। নিশ্চিত দিয়ে বিন।

ক্লোরোমাইসেটিন। নতুন যুগের আবিষ্কার। এ না কি অদ্ভুত ঔষধ।

দুঃসখ্য টাইফয়েড; সাক্ষাৎ মৃত্যু-সহচরী সান্নিপাত, তার গাতবেগ বর্ধার পাহাড়িষ্ণ নদীর প্রচণ্ড বন্যার মতো—যাকে ফেরানো যায় না, বাঁধা যায় না, আপন বেগে প্রবাহিত হয়ে বন্যার মতই নিজেকে নিঃশেষ করে তবে ক্ষান্ত হয়। সেই শেষ হওয়ার পর যদি জীবন থাকে তো রোগী বাঁচে। তাও বাঁচে বজাপ্রাণে মাটি-খুলে-বাগড়া, সমস্ত উর্বরশক্তি ধুয়ে রিক-হয়ে-বাগড়া পুষ্পোজ্ঞানের মতো। শীর্ণ-উষর ভূমিখণ্ডের মতো তার অবস্থা হয়।

ব্রজলালবাবুর দৌহিত্রের টাইফয়েড ব্যাকটিরিওয়াজ দেখেছিলেন। সে ক্ষেত্রে কাজ করে নাই। কিন্তু পরে ফাজ ব্যবহারে ফল দেখেছেন। ক্লোরোমাইসেটিন না কি অমোঘ। সান্নিপাতাশ্রয়ী মৃত্যুকে না কি তর্জনীহেলনে অগ্রগমনে নিবেদন করবার মতো শক্তিশালিনী। বৃদ্ধ জীবনমশায় বসে রইলেন উদগ্রীব হয়ে, তিনি দেখেবন। শিশি তিনি দেখেছেন—বিনয়ের ওখানে আছে কয়েক শিশি। তিন শিশি বোধ হয়। একটা কেসে ওই তিন শিশিই যথেষ্ট। কাল থেকেই না কি জ্বর কমবে। তৃতীয় দিনে জ্বর ছাড়বে। বিশ্বয় বই কি।

প্রত্যাত ডাক্তার ডাকলেন—মঞ্জু। মঞ্জু। হাঁ করো। ট্যাবলেট।

সীতা জল তোয়ালে নিয়ে ধাঁড়িয়ে আছে। সে মুখে জল ঢেলে দিলে। চাকুবাবু ট্যাবলেটটা মুখে ফেলে দিলেন।

সন্ধ্যায় আবার গেলেন জীবনমশায়। নাভী ধরে দেপলেন জ্বর বেড়েছে। আজ বোধ হয় সাড়ে চার—মাথার শিহরে বসে আছে আজ অল্প নার্স। সীতাকে বোধ হয় ছুটি দিয়েছে।

পরদিন সকালেও জ্বর কমল না। আগের দিনের থেকে বেশী।

রোগীর আচ্ছন্নতাও বেশী। পেটের ফাঁপ বেশী।

তৃতীয় দিন। আজ জ্বর উপশম হওয়ার কথা। চাডার কথা। কিন্তু কোথায়? মশায় গভীর দৃষ্টিতে চেয়ে রইলেন—কই, ভেষজের ক্রিয়া কই?

হাসপাতালের ডাক্তার—চাকুবাবু, হরেন সকলেই চিন্তিত হয়ে উঠলেন—তাই তো। তবে কী—?

জীবনমশায় দৃঢ়স্বরে বললেন—রোগ টাইফয়েড। নাড়ীতে রোগ অত্যন্ত প্রবল এইটুকু আমি বলতে পারি।

প্রাণ্ড চাকুবাবু অল্পতেই ভডকান, এবং অল্পেই উৎসাহিত হয়ে পঠেন। তিনি দমে পেরেন।—তাই তো। সংসারে মূনিরও মতিভ্রম হয় যে।

জীবনমশায় দৃঢ়ভাবে ঘাড় নাড়লেন—না! ভ্রম তাঁর হয় নি।

প্রত্যোত্ত ডাক্তারের চোখাল ছুটো শক্ত হয়ে উঠল। বললেন—আবার ক্লোরো-মাইসেটিন দিন চাকুবাবু। নিজের হাতে খললেন শিশি। তুলে দিলেন তাঁর হাতে।

সন্ধ্যায় জীবনমশায় দেখলেন প্রত্যোত্ত ডাক্তার বাবামশায় দু হাতে দুটো রগ ধরে বসে আছেন। রোগিণীর মাথার শিহরে বসে সীতা। সীতাই বললে—রক্তদাস্ত হয়েছে। জ্বর সমান।

জীবনমশায় আজ নিজেই ঘরে ঢুকে রোগীর পাশে বসে হাত তুলে নিলেন। বেরিয়ে এসে প্রত্যোত্তের কাঁধের উপর হাত রাখলেন।

প্রত্যোত্ত মুখ তুললেন—মশায়?

—হ্যাঁ। আপনি ম্বহুড়ে পড়বেন না। রক্তদাস্ত হোক। এ রোগে ও তে হয়। এবং ভ্রমের বাঁচে। রোগীর নাভী আমি ভালো দেখলাম। ত্রিদোষ প্রকোপের মাত্রা কমেছে। আপনি নিশ্চিত থাকুন—আমার ভুল হয় নি।

ডাক্তার স্থির দৃষ্টিতে মুখের দিকে তাকিয়ে রইলেন।

জীবনমশায় বললেন—আমি আপনাকে মিথ্যা প্রবোধ দিই নি।

দীর্ঘকাল বসে রইলেন তিনি ।

স্টেশন থেকে একথানা গোকর গাড়ি এসে ঢুকল । দুটি মহিলা নামলেন ।
দুজনই বিধবা, একজন অতিবৃদ্ধা । ডাক্তার এগিয়ে গেলেন ।—মা ।

—মঞ্জু কেমন আছে বাবা ?

—অস্থিরই আছে । কিন্তু—ওঁকে আনলেন কেন ? ডাক্তার বিরক্ত হয়েছেন ।
বৃদ্ধাকে লক্ষ্য করে কথাটা বললেন ।

—কোথায় ফেলে দেব বাবা ? ও তো আমার ছাড়বে না ।

—কিন্তু কোথায় ওঁকে রাখি ? কী করি ?

—একপাশে থাকবে পড়ে । এখন আর উপদ্রব করে না । কমন হয়ে গেছে
কিছুদিন থেকে । চূপ করেই থাকে । নইলে অমনতাম না ।

—আমুন ।

জীবনমশায়ের দিকে তাকিয়ে ডাক্তার বললেন—বসুন ডাক্তারবাবু, যাবেন
না । আমি আসছি । ইনিই আমার শাস্ত্রীর সেই 'দিদিমা' এই রোগের
ঝঞ্ঝাটের উপর উনি হবেন বড় ঝঞ্ঝাট ।

বসে রইলেন জীবন ডাক্তার ।

বৈশাখের আকাশ । গতকাল দুপুরের দিকে সামান্য একটু ঝড়বৃষ্টি হয়েছে ।
আকাশে আজ ধূলিমালিন্ত নাই । নন্দ্রমালা আজ বলমল করছে । সেই আকাশের
দিকে তাকিয়ে বসে রইলেন জীবনমশায় । এমন অবস্থায় মন যেন কাঁকা হয়ে যায় ।
কোন কিছুতেই দৃষ্টি আবদ্ধ করে না রাখলে মন ছুটেতে শুরু করবে । কী করলে কী হবে ?
হাজার প্রশ্ন জাগবে । কোথায় কী হল ? কোন ক্রটি ? জীবন হাঁপিয়ে উঠবে ।
ছুটেতে পারে না তবু ছুটেবে—ছুটেতে হবে ।

আকাশের বলমলানির মধ্যে মন হারিয়ে ধাবার সুযোগ পেতে বেঁচেছে ।

—মাঃ ! মাঃ ।

—এই যে মা ! মঞ্জু ! আমি এসেছি মা ।

—মাঃ !

—কী বলছিস ? কোথায় যন্ত্রণা ? কী হচ্ছে ? মঞ্জু ?

—জ্যাঃ ! মাঃ !

—কী বলছিস ?

—বাবাঃ ! আঁ ।

জীবনমশায় হাসলেন ।

মা । মা বলছেন—এই যে আমি । তবু যোগী ভাবছে—হয়তো বা পাশ কিয়ে

স্বয়ং ডাকছে—মা মা! সুদীর্ঘ চিকিৎসকের জীবনে এ কত বেধে এলেন। হাথবে মাছুষ! সে মা কি তুমি? সে মা—সারোগ্যরূপিনী যিনি—তিনি। তাঁর সর্বাঙ্গে অমৃত—তাঁর স্পর্শে স্নিগ্ধ হবে রোগীর বেহের রোগজরুরতা; উত্তাপ কমে আসবে অশান্ত অধীরতা শান্ত হবে আসবে; আচ্ছন্নতার ঘোর কাটিয়ে জাগবে চৈতন্য, জীবকোষে কোষে জীবনবহ্নির দাবদাহের প্রজ্বলন সংবৃত হয়ে স্নিগ্ধ হয়ে জলবে প্রদীপের মতো। সকলবস্ত্রগাহরা সর্বসঙ্গাশহরা আরোগ্যরূপিনী তিনিই মা; কে তিনি জানেন না। কিন্তু তিনি অমৃতরূপিনী; অভয়া; মৃত্যু তাঁকে প্রহার সঙ্গে নমস্কার করে চলে যায়। মৃত্যুর অন্ত ৫কল হলেন মশায়। মনে হল মৃত্যু এসে যেন দাঁড়িয়েছে ঘরের মধ্যে। কোনো কোণে সে অঙ্ককারের সঙ্গে মিশে রয়েছে। রোগিনী বোধকরি তারই আভাস অল্পভব করে ডাকছে সেই অমৃতরূপিনীকে। সতর্ক হয়ে তিনি রোগিনীর দিকে চেয়ে বইলেন।

সাঁইত্রিশ

পরের দিন সকালে।

জীবনমশায় আরোগ্য নিকেতনের দাওয়ার উপর দাঁড়িয়ে ছিলেন। হাসপাতালের ডাক্তারের বাড়ি যাবেন। হঠাৎ প্রত্যুত্ত ডাক্তার নিজেই সাইকেল চড়ে এসে রোগীকে পা দিয়েই সাইকেলটার প্রতিবোধ করলেন; নামলেন না। হাঁপাচ্ছেন।

—মশায়, আক্রমণ নাইস্টিনাইনে নেমেছে।

—নেমেছে?

হ্যাঁ। নাইস্টিনাইন পয়েন্ট দুই। ভোরবেলা থেকেই মঞ্জু কথা বলছে—মহজু কথা। বলছে ভালো আছি।

—ভগবানের ধর্ম আবার আপনার অঙ্কুত সাহস, আর দৃঢ়তা!

তরুণ ডাক্তারটি কোনো প্রতিবাদ করলেন না এ-প্রশংসায়। নিঃসঙ্কোচে হাসিমুখে গ্রহণ করলেন, শুধু বললেন—আপনার নাড়ীজ্ঞানের সাহায্য না পেলে এতটা সাহস পেতাম না মশায়। আচ্ছা আমি যাই। মনের খুশিতে ছুটে এসেছি।

খুশি সাইকেল; ডাক্তার জরুরবেগে বেগিয়ে গেল। সকালের বাতাসে তাঁর রক্ত চুলগুলি উড়ছে।

পরমানন্দ মাধব ! পরমানন্দ মাধব হে ! পরমানন্দ—! কলিটা অসমাপ্ত বেধেই ডাক্তার একসঙ্গে হাসিলেন এবং দীর্ঘনিশ্বাস ফেললেন ।

পৃথিবীতে শ্রেষ্ঠ স্থখীদের মধ্যে এই লোকটি একজন । ওই মেঘটিকে সে জীবন ভরে পেয়েছে । ছেলেটি আর মেঘটিকে মিলে মানস সরোবর ।

কিশোর সেদিন বলেছিল—এই পাওয়াই শ্রেষ্ঠ পাওয়া । এ পাওয়া যে পাব—তার সব পাওয়া হয়ে বাবে ডাক্তারবাবু । অষ্ট হই মানস সরোবরের ।

কিশোরকে তিনি জিজ্ঞাসা করেছিলেন—বিয়ে কবছ গুনলাম, কিন্তু কী হল ? সে বলেছিল—ভয় হল মশায় !

—বিয়ে করলে বউ পাওয়া যায় মশায়, কিন্তু যা পাওয়ার জন্তে বিয়ে করে যাচ্ছ—তা পাওয়া যায় না । নারী আর প্রকৃতি ও দুই সত্যই এক । দুদিন পরেই বুকে পা দিয়ে দলে আপনার পথে চলে যায় । কখন নিছের মুতু কেটে নিজেই রক্তস্রাব করে, কখন নিজে স্বামীকে গ্রাস করে ধূমাবতী সাজে, কখনও আবার নিছের বাপের মুখে স্বামীনিন্দা শুনে দেহত্যাগ করে । কদাচিৎ পুরুষের প্রেমে পূর্ণ পরিতৃপ্তিতে শান্ত অচঞ্চল হয়ে ধরা ধের । বাদের ভাগ্যে এই পাওয়া ষটে, তাদের আর কিছু প্রয়োজন নাই । প্রতিষ্ঠা প্রশংসা সাম্রাজ্য—এমন কি মুক্তিও না । এর চেয়ে বড় পাওয়া আর নাই । এ কেউ পায় না । ভয়ে পা বাড়িয়ে পিছিয়ে নিলাম । কে জানে—কী ফাঁকি আছে আমাদের তুচ্ছনের মধ্যে । ফাঁকি থাকলে তো রক্ষা নাই । নারী তখন নদীর মতো ছুটেবে আর আমি তীরের মতো বাহ বাড়িয়ে সাপরের কূল পর্যন্ত ছুটেও তাকে পাব না । ও থাকে বাহবন্ধনের মধ্যে, ধরা পড়লেই ওরা মানস সরোবর ।

কথাটা সত্য ! ভুল নাই । মনে মনে বার বার বললেন জীবনমশায় । হাসপাতালের ডাক্তারের বারান্দার দাঁড়িয়ে, সন্ধ্যাবেলায় আরও ভালো করে এই সত্যটি অল্পভব করলেন । সন্ধ্যার দিকে বোম্বাইর জর ধীরে ধীরে ছেড়ে এসেছে এখন ।

দীতা দ্বিত মুখ ডাক্তার-গৃহিণীর মুখখানি মুছিয়ে দিয়ে বললে—বা ভয় পাইয়ে দিচ্ছেলেন ।

—ভোমার খুব খাটতে হয়েছে, না ? শীর্ণ হাসি ফুটে উঠল ডাক্তারের বউয়ের মুখে ।

ডাক্তার ছেলেমানুষের মতো ছুটে গিয়ে কম্পাউণ্ডারকে বলে এলেন । নারীদের স্বদিকে যেলেন । হাসপাতালের বাগানশালায় ব্যাডুনার মতিয়া জমাদারকে বলে এলেন—ওরে জর ছেড়ে গেছে । জীবনমশায়ের উপস্থিতিও ভুলে গেছেন ডাক্তার ।

রোগীর ঘরে ডাক্তারের শান্তভী প্রবেশ করলেন—যে ভয় তুই ধরিয়েছিলি মঞ্জু ? সে কী বলব ।

—কে জানে । তিন-চার দিনের কথা আমার কিছুই মনে নেই ।

—থাকবে কি ? একেবারে বেহুশ । মা—মা বলে টেচিফ্রিস অর্থাৎ ডাকলাম—এই যে আমি । তা একবার ফিরেও তাকালি না ।

—তুমি কবে কখন এসেছ—আমি কিছুই জানি না ।

—তোর এই অবস্থা, গাধকে জামাইয়ের সে কি মুখ । মুখ দেখে আমার কান্না উপে গেল । মনে হল মঞ্জুর যদি কিছু হয় তবে জামাই হ'লে প'গল হয়ে যাবে ।

—প'গল হত না তবে সন্ন্যাসী হত নয়তো আত্মহত্যা করত ।

জীবনমশায় বারান্দায় দাঁড়িয়ে মনশ্চক্ষে দেখলেন—রোগীণী শীর্ণ ক্লান্ত শুষ্ক অধরে স্নিত হাস্যরেখা ফুটে উঠেছে, কৃষ্ণাচতুর্দশীর শেষ রাত্রের এককল' সন্ধ্যার মত সে হাসির রূপ । এবং মেয়েটি এই হাসিতে কোনো লজ্জা অনুভব করছে না । সগৌরবে পরিপূর্ণ তৃপ্তিতে পুষ্পবিকাশের মতোই অকুণ্ঠ প্রকাশে হাসিমুখে বিকশিত হয়ে উঠেছে ।

পরমানন্দ মাধব হে !

ডাক্তার ফিরছেন । পদক্ষেপে উল্লাস ফুটে উঠেছে ।

—ধরা ! ধরিজী ! শুনছিস ?

ডাক্তারের শান্তভীকে ডাকছেন তাঁর সঙ্গের সেই মেয়েটি এই কদিনই এই কর্ণধর তিনি শুনেছেন । ভিতরের দিকে বারান্দা থেকে এই ডাক শুনে । আবছা গোখেও পড়ছে—একটি দীর্ঘাঙ্গী ধোঁটা বিধবা শূন্য দৃষ্টিতে চেয়ে চূপ করে বসে থাকেন । গালে একটি হাত, মাটির উপরে একটি হাত, বশেই থাকেন । মধ্যে মধ্যে ডাকেন—ধরা, ধরিজী ।

এদিক থেকে সাড়া দিত না কেউ—রোগীর শিয়রে বসে সাড়াই বা দেবে কী করে ? চূপ করে যেতেন ভদ্রমহিলা । মহিলাটিকে দেখে মনে হয় একদিন জীবনে তাঁর জীবনমহিমা ছিল । কিছুকাল পর আবার ডাকতেন—ধরা ! ধরিজী ! অ-ধরিজী ! হ্যাঁ লা, মেয়ে তোমার রয়েছে কেমন ? বল ? ধরে ঢুকতে বাধা করেছিস—টুকি নে । ভবু খবরটা বল ।

সাড়া এতেই বা কে দেবে ? তিনি চূপ করতেন !

আজও সেই তিনিই ডাকছেন । সেই ডাক । আজ ধরিজী সাড়া নিলেন—বলো ! কী চাই ?

—কী চাইব? হাঁ না তুই নাতনী— মেয়ের মেয়ে, মঞ্জুর তোর মেয়ে, তার এখানে এসেছি—সেই তো বড় লজ্জা! এর পর আবার চাইব কী?

—তবে? কী বলছ?

—বলছি, মঞ্জুর তো ভালো রয়েছে—একবার যাই না ওঘরে, ওকে দেখি! চোখে তো দেখব না, একনার মুখে গায়ে মাখায় হাত বুলিয়ে দিই।

—একটু অডিকলন মাখবে না? এ বর্ষস্বর মঞ্জুর। সে হেসে উঠল, দুর্বল কিন্তু সশক হাসি।

—তা ভাই দিস যদি মাখব। কদিন এখানে এসেছি—মাখায় তেল দিই নি। নারকেল তেল দেয় নামিয়ে। ও তো ভাই মাখতে পারি নে, কী করব। রন্ধু মাখাতেই চান করি। অডিকলন নয়, একটু গন্ধতেল দিস।

—চূপ করো, জামাই আসছে—দিদিমা চূপ করো।

ডাক্তার আসছেন—মঞ্জুর মা দেখতে পেয়েছেন। তিনি সতর্ক করে দিচ্ছেন বুঝাকো।

একটু বেদনা অস্বস্তি না করে পারলেন না জীবনমশায়।

—কই তোর জামাই, কই? একবার ডেকে দেনা আমার কাছে। আমি আজ না হয় পথের ধুলোর অধম হয়েছি, ঘরে গেলে ঘর নোংরা হয়, ছুলে হাত ময়লা হয়। কিন্তু চিরদিন তো 'এমন ছিলাম না! আমারও রূপ যৌবন ছিল। আদর সম্বল ছিল। তার উপর আমি মঞ্জুর মায়ের মায়ের মা। সেদিক থেকেও তো আমার সঙ্গে কথা বলতে হয়!

—কী? কী বলছেন? ডাক্তার শুনে পেয়েছেন কথাগুলি। বারান্দার উঠেই ধমকে দাঁড়িয়ে শুনছিলেন। এ অবস্থায় মঞ্জুর মায়েরও দিদিমাকে সাবধান করার উপায় ছিল না। ডাক্তারের মন পরম প্রসন্নতায় ভরা। তিনি হেসেই উত্তর দিলেন—নিশ্চয়; কথা বলব বৈ-কি। আপনি গুরুজন। তবে মঞ্জুর অস্বস্তি নিয়ে—

—হ্যাঁ—হ্যাঁ ভাই। তা বটে। যে লজ্জা, যে ভয় হয়েছিল আমার। ভেবেছি—কেন এলাম? আমি সর্বস্বখাগী; স্বামী খেয়েছি, তাকে খেয়ে গেলাম মেয়ের ঘরে, সেখানে মেয়েকে খেলাম। তোমার শাস্ত্রীকে মানুষ করলাম—সেই জামাইয়ের ঘর, তার অন্ন খেয়ে। মেয়ের সতীন এল—তার কথা শুনে সেখানে রইলাম; স্ত্রী-পর ধরার বিয়ে হল। ধরার বাড়ি এলাম, ধরা বিধবা হল আবার এখানে—এখানে কেন এলাম? তা যার জন্তে এসেছি—সে জান তো? আমার চোখ ছুটি ভালো করে লাও। বড় ডাক্তার তুমি!

—আচ্ছা, আচ্ছা। কালই আমি ওষুধ দোব।

—ওষুধ নয়, অপারেশন করে দাও।

—অপারেশন কি হবে? ছানি তো না?

—উঁহ, অপারেশন না করলে ভালো হবে না। অপারেশন করলেই ভালো হবে। কতজনের ভালো হল।

—আচ্ছা, দেখব কাল ভালো করে! তা হলে আমি বাইরে বাই। আপনার কোনো কষ্ট-টষ্ট হচ্ছে না তো?

—হচ্ছে ভাই। মাথায় একটু ভালো ভেল চাই। আর কাপড়গুলি বড় পুরনো হয়েছে।

ঘরের ভিতর থেকে ডাক্তারের লজ্জিতা শান্তী বললেন—করবে কী? উপায় কী বল? কাপড়ের কপ্টোল—বিশ্বহৃদ লোক কাপড়ের অভাবে হেঁড়া পরে দিন কাটাচ্ছে।

—তা বটে, তা বটে ভাই। তবু মঞ্জুর দুখানা আধপুরনো শাড়ি দিস। তাই পরব।

মঞ্জু হেসে উঠল।—রঙীন ডুরে শাড়ি—

—ভাই পরব। তবু হেঁড়া গাকড়ার মতো কাপড় পরতে পারি না।

ডাক্তার বারান্দায় জীবনমশায়কে দেখে একটু লজ্জা পেলেন। তাঁর মনেই ছিল না জীবনমশায়ের অস্তিত্বের কথা। মনের উল্লাসে ভুলেই গেছেন।

—আমার দেবী হয়ে গেল মশায়।

—তা হোক।

—ও ভাই—ও মঞ্জুর বর! শুনছ

কী বিপদ! প্রদ্যোত ডাক্তার এবার বিরক্ত হয়ে উঠল। হয়তো বা ওই মহিলাটির কথা জীবনমশায় শুনেছেন বুকে মনে মনে উত্তপ্ত হয়ে উঠেছে। মহিলাটির উপর তো বটেই - হয়তো জীবনমশায়ের উপরও বিরক্ত হয়েছে। জীবনমশায়ের শোনা উচিত হয় নি, চলে যাওয়া উচিত ছিল।

জীবনমশায় বললেন—আমি আজ যাই।

—বসবেন না একটু?

—না, আবার কাল আসব।

—আচ্ছা। মঞ্জু যেদিন পথ্য পাবে সেদিন একটা ষাওয়া-দাওয়া করব।

—বেশ ভো।

—পথ্যের দিন নির্ণয় কিন্তু আপনি করবেন। ক্রোরোমাইসেটিনে অর ছাড়ে

কিছু আবার ঝিল্পান করার একটা ভয় আছে। আপনি বেদিন বলবেন নাড়ী নির্দোষ হয়েছে—এবার পথ্য দেওয়া যেতে পারে, তখন দেব। রক্তদান্ত বধন হয়েছে, তখন ইনটেস্টাইনে পারকোরেশন হয়েছে নিশ্চয়। পথ্য খুব হিসেব করে দিতে হবে।

ওদিকে সর্বরিক্ত দীনাতিদীন মহিলাটি ডেকেই চলেছেন—অ-ভাই! শুনহ! একটু অপেক্ষা করে আবার ডাকছেন মঞ্জুর বর। আবার ডাকছেন—অ ডাক্তার সায়েব।

মঞ্জুর মা একবার চাপা গলায় বললেন—খামো দিদিয়া। কথা বলছেন জামাই মশায়ের সঙ্গে।

—মশায়ের সঙ্গে? সে কে?

যিনি খুব ভালো নাড়ী দেখেন, এখানকার প্রবীণ বৈদ্য। চুপ করলেন মঞ্জুর মা।

—তা— বলেই শুরু হয়ে যেন গভীর চিন্তায় মগ্ন হয়ে গেলেন বৃদ্ধা।

কয়েক মুহূর্ত পর হঠাৎ সচেতন হয়ে উঠলেন এবং ডাকলেন—ধরা, কথা শেষ হল? আমি একটা কথা বলছিলাম।

এবার প্রদ্যোত ডাক্তার বোধ হয় খেপে উঠবে। মুহূর্তে ঘুরে দাঁড়িয়ে বললে—বলেছি তো কাল চোখ কেটে দেব। যা হয় হবে আপনার।

—না। তা বলি নি ভাই।

—তবে? কাপড়? তাও এনে দেব।

—না—না।

—তবে কী?

—ওই যে মশায় নাকি—যিনি নাড়ী দেখেন ভালো—

হ্যাঁ—তিনি কী করবেন? তিনি তো অপারেশন করেন না!

—না—না। তাঁকে একবার হাত দেখাব।

—হাতে কী হল আবার? বেশ তো শক্ত রয়েছে। এখন তো কোনো অসুখ নেই।

—অসুখ অনেক আমার, তোমরা ধরতে পার না। ওই সব পুরনো লোক ঠিক ধরতে পারবে। তুমি ওকে বলেই দেখো না। তোমাদের কাছে তো আমি নগণ্য লোক। ঠুকে বলো—কাঁদীর জমিদার অমুক বোসের জ্বী। অমুক বোসের চেনে না—এখন লোক এ চাকলার নাই। তা ছাড়া এসব তো তোমাদেরই জমিদারি ছিল গো। বলে দেখো, কত খাতির করে দেখবে। তা ছাড়া আমার বাবা—ঠর—।

প্রদ্যোত এবার বৈধ হারিয়ে সভ্যসভাই কিন্তু হয়ে উঠল, কিন্তু কী বলবে খুঁজে পেলেন না। মশায় বাইরে দাঁড়িয়ে আছেন।

মঞ্জুর মা বৃদ্ধার হাত ধরে চাপা দিয়ে বললে—দিদিমা—চুপ করো। দিদিমা।

মশায় বাইরে থেকে ডাকলেন—প্রদ্যোতবাবু।

প্রদ্যোত বেরিয়ে এল, এবং সর্বাগ্রে হাতজোড় করে বললে—আপনি কিছু মনে করবেন না গুঁর কথায়! উনি সেই সেকালের অমিত্যারের বউ। মাথা ধারাপ হয়ে গেছে—

হেসে বাধা দিয়ে মশায় বললেন—না—না—না। আপনি এমন লক্ষুচিত হচ্ছেন কেন? উনি হাত দেখাতে চাচ্ছেন—চলুন হাত দেখি। দেখলেই তো খুশী হবেন। কাঁদীর কাদের বাড়ির বউ? কার স্ত্রী?

ভূশেন বোস। লোকে বলত ভূপী বোস। যত অমিত্যচারী তত অমিত্যব্যরী—সর্বস্বান্ত হয়ে গেছেন, তবু মদ ছাড়তে পারেন নি।

—হাত দেখাব, শুনেছি নাকি হাত দেখে নিদান হাঁকতে পারেন। কবে মরব, সেইটে জানব। তুমি গুঁকে বলো, মঞ্জরী—মঞ্জরীর হাত দেখতে হবে। গুঁর মাস্টারের মেয়ে মঞ্জরী আমি। কাঁদীর অমুক বস্ত্র স্ত্রী মঞ্জরী। উনি চিনবেন।

জ্যেষ্ঠ রাজির রুক্ষ নির্বেষ নক্ষত্র-বলমল আকাশ অকস্মাৎ কোমল নীলাক্ত দীপ্তিতে ভরে গিয়ে একটা উজ্জ্বল খসে গেল বুঝি। জীবনমশায় স্তব্ধ হয়ে দাঁড়িয়ে গেলেন।

—মঞ্জরী!

হাসপাতালের ডাক্তার বললেন—চিন্তেন তাঁকে?

—চিনি খুব চিনি। আপনার আপত্তি না থাকলে গুঁকে আমি দেখব।

বেশ তো! আজই দেখবেন।

—কতি কী! দেখি।

প্রত্যোত বললে—বহু রোগ গুঁর শরীরে। স্বামীই দিয়ে গেছেন অনেক ঝিব। বললাম তো তাঁর কথা। আর আপনিও জানেন বলছেন।

—জানি।

—গুঁর অমিত্যচারের ঝিব আছে রক্তে। নিজের রসনার লোভের কলে—স্ট্রামাক্স ইন্সটেটাইন হয়েছে ব্যাধিগ্রন্থ, পুষ্টির অভাবে দেহকোষ হয়েছে দুর্বল। মনের অশান্তি—তাও কিরা করেছে। চোখ গেছে। কানেও একটু ধাটো। কোলাইটিস লেগেই আছে। শীতে হাঁপানি হয়, শিরঃস্রাব আছে, মূত্র মূত্র জর হয়। আকর্ষ্য শক্ত দেহ, সব ঝিব করেই বেঁচে রয়েছেন। চুপি করে ধান—

খেমে গেল ডাক্তার। মান হল আর বলা অস্তায় হবে।

মঞ্জরী চুরি করে খায়, চুরি করে গজদ্রব্য মাখে, হাতে অহুত্ব করে যার হোক ধর-
খরে দেখে পরিচ্ছন্ন বুকে কাপড় টেনে নিয়ে পরে।

সে সব তথ্য এ কদিন গুঁদের কথাবার্তা থেকে জেনেছেন।

মশায় প্রত্যোত্ত ডাক্তারকে বললেন—চলুন।

প্রত্যোত্ত বলল—সেদিন গুঁকে আমি মতির মায়ের গল্প বলেছি। আপনি যা
বলেছিলেন—তাও বলেছি, কিন্তু কাকে বললাম—কে শুনবে? বললেন—মঞ্জুর একটি
ছেলে দেখি—তারপর ভাই, তারপর। আর মরলেই তো ফুরিয়ে গেল ভাই।

*

*

*

মঞ্জরীর সামনে দাঁড়িয়ে মশায় কয়েক মুহূর্ত স্থির হয়ে দাঁড়িয়ে রইলেন; কপালে
সারি সারি রেখা জেগে উঠল, চোখে ফুটে উঠল অজুত দৃষ্টি। পকেট থেকে চশমা বের
করে চোখে পরলেন তিনি। ভালো করে দেখলেন। দূর থেকে কয়েকদিনই বৃদ্ধাকে
দেখেছেন তিনি, আজ চশমা চোখে কাছ থেকে স্থির দৃষ্টিতে তার দিকে চেয়ে রইলেন।
পেলেন না; কোথাও তার বিন্দুমাত্র অবশেষ নাই।

—দেখি আপনার হাতখানি।

জর লেগেই আছে নাড়ীতে। ব্যাধিজর্জর অভ্যস্তর। উদ্বেগকাতর চিন্ত।
নাড়ীর স্পন্দনে স্পন্দনে বলছে। দেহকোষে-কোষে, আকাশের নক্ষত্রমালার মতো
যে জীবনশিখাগুলি অহরহ প্রাণদেবতার আরতি করে জলে, প্রাণকে মধুময় উত্তাপে
অভিষিক্ত করে জাগ্রত করে রাখে জীবদেহে, সেগুলি স্তিমিত-দ্যুতি, অনেকগুলি
নিভেই গিয়েছে। প্রাণদেবতার চারিদিকে ছায়া জেগে উঠছে, ছায়ায় হিম স্পর্শ
ছড়াচ্ছে; শেষ সীমারেখায় উপনীত হতে আর অল্প পথই বাকি। নাড়ীর স্পন্দনে
জাগে যে জীবন সন্ধীত তা ক্রীণ থেকে ক্রীণতর হয়ে বিলম্বিত ছন্দে সমাপ্তির অবিলম্বত
স্বাষণা করছে।

হাতখানি নামিয়ে রেখে বললেন—ও হাতখানি দেখি।

সেই একই কথা—একই ছন্দ একই ধ্বনি।

—কী দেখলেন গো? চোখ-কান পাব? ভালো করতে পারবেন?

—না।

—মাথার যন্ত্রণা? শিরশীড়া?

—ভালো হবে না, তবে এখন অনেক ভালো ওষুধ উঠেছে খাবেন, যন্ত্রণা কমে
যাবে। আমি একটা টোটকা বলে দেব—ব্যবহার করলে ক্রমে খানিকটা, তবে একেবারে
ভালো হবে না।

—পেটের গোলমাল ?

—ওই তো আপনার আসল রোগ ।

—ভালো করে দেন ।

—ভালো ?

—হ্যাঁ ! মঞ্জুর একটি খোকা দেখি ।

—অস্বাস্তরে তো বিশ্বাস করেন ! মঞ্জুর কোলে খুঁকী হয়ে আপনিই ফিরে আসবেন, সে তো আরও ভালো হবে ।

একটু চুপ করে থেকে বৃদ্ধা বললেন—তা হলে এবারের মতো যেতে বলছেন ! আর বাঁচব না ? কিন্তু—। কিন্তু ভারি যে ভয় লাগে গো !

—ভয় কিসের ? এ তো মুক্তি ।

—মুক্তি ?

—হ্যাঁ । তা ছাড়া আর কী ? সেখানে আপনার স্বামী, মা, বাপ, ভাই, মেয়ে, জামাই আপনার অপেক্ষা করে রয়েছেন ।

বৃদ্ধার মুখ প্রদীপ্ত হয়ে উঠল । দৃষ্টিহীন চোখে সামনের দিকে চেয়ে আত্মমগ্ন হয়ে বসে রইলেন ।

মশায় উঠলেন । বৃদ্ধা সচেতন হয়ে উঠলেন চেয়ার টেলার শব্দে । বললে—তা হলে আমাকে যেতে হবে বলছেন ? কতদিনের মধ্যে যেতে হবে ?

প্রত্যোত্তর ডাক্তারের অস্তিত্ব ভুলে গেলেন জীবনমশায়, নিদান সম্পর্কে তার আপত্তির কথাও তাঁর মনে হল না, তিনি আবার একবার বসে—বৃদ্ধার হাতখানি ধরে ভালো করে দেখে বললেন, তিনমাস থেকে ছ মাস । এর মধ্যেই মুক্তি পাবেন আপনি । তবে একালের ওষুধ খেলে হয়তো আরও কিছুদিন দুর্ভোগ ভোগ করতে হবে । একালের ওষুধ বড় শক্তিশালী ।

—নাঃ । তা আর খাব না । আপনি আমাকে ভালো কথা মনে করে দিয়েছেন—। তিনি আমার সঙ্গে অপেক্ষা করে আছেন । যত শীগগির মুক্তি আসে ততই ভালো । এই কথাটি কেউ এমন করে আমাকে বলে নাই ! ওঃ কতকাল তারা আমার পথ চেয়ে আছে ! আর আমি— ।

বৃদ্ধার কণ্ঠস্বর কাঁপতে লাগল । দৃষ্টিহীন চোখ দুটি নির্নিমেষ হয়ে গেল । এবার জল গড়াবে ।

মশায় নীরবে উঠে বেরিয়ে এলেন ।

চোখ কিরিয়ে একটা স্নিগ্ধনিশ্বাস কেলতে গিয়ে তিনি চমকে গেলেন ; সামনের আয়নাতে তাঁর নিজের প্রতিবিম্ব পড়েছে । শুভ্রকেশ, রেখাঙ্কিত ললাট, পাঙ্কজ মুখ

এক স্থবির দাঁড়িয়ে আছে। মনে পড়ে গেল একটি কথা। তাঁর বাবার কথা : বলেছিলেন—জন্মমাজেই মৃত্যু সঙ্গ নেয় ; দিনে দিনে সে বাড়ে, সে যুষ্টির মধ্যেই সে তার ক্ষয়ের ক্রিয়া করে যায়, ঠেলে নিয়ে যায় তার পথে ; জীবন-যুদ্ধ করে মানুষ বেদিন ক্লান্ত হয়—সেদিন আসে জরা তারপর আসে শেষ। বলতে গেলে আজকের আমি জন্মাই সূর্যোদয়ে, মরি নিজার সঙ্গে দিনান্তে রাজির অন্ধকারে, আবার জন্মাই নূতন প্রভাতে জন্মান্তরে।

প্রছোত ডাক্তার মশায়ের এই নিবিষ্ট একাগ্র দৃষ্টিতে দেখা দেখে বিস্মিত হয়ে গিয়েছিলেন। চেয়ারখানা একটু সরিয়ে দিয়ে বললেন—বসুন।

মহাশয়ের রুদ্র দীর্ঘনিশ্বাসটি এতক্ষণে করে পড়ল। তিনি মুখ কিরিয়ে চেয়ারখানা দেখে নিয়ে বসলেন—কী কষ্ট আপনার ?

বৃদ্ধা বললেন—আপনি জীবনমশায় ? নবগ্রামে দেবীপুরের জীবন দত্ত ? আমি মঞ্জরী। কাঁদীর বন্ধিমের বোন, মাস্টার নবকৃষ্ণ সিংহীর মেয়ে।

একটু হেসে মশায় বললেন—হ্যাঁ। শুনেই চিনেছি আমি। অনেক কালের কথা, আবছা আবছা মনে পড়ে।

—ঠিক বলেছেন। আবছা আবছা। সব ঝাপসা। এখানে এসে শুনি জীবনমশায়, জীবনমশায়। নবগ্রাম, নবগ্রাম। মনে হয় চেনা-চেনা। নাম শোনা। তারপরেতে, আপনার কথা শুনে—ওই ঝাঁক দিয়ে কথা বলা শুনে মনে হল আপনিই তিনি। তাঁরাও তো মশায় ছিলেন। বাড়িও নবগ্রামে ছিল। তা মাখার গোলমাল তো, এই মনে পড়ে, আবার গোলমাল হয়ে যায়। শেষে বলি, তিনিই হোন আর যিনিই হোন, এত বড় বৈজ্ঞ—হাতটা দেখাই না কেন - যদি ভালো হই।

হাসপাতাল থেকেই বেরিয়ে এলেন তিনি। প্রছোত ডাক্তার ফটকের মুখ পর্যন্ত এসেছিল, সে বললে মশায় এই আপনাদের নিদান হাঁকা ?

জীবনমশায় শূন্যদৃষ্টিতে চেয়ে রইলেন তার দিকে, কথাটা তাঁর মাখায় ঢুকল না। প্রছোত বললে—এ আপনার কাছে আমার শিখতে ইচ্ছে করছে।

মশায়ের মনের মধ্যে ঘুরছিল সেই পিঙ্গলবর্ণা কল্পার কথা। পিঙ্গলবর্ণী, পিঙ্গলকেশিনী, পিঙ্গলচক্ষু কল্পা—কৌষেয়বাসিনী, সর্বাঙ্গে পদ্মবীজের ভূষণ ; অন্ধ বধির। অহরহই সে সঙ্গে রয়েছে, কল্পার সঙ্গে ছায়ায় মতো। শ্রমের সঙ্গে বিজ্ঞানের মতো, শব্দের সঙ্গে স্তব্ধতার মতো, সঙ্গীতের সঙ্গে সমাপ্তির মতো ; গতির সঙ্গে পতনের মতো ; চেতনার সঙ্গে নিদ্রার মতো। যত্নহীন তাঁর কাছে

পৌছে দেয়, অন্ধবধির কন্ঠা, অমৃতস্পর্শ বুলিয়ে দেন তার সর্বাঙ্গে। অনন্ত অভ্যাসে শাস্তিতে জীবন জুড়িয়ে যায়। তেমনি করে জুড়িয়ে যায় ঘেন মঞ্জরী। মৃত্যুদূত সে ঘেন আসে ভূগীর রূপ ধরে।

পরমানন্দ মাধব। তোমার মাদুরীতে সৃষ্টিতে ছড়ানো মধু, মৃত্যুর মধ্যে অমৃত।

নিজের হাতখানা ধরলেন। রক্তশ্রোত আজ দ্রুত চলেছে, হৃৎপিণ্ডের স্পন্দন বেড়েছে। দেহের রোমকূপের মুখগুলি স্বেদাক্ত হয়ে উঠেছে। দীর্ঘকাল এমন উত্তেজনা তিনি অনুভব করেন নি। তিনি কী—তঁার কী? কিন্তু তঁার মৃত্যুদূত কোনরূপে আসবে? মঞ্জরী নয়। মঞ্জরী জীবনে ভ্রাস্তি। মিথ্যা। আভর-বউয়ের রূপে? তঁার বাবা জগৎমশায়ের রূপ ধরে? গুরু রঙলালের মূর্তিতে? অথবা নীরঞ্জন অঙ্ককারের মধ্যে মিশিয়ে সে থাকবে—তাকে দেখা যাবেনা? সে বনবিহারী?

—কে?

আরোগ্য নিকেতনের সামনে এসে পড়েছিলেন তিনি। একটি আলো জ্বলছে।

কে বসে রয়েছে। জরুক্ষিত করে তিনি প্রশ্ন করলেন—কে?

—মশায় বাবা। আমি প্রভু, আমি 'মরি'।

মরি বটমৌ?—এত রাত্রে? কী রে মরি?

আজ যে সাবিত্রীচতুর্দশী বাবা। অভয়া মা বললেন—কুশাণ মাসেরকে কী করে পাঠাব মরি? ওদের কাউকে সঙ্গে নিয়ে তুমি যাও।

আজ সাবিত্রীচতুর্দশী। একদিন বৈধব্যের হুঃখ করনা করে তিনি বাপের মতো স্নেহে অভয়াকে ধাইয়েছিলেন, সে তাকে অভিসম্পাত দিয়েছিল। আজ অবৈধব্য ব্রত উপলক্ষে তাঁকে ধাওয়াবে। কণ্ঠার মতো শ্রদ্ধা করেই নিমন্ত্রণ করেছে।

জরুক্ষিত করে তির্যক ভঙ্গিতে সেই অঙ্ককারের মধ্যেই তিনি তাকালেন একবার। বোধ করি নিজেকেই নিজে প্রশ্ন করলেন। আর-একবার বাঁ হাত দিয়ে ডান হাতের মণিবন্ধ চেপে ধরলেন, কিন্তু সঙ্গে সঙ্গেই ছেড়ে দিলেন। বললেন—চল।

শেষ

চার মাস পর।

উনিশশো একার সালের সেপ্টেম্বর মাস। আশ্বিন সন্ধ্যা। প্রত্যোত্ত ডাক্তার বাইরের বারান্দায় কলব্যাগ, ব্ল্যাডপ্রেসার পরিমাপের যন্ত্র নিয়ে কলে যাবার জন্য প্রস্তুত হয়ে আছেন। পাশে ছোট টুলের উপর চায়ের কাপ নামানো।

মঞ্জু ঘর থেকে বেরিয়ে এল, সেও বাইরে যাবে বোধ হয়। চায়ের কাপের দিকে তাকিয়ে সে বললে - এ কী, খেলে না চা ?

—নাঃ। ভালো লাগল না।

—ভালো হয় নি ? আমি তৈরি করে আনব ?

—না ভালোই লাগছে না। একটা দীর্ঘনিশ্বাস কেলে প্রত্যোত্ত বললে—শেষটায় ভদ্রলোকের সঙ্গে এমন জড়িয়ে গেলাম। তোমার অস্থখের সময় সাহায্য সব ডাক্তারেরই করেছিলেন, কিন্তু মশায়ের সাহায্যের চেয়ে ভালোবাসা বড়।

একটু চূপ করে বোধ করি ভেবে বলল—ওটা বোধ হয় প্রবীণের ধর্ম। আমার পারি না। বয়স না হলে হয় না। কিন্তু—

স্ত্রীর দিকে তাকিয়ে বললে—কিন্তু তুমি আজই এলে, এই ঘণ্টা খানেক আগে ফ্রেন থেকে নেমেছ, আজ তুমি না গেলেই পারতে। শরীর তোমার এখনও ঠিক স্নহ হয় নি।

অস্থখের পর মঞ্জুকে চেঞ্জ পাঠিয়েছিলেন। আজই মঞ্জু বিকেলের ফ্রেনে কিরেছে।

মশায়ের অস্থখ, প্রত্যোত্ত দেখতে যাচ্ছে শুনে সেও যাবে বলে তৈরি হয়েছে। মশায়ের অস্থখ ; আজ চার মাসই তিনি অস্থখ। মধ্যে মধ্যে শয্যাশায়ী হয়েছেন ; আজ তিন দিন অস্থখ বেশী। রোগ রক্তের চাপ, ব্ল্যাডপ্রেসার ; আক্রমণ হৃৎপিণ্ডে ; করোনারি ধূষসিস।

মঞ্জু বললে—না—না। আমার কিছু হবে না। আমার শরীর ঠিক আছে।

—ঠিক আছে ? হাসলে প্রত্যোত্ত।—মনের ইমোশনে বোঝা যায় না। প্রথম অস্থখের খবর পেয়ে যখন মশায়কে দেখতে গেলাম, তখন মশায় যন্ত্রণার মধ্যেও হেসে বলেছিলেন—স্নেহ, দয়া, ভালোবাসা কোনো কিছুই আত্মশয্য সে কমা করে না ডাক্তারবাবু। পাপ পুণ্য যার অন্যেই হোক জীবনের উপর পীড়ন করলেই সেই ছিদ্রে

তার দূত এসে দেহে আশ্রয় নেয়। আমারও নিয়েছে। কাল খুব দূরে নয় ডাক্তারবাবু।

খাঁ হাতে নিজের ডান হাতের মণিবন্ধ ধরে নাড়ী অনুভব করে হেসে বলেছিলেন—মনে হচ্ছে, গ্রামের বাইরে—গ্রামে ঢুকবার মুখে সে পদার্পণ করেছে। গ্রামে ঢুকছে।

সেদিন মনের অবস্থা ছিল বিচিত্র।

মঞ্জুরীকে দেখে বেরিয়ে যখন এসেছিলেন তখন তাঁর বৃদ্ধ দেহের শিরায় উপশিরায় রক্তপ্রবাহ প্রবলবেগে বইছিল।

মন তখন এক বিচিত্র উপলব্ধির আনন্দ অনুভব করেছে। সে এক আশ্চর্য উল্লাস।

তার উপর হাসপাতালের ফটকে প্রদ্যোত তাঁকে বলেছিল—এই আপনাদের নিদান হাঁকা? এ যে শিখতে হচ্ছে করছে।

বাড়ি ফিরবার পথে মনে হয়েছিল সেই অন্ধকারের মধ্যে তিনি আরণ্য গজের মতো বেরিয়ে পড়েন যুত্যাগস্থলের সন্ধ্যানে। জনহীন দিক্‌হারা প্রান্তর খাঁ-খাঁ করছে অথবা গভীর নিবিড় মহা অরণ্য ধমধম করছে; অসংখ্যকোটি বিল্লীর ঐকতান ধনিত হচ্ছে; মনে হচ্ছে যুত্যাগ মহাশূন্যতার মধ্য দিয়ে জীবনপ্রবাহ চলেছে জন্মজন্মান্তরে; সেইখানে উল্লাসধ্বনি করে সেই মহাগহ্বরে কাঁপ দিয়ে পড়েন নবজন্মের আশায়। নিজের নাড়ী ধরে পথ হেঁটেছিলেন, কিন্তু আনন্দের আবেশে অহুত্বভিষোগ স্থির হয় নি। ঝড়িতে গিয়ে মরি বট্টমীকে দেখে তারই সঙ্গে চলে গিয়েছিলেন অভয়া নিমন্ত্রণ রক্ষা করতে।

আত্তর-বউ বারণ করেছিলেন, কিন্তু শোনে নি। শুধু তাই নয়, আত্তর-বউয়ের কথায় ছরস্র ক্রোধে তিনি যে চীৎকার করেছিলেন—সে চীৎকার আজও মশায়ের নিজের কানের পাশে বাজছে। জীবনে এমন চীৎকার তিনি কখনও কোনোদিন করেন নি।

আত্তর-বউই প্রথম ক্রুদ্ধ হয়ে বলেছিল—এই বয়সে, এই রাত্রে নিমন্ত্রণ খেতে চলেছ। এমন অত্তর পেট তোমার; বনবিহারীকে খেয়ে ভরে নি?

মুহূর্তে প্রচণ্ড চীৎকারে রাক্ষির আকাশ চমকে উঠেছিল—তিনি চীৎকার করে উঠেছিলেন—আত্তর ব-উ—।

মরি বট্টমী চমকে উঠেছিল, সজের লোকটার হাত থেকে লঠনটা পড়ে দপ করে নিঙে গিয়েছিল।

অভয়া অন্ধকারের মধ্যে দাওয়ার উপর তাঁর প্রতীকাত্মে ঝড়িয়েছিল।

সারাটা দিন নিরঙ্কু উপবাসিনী, কুশাগ্রে জল পর্যন্ত খায় নি। কালও অর্ধ উপবাস ; নিজের ঘরের গাছের ফল আর মধু খেয়ে থাকবে। আগামী জন্মে পাবে অবৈধব্য ফল। যতদিন সে জীবিত থাকবে ততদিন মৃত্যু ওর স্বামীর সান্নিধ্যে আসতে পারবে না। সাক্ষাৎ মৃত্যুবহ ব্যাধিতে আক্রান্ত হলেও মৃত্যুকে কিরে যেতে হবে। অভয়ার এ জন্মের এই ব্রতচারণের পুণ্যফলের প্রভাবে। সাবিত্রী করেছিলেন এই ব্রত। সত্যবানের প্রাণ গ্রহণ করে মৃত্যুর অধিপতি চলেছিলেন মৃত্যুপুরীর মুখে। অপার্থিব পথ পার্থিব রহস্তলোক সেখানে। পার্থিব দৃষ্ট সেখানে অন্ধ। কিন্তু এই ব্রতপালনের পুণ্যে সাবিত্রী মৃত্যুপতিকে অনুসরণ করেছিলেন ; এই পুণ্যফলে মৃত্যুপতিকে পরাভূত করে কিরিয়ে এনেছিলেন স্বামীর জীবন। সাবিত্রীর কাহিনী সত্য কিনা, এই ব্রত করে আজও এমন ভাগ্য হয়েছে কি হয় নি এ বিচার করে নি ; আবহমানকাল গভীর বিশ্বাসে এই ব্রত করে

অভয়ার উপবাসশীর্ণ মুখে সেই বিশ্বাসেব

অভয়ার মুখে শুক্লা প্রতিপদেব ॥

উঠেছিল। দেব

গিয়েছি-

সত্যই অমৃতের মতো মনে হয়েছিল। দীর্ঘদিন এমন প্রসন্ন কৃষ্ণির সঙ্গে খান নি তিনি। খেয়ে উঠে মনে হয়েছিল ষাওয়ার পরিমাণ যেন বেশী হয়ে গেল।

শেষ রাতে এইটুকু ছিন্নপথে তার দূত এসে বুকের উপর চেপে বসল। বুকের মধ্যে মনে হল পাষণ্ডতার চেপেছে; হৃৎপিণ্ড পরিভ্রাঙ্কিত আক্ষেপে মাথা কুঁচতে লাগল; মস্তিষ্কের স্নায়ু শিরা আচ্ছন্ন হয়ে আসছিল, অমৃতভূক্তি একটা বিরাট শূন্যতার মধ্যে হারিয়ে গেল; শুধু জৈবিক অমৃতভবশক্তিটুকু নিজেকে প্রবুদ্ধ করে প্রাণপণে চীৎকার করে উঠল, সত্যের চীৎকার! একটা গোঙানি।

মনের আক্ষেপে সারাটা রাত্রিই তিনি চোখের জল
আলোটা জ্বোর করে দিয়ে তাঁর শিয়রে এসে
ছেলেও চিকিৎসক হয়েছিল,
শাকাটি করেন নি;
স্মিত

দিন পনেরোর মধ্যে স্থস্থ হয়েও উঠেছিলেন। তখন বলেছিলেন গভাভীয়ে যাবেন।

সে যাওয়া তাঁর হয় নি। নিজেই মত পরিবর্তন করেছিলেন। আত্মর-বউয়ের কথা ভেবে বলেছিলেন, না থাক। আত্মর-বউ একা পড়বে। ওর দুঃখকষ্টের সীমা থাকবে না। এখানে আপনারা আছেন—দুঃখকষ্টের ভাগ নিচ্ছেন। সেখানে? কে নেবে ভাগ?

আত্মর-বউ একটি কথাও বলেন নি। তিনি যেন পাখর হয়ে গেছেন। বনবিহারীর স্ত্রী, তাব ছেলে একবার এসেছিল, দেখে চলে গেল। মশায় প্রথম আক্রমণের পর সামলে উঠেছিলেন। উঠে-হেঁটে বেড়াচ্ছিলেন।

প্রদ্যোত বলেছিল, আমি বলেছিলাম, আপনি সেরে উঠবেন।

মশায় হেসেছিলেন। কোনো কথা বলেন নি।

প্রদ্যোত অহুযোগ করে বলেছিলেন—আমাদের কিন্তু একটা কথা বলবার আছে। আপনি নিজের নাড়ী বারবার দেখেন।

মশায় জবাব দিয়েছিলেন—সে আমি অনেকদিন থেকেই দেখি ডাক্তারবাবু।

—না। ওটা দেখতে পাবেন না।

হেসে মশায় বলেছিলেন—বহুলোকের নাড়ী দেখে তার মৃত্যুদিন বলে এলাম। নিজে যখন স্থস্থ ছিলাম—তখন দেখেছি—তার হৃদিস পাবার জন্য। আর আজ যখন সে কাছে এল—তখন তার পায়ের শব্দ বাতে শুনতে না পাই, তার জন্তে তুলো গুঁজে কান বন্ধ করে বসে থাকব ডাক্তারবাবু?

প্রত্যোত এ কথার জবাব দিতে পারে নি। মশায় আবার বলেছিলেন—মৃত্যুর জন্তে আমার আতঙ্ক নাই ডাক্তারবাবু। সুতরাং ওতে উদ্বেগের জন্যে আমার রক্তের চাপ বাড়বে না। তবে—।

একটু চূপ করে থেকে বলেছিলেন—তবে প্রথম দিন প্রস্তুত ছিলাম না তো; একেবারে অকস্মাৎ ঘূমের মধ্যে হৃৎপিণ্ডে আক্রমণ হল। তখন ভয় পেয়েছিলাম, একেবারে অসহায় শিশুর মতো আতঙ্কে চীৎকার করে উঠেছিলাম। মস্তির মাকে ডিরঙ্গার করেছিলাম, কিন্তু ওর দোষ নাই। মৃত্যুভয়ের তুল্য ভয় নেই, মৃত্যুরোগের যন্ত্রণার তুল্য যন্ত্রণা নেই। কিন্তু সে ভয়কে পার হয়ে আজ কি আমি উটপাখির মতো বালির মধ্যে মুখ গুঁজে বসে থাকব?

* * * *

তিন মাস পর দ্বিতীয় আক্রমণ হয়েছিল। আক্রমণের পূর্বদিন নিজেই বলেছিলেন ডাক্তার বাবু, এইবার সে বহুলভা থেকে বিখ্যাম সেরে উঠে দাঁড়াল।

কথাটা প্রয়োজের মনে ছিল না। তাই বুঝতে না পেরে প্রশ্ন করেছিল, আজে ?

—আবার একটা কাপটা আসবে ডাক্তারবাবু। রক্তের চাপ বাড়বে।

—কই না তো। প্রেসার সেই একই আছে।

—বাড়বে নাড়ীতে বুঝতে পারছি আমি।

তাই বেড়েছিল। পরের দিন প্রেসারের গতি উর্ধ্বমুখী দেখা গিয়েছিল। সন্ধ্যাতে প্রায় অজ্ঞান হয়ে পড়েছিলেন। আজ চারদিন আগে হয়েছে তৃতীয় আক্রমণ।

প্রয়োজ ডাক্তার বললে—কাল থেকে প্রায় ধ্যানে বসেছেন। চোখ বন্ধ করে আশোরা হয়ে বসে রয়েছেন। আমাকে বললেন—মুমের ওষুধ আমাকে দেবেন না, মুমের মধ্যে রক্তে আমি চাই না। আমি সজ্ঞানে যেতে চাই।

মঞ্জু বললে—মায়ের দিদিমার মৃত্যুর খবরটা শুনেছেন ? বলেছ ?

—বলতে চেয়েছিলাম, উনি শোনেন নি। পত্রখান্ন পকেটে করেই নিয়ে গিয়েছিলাম। বললাম, আমার শাভুড়ীর সেই বুড়ীদিদিমা, কাঁদীর ছুপীবাবু মী, তাঁর হাত দেখে যে বলেছিলেন। উনি হাত নেড়ে বারুণ করলেন। মুহূষ্মে বললেন—
গুণ ধাক।

* * *

বালিশে হেলান দিয়ে আশোরা অবস্থায় চোখ বুজে অর্ধআঙ্গুরের মতো পড়েছিলেন। মৃত্যুর প্রতীকা করছিলেন। সে আলছে তিনি জানেন। তার শায়ের ঝনি বেন তিনি শুনেতে পেয়েছেন। সেই প্রথম আক্রমণের দিন থেকেই জানেন। কিন্তু তা তো নয়, শেষ মুহূর্তে সজ্ঞানে তার মুখোমুখি হতে চান। তার রূপ থাকলে তাকে তিনি দেখবেন ; তার স্বর থাকলে সে কণ্ঠস্বর শুনেবেন ; তার গন্ধ থাকলে সে গন্ধ শেষ নিশ্বাসে গ্রহণ করবেন ; তার স্পর্শ থাকলে সে স্পর্শ তিনি অস্বস্তি করবেন ; মধ্যে মধ্যে অনবুধ্যায় যেন সব ঢেকে যাচ্ছে। সব বেন হারিয়ে যাচ্ছে। অজ্ঞান, বর্তমান, স্মৃতি, আত্মপরিত্র, স্থান, কাল সব। আবার কিরে আসছেন। জোক চাইছেন। সে এল - কি ? এরা কারা ? বহুস্বের অস্পষ্ট ছায়াছবি, মতো এরা কারা ?

অতি ক্লীণভাবে গুণের স্বর বেন কানে আসছে। কী বলেছে ? কী ?

—কী হচ্ছে ?

মশার খাড় নাড়লেন, জগ্নি না। সঙ্গে সঙ্গে একটা দুর্বল দীর্ঘনিশ্বাস শ্রুতির

এল। কিছু জানা যায় না। কিছু জানতে তিনি পারেন নি। ষাড় নাড়তে নাড়তেই ক্লান্ত চোখের পাতা দুটি আবার নেমে এল। প্রদ্যোত দেখলে—প্রগাঢ় একটি শান্তির, ছায়া শীর্ণ মুখমণ্ডলে ছড়িয়ে পড়ছে।

মশায় কী দেখলেন—প্রদ্যোত বুঝতে পারলে না। তবে সে জানে মশায় কিছু দেখেন নি। পিঙ্গলকেশীর কল্পনাও আর তাঁর নেই। মস্তিক নিষ্ক্রিয়। শূন্য হয়ে আসছে সব।

সেই মুহূর্তেই আতর-বউ মশায়ের মুখখানি ধরে বললেন—খ্যান সাক হল ? মাধবের চরণাশ্রয়ে শান্তি পেলে ? আমি ? আমাকে ? আমাকে সঙ্গে নাও।

শান্ত আত্মসমর্পণের মতো তিনি স্বামীর বিছানায় লুটিয়ে পড়লেন।

সমাপ্ত